# ोকিক রহস্য।

#### প্ৰথম বয় /

#### শ্রীক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ সম্পাদিত।



৬ে।১ নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

टेवनाव, ১৩১७।]

व्यामाटमा क्लिया ।

ভূতবোনি, স্বৰ্গ, নরক, প্রভৃতি ক্রেট্ট লিওমানবের উদ্ধান ক্রিটা শক্তি বা বায়-রোগ-প্রশুষ্ট ব্যক্তির বিষ্ঠিত-মান্তির ক্রিটা করেন; সন্ধ্যা, বন্দনা, প্রাদ্ধ, তর্পণ প্রভৃতি ভিন্নত নিত্তমন্ত্রিয় কর্তবান গুলিকে স্বার্থপর অলস মানবের বিধান বলিয়া মুণা করিয়া থাকেন চ

এই অনমূতৃত-পূর্ব্ব নিদারণ অবস্থা হইতে, আমাদের সনাতন হিন্দুকাতিকে রক্ষা করিতে হইলে, ক্ষড়-বিজ্ঞান ও অধ্যাত্ম-বিজ্ঞানের
মৌলিক একও পুনরার স্থপ্রতিষ্ঠিত করিতে হইবে। সৌভাগ্যের বিষয়
এই যে, যে পাশ্চাত্য-বিজ্ঞানের দোহাই দিয়া আমরা স্থ-পৃহ-ভাগ্রারনিহিত অম্ল্য রত্তরাজি হারাইতে বসিয়াছিলাম, য়েই পাশ্চাত্য-বিজ্ঞানেরই
স্থের এখন ফিরিয়াছে। পাশ্চাত্য মনীধিগণ পূর্ব্বোক্ত অতিপ্রাক্তত ও
ক্রমানিক তত্ত্বসমূহের রহস্যোদ্বাটনে যত্ত্বশীল হইয়াছেন। তাঁহাদের
স্বাধারণ উত্তম ও অধ্যবসায়ের ফলে যে সমস্ত গুঢ়রহত্ত আবিষ্কৃত্ত
ইইয়াছে ও হইতেছে।

একণে বাহাতে বন্ধীর পাঠকগণ উপরি-উক্ত সমস্ত তত্ত্বের আভাস প্রাপ্ত হৈতে পারেন-এবং তৎসমূহের সাহায্যে আমাদের নই প্রার শাস্ত্রীরু জ্ঞানরাশির প্রভার প্ররার তাহাদের হাদর-কন্দর সম্ভাসিত করিতে ক্ষতেঃ কিরংপরিমাণেও কৃতকার্য্য হন, সেই উদ্দেশ্যে আমাদের এই "অলোকিক রহস্তের" অবভারণা। উপকরণ-সংগ্রহই আমাদের প্রধান উদ্দেশ্য; কারণ উপকরণ-সংগ্রহই বৈজ্ঞানিক-নীমাংসা- শীলীর মূক ভিত্তি। এই হেতু পাশ্চাত্য-পণ্ডিতেরা বৃদ্ধু আয়াস স্বীকার করিয়া কে সমস্ত মূল-প্রকৃতির অতীত অলোকিক রহস্তের অক্কার-ভেদ ও তৎ-সংস্তি ঘটনাবদী সাধারণ লোক-সমূথে উপস্থাপিত করিয়াছেন, আমরা সেইগুলি বিভিন্ন প্রবন্ধ বাপ্তকাকারে বন্ধীর গাঠকগণের সকাশে ক্রমশঃ প্রকাশিত করিব। সকলে দেখিয়া বিশ্বিত হইবেন বে, এখনও জগতে কতশত বিচিত্র ব্যাপার সংঘটিত হইতেছে, কিন্তু আমরা ক্ষুদ্র অহমিকার বশবর্ত্তী হইয়া অজ্ঞান-তিমিরে ডুবিয়া গিয়া নিয়তির বাস্তব রাজ্য সংকীর্ণ করিয়া ফেলিয়াছি।

আমাদের সংগ্রহ-কার্যী শুধু বে পাশ্চাত্য-পণ্ডিত-মণ্ডলীর পদান্ধাম্নরণমাত্র হইবে, তাহা নহে। এদেশে এথনও চেষ্টা করিলে অনেক বিচিত্র ব্যাপার সম্বন্ধে তথ্য সংগৃহীত হইতে পারে। কেবল আমাদের উত্যমের অভাব ও বৈজ্ঞানিক প্রণালীর অবলম্বন বিষয়ে শৈথিল্য বা উদাসীনতাই তাহার সর্বপ্রধান অস্তরায়। তন্ত্রাদি শাস্ত্রোক্ত মারণ, উচ্চাটন, স্বস্তুন, বশীকরণ প্রভৃতি নানাবিধ আলৌকিক প্রক্রিয়া এখনও এদেশে হুর্লভ্নদর্শন হয় নাই। আমরা ষ্পাসাধ্য চেষ্টা করিয়া সেই সমস্ত তত্বসংগ্রহ কার্য্যে প্রবৃত্ত হুইতেছি।

এই স্ত্তে আনরা দেশবাসিমাত্রকেই সাদরে আহ্বান করিতেছি তাহাদের বা তাহাদের বন্ধু বান্ধব আত্মীয়ের গোচরে যে সকল আলোকিক ঘটনা সংঘটিত হইয়াছে বা হইতেছে, তাহা যথায়থ বিবৃত করিয়া পত্রিকায় প্রকাশার্থ যেন আমাদের দিকট প্রেরণ করেন আমারা সে সকলও মুদ্রিত করিতে চেষ্টা করিব।

ষে সকল বিষয় আমাদের পত্রিকায় আলোচিত হইবে, নিমে তন্মধ্যে কভক গুলির উল্লেখ করিলাম। (১) প্রেততত্ত্ব (Spiritualism) (২) স্কাদ<sup>র্</sup>ন, (৩) দিব্যদৃষ্টি (Clairvoyance), (৪) পরলোক-তত্ত্ব, (৫) পরোক্ষতত্ব, (৬) জীব-শরীর-গত চুম্বকশক্তি (Animal magnetism), (৭) মৃত্যুরহস্ত, (৮) বশীকরণ বিভা (Hypnotism) (৯) মারণ, (১০) উচ্চাটন, (১১) স্তন্তন, (১২) ডাকিনী-বিভা ব্দাইন তত্ত্ব, (১৩) জন্মান্তরীণ ঘটনা, (১৪) অদৃশ্র-সহায় (Invisible

🏨elper), (১৫) দেবতা, উপদেবতা, গন্ধর্ম, কিরর প্রভৃতি সংক্রান্ত ক্রাটনাবলা, (১৬) স্বপ্লদর্শন, (১৭) প্রত্যক্ষ ভৌতিক ব্যাপার ; ইত্যাদি।

এতখ্যতীত ইহাতে (১) আমাদের পুরাণাদিতে বর্ণিত আধাাত্মিক 
মাধ্যায়িকা, (২) উদ্ভট বা লোক-পরস্পরা-শ্রুত আধ্যাত্মিক উপস্থাস,
৩) সাধু-সন্ন্যাসীর অভ্ত বা অলোকিক জীবনী, (৪) সাধু-সন্ধ্যাসী
মাণের অফ্টিত অলোকিক ঘটনা (Miracles), (৫) সাধারণ মানবজীবনের অলোকিক ঘটনা প্রভৃতির ও সমাবেশ থাকিবে।

উপরিউক্ত তর্ব-সমূহ সম্বন্ধে আলোচনা ও অন্থানিলন করিতে করিতে পাঠকগণ বেমন বিমাররদে অভিভূত হইবেন, সঙ্গে সঙ্গে আমাদের শাস্ত্র-নিহিত অভূত পারলোকিক তত্ত্ব-সম্বন্ধেও সেইরপ তাঁহাদের দৃষ্টি প্রসারিত ইবে; এই বলিয়া তাঁহাদিগকে ছংখ-প্রকাশ করিত্বে হইবে না যে, তিদিন আমরা জ্ঞান-সমুদ্রের এক অংশ অনাদরে অন্ধ-তামদে রাধিয়া, মাদের মনকে বারিধির তদংশ-সন্ত্ত অমৃতের আযাদনে বঞ্চিত করিছি,—ইহা আমাদের নিশ্চয় ধারণা। এই উদ্দেশ্যেই আমাদের এই নুম্রিক প্রিকার প্রচার এবং এই উদ্দেশ্য সক্ল হইলেই আমরং
নিমাদের মনোবাঞ্ছা পূর্ণ স্টল বলিয়া ক্রতার্থ হইব। ইতি—

কলিকাতা। ১লা বৈশাধ, দুন ১৩১৬,ুসাল।

সম্পাদক।

#### ভৌতিক-কাহিনী।

<del>---(\*)---</del>

এই জীবনই মানবের শেষ নহে। যেমন লোকে একথানি জীর্ণবন্ধ ভাগে করিয়া নববন্ধ পরিধান করে, দেইরূপ মানব মৃত্যুর পরে স্থলদেহ পরিতাগে করিয়া স্ক্রজন্থ আবার একটি নহে, অনেকগুলি আছে, ভ্বর্লোক, স্বলোক ইত্যাদি। ভ্বলেকি প্রধানতঃ ছইটি লোকে বিভক্ত—প্রতলোক ও পিতৃলোক। মানব প্রধানতঃ ছইটি লোকে বিভক্ত—প্রেতলোক ও পিতৃলোক। মানব প্রধান প্রেতলোকে যান, পরে পিতৃলোকে উন্নীয় হন এবং অবশেবে স্বর্গলোকে গমন করেন। সেধানে প্রণার ভারতম্যা হুসারে অল্লাধিক কাল বাস করিয়া পুনরার পৃথিবীতে জন্মগ্রহণ করেন—'ক্ষাণে প্রণা মন্ত্রালোকং বিশক্তি"—গীতা ইহাই মানবের সাধারণ নিয়ম। অসাধারণ মানবণণ (যোগী, ভক্ত সাধক ইত্যাদি) সাধন-বলে স্বর্গের উপরে (মহঃ জন প্রভৃতি লোকে গম্ন করিয়া থাকেন। ইহাই সানতন হিন্দুশান্তের উপদেশ।

বস্ততঃ হিন্দুশান্ত্রের পত্তে পত্তে ছত্তে পরলোকের কথা আছে।
হিন্দুপণের গরে, গানে, ছড়ায় এমন কি চিত্রে পর্যান্ত পরলোকে বিশাস
শুরিত হইর্ছাছে। পরলোকের অন্তিত্ব হিন্দুর নিকট স্বতঃসিদ্ধ—
স্বাভাবিক। কিন্তু কালের বিচিত্র গতি! কালধর্মবশেই হউক অথব।
পাশ্চাত্যশিক্ষার প্রভাবেই হউক, আজ অধিকাংশ হিন্দুসন্তান পরলোকে
বিশ্বাস করেন না। আজকাল অনেকেই যুক্তি ও বিচারের অপেক্ষা
করেন,—চক্ষুত্রাহ্য প্রমাণ ব্যতীত কিছুই সহজে বিশাস করিতে চান না
অত্তর তাঁহাদের বিলুপ্ত ও জীবনহীন বিশাসকে প্ররাম্ব সজীব, সবল

িও উদীপিত করিবার জন্ম, আমরা পরলোকেয় প্রতাক্ষ প্রমাণ তাঁহাদের ধ্মমীপে ক্রমশঃ উপন্তাপিত করিব। এই সকল প্রতাক্ষ প্রমাণ, সকল নেশে ও সকল জাতির মধোই আছে, স্বতরাং ভারতবর্ষেও তাহা বিরল গনহে। কিন্তু হিন্দর পরলোকে সংশয় না থাকায়, তিনি এতাবংকাল প্রেমাণ সংগ্রহ করা বা লিপিবর করিয়া রাখ। প্রয়োজনীয় মনে করেন ্নাই। তথাপি ভূত-প্রেতাদির ঘটনাবৃত্তান্ত ভারতবর্ষের স্থানে স্থানে পাওয়া যায়। কিন্তু তৎপম্দায়ের অধিকাংশই অশিক্ষিত জ্বসমাজেই প্রচলিত; স্থতরাং তন্মধ্যে খাঁটি সত্য কতটুকু এবং কতটুকুই বা কল্পনা-প্রভাবে অতিরঞ্জিত, তাহা নিশ্চয় করা তুরুহ। এইজয়ই অমারা বিদেশীয় ঘটনাবলীর প্রতিই সমধিক নির্ভর করিতে বাধ্য হই-লাম। কয়েক বৎসর অববি বিলাত, আমেরিকা প্রভূতি দেশে অনেক শিক্ষিত, বিচারপটু, হুক্মদর্শী ও বিজ্ঞানবিৎ ব্যক্তি এই সকল ঘটনার অমুসন্ধান ও পর্যাবেক্ষণ করিয়া লিপিবদ্ধ করিতেছেন। অভএব এই <sup>1</sup>দকল বুত্তান্ত যে সম্পূৰ্ণ সত্য ও বিশ্বাসযোগ্য, তাহা উল্লেখ করা বাহুল্যমাত্র।

পিতা ও পুত্র।

( )

(প্রেতাত্মা স্বীয় পুত্রকে কিন্ধপে সতর্ক করিয়াছিলেন।)

একটি ইংরাজ-মহিলা (Society for Psychical Researches) নামক দ্মিতির নিকট ঘটনাটি এইরূপে বর্ণন করিয়াছেন :---

খুষ্টীয় ১৮৬৭ অন্দে আমার বিবাহ হয়। আমাদের দাম্পত্য জীবন বেশ স্থাথে ও স্বচ্ছলে অভিবাহিত হইতে লাগিল। কিন্তু ১৮৬৯ খৃষ্টানের শেষভাগে স্বামীর কিছু ভাবাস্তর দেখিতে পাইলাম। তিনি সর্বাদাই বিষপ্ন পাকিতেন,--হাস্থা নাই, প্রফুল্লতা নাই, যেন একটা বিষম চিন্তা-ব্দরে সদাই ব্রুক্তরিত। তাঁহার স্বাস্থ্যও ভগ্ন হইল, তিনি ক্রমশ: যেন ब्बीर्ग भीर्ग हरेरा लाजिरलन । हेरा प्रिथिया आमात्र वर्ड्ड जावना हरेल। কিন্তু তাঁহার চিম্ভার কারণ কি এবং স্বাস্থ্য নষ্ট হইতেছে কেন ইত্যাদি ব্দিজ্ঞাদা করিলে কোন উত্তরই পাওয়া ঘাইত না। ''উহা কিছুই নয়, ইহার জ্ঞ্ম ভাবিও না" এই বলিয়া তিনি এক কথায় সব উডাইয়া मिट्डन।

**এই ভাবে দিন যাইতে লাগিল।** ক্রমে খুঠমাাদের সমন্ন আসিল। ষ্মামার এক মাতৃল ও মাতৃলানী ঐ গ্রামেই বাদ করিতেন। তাঁহারা আমাদিগকে পর্বদিনে তাঁহাদের বাটী যাইবার জন্ম নিমন্ত্রণ করিয়। পাঠাইলের্ম। স্থত্রাং ২৪ শে ডিসেম্বর তারিখের সন্ধাকালে আমরা আহারাদি সমাপন করিয়া শীঘ্র শীঘ্র শয়ন করিবার উত্যোগ করিলাম. কারণ পরদিন অতি প্রত্যুষেই আমাদিগকে মাতুণালয়ে গমন করিতে হইবে ইহাই স্থির ছিল। রাত্রি ১টার মধ্যে আমরা নীচের দরজা জানালা, হড়কো ও তালা দারা বদ্ধ করিয়া উপরের শয়নগৃহে উপস্থিত **হইলাম। শয়ন কক্ষের দরজা জানালাও রী**তিমত বন্ধ করিয়া রাত্তি সাডে নম্বটার সময় শয়ন করিবার জন্ত আলো নিবাইতে মাইতেছি, এমন সময়ে মনে পড়িল, আমার কঞাটিকে তুধ থাওয়ান হয় নাই। আমার পনর মাদের এক শিশু ছিল। সে প্রত্যহ রাত্রি ৯॥০ বা ১০ টার সময় একবার কাঁদিত এবং একট হুধ খাওয়াইয়া দিলে সমস্ত রাত্রি শাস্তভাবে নিজা ঘাইত। স্থতরাং স্বামীকে শয়ন করিতে বলিয়া এবং আলোর তেক একটু কমাইয়া দিয়া আমি নিজ শ্যার উপর বসিয়া শিশুর নিজা-ভঙ্গের প্রতীক্ষা করিতে লাগিলাম।

भशांत्र भवन कतिता जाभारात्र मछक रव निर्क शास्त्र, राहे निरक्हें

গৃহের প্রবেশ দার এবং পদতলের দিকে একটি টানা টেবিল ডুম্বার ছিল। এই ড্রারের উপরেই দীপটি মিটু মিটু করিয়া জলিতেছিল। ভোরে যাইবার কিরূপ বন্দোবন্ত করিব, আমি কেবল তাহাই ভাবিতেছিলাম এবং স্বামী আমার দিকে পশ্চাৎ করিয়া শয়ন করিয়াছিলেন। বোধ হয় তুএক মিনিট মাত্র আমি বসিয়াছিলাম, ইতিমধ্যে যাহা দেখিলাম, তাহাতে একেবারে চকিত, বিশ্বিত, স্তম্ভিত হইয়া গেলাম। দেখিলাম. ু খাটের পাদদেশে যে রেলিং আছে, তাহার উপর ছই হন্তে ভর দিয়া এক অজ্ঞাত,অভিনব ব্যক্তি দণ্ডায়মান রহিয়াছেন। তাঁহার সর্বাঙ্গে জাহাজের থালাদীর মত পরিচ্ছদ এবং মন্তকে এক নুত্র ধরণের টুপি ! আমার ভয় অপেকা বিষয়ই অধিক হইয়াছিল। মৃতরাং স্বানীর অঙ্গ স্পর্শ করিয়া ধারে ধারে বলিলাম "দেখ তো, কে দাঁড়াইয়া আছে।" ভনিবামাত্র স্বামী সেই দিকে মুথ ফিরাইলেন এবং ছএক সেকেও নির্ব্বাক, নিম্পন্দ ভাবে মূর্ত্তির প্রতি তাকাইয়া রহিলেন। অতঃপর শয্যার উপর একট্ উঠিয়া বসিয়া, তিনি তাঁত্র স্বরে ঐ ব্যক্তিকে বলিলেন "আপনি কি জন্য এথানে আদিয়াছেন ?'' ইহা গুনিয়া মূর্ত্তিটি আন্তে আন্তে সোজা হইয়া দাঁড়াইল এবং গন্তীর ক্লথচ তিরস্কার-স্থচক স্বরে স্বামীর নাম চুইবার উচ্চারণ করিল—"উইলি, উইলি"।

খানীর মুথের দিকে একবার চাহিলান। দেখিলান, তাঁহার মুথ মলিন, বিবর্ণ, উদ্বেগপূর্ণ! মুহূর্ত্ত মধ্যে তিনি শ্যা হইতে লক্ষ্ণ দিয়া। উঠিলেন—ধেন মূর্ত্তিটিকে আক্রমণ করিবেন। কিন্তু কি জানি কেন তিনি বেন হঠাৎ ভয়বিহ্নণ হইয়া শ্যা-পার্শ্বে দাঁড়াইয়া রহিলেন, এক পদও অগ্রসর হইতে পারিলেন না। ইতিমধ্যে মূর্ত্তিটি মূহমন্দভাবে দাঁপের সন্মুথ দিয়া দেয়ালের দিকে যাইতে লাগিল। যথন আলোকের সন্মুথ দিয়া গেল, তথন বিপরীত দেয়ালে তাহার ছায়া পড়িল, স্পষ্ট

দেখিতে পাইলাম। সে যাহা হউক, মৃর্তিটি ক্রমশ: অগ্রসর হইয়া দেয়ালের নিকটে আসিল এবং বোধ হইল, যেন ভন্মধ্যেই প্রবিষ্ট হইল,—আর তাহাকে দেখিতে পাইলাম না।

তথন স্বামী ক্রতপদে দীপাধারটি লইয়া বলিলেন "বাটীর সর্ব্বজ্ঞ গুঁ জিয়া দেখিব, সে কোথায় গেল।" এই বলিয়া তিনি দরজার বিকে আগ্রসর হইলেন। দ্বারটি তালাবদ্ধ ছিল এবং মূর্ত্তি দ্বারের দিকে আদৌ বায় নাই, ইহা স্মরণ হওয়াতে আমি বলিলাম "দেশ দরজা দিয়া বাহির হয় নাই।" কিন্তু ইহাতে কর্ণপাত না করিয়া, স্বামী তাড়াতাড়ি ঘরের বাহির হইলেন এবং চতুর্দ্দিকে অবেষণ করিতে লাগিলেন। আমি একাকী অন্ধকারে বিসয়া ভাবিতে লাগিলাম "ইহা নিশ্চয়ই কোন প্রেতাআ! কিন্তু কাহার প্রেতাআ! ইহা নিশ্চয়ই কোন প্রেতাআ! কিন্তু কাহার প্রতাআ! ইতি মধ্যে আমি দেখিতে পাই নাই। আমার ভ্রাতা আর্থার তো নাবিক হইয়াছেন। তবে কি তাঁহারই কোন বিপদ্ আপদ ঘটয়াছে ?" ইতি মধ্যে স্বামী ফিরিয়া আসিলেন এবং আমার পার্শ্বে উপবেশন করিয়া বলিলেন "কে আসিয়াছিল বল দেখি।" আমি বলিতে পারিলাম না। তিনি বলিলেন "ইনি আমার পিতা।'

শ্বামার খণ্ডর মহাশন্তকে আমি একবারও দেখি নাই। তিনি চৌদ্ধ বংসর পূর্বেদে দেহত্যাগ করিয়াছিলেন। তিনি এককালে নাবি-কের কার্য্য করিতেন বটে, কিন্তু শেষ বর্ষে উহা ত্যাগ করিয়াছিলেন। সে যাহা হউক, এতকালের পর তিনি হঠাৎ অত্য পরলোক হইতে আসি-লেন কেন, তাহা স্বামীকে জিজ্ঞাসা করিলাম। তহন্তরে তিনি সকল ঘটনা বিবৃত করিলেন। উহা অতিশন্ন গোপনীয় বলিয়া সাধারণের নিকট প্রকাশ করিতে পারিলাম না। ইহা বলিলেই যথেষ্ট হইবে যে, কল্পেক মাস অবধি স্বামী একটি লোকের পরামশাহুসারে এরূপ এক কার্য্যে জিপ্ত হইয়াছিলেন, যাহাতে তাঁহার আশু বিপদের সম্ভাবনা ছিল। উহাতে বদি তিনি আর এক পদ অগ্রসর হইতেন, তাঁহার সর্বস্বান্ত এমন কি জীবনাস্তও ঘটতে পারিত। পিতার তিরস্কার-স্চক সতর্কভাবাক্য তাঁহাকে এই ভয়ানক বিপদ্ হইতে রক্ষা করিল। কারণ প্রদিন হইতে তিনি উক্ত কার্যোর সহিত সকল সংস্রব ত্যাগ করিলেন।

পরিশেষে বলা আবশুক যে, আমাদের উভয়েরই স্বায়ু ও মন্তিষ্ক বেশ স্বস্থ ও সবল এবং ভূত প্রেভাদির অন্তিব্রে কথনও বিশ্বাস বা "কুসংস্কার" ছিল না। ইতি—

**२ इक् ५**५८।

मिनिन् शि।

উল্লিখিত বুত্তাস্তে করেকটি বিষয়ের প্রতি সবিশেষ প্রণিধান করা আবশুক। ১ম—চৌদ্দ বৎদর পরে প্রেতাত্মার আবিষ্ঠাব। ইহা একটু অসাধারণ বলিয়া বোধ হয়। সাধারণতঃ মৃত্যুর পরেই বা ২।৪ বৎসরের মধ্যেই প্রেতাত্মাগুলিকে আসিতে শুনা যায়। ইহা শাস্ত্র-সঙ্গতও বটে: কারণ যতদিন জীব প্রেতগোকে বাস করে, প্রেততত্ব হইতে মুক্ত না হয়, তত দিনই তাহার পৃথিবীতে আসিবার বাসনা প্রবল থাকে; কিছ পিতৃলোকে উন্নীত হইলে। সে প্রান্নই আসিতে ইচ্ছা করে না। ২য়— প্রেতমূর্ত্তি স্পষ্ট কথা কহিল এবং দেয়ালে তাঁহার ছায়া পড়িল। ইহা হইতে বুঝা যায় যে, উহা সম্পূর্ণ রূপে স্থূলত্ব-প্রাপ্ত ( completely materialized) হইয়াছিল। ৩ম--প্রেতাত্মা পুলের ভাবি বিপদ্ জানিতে পারিয়াই তাঁহাকে সতর্ক করিতে আদিয়াছিলেন। ইহা বারা স্প্রমাণ হয় যে, প্রেত-পুরুষণণ ইচ্ছা করিলেই পৃথিবীর সকল সংবাদ অবগত হইতে পারেন এবং কতক পরিমাণে ভবিষাৎটাও জানিতে পারেন। অধিকন্ত তাঁহারা প্রিয় আত্মীয় সম্ভনের স্থাে স্থা এবং তু:থৈ তুঃখ বোধ করেন। প্রেডাত্মা যে ভবিষাৎ বিপদ্ জ্বানিতে

পারেন, তাহা ব্যাইবার জন্য "অলোকিক রহস্তের" দ্বিতীয় সংখ্যায় একটী ঘটনা বিবৃত হইবে।

শ্রীমাথনলাল রায় চৌধুরী।

#### প্রেতিনীর সহিত বিবাহ।

১৮০০ শতান্ধীতে ইউরোপ থণ্ডে কাউন্ট-ডি-সেণ্ট জার্ম্মেন নামে জনৈক মহাপুরুষের আবিভাব হইরাছিল। ইউদ্বোপীয় ইতিহাদ পাঠক-মাত্রেই ইহার বিষয় নিশ্চয় কিছু কিছু বিদিত থাকিবেন। তাঁহার সম্ব-স্কীয় সমস্ত বিষয়ই হজে য় নিগুঢ় জটিলতায় আরুত। তবে কেবল এই পর্যাস্ত বলা যাইতে পারা যায় যে, রাজঘোগী মহাপুরুষ মাত্রেই তাঁহার বিষয় বিশেষরূপ অবগত আছেন। তিনি যে কে. কোথা হইতে আসিলেন এবং কি উদ্দেশ্য সাধনের জন্ম আবিভূতি হইয়াছিলেন তাহা সাধারণের পক্ষে হর্ক্সোধ্য তমসাচ্চন্নে সমাবৃত। তিনি তাৎকালিক সমগ্র মুরোপের রাজনাগণের পরিচিত ছিলেন; এমন কি কুটার হইতে রাজ-প্রাদাদের অন্তর্তম প্রদেশ পর্যান্ত তাঁহার অবারিত দার ছিল। কতদিন ভিনি এই ভূমণ্ডলে আবিভূতি ছিলেন তাহা কেহ বলিতে পারিতেন না। > ১৭৪৩ গ্রীষ্টাব্দে প্রথম এই জনরব প্রচারিত হয় যে, ভারে লিস নগরে এরপ এক জন ধনাঢ়া বাক্তি আদিয়া উপস্থিত হইয়াছেন যে, তাঁহার পোষাক পরিচ্ছদ আদবাব এবং ধনরত্ব মণিমাণিক্যের প্রাচ্র্য্যই ভাহার পরিচায়ক। তাঁহার প্রত্যেক অঙ্গ প্রতাঙ্গ সম্পূর্ণরূপ সুঠাম ও স্থগঠিত ছিল। ফলে তাঁহার মত স্থন্দর পুরুষ অতীব বিরুল, তাঁহার দে হরনেত্র ছটি এক্লপ তীক্ষ জ্যোতিপূর্ণ ও মুগ্ধকর ছিল, যে তাহা বর্ণনা-জীত। নিজ সময়ে সংঘটিত বহু প্রাচীন কাহিনী ও আশ্চর্যা ঘটনা-বলি, তিনি সময়ে সময়ে বিবৃত করিতেন; এবং দেখিতে পাওয়া যাগ,

সেই সমস্ত ঘটনাবলির চিনিই এক জন প্রধান অভিনেতা। মহাত্মা কাউণ্ট দেণ্ট্ জারমেন রাজনাগণ ও সম্রাস্ত ও বিধান মণ্ডলী খারা পরিবেষ্টিত হইয়া সর্মনাই থাকিতেন। তিনি যেথানেই উপস্থিত থাকি-তেন সেই খানেই উৎসাহ প্রফুল্লতা ও আনন্দ অবিরাম বিরাজ করিত। কতই যে ঐতিহাসিক আখ্যায়িকা, প্রেতের প্রভূত কাহিনী এবং নানা-বিধ উদ্দীপনাপূর্ণ স্থমধুর ও উপাদেয় বিবরণ সকল বিবৃত করিয়া ঐ মহা-क्षन मधनोटक मर्सनांह "मक्षोव ও आनन्तर्भ ताथित्जन, जाहात्र हेन्नछा नाहै। कन कथा ठाँहात मन्न मकरनत्रहे खार्थनीय हिन। तानना अ সম্ভ্রান্তগণের ভোজন স্থানে যদিও তিনি সর্কাদাই উপস্থিত থাকিতেন, কিন্তু তিনি তাঁহাদিগের আহারে কখনই যোগদান করিতেন না.— কেহই কথনও তাঁহাকে আহার করিতে দেখেন নাই। এই মহাপুরুষ বর্ণিত একটি প্রেতের অলৌকিক কাহিনী আমরা নিয়ে বিবৃত করিতেছি।

"ইউরোপ থণ্ডের উত্তর প্রদেশীয় কোনও নগরে, (পাছে বংশের গৌরব ও মর্যাদা বিনষ্ট হয়, তিনি কখনও দেশ বা ব্যক্তির নাম বলি-তেন না) এক সম্ভ্রাম্ভ যুবক বাস করিতেন। তিনি অভিশন্ন ধীশক্তি ও বিবিধ দদ্পুণে ভূষিজ্বথাকিলেও কেবল এক লাম্পট্য দোষে তাঁহার সমস্ত অভাবকে নষ্ট করিয়াছিল। লাম্পটা দোষ তাঁহার এতই প্রবল ছিল যে, একদা তিনি তাঁহার অন্তরঙ্গ বন্ধুর নিকট প্রকাশ করিয়াছিলেন বে. তাঁহার উপপত্নীর সংখ্যা এতই অধিক হইয়াছে যে, স্ত্রীলোকের সহ-বাদ তাঁহার অতান্ত বিরক্তিকর হইন্না পড়িয়াছে। আরও বলিয়াছিলেন যে মানবীকে আর তাঁহার প্রবৃত্তি নাই, তবে যদ্যপি কোন অলোকিক জাতীয় রমণীর সহবাস করিতে পারেন তাহা হইলে তাঁহার মনের নিরুৎ-সাহিতাও হৃদয়ের অপ্রসন্নতা বিদ্রিত হইতে পারে। ইহা শুনিয়া তাঁহার বৃদ্ধ বলিলেন "তুমি উন্মাদ হইয়াছ" উত্তরে বৃবক বলেন ষে, "তুমি যাছাই বল না কেন অভাই রজনীতে সমাধিস্থানে গমন করিয়া নিশ্চয় কোন মৃত রমণীকে আহ্বান করিব।" এই কথা গুনিয়া তাঁহার বন্ধু মুথ কুঞ্চন করিয়া বিরক্তি সহকারে তাঁহার সঙ্গ পরিত্যাগ कविशा हिला (शत्न ।

অনন্তর কাউণ্ট আর—(প্রস্তাবোল্লিধিত সম্রাস্ত-যুবক) নগর প্রাস্ত-স্থিত সমাধি ভূমিতে দ্বিপ্রহর রাত্রে উপস্থিত হইলেন। সমাধিস্থল নীরব ও গভীর নিস্তর্জভায় পরিপূর্ণ। যুবক প্রথমে আপনাকে রক্ষা করিবার জন্ত মন্ত্রাপিত-রক্ষা-বৃত্ত (বেড়) দ্বারায় আপনাকে বাঁধিয়া লইলেন। অনন্তর ভীষণ অভিচার দারায় সনাধিত্তনের শাস্তিভক করিবার চেষ্টা করিতে লাগিলেন। এইরূপ করিবার কিছুক্ষণ পরে কাউণ্ট বহু দূর-স্মাগত রমণীকণ্ঠ-নিস্ত অতাব স্থমধুর গ্রামাসঙ্গীত ভনিতে পাইলেন। ঐ রমণীকণ্ঠ নিস্ত স্থার লহরী এতই পবিত্র, স্থাধুর এবং স্থারলয় সংযুক্ত বলিয়া বোধ হইল নে, কাউণ্ট উহা প্রবণে সমাধিকেতে আগমনের উদেশ বিশ্বত হইয়৷ উন্নতের ভার ঐ রমণী গান্ত্রিকার কণ্ঠস্বর অনুসরণ করিয়া উন্মত্তের স্থায় দেই দিকে ধাবিত ছইলেন। কিছু দূর অগ্রনর হইবামাত্র অদূরে এক অতীব স্থলর রমণী-শ্ববতী দেখিতে পাইলেন। সন্নিকটে উপস্থিত হইয়া তাহার সহিত সদানাপে প্রবৃত্ত হইলেন এবং ক্রমশঃ সদালাপ হইতে প্রেমালাপ করিতে করিতে সমাধির সন্নিকটে উপনীত হইলেন। অনন্তর কথাবার্তায় কণঞ্জিৎ সাহসী হওয়াতে প্রেম মিলন প্রস্তাব করিলেন। কিন্তু যুবতী ভাহা প্রত্যাথ্যান করিয়া বলিল যে "আমি বিবাহিত স্বামী ব্যতীত অক্ত কাহার হইতে পারি না।" কাউণ্ট উত্তরে বলিলেন "আচ্ছা তাহাই ছইবে—আমি ভোমাকে বিবাহ করিব।" এই বলিয়া নিজ অঙ্গুরীয় ব্রমণীকে প্রদান করিলেন এবং রমণীর অঙ্গুরীয় নিজে গ্রহণ করিলেন।

এই ব্লুণে যুবতীকে বিবাহের বাক্দান করিলেন, এবং বুবতীও স্বীকৃত হইলেন। অনস্তর কোন অস্তরায় রহিলনা দেখিয়া যুবতী কাউণ্টের সহবাসে রাত্রি একটা পর্যান্ত অতিবাহিত করিলেন। বিদায় লইবার সময় উপস্থিত হইলে আগামী রজনীতে উভয়ে ঐ স্থানে পুনর্বার সন্মিলিত হইবেন অঙ্গীকার করিয়া নিজ নিজ স্থানের অভিমুখে গমন করিলেন। কিন্তু উন্মত্ততা জনিত অনুরাগ পাশবপ্রবৃত্তির চরিতার্থের সঙ্গে সঙ্গে অজ্ঞাতকুলশীল রমণীর স্থৃতি কাউণ্টের মন হইতে অপদারিত হইল। ফল আগামী রন্ধনীতে অঙ্গীকৃত হানে উপস্থিত না হইয়া কাউণ্ট নিজ ভবনে স্থাথ নিদ্রা যাইলেন। এই রূপে কাউণ্ট এক ঘণ্টাকাল স্থথে নিদ্রা গিয়াছেন এমন সময়ে তাঁহার শন্ত্র দ্বার সহসা উন্মুক্ত হইয়াগেল। দ্বার উদ্বাটনের শব্দের সহিত কাউণ্টেরও নিদ্রা সহসা ভাঙ্গিয়া গেল। বুম ভাঙ্গাতে প্রথমে তিনি মানবের নিঃখাস প্রখাসের ধ্বনি ক্রমশঃ পোষাকের থস্ থস্ ধ্বনি তাঁহার কর্ণ-কুহরে প্রবেশ করিল—বোধ হইল কে যেন ধীরে ধীরে তাঁহার শ্যার নিকট আসিয়া উপস্থিত হইল এবং আসিয়া তাঁহার শ্যার মশারি উত্তোলন করিল। ইহারু অল্লক্ষণ পরেই অন্নভব করিলেন কে ষেন তাঁহার পার্বে শয়ন করিয়ীছে। গাত্রে হাত দিয়া দেখিলেন অন্তভব করিলেন যে, দেহ রমণীর এবং অতীব কোমল কিন্তু মার্ব্বেল প্রস্তরের ক্সায় শীতল এবং দেহ হইতে শব সদুশ হুৰ্গন্ধ বহিৰ্গত হইতেছে। ভয়ে। কাউণ্টের হাদকম্প উপস্থিত হইল--তিনি পলায়ন করিয়া অব্যাহতি পাইবার চেষ্টা করিলেন, কিন্তু তাঁহার চেষ্টা বিফল হইল-রুমণীর আলি-ক্ষন ছাডাইয়া কোন প্রকারে যাইতে পারিলেন না। চীৎকার করি-রার চেষ্টা করিলেন,—তাঁহার স্বর বন্ধ হইল। এই রূপে তাঁহাকে এক ঘণ্টাকাল যন্ত্রণাভোগে অভিবাহিত করিতে হইল। অনস্তর যথন

চং চং করিয়া ঘড়ীতে একটা বাজিল, তথন তাঁহার প্রস্তর্বৎ-শীতল-সঙ্গীনি তাঁহার শ্যা পরিত্যাগ করিয়া অন্তর্হিত হইল।

পর্যদিন সন্ধা। সমাগত। বিগত রজনীর ভীষণ ব্যাপারের ভয়াবহ চিন্তা বিশ্বতি সাগরে ডুবাইয়া দিবার অভিপ্রায়ে কাউন্ট অন্ত অতি সমারোহের সহিত নিজ প্রাদাদে উৎসবের আয়োজন করিয়াছেন। नगत्रष्ट मञ्जाख वः नोष्ठ वाक्ति ७ सन्तरी महिनामिनात्क निमञ्जरा स्राह्मान করিয়াছেন। অট্টালিকা আলোক মালায় স্থালোকিত-সন্মিলন গৃহের প্রাচীর সমূহ বৃহৎ বৃহৎ দর্পণে বিমণ্ডিত—দ্বার এবং গৃহ প্রাচীর সকল মৃল্যবান কাহুকার্যা সমন্বিত বস্ত্র ও অন্যান্য দ্রব্যাদিতে স্থদজ্জিত এবং মনোমুগ্ধকর স্থগন্ধকুক্ত পুষ্পপুঞ্জে এবং লতা কুঞ্জে স্থাভেত হইয়াছে। গৃহতুল মূল্যবান কার্পেটে আরুত হইয়াছে এবং তাহার উপান্ন নানাজাতীয় স্থন্দর আসন সমূহ সংরক্ষিত হইন্নাছে। একে একে আমন্ত্রিত ব্যক্তি ও মহিলাগণ আসিয়া উপস্থিত হইলেন। অবিলম্বে স্থ্র-তাল-লয় সময়িত স্মধুর ও স্থলর গীত ও নৃত্য আরম্ভ হইল। সক-লেই নৃত্যগীতে ব্যাপৃত ও মুগ্ধ। সময় যেমন অতিবাহিত হইতে লাগিল। কাউণ্টেরও ক্রমে উৎকণ্ঠা বৃদ্ধি হইতে লাগিল—দ্বিপ্রহরের আগমন তিনি অশান্তি ও উরেগের সহিত অপেকা করিতে লাগিলেন। অল্লন্দণ পরেই ঢং ঢং করিয়া ঘড়ীতে দ্বিপ্রহরের আগমন বার্তা বিজ্ঞাপিত করিল। ঠিক এই সময়ে জনৈক ইতালী দেশীয় রাজকুমারীর আগমনবার্তা ঘোষিত হইল,—সকলেই তাঁহাকে দেখিবার জন্ম ব্যস্ত হটলেন। অল্লকণ মধ্যেই রাজকুমারী আসিয়া সভাস্থলে উপস্থিত इटेटनन,--उांशांत्र ठजूफिटक नकरन आनिया वितिया माँ एाटेटनन । রাজকুমারী যুবতী—দেখিতে অতীব স্থলর। তাঁহার দেহ বহুমণ্য বজ্ঞে আচ্ছাদিত এবং রত্নালয়ারাদিতে অলয়ত। রমণীকে দেখিবামাত্র

কাউন্টের মুখ অত্যন্ত মান হইয়া পড়িল, তাঁহার এই পরিবর্ত্তন অঞ্চ কেহ বুঝিতে পারিলেন না। কাউণ্ট কিন্তু বুঝিতে পারিলেন বে, এই ছল্পবেশধারিণী রাজকুমারী তাঁছার সেই পূর্ব পূর্বে রজনীর সমাধি-ভূমির পরিচিত হুঃশীল প্রেত-সহচরী ব্যতীত আর কেহ নহে। মানবীর আকারে ঐ প্রেতমূর্ত্তি ধীরে ধীরে কাউন্টের অভিমূপে অগ্রদর হইয়া তীক্ষ অথচ হির দৃষ্টিতে তাঁহার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিল। তিনি যেথানে সমন করেন, ঐ স্থতীক্ষ-ভ্রে-দৃষ্টি সেই দিকেই ধাবিত হয়—কাউণ্ট কোন প্রকারে ঐ দৃষ্টির হাত এড়াইতে পারেন না। সকণেই আমোদে উন্মত্ত; কিন্তু কাউণ্টের চিত্ত ভীতি ও অশান্তিতে ব্যাকৃণ হইতেছিল! অনন্তর যেই ঘড়ীতে একটা বাঞ্চিল. অমনি ঐ ইতালীর রাজকুমারা আদন পরিত্যাগুকরিয়া উঠিয়া দাঁড়াইলেন। তাঁহার পরিচারক সকল তাঁহার জগু অপেকা করিতেছে. মুতরাং তিনি আর বিলম্ব করিতে পারিলেন না---সকলের নিকট শীত্র বিদায় লইয়া চলিয়া গেলেন—গাড়ীর ঘোটক্ষয় সশব্দ পাদ বক্ষেপে ধাবিত হইল ; মুহুর্ত্তমধ্যে দেই শব্দ আকাশে বিশীন হইয়া গেল।

এতক্ষণ পরে কাউণ্ট্রাইাপ ছাড়িয়া বাঁচিলেন—তাঁহার ধড়ে প্রাণ আসিল। বলা বাহুলা,প্রত্যহ রন্ধনীযোগে এই প্রেতমূর্ত্তি তাঁহার নিকট'উপ-স্থিত হইতে লাগিল। ক্রমশঃ তাঁহার স্বাস্থ্য বিনষ্ট হইল এবং স্কীবন ছঃসহ হইয়া উঠিল –একণে তিনি কেবল নিজের মৃত্যু কামনা করিতে लाजित्नन। कांछेले (मण्टे क्लार्त्मण वर्तन (य, (य मभरत्र এই यूवा मृठ-প্রায়, দেই সময়ে ঘটনাক্রমে তিনি তাঁহার প্রতিবেশী হইয়া ছিলেন। কাউণ্ট দেণ্ট জার্মেণ এই যুবার হৃদয়ে লুকায়িত কঠ অনুভব করিয়া, তাঁহাকে কষ্টের কারণ জিজ্ঞানা করেন। প্রথমে যুবা তাঁহার কটের কারণ প্রকাশ করিতে কুষ্ঠিত ও লজ্জিত হয়েন, কিন্তু চ:দহ জীবনভার-বহন অপেক্ষা উহা প্রকাশ করাতে, উপকার হইলেও হটতে পারে ভাবিয়া, অবশেষে তিনি নিজের গোপনীয় কষ্টের কারণ কাউণ্ট দেণ্ট জার্মাণের নিকট সমস্ত আরুপূর্ব্বিক বিরুত করিলেন। তাঁহার সমস্ত কথা শ্রৰণ করিয়া মহাপুরুষ কাউণ্ট সেণ্ট বলিলেন—"ভগবংকপার আমার সহিত তোমার সাক্ষাৎ হইয়াছে, যাহাই হউক, ভন্ননাই: শীঘ্রই সমস্ত বিপদ হইতে বিমুক্তি লাভ করিবে, চিস্তিত হইওনা" আর ৰলিলেন, "রাজি, দ্বিপ্রহরের সময় আমি তোমার নিকট আগমন করিব: সেই পর্যান্ত জাগরিত ও সতর্ক थाकित. এवः मस्तम क्रेश्वत्वत निक्र व्यर्थना क्रिक्ट थाकित।" এই विवश कार्डे विषय विवश विवश विवश

মহাত্মা কাউণ্ট বলেন, ঐ যুবকের নিকট বিদায় গ্রহণ কালে তিনি এরপ কাতর ও সকরণ দৃষ্টিতে আমার দিকে চাহিতে লাগিলেন যে, তাহাতে আমার অতান্ত কট্ট হইল। বোধ হইতে লাগিল যেন, যুবক একেবারেই নিরাশ হইয়া পড়িয়াছেন। আমি স্লেহের সহিত তাঁহার তাতটি আমার হাতের উপর রাখিলাম—বোধ হইল, যেন, আমার হাত পুড়িয়া **যাইতেছে। আমি অতীব, স্থ**মধুর বচনে আখাদ দিয়া পুনর্বার উাহাকে সাস্তুনা করিলাম এবং আবার ভগবানের निक्रे आर्थनात्र त्रञ् थाकिएक विनाम। कात्रन, जून मंत्रीरतत वन অপেকা তাঁহার নৈতিক বলের বিলক্ষণ হ্রাস হইয়াছিল। তাঁহার দিকট বিদায় লইয়া আমি ঐ কার্য্য সম্পন্ন করিবার উপযোগী উদযোগ করিতে গেলান। রাত্তি এগার ঘটকার সময় আমি ফিরিয়া আদিলাম। আমাকে দেখিয়া যুবা কাউণ্ট বিলক্ষণ আশস্ত ও আন-निक इट्टेलन,--छाँशात ज्ञाला व्यानक्षी वालत मकात इट्टेन। छिनि বলিলেন, "মহাশয়! দেই ভীষণ সময় আগত-প্রায়" উত্তরে

আমি বলিলাম, "স্থির হও, ভীত হইবার কারণ নাই, অদ্য রম্বনীতেই তোমার যাতনার অব্যান হইবে, তাহাতে সন্দেহ করিওনা—নিশ্তিস্ত থাক।" এই কথার যুবক আশ্বন্ত হইলেন।

দ্বিপ্রহর বাজিবার ১৫ মিনিট পূর্বের ঘরের মেলের উপর কাউন্ট গেণ্ট একটি সৌর-ত্রিভুজ অঙ্কিত করিলেন। অনস্তর উহার উপর স্থান্ধ দ্ৰব্য লেপন করিয়া, উহার মধ্যে যুবা কাউণ্টকে বসাইলেন এবং বে কোন ঘটনা ঘটুক না কেন, ঐ স্থান পরিত্যাপ করিতে বিশেষ করিয়া নিষেধ করিলেন। এইরূপ করিয়া, কাউণ্ট সেণ্ট স্থির হইয়া বিদিয়া রহিলেন। চং চং করিয়া ঘডীতে বেই দ্বিপ্রহর বাজিল, অমনি কক্ষের দার উদ্ঘাটিত হইয়া গেল। গৃহ সাতটি বর্ত্তিকা দারায় আলো-কিত হইয়াছিল। সাইরদ্ নুপতির রাজত্ব কালে মোদেমের প্রপৌত্র বাাবিলন নগরে কাউণ্ট দেণ্টকে যে "মোদেমের যষ্টি" উপহার দিয়া-ছিলেন, তিনি দেই যষ্টি হত্তে লইয়া বসিয়ারহিলেন। গৃহদার উন্মুক্ত হুইবামাত্র তিনি দোখতে পাইলেন, একটি মানবী মূর্ত্তি গৃহে প্রবেশ করিল; কিন্তু বাস্তবিক উহা অশরীরী (সুলদেহ-বর্জ্জিত)। ঐ দেহ হইতে অতান্ত কুৎসিত, পৃতিগন্ন বহির্গত হইতেছিল, তিনি অতি শীঘ্র স্থান্ধ দ্রব্য জালাইলেন। <sup>1</sup> প্রথমে ঐ প্রেতমূর্ত্তি শ্বাব্র দিকে অগ্রসর हरेरा नाशिन, अधानत व्हेरा हरेरा महना निवृत हरेन, এवः श्रक्करनेह সৌর-ত্রিভুজ স্থিত যুবা কাউন্টের অভিমুখে আসিয়া ঐ অঙ্কিত ত্রিভুজের সীমা পর্যান্ত আসিয়া দণ্ডায়মান হইল ; কিন্তু তাহা অতিক্রম করিয়া কাউন্টের নিকট যাইতে পারিল না। প্রেত গভীর স্বরে বলিল, "উনি আমার স্বামী।" কাউণ্ট দেণ্ট উত্তর করিলেন, "ৰঞ্চনাকারিণি। তুমি শঠতা করিয়াছ, তুমি প্রেত-লোক-নিবাসিনী বলিয়া যুবকের নিকট নিজ পরিচয় দেওনাই।" ঐ মানবরূপিণী প্রেতমূর্ত্তি উত্তর না করিয়া নিস্তব্ধ রহিল। কাউণ্ট সেণ্ট নিজ হস্তস্থিত ঐ ভীষণ ষষ্ট দার। তাহার দেহ স্পর্শ করিলেন। ভয়ে প্রেত-দেহ বিকল্পিত হইল এবং তাহার ঐ দৃশুমান স্থূল দেহ গণিত হইরা পড়িতে লাগিল। কাউণ্ট সেণ্ট বিলিয়া উঠিলেন, "যুবক-দন্ত অঙ্গুরীয় শীঘ্র প্রত্যপণ কর।" প্রেতমৃত্তি উত্তর করিল, "আমি যেখানে উহা পাইয়াছিলাম, সেই স্থানে উহা প্রভার্পণ করিব, এখানে নহে।" কাউণ্ট সেণ্ট উত্তর করিলেন, "তাহাই হইবে, আমরা উভয়ে সেই স্থানে যাইব; কিন্তু তোমাকে অগ্রগামিনী হইতে হইবে।" প্রেতমৃত্তি গৃহ হইতে অগ্রহিত হইল।

সমাধি তলে উপন্থিত হইয়া, উভয়ে যে ব্যাপার দেখিলেন এবং বে রূপ সংগ্রামে কাউণ্ট সেণ্টকে প্রবৃত্ত হইতে হইয়াছিল, তাহা বর্ণনার যোগ্য নহে। য়াহা হউক, ঐ সংগ্রামে কাউণ্ট সেণ্ট জন্মী হইলেন। প্রেতমৃত্তির সহিত প্রথম মিলন রাজিতে যুবা কাউন্ট সমাধিমন্দিরের যে স্থলে উভয়ে বসিয়া ছিলেন, কাউণ্ট সেণ্টের উপদেশ মত তিনি সেই স্থানে অঙ্গরীয় নিক্ষেপ করিলেন। প্রেতও কাউণ্টের অঙ্গরীয় প্রতার্পণ করিয়া অন্তর্হিত হইল। গভীর রজনীতে তাঁহারা উভয়ে নগরে ফিরিয়া আসিলেন। রাত্রির ঐ ঘটনার পরে কাউটি गেণ্ট এবং যুবা কাউণ্ট নগর প্রবেশ করিয়া এক স্থলে ছাড়াছাড়ি হইলেন। অনগ্রর যুবা কাউণ্ট নিজ গৃহে প্রত্যাগমন না করিয়া, তাঁধার পূর্ব্বপুরুষ-প্রতিষ্ঠিত সন্ন্যাসীদিগের মঠের দ্বারে গিয়া করাঘাত করেন-মঠ-ব্লক্ষক ছার উদ্ঘাটন করিলে, তিনি মঠাধিকারীর সমীপে উপনীত इंडेलन। खंडः পর সেই স্থানে खंदशन করিয়া সন্ধাস গ্রহণ করেন। তিনি সন্ন্যাসগ্ৰহণ করিয়া প্রায় ৩৫ বৎসর কাল ধর্মজীবন অতিবাহিত করিয়া, দেহত্যাগ করিয়াছিলেন।

ঐ অবোরনাথ দত্ত।

### ভূতের সহিত সাক্ষাৎ।

প্রায় ৪০ বংসর পূর্বে যথন আমাদের দেশে প্রথমে ম্যাদেরিয়ার প্রাত্রভাব হয়, এই ঘটনাটি দেই দময়ের। দেই দময়ে গ্রামের প্রায় বার আনা শোক ম্যালেরিয়ার মড়কে অকালে মৃহ্যমুখে পঠিত হইয়াছিল। যে বাটীতে,পূর্কে ৮।১০ জন বাদ করিত, হয়ত দেবাটীতে ২৷১ জ্বন মাত্ৰ জীবিত ছিল, এবং কোন কোন বাটী জনশ্ৰু হইয়া-ছিল। আমার বয়স তধন ১৪ বৎসর। বাটীর মধ্যে তধন আমিই কর্ত্তা। মাৰ মাণ—ক্বঞ চতুর্দ্দশী—ভট্টাচার্য্য মহাশ**ন্ন দি**গের বাটীতে ৶রটন্ত্রী পূজা উপলক্ষে —গ্রামস্থ সমস্ত ব্রাহ্মণ মহাশয় দিগের নিমন্ত্রণ হইয়াছিল; স্ত্রাং আমারও নিমন্ত্র হইয়াছিল।<sup>●</sup> **গ্রামের মধ্যে** তথন ভট্টাচার্যা মহাশয়েরা বর্দ্ধিঞু লোক। আমার পিতৃবা দেই বাটীর মেনেজার। ৺পৃজাশেষ হওয়ারপর প্রায় অর্দ্ধিতে ত্রাহ্মণ ভোজন হইয়া থ<sup>ু</sup>কে। আমি বিকালে পিতৃবা নহাশয়ের স**ক্ষে** ভট্টাচার্য্য মহাশন্ত্রদিগের বাটীতে যাইবার প্রস্তাব করিয়াছিলাম, কারণ ঐ অন্ধকারময় রাত্তিকালে একাকী যাওয়া আমার পকে অসম্ভব। তাহাতে তিনি উত্তর করিয়াছিলেন, এত বেলা পাকিতে যাইবার প্রয়োজন নাই। সন্ধার পর, রাত্তি৮৯ টার সময় তে:মার পুলতাত-ভাতার সঞ্জি যাইলেই হইবে। তদহুদারে আমি রাত্রি ৯ টার সময় আমার খুলতাত ভাতার সহিত ভটুচোর্যা মহাশয় দিবের বাটীর নিমন্ত্রণ উপলক্ষে যাত্রা করিয়াছিলাম।

ভট্টাচার্য্য মহাশর দিণের বাটী আমাদের বাটী হইতে প্রায় অর্দ্ধ পোয়া দূরে ছিল। আমাদের বাটী হইতে বহির্গত হইরাই

সরকারী রাস্তা। সরকারী রাস্তায় বাহির হইয়া, আমার মনের মধ্যে रकान ७ इ रह नारे। कि इ पूत शिक्षा ताम काकारपत वांने नकत হইয়াছিল। রাম কাকাদের বাটীতে উক্ত মেলেরিয়ার পূর্ব্বে ৮।১• ব্দন লোক ছিলেন। কিন্তু উক্ত সংক্রামক মেলেরিয়ার মড়কে সে বাড়ীতে আর কেহই জীবিত ছিল না। রাম কাকাদের বাটার উত্তরেই ভবানক বন এবং তাহার উত্তরেই স্রোতস্বতী ভাগীর্থী প্রবাহিতা। হঠাৎ রাম কাকাদের বাটার দিকে দৃষ্টি পতিত হওয়ায় ভ্রাতাকে বলিয়াছিলাম—''দাদা, আহা। এই বাটীতে কত লোকই ছিল এবং একণে কি অবস্থাই ঘটিয়াছে।" তথনও আমার মনে কোন ভয় হয় नारे। माना स्नामात स्राप्तका हरे तरमदात वर्ष। माना करितनन, "बाग्रः ও সকল কথায় ,এখন কাজ নাই। তুমি একটি--গ্ন কর ." তাঁহার কথা অনুসারে আমি একটি গান গাইতে আরম্ভ করিণাম। আমি তথন নৃতন গান গাইতে শিথিতে ছিলাম, কিন্তু পলীগ্রামে ভাল গান শিথিবার স্থবিধা না থাকায়, "বউ কথা কও'' নামক গানটি—অভ্যাস **ছিল, স্থ**তরাং তাহাই গাইতে আরম্ভ করিলাম। অংমি যেমন উচৈচ:ম্বরে ঐ গানটি গাইতে ছিলাম, হঠাৎ রামকাকাদের ঘাটীর ফটকের নিকট-बर्खी महीर्ग-भाष वन मधा इटेट अक मीर्घाकात शुक्रव, वयम आब ८० বৎসর, আমার সমুথে উপস্থিত হইয়া আমার হস্ত ধারণ করিয়া বলিল, "তুমি বালক, ভদ্রগোকের সম্ভান, তোমার এগান গাওয়া উচিত নহে।" আমি বলিলাম, ''আমি এগান আর কখন গাইবন।।'' এই কথা वनाम्न दम जामात इस ছाড़िया निया शुनदाय वन भएथ हिन्या (शन। আমি দেই দীর্ঘাকার পুরুষটিকে দেখিয়া চিনিলাম সে ''ভোয়ে গোয়াল'' ৰা ভৈৱৰ গোয়াল।

ভোরে গোরাল আনাদের একজন জোৎদার। তাহার বাটা আমা-

দেরই গ্রামে। সে আমাদের জমী জোৎ করিত বলিয়া সময়ে সময়ে আমাদের বাটীতে আসিত, এবং ফায় ফরমাস খাটিত এবং কাজ কর্ম করিত। আমরা তাহাকে ভোরে জ্যোঠা বলিয়া ডাকিতাম। সে আমাকে বড় ভাল বাগিত।

ভোরে জোঠা আমার হাত ছাড়িয়া দিলে, আমার দাদা আমাকে জিজ্ঞাদা করিলেন, ভারা "তুমি উহাকে চিনিতে পারিলে ?" মামি বলিলাম, "আমি বেশ টিনিয়াছি; উনি বে ভোয়ে জ্যেঠা, উনি আমাকে বড় ভাল বাদেন। আমি অলীল গান করিতেছিলাম, উনি বোধ করি, বাজার হইতে বাটী যাইতেছিলেন আমাকে অল্লীল গান করিতে **मिथिया.** আমার উপকারার্থে আমাকে ঐ রূপ গান গাইতে নিষেধ করিয়া গেলেন।" দাদা কহিলেন, "কিন্ধ ভোয়ে গোয়ালা যে জীবিত নাই। প্রায় একমাদের অধিক অতীত হইল, তাহার পরণোক হইয়াছে।" আমি সেই কথা গুনিয়া চমকাইয়া উঠিলান ও দাতিশয় ভয়ে ভীত হইয়া উদ্ধানে পৌডাইতে দৌডাইতে ভট্টাচার্য্য মহাশম্মদিগের বাটীর ৮পুলার দালানে,—বেখানে আমার পিতৃব্য মহাশয় ছিলেন, वारेबा मुच्छि रहेबा भेड़िया रागाम । योहाबा उथाब उभिष्ठ हिलन, मकर्ल हे वाजिवाछ हहेशा तकह मूर्थ क्ल मिर्छ लागिरलन ७ तकह পাখার বাতাদ করিতে লাগিলেন। এইরূপে কিছুক্ষণ গত হইলে, যথন আমার মুর্জা ভক্ষ হইল, তথন সকলে আগ্রহ সহকারে এরূপ অবস্থার কারণ জিজ্ঞাসা করিলে, আমি আদাস্ত সমস্ত বর্ণনা করিলাম। তাহাতে তাঁহারা সকলে কহিলেন যে. ভোষে গোয়ালার ষথার্থই. প্রান্থ এক মাদের অধিক, মৃত্যু হইয়াছে। বোধ করি তাহার প্রেতাস্কা তোমাকে দর্শন দিয়াছিল। আমার বেশ শ্বরণ আছে, যে ভোয়ে গোয়ালার প্রেত শরীর যাহা আমি দেখিয়াছিলাম তাহা উদ্ধে প্রায় ৭

হাতের কম হইবেনা। কিন্তু ভোৱে গোরালা জাবিত অবস্থায় উর্দ্ধে প্রায় ৪ হাত ছিল।

শ্রীহুর্গাচরণ চক্রবর্তী ।

## ভূতের ভীষণ প্রতিহিংসা।

অমিয়নাথ বাব্ একজন উচ্চশিক্ষিত ভদ্র যুবক,—বিখ-বিত্যাশরের (এম. এ.) উপাধিধারী। প্রথম যৌবনে তিনি ভূক মানিতেন না; ভূতের কথা উঠিলে, হাসিয়া উড়াইয়া দিতেন। তিনি মধাবিত্ত অথচ অতি সম্ভ্রান্ত বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন; কিছুকাল তিনি কলিকাতার কোন একটি সুপ্রসিদ্ধ গ্রব্যান্ত স্কুলের হেড মান্তার ছিলেন।

বহুদিন পূর্কে প্রথম যৌবনে অমিয়নাথ বাবু বর্জমান বিভাগের কোন একটি স্থপ্রসিদ্ধ নগরে মিউনিসিপাল স্কুলের প্রধান শিক্ষকের পদে নিযুক্ত ছিলেন। সহরটি ইট ইণ্ডিয়া রেল এয়ে কোম্পানির একটি প্রসিদ্ধ রেল-ষ্টেসন।

অমিয়নাথ বাবুর বাসার অনতিদ্রেই প্রির্নাথ বাবুর বাসা ছিল।
প্রিরনাথ বাবু, রেল-পুলিষের ইন্স্পেক্টর। উভরে কিছুদিন একস্থানে থাকিতে থাকিতে পরস্পারের মধ্যে নির্তিশন্ত সৌহার্দ জনিয়াছিল। স্থতরাং অমিয়নাথ বাবু প্রান্ত প্রতাহই প্রিরনাথ বাবুর
বাসার উপস্থিত হইয়া, মিত্রতা-স্থলভ আমোদ প্রমোদে অথবা অধ্যয়নাদি
কার্য্যে সমন্ত্রভিগাত করিতেন।

প্রিম্নাথ বাব্র বাসায় একথানি বিলাতী নৃতন রকমের উৎকৃষ্ট অভুত চেয়ার ছিল। এথানি গুটাইলে তদ্বারা চেয়ারের কার্য্য হইত্ কিন্ত ছড়াইলে একথানি উৎকৃষ্ট কৌচরূপে পরিণত হইত। এরূপ একাধারে কৌচ ও চেয়ার এ দেশে প্রায় দেখিতে পাওয়া যায় না। এথানি প্রিয়নাথ বাবুর বৈঠকথানার শোভা-বর্দ্ধন করিত। তিনি এখানি নিজে বড় একটা ব্যবহার করিতেন না। কৌভূহল পরবশ ভ্ইন্না, নৃতন জিনিষ বলিন্না, উহা ক্রন্ন করিন্নাছিলেন মাত্র। কিন্তু ইদানীং व्यमित्रनाथ वाव ममत्त्र ममत्त्र এहे (हग्राद्य উপবেশन क्रिट्डन।

अकामन कथात्र कवीत्र अभित्रनाथ वात् श्रित्रनाथ वातूरक वातानन, ''মহাশয়! এই চেয়ার থানি অতি স্থলর। আমার বড় ইচ্ছা, এইরূপ একখানি চেয়ার ক্রয় করিয়া বাবহার করি। আপনি যেথান হইতে এইখানি ক্রম্ন করিয়াছেন, সেইখান হইতে আর একখানি আমার অভ আনাইয়া দিতে পারিলে বড ভাল হয়।"

প্রিয়নাথ বাবু বলিলেন "এখানি এ দেশের প্রস্তৃতী নহে। এখানি ্যেরপে আমার হন্তগত হইয়াছে, তাহার একটি ক্ষুদ্র ইতিহাস আছে।"

প্রিয়নাথ বাবুর কথা শুনিয়া অমিয়নাথ বাবু সেই ইতিহাস শুনিবার বল উৎস্থক হইলেন; স্বভরাং প্রিয়নাথ বাবু বলিতে লাগিলেন।— "এই রেণওয়ে লাইনে জনষ্টন নামে একজন গার্ড ছিল। আ**মার** সহিত তাহার আলাপ পরিচয় ছিল। তাহার স্বভাব উদ্ধত ছিল: কিছ দে আমার সহিত সন্বাবহার করিত, আমার সহিত তাহার একটু প্রণম্ব**ও** ব্দুনিয়াছিল। সে একশত টাকা মূল্যে এই কৌচথানি ক্রন্ত্র করিয়া আনিয়াছিল। এ থানি তাহার বড়ই প্রিয় ছিল সে অতীব যত্নগহকারে ইহা ব্যবহার করিত। আমার নিকট দে অনেকবার বলিয়াছিল. এই কৌচথানি তাহার নিরতিশয় প্রিয়বস্তা: কেহ ইহার প্রতি কোন প্রকার অষত্মভাব প্রকাশ করিলে, সে ভাহাতে বিশক্ষণ ক্রুর হইত। ু ≱কিছুদিন পরে সে একদা রেল-সংঘর্ষে সাংঘাতিক রূপে আহত হয়; এই কৌচ থানিতে তাহাকে শয়ন করাইয়া চিকিৎদা করা হয়, কিন্ত বিস্তর চেষ্টা করিয়াও তাহাকে বাঁচাইতে পারা যায় নাই। এই কৌচে শয়ন করিয়াই সে দেহত্যাগ করে। তাহার মৃত্যুর পর তাহার পরি-তাক্ত সমুদার সম্পত্তি নীলামে বিক্রীত হয়। অক্সান্ত দ্রব্যাদি যথোচিত মুল্যেই বিক্রীত হইয়াছিল : কিন্তু এই কোচে শয়ন করিয়া সে দেহতাাগ করে এবং এথানি তাহার অতি প্রিয় বলিয়া কেহই এথানি লইতে সাহসী হয় নাই। আমি ১০ টাকা ডাকিয়।ছিলাম আর কেহ না ভাকায় এখানি আমারই হইয়া গেল: আমি কৌতৃহল-পরতন্ত্র হইয়া এখানি নীলামে ক্রয় করিলাম বটে, কিন্তু ইহা কথনও বাবহার করি নাই। সে ইহা যেরূপ ষত্নসহকারে সাজাইয়া রাখিত, আমিও তদ-পেকা অধিকতর যুত্নে সাজাইয়া বৈঠকথানার শোভা বৃদ্ধি করিয়াই **চরিতার্থ হইতেছি।** এথানি বাবহার করিতে আমার কথনও প্রবৃত্তি বা ইচ্ছা হয় নাই। আমি বে কোনরূপ ভীতির বশবর্তী হইয়াই এরূপ করিতেছি, তাহা মনে করিবেন না। ভূত-সম্বন্ধে আপনকার বিখাদও যেরূপ, আমারও সেইরূপ। আমিও ভত বিখাদ করি না। নিভাস্ত অশিক্ষিত ব্যক্তি ভিন্ন সহজে কেং ভূতের অভিবে আগান্ হইতে পারে না। এই কৌচখানি আমারও আঁত প্রির সামগ্রী। যদি স্বযোগ মত এরপ আর একথানি পাওয়া যায়, তবে অবশ্রুই আপনকার ৰস্ত ভাহা ক্রম্ম করিব।"

অমিয়নাণ বাবু বলিলেন, "আমার ও সা প্রেছডিস্ নাই। ভূত একটা কথার কথা মাত্র। মৃতব্যক্তি ত আর এ জগতে বর্ত্তমান নাই. ভবে কিব্নপে এখন তাহা ঘারা অনিষ্ট সাধিত হইতে পারে ? এখানি আপনি ব্যবহার করেন না কেন ? আমি হইলে উত্তমরূপে ইহার সন্বাবহার করিতাম। এখানি যখন আপনকার প্রিয় বস্তু, তথন এখানি আমি চাই না। আপনি এইরূপ আর একথানির চেষ্টার থাকুন; পাইলে আমার জন্ম করিবেন "

এইরূপ কথাবার্ত্তার ছই একদিন পরে, একদিন অমিয়নাথ বাবু উক্ত চেয়ারে উপবেশন করিয়া সেক্ষপীর প্রণীত হ্যামলেট গ্রন্থ পাঠ করিতেছিলেন। তথন বেলা অপরাঙ্গু। পাঠ করিতে করিতে হঠাৎ জাঁহার মনে হইল, যেনু একজন হাটকোট-ধারী ইংরাজ তাঁহার পার্ছে আমাসিয়া দণ্ডায়মান ইইয়াছে। তিনি তৎক্ষণাৎ চেয়ার পরিত্যাপ করিয়া লক্ষ্য প্রদান পূর্বক দাঁড়াইয়া উঠিলেন। এইরূপ দেখিয়া প্রিয়নাথ বাবু বণিলেন, 'মহাশয়! বাাপার কি ? আপনি প্সতক পাঠ করিতে করিতে একপ হঠাৎ দাঁড়াইয়া উঠিলেন কেন ?"

অমিল্লনাথ বাবু বলিলেন ''কিছ্ই নহে, ছামণেট্ পড়ুতে পড়িতে মনের তক্ময়তা বশত: বোধ হইল যেন, একজন ইংরাজ আমার আসন-পার্ছে দণ্ডায়মান হইয়াছে। ইহা মস্তিক্ষের দৌর্ব্বল্য-প্রস্ত্ত। পুস্তকথানিতে গাঢ়তর মন:সংযোগ বশত: হয়ত হামলেটে বর্ণিত ভূতই প্রত্যক্ষ করিয়। থাকিব। উহা কিছুই নহে।—কৈ এখন ত আর তাহা দেখিতে পাইতেছিনা। এইরূপেই লোকে ভূত দেখে এবং ভন্ন পায়।'' এই বলিয়া উভয়ে হাক্ত পরিহাস করিতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে অমিয়নাথ বাবু নিজবাসায় প্রভ্যাবর্ত্তন করিলেন।

এই ঘটনার তুই চারি দিবস পরে, একদিন অমিয় বাব্র একজন বন্ধু কলিকাতা হইতে তাঁহার বাদায় আদিয়া উপন্থিত হইলেন। পর দিবদ অপরাত্নে বন্ধকে লইয়া অমিয় বাবু সহরের নানাস্থান পর্যাটন করিয়া নিরতিশয় ক্লাস্তদেহে বাদায় প্রত্যাগমন করিলেন। উভয়ে ্রঅনেককণ ধরিয়া বছদূর পর্য্যটন করিয়া এরূপ ক্লাস্ত হইয়াছিলেন 👣 , ইচ্ছা হইতেছিল শীঘ্ৰই জলযোগ করিয়াশ্যারে স্মাশ্রর গ্রহণ করেন। কিন্তু দেই দিবস রাত্রিযোগে প্রিথনাথ বাবুর বাসার তাঁহাদের উভয়েরই নিমন্ত্রণ ছিল। স্থতরাং উভয়কেই কিঞ্চিৎ বিশ্রার করিয়া তথায় যাইতে হইল।

সেই দিবস প্রিয়নাথ বাবুর বাসায় অপর ছই চারিটি বাক্তিরও
নিমন্ত্রণ ছিল। যে সময় অমিয় বাবু বন্ধু সমভিবাহারে প্রিয়নাথ বাবুর
বাসায় উপস্থিত হইলেন, তথন নিমন্ত্রিত অণর কেহ উপস্থিত হন
নাই। কথায় কথায় অমিয়নাথ বাবু প্রিয়না বাবুকে বলিলেন যে,
"আমার বন্ধু অদ্য বহুদ্র ভ্রমণ করিয়া বিলক্ষণ পরিপ্রাস্ত হইয়াছেন।
কেটু সত্তর বিশ্রাম করিতে পাইলে, তিনি শরার স্বস্থ বোধ করিবেন।
নতুবা তাঁহার বড়ই কণ্ঠ হইবে। আপনার নিমন্ত্রণ বলিয়াই তিনি
এক্লপ ক্লাস্ত দেহেও আদিয়াছেন।

প্রিয়নাথ বাব্ শুনিয়া বলিলেন, "তবে এক কাজ করন। আমার অন্ত বর্গণ এখনও উপস্থিত হন নাই। এ দিকে আহার্য্য প্রায় সমস্ত প্রস্তত। আপনারা প্রথমেই কার্যা শেষ করুন। আর অনর্থক কষ্ট করিবার প্রয়োজন নাই।"

শ্বির বাব্। আমার জন্ত বাস্ত হইবার আবশ্রকতা নাই। আমি এখন অপেকা করিয়া থাকিব। আমার এখনও তত কুধা নাই। আমার বন্ধকেই প্রথমে থাওয়াইয়া দিলে চলিবে।

বন্ধ। সে কিরপে বলিতেছেন, আমি কি এতই পেটুক বে, সপেকা করিতে পারিব না, অগ্রেই একা আহার করিব ?

যাহা হউক, প্রিয়নাথ বাবুর একাস্ত নির্মার্ক বিদ্ধার বন্ধুকে তথনই আহার করিতে হইল। তিনি আহারাদি করিয়া, বাসার প্রত্যাগত হইতে ইছা করিলেন না। প্রিয়নাথ বাবুর বাসাতেই অপেক্ষা করিতে লাগিলেন। তথাকার সেই অমুভ চেয়ারেই শম্মন করিয়া রহিলেন।

ইতিমধ্যে অক্সাম্ম নিমন্ত্রিত বন্ধুগণ তথায় উপস্থিত হইলে, সকলে একতা মিলিত হইয়া আহার করিতে গমন করিলেন। পূর্ব্বোক্ত বন্ধু একাকা সেই চেয়ারে শরান থাকিয়া, অতি অল্লফণের মধ্যেই শরীরের ক্লান্তি বশতঃ প্রগাঢ় নিদ্রা-মুখ ভোগ করিতে লাগিলেন। কিছুক্রণ পরে তাঁহার ভয়ানক চীংকারে অন্যান্ত সকলে ত্রগুভাবে তথায় উপস্থিত হইলেন। হইয়া দেখিলেন-বন্ধু মুর্চ্ছিত হইয়া চেয়ারের সম্মুখে ভূমিতলে শারিত! সে সময়ে মকলের হ আহারাদি শেষ হইয়াছিল। বন্ধুর এই অবস্থার প্রকৃত কারণ বুঝিতে না পারিয়া, সকলেই অভিমাত্র ভীত হইয়া তাঁহার শুশ্রবা করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে, বন্ধু জ্ঞানলাভ করি-লেন। তাঁহার মৃচ্ছার কারণ জিজ্ঞাদা করাতে তিনি বলিতে লাগিলেন :---

''চেয়ারের উপর বসিয়া থাকিতে থাকিতে কথন আমি নিদ্রাগত इरेग्ना इनाम, जारा जानि ना। निजाकार प्रश्न-वर्षे आमि प्रिथिनाम. একজন হাটকোটধারা ইংরাজ, আমার পার্যে আসিয়া অতি রুক্ষ করে আমাকে বলিতেছে—'কে তুমি ? তুমি আমার চেয়ারে কেন শুইয়া আছ ?' আমি বলিতে বাইতেছিলাম বে, আমি জানিনা কাহার চেয়ার; প্রিয়বাবুর বাদায় নিমন্ত্রণে আদাতে তিনি এই চেয়ারে আমাকে বসিতে বলিয়াছেন, তাই ব্যিয়াছি। কিন্তু আমার কথা না ফুটিতেই সেই ইংরাজ বলিল, 'আমি সব বুবিষাছি। কিন্তু এ চেয়ার আমার, ইহাতে কোনু সাহসে নিদ্রা যাইতেছ ? ইহা পরিত্যাগ কর।' আমি मत्न कत्रिलाम এই कथा विल त्य, तम कथा आमात्र विलत्न कि इटेरव ? প্রয়নাথ বাবুকে বল। কিন্তু তৎক্ষণাৎ সাহেব ভরত্বর ভর্জন গর্জন করিয়া বলিয়া উঠিল, 'আমি আর কাহাকেও বলিব না। কেন বলিব ? তুমি ইহাতে শুইয়া আছে, তোমাকেই বলিব, তুমি এখনও ইহা , ছুৰ্াড়িলে না ! কিন্তু জানিয়া রাথ, অনোর নাম জনটন, আমি তোমাকে আরে ছাড়িব না! যদি অন্ত হইতে তিন দিনের মধ্যে তোমার প্রাণ সংহার না করি, তবে আমার নাম জ্বনষ্টন নহে। এই কথা গুনিরা আমি ভয়াভিভূত হইয়া, চীৎকার করিয়া অপরের সাহায্য প্রার্থনা করিয়াছিলাম। তৎপরে কি হইয়াছে, আমি জানি না।"

এই কথার প্রিয়নাথ বাবুও অমিয় বাবু উভয়ে অবাক্ হইয়।

অত্তে শুনিতে না পায় এরপ মৃত্সরে বলিলেন, "আশ্চর্য্য ব্যাপার!

জনষ্টনের নাম ইনি কিরপে জানিলেন।" যাহাছিউক পাছে বন্ধু অত্যাধিক ভয় পান এই আশক্ষায় তাঁহারা তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন,

"ভাই! তুমি লেখা পড়া শিথিয়াছ, তুমিও ভৃত মান ? আচ্ছা দেখি,
ভূতে তোমার কি করিতে পারে। একটা সামার স্বপ্ন দেখিয়া এরপ
ভীত ও অধীর হইলে চলিবে কেন?"

অতঃপর অমিয়নাথ বাবু বন্ধকে সাহস দিতে দিতে তাঁহাকে সঙ্গে লইয়া বাসায় প্রতিগমন করিলেন এবং বলিলেন, "আছা দেখা যা উক. ভূতে তোমার কি করে। তুমি এই তিন দিন অনুক্ষণ আমার নিকট থাকিবে। রাত্রিকালে আমি তোমাকে ক্রোড়ে লইয়া শয়ন করিব। কোন ভয় নাই। ত্বপ্র দেখিয়াছ মার। ও কথা ভূলিবার চেটা কর। তিন দিনেই তোমাকে দেখাইব যে, ভূত বলিয়াশকোন পদার্থের অন্তিত্তই নাই।"

অমিয় বাব্ অতি যত্নে সাবধানে তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন; রাত্রিকালে বন্ধুকে ক্রোড়ে লইয়া শয়ন করিতে লাগিলেন!

হুই দিন নির্বিদ্নে কাটিয়া গেল। তৃতীয় দিবস মধ্যাক্তে অমিয়বার্
ক্লে পড়াইতে গিয়াছেন। স্কুলবাটী-সংলগ্নই তাঁছার বাসা বাটী।
বাহাশোচের জন্ত অমিয় বাব্র নিকট হইতে বন্ধু বিদায় লইয়া
পার্মবিত্তী বাসায় গিয়াছেন। মলতাগে করিয়া পাইঝানা হইত্তে-

খটা হত্তে বাহির হইয়াই, সন্মুখে বাসার ঝিকে দেখিতে পাইয় বন্ধ্যিকার করিয়া বিলয়া উঠিলেন, 'ঝি! আমার কি হ'ল ?" অমনি তিনি মৃচ্ছিত হইয়া ভূমিতলে পতিত হইলেন। ঝি তৎক্ষণাৎ অমিয় বাব্কে সংবাদ বিল তিনি সহর তথায় উপস্থিত হইয়া শীয় ডাকার আনিবার বন্দোবস্ত করিলেন। কিন্ত হায়! ডাকার আসিয়া আর কি করিবেন ? বন্ধুর প্রাধাবায়ু মৃচ্ছার সহিত্ত বহির্গত হইয়াছে!

গ্রীঅবিনাশচক্র মুখোপাধ্যায়।

#### দাদামণায়ের ঝুলি।

বড়দিনের ছুট হয়েচে। অনেক দিনের পর বোামকেশ তাহার গ্রামাবক্লপের সঙ্গলাভ করিয়া প্রাণের কপাট খুলিয়া দিয়াছে। আজ বড় আননদ। প্রথম ঘৌবনের সে প্রাণভরা স্থগ, সে গাণভরা স্থলাস— হায়, তাহা যদি চিরদিন থাকিত! কিন্তু তাহা ত হইবার ঘো নাই। এই ক্ষণভঙ্গুর জগতে ক্রিছুই বেশী দিন টকে না। সে যাহা হউক, এই দীর্ঘবিচ্ছেদের অবসানে সকলৈ সন্মিলিত হওয়াতে গল্পটি খুব জ্বমিয়া গিয়াছে। এমন সময়ে হরিনামের ঝুলি হাতে করিয়া বৃদ্ধ তারাচরণ ভট্টাচার্যা সেথানে আসিয়া উপস্থিত হইলেন।

তারাচরণ ভট্টাচাগ্যকে গ্রামন্থ সকলেই শ্রদ্ধা করে ও ভালবাসে।
তিনি সকলেরই 'দাদা-ম'শার'। বিশেষতঃ নব্য-সম্প্রদারের সহিত যেন উাহার কিছু বেশি মাথামাণি। 'দাদা-ম'শার'কে দেখিলে তাহাদের যৌবনস্থলভ চপলতা স্বতঃই উছলিয়া উঠে, এবং ভট্টাচার্য্যও তাহাদের ' েই কোমল প্রীতি উপভোগ করিতে বড়ই স্থথানুভব করেন। তিনি আসিবামাত্রই ব্যোমকেশ ভূমিষ্ঠ হয়ে তাঁহার চরণে প্রণত হইল। ভিনিও সম্প্রেক হরিনামের ঝুলিটি বুলাইয়া দিয়া রহস্তালাপ জুড়িয়া দিলেন।

ভট্টাচার্য্য। বলি ভারা কথন এলে? এমন সথের বড়দিন, কত দেশদেশাস্তরের লোক বাড়ী ছেড়ে কলকেতা যাচে আমোদ আহলাদ কত্তে, আর তুই যে সে সব ফেলে চোঁ চা বাড়ী এসে হাজির! ব্যাপারটা কি বল দেখি! নাতবৌ ব্ঝি বাপের বাড়ী থেকে এয়েচে? সে যাহোক, এখন আমাদিগে ত্'দশটা সহরের খবর বল। এবার বড়দিনে নৃতন দেখবার জিনিষ কি এসেছে বল।

ব্যোমকেশ। দাদা'মশায়ের যত টাক্, সব এই নাতবৌএর ওপর ! বলি, দেশে কি স্থার কিছু টান থাক্তে নেই ? আপনাদিগে দেখতে কি আর ইচ্ছে হয় না ?

ভ:। বেশ, বেশ; তোর কথার প্রাণটা থুসী হ'ল। এখন কল-কেতার কথা বল। এখন নাকি গড়ের মাঠে অনেক অভ্ত ব্যাপার দেখান হচ্চে ?

ব্যোমকেশ। দাদাম'শায় চিরদিন ঝুলি ঠক্ ঠক্ করেই কাটালে।
কিছুই তো দেখলে না। এমন ম্যাজিক কেউ কথন ভাখেনি। অসম্ভব
কাণ্ড।

ভ:। অসম্ভব তোসম্ভব হ'ল কেমন করে <u>?</u>

ব্যোম। তবে আর বল্ছি কি দাদাম'শার ? ম্যাজিক ! ম্যাজিক ! এদব অলোকিক ঘটনা। যা হতে পারে না, তাই হচেত।

ভ:। দূর মূর্থ! ভোরা আবার নাকি বিজ্ঞানশাস্ত্রে বি, এদ, সি, (BSC) পাশ করিচিদ! তোদের কালেজের বিজ্ঞানের মুথে ছাই। ওরে, জগতে যা কিছু ঘটনা ঘটে সবগুলোই নিরমাধীন। ম্যাজিক বা

আৰুগুৰি বলে জিনিষ নাই। যাকে তোৱা ম্যাজিক বলিস, তাও কতকগুলা সাধারণের অজ্ঞাত জাগতিক শক্তির খেলা মাত্র। তোদের কেমন একটা রোগ—যেটা তোদের বৃদ্ধিতে আসে না, দেইটাকেই তোরা বুজকৃকি সাব্যস্ত করে বসিদ। ওই ভূতপ্রেত, ও একটা কথার কথা মাত্র; ওই পরকাল, অদৃষ্ঠ, মন্ত্রতন্ত্র, হাছবিভা, স্ক্লাদৃষ্টি--সব গাঁজাথোরের গঞ্জিকাধুমসংস্কৃত উফ্চমন্তিক্ষের কল্পনাপ্রস্থত। কেন হে ভায়া—তোমার কালেঞ্জির বিজ্ঞান ওথানে কূল কিনারা পায় না বলে ? তোরা কি ঠাউরেছিদ্, যত কিছু জাগতিক তত্ত্ব তোদের ওই ক'জন মাতব্বর বৈজ্ঞানিকেরই একচেটে গ

ব্যোমকেশ। দাদাম'শায়, দেখ্চি তোমার সঙ্গে নেহাতই একটা গণ্ডগোল বাধলো। যেটা চোখে দেখ্চি সেটা অবিখাস করি কি করে ? কিন্তু তা বলে কি, তোমার মন্ত্রতন্ত্র, জলপড়া, গুলোপড়া, ভূতপ্রেত মাপামুণ্ড সব মানতে হবে নাকি ? আর ও সবের মধ্যে কি বিজ্ঞানই বা থাকতে পারে ?

ভট্টাচার্যা। ভায়া, যদি আগে হইতেই সাবাস্ত করে ফেল যে, ওগুলো সব জুয়াচুরী, তা হলে আর কোন কথাই থাকে না; কিন্তু যদি ममा करत कर्नभाठ करता, जा इरल ना इम्र তোমার এই সেকেলে বুড়ো দাদাম'শার তোমার এই বৈজ্ঞানিক-তত্ত্ব-সঙ্গুল মাথার মধ্যে হুটা এদেশী বিজ্ঞানের কথা প্রবেশ করাবার চেষ্টা দেথতে পারে।

ব্যোমকেশ। বাহবা, দাদাম'শায়, তোমার ঝুলিতে যে আবার বিজ্ঞানও আছে, তা এতাদন জানা ছিল না! বলি, দাদাম'শায় একটা कथा विल, त्रांश करता ना। ट्यामारनत रमकारनत सिवता आवात বিজ্ঞানের কি ধার ধারতেন ? ইা, বরং এ কথা বল্লে মানুতে পারি ষে, দার্শনিক কচকচিতে তাঁদের সমতুল্য এখনও ছর্লভ। বিজ্ঞানটা তাঁদের জানা ছিল, একথাটা বল্লে একটা দারুণ অনৈতিহাসিকতাকে প্রশ্রম দেওয়া হয়। বিজ্ঞানের দৌড়টা 'পঞ্চত্তেই মালুম' পাওয়া গিয়েছে।

ভট্টাচার্যা। ভোদের ভূতের প্রতি বেরূপ বিরাগ দেখ্টি, তাতে আমার ইচ্ছে হচ্চে, আগে তোকে দেই কথাটাই বোঝাই। কেমন ?

ব্যোমকেশ। দাদাম'শায়, আজ বড়ই শ্রান্ত হয়েছি, তোমার ও প্রেততত্ত্ব বা ভূতের বোঝা মাথায় নেবার শাক্ত আজ আর আমাতে নাই। যদি তোমার আপত্তি না থাকে, তবে, কাল বৈকালে তোমার "প্রেততত্ত্ব" সহল্পে আলোচন। স্কুক্তরে দেওয়া যাবে। আজ টান্টা কিছু অন্তদিকে রয়েছে।

ভট্টাচাৰ্যা। বেশ কথা, তাই হবে। আৰু এখন "মানভঞ্জন" পাণা গাইতে যা।

> (ক্রমশঃ) শ্রীমলয়ানিল শর্মা।

### ''পুনরাগমন ।''

( )

হুগলী জেলায় দানোদর নদতীরের একটি গ্রামে আমার পৈতৃক বাসস্থান ছিল। যাজন ক্রিয়ায় আমাদের জীবিকা নির্বাহ হইত। পিতার কতকগুলি ধনী কারস্থ যজমান ছিল। তাহাদেরই পাঁচটা ক্রিয়াকলাপে পৌরোহিত্য করিয়া, এবং তাহাদেরই দত্ত ভূসম্পত্তির আরু হইতে, আমার পিতৃপিতামহুগণ একরূপ স্থাপে স্বছ্নেই সংগার চালাইয়া আদিতেছিলেন।

আনার পিতারও বেশ স্বক্তন্দেই দিন চলিয়া আসিতেছিল। সহসা তাঁহার উপার্জ্জনে ব্যাঘাত ঘটিল। আমাদিপের যক্তমানদিগের মধ্যে বাঁহারা বৃদ্ধ, তাঁহারা একে একে নশ্বর জগৎ ত্যাগ করিতে লাগিলেন। যুবকেরা চাকুরী উপলক্ষে, কেহ বা কলিকাতায়, কেহ বা উত্তর পশ্চিমাঞ্চলে, পরিবার লইয়া চলিয়া গেল। তাহাদের বড় বড় বাড়ী একরূপ জনশৃত্ত হইয়াই পড়িয়া রহিল। যাঁহারা মাঝে মাঝে পূজার ছুটিতে দেশে আসিতেন, ভীহার৷ পানভোজনাদির উপকরণই সঙ্গে লইয়৷ আগিতেন; পূজার উপকরণ আনিবার অবকাশ পাইতেন না। ইংরাজী শিক্ষা তথন শনৈ: শনৈ: আমাদিগের সমাজে প্রভাব বিস্তার করিছে-ছিল। হিন্দুর ক্রিয়াকলাপ দেখিতে দেখিতে একরূপ বন্ধ হইরা পেল। এ দিকে ইপ্টইণ্ডিয়া রেলের কল্যাণে আমানের উর্বর ধান্তক্ষেত্র সকল ব্দলাভূমিতে পরিণত হইল। পূর্বেষ যে স্বাভাষিক উপারে দেশ হইতে ৰধার জল নির্গত হইত, রেলের বাধের জ্বত তাহা আর ইইতে পাইল না। আমার পিতা বৃহৎ পরিবার লইয়া বিব্রত হইয়া পড়িলেন। . গতান্তরাভাবে তিনিও যজমান দিগের দেখাদেখি অর্থোপার্জনের জন্ত কলিকাতায় আসিলেন।

পিতা সংস্কৃত সাহিত্যে পণ্ডিত ছিলেন। কলিকাতা আসিবার অয়দিন পরেই, কলিকাতার পণ্ডিত-মণ্ডলী মধ্যে তাঁহার পরিচয় হইল। তাঁহাদের মধ্যে কোন বিশিষ্ট পণ্ডিতের সাহায্যে অয়দিনের মধ্যে তাঁহার একটা চাকুরীও জুটিল। ভিনি কোন এক গ্রথমেণ্ট ইস্কুলে পণ্ডিত নিযুক্ত হইলেন।

( २ )

এখন এই পর্যান্ত; অতঃপর আমি আমাদের বাড়ীর সম্বন্ধে আর ছই- এক কথা বলিব। তারপর আমার আখ্যায়িকা আরম্ভ করিব বে উদ্দেশ্যে আমি এই গল্পের অবতারণা করিতেছি, সে উদ্দেশ্য সমাক্ বুঝাইতে হইলে, আমাদিগের হিন্দুর গুহের পূর্বাবস্থার সঙ্গে বর্তুমান অবস্থার একটু তুলনা না করিলে চলে না। পাশ্চাত্য শিক্ষায় ও পাশ্চাত্য আচার ব্যবহারের অমুকরণে বিশ পঞ্চাশ বংসরের মধ্যে আমাদিগের যেরূপ সামাজিক অবস্থা-বিপর্যায় ঘটিয়াছে, অন্ত কোন দেশে যে এরপ ঘটিয়াছে, এরপ শুনা যায় না। অবগ্র ভাহা ভাল কি মন্দ, পরিবর্ত্তনে আমরা লাভবান হইয়াছি কিনা, অথবা হিসাব নিকাশে আমরা কতক মূলধন হারাইয়াছি, কি না সেটা পাঠক পাঠিকার বিবেচ্য।

আমরা একামবর্তী পরিবার। আমার প্রপিতামহ রামজীবন তর্কালম্বার প্রথমে এই গ্রামে আসিয়া বাস করেন। প্রপিতামহের ছুই পুত্র, রাম্নিধি ও রমানাথ। আমার পিতা রাধানাণ রাম্নিধির একমাত্র পুত্র। রমানাথ পিতার বৃদ্ধ বয়সের সন্তান, আমার পিতা অপেকাও বয়সে ছোট। প্রপিতামহের মৃত্যুর পর, পিতামহ এই ছোট ভাইটিকে পুত্রমেহে প্রতিপালিত করিয়াছিলেন। ভনিয়াছি, আমার পিতামহীর কাছে পুল্লের অপেক্ষাও তাঁহার আদর অধিক ছিল। প্রপিতামহী মৃত্যুকালে পুত্রবধুর হয়ে টাহাকে সমর্পণ করিয়া যান। সেইজক্স বাড়ীর ভিতরে তাঁহার অবস্থা কিছু স্বতম্ত্র ছিল। পড়ায় অমনোযোগী হইলে, আমার পিতা পিতামহের কাছে অনেকবার তির্যার পাইয়াছেন, কিন্তু খুল্লপিতামহকে একটি দিনের জন্তও রূঢ়-ৰাক্য ভনিতে হয় নাই। ফলে পড়াগুনাটা তাঁহার ভাল হয় নাই।

পিতা বয়ুদে বড় হইলেও, থুল্লপিতামহের বিবাহ আগে হইয়াছিল। পিতামহ মনে করিয়াছিলেন, রমানাথের বিবাহ আগে দিলে, তাঁহার পুত্র রাধানাথের পুত্র অপেকা বয়সে বড় হইবে। রাধানাথ রমানাথের অপেক্ষা বড়, লোকের কাছে এ পরিচয় দিতে তিনি লজ্জা বোধ করি- তেন। আবার রাধানাপের পুল্ল তার থুল্লতাত অপেক্ষা বড় না হয়,
এই জন্ত পুল্লপিতানহের বিবাহের পাঁচ বংদর পরে তিনি পিতার বিবাহ
দিয়াছিলেন। কিন্তু বিধির নির্বন্ধ, আমার জন্মের এক বংদর পরে,
আমার মারের আদরের অংশভাগী করিবার জন্য, খুল্লপিতামহী খুড়া
গোপাদক্ষণ্ডকে আমার মায়ের কোনে নিক্ষেপ করিয়া পরলোক যাত্রা
কারিলেন। তথনও পিতামহ পিতামহী বর্তমান ছিলেন। গুনিয়াছি,
পুল্লপিতামহীর বিয়োগে বাড়ার সকলেই দ্রিয়মাণ হইয়াছিলেন, কিন্তু
পিতামহী প্রকাশ্যে কোনও শোক প্রকাশ না করিয়া এই সম্ভোজাত
শিশুটিকে আমার জননার কোলে সমর্পণ করিয়া বলিয়াছিলেন, "আমি
আমার দেবর রমানাথকে যেমন ব্কে করিয়া মাহ্র্য করিয়াছিলাম, তুমি
যদি তদপেক্ষা অধিক স্নেহে তোমার এই দেবরটীকে মাহ্র্য করিতে পার,
তবেই বুঝিব, তুমি সদ্বাক্ষণের ক্যা।"

না আমার গুরুর আজ্ঞা ভক্তি সহকারে পালন করিরাছিলেন। খুড়া গোপাল আমার মায়ের সমস্ত আদর বৃদ্ধি একচেটিয়া করিয়া লইয়া-ছিল। প্রথমেই সে মায়ের স্তন্যপানের অধিকার আয়ত্ত করিয়া লইল। তাহার ভুকাবশিষ্ট যদি কিছু থাকিত, মায়ের দয়া হইলে, কোন কোন দিন তাহা পাইতাম এইমাত্র। পিঠাপিটি হইলে ছই ভায়ে যেমন বড় বনিবনাও থাকে না, আমাদেরও মধ্যে সেইয়প হইয়াছিল। আমি গোপালের অপেক্ষা অধিক বলশালী ছিলাম, স্তরাং উভয়ের মধ্যে বিরোধ বাধিলে, মাতা আমাকেই তিরস্কার করিত্বন। আমার আর ভাতা হয় নাই, গোপাল ও আমি ছইটিকে পাইয়াই আ আমার বহুপুত্রবতী হইয়াছিলেন।

( ၁ )

খুলপিতামহ আর বিবাহ করিলেন না। তিনি সংগারের সমস্ত

চিন্তা আমার পিতার স্কল্পে দিয়া গৃহদেবতা দামোদরের সেবায় নিযুক্ত রহিলেন। ইহার কিছুদিন পরেই পিতামহ ও পিতামহীর কাল চইল। সঙ্গে সঙ্গে দেশের অবস্থারও পরিবর্ত্তন হইয়া গেল। পূর্ব্বেই তাহা একরপ বলিয়াছি। একদিকে যেমন আয় কমিল, অন্যাদকে তেমনি দ্রব্যের মূল্য বাড়িয়া গেল। দেশে থাকিলে আর সংসার চলে না। অনন্যোপায় হইয়া পিতা কলিকাতায় আসিলেন। কলিকাতায় বংস্ব খানেক চাকুরী করিয়া, পিতা আমাদিগকেও কলিকাতা লইয়া যাইতে ইচ্ছা করিলেন। আমি তথন নয় বংসরের, গোপাল আট বংসরের। গ্রীত্মের ছুটা ফুরাইলেই আমি ও গোপাল তাঁহার সঙ্গে কলিকাতার যাইব, স্থির হইল। চকুলজ্জাতেই হউক, আর যে কোন কারণেই হউক, পিতা প্রথমে মাকে লইয়া বাইতে চাহিলেন না i আমাদিগকে বিশেষতঃ গোপালকে ছাড়িয়া থাকা তাঁহার পক্ষে হুন্তর কোধে, মাতা প্রথমে আপত্তি করেন। কিন্তু দে আপত্তি গুনিতে হইলে, আমাদিগকে মূর্থ হইরা থাকিতে হয়। শুধু সংস্কৃত পড়িলে এখন আবার কাহারও পেট চলিবে না। ইংরাজী এখন অর্থকরী বিলা। ভাহার কত্তকটা আয়ত্ত করিতে না পারিলে, দারিদ্রা ঘুচিবে না। দেশে ইংরাজী শিক্ষার উপায় নাই। আর পিতা না থাকিলে, আমাদিগকে সংস্কৃতই বা পড়াইবে কে ? অনেক যুক্তি তর্ক দেধাইয়া পিতা মাতাকে সম্মত করাইলেন। পুল্লপিতামহ দংদারের কোন কথাতেই থাকিতেন না। তাঁহার মত গ্রহণ করা না করা উভয়ই তুল্য বোধে, পিকা তাঁহাকে কোনও কথা জিজ্ঞাসা করেন নাই।

কলিকাতা ঘাইবার দিন যতই ঘনাইয়া আসিতে লাগিল, ততই আমার উল্লাস বাড়ীতে লাগিল। সহরের নামেই আমার মনে এমনি একটা চিত্তাকর্ষক ছবি জাগিয়া উঠিয়াছিল যে, তাহা দেখিবার আকাজ্জা দিন দিন আমাকে উভরোত্তর অন্থির করিয়া তুলিতে লাগিল। গ্রাম্য পাঠশালার গুরুমহাশয়ের হাত হইতে নিস্তার পাইয়া, সুলে আমার স্থান ইইবে, ইহাও আমার পক্ষে একটা প্রলোভনের বিষয় হইয়া দাঁড়াইল। ইকলের অপেক্ষা আমার আফ্লাদের বিষয় এই হইল যে, গোপালক্ষণ সাঁরের কাছছাড়া হইয়া একটু জব্দ হইবে।

আমি বেষন কলিকাতা থাতার দিন নিকটে আসিতে দেখিয়া আহলাদিত ইইতেছিলান, গোপাল তেমনি বিমর্থ ইইতেছিল। তাহার মনে
হইতেছিল, দে যেন দ্বীপান্তরে যাইতেছে। যাতার পূর্বদিবদে গোপাল
কারা জ্ডিয়া দিল। মাতাঠাকুরাণী পিতাকে বলিলেন—"এবারে
তথু গোপীনাথকে কুইয়া যাও, গোপাল থাক্।" পিতা বলিলেন—
"গোপীনাথ আরু পালের বয়সের কত প্রভেদ? তবে" গোপীনাথ যদি আমার তিছ থাকিতে পারে, গোপাল থাকিতে পারিবে না ?"

মাতা বলিলেন—''সকলেরই কি স্বভাব এক হইতে হইবে ? ইহা কোন্ শাস্তে লেখা আছে? গোপীনাথ গুলিকাতা ঘাইবার নানে আহলাদ করিতেছে, আর ও কাঁদিতেছে।"

শ্বিতা এই কথা 'শুনিয়া ঈষৎ রোষ প্রকাশ করিয়া বলিলেন—
"নিজের ক্ষানের উপর মমভাহীন হইয়া পরের সস্তানে এত মমতা
দেখুইও না।"

কথা শুনিবামাত্র মায়ের চক্ষে জ্বল আসিল। তিনি আর কোন উত্তর করিলেন না। অথবা পিতার কথায় মর্ম্মে আঘাত পাইয়া আর কোন কথা কহিতে পারিলেন না।

পিতা একটু অপ্রতিভ হইয়া বলিলেন—"গোপীনাথ বিধান হইবে, আর তোমার অস্তায় স্নেহের জন্ত গোপাল মূর্য হইবে। তাহাহইলে লোকসমাজে যে আমাদের কলঙ্ক রাধিবার স্থান থাকিবে না !" ্ আমি সুক্ষে দাঁড়াইয়া দেখিতেছিলাম। গোপাল মায়ের **ঠু**মঞ্**নী** ধরিয়া দাঁড়াইয়াছিল।

আমার খ্লপিতামহ আমাদিগের কলিকাতা বাওয়ার সহকে বিশ্বনি কোনও মতামত প্রকাশ করেন নাই। সে দিন পিতামাতার করিল। কথন বাধ হয় অন্তরাল হইতে কেমন করিয়া শুনিয়ছিলেন। তিনি একটা ফুলের সাজা হাতে পিতার সমীপে আসিয়া বলিলেন বিশ্বর উপকার ইবর ?"

পিতা এবারে বন্তিবিকই কুন্ধ হইলেন। গোপাল বিদান্ ইইলে লাওঁ কার? সংসারানভিজ্ঞ পিতামই পিতার এ বি: স্থা তার মর্ম ব্রিলেন না। পিতা বলিলেন—"তুমি ষেমন মূর্ম হইয়া কালে, পুল্লকেও সেই ক্লপ মূর্ম রাধিতে চাও ?" বেশ, তোমার পুল্ল তে র কাছেই রাখ। খুল্লপিতামই একথার কিছুমাত্র গু:থিত হইলেন না! ঈষং হালিয়। উত্তর করিলেন—"তাহা হইলে গোপালের মাকেও সঙ্গে লইয়া যাও।"

পিতাও সংক্ষ সঙ্গে একটু হাসিয়া বলিলেন- "কথাটা নিতান্ত অবৌক্তিক নয়। গোপাল যথন কিছুতেই তার মাকে ছাড়িয়া থাকিতে পারিবে না, তথন বাধ্য হইয়া আমাকে উহাদিগকেও সঙ্গে লই**লেন্ডি**ইতে হইবে।"

এ মীমাংসার আমার মনে কিন্তু স্থু হইল না। পরস্তু পিতামহৈর কথার আমার মনে কোধ হইল। আমার মা আমার মা না হইরা। ছোট দাদা মহাশরের চক্ষে গোপালের মা হইল। দাদা মহাশর না হর বলিলেন, কিন্তু পিতা তাঁহার এ মিথ্যা কথার কিরুপে সার দিলেন। খুল্লপিতামহকে আমি বড়ই ভালবাসিতাম। কেননা, পিতার কাছে মাঝে মাঝে তিরস্বার থাইতাম, কিন্তু দাদার মুথে একটি দিনের

জন্ত রুদ্বাক্য শুনি নাই। শুধু সেইদিনের কথ কোধ জুমিল। সেই দিনেই তাঁহার ফুলের সাহি তাঁহার তিলক—সকলেরই উপর আমার ঘুণা ক্ষমির পরাদিন গোপালকে, আমাকে ও মাকে লইয়া পিতা কালকাত্র শুলাত্রা করিলেন। একমাত্র ছোট ঠাকুরদা দামোদরের দেবা শিরতে বুরে বহিল্লেন।

প্রতিবাসী ও প্রতিবাদিনীরা যাত্রাকালে দেখা করিতে আদিল।
সকলেরই মুথ বিষয়। ছোট্ঠাকুরদাও আশীর্বাদ করিতে আদিলেন,
কিন্তু তাহার মুথেও তেমন ক্রুতির চিহ্ন দেখিলাম নাল

হায় ৷ তথন কি<sup>ব</sup>র্ঝিয়াছিলাম, আমাদের অতীত ও ভবিষ্যৎ জীবনের মধ্যে বৈতরণীর বাব্**ধান** পড়িতেছে গু

#### (8)

ক্রনিকাতার আসিবার তিন চারি বংগরের ভিতরেই আমানিগের অপূর্ব অবস্থান্তর ঘটল। দেখিতে দেখিতে দিতার পদবৃদ্ধি হইতে লাগিল। কলিকাতার কোনও ধনী কারস্থ জনীদারের পুরুহ তিনি সভাপত্তিত্বনিযুক্ত ইইলেন। ধনীদের গৃহে শ্রাদাদ্ধি উপলক্ষে ও প্রদিদ্ধ প্রায়ারী পূজার তিনি বড় বড় বিদার পাইতে লাগিলেন। সবার উপর স্কলের পাঠ্যপুস্তক রচনা করিয়া তিনি যথেষ্ঠ অর্থু উপার্জন করিতে লাগিলেন। তিন বংগর পূর্বের অরাভাব-ভীত দেশান্তরিত আদান এখন অনেক আত্মীয়সজনের আশ্রয়স্থল হইলেন। আমাদের প্রানের অনেকগুলি কারস্থ ও আদ্ধানসন্তান বিস্তাদিক্ষার জন্ত কৃলিকাতার আসিয়া আমাদের চোরবাগানের বাসা বাটীতে আশ্রয় লইয়া ছিল। পিতা তাহাদিগের আহার দিতেন, ও সময়ে সময়ে পৃস্তকাদি কিনিবার জন্ত কিছু কিছু অর্থ সাহায় করিতেন। আমার মা তাহাদের

🛂 ত স্নেহের 📆 💽 দেখিতেন এবং পাছে তাহাদের দেবার জট্ট 🕫 **্রিই অন্ত নিক্রেক্টি**ভাহাদের আহারাদির তত্ত্বাবধান করিতেন। স্থামরাও ভাহাদিগকে ভালবাসার চক্ষে নিরীক্ষণ করিতাম। আমরা ধীরে ধীরে তাহাদের অপেকা সামাজিক অবস্থায় যে উন্নত হইতেছি, তথনও পর্যান্ত বুঝিতে পারি নাই। উচ্চপদস্থ অবস্থাপন্ন ব্রাহ্মণেতর জাতি কলিকাতার সমাজে যে আসনে বসিবার যোগা, অবভাষীন ত্রান্ধণ সূর্ক্সকারের কোলীস্ত-গর্বভূষিত হইলেও সে আসন হইতে কাত দূরে বীদিবার যোগ্য, সেটা তথনও পর্যান্ত সমাক্ মীনাংসিত হয় নাই। কাজেই দুরিত্র দেশবাসীগুলিকে অমাদেরই সমান মর্যাদাপর বোধে, নিঃসঙ্কোচে তাহা-দের সঙ্গে মেশামিশি করিতাম। কিন্তু এ অবস্থা বড় বেশি দিন রহিল না। পিঁতার প্রদার সহরে দেখিতে দেখিতে এতই বর্দ্ধিত হইয়া উঠিল ধে, সহরের নাুনাস্থান হইতে যে কোন ক্রিয়াকলাপে তুঁগহারু সামাজিক নিমন্ত্রণ স্থাসিতে লাগিল। প্রিতা একা নিমন্ত্রণ রক্ষা করিতে পারিংতন নাবলিয়া, আমরা প্রতিনিধিশ্বরূপ প্রেরিত হইতে লাগিলাম। বলা বাছলা, পরিচর্য্যার নিমিত্ত আমাদিগের প্রত্যেকের জন্ম এক একটি ভূতা নিযুক্ত হইয়াছিল। প্রথমে গোপাল ও আমার এক ভৃত্যেই চলিত। ক্রমে উভয়ের এক সময়ে সেবার অস্ক্রিধা হঁইতে লাগিল :বলিয়৾, নাতা ঠাকুরাণী উভয়ের সেবার স্বতন্ত্র ব্যবস্থা করিয়া দিয়াছিলেন উপর ঈর্ব্যাটা আমি যে কলিকাতাতেও নঙ্গে করিয়া আনিয়াছি, এটা বোধ হয় পাঠককে ব্যাইতে হইবেনা।

পোপাল ও আমি ভৃত্য দক্ষে নিমন্ত্রণ রক্ষার্থ প্রেরিত হইতে লাগিলাম। কোন কোন সময়ে আমার আত্মীয়দের মধ্যে কাহাকে
কাহাকেও সঙ্গে লইয়া যাইতাম। এইরূপ তৃই চারিবার যাইতে যাইতে
তাহাদের সঙ্গে আমাদিগের পার্থক্য অফুভব করিতে লাগিলাম।

নিমন্ত্রণ বাড়ীতে আমরা যে ভাবে সমাদৃত হইতাম, ভাঁহীরা সেরূপ হইত।
না। প্রথম প্রথম চক্ষু-লজ্জার আমরা সমতা রক্ষা করিতে চেষ্টা করিত।
তাম। কিন্তু সর্ববিই সমাজ আমাদের এই চেষ্টার প্রতিক্লাচরণ করিতে
লাগিল। অল্লদিনের মধ্যে, তাহাদের সঙ্গে সামাজিক পার্থক্য আমাদের
মনে বন্ধমূল হইরা গেল।

কুলভান্ধা নদীর তীর্বে বিসিয়া অধিকদিন তরঙ্গ ভঙ্গ দেখা চলে না—অল্ল দিনের মধ্যেই স্রোভে গা ভাদাইতে হয়। পিতারও তাহাই হইল। তাহাকেও এই নব সামাজিক-ভাব-স্রোভে গা ভাদাইতে হইল!

এক মাতা ঠাকুরাণী ছাড়া অল্ল বিস্তর সকলেরই কিছু পরিবর্ত্তন ঘটিল। দেশে আহ্নিকাদি কার্য্যে পিতার তিন ঘণ্টারও অধিক সময় অতিবাহিত হইত। পূজাশেষ করিয়া আহার করিতে প্রক্রিব্রুই বি-প্রহর অতীত হইয়া যাইত। এখানেত সেরূপ করিলে **ট**লিবে না! সাড়ে দশটার ভিতরে আহার শেষ করিতেই হইবে। কলিকাতায় আসিয়া প্রথম প্রথম পিতা অতি প্রতাষে শ্যাত্যাগ করিতেন ও সেই সময়েই স্বানাদি কার্য্য সমাধা করিয়া পূজার বদিতেন 🔻 মাতাঠাকুরাণীও প্রত্যুবে উঠিয়া, তাঁহার পূজার আঘোজন করিয়া দিতেন। ক্রমে পুস্তকাদি রচনার পরিশ্রমে তাঁহার স্থনিদ্রার ব্যাঘাত ঘটতে লাগিল। পিতা আর হুর্যোদয়ের পূর্ব্বে শয়াত্যাগ করিতে পারিতেন না। নয়টার মধ্যেই তাঁহাকে সকল কাজ সারিতে হইত। তাহার উপর, আজ গলায় সর্দি, কাল বুকে ব্যথা, পরশু পেটের অস্ত্র্থ, এইব্লপ নানা ব্যাধি পিতার দেহে আতিথ্য গ্রহণ করিতে লাগিল। ডাক্তার প্রথম প্রণম তাঁহাকে প্রভাতে উঠিতে নিষেধ করিলেন, তারপর প্রাত:কালে একটু উষ্ণ চা পান করিবার আদেশ দিলেন। শরীরমাতং থলু ধর্মসাধনং। শরীর রকাঁ না করিলে কোন ধর্ম কার্য্যই হইতে পারে না। কাজেই আপাততঃ আছিকের সময় কমিয়া পনেরো মিনিটে পরিণত হইল। সংস্কৃত শিক্ষক, শান্ত্র-ব্যবসায়ী, বিশেষতঃ বড় লোকের বাড়ী অধ্যক্ষের কাজ করেন, কাজেই কোশাকুশীর সম্পর্ক একেবারে ত্যাগ করিতে তাঁহার সাহস হইল না। শরীরের অস্থথের কথা, স্থতরাং মাতাঠাকুরাণী পূজাদির জন্ত পিতাকে বড় পীড়াপীড়ি করিতে পারিতেন না। কিন্তু তিনি আন্তরিক তঃথিত হইয়াছিলেন। গোপাল ও আমার উপানয়ন দেশেই হইয়াছিল। খুল্লপিতামহ আমাদিগকে সন্ধ্যাবন্দনাদি সমস্তই শিথাইয়াছিলেন। আমাদিগকেও অল্লে অল্লে তাহা ত্যাগ করিতে হইল। প্রাতঃকালে মান্তার আমাদের পড়াইতেন। তিনি চলিয়া যাইবার পর, স্থানাহারেরই সময় থাকিত না, তা আছিক করিব কথন্? আমাদিগের মঙ্গলের জন্ত মাতাঠাকুরাণীই কেবল পূজা লইয়া রহিলেন। গোপাল আহারে বিসবার অব্যবহিত পূর্ম্বে ঠাকুর ঘরে যাইয়া একবার চোথ বুজিয়া আদিত।

পিতা অল্লে অল্লে পরিছদেরও একটা মনোমত পরিবর্ত্তন করিয়া লইলেন। প্রথমে তাঁহার মস্তক অর্দ্ধ মুণ্ডিত ছিল। কি একটা অস্থবের উপলক্ষে তিনি একবার মাগাটা মুড়াইয়া লইয়াছিলেন। তাহার পর হইতে সেই যে সমশীর্ষ কেশ রাশিতে তাঁহার মন্তক মণ্ডিত হইল, পুরোভাগে মুণ্ডিত করিয়া আর তিনি তাহাকে শ্রীহীন করিলেন না। তাঁহার পুর্বের আপৃষ্ঠলম্বী শিগা ক্ষুড়াকারে পরিণত হইয়া বনরুষ্ণ কেশরাশি মধ্যে আত্মগোপন করিয়া রহিল। পরিধানে শানাধৃতি, গায়ে রামণিরাণ, তাহার উপরে মোটা চাদর। তিনি কেবল তালতলার চাটর পরিবর্ত্তন করেন নাই। তবে শীতাধিকা হইলে, কিংবা শরীর অমুস্থ হইলে সময়ে সময়ে পায়ে মোলা পরিতেন।

আমাদেরও বেশভ্যার সময়াত্রায়ী পরিবর্ত্তন হইল। এক ক্ষুদ্র

পলীর পূজারি ব্রাহ্মণের পুত্র, আমরা পূর্কাবস্থা গোপনের জন্ত দেহকে যতপ্রকারে আবরিত করিবার, তাহা করিয়াছিলাম। মূর্থ দেশবাসী সময়ে সময়ে আমাদের বাদায় আদিয়া যথন আমাদিগকে দেখিয়া আমাদের দেই অশ্রাব্য গ্রাম্য উপাধিতে সম্বোধন করিত-কর্যাৎ গোপীবাবু অথবা গোপালবাবু না বলিয়া ভট্চাজ বলিত, তথন আমাদের আন্তরিক ক্রোধের সীমা থাকিত না। তাহাদের অসভ্য-জনোচিত সম্বোধনের অত্যাচার হইতে নিস্তার দিবার জন্ম পিতা ইস্কুলে আমাদের নামের শেষে চ্যাটার্জী উপাধি যোগ করিয়া দেওয়াইলেন।

ক্ৰমশ:

শ্রীক্ষীরোদ প্রসাদ বিজ্ঞাবিনোদ।

### যমালয়ের পত্রাবলী।

১ম পত্ত।

আমার বোধ হইল, ষেন মৃত্যু আমাকে গ্রাস করিতে ধীরে ধীরে আসিতেছে। পূর্বের রোগের ভীষণ যন্ত্রণায়, এবং জ্বরের তীব্র কম্পনে আমি অজ্ঞান হইয়াছিলাম। সে সময়ের কথা কিছুই আমার মনে নাই। তাহার পর মহানিদ্রা হইতে আমি যেন অল্ল অল জাগরিত হইতে লাগিলাম। জাগরণ। সে কি জাগরণ। আমি কি দেখিলাম। আমার সমস্ত জীবনীশক্তি যেন আমার দেহকে ছাড়িয়াছে। আমার হাত. আমার পা, তাহারা আর যেন আমার নয়: আমার শত চেষ্টাতেও তাহারা আর নডিল না। জিহ্বা অনেক বাড়িয়া গিয়াছে, তাহা আর আমার শুদ্ধমুখ গহবরে কুলাইতেছে না, তাহা বাহির হইয়া পড়িয়াছে। আমার ভাষা,—আমার নিজের ভাষা, আমার কর্ণে এক নৃত্তন স্বরে ধবনিত হইল। যাহারা আমার শ্যার পার্ষে বিদয়াছিল, ভাহাদিগের মধ্যে কেহ কেহ বলিয়া উঠিল—হায় তারা ভাবিয়াছিল, আমি কিছুই ব্ঝিতে পারিতেছি না—"এইবার যন্ত্রণার হস্ত হইতে মুক্ত হইল।" সত্যই কি তাহাই! হায়! আমি যে তীত্র যন্ত্রণা ভোগ করিতেছিলাম, ভাহা মানব কল্পনায়ও আনিতে পারে না। আমার দূচ্বিশ্বাস হইয়াছিল যে. আমি মরিতেছি। মৃত্যু ধীরে ধীরে আমায় আক্রমণ করিতে আসিতেছে, আমি বেশ ব্ঝিয়াছিলাম। পুর্কে মরণের চিন্তা আসিলেই আমি ভয়ে জড়সড় হইতাম, কিন্তু ইহার পুর্কে, মরণ যে কি ভয়ানক, তাহা অমুভব করিতে পারি নাই! ভয় এবং মুজলা মুফলা শস্ত-ভামলা, বাসনার লীলাভূমি জগৎ ত্যাগ করিতে হইতেছে, এই যন্ত্রণা, উভয়ে শত বৃশ্চিক দংশনের ভায় আমাকে কাতর করিয়া ফেলিল।

ঋষিবাক্যে শ্রদ্ধা ও দেবতায় বিখাস, তাহা এখন কোথায়? এক সময়ে অ!মি পুরাণাদি পাঠ করিয়াছি, ভগবানকেও ডাকিয়াছি. কিন্তু, তাহা অনেক পুর্বের কথা। রথা আমি দেই পূর্বভাব মনে আনিতে চেষ্টা করিতে লাগিলাম। (ক) আমি এখন নিরাশা-তিমিয়ে আর্ত। একটিও আশার ক্ষীণরশ্মি যদি হায় সে মময়ে আসিত ? নিমজ্জমান

ক) যেমন তৈল-মিশ্রিত জল যতক্ষণ সঞ্চালিত হয়, ততক্ষণ উভরে মিশিরাই থাকে, কিন্তু প্রির হইলেই তৈল উপরে ভাসিয়া উঠে; সেইরূপ আমাদিপের জীবনে যে ভাষটি প্রবল্ জীবিত অবস্থার তাহা কতকটা চাপা থাকিলেও মৃত্যুর অব্যবহিত পূর্বে একটি নির্দ্ধির মৃহুত্তে সেই ভাষটি মানবমাত্রেই জাগিরা উঠে। এই ভাষটি আমাদিপের পরজীবন নির্দ্ধিত করে। ভগষান গীতার ঠিক এই কথাই বলিরাছেন।

<sup>&#</sup>x27;'যং যং বাপি শ্মরন্ ভাবং তাজতাত্তে কলেবরম্।

তং তমে বৈতি কৌস্তের সদা তম্ভাবভাবিতঃ ॥'' গীতা, ৮—৬ 🛊

<sup>(</sup>যে যে ভাষ শ্মরণ করিতে করিতে লোকে দেহত্যাগ করে, হে কৌষ্টেম। সর্বাণ সেই সেই ভাবে চিত্ত নিবিষ্ট থাকার, সেই সেই ভাবই প্রাপ্ত হয় )। সং—

লোক প্রাণের দায়ে তৃণথগুও আশ্রন্ন করিতে বার—কিন্ত আমার তাহাও মিলিল না। সব শুনা! এই শুনাতা বোধই আমার সর্বাপেকা অধিক যন্ত্রণাদায়ক।

আবার এদিকে অতীত জীবনের বে সমস্ত কাহিনী—আমার একাস্ত ইচ্ছা আমার স্বরণে না আদে,—তাহারা আমার সম্মুখে একে একে আদিতে লাগিল। সমস্ত জীবনে আমি দংকর্ম অতি অল্লই করিয়াছি। কেবল স্বার্থময় জীবন লইয়া বাসনা চরিতার্থতা করাই আমার একমাত্র কার্য্য ছিল। এই চিস্তা জ্বশস্ত ভূষানলের মত আমার জীবস্ত পোড়াইতে আরম্ভ করিল। সত্যই আমি জীবদশায় মৃত্যুর পথেই চলিয়া আসিয়াছি; জীবনের পথ স্ভোষ ত্যাগ করিয়াছি। প্রবৃত্তির পথে যাওয়ায় বিষময় কলের আসান আরম্ভ হইয়াছে। একটি পাপকার্য্যের পর আর একটি পাপকার্যোর স্বৃতি আসিতে লাগিল। আমি তাড়াইতে যাই, আরও পরিষ্কার ভাবে আদিতে লাগিল। এখন আর অনুতাপের সময় নাই। অতুতাপ বলিয়া যে কিছু আছে, তাহাও আমার দে সময়ে মনে আদিল না। (থ)

এখনও আমার চল্লিশ বংসর বয়ংক্রম হয় নাই। যাহা থাকিলে মানব জাবনকে স্থব্য করে, সামার তাহা সমস্তই ছিল। এই অন্ন বয়দে, এই সমস্ত স্থুথ সমূদ্ধি ছাড়িয়া আমায় মরিতে হইবে! আমার মনে হইতে লাগিল, তাহা অসম্ভব, আমি কিছুতেই মরিতে পারিব না। কিন্তু মৃত্যু একেবারে আমার সৃদ্ধিবানে। আমার দেহের ভিতর মৃত্যু প্রবেশ করিয়াছে ৷ আমার ঘরের মধ্যস্থ ক্ষীণ দীপালোক—

<sup>(</sup>খ) মৃত্যুর প্রাক্তালে মৃমূর্ব্যক্তি ইচ্ছে৷ করণ বা না করণক, আং তাত জীবনের সমস্ত ঘটনাবলী 'বারস্বোপের' চিত্রের স্থার মুহুর্তের মধ্যে মানসংক্ষের সমক্ষে প্র্যারক্রমে ভাসিয়া যায়।

আত্মীয়দিগের বিমর্থ বদন, সবই 'আমার মৃত্যু আসিতেছে' এই সত্য জ্ঞাপন করিতেছে। কি ভয়ানক কাল। প্রত্যেক নয়ন উৎকণ্ঠার সহিত আমার বদনের উপর ন্যস্ত: প্রত্যেক কর্ণ আমার শেষ নিশ্বাস-ধ্বনি শুনিতে যেন: প্রস্তুত। আমার মনে হইল, সকলে বঝি আমায়. জীবস্ত পোডাইতে যাইতেছে। আমি যেন দাহ-যন্ত্রণা ভোগ করিতে লাগিলাম।

মরণকালের আমার ভীষণযন্ত্রণা আর অধিক আমি বর্ণনা কবিব না। ভাষা বলা বুখা। কোনও জীবিত লোক আমার সে সময়ের ভীত্র যন্ত্রণা অমুভব করিতে পারিবে না। দে যে কি কন্ট, ইহার পূর্ব্বে আমি কথ-নও তাহা কল্পনায়ও আনিতে পারি নাই। ইহা অনেককেই ভোগ করিতে হটবে: কিন্তু হায় কেহই তাহা জীবদশায় ভাবে না। আমার শেষ মুহূর্ত্ত আসিল। একবার আমার চকুর্দ্বর উর্দ্ধিকে ঢলিয়া পড়িল; একটি গভীর দীর্ঘনিশ্বাস, একবার কঠে ঘড় ঘড় ধ্বনি, একবার সর্বা-ক্ষের কম্পন, ভাহার পর সব ফুরাইয়া গেল।

> ক্রমশ: সেবাত্রত পরিব্রাজক।

# অলৌকিক রহস্য।

২র সংখ্যা ]

প্রথম ভাগ।

ि देवार्थे, २०२७।

# ভৌতিক-কাহিনী।

( পূর্ব্বপ্রকাশিতের পর )

### (২) ভ্রাতা ও ভগিনী।

ঘটনাটি আমেরিকার পশ্চিম উপক্লস্থ সেণ্ট জো্দেক নামক নগরে ঘটিয়াছিল। ১৮৮৮ খৃষ্টান্দের ১১ জান্তরারী তারিথে বোষ্টন নগর হইতে এক সাহেব পূর্বোক্ত অনুসন্ধান সমিতিকে যে পত্র লিখিয়া ছেলেন, তাহার সারাংশ আমরা নিম্নে প্রদান করিলাম।

"মহাশয়,

আপনাদের সমিতির একাস্ত অনুরোধে আমার জীবনের এক অতি বিশ্বরুকর ঘটনা যথাযথ বিবৃত করিতেছি। তৃথ্কটি বিশ্বস্ত বন্ধ ছাড়া এঘটনা ইতি পূর্ব্বে আর কাহারও নিকট প্রকাশ করি নাই; কারণ ইহা এরূপ অস্বাভাবিক যে সাধারণে শুনিলে বিশাস তো করিবেই না, অধিকস্ত আমাকে বিক্তমন্তি জ ভাবিয়া হয়ত উপ-হাস করিবে। এই জন্ত পূর্বেই বলিয়া রাথি যে, যংকালে ঘটনাটি ঘটে, তথন আমার শরীর ও মন যেরূপ স্কৃত্ত ছিল, বোধ হয় আমার সমগ্র,জীবনে আর কথনও সেরূপ থাকে নাই।

১৮৬৭ খুষ্টাব্দে আমার ভগিনী কলেরায় আক্রান্ত হইয়া হঠাৎ মারা পডে। তথন ভাহার বয়স আঠার বৎসর মাত্র ছিল। আমি ভাহাকে বড় ভাল বাসিতাম, স্থতরাং তাহার মৃত্যুতে হৃদয়ে বিষম আঘাত পাইলাম। এই ঘটনার তুএক বৎসর পরে আমি ব্যবসায় বাণিজ্যার্থ নানা দেশে ঘরিতে লাগিলাম। আমি Order supply বা আদেশ মত জিনিষ সরবরাহ কার্য্যে লিপ্ত ছিলান। ১৮৭৬ খুষ্টান্দে সেণ্ট খোনেফ নগরে যখন আমি ঐ কার্য্যে নিযক্ত ছিলাম, তখনই বক্তব্য यहेनाहि चहित्राहिन।

একদিন মধ্যাক্তে অনেকগুলি অর্ডার পাইয়ামনটা বড়ই প্রফুল্ল ইইল। ভাবিতে লাগিলাম, আজ আমার অনেক টাকা লাভ হইবে এবং পিতা মাতা এই সংবাদ পাইয়া কতই আনন্দিত ও স্থণী হইবেন। সে বাহা হউক, ভাড়াভাড়ি বাসায় আসিয়া, আমি অর্ডারগুলি সরবরাহ করিবার জন্ত পত্র লিখিতে বদিলাম। তথন এই অর্ডারগুলির চি**স্তা** ব্যতীত অন্ত কোন চিন্তাই আমার মনে স্থান পায় নাই। এক হন্তে চুকট ধরিয়া টানিতেছিলাম এবং অপর হত্তে ব্যস্তভাবে লিখিতেছিলাম। এই অবস্থায় আমার বোধ হইল. কে যেন টেবিলের উপর একটি বাত রাথিয়া আমার বাম দিকে বসিয়া আছে। চাহিয়া দেখি আমার বড় আদরের মৃত ভগিনী ৷ অবাক হইয়া আমি এক দেকেও তাহার মুখের দিকে তাকাইয়া রহিলাম। হারাধন পাইলে লোকের যেরপ একটা অপুর্ব আনন্দ হয়, আমার ঠিক দেইরূপ হইল। আমি আহলাদে একবারে লাফাইয়া উঠিলাম এবং তাহার নাম ধরিয়া ডাকিলাম। কিন্তু হার, যেমন আমি ঐরপ করিলাম, তৎক্ষণাং মৃর্তিটি অদৃশ্র হইয়া গেল। তখন আমার চৈত্র হইল।

আমি চুম্কিত হইয়া ভাবিতে লাগিলাম "একি ৷ এটা প্রকৃত,

না স্বপ্ন থামি জাগরিত কি নিদ্রিত ?'' বস্ততঃই আমার মনে এই সংশর হইতে লাগিল। কিন্তু ছই সেকেণ্ড পূর্বে বে চুকট টানিতেছিলাম, তাহার অগ্নি এখনও নিবে নাই, বে চিঠিখানি লিখিতেছিলাম তাহার কালি এখনও কাঁচা আছে—ইহা দেখিতে পাইলাম। তখন সন্দেহ দূর হইল, নিশ্চিত ব্রিলাম আমার ভগিনীর প্রেতাত্মাই আসিয়াছিল। ° কিন্তু কি আশ্চর্যা! সে নর বংসর মরিয়াছে, অথচ চেহারার তো একতিলও পরিবর্ত্তন হয় নাই! হাত, পা, মুখ, চোক, দৃষ্টি, চুল এমন কি পোষাক পরিচ্ছদটি পর্যান্ত ঠিক পূর্বের মত! কেবল একটি মাত্র পরিবর্ত্তন লক্ষ্য করিলাম। ভাহার নাসিকার দক্ষিণ ভাগে একটা কাটা বা ছড়ার দার্গ দেখিতে পাইলাম। ইহা পূর্বের দেখি নাই। কোথা হইতে আসিল ভাগেও ব্রিতে পারিলাম না।

সে যাহা হউক, এই ঘটনার পরেই বাটা যাইবার জক্ত আমার চিত্ত এরপ অন্থির ও বাাকুল হইয়া উঠিল যে, পরের ট্রেনেই আমি বাটাতে চলিয়া আদিলাম। আদিয়াই পিতা মাতার নিকট ঘটনাটের যথাযথ বিবরণ দিলাম। পিতা চিরকালই এ সকল বিষয়ে অবিশ্বাসী ছিলেন, স্থতরাং তিনি হাদিয়া উড়াইয়া দিলেন। মাতার কতকটা বিশ্বাস হইল। অতঃপর নাসিকার দাগটির কথা উল্লেখ করিয়া পিতাকে জিজ্ঞাসা করিলাম, "দক্ষিণ নাসিকাতে কাটা দাগ্কেগণা হইতে আদিল ?" পিতা তো কিছুই বলিতে পারিলেন না। কিন্তু ইহা শুনিবামাত্র মাতার যে ভাবান্তর দেখিলাম, তাহা আমি জন্মেও ভূলিব না। তাঁহার সর্বাক্ষ কাপিতে লাগিল,মুথে বিন্দু বিন্দু ঘর্ম দেখা দিল, তিনি মুর্চ্ছিতপ্রায় হইলেন। তাড়া ভাড়ি তাঁহার স্থতা সম্পাদন করিয়া জিজ্ঞাসা করিলাম "মা, ব্যাপারটা কি ?" তিনি বিশিলেন "আমিই এই দাগের কারণ। আহা

বাছার কচি মুখে এখনও দাগ্টি রহিয়াছে ? ঐ দাগের বিষয় আর কেহই জানে না, আমিই কেবল জানি। মৃত্যুর পর যখন বাছাকে কবর স্থানে লইয়া যাইবার বন্দোবস্ত হইতেছিল, তখন উহার গলে ফুলের মালা দিতে গিয়া আমিই হঠাৎ উহার নাসিকাতে আঘাত করিয়া ফেলি। তার পর তাড়াতাড়ি পাউডার দিয়া দাগ্টি এরপে ঢাকিয়া দিয়াছিলাম, বে আর কেহই দেখিতে পায় নাই।" এই বলিয়া মাতা বিলাপ করিতে লাগিলেন। এই ঘটনার দশ বার দিন পরেই মাতা হঠাৎ পীড়িতা হই-লেন এবং ছ এক দিনের মধ্যে এই ইহধাম ত্যাগ করিলেন। কথার সহিত শীঘ্র স্বর্গে মিলিত হইবেন ইহা ভাবিয়া তিনি মৃত্যুর সময় বড়ই শাস্তি পাইয়াছিলেন। ইতি—

বর্ণিত বৃত্তান্তে কয়েকটি বিষয়্ক আমাদের লক্ষ্য করা আবশ্রক। প্রথ-মতঃ প্রাতা ও ভগিনীর মধ্যে বিলক্ষণ ভালবাসা ছিল। প্রায়ই শুনা যায় বে, বাহার প্রতি স্লেহ ও ভালবাসা থাকে, প্রেভায়া স্বভাবতঃ তাহার দিকেই আরুই হয়। সম্ভানের মঙ্গল সাধনার্থ প্রেত মাতা আবিভূ তা ইইয়াছেন এরূপ ঘটনা বিস্তর শুনা বার। দিতীয়তঃ কোন উদ্দেশ্য ব্যতি-রেকে প্রেভায়া পৃথিবীতে আসেন না। স্থুলদেহ ধারণ করিতে উহাকে বহু ক্লেশ ও আয়াস স্বীকার করিতে হয়; স্মৃতরাং অনর্থক যে তিনি এরূপ করিবেন, ইহা সম্ভবপর নহে। এখন প্রশ্ন এই যে ভগিনীর কি উদ্দেশ্য ছিল ? পনর দিনের মধ্যেই মাতার মৃত্যু হইল ইহা দেখিয়া স্পষ্ট অনুমিত হয় যে, মাতার এই আসয় মৃত্যুর সংবাদ দিবার ক্লাই তিনি আসিয়াছিলেন। বোধ হয়, ল্রাভা ধদি আনন্দে এরূপ অভিভূত না হইয়া একটু হিয় ধীর ভাবে থাকিতেন, তাহা হইলে তিনি ইন্ধিতে বা বাক্য হারা উহা জ্ঞাপন করিতেন। সে যাহা হউক, কথা কহিবার স্ম্বিধা না পাইলেও তিনি মাতার সহিত ল্রাভার শেষ সাক্ষাৎ ঘটাইবার অক্স

ত্রাতার মনের উপর এরণ শক্তি বিস্তার করিলেন যে, তিনি সহস্র কাঞ্চ ফেলিয়া তদণ্ডেই গৃহে না সাদিয়াপাকিতে পারিলেন না।

প্রেভান্থ। আদর বিপদের সংবাদ দিতে আদেন, এক্প ঘটনা দেখা বার বটে, কিন্তু খুব অধিক নহে। কিন্তু কোন ব্যক্তির মৃত্যুর সময়ে বা অব্যবহিত পূর্বে তাঁহার পরলোকগত আত্মীয়গণ আদিয়া তাঁহাকে আহ্বান করিতেছেন অথবা সাহস দিতেছেন এরপ ঘটনা খুব প্রচুর। বোধ হয়, পাঠকদিগের মধ্যে অনেকেই দেখিয়া থাকিবেন য়ে, তাঁহাদের কোন মুর্বু আত্মীয় কোন মৃত ব্যক্তির সহিত কথা কহিতেছেন বা তাহার প্রশ্নের জবাব দিতেছেন। অবশ্য ডাক্তারেয়া এগুলিকে রোগীয় delirium বা বিক্ত মন্তিছের প্রলাপ বলিয়া নির্দেশ করেন। কোন কোন হলে এগুলি প্রলাপ হইলেও, সর্কস্থলেই যে প্রলাপ, তাহা বোধ হয় না। মনে করুন, রামের এক আত্মীয় বহুকাল মরিয়াছেন, কিন্তু রাম তাহা জানেন না। এখন রামের মৃত্যুর সময় রাম যদি উক্ত আত্মী-মের নাম ধরিয়া বলেন "এসেছ, ভাই, এস। আমিও যাঁচিচ। একটু বস। ইত্যাদি, তাহা হইলে এটা কি কেবল প্রলাপ বলিয়াই বোধ হয় ?

(ক্রমশঃ)

**बीमाथननान ताम ८होधुती** !

## ''পুনরাগমন।"

(পূর্ব্বপ্রকাশিতের পর)

( ( )

দেখিতে দেখিতে আমাদের কলিকাতাবাদের সাতবংসর অতীত হইরা গেল। কলিকাতার আনিরাই পিতা আমাদের উভয়কেই হিন্দু-স্থুলে ভর্ত্তি করিয়া দিয়াছিলেন। ইংরাজী শিক্ষা কাহারও ছিল না বলিয়া আমরা উভয়েই সর্ব্ধনিয়শ্রেণীতে ভর্তি হইগাছিল।ম। এখন আমরা দিতীয় শ্রেণীতে পড়িতেছি।

এই বংসরই আমাদের পিতা ও পুত্রের সর্ব্বপ্রধান ত্রভাগ্যের বংসর। কেননা, আমাদের মনুষ্যত্বের যাহা কিছু অবশিষ্ঠ ছিল, এই বংসরেই তাহাতে জলাঞ্জলি দিয়াছি।

কলিকাতার আসিবার পর, প্রথম তিন বংসর, পূজার ছুটি উপলক্ষে
আমরা একবার করিয়া দেশে যাইতাম। এই তিন বংসরে পিতা
জ্বাভূমির মারা ও পুল্লপিতামহের বন্ধুত্ব একেবারে পরিত্যাগ করিতে
পারেন নাই। তথন খুড়া ও ভাইপোর পরস্পারের সহিত সাক্ষাতে
উভয়েরই আনন্দ উছলিয়া উঠিত। চণ্ডীমণ্ডপে মুগামুথি বসিয়া ছইজ্বনের কত কথাই হইত। আমাদের যাইবার পূর্ব্বে ছোট্ঠাকুরদা
স্বর্বে পরিকার করিয়া রাখিতেন। এবং সহর হইতে পাড়াগাঁয়ে
গিয়া পাছে আমাদের কষ্ট হয়, এইজ্ল নিজে আমাদের পরিচর্য্যার
স্ব্বন্দাবস্ত করিতেন। সত্যক্ষা বলিতে কি, যে কয়দিন দেশে
গাকিতাম, সেই কয়দিনের মধ্যেই আমরা সকলেই কিছু না কিছু মোটা
হইয়া আসিতাম।

মারের আনন্দের আর সীমা থাকিত না। তিনি এই কয়দিন নিজে নানাবিধ খাল্ডর্ট্রাদি প্রস্তুত্ত করিয়া দামোদরের ভোগের ব্যবস্থা করিতেন এবং কাছে বসাইয়া, সেই প্রসাদারে ছোট্ঠাকুরদাকে তৃপ্ত করিয়া নিজেও তৃপ্ত হইতেন। পিতা মাকে যথেষ্ঠ অলকার দিয়াছিলেন। কিন্তু মা ছোট্ঠাকুরদার সমুখে—হত্তে শঙ্খ—পূর্কের সেই দরিদ্রার বেশেই উপস্থিত হইতেন। একদিন পিতা কথাপ্রসঙ্গে খ্লুপিতামহকে সেই কথা বলিয়াছিলেন। তাই শুনিয়া, তিনি একদিন মাকে জিজ্ঞাসা করিলেন, — "মা! শুনিলাম রাধানাথ তোমাকে অলকার দিয়াছেন। তবে তুমি দানার বেশে অ:মার সম্মুখে উপস্থিত হও কেন ?"

মা উত্তর করিলেন—"দেখানে বিদেশে, অলস্কার না পরিলে, স্বামীর মর্য্যাদা থাকে না বলিয়া উহার মনস্কৃষ্টির জন্ম পরি। এথানে স্বামার শাশুড়ী, খুড়খাশুড়ী হাতে শুধু শাঁথা পরিয়া আরতিরক্ষা করিয়া গিরা। ছেন। এথানে কোন সাহসে গহনা পরিব ?"

"দেকি মা লক্ষী! তোমার গুরুজন তোমাকে প্রাণভরিয়া আশীর্কাদ করিয়া গিয়াছেন; এখনও তাঁহারা পুণ্যলোকে বসিয়া তোমাকে আশী-কাদ করিতেছেন। তোমাকে অলঙ্কারে ভ্ষিতা দেখিলে তাঁহারা সম্ভট্ট হইবেন, আমিও স্থ্যী হইব।"

খুল্লপিতামহের অনুরোধে মা অলঙ্কার পরিয়াছিলেন।

চতুর্থ বংসরে দেশে ম্যালেরিয়া হইল। স্কতরাং তিন বংসর আমাদের আর দেশে যাওয়া হইল না। সপ্তম বংসরে মায়ের একাস্ক অনুরোধে শুধুদিন তিনেকের জন্ত আমরা দেশে গিয়াছিলাম। শরীর অনুত্থ বলিয়া পিতা যাইতে পারিলেন না। যাইবার সঙ্গে সঙ্গে পিতার অনুত্থ বৃদ্ধির সংবাদ পৌছিল। মা তিন দিনের বেশি থাকিতে পাইলেন না।

এই তিন দিনেই ছোট্ঠাকুরদা আমাদের প্রকৃতির গরিবর্ত্তন ব্রিতে পারিলেন। বুঝিতে পারিলেন, কলিকাতার লেখাপড়া শিখিতে গিয়া, পবিত্র জ্বাহ্নবীজলে আমরা হিঁত্যানী বিসর্জন দিয়া আসিয়াছি। আমরা শৌচাত্তে বস্ত্র পরিত্যাগ করি না, জুতা পায়েই জল থাই-এইরপ স্লেচ্ছোটিত ব্যবহার দেখিয়া তিনি মর্মাহত হইলেন। আমি ত গায়ত্তী পর্যান্ত পেটে পুরিয়াছিলাম। গোপাল আহারের পূর্বের অন্ন বাঞ্জনের সন্মুথে আঙ্গুলে মলিন পৈতাগাছটা জড়াইয়া চকুমুদিয়া মংস্থাদির মধুর আদ্রাণ হাদগত করিয়া লইত।

মাকে বলিলেন,—''মা! তোমার খামীরও কি এই রকম পরিবর্ত্তন হইয়াছে ?''

মাতাঠাকুরাণী কোনও উত্তর করিতে পারিলেন না। তিনি সমস্তই ৰুঝিয়া একবার দীর্ঘনিখাস ফেলিয়া বলিলেন—"মা, ভবানী! তোর বিজয়ার বিসর্জনের পর আবার আগমনী আসে: মা, এ ধর্মের বিজয়ার পর কি আর আগমনী হইবে না ?"

मा विष्तान, -- "আপনার আশীর্কাদ থাকিলেই হইবে।"

্ৰ পিতা অপেক্ষা বয়দে কনিষ্ঠ বলিয়া, মাতা খুড়খণ্ডরকে পদোচিত সম্ভ্রম দেখাইতে লজ্জাবোধ করিতেন। আজ তিনি সর্ব্বপ্রথম তাহার পদপ্রাত্তে লুটিতা হইলেন। মায়ের মাথায় হাত দিয়া ছোট্ঠাকুরদ: আশীর্বাদ করিলেন। আর বলিলেন—"তুমি দতী, বধন সংসারের স্তুদয়মধ্যে তুমি অবস্থান করিতেছ, তথন দিন ফিরিবে বই কি।"

আহি তথন আহারে ব্যিয়াছিলাম। একবার মনে করিলাম বলি, —ক্সমার নিরাকার। তোমার ও একটা পাথরের ডেশা পৃঞ্জিয়া কি **इहेर्द १ किंद्ध उँ। इांत्र मिरक मूथ** फिताहेब्रा कथा कहिरा माहम हहेन না। পাগলটা কি বলিতেছে বলিয়া, চকুমুদিয়া অন্ন উদরত্ব করিতে नाशिनाम ।

পরদিন গ্রামত্যাগ করিয়া হাঁফ ছাডিয়া যেন বাঁচিলাম।

( & )

কলিকাতায় আসিয়া, দেখিলাম, পিতার গা হাত পা মাথা সমস্তই ঢাকা। শুধু মুখখানি বাহির হইয়া আছে। দেই অবস্থাতে তিনি দরদালানে পাদচারণ করিতেছেন। পিতার রোগটা যে কি, তাহা আমরা কেহই বুরিতে পারিলাম না। ডাক্তারে বলিয়াছে, বাবার ইন্ফু্যেঞ্জা হইয়াছে। বড়ই তুক্ত ব্যাধি। প্ৰথম হইতে ভাছার প্রতিকার না করিলে, তাহা হইতে কি ভীষণ অনর্থ যে উপস্থিত হইতে পারে তাহার ইয়তা নাই। মাতাঠাকুরাণী চিস্তিতা হইলেন। ছোট্ঠাকুরদা বলিয়া দিয়াছিলেন, পৌছিবামাত্র পিতার অস্থথের সংবাদ দিতে।

আমি সংবাদ দিলাম। পত্রে পিতার শারীরিক অবস্থা, রোগের লক্ষণ, ডাক্তারের অভিমত-সমস্ত পুঝারুপুঝরূপে লিখিয়া, লোক .পাঠাইলাম। গুটিতিনেক বড়ি ও একথানি পত্র লইয়া ভৃত্য বেচু পরদিন সন্ধার সময় ফিরিয়া আসিল। পিতা তথন, ডাক্তারের উপদেশ ও শুভাকাজ্জী অধ্যাপক ভট্টাচার্য্যগণের সমবেদনার ব্যহমধ্যে বলিয়া-ছিলেন। স্থতরাং বেচু মায়ের কাছে পত্রখানা লইয়া আদিল। মা আমাকে দিয়া পত্ৰ পড়াইলেন। তাহাতে লেখা ছিল, ভধু আদার রদ অমুপান দিয়া একটা ৰজি সেবনেই রোগের উপশম হইবে। একটাতে ষদি সম্পূর্ণ উপকার না হয়, ছুইটা সেবন করিলে অস্থুপ থাকিবে না।

ডাক্তার ও লোকজন চলিয়া গেলে. আমি পিতাকে ছোট্ ঠাকুরদার. পত্তের মর্ম অবগত করাইলাম। ইতাবস্বে মা, পত্তের ব্যবস্থাম চ

একটি পাণ্ণর বাটীতে ঔষধ প্রস্তুত করিয়া পিতার পদপ্রান্তে রক্ষা कविर्णन।

পিতা জিজ্ঞাসা করিলেন—''ও কি ?"

মা বলিলেন—"পুড়খণ্ডর এই ঔষধের ব্যবস্থা করিয়াছেন।" পিতা পদাঘাতে ঔষধের বাটী দূরে নিক্ষেপ করিলেন।

দর্পদষ্ট ব্যক্তি যেরপ মুহূর্ত্তমধ্যে বিবর্ণ হইয়া যায়, মায়েরও দেই ষ্পবস্থা হইল। বিশ্বিভনেত্রে পিতার মুধের দিকে চাহিয়া বলিলেন-"এ কি করিলে?"

পিতা বলিলেন--"ঠিক করিয়াছি। অমুখ দেখিয়া বিজ্ঞ, বহুদশী চিকিৎসকগণেরও ভন্ন হইয়াছে. আর তিনি না দেখিয়াই সেখান হইতে রোগনির্ণম করিয়া ঔষধের ব্যবস্থা করিয়াছেন। একবার দেখিয়া যাইবার অবকাশ হইল মা।

মা স্তম্ভিত হইয়া দাঁড়াইয়া রহিণেন। আমিও পিতার আচরণে প্রথমে হতভম্ব হইয়া গেলাম, তারপর মনে মনে বিচার করিয়া বুঝি-লাম, কার্যা অন্তায় হয় নাই। খাঁহার অন্নে পিতাপুত্রের জীবন নির্বাহ চলিতেছে, অক্লব্ৰু ছোট্ঠাকুরদা তাঁহার উৎকট ব্যাধির কথা শুনিয়া ্রত্বার দেখিতেও আসিতে পারিল না i

গোপাল পিতার শ্যার একপার্শ্বে ব্লিয়াছিল, এই ব্যাপার দেখিয়া লজ্জায় ও ছঃথে তাহার মাথা হেঁট হইয়া গেল। যতক্ষণ বসিয়াছিল, সে ্মার কাহারও পানে চাহিতে পারিল না।

মা আর কোনও কথা কহিলেন না। নীরবে যতন্ততঃ বিক্ষিপ্ত পাথরবার্টীর ভগ্নাংশগুলাকে কুড়াইয়। প্রস্থান করিলেন। গোপালও ধীরে ধীরে শ্যা হইতে উঠিগা হেঁটমুণ্ডে সে স্থান ত্যাগ করিল। আমি বলিবাম—''গোপাবের বড়ই অভিযান হইয়াছে ,,।

পিতা রুক্ষতার সহিত্য বলিলেন—''তবেত আমার বড়ই ক্ষতি হইল।

व्याभि। এथनि भारत्रत काट्ड शिव्रा काँ निरव।

পিতা। উপায় নাই। ও অত্যাচার আমাদের সহিতেই হইবে। তোমার পিতামধীই এই কণ্টকের বোঝা আমাদের ঘাড়ে চাপাইয়া গিয়াছেন।

আমি। খুড়োর ছেলেকে আপনি ছেলের চেয়ে অধিক আদরে প্রতিপালন করিতেছেন, একথা এথানে যে শুনে, দেই একেবারে অবাক হইয়া যায়।

পিতা। তবে আর নেমক হারাম কাকে বলে ? সেদিন সহরে এক ধনীর বাড়ীতে গিয়াছিলাম। লোকটি ব্যবসায়ে অতি দরিদ্র অবস্থা হইতে লক্ষপতি হইয়াছে। তাহার পুত্রেরা চৌঘুড়ি হাঁকাইয়া রাস্তায় বাহির হয়। সেদিন দেখিলাম, তাহাদের এক খুড়ড়তো ভাই এক ছিলাম তামাকের জন্ম খানসামার মুখ নাড়া খাইতেছে। সহরে পরনিভরতার কথা শুনিলে লোকে নাসিকা সন্ধৃতিত করে।

খুল্লপিতামহ-প্রেরিত ঔষধের কল্যাণে আজ সর্ব প্রথম পিতার
মনোভাব ব্ঝিতে পারিশাম। আমার আনন্দের দীমা রহিল না।

( ৭ )

সোপালের উপর আমার ঈর্বা করিবার আর এক কারণ হইয়াছিল।
পুর্বেই বালয়াছি, আমরা হিন্দুস্থলের একক্লাসেই ভর্তি হইয়াছিলাম।
পড়াগুনায় আমাদের শ্রেণীতে আমার সমকক্ষ বাণক ছিল না। আমি
প্রতি বংসরই পরীক্ষার প্রথম স্থান অধিকার করিতে লাগিলাম।
গোপাল অনেক দ্রে পড়িয়া থাকিত। আমার মেধার পরিচয় পাইয়া
পিতার আনন্দের সীমা রহিল না।

বাড়ীতে উভয়কেই একজন প্রাইভেট মাষ্টারে পড়াইতেন। আমাকে কোন কথা বুঝাইবামাত্র আমি অনায়াদে বুঝিয়া লইতাম। কিন্তু গোপালকে বুঝাইতে তাঁহার গলদ্বর্ম হইত। কোন কোন দিন তাহার ভাগ্যে প্রহার ঘটিত। মার ধাইলেই আমি মায়ের কাচে গিয়া সেই শুভদংবাদ প্রদান করিতাম। মা আবার পিতার কাছে অনুযোগ করিতেন—গোপালকে প্রহার করিতে নিষেধ করিতেন। বলিতেন— "মার থাইলে কি বৃদ্ধি বাড়িবে ?"

মায়ের অনুযোগে অন্থির হইয়া পিতা এক একদিন মাষ্টারকে বলিতেন.—"ওর বাপের যা বিদ্যা, ওর বিদ্যা তার চেয়ে আবর কত ৰেশী হইৰে ? ও আপনি যা পাৱে কৰুক। উহাকে আৰু পীডাপীডি **ক**রিবার প্রয়োজন নাই।" স্থতরাং পারুক আর নাই পারুক, মাষ্টার তার পড়াঞ্চনায় অনেকটা শিথিল-যত্ন হইলেন। তার ফলে স্থলে শিক্ষকের কাছে তাহাকে প্রায় প্রতিদিনই বকুনি খাইতে হইত। চতুর্থ শ্রেণীতে উঠিবার সময় ভাহাকে অনেক কাঁদাকাটী করিতে হইরাছিল।

প্রতি বংসর পরীক্ষার ফলে আমি প্রথম পারিতোষিক লইয়া আদিতাম, এবং দোলাদে মাকে দেখাইতাম। গোপাল স্লানমুখে আমার পান্ধ চোরটির মত দাঁড়াইয়া থাকিত। আমি চলিয়া গেলে মার কাছে কাঁদিত। মা তাহাকে বলিয়াছিলেন,—''আমার কাছে কাঁদিলে কি হইবে! আমিত আর বৃদ্ধি দিতে পারিব না: ঘরেত বৃদ্ধিদাতা দামোদর আছেন। তোর বাপত তাঁর নিতা দেবা করিতেছেন। তাঁহার কাছে কাদ। তাঁর দয়া হইলে তোর বৃদ্ধি হইতে কতক্ষণ ৽

চতুর্থশ্রেণীতে উঠিয়া গোপাল এককোণে বদিয়া পড়িতে আরম্ভ कतिन। बाष्ट्रात्र अनिम्ब हरेतन, आभि अनिम्ब हरेनाम। वित्यवा বইএর সংখ্যা অনেক বাড়িয়াছে। এক মাষ্টারে আর হজনের পড়া

হট্যা উঠে না। পিতা মায়ের ভবে স্বতম্ত্র মাষ্টারের ব্যবস্থা করিতে চাহিলেন। মা বলিলেন,—"প্রয়োজন নাই। গোপাল এবারে আপনি পডিয়া কি করে দেখ।" পিতা দায় হইতে মুক্ত হইলেন।

কোন উত্তর পাইবেন না জানিয়া, ক্লাসের মাষ্টার গোণালকে কোনও প্রশ্ন করিতেন না। গোপাণ চুপটি করিয়া বেঞের একটি পাশে বসিয়া থাকিত। তবে বুদ্ধিতে গোপাল যাহাই হউক, মাধার মহাশয়েরা ভাহার নম্রভার প্রশংসা না করিয়া থাকিতে পারিতেন না। একদিন কথাপ্রসঙ্গে চতুর্থ শিক্ষক আমাদের ক্লাসে বলিয়াছিলেন, গোপালের বন্ধি যদি তাহার নম্রতার অমুরূপ হইত, তাহা হইলে সমস্ত স্বলের মধ্যে কোন ছেলেই তার সমকক্ষ হইত না।

ষ্থাসময়ে চতুর্থশ্রেণীর পরীক্ষা গৃহীত হইল। পরীক্ষার ফল-কি चिनव ? এक है। विश्वरम्भव वन्ना ছू हिमा शिना शिक्केक, हाख, आमान পিতা, প্রাইভেট টিউটর, যিনিই এই পরীক্ষার ফল গুনিলেন, তিনিই অবাক হইলেন। গোপাল এবার সন্বোচ্চ স্থান অধিকার করিয়াছে।

আমার মর্ম্মবেদনার আর সীমা রছিল না। প্রথমে মনে করিলাম. গোপাল হয়ত কাহারও চুরি করিয়া লিখিয়াছে; কিন্তু তাহার কোনও প্রমাণ পাওয়া গেল নাণ তাহার পর ভাবিলাম, হয়ত সে কোনও উপায়ে প্রশ্নপত্র হস্তগত করিয়াছিল। কিন্তু সে কথা বলিতে গেলে স্থলের কর্তৃপক্ষের উপর দোষ দিতে হয়।

পিতার পরবর্ত্তী কার্য্যকলাপ দেখিয়া বুঝা গেল, আমার পরাভবে ভাঁহারও মনোবেদনা কম হয় নাই। তিনি নিজে স্থলে যাইয়া গোপনে এবিষয়ের অনুদর্মান লইয়াছিলেন; এবং শিক্ষায় অমনোযোগিতার দোষারোপ করিয়া প্রাইভেট টিউটারটিকে বিদায় দিয়া নৃতন মাষ্টার বাছাল করিলেন।

পরীক্ষার সংবাদে মা কিন্তু কোনও মতামত প্রকাশ করিলেন না। উল্লাস, কিংবা বিষাদ কিছুই দেখাইলেন না। তিনি যেন নীরবে আমারু যন্ত্রণা দেখিতে লাগিলেন।

এবারে বিশুণ পরিশ্রমে পাঠাভাাদ করিতে লাগিলাম। গোপাল পূর্ব্ববত একটি কোণ জুড়িয়া নীরবে পড়িতে লাগিল। আমি পড়িতাম ও তাহারদিকে লক্ষ্য রাখিতাম। আমি গোপনে তালার কার্য্য কলাপের দিকে দৃষ্টি রাখিতে লাগিলাম। গোপাল যতক্ষণ পড়ে, তত অল্ল সময়ের মধ্যে কাহারও পড়া তইরি হওয়া স্থকঠিন। তবে কি গোপাল সকলের অজ্ঞাত লাবে রাত্রে উঠিয়া পড়ে। আমি মাঝে মাঝে অনিদ্রার অছিলায়, রাত্রে উঠিয়া তনারক করিতাম। কিন্তু গোপাল একদিনের জন্তও ধরা পড়িল না।

স্থূলেও গোপাল একটি কোণ আশ্রয় করিয়া বসিত। এবং কোনও কথা কছিত না। মাষ্টার ক্লাদে আমাদের সকলকেই প্রশ্ন করিতেন, কিন্তু গোপালকে একটি কথাও জিজাদা করিতেন না।

ভৃতীরশ্রেণীর পরীক্ষার গোপাল ঝাবার প্রথম স্থান অধিকার করিল।
শুধু তাই নয়, তাহার সহিত আমার নম্বরের এতই তফাং হইল যে,
গোপালের তুলনার আমি একরপ নগণ্যই হইয়া গোলাম। আর তার
বুদ্ধির অন্তিন্তে কাহারও সন্দেহ রহিল না। স্থামাদের প্রধান শিক্ষক
একদিন পিতার সমক্ষে তাহার ধাশক্তির অজ্ঞ প্রশংসা করিলেন।
স্থামার আত্তঃ হইল।

আমরা দিতীর শ্রেণীতে উঠিয়াছি। কিন্তু আমার উংসাহ ভঙ্গ হই-য়াছে। পাঠে অনাস্থা আরম্ভ গ্রয়াছে।

মা যে গোপালের উন্নতিতে অত্যন্ত স্থা হইয়াছিলেন, সে কথা বলাই বাহুল্য। কিন্তু এ সম্বন্ধে পিতার মনোভাব কি, তাহা এ পর্যান্ত ভাল-ক্লপ বুঝিতে পারি নাই। দেশের যে কয়জন বালক আমাদের বাড়ীতে থাকিয়া শিক্ষাগাভ করিতেছিল, তাহাদের মধ্যে একজন ছাড়া আর যে কাহারও আমার ছঃথে সহাত্ত্তি নাই, তাহা আমি আগে হইতেই জানিতাম। কারণ, আমি তাহাদের সঙ্গে বেশি মেশামেশি করিতে চাহিতাম না। 'তাহারা পরভাগ্যোপজীবী' এই জ্ঞানে বিজ্ঞের চালে দ্র হইতে তাহাদিগকে দয়া দেখাইতাম, এইমাত্র। শুধু অকার্য্য সাধনের জ্ঞানিকপারে তাহারা অবজ্ঞা সহ্থ করিত। কেবল সরকারদের বাড়ীর শ্রাম আমার প্রিরপাত্র ছিল। সে নিজের অবস্থা বিশেষ ব্রিরাছিল। এইজ্ঞা আমার সমান হইতে চাহিত না। শ্রাম আমার মর্য্যাদা রাখিয়া কথা কহিত, ও সকল সময়েই আহুগত্য দেখাইত। ক্রমে ক্রমে সে আমার প্রির সহচর হইয়া উঠিল। আমার মনের কথা একমাত্র তাহারই কাছে প্রকাশ করিতাম। গোপাল তাহাদের সঙ্গে মেশামেশি করিত বলিয়া শ্রাম বলিত—''গোপাল না মিশিবে ক্লেন ? মারের অমুগ্রহ যতদিন আছে, ততদিনই গোপাল বড়। সে অমুগ্রহ গেলেই গোপালও যে, উহারাও দে।''

শ্রাম যথন তথন এইরূপ ঠিক কথা কহিত। এইজগুই আমি
শ্রামকে ভাল বাসিতাম। "মারের অন্তগ্রহ যতদিন থাকিবে।" হার।
এ অন্তগ্রহ কতদিন থাকিবে। মা জীবিত থাকিতে কি এ অন্তগ্রহ
যাইবে? আমি তাঁগার গর্ভলাত সম্ভান হইরাও তৎকর্তৃক সপত্নী প্রের
শ্রায় আচরিত হইতেছি। এখন পিতার মনোভাব ব্ঝিতে পারিলেও
চিত্তে কতকটা শাস্তি আসে।

এক প্রাইভেট টিউটরের পরিবর্ত্তন ছাড়া এ বাবং পিতার বাছ অসন্তোষের কোনও লক্ষণ দেখিতে পাই নাই। ইদানীং পিতাকে সর্বাদাই চিস্তিত দেখিতাম। কিন্তু তাহাতে অসম্ভোষের কোনও নিদর্শন দেখিতে পাই নাই।

সহসা বিধাতা সেই দিন আমার চকে সেই শুভচিত্র উন্মুক্ত করিয়া-'দিলেন। পিতামাতার গৃহে এতদিন বান্ধব-হাঁনের ভায় অবস্থান করিতেছিলাম। এতকাল পরে প্রাণে একটু শাস্তি পাইলাম।

(ক্রমশঃ)

शकीरदाम अमान विमानित्मान ।

### যমালয়ের পত্রাবলী।

(পর্বাপতাশিতের পর)

এখন এক প্রকার নৃতন সম্বিত্তি আসিয়াছে। সর্বাদেহে মৃত্যু আছের করিয়াছে। দেহ এখন প্রস্তর-মূর্ত্তির মত জড়তাময় ও কঠিন; কিন্তু আমি যেন মুক্ত। পূর্বের চৈত্ত ধীরে ধীরে নষ্ট হইতে ছিল; কিন্তু এখন যেন আমি এক সূর্জান্তে জ্ঞান প্রাপ্ত হইলাম। আমি এখন কোপার? কুজাটিকা ও রজনার মধাবতী আমি যেন জীবনহীন মহাশুনো ঝুলিতেছি। কিন্তু, সেই স্থানকে ঠিক অন্ধকারময় বলিতে পারা বায় না: যদিও তথায় একটিও আলোকরশ্মি নাই, স্বামি সমস্তই দ্বেখিতে পাইতেছিলাম। আমি তথার শীতে অস্থির হইরা পড়িলাম। সেটা যেন অন্তরের শৈতা। আমার হৃদয় গুরু গুরু করিতে লাগিল, সর্ব্ শরীর কাঁপিতে লাগিল, দম্ভে দম্ভে লাগিয়া কড়মড় করিতে লাগিল। সেই স্থান আবার হর্গন্ধময় বাঙ্গে পরিপূর্ণ; আমার স্তকারোলামের উপক্রম হইল। হুৰ্গন্ধে ও শৈত্যে অন্থির হইয়া আমি ভাবিতে লাগিলাম ''আমি. কোণায় আসিয়া পড়িয়াছি ? আমি কি নরকে যাইতেছি।'' যাহা পুরাণাদিতে

পড়িগাছি, আমার সেই কথা মনে আসিল। কিন্তু, তাহা হইলে অগ্নিকুণ্ড কোথায়, অগ্নিকুণ্ডের নিকট যাইলে আমিও শীতের হন্ত হইতে মুক্ত হইতে পারিতাম। হার ! সে সময়ে জানিতাম না "অগ্নিকুণ্ড কি !" তখন কে জানিত যে, ভীষণ আগ্নের কুণ্ড লক লক জিহবা দারা আমাকে শীঘ্রই ঘেরিয়া ফেলিবে।

আমার মনে হইতেছিল আমি আবরণ-লেশ-শৃত্ত নগ্ন। কিছ তাহাতে আমার লজ্জা আলিতেছিল না। যে আমি পূর্বে জগতে লীলা করিয়া আসিয়াছি, এখনও আমার সেই আমিত্ত-বোধ রহিয়া গিয়াছে। বদিও আমার এথন বাস্তবিক হস্ত, পদ, চকু, কর্ণাদি কিছুই নাই; যদিও আমার পূর্বের স্থূল দেহ নাই, কেবল তাহার ছায়া মাত্র আছে, তথাপি আমার মনে হইতেছিল—পূর্বের চকু দিয়াই আমি দেখিতেছি, পূর্বের নাদিকার আণবোধ করিতেছি; আমার পূর্বের মত দেহ কাঁপিতেছে, দস্তপাটি শীতে কড়্মড় করিতেছে।

কিছ, পূর্বের সাহদ আর আমার নাই। আমি জানি, জীবিত ভোনরা, নিজ কাপুরুষতা খীকার করিতে কুন্তিত হও; কিন্তু, আমি ংস সময়ে এতদুর নীচতা প্রাপ্ত হইয়াছিলাম যে, ''আমি কাপুক্ষ" এ কথা বলিতেও আমার কোন লজা বোধ হইতেছিল না। হতভাগ। আমি, যথন এইরূপ তীব্র যাতনা ভোগ করিতেছিলাম, তথন আমার আত্মীরেরা মহা ধুমধামের সহিত আমার প্রাদ্ধাদি কার্য্য সম্পন্ন করিতে-ছিল। যায়কেরা ও পুরোহিত, মনোমত অর্থ পাইয়া "ধন্ত ধন্য" বলিতেছিল এবং আমার যে স্কাতি হইয়াছে তাহা লোক-স্মক্ষে জ্ঞাপন করিতেছিল।

আমি, কিন্তু, ক্ৰতগতিতে ভাসিতে ভাসিতে চলিতেছিলাম। অবশেষে আমার চরণ বেন একটা কঠিন ভূমি ম্পর্ল করিল। ইহা কি মৃত্তিকা?

না ঠিক মৃত্তিকা নর; ইহা স্পঞ্জের মত নরম, কিন্তু, তুর্গদ্ধ-পরিপূর্ণ। ইহার উপরে কুয়াসা ও কাক-ক্ষ্যোৎস্নার মধ্য দিয়া আমি যেন মনোগতিতে উডিয়া যাইতে লাগিলাম। এইক্লপে কত সহস্র ক্রোপ বে অতিক্রম করিলাম, তাহা আমার জ্ঞান নাই। অবশেষে আমার বোধ হইল যে অভিদূরে একটী ক্ষীণ আলোক দেখা যাইতেছে। আমি যেন কোন অজ্ঞাত শক্তির আকর্ষণে সেই ক্ষীণালোকের দিকে ধাবিত হইলাম। ক্রমে ক্রমে সেই ঘন কুরাসার নিবিড়তা কমিয়া আসিতে লাগিল; আমি দুরে নানারূপ অস্পষ্ট আরুতি দেখিতে লাগিলাম ;—ছোট বড় দৌধমালার, প্রাসাদের, গুর্গের ইত্যাদি কত রূপ কত চিত্র আমার নয়নসমীপে ভাগিয়া উঠিল। বথার্থই দেখানে প্রাসাদাদি বিভয়ান ছিল, কিংবা সে গুলি আমার কল্পনাপ্রস্থত, তাহা আমি বলিতে পারিনা, তবে আমি জানি যে, অতি ক্রতবেগে যাইতে ষাইতে আমি একবার পূর্ব্বোক্ত একটা ছাম্ন-ছুর্গ-ভেদ করিয়া চলিয়া গিয়াছিলাম। কিছু দূর যাইয়া মহুব্যাকারধারী, ছায়া-শরীর সকল আমার নয়নগোচর হইল,—প্রথমে ছই একটা, তাহার পর দলে দলে আমার চারিধারে ঘুরিতেছে, দেখিলাম। এক দল আসিয়া আমার ' বেষ্টন করিল। তাহারাও আমার মত নরক্যাত্রী। আমি ভয়ে ভাহাদিগের নিকট হইতে পলাইলাম: আবার আর এক দল আসিয়া আমায় বিরিয়া ফেলিল। এইরূপে আমিও যত পলাই, নৃতন দল আমিরাআমাকেধরিয়া রাখিতে চেষ্টা করে। আমারও ছায়া-মৃর্ত্তি, ষ্মতএব তাহারা আমাকে কিছুতেই বাধা দিতে সক্ষম হইল না। তাহা-দিগের বিকট অমান্থবিক ক্রন্দনধ্বনি আমাকে:ভয়ে:ও যন্ত্রণায় অভিভৃত কবিয়া ফেলিল।

স্থাধের বিষয়, আমার মত নব-যাত্রী আরও আসিতেছিল, এবং

व्यामात्र ত্যাগ করিয়া তাহারা দলে দলে তাহাদিগের নিকট ছুটিল। আমিও তাহাদিগের হন্ত হইতে উদ্ধার পাইরা প্রকৃতিত্ব হইবার জন্য একস্থানে অপেক্ষা করিলাম। প্রকৃতিস্থা আমার আবার বৃদ্ধি প্রত্যানয়নের চেষ্টা । নিরাশার অগাধ সলিলে নিমগ্ন, অামি তঃথে ও হতাশে অবসন্ন হইরা সেই স্থানে ব্যিমা পড়িলাম। দৈহিক স্থ ও বাসনার তৃপ্তির জন্য জীবন অতিবাহিত করিয়া পৃথিবীতে যে বিষ-কক্ষ রোপণ করিয়াছিলাম, তাহরে ফলভোগের কাল উপস্থিত। নরকের পথ অতি যত্নে আমি নিজেই প্রস্তুত করিয়া আসিয়াছি, ইহা আমার যথাজ্জিত পুরস্কার। এই চিস্তা মনে আমার একটু তৃপ্তি দিয়াছিল। নরকেও দেখি এক প্রকার তৃপ্তি আছে **:** 

আমার নিজের উপর এই সময়ে একটা আতান্তিক ঘুণার উদ্রেক হইয়াছিল। ইহাতে যেন কেহ না মনে করেন, আমার নিঞ্রে প্রতি যে তীত্র আসক্তি ছিল তাহার কিছু হ্রাদ হইয়াছে ;—ইহা পূর্বের মত অটুট আছে। এত আয়ুপ্রীতি সত্ত্বেও, আমার ইচ্ছা হইতেছিল যে, আমি নিজেকে বতু বিথতিত করিয়া ফেলিয়া দিই। অতিশন্ন স্বার্থপর লোক ্বৈরূপ আত্মানুরাণের জন্তই আত্মহত্যা করিতে যায়, আমারও সে দময়ের ভাব অনেকটা দেইরূপ ছিল ৷ আমার মনে হইতেছিল, আমি নিজ সর্বনাশ নিজেই করিয়াছি। "আমার এই ঘুণিত অবস্থার নিমিত্ত আমা-কেই অভিসম্পাত দিতেছিলাম; কিন্তু প্রকৃত অমুতপ্ত হইতে পারি নাই। অনেক চেষ্টায়ও অমুতাপ আসিতেছিল না। অমুতপ্তেরও যে স্থুখ আদে তাথা আমার কোথায় ় কেবল যে আত্মানি করিতেছিগাম, তাহা নহে ; আমার নিজের অবস্থার উপর একটু সহার্ভৃতিও হইরাছিল। আমার মনে হইতেছিল, আমি যদ্যপি একটু কাঁদিতে পারি,—কাঁদিতে পারিলে হয়ত আমার হঃথের কিছু লাঘব হইত। হই ফোঁটা নয়ন-

বারি হার আমার তাহা ও নাই। এক কেঁটা চোথের জল কেলার সে সুথ আমি কি তাহাতে বঞ্চিত! এই চিস্তা মনে আদিতেই আমার বেন অস্তরাত্মা কাঁপিতে লাগিল।

আমি হঠাং শিহরিয়া উঠিলাম, আমার পার্ষেই এক মানব-কণ্ঠের অমামুষী স্বর, এক যুবতী এবং তাহার বক্ষে এক হগ্ধপোষা অপোগণ্ড।

সে সেহাঙ্গভাবে বলিতেছে "সেটা র্থা চেষ্টা! আমি অনেক বার চেষ্টা করিয়াছি, এবং এখনও করিতেছি। এখানে জল কোথাও নাই, এমন কি নরন-বারির উপযোগী এক ফোঁটাও নাই।" তাহার ভাষা অপেক্ষা ভাহার সমস্ত অঙ্গপ্রভাঙ্গাদি ভাহার স্নেহের ভাব প্রকাশ করিতেছিল। সে যাহা হউক, আমি ত জলের অভাব অস্তরের মধ্যে বোধ করিতেছিলাম, চক্ষে এক বিন্দুও জল আনিতে পারিতেছিলাম না বলিয়া মনে মনে তৃঃথ করিতেছিলাম—তবে এই যুবঙী তাহা জানিলা কি করিয়া, আমি কথার তাহা ত ভাষার প্রকাশ করি নাই! এখানে কি মনের ভাব বাহিরে প্রকাশ পার!

যে প্রকারেই জানিতে পারুক, রমণী সত্য কথা বলিয়াছে। জীর-দশার এমন অনেকদিন গিয়াছে যখন আমি ছ:থে কাঁদিতে পারিতাম, গাপ করিয়া অমৃতপ্ত হইতে পারিতাম, কিন্ত ভাহা ইচ্ছা করিয়া তখন আমি করি নাই। কিন্তু, এখন আমি আগ্রহসহকারে নয়নাশ্রর কামনা করিতেছি, কিন্তু তাহা শত চেষ্টাতেও আসিতেছে না।

যুবতী আমার পার্ষে উপবেশন করিল। সে চতুর্দ্দশবর্ষীয়া বাল-বিধবা (এই পরিচয় আমি পরে পাইয়াছিলাম)। যে শোকপূর্ণ স্নেহের সহিত তাহার অঙ্ক শিশুর দিকে সে সৌৎস্ক্রেডা তাকাইয়া ছিল, তাহা বর্ণনাতীত।

কিছুকণ নিত্তৰভাবে অবস্থান করিয়া সে আমার প্রতি দৃষ্টি নিকেপ

করিল। তাহার নয়ন আমার দিকে, কিন্তু তাহার মন সেই শিশুর উপর গ্রন্থ।

সে বলিল "তোমার কি মনে হয়. শিশুটি কি জীবিত নাই ? বল, टिम मरत नाहे, तल दिम पुमाहेराङ्क, यिनि छ दिम निष्ठि छ। ना, यिनि छ। তাহাকে কাঁদাইতে পারিতেছি না।"

সত্য কথা বলিতে গেলে, সেই অপোগগুকে দেখিয়া অবধি, তাহার মুত্যু-সম্বন্ধে আমার দৃঢ় বিশ্বাস ছিল; কিন্তু যুবতীকে কণ্ট দিতে আমার প্রাণ সরিল না। আমি বলিলাম না, শিশু জীবিত আছে। অনেক সময়ে শিশুরা ঐরপ স্থির ভাবে বহুক্ষণ ধরিয়া নিদ্রা যায়।" আমার নিজের স্বরে অথমি চমকিয়া উঠিলাম। মৃত্যুর পর এই আমার প্রথম কথা ৷

সেই শিশুকে দোলাইতে দোলাইতে যুবতী উত্তর করিল, "আ তাহাই বল, -- শিশু ঘুমাইতেছে ! সকলে কি না বলে, আমি আমার নিজ জ্রণকে হত্যা করিয়াছি, আমার আপন সম্ভান ! সকলে মূর্থ, ভাছাই - এই কথা বলে: জননী, তাহার নিজ সম্ভানকে হত্যা করিবে! তাহার প্রাণাপেক্ষা প্রিয়তম বস্তুকে নিজ হস্তে নাশ করিবে! একথা কি জননী কখনও চিম্ভা করিতেও,পারে ?"

এই কথা বলিতে বলিতে সে তনম্বের বদন চুম্বন করিতে লাগিল, উন্মাদের মত তাহাকে নিজ আঙ্কে সম্বেহে পীড়ন করিতে লাগিল। তাহার ব্যবহার দেখিয়া আমার স্থির নিশ্চয় হইয়াছিল যে, সে মহা চেষ্টায়ও তাহার তনম্ন যে জীবিত আছে এই বিখাস হৃদম পোষণ করিতে পারিতেছে না: তাহাই বার বার তাহাকে জাগাইতে চেষ্টা করিতেছে, তাহাই আগ্রহে তাহাকে একবার কাঁদাইতে চেষ্টা করিতেছে। স্থামি তাহার ভীত্র যন্ত্রণা দেখিয়া সে স্থান হইতে ক্রত প্লায়ন

করিলাম। তাহার হু:থে সহাত্তুতি করিয়া আমার নিজের হু:থ কিঞিৎ লাঘব হইল। কিন্তু তাহা অতি ক্ষণিক। আমার নিজের ভারাক্রান্ত যন্ত্রণায় আমি ছুটিতে লাগিলাম।

ক্রেমশঃ

সেবাত্রত পরিব্রাজক।

## একটি আধুনিক ঘটনা।

এবৎসর বসন্তরোগের কি ভয়ানক প্রকোপ, দকলেই অবগত আছেন। সম্প্রতি আমার এক বন্ধু এই রোগে আক্রান্ত হন। ভগবং-কুপান্ন তিনি এক্ষণে সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়া আমার সমীপে যাহা বলিয়াছিলেন—তাহাই সাধারণের অবগতির জন্ত প্রকাশ করিলাম। ষে সময়ে তিনি উক্ত রোগাক্রাস্ত ছিলেন, দেই সময় তাঁহার জীবনের আশা একেবারেই ছিল না; এমন কি তাহার স্থুল দেহ নিম্পন্দভাৰ্থ প্রাপ্ত হইয়াছিল।

তিনি দেহ হইতে পুথক হইয়া কলিকাতায় কোন প্রাসিদ্ধ নাট্য-শালায় গিয়া তাঁহার বন্ধুগণের নিক্ট উপস্থিত হইলেন। কিন্তু তাঁহার ষন্ধ্যাণ সেইস্থানে উপস্থিত থাক। সত্ত্বেও তাঁহার আগমনে কেহই তাঁহার অভার্থনা বা সমাদর করিলেন না। তিনি সেই নাট্যশালার এক প্রাসদ্ধ নায়ক (actor): তিনি ভজ্জা বিরক্ত হইয়া বলিলেন যে "ভোমরা আমার এই নিদারুণ রোগাবস্থাতে আমার আসা সত্ত্বেও আমাকে কেহ দুক্পাত করিলে না" ( তাঁহার বন্ধুগণ প্রকৃতই কেহ তাঁহাকে দেখিতে পায় নাই, কিন্তু তিনি প্রত্যেককেই দেখিয়াছিলেন )।

এই বলিয়া তিনি অন্ত এক বন্ধুর বাসায় গমন করিলেন, কিন্তু ইহার পুর্বের সে বাদায় কথনও যান নাই।—তথায় গিয়া দেখিলেন যে, তাঁহার বন্ধু নিদ্রায় অভিভূত হইয়া রহিয়াছেন, অগতাা তিনি পুনরায় বাটী প্রত্যাগমন করিলেন। নিজ গৃহে আসিয়। দেখিলেন যে, তাহার নিজ স্থুন দেহটি বদস্ত রোগে ভীষণ রূপ ধারণ করিয়া পতিত হইয়া রহিয়াছে। পার্যে তাঁহার জননী ও স্ত্রা উভয়েই অবসরভাবে অর্দ্ধ নিদ্রা অবস্থার শায়িতা। রাত্রি অধিক। করেক দিবদ দারা দিন রাত্রি ঠাহারা ছন্চিন্তাতে, অনশনে ও অনিদায় জড়ীভূতা ছিলেন। তিনি নিজ দেহ দর্শন করিয়া ভীত ও চমকিত হইলেন। তথন কোন এক मिक ठाँशाक वलभूर्वक चाकर्यन कतिया (महे (मह-मरधा नहेया (भन, তিনি চকিতের লায় সেই নিজ স্থল দেহে প্রবেশ করিলেন। তথন তাঁহার দেহে ঈবং জ্ঞান সঞ্চার হইল। পূর্বোক্ত ঘটনা গুলি এত অল সমলের মধ্যেই ঘটিয়াছিল যে, তাঁহার প্রাণটি যেন দেহ হইতে এক নিমেষের জন্ত বহির্গত হইয়াছিল। এখন হইতে তাঁহার বোধ হইল, ্ষেন তিনি পুনজ্জীবন লাভ করিয়াছেন। সেই অতি অল্ল সময় টুকুর মধ্যে যদি তাঁহার স্ত্রী কিম্বা মাতা জাগরিত থাকিতেন, তাহা হইলে ভদৰ্শনে বাটীতে একটা হুৰুছুল কাণ্ড পড়িয়া যাইত এবং বোধ হয়, রোগীর পক্ষে ক্ষতিও হইতে পারিত ; সোভাগ্য বশতঃ তাহা ঘটে নাই।

এই ঘটনাটি তাঁহার মূখ হইতে শ্রবণ করিয়া আমি তাঁহাকে প্রশ্ন করিলাম বে, আপনি সে সময় কোন স্থানে কি অবস্থায় ছিলেন ?" তিনি কেবল মাঞ্ "শৃন্তে" এই উত্তর ভিন্ন আর বিশেষ কিছু বলিতে সক্ষম হইলেন না বা শ্বরণ নাই বলিয়া জানাইলেন। সে ঘাহা হউক, প্রায় এক মাস পুর্বে (তখন তিনি বেশ স্কৃত্ত হইয়াছেন) তিনি পুর্ব্বোক্ত বক্টির নিকট গিয়া উক্ত ঘটনাটির গল্প করিলেন। তৎশ্রবণে তাঁহার

বন্ধটি বলিলেন, হাঁ! আমি এক রাত্রিতে স্বপ্লাবস্থার তোমাকে তোমার সেই অমুস্থাবস্থাতেই আমার গৃহে দেখিরাছিলান, এবং এই অবস্থাতে কিরপে এখানে আসিলে, তাহা কিছুই স্থির করিতে না পারিয়। আশ্চর্যান্বিত হইয়াছিলান, তৎপরে আমার নিজাভঙ্গ হইলে স্বপ্ল বলিয়া স্থির হইল : কিন্ত এই তঃস্বপ্ল দর্শনাবধি পাছে কোন হর্ঘটনা ঘটে এই ভয়ে মনটা কয়েকদিন বড় ব্যাকুল ছিল। যাহা হউক, মার অমুগ্রহে ভূমি রক্ষা পাইয়াছ। এই বলিয়া বন্ধু সেই অতীত রাত্রির তারিখটি স্পরণ করিতে যাইলেন কিন্তু স্পরণ হইল না। তাঁহার Diary ছিল না।

শ্রীচারুচন্দ্র মুখোপাধ্যায়।

### যমদূত।

স্ক্ষশরীরী জীব থাকিতে পারে, ইং। হয়ত অনেকে বিশ্বাস করি-বেন না। কিন্তু বাঁহারা এ সম্বন্ধে একটু আলোচনা করিরাছেন, তাঁহারা উহাদের অন্তিত্ব এক বাক্যে স্বীকার করিবেন। এমন এক স্ময় ছিল, যথন স্ক্ষশরীরী জীব বা ভূত, প্রেত, আমিও বিশ্বাস করি-ভাম না; কিন্তু গত বিশ্বংসর যাবং এ সম্বন্ধে আলোচনা ইত্যাদির মারা আমি বেশ ব্বিতে পারিয়াছি যে, উহাদের অন্তিত্ব তোমার আমার অন্তিত্বের মত প্রত্যক্ষ।

এইসম্বন্ধে তুই একটা বাস্তব ঘটনা যাহা আমার ও অগ্রাস্ত করেকজন দর্শকের দৃষ্টিগোচর হইয়াছে, তাহা নিমে শিথিত হইল। প্রায় ১৮ বংসর পূর্ব্বে কলিকাতার একবার ওসাউঠার ভরকর প্রাছ-ভাব হইয়াছিল। সেই বংসর কলিকাতার এমন বাটী প্রায় ছিল না, ষে বাটীতে অস্ততঃপক্ষে একজনেরও এই পীড়া হয় নাই। আমার এক আত্মীরের বাটীতে ৪টী বাক্তি উক্ত পীড়ায় আক্রান্ত হন। স্থতরাং আমাকে বাধ্য হইয়া উক্ত স্থানে অবস্থান ও রোগিগণের পরিচর্যার ভার গ্রহণ করিতে হইয়াছিল। একদিন বৈকালে একটা রোগীর অবস্থা ক্রমেই সঙ্কটাপন্ন হইতে লাগিল। কাজেই সেই বরে লোকসংখ্যা ক্রমেই বৃদ্ধি হইল—আমাকেও রোগীর নিকট থাকিতে হইয়াছিল।

ঠিক সন্ধ্যার সময় বাহিরে একটা গোল উঠিল। ব্রুক্তাসায় জানিলাম
—উক্ত বাটীর প্রথম তলে একটা বিকটাকার লোক, দ্বিতলস্থ রোগীর 
ঘরের দিকে লক্ষ্য করিয়া দাঁড়াইয়া আছে। বাহিরে বারান্দায় আসিয়া আমিও তাহাই দেখিলাম, এই বাটীর দ্বারবান ও লোকজনদিগকে আমি বিলক্ষণ রূপে চিনিতাম। দেখিলাম এ ব্যক্তি—তাহাদের মধ্যে কেইই নহে।

ি ভিতর বাটীর প্রাঙ্গণে, যে স্থানে উক্ত মৃত্তি দাঁড়াইয়া আছে, সে স্থানে যাইতে হইলে ভিতর বাটীর উপরতলার আসিবার যে সিঁড়ি আছে, তাহা দিয়া যাইতে হইবে কিংবা বহিবাটী হইতেও একটি ঘার দিয়া আসিতে পারা যায়; জানিলাম যে, উক্ত ঘার ভিতর বাটীর দিক্ হইতে বন্ধ আছে। স্থতরাং তল্পারা সে সময় বহিবাটী হইতে আসিবার সন্তাবনা আদৌ ছিল না।

আমরা তথনই ভিতর বাটীস্থিত সিঁড়ি দিয়া উক্ত প্রাহ্মণে গিয়া মৃষ্টিটি ধরিবার উদ্দেশে গমন করিলাম; কিন্তু নীচে পৌছিয়া আর দেই স্থানে সেই মৃষ্টিটি খুঁজিয়া পাইলাম না। চতুর্দিক ভন্ন তন্ন করিয়া দেখা হইল। বহিবাটীতে যাইবার ধার ভিতর হইতে অর্গলাবদ্ধ; স্থতরাং সে দার দিয়া কাহারও আসিবার বা পলাইবার উপায় ছিল না।

ষথন আমরা উক্ত অনুসন্ধানে প্রবৃত্ত, ঠিক সেই সময় উপর হইতে ক্রন্দনের রোল উঠিল—আমাদের পূর্ব্বোক্ত রোগীর প্রাণবায়ু বহির্গত হইয়াছে।

এখন জিজ্ঞান্ত এই যে, উক্ত দৃশুটি কি স্নামাদের দৃষ্টিবিভ্রম ? যদি তাহাই হয়, তাহা হইলে একই সময়ে এবং একই স্থানে এতগুলি ব্যক্তির ঠিক একই রকম দৃষ্টিবিভ্রম কি সম্ভবপর ?

এ প্রকার আরও বহু ঘটনা দেখিরাছি। ছরমাস পূর্বেকে কোন স্থানে একটি কয় বাক্তির গৃহে অবস্থানকালীন ঠিক উক্তরণ একটা ঘটনা আমার প্রত্যক্ষাভূত হইরাছিল। এক রাত্রিতে রোগীর ঘরের একটা জানালার নিকট একট মূর্ত্তি দাঁড়াইয়া থাকিতে দেখিরাছিলাম; কিন্তু জানালার পার্শ্বে তৎক্ষণেই গিয়াও সে মূর্ত্তির অস্তিম্ব খুঁজিয়া পাই নাই অথবা কি প্রকারে কোথা দিয়া সে মূর্ত্তি চলিয়া গেল, তাহাও অবধারণা করিতে পারি নাই। কেবল আমি বলিয়া নহে, বাটার যে সকল লোক রোগীর পরিচর্বাা করিতেছিলেন, তাঁহাদেরও নিকট শুনিয়াছিলাম যে, তাঁহারাও অন্ত এক রাত্রিতে রোগীর পার্শ্বে অপর একজন লোককে বিসরা থাকিতে দেখিয়াছিলেন। এইরপ ঘটনা আমি আরও কয়েক জ্বানে প্রত্যক্ষ করিয়াছি। কিন্তু যে যে স্থানে এইরপ ঘটনা ঘটয়াছে, সেই সেই স্থলেই ব্রিয়াছি যে, রোগীর আয়ু শেষ হইয়াছে। কারণ, দেখিয়াছি, কার্য্যেও তাহাই ঘটয়াছে।

## "ফকীর ব্রহ্মা কা রেখ-পর মেঁখ মারতা**হৈ।**"

**一:গ:**—

#### অনেক দিনের কথা, কিন্তু প্রকৃত ঘটনা।

একদা একজন কুন্তকার ঘুঁটে কুড়াইয়া আনিতেছিল। পথিমধ্যে একজন বৃদ্ধ পথিককে দেখিয়া তাহার আর আনন্দের সীমা রহিল না। তথন সে ঘঁটের ঝাঁকাটী নাবাইয়া বুদ্ধের পদ্ধুলি মন্তকে ধারণ করিল এবং গল-লগ্ন-বাদে কর্যোড়ে বিনীতভাবে কহিতে লাগিল, 'ঠাকুর। তুমি আমাদের য়িহুদীয় ধর্মের নেতা, পয়গম্বর (ঈশ্বর প্রেরিত) হজরৎ মুদা। জগতের মঙ্গলের জন্ম তূর পর্বতে (আরবস্থ দিনাই পর্বতে ) তোমাকে প্রত্যাদেশ হইয়া গাকে। তুমি যাহা বল, ভগবান তাহাই শুনেন, তোমার অনুরোধ তিনি পালন করেন। কারণ, তিনি তোমাকে মনুষা-হিতার্থে জগতে প্রেরণ করিয়াছেন। অতএব ভূমি আজ আমার প্রতি সদয় হও। আমি তোমার অনুগামী। তোমার আশীর্কাদে · আমার অন্ত কোন কষ্ট নাই,—খাইবার, পরিবার যথেষ্ট আছে; কেবল মাত্র একটী সভাব—একটা হুঃথ এই যে, আমি নির্বংশ। নিঃসন্তানের যে কি ছ:খ. তাহা কে না জানে ? আমি একটা হিজড়া (ক্লীব বা নপুংসক) সম্ভান পাইলে ও যথেষ্ট স্থী হইতাম। তাই বলি দেব। তুমি আজ আমার প্রতি প্রদর হও, -- রূপা কর। আমি জানি, আমি যাহা চাই, তাহা তোমার দারাই পূরণ হইতে পারে। তুমি তুর পর্বতে যাইয়া, ভগবৎসন্নিধানে আমার আবেদন হাজির করু যাহাতে আমি একটী পুত্র-সন্তান পাই। নাথ। ইহাই আমার একমাত্র ভিক্ষা।"

গরিবের সহজ ও স্বাভাবিক বিনয়পূর্ণবাক্যে মহাত্মা মুসার (Moses) ক্যেন হৃদর বিগলিত হইল। তাঁহার চক্ষুতে জল আসিল। তিনি

কুম্বকারের কর ধারণ করিয়া প্রতিজ্ঞা করিলেন যে, তিনি তাহার প্রার্থনা সর্বপ্রথমে ভগবান্কে জানাইবেন, তৎপর অন্ত কথা। তাহাতে ভগবানের যে আদেশ হইবে, তাহা তিনি পরদিবস কুলাল-ভবনে বর্ণন করিবেন। মুসার কথা শুনিয়া কুম্বকার সম্ভষ্ট হইল; তাঁহাকে শত-বার ধন্তবাদ দিল এবং প্রণাম করিয়া নিজ বাটীতে প্রত্যাগত হইল।

সময়ে মহাত্মা মুসা সেই সংবাদ লইয়া কুন্তকার-ভবনে উপস্থিত হইয়াছেন। তাহা গুনিবার জন্ত সকলেই কুমার পদ্ধীর দিকে ছুটিয়া আসিয়াছে। হজরৎ মুসা তথন তাহাদিগকে ত্রের সংবাদ বুঝাইয়া বলিতেছেন, "স্ট জগতে কর্মাই প্রধান। কর্মমাত্রের হিসাব থাকে। এই কর্মের বীজ্ঞ সংকল্প। যথন যে কোন সংকল চিত্তাকাশে উদিত হয়, তথনই তাহা মহাকাশে অন্ধিত ও মুদ্রিত হয়য়া যায়। সেই অন্ধিত সংকলকে ব্রহ্মা কা রেখ অর্থাৎ ব্রহ্মার কর্মরেথা অপবা গুগুচিত্র কিংবা আদৃষ্ট-লিপি কহে। সংকল্প দৃঢ় হইলেই ক্মা কৃত হয় এবং সেই কর্মের ফলভোগের জন্মই জন্মের পর জন্ম ও স্থেছ:খাদি ভোগ হইয়া থাকে। ইহাই বিধি। ভগবানই এই বিধানের বিধাতা। তিনি বলিয়াছেন যে, কুন্তকারের আদৃষ্ট-লিপিতে তাহার, কর্ম্ম ফলামুসারে পুত্র-লাভ লিখিত নাই। সেই জন্ম তিনি তাহা দিতে পারেন না। ইহাই তুরের দৈববাণী।"

মহাত্মা মুদার কথা গুনিয়া লোকে ব্ঝিল বে, স্থ-ছংথাদি ঈশ্বরাধীন নহে, তাহা স্ঠ মানবের নিজ নিজ কর্মাধীন। কুকর্ম করিয়া মনুষ্যের নিকট গোপন করা যাইতে পারে, রাজারও চক্তে ধূলি দেওয়া যাইতে পারে; কিন্ত বিশ্বকর্মা চিত্রগুপ্তের নিকট কাহারও কোন বৃদ্ধিকোশলে সত্য ঘটনাকে লুকায়িত রাধিতে পারে না। অতএব আপনার নিকট আপনি খাঁটী থাকিরা কর্মের উপর নির্ভর করাই উচিত, সংকর্ম সম্পাদনই সকলের বিহিত। এইরপ কথা কহিতে কহিতে ও শুনিতে শুনিতে লোকে স্ব স্থানে প্রস্থান করিল। আমাদের কথিত কুন্তনকারও নিশ্চিত ইইল।

উক্ত ঘটনার চই দিবস পরে কুম্বকার-পন্নাতে সন্ধ্যাকালে একজন দিগদর যুবক হত্তে একটা হাঁড়ী লইয়া বলিতেছে "ভাইরে যা বল্দাল হাম সব কুছ্পায়া হৈ। সেরেফ দো চার গোঁইঠা হোনেসে হো कारिश्रगा। इमरका या करे यहे शाँकिंग दिशा, हम् উन्दर्का उदेशी नफ्का (मंगा।" अर्थाए (इ छारे प्रकत ! ठाउँन ७ छारेन आ म किছू পাইয়াছি। কেবল মাত্র ছই চারি থানি ঘুঁটে হইলেই আমার হইবে, আমাকে যে কেছ যে কয়থানি ঘুঁটে দিবে, আমি তাহাকে সেই কয়টা পুত্র দিব। ফকীরের এই অভাবনীয় কথা শুনিয়া পূর্ব্বোক্ত কুম্ভকার-পদ্মী আনন্দে নাচিয়া উঠিল এবং স্বামী-সমীপে যাইয়া ফ্কীরের কথা জানাইয়া জিজ্ঞাসা করিল ''আমি কি এখন ঐ লোকটীকে তুই চারি-থানি ঘুঁটে দিয়া পুত্র ভিক্ষা করিব ?" ভার্য্যার অসঙ্গত কথা শুনিয়া ্কুস্তকার কুপিত হইয়া উত্তর দিল ''তুই মহাপাপিষ্ঠা। পয়গম্বের বাক্যে ও দৈববাণীতে তোর বিখাস নাই! তুই আমার সহধর্মিণী হই-বার উপযুক্তা নদ্। ঐ যে একজন পাগল, যাহার অঙ্গে একমাত্র কৌপীনও নাই, যে একথানি ঘুঁটেও পায় না, সে আবার পুত্র-দান করিবে ! হাঃ হাঃ ! তোকে আর কি বলিব ? তুই দূর হ'।"

কুন্তকার-পত্নী বিনাবাক্যে অস্লানবদনে চলিয়া গেল এবং অস্তদিক্ দিয়া কণীরকে ইঙ্গিতে ডাকিয়া ঘুঁটে দিতে লাগিল। কুন্তকার-বনিতা বলিল "এই একথানি ঘুঁটে দিলাম।" সাধু বলিলেন "তুমি এক প্রের অধিকারিণী হইলে।" কুন্তকার-জায়া বলিল, "এই দিতীয় ঘুঁটে গ্রহণ कक्रन।" माधु विनातन "जून পूज-वन्न পाইবে।" এইরূপে কুন্ত-कारतत जी शांहशानि पूँ हो मिल, ककीत विलित "मा! आत हारे না। তোমারও অনেক হইল, আর কেন ?'' কুন্তকার পত্নী ভাবিতেছে বে, পুল্ল ত পাঁচটী পাইলাম। এইবার একটা ক্লা হইলেই হয়। কিন্তু এদিকে তথন ফকীরটী কোপা? তিনি তথন রন্ধনীর অন্ধকারে মিশিয়া গিয়াছেন।

কুম্বকার-গৃহিণী দেই রাত্রিতেই গর্ভবতী হইল। বংসরাস্তে পাঁচটা পুত্র-সন্তান প্রস্ব করিল। ইহা দেখিয়া সকলে অবাক। যাহা মুসা করিতে পারেন নাই. যাহা বিধির বিধানে নাই, তাহা একজন পাগলা নি:সম্বল ফকীর মারা সাধিত হইল! কুম্ভকার ও কুম্ভকার-পত্নী এখন আর বাঁঝাবাঁঝি নহে, জনন-শক্তিহীন নহে! ঘোর রহন্ত। বিষম কথা।

এই কথা ক্রমে মুসার কর্ণে পৌছিল। তিনি তথন তৃর পর্বতে যাইয়া মাধা খু'ড়িতে লাগিলেন। তিনি কাঁদিতেছেন ও কহিতেছেন 'ভগবন! তুমিই আমাকে তোমার প্রেরিত নামে সম্মানিত করিয়াছ এবং তুমিই আজু আমাকে মিথ্যাবাদী করিয়া সংসারে অপমানিত করিলে। তাহাতেও কোন হঃথ নাই। কিন্তু নাথ। ইহাতে যে তোমার কথা থাকে না, তোমার নামে ও ইল্হামে (প্রত্যাদেশে) व्यथनाम घरिन । हेटा य कि ट्रेन, किमन कतिया ट्रेन, जारा किस्हे ব্ৰিতে পারিতেছে না।"

অমনি তৎক্ষণাৎ আকাশ-বাণী হইল "তাহা বুঝা বড় কঠিন। সহজে বুঝিতে পারিবেও না। এখান হইতে দক্ষিণ দিকে চলিয়া বাও, সমুদ্রের তীরে একটা তীর্থস্থান আছে। সেথানে একটা মহতী মেলা হয়। সেই মেলাতে যাহা কিছু অভুত কাণ্ড দেখিতে পাইবে, এখানে

আসিয়া ভাহা আমাকে বলিবে। তাহা হইলেই তোমার সকল সংশয় দূর হইবে।'' ভগবৎ-আজ্ঞা শিরোধার্য্য করিয়া মুসা তীর্থ-যাত্রা করিলেন।

গস্তব্যস্থানে যাইয়া মহাত্মা মুদ। মেলার মধ্যে এক চৌমাথায় একটা আশ্চর্য্য লোমহর্ষণকর দৃশ্য দেখিতে পাইলেন। একটা মনুষ্য, তাহার এক হত্তে তরাজু বাটধারা অর্থাৎ দাঁভিপালা ও বাটধারা এবং অপর হত্তে একথানি ছুরিকা। দে দাঁড়াইয়া ক্রমাগত বলিতেছে ''অয় বন্দে খোদাকে ! অসগর তুম লোগো মেঁ কোই অলাহ কা পারে হোন তো হমকো উদ্মালিককে নাম পর অপনে কলেজেকা গোস্ত এক শের ওজন করিকে দে দো। ইস্কা বদ্লা তোম খোদাসে পাওগে।" অর্থাৎ হে মানবগণ ! যদি তোমাদের মধ্যে কেহ ভগবানের প্রিম্ন পাত্র থাক, তাহা হইলে আমাকে দেই ভগবানের নামে নিজের বক্ষ:স্থলের মাংস এক সের ওজন করিয়া দেও। ইহার পরিবর্ত্তে তুমি ভগবান্কে পুরস্বার স্বরূপ পাইবে। কি ভন্নানক কথা। ভগবানের নামে বুকের মাংস একসের কে দিবে ? কেহ দিতে চাহে না, দিতে পারিলও না। কেহ বলিতে লাগিল "ও লোকটী পাগল" কেহ विनन "ও লোক है। দেওয়ানা।" इक्द्र श्रूमा ভাবিতেছেন যে, ইছা একটী অভুত কাণ্ড বটে। দেখা শাউক, ইহার শেষ কি হয়।

সন্ধা সমাগত প্রায়। তথাপি পাগলের আবেদন কেহ ভনিল না, গ্রাহ্ম করিল না। অতঃপর দিগম্বর একটী যুবক নিজ কক্ষে একটী মৃত্ময়-পাত্র (হাঁড়ী) লইয়া তথায় উপন্থিত হইল এবং দেই পাগলকে সম্বোধন করিয়া বলিল "ভোমার ছুরীথানি আমায় দেও। একদের মাংস কি চাহিতেছ, আমার সর্বাঙ্গ সেই ভগবানের নামে অপিত হইয়াছে। অতএব তুমি যত মাংস চাহ, ওঞ্চন করিয়া লও। এই কথা বলিতে বলিতে দিগম্বর ছুরীথানি নিজের বুকে বসাইল ! দেখিতে দেখিতে মানুষ্টা পঞ্চত প্ৰাপ্ত হইল।

তথন মুদা তুর পর্বতে পুনরাগমন করিয়া দমাধিত হইলে, শুনিতে भारे**टलन---**ভগবান कहिरउट स्न "प्रना। प्रनाटि प्रविशाह -- मश्य সহস্র লোকের মধ্যে যে মহাপুরুষ—যে একমাত্র মহাপুরুষ আমার জ্ঞ প্রাণ সমর্পণ করিয়াছেন, তিনিই কুন্তকারপত্নীকে পুত্র প্রদান করিয়া-ছিলেন। যে আমার জন্ম প্রাণ দিতে পারে, আমি তাহাকে কি না দিতে পারি ? জীবমাত্রেই কর্মাধীন বটে, কিন্তু যিনি আমার প্রেমে ডুবিয়া গিয়াছেন, নিজের আমিত্ব হারাইয়াছেন, তিনিও কি কর্মাধীন ? পদার্থ-মাত্রেই দাগ লাগে—আকাশেও কি দাগ লাগিবে? ব্যোমাকার নির্ম্মল নিরঞ্জনরূপ মহাত্মা কি কর্ম্মের অধীন ? কণামাত্র অগ্নি যেমন তুলরাশি ধ্বংস করিয়া থাকে. ভদ্রূপ কণামাত্রপ্ত প্রেমাগ্রি জন্ম জন্মাস্তরের প্রারন্ধ কর্ম্ম সকল ধ্বংস করিয়া ফেলে। যাঁহারা প্রেমিক-প্রধান, তাঁহারা বিধি-নিষেধের অতীত—বিশুণাতীত। প্রকৃতি তাঁহাদের আজ্ঞাকরী দাসী। ত্রিভূবনে তাঁহাদের অসাধ্য কোন কিছুই নাই। সেই অভাই প্রবাদ আছে:-- "ফকীর ব্রহ্মা কা রেথ-পর মেঁখ মারতা হৈ।" অর্থাৎ ফকীর ব্রহ্মার লিপির উপর পেরেক মারেন-অদৃষ্ট-লিপি থণ্ডন করেন।

বিন্দ শ্রীনিবঞ্জন মিশ্র।

### উপদেবতার আবেশ।

জেলা হগণীর অন্তঃপাতী কোন গ্রামে \* বামদেব নামে এক ভটাচার্য্য বাহ্মণ বাদ করিতেন। ভটাচার্য্য মহাশ্রের বয়স তথন প্রায় নকাই বৎসর। ভটাচার্য্য মহাশ্র যাজকতা কার্য্যে বিলক্ষণ পার-দর্শী ছিলেন। তাঁহার চারি পূল্র তথন বিজমান। তাঁহার বিতীয় পুল্রের তিনটী পূল্র হইয়াছিল, তন্মধ্যে জ্যেষ্ঠ পুল্রের বিবাহ হইয়াছিল, স্কুতরাং বামদেব ভট্টাচার্য্য মহাশন্ত্র পৌল্র-বধ্র মুখ-দর্শন করিয়াছিলেন। পৌল্র শ্রামাচরণ কবিরাজী শিক্ষা উপলক্ষে কলিকাতার প্রসিদ্ধ কবিরাজ শ্রীযুক্ত চক্রকিশোর দেন মহাশরের ছাত্র হয়েন। পৌল্র-বধ্র বয়্ন তথন প্রায় ১৬ বৎসর।, ভট্টাচার্য্য যহাশয়ের সমন্ন তথন খ্র ভাল। সংসার তথন জাজলামান। এই আধ্যায়িকা, উক্ত ভট্টাচার্য্য মহাশয়ের পৌল্র-বধ্ সহন্দীয়।

ভট্টাচার্য্য মহাশরের এক পুত্র গুরুচরণ ডাক্টার আমার একজন পরম বন্ধ ছিলেন। একদিন সন্ধার সময় ডাক্টার আমার নিকট আসিয়া কহিলেন, "ভাই! আমাদের বাটীতে আজ হই দিবস হইতে একটা অত্যাশ্চর্য্য ঘটনা দেখিতে পাইতেছি। মনে করিয়াছিলাম, যে কাহাকেও প্রকাশ করিব না। কিন্তু প্রত্যহই এইরূপ ঘটনা হই-তেছে। স্থতরাং তোমাকে না বলিয়া থাকিতে পারিলাম না। তুমি আমার একজন পরম বন্ধু, তোমার উপর আমার সম্পূর্ণ বিধাদ আছে, অতএব তুমি একবার আমাদের বাটীতে চল। আমাদের বৌমার এক

ধাহার সম্বন্ধে এই ঘটনাটা সত্য ঘটয়াছিল, তাহার ইচছাত্মারে আমর। আমের
এবং ব্যক্তিগণের নাম গুলু রাখিলাম।

অত্যাশ্চর্যা ভাব হইরাছে। আমরা তাহার কিছুই কারণ নির্ণয় করিতে পারিতেছিনা।"

আমি এই কথা শুনিবামাত্র দ্রুতপদে ডাক্তারের সঙ্গে তাঁহাদের বাটীতে গমন করিলাম। দেখিলাম তাঁহার পুত্ররধু এক অত্যাশ্চর্য্য ভাবে একথানি পিড়ির উপর বসিয়া আছেন। তাঁহার সন্মুথে এক আসনে বামদেব ভট্টাচার্য্য মহাশয় বসিয়া ধ্যান করিতেছেন, এবং ধূপ, দীপ, নৈবেদা পূষ্প-পাত্র প্রভৃতি পূর্জার উপকরণ সকল আশে পাশে শোভা পাইতেছে। তাঁহার পৌত্রবধু ঠাকুরাণী বলিতেছেন, ''দেপুন আপনার। যে ভাবে পূজা করেন, আমি তাহাতে সম্ভুষ্টা নহি। আমি কেবল গঙ্গাজল ও বিৰপত দারা শুদ্ধ ভাবে পূজা গ্রহণ করিতে ভালবাসি "

আমি এই ভাব দেখিয়া শ্রীরাম ভট্টাচার্য্য মহাশয়কে জিজ্ঞাসা করিলাম ''মহাশয়! আপনার পুত্রবধূর একি ভাব ? আর আপনারা কেনইবা ইহার পূজা করিতেছেন ?" তিনি কহিলেন, "আমার পুত্রবধু বৈকালে স্নানের পর যথন বারান্দায় বসিয়াছিলেন, তথন আমি দেখিলাম যে, একটা বিহাতের স্থার তীক্ষ উজ্জ্বল আলো তাঁগার শরীরে প্রবেশ করিল। তিনি তৎক্ষণাৎ উচ্চৈ:স্বরে চীংকার করিয়া ্বলিলেন, ''আমি কালী। তোমার প্তর্বধূর শরীরে প্রবেশ করিয়াছি। ভোমরা অতি শীঘ্র ধূপ, ধূনা, ফুল, বিল্পতা, নৈবেন্থ লইয়া আইস এবং আমার পূজা কর। আমার পূজা করিলে তোমাদের মঙ্গল হইবে।" আমি সেই কথা গুনিয়া আমার পিতাঠাকুর মহাশয়কে সমুদর জ্ঞাত করাইলাম। তিনি তৎক্ষণাৎ ফুল প্রভৃতির উল্গোগ করি-বার আদেশ দিয়া, আমার পুত্রবধ্কে এক আলপোনা দেওয়া পিঁড়ির উপর বসাইলেন এবং নিজে পূজা করিতে লাগিলেন। তথন আমি বলিলাম "আমার বিখাদ হয়না, বে উহাতে ৺কালীমাতার আবির্ভাব হইরাছে। তবে আমি বিখাদ করিতে পারি, যদি উনি আমার এ সম-রের মনের ভাব ব্যক্ত করিতে পারেন।" আমি এই কথা বলিতে না বলিতে উক্ত বালিকা তখনি বলিয়া উঠিলেন "আমি তোমার মনের ভাব সকলি অবগত আছি। তুমি সম্প্রতি একটী বাগান খরিদ করিয়াছ, তাহা তুমি ভোগ করিতে পারিবে কি না এই প্রশ্ন একণে তোমার মনে উদয় হইয়াছে। আমি বলিতেছি, বাগান তুমি নিরাপদে ভোগ করিবে।" আমি এই কথা শুনিয়াই চমকিয়া উঠিলাম এবং মনে মনে স্থির করিলাম, বাস্তবিকই ইহাতে কোন শক্তির আবির্ভাব হইয়াছে। নতুবা এই বোড়শ ববীয়া কুলবণ্ কিরূপে আমার মনের ভাব জানিতে পারিলেন।

"আমার পার্ষে আর একজন ভদুলোক বিসিয়া ছিলেন, তিনিও তাঁহার মনের ভাব জিজ্ঞাসা করায় বধু যাহা উত্তর দিলেন, তাহাও মিলিল। সেই ভদুলোকও দেখিয়া শুনিয়া অবাক্ হইলেন। যাহা হউক সে দিন রাত্রিতে প্রায় এক ঘণ্টা কাল পরে বধুমাতা বলি-লেন ''আমার শক্তি এক্ষণে চলিয়া গিয়াছে।'' এই বলিয়াই, নিজে বধুর স্থায় অবগুঠনবতী হইয়া ঐ পিঁড়ি হইতে উঠিয়া গেলেন এবং আমরাও ঐ ভাবের কারণ চিকা করিতে করিতে অপর কার্য্যে মনো-নিবেশ করিলাম।''

আমার বন্ধুর নিকট উপরিউক্ত ঘটনার বিষয় গুনিয়া সে দিবস বাটা প্রত্যাগত হইলাম। তৎপরদিন সন্ধ্যাকালে উক্ত বধূর পুনরায় ঐক্লপ ভাব হইলে আমি তথায় যাইয়া উপস্থিত হইলাম। আমি বলি-লাম, "কিছু আশ্চর্যা দেখান, নতুবা আমরা আপনার শক্তির বিষয় বিশাস করিব না।" তিনি বলিলেন, "আছে। দেখা" এই বলিতে বলিতে হঠাৎ ঘরের কড়ির নিম্নভাগ হইতে এক বস্তা ন্তন; থান-কাপড় ও গামছা ইত্যাদি পড়িতে লাগিল। আমি একখানি গামছা ভূলিয়া লইয়া তাহার মধ্যে সিকি, ছ্য়ানি, স্থপারি ও কড়ি ইত্যাদি পাইলাম।

তৃতীয় দিবদ সন্ধাকালে পুনরায় তাঁহাদের বাটাতে গিরা শুনিলাম বে বৈকালে পুত্রবধূর পুনরায় সেই ভাব উদয় হইয়াছিল। সেই সময় তিনি ডাব্রুণার মহাশয়কে কলেরা রোগের ও চক্ষের ছানি রোগের ঔষধ ব্যক্ত ব্যল পড়িয়া দিয়াছেন। তদমুসারে ডাব্রুণার মহাশয় একটি কলেরা রোগীকে সেই জল পড়া খাওইয়া দিয়াছেন ও সংবাদ পাইয়া-ছেন, যে সেই রোগীটা অনেক ভাল আছে।

আমি তাঁহাদের বহিবাটীতে বসিয়া আছি, এমন সময় পুনরায় তাঁহার ঐ ভাবের আবির্ভাব হইল। কিছুক্ষণ পরে, আমি একমাস ধাবার জল চাহিলাম। প্রীরাম ভট্টাচার্য্য মহাশয়ের দিতীয় পুত্র আমাকে এক প্রাস খাবার জল আনিয়া দিলেন। জল যেমন পান করিতে গেলাম, দেখিলাম, সেই জল হইতে অতি মনোহর আতরের অপেকাণ্ড স্থান্ধ বাহির হইতেছে। আমি জিজ্ঞাসা করিলাম, "এরপ স্থান্ধ যুক্ত জল আনিয়া দিবার কারণ কি ? সে কহিল, আমাদের বৌ কলসী হইতে এই জল এই মাত্র আপনার জল্ম আনিয়া দিলেন। আমি বিলাম "তোমাদের কলসীতে কি এই প্রকার আতর দেওয়া জল সকলো থাকে নাকি ?" সে কহিল "কলসীটী সামাল্য কলসী। তাহাতে আতর দিবার কোন সন্তাবনা নাই। আমাদের বৌ ঠাকুরাণীর এক্ষণে শক্তির উদ্রেক হইয়াছে, স্তরাং এইরূপ হইয়াছে।" তথন আমি জল পান করিয়া শীঘ্র তাঁহাদের বাটার ভিতর গিয়া উক্ত বধুঠাকুরাণীকে জ্ঞাসা করিলাম, "আপনি কি জলে আতর দিয়া আমাকে পাঠাইয়া

ছিলেন। "তিনি বলিলেন, না।" এই স্থানে আমার বলিয়া রাধা উচিত যে, এই ভট্টাচার্য্য পরিবারের সঙ্গে আমার বিলক্ষণ ঘনিষ্টতা আছে। পরিবারস্থ সকলেই আমাকে পরিবারের মধ্যগত একজন ভাবিয়া অবাধে আমার সহিত কথা বার্ত্তা কহিয়া থাকেন। যাহা হউক, আমি বলিলাম "আপনি আমার সমক্ষে সকল জলে এইরূপ সদ্পন্ধ করিয়া দিতে পারেন।" তিনি সম্মত হইলেন। আমি তৎক্ষণাৎ তাঁহা-দের বাহিরের গোবর গোলা একটা বার-কলদা লইয়া সমুথস্থ পুছরিণী হইতে জল লইয়া আদিয়া তাঁহার সমুথে ধরিলাম। তিনি একবার দর্শন করিবামাত্র সেই জল হইতে অতি অপূর্ব্ব সদ্গন্ধ বাহির হইতে লাগিল।

ক্রমে এই সংবাদ কলিকাতার শ্রামাচরণের নিকট পৌছিল। সে এই সংবাদে চিন্তিত হইয়া তাহার শ্বগুর-বাটীর কোন বন্ধকে সঙ্গে করিয়া তাহার স্ত্রীকে দেখিতে আদিল। বখন তাহারা বহির্বাটীতে উপস্থিত হইয়াছে নাত্র অণচ যখন তাহার স্ত্রী কিছুই জানেন না যে, তাঁহার স্বামী বহির্বাটীতে আদিয়াছে, তখন তাঁহাকে জিজ্ঞাসা করা গেল। "আপনি বলিতে পারেন, বহির্বাটীতে কে কে বিদিয়া আছে? বধুমাতা যে সকল লোকের নাম করিয়াছিলেন, সকলেই সেধানে উপ-স্থিত ছিলেন এবং সেই সঙ্গে তাঁহার স্বামার নাম ও তাঁহার বাপের বাটীর বন্ধর নামও করিয়াছিলেন।

প্রায় পঞ্চদশ দিবদ এই রূপ ঘটনা প্রতাহই ছই তিন বার করিয়া ঘটিতে লাগিল। ক্রমশঃ ভট্টাচার্য্য মহাশদ্মের বাটীর লোকেরা ধূপধ্না, গঙ্গাজল, ফুল, বিষপত্র ইত্যাদির জোগাড় করিতে বিরক্তি বোধ করিতে লাগিলেন। একদিন ভাষাচরণের স্ত্রী বলিতে লাগিলেন "আমার এ বাটীতে পূজা হইতেছে না; স্কৃতরাং আর আমি এখানে ধাকিব না। শীঘ্র অগ্রত্ত গমন করিব।"

একদিন গুরুচরণ ডাক্তার আমাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি এ বিষয়ে কি উপদেশ দেও।" আমরা এইরূপ প্রত্যহ প্রকার আয়োজন করিয়। ঐ দেবতার উপাসনা করিব কি না ? "আমি আদিয়বে মহামাননীয় कर्तन व्यनकृ नार्ट्वरक এই विषय कानाह्या उपातन हाहिनाम। তিনি উপদেশ দিলেন, "ইহা উপদেবতার আবেশ মাত্র। ইহা রাথিবার কোন ফল নাই। তোমরা ইচ্চাশক্তি প্রয়োগ ছারা এই উপদেবতার আবেশ নিবারণ করিতে পার।" তদকুদারে আমর। তিনজনে একদা পভীর রাত্রিতে প্রায় অর্দ্ধঘন্টা ইচ্ছাশক্তির প্রয়োগ করি। পরদিন প্রভাবে খ্রামাচরণের স্ত্রী বলিলেন, ''তোমরা কল্য রাত্রে ইচ্ছা করিয়াছ, স্বামি এখান হইতে অন্ত স্থানে প্রস্থান করি। অতএব স্বাগামী শনি-বার দিবস গ্রাম্য 🛩 সিদ্ধের্বরী ঠাকুরাণীর মন্দিরে আমাকে লইয়া চল। আমি ৮কালীমাতার রীতিমত পূজা করিয়া সেই স্থানে তাঁহার শরীরে প্রবিষ্ট হইব।" তদুরুদারে আমরা তাঁহাকে ৮ সিদ্ধেশ্বরীর মন্দিরে **লইয়া যাই ও দেইখানে পূজা ক**রিবার পর হইতে পুত্রবধূর দেই ভাবের भास्ति इट्टेशाहिल।

শ্রীহর্ণাচরণ চক্রবর্ত্তী।

# দাদা ম'শায়ের ঝুলি।

( ৩১ পৃষ্ঠার পর )

পরদিন সন্ধ্যার প্রাক্তালে আবার সকলে একত্ত্রিত হইলে ব্যোম-কেশ অতিশয় আগ্রহ সহকারে ভট্টাচার্য্য মহাশয়কে সম্বোধন করিয়া কহিল ''কই দাদা ম'শায়, আপনার ঝুলিতে ভূতপ্রেত কি আছে, ছ্একটা ছাড়্ন ! কিন্ধু, সত্য বলতে কি, আমার কেমন কেমন ঠেক্চে; এই ভরসন্ধা বেলা : শেষটা কি সভ্যি সভ্যি প্রের বসবে নাকি গ

ভট্টাচার্যা। তোদের মহিমা আমি কিছুতেই ব্রুতে পারলুম না। তর্কের সময় সকলে এক একটি দ্বিতীয় চার্কাক্; কিন্তু এ দিকে ভয়-টুকুতো বিলক্ষণ আছে দেখতে পাই!

বোমকেশ নেটা আপনাদেরই কপায়! ছেলেবেলা থেকে কেবল ঐ জুজু, ঐ ভয়, ঐ ভৃত, করে এদেচেন। শুধু এক পুরুষ ধরে নয়, পুরুষান্মজ্রমে যদি ঐ প্রোত চলে এদে থাকে, তা হলে ভৃত না থাক্লেও ভৃতের ভয় যে মজাগত হয়ে থাক্বে সে আর বিচিত্র কি! ভাই তো বলি দেশটার মাথা আপনারা বেশ ভাল করে চিবিয়ে থেয়ে রেথেচেন। কতকগুলা ছাই পাঁশ, মাথা মুভুর প্রশ্র দিয়ে দেশে কেবল একপাল কাপুরুষের স্পষ্টি হয়েচে!

ভট্টাচার্যা। আছো দে কথা পরে হবে। এথন আমাকে বল দেখি। ভূত জিনিষ্টা যে একবারেই কাল্পনিক সেটা কি করে দিলাস্ত হইল।

ব্যোমকেশ। এতো সোজা কথা। যা কেহ কথনো দেখতে পায় না, সেটা কাল্পনিক ভিন্ন আর কি বল্বো! 'ভূত' যে আছে, সে প্রমাণ্টা বরং আপনাকেই দেখাতে হবে।

ভট্টাচার্যা। ভাল, তাই ইোক। প্রমাণ তিন প্রকার অর্থাৎ কোন পদার্থের অন্তিম্ব: সিদ্ধ কর্তে হইলে, তার জন্ম তিন শ্রেণীর উপায় আছে। প্রথমতঃ যে ইন্দ্রিরের দার। যে বিষয়ের উপান হর সেই ইন্দ্রিরের দাহায়ে তাহার অনুভূতি বা তদ্বিয়ক জ্ঞানলাভ। ইহার নাম 'প্রতাক্ষ' প্রমাণ। যেমন অমুক ফুণটা রাঙা, ইহার প্রমাণ আমার চাক্ষ্য প্রতাক্ষ; চকু এখানে রূপের জ্ঞান জন্মাইয়া দিতেছে সেইরূপে গোলাপের স্থমিষ্ঠ গন্ধ আছে, এখানে নাদিকা গন্ধের জ্ঞান উৎপন্ন করিতেছে। এই অন্তাক্ত ইন্দ্রিয়জনিত জ্ঞান সহদ্বেও এই প্রকার। এই প্রত্যক্ষ প্রমাণ সকল প্রমাণের শ্রেষ্ঠ। যাহা প্রত্যক্ষের ষারা সিদ্ধ হয়, তাহার জন্ম আর প্রমাণাস্তরের প্রয়োজন হয় না। কিন্ত প্রত্যক্ষ দেশ ও কাল এই উভয় দারা বাধিত, অর্থাৎ সাধারণ মামুষের ইন্দ্রিয়শক্তি এক সময়ে সর্ব্ব দেশে কিংবা সর্ব্বকালে কার্য্যকরী হয় না। যেমন এথানে বসিয়া আমরা আমেরিকায় কি ঘটিতেছে তাহা দেখিতে পাই না. কিংবা কাল যাহা ঘটিয়াছে বা তুই মাদ পরে যাহা ঘটিবে আজ তাহার অনুভৃতি হয় না। এই জন্ত অধিকাংশ স্থগেই বস্তু সংক্ষে জ্ঞানলাভ করতে হ'লে অনুমান নামক দ্বিতীয় প্রমাণের আশ্রয় গ্রহণ কর্তে হয়। যেমন ''পর্কভো বহ্নিমান ধূমাৎ" যেখানে ধুম আছে, সেইথানেই বহ্নি আছে; পর্কতে ধূম দেখিতেছি, অতএধ সিদ্ধ হুইল যে পর্বতের মধ্যেও বহ্নি আছে। এখানে পর্বতের মধ্যে যে বহ্নি রহিয়াছে তাহার জ্ঞান প্রতাক্ষ সিদ্ধ না হ'লেও প্রতাক্ষ সিদ্ধ ধন-জ্ঞান হ'তে বহ্নির অফুমান হচেচ। এই রকমে যে উপায় দ্বারা প্রত্যক্ষ সিদ্ধ জ্ঞানের সাহায্য অবলম্বন ক'রে আমরা অতীত, অনাগত বা দূরবর্ত্তী বিষয়ের জ্ঞানলাভ করি তাহার নাম 'সমুমান'। ামাণের যে তৃতীয় প্রকারভেদ আছে ভাহার নাম 'শব্দ' বা আপ্রবাক্য। ইহার অর্থ হচ্চে শাস্ত্র বা সিদ্ধপুরুষগণের বাক্য: অর্থাৎ শাস্ত্র বা মহাপুরুষগণ যে ষে বিষয় সম্বন্ধে উপদেশ করিয়াছেন সে গুলি সত্য বলে জ্ঞান করতে হবে ৷

ব্যোমকেশ। দাদা ম'শায় এভক্ষণ বেশ বুঝিছিলাম, কিন্তু এইবার যেন গোলযোগ ঠেক্চে। ভোমার প্রভাক্ষ ও অনুমানের সঙ্গে কাহারও সাগভা নেই। কিন্তু ওই যাকে আপ্রবাক্য না শাস্ত্র কি বল্লেন ওইটেই কেমন আমাদের জঠরে পরিপাক হয় না। এই বিংশ শতালীতে যদি শাস্ত্রের দোহাই দিয়ে ভূতের অন্তিছে বিখাস করাতে এবং সেই সঙ্গে আমাকেও ভূত বানাইতে চান, তবে আর আপনার এই সন্ধ্যেবেলায় পণ্ডশ্রম করে কাজ নেই। তার চেয়ে বরং আপনাদের সেকেলে দাল-রায়ের পাঁচালীর হু'টো ছড়া কাটুন মন্দ লাগবে না।

ভট্টাচার্যা। তোর বে সেকেলে কিছু একটাও ভাল লাগে ইহা আশ্চার্য্যের বিষয় বটে। সে যা হৌক ''শাস্ত্র' নামটা উল্গিরণ করতে না করতেই তোরা দামড়া °বাছুরের মত লাফাস কেন বল দেখি •ূ তোরা যাদের কেতাব হু'একখানা পড়ে এক একজন বিস্তাদিগুগজ ও মহা-বৈজ্ঞানিক হয়ে উঠিচিদ দেই ইউরোপীয় পণ্ডিতেরা এই গরীব ব্রাহ্মণ পণ্ডিতদের সেকেলে পচা শাস্ত্র গুলো, ততটা বুঝুক আর নাই বুঝুক, যত্ন করে পড়বার চেষ্টা করে। আর তোরা দব দে গুলোর নাম শুনেই একেবারে থাপা। একেই বলে বাঁশ চেয়ে কঞ্চি দড়।

त्याभरकम। जानाना म'भाग्न भागरे निन जात्र ভानरे वनून, আপনাদের ওই আজগুবি কথার ঝুড়ি শাস্ত্র গুলো অবাধে গলাধ: করণ করতে পার্বো না। ও শাস্ত্রে ফাস্ত্রে বিখাদ করা আমার কর্মা নয়।

ভট্টাচার্য্য। রামচক্র ৷ আমিও কি তোকেও মহাপাতকের কাষ করতে বলতে পারি! তুই শিউরে উঠিদ্ কেন? স্বামি তোকে শুধু শাস্ত্র প্রমাণবলে ভূতের কথা বোঝাতে সাহসাঁ হই নি। তবে তোর যদি স্থমতি হয় তা হ'লে এর পরে তথন শাস্ত্র সম্বন্ধে আলোচনা করা যাবে। আপততঃ প্রত্যক্ষ ও অনুমান দারা আমরা "প্রেততত্ত বৃঝিতে কতদূর: অগ্রসর হতে পারি দেখা যাক্।

ব্যোমকেশ। সে কথা ভাল। কিন্তু ভূতের সম্বন্ধে তো আর প্রত্যক প্ৰমাণ কিছুই নাই।

ভট্টাচার্য্য। কেমন করিয়া জানিলে ? বরং এরূপ বলিতে পার ভূত কথনও তোমার নিজের প্রত্যক্ষের বিষয় হয় নাই। কিন্তু তাই বলিয়া কি সিদ্ধ কর্তে;হবে যে:ভূত কথনও কাহারও ইন্দ্রিয়গোচর হতে পারে না ? ষে জিনিস সাধারণত: স্থুল দৃষ্টির বিষয়ী ভূত নয়, অবস্থাবিশেষে তাহাও দেখিতে পাওয়া যেতে পারে। একটা দৃষ্টাস্ত দিয়া এ কথাটা সহজেই বুঝা যায়। একটা কাঁসার গেলাস বরফ দিয়া পূর্ণ করিয়া কিছুকাণ রেখে দাও। একটু পরেই দেখতে পাবে উহার উপরের গায়ে জলবিন্দুতে ভরে পেছে. ঠিক যেন গেলাগটা ছেমে উঠেছে। এ জলকণা গুলা কোথা হতে এল ? তোদের বিজ্ঞান শান্ত্রেইত বলে যে ওগুলা গেলাদের চারিণাশের বায়ুমণ্ডলে অদৃশুভাবে বাস্পাকারে ছিল; গেলাদের থুব ঠাণ্ডা গায়ের সংস্পর্শে এনে জ্বমে গিয়ে জলবিন্দুতে পরিণত হয়েছে। এ থেকে বোঝা গেল এই যে. জড়পদার্থ ধখন সুক্ষভাবে থাকে তখন তাকে দেখতে পাওয়া যায় না. কিন্তু কোন রকমে যখন সে প্রস্তাব ছেড়ে স্থুলরপ পরিগ্রহ করে তথন আবার তাকে দেখা যায়। এথন কথাটা ভূতের সহদ্ধে থাটিয়ে দ্যাখ্। ভূতের শরীর যে পদার্থে তৈয়ারী, তাহা বায়ু হতেও পৃক্ষ, সেই জন্ম সাধারণতঃ ভূতযোনি মাত্রবের স্থলদৃষ্টির বিষয়ীভূত হয় না। কিন্তু যদি কোন কারণ বশত: মাহুষের দৃষ্টিশক্তির সম্প্রদারণ হয়, কিংবা যে পদার্থ দারা প্রেত ভূতের দেহ রচিত তাহা ঘণীভূত হয় তখন মামুষে ভূত দেখিতে পায়। এখন তোকে জিজ্ঞাসা করি ভূত বলে এক শ্রেণীর জীব আছে যাহা সাধারণ লোক-চক্ষুর অগোচর এরপ একটা কথা বল্লে কি নেহাতই বিজ্ঞানের উপর অত্যাচার করা হয় ?

ব্যোমকেশ। নাহয় মানিলাম যে এক্সপ শরীরধারী জীব থাকা একবারে অযোক্তিক নয়। কিন্তু মানুষ মরে এক্সপ শরীর লাভ করে তাহার সম্বন্ধে মৃক্তি কি ? বুঝিতে পারি বটে যে মান্ত্র ব্যবন মরে তথন আত্মা চলে বার, দেহটা পড়ে থাকে। তা যদি হয়, তবে আবার একটা স্কলেহে কোথা হতে আসচে।

ভটাচার্যা। ভাষা শরীর তো আর একটি নয়, অনেকগুলি।
তোমরা কোনে রেথেচ শরীর ও আত্মা এই হুয়ে মামুষ। কথাটা মোটামোটি হিদাবে সতা হলেও মানবের স্বরূপ কি তা ঠিক ওকথা থেকে
বুঝা যায় না। অণচ মানবের স্বরূপ ও গতি সম্বন্ধে কিছু জ্ঞান না হলেও
প্রেততত্ত্ব ভাল করে আলোচনা করা যায় না। আছো আজ রাত্রিও
হয়েচে, আর বিষয়টাও কিছু জটিল, হ'চার দিনের কমে শেষ হবে না,
অতএব পরে ইহার বিস্তৃত পরীক্ষা করা হবে।

( ক্রমশঃ )

শ্রীমলয়ানিল শর্মা।

---:\*:----

### অদৃশ্য সহায়।

()

#### অলোকিক রূপে রোগের শান্তি।

নিম্নলিধিত ঘটনাটী কলিকাতাস্থ কোন স্থপরি চত সম্রাপ্ত ব্যক্তির সংসারে সংঘটিত হইয়াছিল। কিন্তু তাঁহার নাম প্রকাশে তাঁহার পরিবারবর্নের আপত্তি থাকাতে তাহা প্রকাশ করা গেল না। বদি বিশেষ কোন কারণে অনুসন্ধিংস্থ কেহ উক্ত নাম জানিতে ইচ্ছা করেন, আমরা তাঁহাকে মাত্র তাহা বলিতে প্রস্তুত আছি।

কলিকাতা-বাসী উপরি উক্ত সম্রাস্ত ব্যক্তির এক ভ্রাতা উত্তর পশ্চিমাঞ্চলে কোন প্রধান নগরের মুন্সেফ ছিলেন। মুন্সেফ বাবু একজন সাধু-প্রকৃতির লোক ছিলেন। তাঁহার কনিষ্ঠা কলার প্রকৃতিরও একটু বিশেষত্ব ছিল, সে বাল্যকাল হইতেই অক্ত কাহারও সহিত বড় কথা কহিতে ভাল বাসিত না, বা সম-বয়স্কা বালিকাদের সহিত থেলাও করিত না। তাহার আট নয় বংগর বয়দের সময় হইতে দেখা যাইত যে. সে যেন কাহারও সহিত আপন মনে মধ্যে মধ্যে কথা কয় : কিন্তু ষাহার সহিত দে কথা কহে. কেহ তাহাকে দেখিতে পায় নাই। এই বালিকাটীর সহিত কলিকাতার একজন পরিচিত চিত্রকরের ( Painter ) বিবাহ হইয়াছিল। ৰণিতব্য ঘটনাটী তাহার বিবাহের পুর্বেই হইয়াছিল।

মুন্সেক বাবুর একটা জানাতা, আমাদের ক্থিত বালিকাটার ভগিনী-পতি, উত্তর পশ্চিমাঞ্চলের কোন স্থানে বন-বিভাগে (Forest Department) কার্য্য করিতেন। তিনি একদিন ঘোড়া হইতে পড়িয়া যান. তাহাতে তাঁহার পা ভাঙ্গিয়া যায়, স্থতরাং একবারে চলচ্ছক্তি রহিত হয়েন। মুন্সেফ বাবু নিজ বাটীতে তাঁহাকে আনাইয়া রীতিমত চিকিৎসাঁ করান। শশুর মহাশয় বিলক্ষণ ব্যয় করিতে ত্রুটী করিলেন না: কিন্তু কিছতেই জামাতার পা সারিল'না; তিনি শ্যাগত হইয়া পড़िया त्रिट्लन। এथानে विनया ताथि य. এই সময় উক্ত কনিষ্ঠা কলার বয়স প্রায় ৯।১০ বৎসর হইয়াছিল।

জামাতার অমুধের জন্ত বাটীশুদ্ধ লোক বড়ই উৎকণ্ঠিত. কিরূপে রোগীর রোগের উপশম হইবে, ভাবিয়া আকুল। রাত্রিকালে রোগের ষন্ত্রণা বৃদ্ধি পাইত, স্থতরাং রোগীর সহিত বাটীর সকলকে রাত্রি-জ্ঞাগরণ করিতে হইত। এইরূপ অবস্থায় কিছু দিন গত হইল। এক

দিন ডাক্তার আসিয়া বলিলেন, "যেরপ দেখিতেছি, রোগীর অঙ্গছেদ না করিলে রোগীকে আরোগ্য করিতে পারিব না। কলাই অঙ্গ-চ্ছেদের বাবস্থা করিতে হইবে।" সেই দিন রাজি প্রায় ১টা বাজিয়া গিয়াছে, স্ত্রী তথন একাকী শ্যাপার্শ্বে উপবিষ্ঠা। রোগী যন্ত্রণায় ছট্ফট্ করিতেছে। বাটীর অপর লোক তথন অভাভ গৃহে নিজিত। রোগীর গৃহে আলো জলিতেছে। এমন সময় রোগী ও তাহার স্ত্রী অকসাং দেখিতে পাইল, সেই গৃহের এক কোণ হইতে ক্ষুদ্র ক্ষীণ একটা শ্বেত আলোক ক্রমে বর্দ্ধিত হইয়া গৃহ ব্যাপ্ত হইতেছে। ক্রমে সেই আলোক সমস্থ গৃহে অতি উজ্জ্ল রূপে উদ্যাদিত হইল।

সেই মঙ্গে তাঁহারা দেখিতে পাইলেন, এক মহা জ্যোতির্দ্মর
পুরুষ মুন্সেফ বাব্র কনিগ্রা কলাকে সন্মুথে করিয়া গৃহমধ্যে দণ্ডারমান।
তথন বোধ হইল,মহাপুরুষের অঙ্গ-বহির্গত জ্যোতিতেই গৃহ আলোকমর
হইয়াছে। মহাপুরুষের শরীরের চারি ধারে অণ্ডাকৃতি একটী আলোকপুঞ্জ ছিল এবং তাহার চারিদিকে জ্যোতিচ্ছটা বাহির হইতেছিল।
এই মহাপুরুষের উপস্থিতিতেই রোগী অনেকটা আরাম বোধ
করিলেন।

অনবরত জাগরণ-শীলা রোগ-স্থান্দায় ক্লান্তা তাঁহার স্ত্রীও সেই সময় অনেকটা প্রান্তি দূর হইবার মত স্থতা লাভ করিলেন। কিছু উভয়েই তথন অতীব বিশার-রদে অভিভূত হইলেন, মনে করিলেন, কনিষ্ঠা ভগিনী কিরূপে এবং কেনই বা তথন হঠাৎ গৃহমধ্যে প্রবেশ করিল। কি আশ্চর্যা! এ যে কি রহস্ত রোগীর স্ত্রী কিছুই ব্রিতে পারিলেন না।

রোগী তখন শ্রালিকাকে লক্ষ্য করিয়া সাহসের সহিত বলিলেন "কেন তুমি অকস্মাং এথানে আসিয়াছ আর কেমন করিয়াই বা আসিলে ?"কন্যাটীর অঙ্গ হইতে তখন স্থালোক ছটা বহির্গত হইতেছে।

তাহার বদনমণ্ডল স্বর্গীয় জ্যোতিতে পরিপূর্ণ। বালিকা ভগিনীপতিকে ঝাড়ান ( Mesmeric pass ) দিয়া বলিল "তোমার রোগ সারিয়াছে, তুমি উঠিয়া বস'।" রোগী তথন মন্ত্রমুগ্নের ভার উঠিয়া বসিলেন। সে সময় রোগীর পূর্কের ক্লায় যন্ত্রণা ছিল না। পরেই মূর্ভিদয় অকস্মাৎ অন্তর্হিত হইল। পর দিন প্রাত:কালে ডাক্তার আসিয়া দেখিরা বলিলেন "অন্ত যেরূপ দেখিতেছি, তাহাতে বোধ হয় অঙ্গছেদের আৰ্শ্ৰক হইৰে না. সম্ভবতঃ বোগী স্বাভাবিক ভাবেই আবোগালাভ कविरव।"

পরদিন রাত্রিতেও পুনর্বার দেইরূপ ঘটনা ঘটল। রোগী পূর্বা-পেক্ষা আরও শাস্তি বোধ করিলেন, বারংবার অন্তরোধে অন্ত উঠিয়া দাঁড়াইলেন। তৃতীয় দিবসও সেইব্লপে বালিকাট আসিয়া রোগীকে বলিল "আমার কথার বিখাদ কর। তুমি আজ চেষ্টা করিলেই চলিয়া আসিতে পারিবে। শ্যা ত্যাগ করিয়া এম। যদি কোনরূপ কষ্ট হয়, আমি সাহায্য করিব। কোন ভয় নাই। তোমার রোগ দৃষ্ণ ছইয়াছে।" বালিকার এইরূপ জোরের কথা শুনিয়া রোগী আজ শয়া জ্যাগ করিয়া উঠিয়া চলিয়া আসিল, কোন কষ্ট বোধ করিল না। তথন আশ্চর্যা হইরা ভক্তি-বিজ্ঞতিত স্বরে বালিকার নিকট যেমন কৃতজ্ঞতা প্রকাশ করিতে ঘাইবেন, অমনি মৃতিবিয় একবারে অন্তহিত হইয়া গেল।

हेहात्र शत्र जात्र तम मुर्खि (मथा (मन्न नारे। किन्छ (त्रांगी क्राय जन्न দিবদের মধ্যে সম্পূর্ণ রূপে আরোগ্য লাভ করিতে পারিয়াছিলেন।

বালিকাকে উপরি উক্ত ব্যাপারের কথা জিজ্ঞাদা করাতে দে কিছুই বলিতে পারিল না। কেবল শুক্ত দৃষ্টিতে চাহিয়া রহিল। তিন দিনেই সে সমরে সে পার্শের গৃহে গাঢ় নিদ্রায় অভিভূতা ছিল।

( ? )

#### আশ্চর্য্যরূপে জীবন রক্ষা।

বিগত ইংরাজী ১৮৯৫ সালে বাঙ্গালা দেশের নানাস্থানে ভয়ানক ভূমিকম্প হইয়া যে সকল হুর্ঘটনা সংঘটত হইয়াছিল, তৎসংস্কৃত নিম্ন-লিখিত ঘটনাটা অলোকিক বলিয়া এই স্থানে লিপিবদ্ধ করা গেল।

मकरनहे बारनन रा, डेक ज्ञिकरूप ज्ञानक बगीपादात ज्ञानक-গুলি উচ্চপ্রাসাদ বিলক্ষণ ক্ষতিগ্রস্ত হইরাছিল। ঐ ভূমিকস্পে পূর্ব্ববঙ্গের কোন এক জমীদারের দিতল গৃহ ভূমিসাৎ হয়। তৎকালে বাটীর সকলেই প্রায় সময় থাকিতে বাহিরে আসিতে পারিয়াছিলেন, কেবল উক্ত জ্মীলার মহাশয়ের একটা নব বিবাহিতা পুত্রবধু দ্বিতল গৃহ হইতে নামিয়া আসিবার চেষ্টা করিতে না করিতেই তথাকার সিঁড়ি একবারে ভাঙ্গিয়া পড়িয়া যায়, বালিকা বধু অনভো-পায় হইয়া রোদন করিয়া উঠিলেন। কাতর স্বরে সকলের সাহায্য প্রার্থনা করিতে লাগিলেন। বলিতে লাগিলেন "ওগো! তোমরা যে কেছ থাক, আমাকে লইয়া যাও। আমি পড়িয়া মরিব তোমরা কি দেখিতে চাও ? আমার আর কি কেহ নাই ?'' বালিকার আর্ত্তনাদ শুনিবে কে ? বালিকার নিকটে কেহ নাই, নীচে সকলে গোলমাল করিতেছে. কে কাহার দন্ধান লয় ? বালিকা কিন্তু প্রাণভয়ে আর্ত্তনাদ করিতে লাগিল। আশ্চর্য্যের বিষয় বধূটি এইবার পলক মধ্যে একবারে নিরাপদে হঠাং প্রাঙ্গণ মধ্যে অবতীর্ণ হইলেন। প্রাঙ্গণের মধ্যস্থল তথন নিরাপদ ছিল বলিয়া অনেকে সেইস্থানে ত্রস্তভাবে এদিক ওদিক করিতেছিল এবং অতাস্ত গোলমাল হইতেছিল। হঠাৎ একব্যক্তি বধুকে তথার আদিতে দেথিয়া জিজাদা করিল "তুমি এমন সময়ে

কিরূপে এখানে আদিলে ? কে তোমার রাখিরা গেল, কিছুত বুঝিতে পারিলাম না। তুমি যে ঘরে ছিলে, তাহার সম্মুখের সিঁড়িত ভালিয়া शिशाह्य। ''এই कथा वनिष्ठ वनिष्ठ वानिका स्व चत्र हिन, त्महे ঘরটী পড়িয়া গেল। বধু বলিতে লাগিল "আমিত বুঝিতে পারিলাম না। আমার বড়ই ভয় হইয়াছিল। কেমন করিয়া কি ভাবে আমি এখানে আসিলাম, তাহা কিছুই ঠিক করিতে পারিতেছিনা। আমি ভয়ে যথন বরের সম্মুথে দাঁড়াইয়া কাঁদিতেছিলাম, তথন বোধ হুইল যে একজন রক্তবর্ণ কৌষিক বদন-পরিহিতা উজ্জল জ্যোতির্মন্ত্রী স্থলরী রমণী অতি সাবধানে ক্রোডে করিয়া আমাকে এইথানে নামা-ইয়া দিয়া চকিতের স্থায় কোথায় যে অস্তর্হিতা হইলেন, তাহা দেখিতে পাইলাম না। তাঁহাকে দেখিলেই ভক্তির উদয় হয়। তাঁহাকে দেথিয়াই আমার ভর একবারে দূর হইয়াছিল, আর মনে কেমন এক প্রকার আনন্দ পাইয়াছিলাম। তাঁহার অঙ্গ জ্যোতিপূর্ণ ও স্থান্দ্র ।''

এই ঘটনার কথা তৎক্ষণাৎ বধুমাতার শ্বন্তরের কর্ণগোচর হইল। তিনি নিজ বাটীর সকল স্থান ও সমস্ত গ্রামটী তর তর করিয়া অম্বেষণ করাইলেন, কিন্তু সেরূপ রক্ত-বন্ত্র-পরিহিতা কোন স্ত্রীলোক পাওয়া গেল না।

এই ঘটনাটী যে সম্ভাস্ত পরিবারের মধ্যে ঘটিয়াছিল। তাঁহাদের আপত্তি হইবে ভাবিয়া তাঁহাদেরও নাম ধাম আমাদিগকে গোপনভাবে নাখিতে হইল।

শ্রী অহোর নাথ দত্ত।

## অলৌকিক রহস্য।

তর সংখ্যা ]

প্রথম ভাগ।

ি আবাঢ়, ১৩১৬।

## ভৌতিক কাহিনী।

### (৩) প্রেতের নৃত্য ও গীত।

জুলিয়া নামে এক ইংরাজ রমণী বেশ নাচগান করিতে পারিতেন!
এক প্রবীণা রমণীর সহিত তাঁহার পুর ভালবাসা ছিল। হজানে করেকদিন একতা বাস করিয়া বেশ আনন্দ পাইয়াছিলেন। ইহার পর প্রবীণা
কার্যাান্ত্রোধে স্থানাস্তরে চলিয়া গেলেন। তিনি ৬।৭ বংসর জুলিয়ার
কোন সংবাদই রাথেন নাই এবং ত্লানে সাক্ষাংও হয় নাই।

এই সময়ে প্রবীণার সাংঘাতিক পীড়া হইল। জীবনের কোন আশা নাই ব্ঝিতে পারিয়া তিনি ঠাহার সম্পত্তির একটা ব্যবহা করিয়া যাইবার জ্ব্য একজন সলিসিটার আনাইলেন। তাঁহার ছ একটি আত্মীয়ও তথায় উপস্থিত ছিলেন। তাঁহার সম্পূর্ণ জ্ঞান ছিল.—কোনক্সণ মোহ বা মন্তিক্ষের ছর্ম্বলতা আইসে নাই। তিনি বিষয়সংক্রাপ্ত কথাবার্তা কহিতেছিলেন, এমন সময় হঠাৎ বলিয়া উঠিলেন, "আপনারা কি কোন গান ভানিতে গাইতেছেন ?" সকলেই উত্তর করিলেন, "না"। তিনি বলিতে লাগিলেন "আহা! কি স্থমিষ্ট গান! আমি আজ ইহা আরও ছ এক বার ভানিয়াছি। নিশ্চয় দেবতাগণ আমাকে স্বর্গে আহ্বান করিতে-

ছেন। কিছ কি আশ্চর্যা। একটি শ্বর আমার পরিচিত বলিয়াই বোধ হইতেছে, ইহা যেন আমি পূর্বেষ্ঠ ভনিয়াছি, কিন্তু কোণায় ভনিয়াছি ठिक मत्न इटेरिंड ना। जा ! এटे रा ! (मथून, (मथून ! हिनिरंड পারিতেছেন কি ? আমার প্রিয়তম জুলিয়া ! ঐ কোণে দাঁড়াইয়া আছে। ঐ দেখুন হাত ছটি তুলিয়া প্রার্থনা করিতেছে! যাঃ ঐ চলিয়া গেল।" এই বলিয়া তিনি নীরব হইলেন। কিয়ৎক্ষণ পরে অন্ত কথা কহিতে লাগিলেন। পর দিবসই তিনি ইহধাম ত্যাগ করি-লেন। তাঁহার আত্মীয়েরা ঐ কথাগুলিকে মুম্রুর প্রলাপ বলিয়া স্থির করিলেন।

একটি আত্মীয়ের মনে সন্দেহ হওয়াতে. তিনি জুলিয়ার সংবাদ লইবার জ্বন্ত করেক দিন পরে জাঁহাদের বাটীতে গমন করিলেন। সেখানে যাহা শুনিলেন তাহাতে তিনি একেবারে অবাক হইয়া গেলেন। ভনিলেন প্রবীণার মৃত্যুর এগার (১১) দিন পূর্ব্বে জুলিয়৷ ইহলোক ত্যাগ করিয়াছেন এবং মৃত্যুর কয়েক ঘণ্টা পূর্ব্ব হইতে মৃত্যুকাল পর্যান্ত ক্রমান্তরে গান গাহিয়াছিলেন। ১৮৭৪ খৃষ্টান্দের ২রা ফেব্রুয়ারী প্রাত:-কালে জুলিয়া মারা পড়েন এবং ১৩ই ফেব্রুয়ারীর সন্ধ্যাকালে প্রবীণার মৃত্যু হয়।

শ্ৰীমাথনলাল রাম্ন চৌধুরী।

### "পু্নরাগমন"

--:+:---

#### ( পূর্ব্ব প্রকাশিতের পর )

( b )

কলিকাতার ফিরিবার তিন দিন পরেই পূর্ব্বোক্ত ঘটনা ঘটিল।
পিতার কাছে তার পিতৃপ্রদত্ত ঔষধের হরবস্থা দেখিয়া গোপাল মারের
কাছে কি আবদার করে জানিবার জন্ত আমার বড়ই কৌতৃহল হইল।
কিন্তু আমাকে দেখিলে পাছে গোপালকে মা কোনও কথা জিজ্ঞাসা
না করেন, অথবা মারের প্রশ্নে গোপাল কোনও উত্তর না দেয়, এই
কন্ত শ্রামকে গোরেন্দা নিযুক্ত করিলাম। তথনও পর্যান্ত শ্রামের
আচরণে মা ও গোপালের সন্দেহের কোনও কারণ ছিলনা।

বাড়ীর ভিতরে যাইয়াই শ্রাম ফিরিয়া আসিল। আমি তার এত সম্বর ফিরিবার কারণ জিজাসা করিলাম। উত্তরে ব্ঝিলাম গোপাল স্বরক্ষণের জন্ম ভিতরে গিয়াছিল। তাহার পর সে বাহিরে আসিয়াছে, গোপালকে ভিতরে পাঠাইবার জন্ম সে মাতা কর্তৃক অমুরুদ্ধ হইয়া আসিয়াছে।

তবে গোপাল কোথার ? খাম তাহার অনুসন্ধানে প্রবৃত হইল, কিন্তু বাড়ীর কোনও স্থানে তাহার সন্ধান পাইল না। বিভার্থীর্বকের। ভাহারের নির্দিষ্ট বরে পাঠাভ্যান করিতেছিল, তাহারা কিছু বলিতে পারি:ল না। কালবিলম্ব না করিয়া খামচাঁদ প্রভিবেশীদের বাটীতে সন্ধান লইতে গেল, গোপালকে কোথাও দেখিতে না পাইয়া ফিরিয়া আফিল।

পিতা গোপালের গৃহত্যাগের কথা জানিতে পারিলেন। শ্রাম-চাঁদই অ্যাচিত ভাবে, তাঁহার শ্যাপার্শ্বে বিসয়া এই কথা শুনাইয়া দিল। তাহার ভাব দেখিয়া বুঝিলাম গোপালের গুহতাাগে দে একট আনন্দ উপভোগের বস্তু পাইয়াছে। কিন্তু এমন কৌশলে আত্ম গোপন করিয়া সে এই আনন্দ ভোগের অভিনয় করিতে লাগিল যে, আমি ভিন্ন আর কেহই তাহার অস্তরের ভাব ব্রিতে পারিল না।

অতি বিষয় ভাবে সে পিতার কাছে গোণালের গৃহত্যাগ বার্ত্তা জ্ঞাপন করিল। বলিল—"গোপালকে আপনি কি তির্স্কার করিয়াছেন প

পিতা উত্তর করিলেন—"কই না।"

''তবে গোপাল কি অভিমানে দেশত্যাগী হইল !"

"দেশতাাগী হইল কি?"

"আমি চোরবাগানের অলিগলি থুঁজিয়া আদিলাম। কোণা 9 ভাহাকে দেখিতে পাইলাম না। লোকের বাড়ী বাড়ী সন্ধান লইলাম. কেছ সন্ধান দিতে পারিল না।"

কথা শুনিয়া পিতা অনেককণ নিরুত্র রহিলেন। বলা বাছলা আমিও প্রামের সঙ্গে সঙ্গে পিতার সমীপে গিয়াছিলাম। পিতাকে অনেককণ নীরব থাকিতে দেখিয়া আমি বলিলাম—"অস্তমনস্কতার দক্রণ পা লাগিয়া পাথর বাটীটা পড়িরা গিয়াছে। সে জক্ত যদি গোপালকে গুহতাগি করিতে হয়, তাহা হইলে আমাকে এতদিন বাংলা মুলুক ত্যাগ ক্রিতে হইত। এ যাবং আমিইত আপনার কাছে তির্স্কার খাইয়া আদিতেছি।''

খ্রাম। মা গোপালের জ্ঞা বড়ই চঞ্চল হইরাছেন।

পিতা। আমি শীঘ্রই তাহার চাঞ্চল্যের অবসান করিতেছি। পরিণাম না ভাবিয়া আমি গৃহে কণ্টকতক রোপণের সন্মতি দিয়া-

ছিলাম। এখনি যখন এই, আর বেশিদিন এখানে রাখিলে অশান্তির রুদ্ধি হইবে।

শ্রাম এই কথাতে যেন বড়ই ব্যথিত হইল। মুথে যতটা বিষাদ মাথান সম্ভব সমস্ত মাথিয়া, কথায় যথাসন্তব করণরস মিপ্রিত করিয়া বলিল—"ও কথা বলিবেন না। আপনারা ব্রহ্মণদম্পতী করণাময় করণাময়ী। নিজের ছেলেকে বুক হইতে ফেলিয়া, সেই শৃক্তবক্ষেপরের ছেলেকে তুলিয়া লইয়াছেন।"

পিতা। অকৃতঞ হতভাগারা ভাহা ব্ঝিল কই ?

শ্রাম। তা না বুঝুক, আপনারা কিন্তু যা ছিলেন তাই আছেন।
এখনি গোপালকে দেখিলে সব ভূলিয়া ্যাইবেন। এখন ফদি গোপালকে
না খুঁজিতে যাই, তাহা হইলে আমাদের উপর আপনাদের ক্রোধ
হইবে। অনুমতি করুন, আমি সারা সহরে তার সন্ধান করিয়া আসি।

পিতা। কিছু করিতে হইবে না। পেটের জালাই তাহাকে ফিরা-ইয়া আনিবে।

স্তরাং উদরের জালার উপর গোপালের প্রত্যাগমনের ভার দিয়া আমরা কিয়ৎক্ষণের জন্ম নিশ্চিন্ত হইলাম।

আহারের সময় উত্তীর্ণ ইইয়া গেল,তবু গোপাল আসিল না। গোপালের গৃহত্যাগ ক্রমে মায়ের কর্ণগোচর ইইল। না কিন্তু একথা শুনিয়া
কাঁদিলেন না। বিশেষ বিষাদের লক্ষণও দেখাইলেন না। পিতা কিন্তু
ভীত ইইলেন। সেই অসুস্থ অবস্থাতেই শয্যা ত্যাগ করিয়া আমাদের
সকলকেই গোপালের অন্বেষণের আদেশ করিলেন। গোপাল
না ফিরিলে আমাদেরও কুমিবুতির কোন সন্তাবনা ছিলনা। গোপালকে কুধার্ত্ত ও নিরুদ্ধিই রাখিয়া কে কুনা ক্রননীর সমুবে আহার
করিতে বসিবে ? আমরা সকলে মিলিয়া অন্থেষণের একটা বিরাট

আরোজন করিতেছি। এমন সমর গোপাল কিরিয়া আদিল। আমরা নিশ্চিস্ত হইলাম। মারের ভয়ে কেহ গোপালকে তথন কোনও কথা জিজ্ঞাসা করিল না। পিতা আবার শ্যা আশ্রম করিলেন। আমরাও আহার করিয়া সে রাত্রির মত বিশ্রাম লইলাম।

#### (a).

শ্রামন্টাদ ভাষার কল্যাণে গোপালের পলায়ন সংবাদ পূর্ব্ব রাত্রেই পাড়ার মধ্যে রাষ্ট্র হইয়াছিল। কিন্তু প্রতিবেশিগণের আন্তরিক ছঃখ প্রকাশ রূপ 'মঞ্চা' উপভোগ করিবার পূর্ব্বেই বাহির দরজা বন্ধ হইয়া গিয়াছিল। পরদিন প্রভাত না হইতেই তাঁহারা একে একে আসিয়া পিতার বহির্বাটীস্থ শয়নকক্ষ অবরোধ করিতে লাগিলেন। বাধ্য হইয়া অমুস্থ পিতাকে শয়্যা ত্যাগ করিতে ছইল।

একজ্বন জিজ্ঞাসা করিলেন—''তর্কনিধি মহাশয়! গোপাল নাকি কাল রাগ করিয়া কোথায় চলিয়া গিয়াছে'' গ

পিতা বলিলেন—"গিয়াছিল, আবার আসিয়াছে"।

একজন গোপালের এরপ আচরণের কারণ জিজ্ঞাসা করিলেন।
পতা আত্যোপাস্ত ঘটনা সমস্তই প্রকাশ ক্রিলেন। কেবল বাটীটা পদাঘাতে ফেলিয়া দিবার পরিবর্ত্তে অন্তমনত্তে পা লাগিয়া পড়িয়া
বাওয়ার কথাটা বলিলেন।

পিতার কথার ভাবে সকলেই বুঝিলেন, বাটীটার এই অকস্মাৎ পতনে পিতার ঔষধের প্রতি অবজ্ঞা হইয়াছে মনে করিয়া গোপাল অভিমানে গৃহত্যাগ করিয়াছিল।

তথন বিজ্ঞজনোচিত বাগ্জালে অসুস্থ পিতার অশাস্ত প্রাণ কুদ্র শক্ষরীর ভায় আবৃত হইয়া পড়িল। কেহ পিতাকে জ্যেষ্ঠ পাও্বের সঙ্গে তুলনা করিতে লাগিলেন। কেহ জগংটা অক্তজ্ঞতায় পূর্ণ দেখিয়া হতাশার তাকিয়ার দেহ রক্ষা করিলেন। কেহবা গোপাল ও গোপালের পিতাকে নিতান্ত নির্বোধ ব্ঝিয়া বিষাদপূর্ণ হৃদয়টাকে ধুআচ্ছাদিত করিতে লাগিলেন। সমবেদনায়, পিতার গৌরব কথায়, উপদেশে, রহস্তে, ব্যক্ষে বৈঠকথানা পরিপূর্ণ হইয়া গেল।

মাতা অস্তরাল হইতে ভাহাদের কথা গুনিতেছিলেন। তিনি এই সমম্মীগুলি যাহাতে গুনিতে পান,এইরপে ঈষহ্চ্চকণ্ঠে বলিলেন—''ঝী বাহিরে গিয়া বলিয়া আয়ত, কাল আমার সঙ্গে কথা কহিতে বুকে থিল ধরিতেছিল, আর আজ এতগুলা লোকের সঙ্গে কেমন করিয়া তিনি কথা কহিতেছেন'!

নাষ্টারের মধুরকণ্ঠ কর্ণগোচর হইবামাত্র কলকোলাহল পূর্ণ ক্লাস বৈমন মুহুর্ত্তেই নীরব হইরা যায়,মায়ের কথা শুনিয়াই সেই প্রাত:কালের সভা সেইরপ নীরব হইরাগেল। কোলাহলের ভারে পীড়িত হইরা পিতার সেই বিলাতি নামধের রোগটা এতক্ষণ দেহের কোন অজ্ঞাত দেশে আত্মগোপন করিয়াছিল। নীরবতার অবকাশে সে আবার মাথা-ভূলিল। পিতা তাহার তাড়নে আবার মৃহু আর্ত্তনাদ করিতে লাগিলেন। নির্ম্ম প্রতিবাসিগণ তাঁহাকে তদবস্থার রাধিয়া একে একে সেম্থান হইতে প্রস্থান করিলেন।

সকলে চলিয়া গেলে গোপাল উপর হইতে নীচে নামিল। সেদিন গোপালের মুখে এক অপূর্বে লাবণ্য দেখিলাম।

শ্রীমান বলিয়া লোকের কাছে আমার খ্যাতি ছিল। দর্পণের প্রতিবিশ্ব ও তাহাদের সত্যতার সাক্ষী দিত। কিন্তু সত্য বলিতে হইলে, গোপাল আমা অপেক্ষাও অধিকতর প্রিয়দর্শন। কিন্তু সেদিন তাহাকে বেমন স্থন্দর দেখিলাম, এমনটী আর কথনও দেখি নাই। স্থর্গীয় জ্যোতির কথা পুত্তকে পাঠ করিয়াছিলাম। তাইকি মুখে মাধিয়া গোপাল আজ আমার সমুপে দাড়াইন! আজ আমাকে পর্যান্ত সে যেন মুগ্ধ করিল।
পূর্ব রাত্রের পলাগনের কথা লইয়া তাহাকে একটু মিটরহস্ত করিব
মনে করিয়াছিলাম। কিন্তু গোপালের মুথ দেখিয়া মুখ ফুটাইতে
পারিলাম না।

পিতা কিন্তু গোপালকে দেখিয়াই জিজাসা করিলেন—"কাল কোথার যাওয়া হইয়াছিল গোপালক্ষ্ণ ?"

গোপাল বলিল—''গঙ্গাতীরে।"

পিতা। কেন, অভিমানে ঝাঁপদিতে নাকি?

গোপাল কোনও উত্তর করিল না।

পিতা আবার বলিলেন—"পরের কাছে মিছানিছি অপদস্থ করিয়া জ্ঞাতিত্ব সাধিতেছ কেন ?"

গোপাল এবারেও উত্তর করিল না। সহামুভূতির ভাব লইরা আমি গোপালকে বলিলাম—''পিতার উপর অভিমানে গৃহত্যাগ করিয়া তুমি বুদ্ধিমানের কার্য্য কর নাই।"

গোপাল এইবারে বলিল—''কিসের অভিমান ? অভিমানে গৃহত্যাগ
করিব কেন ?"

উত্তর শুনিয়া পিতা দিগুণ কুদ্ধ হইলেন। বলিলেন,—"তবে কি
আমার জীবদশায় পিশু দিতে জাহ্নবী তটে গিয়াছিলে ?" মাতা
অস্তরাল হইতে বুঝি শুনিতেছিলেন। তিনি এই সময়ে গৃহমধ্যে
প্রবেশ করিয়া বলিলেন—"কেন তোমরা উভয়ে মিলিয়া বালককে
উৎপীড়িত করিতেছ। আন্দ্র তোমরা অপেক্ষা কর, কাল প্রাতঃকালে
আমি বাহার সামগ্রী তাহার কাছে পাঠাইতেছি। তোমরা তোমাদের
শ্রম্বর্য ভোগ করিও। গোপাল আর ভোমাদের ভোগে বাধা দিতে

গোপালের উপর যে যংকিঞিং মমতার উদ্রেক হইতেছিল, মায়ের এই শ্লেষ বাক্যে তা অঙ্কুরেই বিনষ্ট হইয়া গেল। আমি আন্তরিক কুদ্ধ হইলাম। বলিলাম—"সেখানে পাঠাইলে এমন চর্ক্যচোষ্য চালা-ইবে কে ?"

পিতা কিন্তু আমার এ তুর্ক্যবহারের প্রশ্রম দিলেন না। তিনি বলিলেন—''ও কি কর গোপীনাথ! গুরুজনের অসম্মান—ইস্কুলে তুমি কি এইরপ নীতি শিক্ষা করিতেছ ?''

या विनात-"তোমরাই कि গোপালকে **अब नि**তেছ ?"

পিতার শাসনবাক্যে আমি কিঞ্চিং লক্ষিত হইলাম। ব্যবহারটা আমার পক্ষে একান্ত অযোগ্য হইয়াছে মনে করিয়া আর কোনও উত্তর করিলাম না। কিন্তু গোপালের অরসংস্থান কিরুপে হইতেছে জানিবার জন্ম আমার প্রশ্ন করিবার ব্যগ্রতা জন্মিয়া গেল। পিতা যেন মন বৃঝিয়া সেই ওংস্কল্য নিবারণ করিলেন। মাতাকে বলিলেন—''বালকের সম্মুথে এইরূপ নির্বোধের মত কথা কহিয়া তাহার মাথা খাইও না। অমনি অমনি ত বালক উচ্ছুশ্বল হইয়া উঠিয়াছে। ভবিষাতে দরিদ্র পিতার অরুসংস্থানের উপায় হইবে বলিয়া আমি তাহাকে প্র নির্বিশেষে প্রতিপালন করিতেছি। গোপীনাথের সঙ্গে সমান ভাবে শিক্ষা দিতেছি। তুমি আমি যত দিন আছি, তত দিনই তাহার মর্য্যাদা। যেরূপ কাল আদিতেছে, তাহাতে আমাদের অবর্ত্ত-মানে, পরগৃহে উহার সেরূপ মর্য্যাদা থাকিবে কি? আমার মাতার আদরের বালকের পিতার পরকাল নষ্ট হইয়াছে, তুমিও সেইরূপ আদর দেখাইয়া উহার পরকাল নষ্ট করিও না।"

মাতা এ কথার কোনও উত্তর করিতে পারিলেন না। আমি মনে মনে বড়ই খুসী হইলাম। এখন গোপাল নিজের অবস্থাটা বুঝিতে পারি- লেই আমি যেন নিশ্চিম্ক হই। অবশ্য তাহার প্রতি অসদ্যবহারের অভিলাব আমার মনে উদিত হয় নাই। সে আমার সহিত মায়ের স্নেহের অধিকার লইয়া সমকক্ষতা না করিলে, তাহার প্রাপ্য অপেক্ষা অধিক দিতেও আমি কুষ্টিত হইতাম না।

গোপাল এতক্ষণ নিক্ত্তর ছিল। পিতারে কথা শুনিরা যথন মাতা নিক্তত্তর, আমিও নীরব, তথন স্থানের নীরবতা ভঙ্গ করিয়া ধীরে ধীরে গোপাল উত্তর করিল—''এ গৃহে আমার অবহা এরূপ হইয়াছে, ইহা যদি পূর্ব্বে জানিতাম, তা হ'লে এবারে আর বাড়ী ছাড়িয়া কলিকাতার আসিতাম না ''

পিতা। অবস্থার পরিবর্ত্তন তুমিই ত ঘটাইলে গোপালক্ষণ! কাল তুমি অভিমানে গলায় ঝাঁপদিতে গিয়াছিলে। ভগবান আমাকে নিরপরাধ জানিয়া কি জানি কেমন করির। ভোমার মতি ফিরাইরা দিয়াছেন। নহিলে লোকের চক্ষে আমাকে কিরপ অপদস্থ হইতে হইত, তাহা ভাবিতেই আমার শরীর শিহরিতেছে।

গোপাল। আমিত বলিলাম, আমি আত্মহত্যা করিতে যাই নাই।

পিতা। কি করিতে গিয়াছিলে, সে তুমিই জান। আমি কিন্তু তোমাকে এখানে রাখিতে আর সাহস করিনা। এতদিনের আন্তরিক যত্ন ও পুত্র স্নেহে প্রতিপালন যদি আমার একদিনের সামান্ত ফ্রটান্তে পশু হইয়া গেল, তথন এখানে তোমার অবস্থান কাহারও পক্ষে মদল ক্ষনক হইবে না।

গোপাল। আমিও এখানে থাকিব না।

একথা শুনিয়া মাতার অবস্থা কিব্রপ হয় জানিবার জভা তাঁহার দিকে চাহিলাম। কিন্তু কি আশ্চর্য্য, মা সকলের অলক্ষ্যে কথন সেস্থান হইতে চলিয়া গিয়াছেন! অমুমানেই মাবের মনের ভাব বেন

উপলব্ধি করিলাম। বুঝিলাম, গোপালের প্রতি সামান্ত স্ববজ্ঞাও তাঁহার মর্দ্রে দারুণ আঘাত করিয়াছে। পিতার নির্ব্বরাতিশয় দেখিয়া, আরও ন। জানি কি কঠোর আঘাত সহিতে হইবে ভাবিয়া, মাতা জাগে হইতেই চলিয়া গিয়াছেন। মায়ের মর্ম্মবেদনা আমি যেন কতকটা অমুভব করিলাম। সেই জন্ম গোপালের উপর আবার আমার মমতা আদিল। আমি তাহার হইয়া পিতাকে বলিলাম-"এবারে গোপালকে ক্ষমা করুন।"

পিতা উত্তর করিলেন - "ভাল, তুমি যথন বলিতেছ, তথন এবারের মত ক্ষমা করিলাম।'' গোপালকে নির্দেশ করিয়া বলিলেন,—"কিন্তু, গোপাল। এখন হইতে নিজের অবস্থা বৃঝিয় চলিও। তা যদি না কর, তাহা হইলে তোমারই ক্ষতি জানিবে। তোমার পৈত্রিক যাহা আছে. তাহাতে বাবুলানা ত দূরের কথা, ছবেলা হু মুঠা অল মেলাও ছর্ঘট।"

গোপাল। আমার থাকিতে ইচ্ছা থাকিলেও, বোধ হয় পিতা আমাকে এখানে রাখিবেন না।

পিতা। তুমি কি পিতাকে এরই মধ্যে সংবাদ দিয়াছ ? গোপাল। আমি সংবাদ দিই নাই।

পিতা। তুমি দাও নাই, তবে কি ভূতে দিয়া আসিল ?

গোপাল। তা কেমন করিয়া বুঝিব! পিতা কিন্তু আমাকে লইতে আসিতেছেন। বোধ হয় আজই আসিবেন। বিনি আমাকে সংবাদ দিয়াছেন, আমি তাঁর কথার সভাতা প্রতিপন্ন দেখিতে পিতার আগমন প্রতীক্ষা করিতেছি।

আমরা পিতাপুত্রে উভয়েই বিশ্বিত—কিয়ৎকণ যে যার মুধের পানে চাহিয়া রহিলাম। ভাবিলাম ইহার মধ্যে গোপাল কেমন করিয়া ভাষার পিভাকে সংবাদ দিল।

গোপাল বলিতে লাগিল—"আমি আত্মহত্যা করিতে যাই নাই।
পিতার অনাগমনে আপনার স্থায় আমিও তাঁহার উপর অসন্তঃ
ইইরাছিলাম। দেই অসন্তোষের কথা আমি মায়ের কাছে প্রকাশ
করি। মা কিন্তু আমার কথা শুনিয়া তুট হইলেন না। পরত্ত
শুক্তক্ষনের নিন্দায় পাণ করিয়াছি বরিয়া তিনি আমাকে তিরস্কার
করিলেন,—আর বলিলেন, 'পাণক্ষালনের জন্ত এখনি তুমি গঙ্গামান
করিয়া আইস।"

পিতা। সেই জ্বল গ্লায় ঝাঁপদিতে গিয়াছিলে ?

গোপাল পিতার ব্যঙ্গকথার কোনও উত্তর করিল না। সে আপনার মনে বলিতে লাগিল—"গঙ্গাতারে প্রস্নকুমার ঠাকুরের ঘাটে এক সাধুর সহিত আমার দেখা হয়। তিনি আমাকে দেখিয়া যথেষ্ট প্রীতিপ্রকাশ করিলেন, এবং আমার সেখানে যাইবার কারণ জিজ্ঞাসা করিলেন। আমি আত্যোপাস্ত সমস্ত কথা তাঁহার কাছে প্রকাশ করি এবং আপনার রোগের ঔষধ প্রার্থনা করি। তিনি কিয়ুৎক্ষণ মৌনী থাকিয়া বলিলেন—'কেন তোমার দাদা মহাশয় ত ঔষধ পাইয়াছিলেন। তিনি তাহা পদাঘাতে নিক্ষেপ করিয়াছেন। চিকিৎসককে নানা কথা কহিয়া তাঁহার মনশ্চক্ষে রোগটাকে বড় করিয়া দিয়াছে। বাস্তবিক রোগ সামান্ত। ছই পাঁচ দিনেই সারিয়া যাইবে।' ঘদিও তাঁহার একথায় আমি তুই হইলাম না, তথাপি আপনার বাটিটা নিক্ষেপের কথা তিনি কেমন করিয়া জানিলেন ভাবিয়া বিশ্বিত হইলাম।''

আমরা গোপানের এই বিচিত্র গল্প শুনিতে লাগিলাম।

গোপাল বলিতে লাগিল—"প্রথমে মনে করিলাম। একথা
কাহারও কাছে প্রকাশ করিব না। বাড়ীতে আসিয়া কেহ

कान ७ कथा कहिन ना पिथिया मत्न कविनाम, श्रामाव मचरक कान ७ গোলমাল হয় নাই। স্থভরাং আত্মদোষ ক্ষালনের তথন কোনও প্রয়োজন হয় নাই। এখন বলিবার জন্ম কি জানি কেন আমার প্রবৃত্তি হইতেছে। রাত্রে ঘুমাইতে যাইতেছি, এমন সময় এক অপূর্ব কি জানি কেমন করিয়া প্রবেশ করিলেন। তাঁহার দৌন্দর্য্যে ঘরটা আলোকিত হইয়া গেল। তাঁহাকে দেখিবামাত্র আমার ভয় হইয়া-ছিল। কিন্তু তাঁর স্নেহপূর্ণ চকু দেখিয়া দে ভয় অলে অলে দুর ভটরা গেল। তিনি ধীরে ধীরে আমার শ্যা সমীপে আসিয়া আমার নাম ধরিছা ডাকিলেন। আমি তাঁহার পরিচয় জি্জাসা করিলাম। তিনি বলিলেন, 'আমি তোমার গর্ভধারিণী। তোমার বর্তমান মায়ের কোলে তোমাকে সমর্পণ করিয়াই আমি পৃথিবী ত্যাগ করিয়াছি।' আমি বিশ্বয়ে অভিভূত হইয়াছিলাম। শত চেষ্টাতেও আমার বাক্য-ক্ষৰ্ত্তি হইল না। তিনি বলিতে লাগিলেন – কাল তোমার পিঙা তোমাকে লইতে আসিবেন। তুমি তাঁহার দঙ্গে দেশে চলিয়া যাও। আমি মাকে ছাড়িয়া যাইবার অনিচ্ছা জ্ঞাপন করিলাম। তাই শুনিয়া তিনি বলিলেন,—'না ছাড়িলে তুমি তোমার মাতার শােকের, অপবাদের এমন কি মৃত্যুর কারণ হইবে।'' বলিতে বলিতে মূর্ত্তি অন্তৰ্হিত হইল।"

গোপাল আমার মুখের দিকে একবার চাহিল। সে স্নিগ্নদৃষ্টিতেও আমার সর্বশরীরে কেমন একটা উত্তাপের প্রবাহ ছুটিয়া গেল। শিহরিয়া আমি চকু মুদিলাম।

ক্রুন্ধ পিতার তীত্র ভাষার নির্ম্ম তরক আমার চক্র্ উন্মীলিভ ক্রিয়া দিল। "হতভাগ্য! এরপ চতুরতা কতদিন শিধিলে? তুফি কি আমাকে এতই নির্কোধ মনে করিয়াছ যে, তোমার এই অহিফেনদেবীর উপকথার আমি বিখাদ করিব।"

পোপাল। আপনাকে বিশ্বাস করিতে বলিতেছি না। আমি বাহা প্রত্যক্ষ করিয়াছি ও গুনিয়াছি, তাহাই আপনাকে বলিলাম।

পিতা। দ্বিতীয় বার এরপ কথা গুনিলৈ, বোধ হয় তোমাকে পাগলা গারদে রাথিবার ব্যবস্থা করিতে হ্ইবে।

মাতা বাড়ীর ভিতর হইতে গোপালকে ডাকিয়া পাঠাইলেন, পিতাও তিরস্তার কার্য্যে নিরস্ত হইলেন। 🏻 🏶 😮 কোমলদৃষ্টিতে গোপাল আমার স্থাদেরে যে তরঙ্গ তুলিল, তাহা সহসা নিবৃত্ত হইল না। মনে হইল, যেন কোন হক্ষদর্শী বিচারকের সম্মুখে আমি অসংখ্য অপরাধে অপরাধী হুইরাছি। কিন্তু কার্য্য এতদূর অগ্রাসর হুইয়াছে যে, আর গোপালের সহিত পূর্বভাবে ফিরিবার উপায় নাই।

বলা বাহুল্য, সেই দিন অপরাক্তেই গোপালের পিতা আসিলেন। -মাতার কাছে তাঁহার সম্বর্নার ক্রটী রহিল না।

(ক্রমশঃ)

প্রীক্ষীরোদপ্রসাদ বিভাবিনোদ।

## একখানি পত্ত।

মান্তবর ত্রীযুক্ত অলোকিক রহস্ত সম্পাদক মহাশন্ন, সমাপেরু-

কোন একটা ভোতিক চক্রের বিবরণ।

আমাদিগের গৃহের অনতিদূরে প্রেততত্ত্ববিদ্গণের একটা ভৌতিক চক্রের বৈঠক (seance) বদে। সেখানে একদিন আমি ও আমার श्वक छाहे रमानानल जिल्लिक हहे अवर त्महे दिर्घटक रहानान कति।

আলোক অর্দ্ধনির্বাপিত হইলে পর, আমরা স্থিরভাবে বসিয়া আছি, এমন সময় নানা উপদ্ৰব আরম্ভ হইল। বাঁছারা বসিরাছিলেন, তাঁহা-দিগের কাষ্ঠাদন এক্লপ প্রবলভাবে কম্পিত হইতেছিল, যে উপ-বেশনকারীরা প্রায় আসনচ্যুত হইয়াছিলেন। আমরা গুইজন কিন্ত স্থির ছিলাম, অদু**শ্রপত্তি** যেন আমাদিগের উপর কোনও অত্যাচার করিতে সাহদ করিতেছিলু না। হঠাৎ সেই গাঢ় নিস্তর্নতা ভঙ্ক করিয়া একটা কাতরধ্বনি আমাদিগের কর্ণকুহরে প্রবেশ করিল। কে যেন তীত্র যন্ত্রণায় সাশ্রদীর্ঘনিখাস ত্যাগ করিতেছে; ভয়ে আত্মহারা হইরা কে বেন অক্টুটভাষার সাহাষ্য প্রার্থনা করিতেছে। শীঘ্ৰই সেই রোকদ্যমানা প্রেত-রমণী স্থুলীভূত (materialized) হইন্না আমাদিগের সমূথে আবিভূতি হইল এবং তাহার ভীতি-উৎপাদনকারী এক ভীষণ মূর্ত্তিও সেই সঙ্গে দেখা দিল। আমরা দেখিলাম, সেই ভীতা রোক্তমানা মূর্ত্তি এক রমণীর, আর যে মূর্ত্তি তাহার ভীতি উৎপাদন করিতে করিতে তাহাকে অনুসরণ করিতেছিল, তাহা একটা বীভৎস জানোয়ারের। তাহার কি বিকট মূর্ত্তি! সেই ভাষণ প্রকাণ্ড অপার্থিব জীব-মূর্তির কতক আফুতি ঘোর কৃষ্ণবর্ণ বনমামুষের মত। নর ক্ধিরপায়ী ব্যাঘ্র যন্তপি খোর ক্লফবর্ণ হইত এবং তাহার মুথের দর্বত যথপে ধুমবর্ণের কুঞ্চিত দীর্ঘ রোমরাজির দারা আর্ত থাকিত, তাহা হইলে তাহা কতকটা এই জ্বানোয়ারের বদনের দাদৃশ্র হইতে পারিত। তাহার উপর আবার কুদ্র কুদ্র ছইটা রক্তবর্ণ চকু তাহার কঠোর নিষ্ঠরতার ভাব প্রকাশ করিতেছিল। পাঠক অমুমান করুন, সেইখানে সেই সময়ে যে প্রেততত্ত্ববিদ্রাণ উপবিষ্ট ছিল, তাহাদিগের মনের অবস্থা কিরূপ হইয়াছিল। তাহারা দকলে ভয়ে জড়সড় ক্টয়াছিল। সেই আগস্তুক প্রেত-রুমণী একজন প্রেত-তত্ত্বাদীর

-পদপ্রান্তে পড়িয়া কাঁপিতে কাঁপিতে বলিল "তোমরা আমায় রকা কর. তোমরা আমার রক্ষা কর।'' রমণী যতই ভীতা হইতেছিল. ষতই অধিক কাঁদিতেছিল, দেই ভীষণ স্থানোয়ারটা তত্ই বেন অধিক আনন্দ অমুভব করি তেছিল। একটা বৈচ্যতিক গণ্ডির বেষ্টনে সেই ভীতা রমণী রক্ষিতা হইল, সেই ভরত্তর জানোয়ারটা তাহাকে ভাগে করিয়া, প্রেত-চক্রের কেন্দ্রন্তরপ আবিষ্ট ব্যক্তিকে (medium) আক্রমণ করিল। সে মহাক্রোধভরে তাহার আসন দূরে নিক্ষেপ করিল এবং তাহাকে ফেলিয়া দিয়া তাহার উপর নানারপ অত্যাচার আরম্ভ করিল। আমার গুরুভাট যগুপি তাচাকে আত্ম-শক্তিক ছারা রক্ষা না করিতেন, তাহা হইলে:দে আরও বিপদে পডিত। যাহা इंडेक, जामि त्रहे प्रमन्न त्रहे चरत्रत जारनाक्ती पूर्वভारत जानिया मिनाम। দেখিলাম, সেই রমণী ও সেই ভীষণমূর্ত্তি এখন অন্তর্হিত হইয়াছে।

সেই রাত্রিতে স্বপ্ন দেখিলাম, আমি প্রেতলোকে গিয়াছি। তথন ও সেই ভীষণ আকৃতি জানোয়ার সেই ভীতা রমণীকে অমুদরণ করি-তেছে: द्रम्भी ३ कांनिष्ठ कांनिष्ठ व्यञ्जात भनाहे छ । आमाद শুক্লভাই যোগানলকেও দেখানে দেখিলাম। তথন, তাঁহার কি স্থলর অভ্যুক্ত্রল শান্তমূর্ত্তি। তাহার পর আবার কি দেখিলাম, দেই শান্ত-মূর্ত্তির ভিতর হইতে বেন আর এক উজ্জ্বনমূর্ত্তি বাহির হইয়া তীব্রবেগে সেই ভীষণ অলোকিক জন্তটার দিকে ধাবিত হইল এবং শীঘ্রই তাহার উপর নিপতিত হইল। রবিকরদংম্পর্শে যেরূপ তুষার विश्वनिक इत्र, त्मिथिक त्मिरिक त्मरे इरों मूर्विरे त्यन श्रीनहां त्यन। त्रभ्वी । भाषा इहेन এवः आमात्र श्वक्र छाहेरक अवामभूर्सक अञ्चलिक প্রস্থান করিল। আমারও নিদ্রা ভাঙ্গিয়া গেল।

প্রাতে গাত্রোখান করিয়া, প্রাতঃক্ত্যাদি সমাপন করিয়া, আমি

শুকুভাইয়ের বাটীতে উপস্থিত হইলাম। তিনি তথন তাঁহার বাহিরের একটা ঘরে উপবিষ্ট আছেন ও আমার প্রতীক্ষা করিতেছেন। আমায় দেখিয়াই, তিনি জিজ্ঞাদা করিলেন, "রাত্রিতে ত তোমার নিদ্রার কোনও ৰ্যাঘাত হয় নাই ?" আমি সে কথার উত্তর না দিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলাম—"কালিকার প্রেত-তত্ত্ববিদগণের বৈঠকের দেই ভীষণ ভীষণ জ্বানোয়ারটাই বা কি ?" তিনি হাসিতে হাসিতে বলিলেন, "কেন তুমি ত রজনীতে সব দেখিয়াছ? যথন সেই ভীষণ জভুটা ধ্বংশ প্রাপ্ত হইল, তুমিও ত সে সময় উপস্থিত ছিলে. তবে প্রশ্ন করিতেছ কেন ?" এই কথা গুনিয়াই আমি মহা আশ্চর্য্যান্বিত হই-লাম !—আমি ত গতনিশার স্বপ্নকাহিনী গুরুভাইকে পূর্ব্বে জানাই নাই, —তবে তিনি ভাহা কি করিয়া বুঝিলেন ! তবে কি আমার স্বপ্নদৃষ্ট ঘটনা অলীক নয় ? তবে কি তাহা শামার উত্তেজিত মন্তিক্ষের ফলে সংসাধিত হয় নাই ? আমি উত্তর করিলাম, "আপনি ত অহিংদা-ধর্ম জীবনের সার করিয়াছেন, তবে কেন সেই ভীষণ জন্তটার বধসাধন করিলেন ? ইহাতে ত আপনার জীবনের ব্রতভঙ্গ হইল।"

তিনি একট হাসিয়া উত্তর করিলেন, "আমি এই রমণীর জীবদ্দশার ইতিহাস বলিতেছি, তাহা শুনিয়া তুমি সমস্ত বুঝিতে পারিবে। ওই রমণী অতিশয় স্থন্দরী ছিলেন; কিন্তু তাহার স্বভাব অতিশয় ঘুণিত ছিল। পে কৌশলে কত যুবকের মন আকৃষ্ট করিয়াছিল; তাহার হাবভাবে, কত যুবক মুগ্ধ হইয়া তাহাকে আত্মসমর্পণ করিয়াছিল। কিন্তু নিষ্ঠুরা রমণী কাহারও প্রেমের প্রতিদান করে নাই। সে তাঁহা-দিগের প্রাণ লইমা ক্রীড়া করিমা আদিমাছে। মূর্থ যুবকেরা তাহার অক্সগ্রহ-পিপাস্থ ইইরা তাহাকে সামাগ্র ক্রীতদাসের মত সেবা করিরা

আসিয়াছে; সে কিন্তু প্রথমে আকর্ষণ করিয়া তাহাদিগকে পরে প্রত্যাথ্যান করিয়া আসিয়াছে। তাহাদিগের মর্মপীড়ার তাহার মথ বোধ হইত। তাহার এই নির্দির প্রাণহীনতায় অনেকের জীবন মরুময় করিয়াছিল, এমন কি ছই একজন আত্মঘাতী হইয়াছিল। তজ্জন্তই মূহার পর রমনীর এবত্থাকার ভীষণ যন্ত্রণা! অপরের প্রাণের শাস্তিজ্ব করিয়াছিল বলিয়া, মরণের পর তাহার শাস্তি ছিলনা। আনেককে কাঁদাইয়াছিল বলিয়া তাহাকে এইরূপ কাঁদিতে হইল। আনে সেই যে ভীষণ অলৌকিক জানোয়ারটাকে দেখিয়াছিলে, বাস্তারে তাহা কোন জীব নহে। ওই হতাশ প্রেনিকগণের ভীষণ কোধ, মর্মান্তিক ত্বণা, প্রতিহিংসার তার জাকাজ্জা এই সমস্ত সন্মিলিত হইয়া সেই ভীষণ নরঘাতী মূর্ত্তি ধারণ করিয়াছিল। পাশবিক নির্চুর বাসনা হইতে উদ্ভূত বলিয়া ইহা ভয়্তরর পশুর আকার পরিগ্রহণ করিয়াছিল। \*

<sup>ি \*</sup> মানবের মানসে উদিত ভাব ক্লাগোকে প্রবেশ করিয়া কোন একটা অপদেবতার (Elemental) সহিত মিলিত হইয়া ক্রিয়াগক্তিশালী একটা প্রাণীরূপে পরিপত
হয়। চিস্তা সং হইলে তৎস্ট মূর্ত্তি সংক্রিয়াশীল শক্তিমান্ বন্ধুরূপে এবং অসং চিস্তার
বারা প্রস্তুত হইলে মানবের অনিষ্টকারী শক্তরূপে প্রেতলোকে বিচরণ করে। মহাশৃষ্টে
আমরা অহরহঃ প্রতিমূহুর্তে এইরপ কতশত প্রাণীর স্বন্ধন করিতেছি;
আমাদিগের প্রত্যেক অভিপ্রার, প্রত্যেক বাসনা, প্রত্যেক আবেগ এবং প্রত্যেক আশক্তি
হইতে এক একটা মূর্ত্তি প্রস্তুত হইতে গাকে। হিন্দু ইহাকে কৃত্যা বা বোগ্য দেবতা
এবং বোদ্ধেরা, ইহাকে ক্লে বলেন। সাধকের সাধন-পথে তাহার বা সমধর্মী অপরের
চিস্তা মূর্ত্তি বাধা দেয়। তজ্জন্মই সাধক মাঝে মাঝে ভর পার ও সাধন-অন্ত হয়।
তাহার মনে কামবীজ পাকিলে তাহা স্কল্বী অপরা মূর্ত্তি ধারণ করিয়া সাধককে প্রশৃক্ত
করে। তাই একজন সাধক উপদেশ করিয়াছেন "মনকে অমল ও পবিত্র না করিয়া
বোগ-ক্রিয়া আরম্ভ করা অতিশয় বিপদজনক"—কঃ রঃ সং]

"বিজ্ঞান-বিদেরা বেমন এক স্থ্রতর্কের সাহায্যে অপর স্থরতরক্ষস্পষ্ট মৃর্তিকে নষ্ট করে, আমিও দেইরূপ পবিত্র-প্রেম-চিস্তা-স্পষ্ট মৃর্তির
বারা সেই ভীষণ মৃর্তির নাশ সাধন করিয়াছিলাম। ভগবৎ-প্রেমের
বিমল তরকে ক্রোধ-বেষ-স্পষ্ট মৃর্তি গলিয়া গিয়াছিল। ভাই, ইহাতে
কি আমার প্রাণীবধ করা হইল ?"

আমি বোগানলকে বলিলাম "আমি দেখিতেছি, ভৌতিক চক্রে বোগদান করায় বিশেষ ফল আছে। আপনি যত্তপি তথায় না যাহতেন, তাহা হইলে রমণীর উদ্ধার হইত না। তবে আপনি ভৌতিক চক্রে বোগদান করিতে নিষেধ করেন কেন ?"

ইহা শুনিয়া তিনি উত্তর করিলেন, ''প্রেত-তত্ত্ব আলোচনার বিশেষ ফল আছে, তবে ভারতবর্ষে নয়। যাহাদিগের পরণোক সম্বন্ধে বিশ্বাস नारे, जाशांनिरात्र रेशांड উपकांत्र रही। तरे उत्मरणारे त्थाज-जब পুরাকালে মেক্সিকো (mexico) প্রদেশে ইহা এক ঋষিসজ্ব দারা প্রথমে প্রচারিত হয়। সেথান ২ইতে বর্ত্তমানকালে তাহা ইউরোপ ও বর্ত্তমান আমেরিকায় আসিয়াছে। কিন্তু, প্রেত-তত্ত্ব আলোচনার উপ-কারিত। হইতে অপকারিত। অনেক অধিক। মানবকে ইহা কুদংস্কার-হুষ্ট করে; হুর্বাস মান্ব যে কোন একটা প্রেতের আবেশকে মূত আত্মীয় অথবা খ্যাতনামা বাক্তি ও ধর্ম প্রচারক মহাত্মাগণের আবেশ বলিয়া ধরিয়া লয় এবং মহাভ্রমে প্তিত হয়। যাহারা মৃত্যুর পর প্রেত্যোনি প্রাপ্ত হয়, তাহাদিগের অধিকাংশই ইন্দ্রিয়াশক্ত, স্বার্থপর ও পাপী। প্রেত্যোনি প্রাপ্ত হইয়া তাহারা প্রেত্তক্রের দাহায্যে মিথ্যা ও কাল্পনিক বিবরণ দিয়া মানবের কৌতূহল বৃদ্ধি করে ও ভ্রাস্ত লোক-দিগকে অশান্তীয় প্রবাদ শিক্ষা দেয়। এই শ্রেণীর প্রেতদিগের স্বারাই, 'মানবের জনাস্তর হয় না' এই মিখ্যা শিক্ষা প্রেত-তত্ত্বিদেরা

প্রাপ্ত হইরাছে। এমন কি মহর্ষি-শিক্ষিত ভারতবর্ষেও অধুনা এই শিক্ষা প্রচারিত হইতে বসিয়াছে।"

আমার গুরুভাই প্রেত-তত্ত্ব আলোচনার অপকারিতা সম্বন্ধে আরও অনেক কথা বলিয়াছিলেন, আবগুক যদ্যপি হয়, আমি বারাস্তরে প্রকাশ করিব। কিন্তু আমার বোধ হয়, আপনানিগের অলৌকিক রহস্তের লেথক ''প্রীযুক্ত মলয়ানিল শর্মা" যেরপ সরঞ্জমে তাঁহার দাদামহাশয়ের ঝুলিটি বাহির করিয়াছেন, তাহাতে আমার এ বিবঁয়ে আলোচনার আবশুক হইবে না। ঝুলিটিতে প্রেত-তত্ত্ব বিষয়ক সমস্ত কথাই বোধ হয় আছে। আপনারা যগুপি মানবের কৌতূহল চরিতার্থতা সম্পাদন করিতে অলৌকিক রহস্তের অবতারণা করিয়া থাকেন, তাহা হইলে আমার বলিবার কিছুই নাই। আর যগুপি, প্রেত-তত্ত্ব আলোচনার মানব যে বিষম প্রমে নিপতিত হইতেছে, সেই প্রমদ্র করিতে বজুবান হন, তাহা হইলে ভগবানের নিকট প্রার্থনা করিতেছি, আপনা-দিগের শ্রম সার্থক হউক।

শ্রীযোগানন্দের গুরুভাই।

## ভূতের ভীষণ প্রতিহিংসা।

পূর্ব্ব প্রকাশিতের পর।

( ? )

গত বৈশাথ সংখ্যার পাঠক মহোদরগণ "ভূতের ভীষণ প্রতিহিংসা" শীর্ষক বৃত্তান্তে অমিয়নাথ বাবুর পরিচয় অবগত আছেন। প্রথম বৌবনে তাদৃশ উচ্চশিক্ষিত ব্যক্তি যে অধুনাতন সবিশেষ-অনুসন্ধান-পরাঘূথ ব্রকদের স্থায় ভৌতিক-ব্যাপারে বিশাস করিবেন না, একথা বলাই

বাছল্য। পাঠকবর্গ অবগত আছেন যে, তিনি দেবতা মানিতেন না—
এমন কি জগদাধরের সন্তায় তাঁহার বিশাদ একান্ত নিথিল ছিল।
কিন্তু প্রোঢ়াবস্থায় আর সে অমিয়নাথ বাবু ছিলেন না—তথন তিনি
আলৌকিক কোন ব্যাপার শ্রবণে একেবারে অবিশ্বাস করিতেন না।
ভৌতিক-ব্যাপারে তাঁহার অটল বিশ্বাস জনিয়াছিল। গোঁড়া হিন্দু হইয়া
উঠিয়াছিলেন—এমন কি রক্তবর্ণে রঞ্জিত প্রস্তরমণ্ড পথে পড়িয়া থাকিতে
দেখিলেও প্রণাম না করিয়া থাকিতে পারিতেন না। যে কয়েকটি
ঘটনার ভৌতিক-ব্যাপারে তাঁহার বিশ্বাস জন্মে, বৈশাথ নাদের "অনৌকিক রহস্তে" 'ভূতের ভীষণ প্রতিহিংসা' তন্মধ্যে একটি প্রধান ঘটনা।
তৎকালে তাঁহার পিতা ও পিত্ব্য জীবিত ছিলেন এবং উভয় প্রাতাম
প্রাণপণে সংসারের শ্রীবৃদ্ধি সাধন করিতেছিলেন।

অমিরনাথ বাব্র প্রপিতামতের ত্ই পুত্র; একটি অমিরনাথ বাব্র পিতামত। অমিরনাথ বাব্র পিতামতেরও ত্ই পুত্র। জ্যেষ্ঠ অমির বাব্র পিতা। কনিষ্ঠ নিঃসন্তান, পরস্ক জোটের প্রতি অসামান্ত ভিজেমান্। সর্কাণ ছায়ার স্তায় জ্যেটের অনুসরণ করেন। প্রথমে সকলেই এক পরিবারভুক্ত ছিলেন। পরে অমিরনাথ বাব্র পিতামত ও খুল্লপিতামত অতি সামান্ত কারণে বিচ্ছিন্ন হন। ইহার অত্যল্পকাল পরেই খুল্লপিতামতের পুক্রটি পরলোক গমন করেন এবং নানাবিধ বাবসায়ে রাতারাতি বড়মানুষ হইতে গিয়া খুল্লপিতামত একেবারে সর্কাশান্ত হইয়া পড়েন। অমিরনাথ বাব্র পিতা ও পিতৃব্য উভরেই মানুষের মত মানুষ। তাঁহারা ত্ই ভাতায় সংসারের বিলক্ষণ প্রীর্দ্ধি সাধন করিয়া গ্রাম মধ্যে — শুধু গ্রাম মধ্যে কেন—সেই অঞ্চলে বিলক্ষণ থ্যাতি প্রতিপত্তি লাভ করিয়া গণ্যমান্ত হইয়া উঠিয়াছিলেন। দোক্ষ-ত্র্বোৎসব প্রভৃতি হিন্দুর বারমানে তেরপর্ক বিলক্ষণ নিষ্ঠান্ত্বকারে

—বংশাচিত সমারোহে সম্পাদন করিতেন। ইহাতে পিতৃব্যের হাদয়ে স্বীনল প্রধ্মিত ও ক্রমশঃ প্রজালত হইয়া উঠিয়াছিল। কিন্তু উদার-হাদয় লাতৃস্পুল্রয়য় পিতৃব্যের প্রতি বিলক্ষণ ভাজিমান্ ছিলেন। তাঁহায়া মাসিক ৮০ আট টাকা করিয়া সাহায়্য করিয়া অপুলক পিতৃব্য ও তৎপত্নীর অয়সংস্থান করিয়া দিয়াছিলেন। কিন্তু পিতৃব্য মহাশয় অস্মাবশে নিয়ত লাতৃস্পুল্রগণের নিকাবাদ করিয়া বেড়াইতেন এবং প্রত্যাহ নিত্যপৃত্রাস্তে অয়দাতা লাতৃস্পুল্রগণের অমঙ্গল কামনা না করিয়া জলগ্রহণ করিতেন না। প্রাণপণ পরিশ্রমে লাতৃস্পুল্রয়য়ের কিঞ্চিয়াল অনিষ্ট সাধন করিতে পারিলে আপনাকে কতার্থ মনে করিতেন। তৎপত্নীও সর্ব্বপ্রয়ত্ত স্থামীর এই মহৎকার্য্যে প্রচুর সাহায়্য করিতেন। ফলতঃ স্থামীর "গাঁথুনীর" তিনি "সিমেন্ট"। কিন্তু ইহাতেও লাতৃস্পুল্রয়য়ের মনে ভাবান্তর উপস্থিত হয় নাই। তাঁহারা একই ভাবে পিতৃব্য ও তৎপত্নীর পরিচর্য্যা করিতেন; তাঁহাদের সম্ভোষ্যাধনার্থ অনেক চেষ্টা করিতেন;

কালক্রমে গুণধর পিতৃবা কঠিন পীড়ার আক্রাপ্ত হইলেন। রোগটি ক্রমে ভীষণ হইতে ভীষণতর হইতে লাগিল। লাতৃপ্পুল্রম্বর ষথাসপ্তব চিকিৎসার স্থবাবস্থা, সেবা গুল্রমা, ঔষধ মেবনাদি কোন বিষয়ে কিছুমাত্র ক্রটি করেন নাই। কিন্তু বৃদ্ধ পিতৃব্যকে বাঁচাইতে পারিলেন না। এক অভিলয়ত চুর্দিনে ঘনারকারারত রক্ষনীতে বৃদ্ধ ইহলোক তাাগ করিলেন। সেদিন ঝড় বৃষ্টি হুর্যোগের সীমা ছিল না। লাতৃপুল্রম্বর প্রাণপণ চেষ্টা করিরাও বৃদ্ধ পিতৃব্যের অস্ত্যেষ্টি ক্রিয়া সর্বাঙ্গসম্পন্ন করিতে পারিলেন না। বৃদ্ধের শ্রাদ্ধাদি অবশ্রই যথাসপ্তব সোষ্ঠব সহকারে সম্পাদিত হুইয়াছিল।

এই ঘটনার কিছুদিন পরে, কনিষ্ঠ ল্রাভা (অমিয় বাব্র পিতৃব্য )

বিষয়কর্ম উপলক্ষে কলিকাতায় গমন করেন। তথায় তিনি কয়েকটি শাভজনক কার্যো প্রবুত্ত হইয়া প্রচর অর্থ উপার্জ্জন করিতেছিলেন। একদা সায়ংকালে তিনি একাকী বিশ্রামগৃহে বসিয়া আছেন, এমন সময়ে হঠাৎ দেখিলেন জানালায় একটি প্রকাণ্ড মুখ। দেহ নাই—কেবলই একটি মুখ !। মুখটি দেখিবামাত্র তাঁহার বিশ্বয় ও আতঙ্কের সীমা রহিল না। মুখথানি আর কাহারও নহে—তাঁহাদের পরলোকগত পিতৃব্যের ॥ মুখ হইতে নিরতিশন্ন কঠোর স্বরে কেবল এইমাত্র বাক্য নির্গত হইল— "উন্নতি করিতে আসিয়াছ ? অ'চছা, উন্নতি কর: দেখি কতটা কি করিয়া তুলিতে পার।" এই বলিয়াই মুখট তৎক্ষণাৎ অন্তহিত হইল। অমিয় বাবুর পিতৃব্য নিভীক ও বলিষ্ঠ পুরুষ—তথাপি এই ব্যাপারে তিনি অতিমাত্র ভীত হইয়া মৃচ্ছিত হইয়া পড়িলেন। একটিমাত্র বিশ্বস্ত ভূতা গৃহাস্তরে ছিল: সে তাঁহার পতনশব্দ ভূনিবামাত্র ব্যস্তসমস্ত হইয়া তথায় উপস্থিত হইল এবং পরম যত্নে তাঁহার চৈতন্ত সম্পাদন করিল। এই দিন হইতে প্রভাহ তিনি একাকী থাকিলেই ঐ পিতৃব্য মুখ তাঁহার নিকট আবিভূতি হইত এবং কঠোরস্বরে এ কয়টনাত্র কথা বলিয়া অস্ত-হিত হইত। কিন্তু যথন তিনি অন্ত কাহারও সঙ্গে থাকিতেন, তথন কিছুই দেখিতে বা গুনিতে পাইতেন না। অতঃপর তিনি অগত্যা একজন বলিষ্ঠ শিথকে শরীর-রক্ষারূপে নিযুক্ত করিলেন। এই ব্যক্তি দিবারাত্র তাঁহার সমীপে উপস্থিত থাকিত। যথন সে পাকাদি কার্য্যে প্রভুর নিকট থাকিতে পারিত না, তখন পূর্ব্বোক্ত বিশ্বস্ত ভ্তাকে তাঁহার নিকট রাখিয়া বাইত।

এইরূপ ব্যবস্থার অমিয় বাব্র পিতৃত্য স্বকীয় পিতৃব্যের বদনদর্শন ও কঠোর ভর্ৎ দনা প্রবণ হইতে অব্যাহতি পাইবার আশা করিয়াছিলেন; কিন্ধু ইহাতে পরে কোন ফল দর্শে নাই। তিনি পিতৃব্যের হস্ত হইতে

নিষ্কৃতি লাভ করিতে পারেন নাই। যথন তিনি পার্থানার যাইতেন, সেই সময়ে তথায় ঐ ভীষণ ক্রকুটি-করাল বদনখানি আবিভূতি হইয়া তাঁহাকে ভীতিবিহ্বল করিয়া তুলিত। এইরূপে মাসাধিককাল অতিবাহিত হইলে, তিনি বিলক্ষণ ব্ঝিতে পারিলেন যে, ক্রমণ: তাঁহার স্বাস্থাভঙ্গ হুইতেছে: চিকিৎসার বাবস্থা করিলেন: কিন্তু চিকিৎসকগণ রোগের কিছুমাত্র প্রতীকার করিতে পারিলেন না। ত্রতঃপর হতাশচিত্তে তিনি ষ্পগ্রজ ভ্রাতাকে অবিলয়ে কলিকাতায় আদিবার জন্ত পত্র লিখিলেন। তিনিও প্রাণোপম কনিষ্ঠের অস্বাস্তা সংবাদ অবগত হইবামাত্র সর্ব্বকর্ম পরিত্যাগ পূর্বক কলিকাতায় আগমন করিলেন এবং কনিষ্ঠের মুথে সমুদায় ব্যাপার অবগত হইয়া অভিমাত্র উৎকণ্ঠিত হইলেন। একদা কনিষ্ঠ কহিলেন, "দাদা, বোধ হয় আমার আয়্ফাল পূর্ণ ঃইয়া সাদিল। পিতৃবোর করালকবলে আমাকে অতি শীঘ্রই প্রবেশ করিতে হইবে। আমি অনুক্ষণ দেহমধ্যে কি এক অন্তুভ্তপূর্ব ছবিবহ যাতন। ভোগ করিতেছি ৷ চিকিৎসকগণকে এই বাতনার বিষয় পূঞ্জামুপু**ন্ধা**রূপে অবগত করাইয়াছি; কিন্তু তাঁহারা ইহার কোন প্রতীকার করিতে পারিতেছেন না—রোগটি যে কি, তাহাও তাঁহারা বৃঝিতে পারিতেছেন না।-এদিকে প্রত্যহই খুড়া মহাশবের ভাষণ মূথ দেখিকেছি-মূহুর্ত্ত-মাত্র আমাকে একাকী পাইলেই তিনি আমায় দর্শন দিয়া এরপ কঠোর বাক্য প্রয়োগ করেন।" এ বুত্তান্ত অবগত হইয়া জ্যেষ্ঠ একেবারে হত-বুদ্ধি হইয়া পড়িলেন-অভঃপর তিনি আহার নিজা পরিত্যাগ করিয়া দিবারাত্র পরম যত্নে ভ্রাতার তত্ত্বাবধান করিতে লাগিলেন। আর কিনে তিনি পিতৃবোর হন্ত হইতে মুক্তিলাভ করিতে পারেন, তজ্জ্ঞ অনেক উপায় করিতে লাগিলেন—কত যাগ যক্ত হইল—কত ভৌতিক-চিকিৎসক আসিল-কিন্তু কিছুতেই কিছু হইল না। অল্লদিনের মুধ্যেই

কনিঠ শ্যাশারী হইলেন। এখন প্রতিনিরত পিতৃব্যের ভীষণ মৃর্তি তাঁহার নেত্রোপরি আবিভূতি হইতে লাগিল। কি যে এক ছঃসহ যাতনার তিনি মৃত্যুশ্যার ছট্ফট্ করিতে লাগিলেন, তাহার মূল নির্ণীত হইল না। যাতনার কোনরূপ প্রতীকার চিকিৎসার ক্ষমতাতীত বোধ হইল। অর দিনের মধ্যেই জ্যেষ্ঠের ক্লোড়ে তলাত্জীবন কনিষ্ঠের প্রাণবায় কোণার অনস্তে বিলীন হইরা গেল।

প্রাণপ্রতিম কনিষ্ঠ সহোদরের ঈদুশ শোচনীয় মৃত্যুতে জ্যেষ্ঠ জীবন্মত-প্রার লইলেন। তিনি চিত্তের স্বাভাবিক দৃঢ়তাবলে কথঞিং শোক-সংবরণ করিয়া গৃহে প্রতিগমন করিলেন এবং বৈষয়িক কার্য্যে অধিকতর বাাপুত থাকিয়া ভ্রাতৃশোক বিশ্বত হইবার চেষ্টা করিতে লাগিলেন। পিতৃব্যের মৃত্যুর পর একমাত্র পিতৃব্যুপত্নীর গ্রাদাচ্ছাদনার্থ ৪, টাকাই যথেষ্ট মনে করিয়া তিনি এ পর্যান্ত তাঁহাকে মাসিক 🙉 🔪 টাকা করিয়াই দিয়া আদিতেছিলেন। কিন্তু গুণবতী পিতৃব্যপত্নী স্বাভাবিক অস্মা পরিত্যাগ করিতে পারেন নাই। বরং স্বামীর মৃত্যুর পর হইতে হাঁহার অত্যাচারের মাত্রা ক্রমশঃ দিন দিন বর্দ্ধিত হইরা আদিয়াছে। অমিয় নাথের পিতা এ পর্যান্ত পুত্রবৎ তাঁহার সেগা করিয়া আসিতেছেন এবং তিনিই বুদ্ধার শেষজাবনের প্রধান অবলম্বন, তপাশি বুদ্ধাও অবিচলিত ভাবে প্রতিনিয়ত তাঁহার অনঙ্গল-চিন্তা না করিয়া থাকিতে পারিভেন না ৷ এমন কি, তাঁহার কিছু না কিছু অনিষ্টদাধন না করিয়া বৃদ্ধা জ্বগুরুণ করিতেন না। প্রতি বংসর অনিয়নাথের পিতা প্রম সমারোহে **দীপ।দ্বিতা পূজা করিতেন। তিনি নিজে পূজায় ব্রতী থাকিতেন।** এবার দীপান্বিতা পৃষ্ণার প্রায় একমাস পূর্ব্ব হইতেই বুদ্ধা পিতৃব্য-পত্নীর একটু একটু জর দেখা দিল। সীড়াটি ক্রমশঃ বাড়িতে বাড়িতে পূজার পৃক্দিন বৃদ্ধির চরম সীমায় পৌছিল। পাছে

পুৰার দিন-পুৰাকালে পিতৃব্যপত্নীর মৃত্যুনিবন্ধন অশোচে পূজার ও ব্রাহ্মণভোজনাদি কার্য্যের নিতান্ত অসুবিধা হয়, এই আশঙ্কায় অমিয়-নাথের পিতা নিরতিশয় উৎক্তিত হইয়া পড়িয়াছিলেন। গ্রামের প্রান্তবর্ত্তী তাঁহারই একটি বাটীতে বৃদ্ধা ইদানীং বাস করিতেন। বৃদ্ধার মুখদোবে এবং ফু:শীলতার গ্রামের সকলেই তাঁহাকে আন্তরিক ঘুণা ও অশ্রদ্ধা করিত। কেবল অমিয়নাথের পিতার মুখাপেক্ষী ২।১ জন ন্ত্রীলোক বুদ্ধার শুশ্রষায় নিযুক্ত হইয়াছিলেন। অম্বরের আকর্ষণের **অভা**বে সেবা শুশ্রমাকার্য্য যতটুকু হইতে পারে—তাংাই **হইতে**-ছিল। বুদ্ধা ঐদীপাবিত। অমাবস্থার রন্ধনীতে—নিশীথকালে—দেহত্যাগ করিল। তৎকালে তাহার কাছে কেহট ছিল না; সকলে পূজাদর্শনে গিরাছিল। *স্থ*তরাং বুদ্ধার মৃত্যুসংখাদ যথাসময়ে অমিয়**নাথে**র পিতার নিকট পৌছিল না। তিনি পূজাকার্য্যে একাগ্রচিত্ত ছিলেন—এবং পূজান্তে ব্রাহ্মণভোজনাদি কার্য্যে ব্যাপুত ছিলেন-পিতৃব্যপত্নী এসময়ে তাঁহার মনে স্থান প্রাপ্ত হন নাই। সমস্ত রাত্তি এইরূপে অতিবাহিত হুইল। পরদিন বেলা ৯টা ১০টার সময় এই সংবাদ অমিয়নাথের পিতার কর্ণগোচর হইগ। তিনি তৎক্ষণাৎ পিতৃত্যপত্নীর মৃতদেহের সংকারের ব্যবস্থা করিলেন এবং যথাশাস্ত্র তাঁহার অস্ত্যেষ্টিক্রিয়া ও প্রারাদি সম্পন্ন कविद्यान ।

মাসাধিককাল পরে একদা অমিয়নাথের পিতা কোন কার্য্যোপলক্ষে গ্রামান্তরে গমন করিয়াছিলেন। কার্যা সম্পাদন করিতে দিবাভাগ অতিক্রাস্ত হইল। সন্ধার অব/বহিত পরে তথা হইতে অতি দ্রুতপদ-সঞ্চারে গুরাভিমুবে যাত্রা করিলেন। দেহে অতুল সামর্থ্য-হত্তে স্থুদীর্ঘ পক্ষবংশ-নিশ্মিত যষ্টি। ভয় কাহাকে বলে, তাহা তিনি জানিতেন না। এদিকে পৌর্ণমাসী বজনী—আকাশ নির্মাল—সম্পূর্ণ মেঘমুক্ত। কৌমুদী-

বিমণ্ডিতা প্রকৃতি দেবী শুল্র কোষের বল্পে কলেবর আচ্ছাদন করিয়া হাস্তচ্চটার দিগস্ত উদ্ধাসিত করিতেছেন। অমিয়নাথের পিতা প্রকৃতির তথাবিধ অপুর্ব্ধ দৌলুর্য্য সন্দর্শনে মুগ্ধ—অন্তমনস্ক। রাত্রি প্রায় দশ্টার সময় তিনি নিজ গ্রামের প্রান্তবর্ত্তী আম্রকাননের নিকট উপশ্বিত হইলেন। হঠাৎ কাহারো কঠোর কণ্ঠধ্বনি তাহার কর্ণ গোচর হওয়ায় তাঁহার অভ্যমনস্ক ভাব দূর হইল। যে দিক হইতে শক্টি শ্রুতিগোচর হইয়াছল,দেই দিকে দৃষ্টিপাত করিয়া দেখেন—স্থদীর্ঘকায়া রমণী মূর্ত্তি— বিকট পৈশাচিক হাস্তে আত্রকানন মুখরিত করিয়া দণ্ডায়মানা। মুর্ত্তিটি কাহারও নহে—তাঁহারই পিতব্য-পত্নীর।। দেখিবামাত্র তিনি বিম্ময়-বিমুগ্ধ চিত্তে কিয়ৎক্ষণ দণ্ডায়মান থাকিয়া বিরক্তি সহকারে কহিলেন ''আবার কেন ?'' মূর্ত্তিটি পুনরায় বিকট হাস্ত সহকারে তাঁহাকে সম্বোধন করিয়া কহিল— "আবার কেন ? ভুনিবে ? কর্ত্তার হাতে তোমার ভাই—আর আমার হাতে তৃমি ! কেমন বুঝেছ ত ?'' এই কথা শ্রবণ মাত্র মহা ক্রোধে— 'ব্যা: পাপীয়দি— আত্তও তোমাদের জঘন্ত হাদয় পরিবর্ত্তিত হইল না-এথনো সাধ মিটিল না'' এই বলিয়া তিনি করস্থিত সেই স্থণীর্ঘ ষষ্টি মহাবেগে ঐ মৃতির প্রাত নিক্ষেপ করি-লেন। মুর্ভিটি পুনরায় সেই পৈখাচিক বিকট হাস্তে দিল্লাণ্ডল পরিপূর্ণ করিয়া অন্তর্হিত হইল। তিনিও যষ্টি কুডাইয়া লইগা বিচলিত চিত্তে গ্রহে উপস্থিত হইলেন। এই ঘটনার পর মধ্যে মধ্যে ঐ রমণীমূর্ত্তি তাঁহার সম্মুখে আবিভূতি হইত এবং ঐ একই কথা বলিয়া অন্তৰ্হিত হইত। হুই এক সপ্তাহ অতীত হইতে না হইতেই তাঁহার দেহের ভাবাস্তর ঘটতে লাগিল। তিনি পুত্র অমিয়নাথকে সম্বর বাটি আসিতে পত্র লিখিলেন। অমিয়নাথ পিতার পত্র প্রাপ্তিমাত্র অবিলম্বে পিতৃসমীপে উপস্থিত হইলেন। পিতা ेকিছিলেন,—''বংস, ভোমার পিতৃবোর মৃত্যুর আমুপুর্বিক বিবরণ অবগত

আছ—মৃত্যু নিকটবর্ত্তী। আমি খুড়ীমাতার হাতে পড়িয়াছি। তিনি আমাকে না লইয়া ছাড়িবেন না। তুমি বিষয় আশয় সমস্ত ব্রিয়া লও।" এই বিলয়া তিনি পুত্রকে বাটাতে থাকিতে আদেশ করিলেন। অমিয়নাথ চাকরী ত্যাগ করিয়া পিতার চরণতলে দিবারাত্র উপস্থিত থাকিয়া প্রাণপণে তাঁহার সেবায় নিযুক্ত রহিলেন। চিকিৎসাদির কিছুমাত্র ক্রটি হয় নাই। কিন্তু ছঃথের বিষয় এই যে, ৩৪ সপ্তাহের মধ্যেই পিতা ইহলাক পরিত্যাগ করিতে বাধ্য হইলেন। অময়নাথ এই তিনটি ঘটনা প্রত্যক্ষ করিয়া ভৌতিক-ব্যাপারে আস্থা স্থাশনে বাধ্য হন।

শ্রীঅবিনাশচক্র মুখোপাধ্যায়।

## ভূতের চণ্ডিপাঠ।

বৈশাধ মাস। অত্যন্ত গ্রীয়। শনিবার ত্ইটার সময় আফিসের ছুটি হইলে যথন রাস্তায় আসিয়া ট্রাম গাড়ীর জন্ত অপেক্ষা করিতেছিলাম, তথন প্রচণ্ড রৌদ্রে ও অগ্নিক্চ্লিঙ্গের ন্তায় প্রবল বায়তে সর্বশরীর যেন দগ্ধ হইতে লাগিল। এক সপ্তাহ মেসের বাসায় থাকিয়া তই দিনের জন্ত আজ বাটী বাইব। রৌদ্রের কট অগ্রাহ্থ করিয়া ট্রাম গাড়ীতে উঠিলাম এবং যথা সময়ে শিয়ালদ্ধ টেসনে আসিয়া ২-৩০ মিনিটের গাড়ীতে সাড়ে তিনটার সময় নিজ্ঞামে পৌছিলাম।

টিকিট দিয়া টেশনের বাহিরে আসিতেই গোবিন্দ খুড়া একথানি দোকানের ভিতর হইতে বাহির হইয়া বলিলেন "এই যে প্রিয়নাথ এয়েচ, আমি আরো ভাবিতেছিলাম। আজ হেমের বিবাহ; তোমাকে যাইতে হইবে। তোমার কাপড় চোপড় সব বাড়ী হইতে আনিয়াছি।

তোমাদের চাকর আমাদের সঙ্গে ঘাইতেছে। তাহার নিকট তোমার আফিসের কাপড লোপড ছাডিয়া দাও।'' স্বয়ং হেমও আসিয়া আমার হাত ধ্রিয়া বলিল "যাবেনা ভাই। না গেলে তোমার দঙ্গে আর কথনও কথা কহিব না।'' হেম আমার গুলতাত-পুত্র। তাহার পিতামহ ও আমার পিতামহ তুই সহোদর ছিলেন। সমবর্ম্বর, সহপাঠী ও অভিন্ন-হাদয় বন্ধু হেমের অমুরোধ কিছুতেই উপেক্ষা করিতে পারিলাম না। কাজেই যাইতে হইল। আমার সমবয়ত্ব আরো ৪।৫টি ব্রু আসিয়াছিল।

যথা সময়ে ট্রেণ আসিলে আমরা সকলে বর লইয়া এক কামর।র উঠিয়া পরস্পর হাস্ত পরিহাস করিতে করিতে যাইতে লাগিলাম। বিবাহ কলিকাভার কিঞ্চিৎ দক্ষিণে বারুইপুরের নিকট কোনও পল্লী-গ্রামে হইবে। ক্সাক্র্তার বাটা পৌছিতে প্রায় রাত্রি ৮টা বাজিয়া গেল। বিবাহের লগ রাত্রি ১১টার পরে। অতএব কন্তাকর্তার অফু-**८दार्ध (श्रीष्ट्रियात्र किक्कि९** शरहरे यत्रगाञीरमत आशातामित्र श्रान হুইল। আহারাদি শেষ হুইলে অনেক বর্ষাত্রী বাটী ফিরিলেন। কেবল প্রামরা ১০।১৫ জন যাহারা বরের পরম আত্মায় তাহারাই রহিলাম।

वत्रयाजीत्मत्र विमात्र कतित्रा ग्राहाता भन्नन कतिए हाश्टिनन, छाहा-দের শয়নের বন্দোবস্ত করিয়া দিয়া বিবাহ আরম্ভ হইল। বিবাহ সভায় বরকর্ত্তার সহিত আমরা ৪।৫ জন বরের বন্ধু উপস্থিত হইলাম। বিবাহ শেষ হইতে রাত্রি ১টা বাজিল। তাহার পর আহার করিয়া আমরা যথন শয়ন করিলাম, তথন প্রায় রাত্রি দেড়টা।

वत्रवाजीरमव भन्नत्वत रायात्व वत्नावछ इटेग्राहिन, रायात्व आक তিলার্দ্ধ স্থান নাই। কাব্দেই কন্সাকর্তার বাটীর নিকট অন্ত এক `বাটীতে আমাদের শ্যা। হইল।

ঐ বাটার সদরে দরজা-বসান একটা ছোট পূঞার দালান ও তাহার লাগাও একটী বৈঠকখানা। বৈঠকখানার দরজা সদাই তালা-বন্ধ থাকে। প্রাঙ্গণ আবর্জনা ও জঙ্গণে পরিপূর্ণ। দেখিলে বোধ হয় ৰাটীতে কেহ ৰাগ করে না। বস্তুত তুইটা বিধবা দ্বীলোক বাতীত বাটীতে আর কেহই থাকে না। তাঁহারাও সর্বদা অন্দরমহলে থাকেন। সদর বাটীতে আসিবার তাঁহাদের বড় আবগুকতা হয় না। শুনিলাম, বাটীর কর্ত্তা বিদেশে চাকরী করেন ও দেইখানেই সপরিবারে বাস করেন। পূজার দালানে বিছান। করিয়া আমরা ৩।১ জন সমবয়স্ক বন্ধ, ছইজন চাকর ও নাপিত শয়ন করিলাম। তথন প্রায় রাজি আনাজ আডাইটা হইবে।

শন্ত্রন মাত্রেই সকলে নিদ্রিত হইল, কেবল আমার আর বিপিনের নিদ্রা আসিল না। চুপ করিয়া শরন করিয়া আছি। চারিদিক নিস্তব্ধ। মৃত্যুন্দ বায়ু নিকটস্থ বুক্ষ শ্রেণীতে লাগিয়া দন দন শব্দ হইতেছে। একাদশীর চক্র সবে মাত্র অদুগু হইয়া ধরাতলে অন্ধকার বিস্তার করিয়াছে, এমন সময়ে নিকটস্থ বৈঠকথানায় হঠাৎ থড়মের শব্দ হইল। বোধ হইল, যেন কেহ খড়ম পায়ে দিয়া বেডাইতেছে! ২া১ মিনিট স্থির হইয়া গুনিলাম। . ঠিক বৈঠকথানার ভিতর হইতে শব্দ আসিতেছে। তথন বিপিন কহিল—

"গুনিতে পাইয়াছ ? কি বল দেখি ?"

আমি। কিছুই বুঝিতে পারিতেছি না। বৈঠকথানায় কি কেহ আদিয়াছে ? কিন্তু কেমন করিয়াই বা আদিবে দদর দরজা বন্ধ। ष्यन्तत्रप्रका निशा व्यानिएक इटेरन नानारनत छेभत्र निशा याटेरक इटेरत। कावन, छेठान जनल পूर्न। त्रथात्न वात्व त्रक् गाहेरछ माहंम করিবে না।

বিপিন। তাইত, আশ্চর্য্য বোধ হইতেছে।

লক্ষ্মীনারায়ণকে আলো জ্বালিতে বলিলাম—দে বলিল ''ভয় কি ? ও কিছুই নয়। রাম রাম বাম বল, ব'লে চুপ করে ঘুমাও।''

আমরা হাদিরা বলিলাম "লক্ষ্মীনারারণ ! তুমি যথন কাছে রহিরাছ, তথন আমাদের ভর কি ? তবে এরূপ অবস্থার অন্ধকারে থাকাও ভাল নয়। মন্দ লোকও ত'আদিতে পারে ?''

আর অধিক আপাত্ত না করিয়া লক্ষ্মীনারায়ণ লগুন জালিল। ইতিমধ্যে থড়মের শব্দ মধ্যে মধ্যে হইতেছে, আর মধ্যে মধ্যে বন্ধ হইতেছে।
লগুনটি লইয়া আমরা বৈঠকথানার বারাণ্ডার গেলাম; গিয়া দেখিলাম,
বৈঠকথানায় তালা বন্ধ। দরজার আক্তি দেখিয়া বোধ হইল ছুই
বংসর তালা খোলা হয় নাই। সদর দরজাও আমরা যেমন বন্ধ
করিয়া আসিয়াছিলাম, সেইরূপই রহিয়ছে। বৈঠকথানার ভিতর
যতদ্র আলো যাইতে লাগিল, ভাল করিয়া দেখিলাম, কিছুই দেখিতে
পাইলাম না।

আমরা যাইবার পূর্ব্বেই শব্দ বন্ধ ইইয়াছিল। কিছু দেখিতে না পাইয়া আমরা আসিয়া বসিলাম। লক্ষ্মীনায়য়ণকে তামাক সাজিতে বালয়া ছই তিন মিনিট বসিয়া ,আছি। পুনরায় শব্দ ইইতে লাগিল। এবার থড়মের শব্দ নয়,—কেশোকুশীর। পুনরায় আলো লইয়া উঠিলাম। এবার কিন্তু লক্ষ্মীনায়য়ণ বিশেষ আপত্তি করিতে লাগিল। বলিল "ঠাহারা উপদেবতা (বলিয়া উদ্দেশে কর্ষোড়ে প্রণাম করিল) পূজা করিতেছেন। পূজার বাাঘাত করিলে ঠাহাদের অভিসম্পাত্তে পাড়তে হইবে"। কিন্তু যথন দেখিল যে, আমরা তাহার আপত্তি শুনিলাম না, তথন কাজেই আমাদের সঙ্গে চলিল। এবায়ও কিছু ধেদিতে পাইলাম না। কাজেই তামকুটে মনোনিবেশ করিলাম।

ইতিমধ্যে অক্সান্ত বন্ধুতার হুঁকার শব্দে উঠিয়া বসিলে। সকলে মিলিয়া উপস্থিত বিষয়ে আন্দোলন করিতেছি—পুনরায় কোশাকুশীর শব্দ ও তৎসক্ষে স্থামিষ্টব্যরে মন্ত্রোচ্চারণ। যেন কেহ চণ্ডিপাঠ করিতেছে। আমরা অনেকক্ষণ স্থির হইয়া কথা বঝিবার চেটা করিলাম কিন্তু বুঝিতে পারিলাম না ১০।১৫ মিনিট স্থির ভাবে শুনিলাম। পরে বৈঠক-খানার ভিতর প্রবেশ করিয়া ভাল করিয়া দেখা ঘুক্তিযুক্ত বিবেচনা করিলাম। বৈঠকথানার তালা অতি পুরাতন, খুলিতে বিশেষ কট পাইতে হইল না।

তালা পুলিবার সময় মন্ত্রোচ্চারণ ও কোশাকুশীর শব্দ একেবারে বন্ধ হইয়াছিল। কেবল বিরক্ত হইলে লোকে যেরপ "উুঁ:" "উুঁ:" শব্দ করে. সেইরূপ শব্দ ঘরের ভিতর হইতে শোনা যাইতে লাগিল। তালা খুলিয়া ঘরে প্রবেশ করিয়া আমরা অর্দ্ধঘন্টা ধরিয়া খুঁ।জলাম। কিন্তু কিছুই দেখিতে পাইলাম না। প্রত্যাবর্ত্তন করিয়া পরিত্যক্ত হঁকা গ্রহণ করিয়া তামাক খাইবার উদ্যোগ করিতেছি, এমন সময় দালান ছইতে বৈঠকথানায় যাইবার দরজায় বিপিনের দৃষ্টি পড়িল।

"ওরে বাবারে; ও কি ?'' বলিয়া বিপিন চীৎকার করিয়া উঠিল। 🦠 আমাদের সকলের দৃষ্টি কাজেকাঞ্জই সেই দিকে পড়িল। যাহা দেখিলাম, তাহাতে সর্বাণরীর কম্পিত ও বাক্য-রোধ হইল। দেখিলাম, এক দীর্ঘকায় ব্রাহ্মণ গলদেশে শুভ্র যজ্ঞোপবীত ও রুদ্রাক্ষ লম্বমান। নামাবলীর উত্তরীয়। এক দৃষ্টিতে আমাদিগকে দেখিতেছে। একটু স্থির হইয়া আমি বিজ্ঞাসা করিলাম "আপনি কে?" কোনও উত্তর নাই। তুই তিনবার জিজাসা করিলাম, তথাপি নিরুত্তর। ইতি মধ্যে লক্ষী-নারায়ণ করপুটে প্রণত হইয়া বার বার বলিতে লাগিল 'বাবা। আমারু অপরাধ মার্জনা করিবেন।" প্রায় ৫ মিনিটের পরে বোধ হইল বেন

মনুষামূর্ত্তি দেয়ালের সহিত মিলিয়া গেল। আমরা তৎক্ষণাৎ উঠিয়া চারিদিকে তন্ন তন্ন করিয়া দেখিলাম, কিছুই দেখিতে পাইলাম না। ফিরিয়া আসিয়া বড়ি দেখিলাম, ৪টা বাজিয়া গিয়াছে; তথন আর এবিষয় চেষ্টা করা রুপা বিবেচনার, বাকী রাত্রি টুকু গল্প সল্ল করিয়া কাটাইলাম। প্রভাতে প্রাতঃক্তা সমাপন করিয়া কন্তাকর্তার বার্টাতে উপস্থিত হই-লাম। ছই একটি প্রয়োজনীম কার্য্য শেষ করিয়া, বরের সহিত বন্ধুগণের নিকট আসিলাম। তাহারা তথন গ্রামস্থ কয়েকটি যুবকের সহিত ঐ বিষয়ের আন্দোলন করিতেছেন। ঐ গ্রামবাসী একটি শিক্ষিত যুবক বলিতেছেন—"আমরা অনেক অনুসন্ধান—অনেক চেষ্টা করিয়া দেখি-ষাছি. কোন কারণই নির্দেশ করিতে পারি নাই। কাজেই ভৌতিক ব্যাপার বলিয়া বিশ্বাস করিতে হইয়াছে।" আর একটি কলিকাতা-বাসী গুবক বলিলেন, ভূত কখনও বিশ্বাস করি না। আর যতক্ষণ চক্ষে না দেখিব-তভক্ষণ আমি বিশ্বাস করিব না। ভূত যে চণ্ডী পাঠ করে, ইহা আশ্চর্যাও অসম্ভব, এই বশিয়া তিনি উচ্চ হাস্তা করিয়া উঠিলেন। দেইখানে ক্সাক্র্তার গুরুদেব বসিয়া হরিনামের মালা জ্প ক্রিতে ছিলেন। বুদ্ধ ব্রাহ্মণের আফুতি ঋষির ক্যায়; দেখিলে ভক্তি হয়। তিনি আত্তে আত্তে বলিলেন, "বাপু এই বিশ্ব সংদারে আশ্চর্য্য কিছুই নাই। ঈশরের কার্য্য আমরা বুঝিতে পারি, বা সমালোচনা করি, এমন বিস্তা বুদ্ধি আমাদের নাই। কোন বিষয় বুঝিতে পারিলাম না ব'লে. কাহাকেও অবিখাদ করা উচিত নয়। এই ভৌতিক ব্যাপার দহদ্ধে এমন আশ্চর্যা ঘটনা আমি চাকুষ দেখিয়াছি যাহা শুনিলে তোমরা বিশাস ত করিবেই না, অধিকস্ক আমাকে মিথ্যাবাদী বলিয়া অশ্রদ্ধা করিবে।"

আমাদের ঐ ঘটনা শুনিতে অত্যস্ত কৌতৃহল হইল। উহা বলিবার জ্ঞ উাহাকে অত্যস্ত জেদ করিতে লাগিলাম। কিন্তু তিনি বলিলেন—"এখন- कांत्र ममम् नम्, ट्लामता छ देवकारन याहेरव ? आहांत्रा नित्र भन्न विनित्। আহারাদির পর তিনি যে গল বলিলেন পর সঞ্চায় তাহা বিবৃত করিব।"

উপন্থিত ঘটনার আমরা আবার অনুসন্ধান করিয়াছিলাম: কিন্তু কোনও ফল হয় নাই। এখন শুনিতেছি সেই বৈঠকথানা ভাঙ্গিয়া ন্তন করিয়া তৈয়ার করা হইয়াছে। গৃহ কর্তাও পেন্দন্ লইয়া সপরি-বারে বাটী আদিয়া বাদ করিতেছেন, এখন আর কোনও গোল নাই। শ্রীরাপাল দাস চট্টোপাধ্যায়।

## দাদা ম'শায়ের ঝুলি।

(৯১ পৃষ্ঠার পরে)

বেলা অবসান হইয়াছে। ভগবান মন্ত্রীচিমালী পশ্চিমগগনে অন্তা-চলচ্ড়া আরোহণ করিয়াছেন। সোণার কিরণে দিল্নগুল, বুক্ষলতা শ্রেণী, মাঠ, বাট, ঘাট সমস্ত যেন কি এক অপূর্ব্ব 🗐 ধারণ করিয়াছে। দিবদের ক্লান্তিদূর করিয়া ফুর ফুরে দখিনা বাতাদ বহিতেছে।

ক্রমে সন্ধ্যা হইয়া আসিল। এক এক করিয়া বয়স্তাণ সকলে মিলিত হইয়া রহ্স মধ্যে প্রবৃত্ত হইল। ব্যোমকেশ আজ অপেকারত পঞ্চীর। যেন কি একটা কঠিন সম্প্রা তাহার মাণায় বুরিতেছে, তাই সঙ্গিগের প্রগণ্ভ বাক্চাতৃরীর মধ্যে সে কিছুতেই প্রবেশ করিতে পারিতেছে না। এমন সময় ধীরপাদ্ধিক্ষেপে বুদ্ধ ভট্টাচার্ঘ্য আসিয়া উপস্থিত হইলেন।

ভট্টাচার্য্য। বলি ভারার ভাবটা যে আজ কেমন কেমন ঠেকচে। মুখথানা ওরূপ গভীর কেন ? নাতবৌএর সঙ্গে ঝগ্ড়া হয়েচে না কি ?

(व्यामरक्षा ना नाना मंभाव, कान (थरक जाभनाव कथा धरना

আশার একটু ভাবিরে তুলেছে। আমি চিস্তা করে দেখলুম, বাস্তবিকই তো আমার নিজের স্বরূপ ও গতি সম্বন্ধে কিছুই জানি না। আত্মা ও শরীর ব'লে ছু'টো কথা মুখস্থ ক'রে রেখেছি মাত্র, কই ভিতরের মর্মতো কিছু গ্রহণ করতে পারি নি !

ভট্টাচার্য্য। ভাষা, ভিতরের মর্ম্ম বুঝতে হলে ভিতরে চকতে হবে. বহিমুখী চিত্তরভিকে অঞ্জুখী করবার জ্বন্ত সাধনা করতে হবে, তা হলে যিনি বাহিরে বকু হয়ে বিরাজ কজেন, ভিতরে তাঁকে একরপে সকলের মধ্যে সমভাবে অবস্থিত দেখবে, তথন আসল কথা বুঝবে।

ব্যোনকেশ। দাদা ম'শায় এতটা একবারে মাথায় প্রবেশ করবে না। আপনি যেরাপ বাড়াবাড়ি করে তুলচেন, তাতে আমার আত**ঃ** উপস্থিত হচেট। হচিচল ভূতের কথা, ক্রমশ: স্ক্রশরীর এল, শেষে এখন সব ধরে টান দিচ্চেন। আমি অত গোলমালের মধ্যে নেই।

ভট্টাচার্যা। ও রে. ও কাণ টানলেই মাণা আসে। তোকে তো আমি পূর্বেই বলেচি, যে মানবের স্বরূপ ও গতি সংক্ষে কিছু জ্ঞান না হ'লে, প্রেততত্ত্ব ভাল ক'রে আলোচনা করা যায় না। কথাটা যথন উঠেছে; একটু কষ্ট স্বাকার ক'রে বোঝবার চেষ্টা কর। বলি অভিব্যক্তি জিনিষ্ট। বুঝিস কি ?

ব্যোদকেশ। খুব বৃঝি । যাকে আমরা—Evolution বলি ? তাইতো Spencer এর মতে Evolution হচ্চে a continuous passing from the homogeneous to the heterogenous under the influence of the environment-

ভট্টাচার্যা। ভাল মোর দাদারে, যেন থই ফুটলো। বলি অভ বাগাড়ম্বর ছেড়ে দিয়ে সোজা স্থাজ বাঙ্গলা ভাষায় বল না জিনিষটা কি? স্বাই তো আর তোমার মত Darwin, Spencer এর আত্ত শ্রাদ্ধ করে নি।

ব্যোমকেশ। ঘাট—হয়েচে দাদা মৃ'শায়, এই নাকে থং দিলাম, আয়ু যদি ইংরাজী বলি। এখন কি বলতে হবে বলন গ

ভট্টাচার্য্য। কোন একটা উদাহরণ দিয়ে ওই ভোর Evolution এর ব্যাপারটা ভাল করে বুঝাবার চেষ্টা কর দেখি।

ব্যোমকেশ। ধরন নাকেন এই গাছটা কি করে হ'ল ? ঐ বীজ পেকে তো ? প্রথমে বীজ ছিল, তার পর সেই বীজ পেকে বৃক্ষের অভিবাক্তি বা ক্রমবিকাশ হয়েচে।

ভট্টাচার্য্য। কি করে হ'ল?

ব্যোমকেশ। কেন, বীজটা মাটিতে পোঁতা হলে, ক্ষিতি, জ্বল, বায়ু, উত্তাপ ইত্যাদি বিভিন্ন জাগতিক শক্তি ওর উপর ক্রিয়া করতে আরম্ভ করলে। বিজ্ঞানশাস্ত্র বলে ক্রিয়া মাত্রেরই প্রতিক্রিয়া আছে। যেয়ি প্রোথিত বীজের উপর বিভিন্ন শক্তির ক্রিয়া স্থল হলো, অয়ি বীজের মধ্যে নিহিত শক্তিতে প্রতিক্রিয়ার সঞ্চার হ'লো। এই সংঘ্রের ফলে নিদ্রিত বীজ্বশক্তি মূর্জাবস্থা বা অপ্রকটভাব পরিত্যাগ করে অঙ্কুররূপে বাহিরে এদে ক্রমে বুক্ষাকারে পরিণত হ'ল।

ভট্টাচার্য্য। বেশ, বেশ—সোজা কণায় বল্না কেন, বীজের মধ্যে একটা শক্তি ঘূমিয়ে ছিল। বাহিরের শক্তির তাড়নায় সেটা জেগে উঠে বাহিরে এসে বৃক্ষাকারে দেখা দিলে। এরি নাম হ'ল অভিব্যক্তি বা পরিণাম। এখন এই জগৎটার দিকে একবার তাকিয়ে দেখা দেখাবে সর্ব্বতই এই পরিণামক্রিয়া বা অভিব্যক্তির ব্যাপার চলেছে। এই অভিব্যক্তি শুধু বাহিরের স্থলজলতেই সীমাবদ্ধ নয়; মানবাত্মার মধ্যেও ইছা পরিদৃশ্রমান। বীজ যেরূপ মৃত্তিকাতে প্রোথিত থেকে ক্রমশঃ বিদ্ধিতায়তন হয়ে মহাবৃক্ষে পরিণত হয়,—মানবাত্মা রূপ বীজ সেইরূপ এই সংসারক্ষেত্রে থেকে ক্রমশঃ উৎকর্ম প্রাপ্ত হয়ে ব্রহ্ম স্থাক্রপা লাভ করে। এবং মৃত্তিকার ক্রোড় ও জ্বলবায়ু উত্তপাদির সংস্পর্শ ভিক্ষ

বেরপ বীজ-নধান্ত বক্ষের অভিব্যক্তি হয় না, সেইরপ প্রক্লতির ক্রোড ভিন্ন জীবামার মধ্যে নিহিত ব্রহ্মশক্তির ও উদ্বোধন হয় না। তাই জীব প্রথমাবস্থার দংলার ভোগ করবার জক্ত আদে. এবং মাতৃস্তব্যের স্থায় প্রকৃতি নিহিত ত্রহ্মরদ পান ক'রে দিন দিন পুষ্টিলাভ করে। ইহারই নাম প্রযুত্তিমার্গ। এই প্রযুত্তিমার্গী জ্বীব ব্রহ্নাতের নিমন্থ লোকত্তম আশ্রম করে থাকে, আর জীমের পর জন্ম এই তিনটি লোক আস্বাদন করতে পাকে। এই গোকত্ররের নাম ভঃ ভ্রঃ এবং স্বরু, মর্থাৎ পুথিবী, অন্তরীক্ষ ও থর্গলোক। যতদিন পর্যান্ত এই লোকত্রের রুদায়াদন রূপ বাসনার ক্ষয় না হয় তত্দিন বার বার জন্মপরিগ্রহ করতে হয় এবং মর তে হয়। এই হ'ল সংগার চক্র, যার আবর্ত্তনে পড়ে আমরা দিবারত্রে ঘুরপাক খাজি। এ পর্যান্ত কথাটা বুঝিলি কি ?

(वागितकम । नाना म'नाय, (जानर्यात्र वज्हे (वरज् (जन (नथ् हि-इः इतः यः अनव (भना कि वरहान कि इर वृक्षनाम ना! कथा। अक है পরিষ্ঠার করে বলুন।

ভট্টাচার্যা। মন দিয়ে শোন। বাকে তোরা Nature বলিদ দে টা ্কি উপাদানে তৈয়ারী বলু দেখি 📍 আর তার বিস্তৃতিই বা কত দুর ৭

ব্যোমকেশ। কেন, Nature বা প্রকৃতি ত জড়পদার্থ, আর ইহার উপাদান তো জড়ের পরমাণু সমূহ।

ভট্টাচার্য্য ৷ এই পরমাণু সমূহ সমস্তই কি এক প্রকৃতি বিশিষ্ট ? ব্যোমকেশ। ভাকেন? কেহ বা কঠিন, কেহ বা দ্রব কেহ বা বায়বীয় অবস্থাপন।

ভটাচার্যা। তা হ'লে বুঝা গেল ইয়ুরোপীয় বিজ্ঞানের মতে জড়-পদার্থ কাঠিন, তারলা ও বাম্পাকৃতি এই ত্রিবিধ অবস্থাপন্ন এবং এই তিন প্রকারের অতীত আর কোন অবস্থা জড়ের বা প্রকৃতির নাই। কেমন ?

বোামকেশ। ইা. তা ছাড়া বিজ্ঞান ঈণর বা আকাশ বলে আর একটা অদৃশ্র অচিস্তা ও অপরিমেয় পদার্থ স্বীকার করে, দেই ঈথর পদার্থকে আপনার হিসাবে জড়ের চতুর্থ অবস্থা বলা যেতে পারে।

ভটাচার্য। ভাল কথা, তা হ'লে তোমাদের মতে ঈথার এ এলেই জড় জগতের প্রাস্তদীমায় এসে পৌছান গেল। এই খানেই matter বা জড়ের শেষ ? কেমন ?

বোমকেশ। তাই—স্থাপনাদের বিজ্ঞানে কি স্থারও কিছু বলে নাকি 
 কিন্তু এটা মনে রাপবেন বিনা প্রমাণে কোন কথা গ্রাহ হবে না।

ভট্টাচার্য। অত বাস্ত হ'ন্কেন ? তোরা যে ঈথার মানিদ সেটা কোন্প্রমাণের বলে ? এই মাত্র তো ভনলাম যে সেটা অদুখা, অচিন্তা ও অপরিমের গ

বোমকেশ। দাদামণশার এই বার ঠেকিরেচেন। বিজ্ঞানের রাজ্যে সত্য আবিষ্ণারের একটা পদ্ধতি এই যে, কোন একটা বিষয়ের কারণ নিদ্ধারণ কর্তে হলে সময়ে সময়ে কোন একটা অভিনব বা অজ্ঞাত পদার্থের কল্পনা করতে হয়, এবং কথনও কথনও সেই পদার্থটা কিরুপ শক্তিবা ক্রিয়াবিশিষ্ট সেটাও অনুমান বা কল্পনা করে নিতে হয়। পরে যথন গণিতশাস্ত্রের নিম্নমগুলি দেই পদার্থ সম্বন্ধে সম্পূর্ণভাবে প্রযুক্ষ্য দেখা ষায় এবং তাহার সাহায্যে এমন অনেক নৃতন বিষয় জান্তে পারা যায় যেগুলা সহজেই প্রমাণিত হইতে পারে, আর তার অন্তিত্ব স্বীকার করে-নিলে নৃতনভর কোন গোলঘোগের মধো না---পড়তে হয়, তথন বৈজ্ঞা--নিকেরা সেই কাল্লনিক পদার্থটাকে—সত্য বলে গ্রহণ করেন। ঈথর ্সম্বন্ধে ঠিক এই কথা গুলি খাটে। সেই জন্ত বৈজ্ঞানিকমণ্ডলী এখন ঈশবের অন্তিত্ব স্বীকার করে নিয়েচেন।

ভট্টাচার্য্য। ভাষা, ইউরোপীয় বিজ্ঞানের এই প্রকাণ্ড হাতী গুলো

व्यनामारम-भगाधः कद्रण करत्रह, इंड व्यक्ति दक्षण दल्ली मूर्नि श्रविरन्द्र বিজ্ঞানের বেলায়। তথনই কেবল চোথে না দেখলে কুছু নেহি মানতা হায় !

বোমকেশ। আপনার সঙ্গে আর পারা গেল না। আপনাদের শাস্তের মধ্যে বৈজ্ঞানিক প্রণালীটার মোটেই কোন সংবাদ পাওয়া যায় নাবে। ইউরোপীয় পঞ্চিত দশটা দেখে গুনে তার উপর যুক্তিতর্ক খাটিয়ে তবে একটা সিদ্ধান্ত খাড়া করেন। দিনরাত Laboratory তে পরিশ্রম কচ্চেন, কত পরীক্ষা কচেন,তবে একটা আগটা সভ্য নির্দ্ধারিত হচ্চে। মুনি ঋষিরা ল্যাবরেটরির কোন ধার ধারতেন বলে তো গুনিনি।

ভট্টাচার্যা। ভনবি কি করে বল, দে রামও নেই-দে অধোধ্যাও নেই। কাল-ধর্মে সবই লুকিয়ে গিয়েছে। এখন ভোরা পলাশার হতে ভারতবর্ষের ইতিহাস স্থক করিস, আর তার আগে দেখিস্ শুধুই ্র্যায়। তোদের দোষ কি বল, দেশে যেমন শিক্ষা প্রচলিত হয়েচে. ভোরা তো তাই শিথ বি। আজ তোরা ইউরোপীয় বৈজ্ঞানিকদের ল্যাবরেটারিতে পরিশ্রম করা দেখে অধাকৃ হয়ে গেছিস্! তাঁদের উদাম ও সত্যানিষ্ঠা শতমুৰে প্রশংসার যোগা সন্দেহ নাই। এবং তোরা আজ কাল যেরূপ 'যেন তেন প্রকারেণ' উদরপূর্ত্তি মাত্র লক্ষ্য করে বিদাা-মন্দিরে প্রবেশ করিস, তাতে যথার্থ শ্রদ্ধার সহিত তাঁদের সভ্যাত্ররাগ ও জ্ঞানলাভেচ্ছার বিষয় চিস্তা করতে শিশ্লে তোদের অশেষ কল্যাণ হবে, দে বিষয়ে আমার কোন সন্দেহ নাই। কিন্তু ভূলে যাস্নে যে ওর শতগুণ উভ্তম, সহস্রগুণ স্ত্যামুরাগ একদিন এই ভারতভূমিতে আমানের পূর্ব্ব পুরুষেরা দেখিয়ে গিয়েছেন। সতালাভের জন্ম তাঁরা वरन, পর্বত-গুহায়, জনহীন প্রান্তরে, অর্দ্ধাশনে, অনশনে দিনের পর দিন, মাসের পর মাস, বংসরের পর বংসর কাটিয়ে দিয়েছেন। আজ

তোরা কথায় কথায় পাশ্চত্য পরীক্ষা সিদ্ধ প্রণালীর (experimental method ) উল্লেখ করে আমাদের শাস্ত্রীয় সত্যের প্রতি অনাস্থা প্রদর্শন করিস, কিন্তু তোরা জানিস না যে ঋষিরা এমন একটা জিনিষের বিষয় উল্লেখ করে যান নাই, যেটা তাঁদের প্রত্যক্ষদিদ্ধ নয়। রসায়ন, জ্যোতিষ শারীরতত্ত্ব প্রভৃতি বিষয়ে তাঁরোয়া কিছু আবিদ্ধার করে গিয়েছেন, পাশ্চাত্য বিজ্ঞান এত উন্নতি করেও এখনুও তার নিকট পৌহছিতে পাবে নি।

ব্যোমকেশ। দাদা ম'শায় এখনকার মত ল্যাব্রেটারী যে তথন বা কোন কালে এদেশে ছিল, এ দাবী আজ পর্যান্ত কেহই করেন নি। তবে কি ক'রে তাঁরা এই সব সতা আবিষ্কার করতেন, তা আমিতো ভেবে ঠিকই পাই না। কাজে কাজেই মনে কেমন সন্দেহ হয়। এ সম্বন্ধে আপনার বলবার কি আছে ?

ভট্টাচার্যা। বেশ করে কথাটা বোঝ। প্রমাণতত্ত্ব বুঝাবার সময় তোকে বলৈছি প্রত্যক্ষই সকলের (6য়ে শ্রেষ্ঠ প্রমাণ। একথা আজ শুধু ষে ইউরোপীয় পণ্ডিতেরাই বল্চেন তা নয়, আমাদের দেশেও এই মত চিরদিন সমাদৃত। তুই যদি বলিস্, তবে শাস্ত্রগুলো কি, আর বরাবরই এদেশে শাল্কের দোহাই দেওয়া হয় কেন ? তার উত্তরে এই যে. শাল্ক-নিহিত তত্ত্ত্ত্ত্লি ঋষিদিগের প্রত্যক্ষ্মিদ্ধ সত্য, তাই শাস্ত্রের এত আদর। কল্পনা এখানে আদর পায় না . এমন কি ভুট যেরূপ বৈজ্ঞানিক কল্পনার কথা বল্লি, তাও না। ঋষিরা জাগতিক তত্ত্বে সাক্ষাৎ দর্শন লাভ কত্তেন, তাই আমাদের<u>"</u>দেশের দর্শনশাস্ত্র:শুধু চিস্তামাত্রের ফল নয়। তবে বর্ত্তমান ইউরোপীয় প্রণালীর সহিত তাঁদের অনুস্ত প্রণালীর একটা মৃত্রগত পার্থক্য ছিল। ইউরোপীয়েরা বিজ্ঞান যন্ত্রাদি নির্মাণ করে স্ক্রতত্বসমূহ জানতে চেষ্টা করে। ঋষিরা তা করতেন না। তাঁরা ইন্দ্রিয়-শক্তি বুদ্ধি করার চেষ্টা করতেন। তাঁরা জ্ঞানতেন যে, মানুষের

মধ্যে এমন সব শক্তি নিহিত আছে, ধেগুলার ফুরণ হ'লে মামুষ অনামানে জগৎ-তত্ত্ব সম্বন্ধে সমস্ত জ্ঞান লাভ করতে পারে। যে বিস্থা প্রভাবে তাঁর। এরপ করতে সমর্থ হতেন, তার নাম যোগবিচ্চা। যোগ কথাটা উচ্চারণ করণেই ভোরা একটা কিছু মাজগুবি ঠাউরে বসিস্। মনে করিস যে,ও একটা গঞ্জিকাপুম সংস্কৃত মস্তিক্ষের বিকার মাত্র। কিন্তু বাস্তবিক তা নয়। অতি ষল্পের সহিত ইহার অনুষ্ঠান করতে হয়। আর দে জন্ম যেরূপ কঠোরতা, আত্মদংযম, দৃঢ়তা ও অধ্যবদার দরকার, তার তুলনায় তোদের ল্যাবরেটারির পরিশ্রম কিছুই নয়। এথনওঞ বিদ্যা এ দেশ হ'তে লোপ হয় নি। এই বে ছাইভল্ম মাথা, ল্যাংটা, চিষ্টাহাতে মারুষগুলা বুরে বেড়ার দেখেতে পাস্, এদের ভিতর এমন এক এক জন এমন মহাশক্তিশালী পুরুষ আছেন, যাদের ক্রিয়াকলাপ দেখে, তোদের অনেক মাধুনিক বৈজ্ঞানিক পণ্ডিত হতবৃদ্ধি হয়ে থান। কিন্তু থাক ও সব কথা—আমরা কথার কথার মূল প্রাসঙ্গ থেকে অনেক দূর এগিয়ে এসে পড়েছি। কথাটা হচ্ছিল জড়ের অবস্থা সম্বন্ধে---

ব্যোমকেশ। দাদামশায় মাপ করুন। রাত্রি অনেকটা হয়ে পড়েচে. এখন আবার নৃতন করে জড়ের অবস্থা সম্বন্ধে আলোচনা স্থক করলে সামার স্বস্থাটা বড়ই বেগতিক গোছের হয়ে পড়ে। স্বতএব **সত্ত্রহ** করে এখন ছুটি দিন, কাল আবার দেখা যাবে।

( ক্রমশঃ )

এমলয়ানিল শর্মা।

### যথালয়ের পত্রাবলি।

#### ১ম পত্র।

(পূর্ব্বপ্রকাশিতের পর)

দ্র,-দ্র — কতদ্র আমার এখন মনে, নাই, সেই ক্ষাণ আলোক রিমি লক্ষ্য করিয়া মন্ত্রমুগ্রের মত আমি ছুটিতে লাগিলাম। আমার হই পার্শ্বে ঘন কুরাসা তাহার মধ্যদিয়া আমি বেন বিস্তৃত শস্যক্ষেত্র দেখিতে লাগিলাম। আবার কোণাও বা লোকসমাগম পূর্ণ জনপদ আমার দৃষ্টি গোচর হইল। আমি কত কি মৃত্তি দেখিলাম, তাহার পরিচয় আর কি দিব ? তোমাদের জগং বেন ছায়া মৃত্তি ধারণ করিয়া আমাকে বেইন করিয়া আমার সঙ্গে ছুটিতে ছল। আমি যাহা দেখিলাম, তাহাতে অনেক সময়েই বিশ্বরে,ভয়ে ও হঃথে আয়হারা হইতোছলাম। আমি ছুটিতেছি, কত কি দেখিতেছি, ছঃথে কাতর হইতেছি, অথচ আমার মনে হইতেছিল, যেন আমি নাই। নিজ অন্তিম্বের অভাব বোবটা কে জানে কেন আমার চিত্তকে ধারে ধীরে অধিকার করিয়া বসিতে ছিল। যতই যাইতে লাগিলাম, আমার সে হানের বা সে অবস্থার অভিজ্ঞতা বাজিতেছিল ঃ কিন্তু সে কি অভিজ্ঞতা ? তাহার বিস্তৃত পরিচয় দেওয়ার কোনও ফল নাই। তবে একটা ঘটনা উল্লেখ করিব; তাহা হইতেই সেই বীভংস অবস্থাটা যে কিরপ, তাহা তোমনা হানয়সম করিতে পারিবে।

পথের ধারে, একথানি স্বচ্ছ ছায়া গৃহ; সেই গৃহের দারাই যেন আকৃষ্ঠ হইয়া আমি তাহার সম্মুখে দণ্ডায়মান হইলাম; সেটা একটা শৌণ্ডিকালয় ( ভাঁড়িথানা ) জীবদ্দশায় আমার পানাসক্তি ছিল; কিন্তু কথনও শৌণ্ডিকালয়ে প্রবেশ করি নাই। সেথানে প্রবেশ করিতে আমার অতিশয় ম্বণা বোধ হইত। লোক-লজ্জায় আমি কথনও তাহার

ভিতর বাই নাই। বাহা হউক, এখানে দেখিলাম, ভিতরে ভদ্রলোকের পরিচ্ছদে স্থাজিত কতজন আমাদ প্রমাদ করিতেছে.—কেহ মগুপান করিতেছে, কেহ দাত-ক্রীড়া করিতেছে, কেহ বা সঙ্গাতের উৎস ছুটাই-তেছে ও অপ্লালভাষায় পরম্পরকে অভিবাদন করিতেছে। সেই বিকট প্রকৃতির লোকদিগের নীভংস ফুর্ত্তির উচ্ছাদের কথা কি আর বর্ণনা করিব! তাহাদিগের মধ্যে একজন,-চেহারায় তাহাকে গৃহস্বামী বলিয়ামনে হইয়াছিল,—আমাকে ভিতরে প্রবেশ করিতে ইঙ্গিত করিল। ভিতরে প্রলোভনজনক অগ্নি, তাহার উপর উত্তপ্তজল হইতে উষ্ণ ধুম নির্গত হইতেছে, চতুর্দ্দিকে চা-পানপাত্র সজ্জিত রহিয়াছে; এদিকে আমি শীতে কাঁপিতেছি। স্থতরাং আমি কিছুনা বলিয়া একেবারে গৃহাভান্তরে প্রবেশ করিলান। আমার এখন লজ্জাবোধ ছিল না; আমি শৌণ্ডিকালয়ে প্রবেশ করিতে ছিধা বোধ করিলাম না।

"তোমার কি চক্ষু নাই, প্রবেশ দ্বার দেখিতে পাইতেছ না ? ও খান দিয়া আসিলে কেন ?" গৃহস্বামী রুঢ়ভাবে আমাকে বাধাদিয়া অতি কর্কশ ভাষায় আমাকে সম্বোধন করিল।

· আমমি লজ্জায় জড়সড় হইয়া উত্তর করিলাম, "আমি শীতে কাঁপি-তেছ, আমাকে ক্ষমা করুন।" ,

সে পুনরার কঠোর ভাষার আমাকে বলিল, "তুমি কোন্ সাহসে এইরূপ নরাবস্থার এথানে আসিলে ? দেখিতেছ না, এথানে যাহারা রহিয়াছে তাহারা সকলেই স্থসজ্জিত ? উত্তম পরিচ্ছদ না থাকিলে আমি কাহাকেও প্রবেশ করিতে দিই না।"

তাহার তীব্রভাষা আমার মর্মান্তল ভেদ করিয়াছিল। জীবদ্দশায় আমি সর্বাদাই স্থানর পরিচছদে আবৃত থাকিতাম। বদন ভূষণের প্রতি আমার একটা আত্যন্তিক অনুরাগ ছিল। আমার দেই পূর্বের কথা মনে আদিতে লাগিল। কত অর্থহীন ভদুলোক পরিচছর বেশ পরিধান

করে নাই, এই অপরাধে তাহাদিগকে আমার সমীপে আসিতে দিই নাই। এইরপ কত লোককে আমার বন্ধুতার অযোগ্য মনে করিরা আমি ঘুণা করিরা আসিরাছি। আর সেই আমি আমার নগ্নাবস্থার জন্ম সামান্ত শোণ্ডিকের দারা লাঞ্ছিত। এই কথা মনে উদিত হওয়াতে আমার নিজের উপর ধিকার দিতেছিলাম। এদিকে কিন্তু আমার প্রের অবস্থা ও প্রের পরিচ্ছদের কথা মনে আসিতেই দেখি, আমার চরণে বিলাতি বার্ণিশের জুতা পরিধানে ডেভিড্ লিচেদে (David Leeche) কৃত আমার প্রিয় পালামা সেই প্রের ওয়েই কোট (waist-coat) কোট (coat) গলাবরণ ও বিচিত্র গলাবন্ধনী (color এবং neck-tie) শিরোপরে টুপি ও হস্তে আমার সেই প্রের প্রিয় ছড়ি। কিন্তু এত সাল সজ্জারও আমার নগ্নতা দ্র হইল না। আমি মনে করিতেছিলাম, আমি যে নগ্ন, সেই নগ্নই রহিয়াছি। যে বস্ত্রাভাবে পুর্বে শীতে কাপিতেছিলাম, এখনও সেইরপ কাপিতে লাগিলাম।

তথন আমি অগ্নি কুণ্ডের দিকে অগ্রসর হইলাম এবং শীত-কম্পিত হস্ত তাহার উপর রক্ষা করিলাম। কিন্তু রুথা আশা। সে অনলে কোনও উত্তাপ নাই। বেন চিত্রিত অগ্নি, চিত্রিত অগ্নিশিথা চারিদিকে বিস্তার করিতেছে। আমার শীত নিবারণ হইল না।

হতাশ হইয়া সে স্থান হইতে ফিরিলান। সেই শৌণ্ডিকালয়স্থিত মন্ত-উপাসকেরা তাহাদিগের বীভৎস আমোদ ক্ষণিকের জ্বন্ত বন্ধকরিয়া আমার দিকে চাহিয়া রহিল। তাহার পর আমার যন্ত্রণা দেখিয়া তাহার হঠাৎ উচ্চহাস্যে চীৎকার করিয়া উঠিল। তাহাদিগের মধ্যে একজন তাহার উচ্ছিষ্ট চা-পাত্র আমার মুখের নিকট ধরিল। আমার বোধ হইল, যেন তাহা হইতে স্থানয়যুক্ত উত্তপ্ত বাষ্প উল্গীরিত হইতেছে। আমি সাগ্রহে সেই পাত্র গ্রহণ করিলাম। মহানন্দে তাহা পাণ করিতে গিয়া দেখি, পূর্ণ এক পাত্র চা কিন্তু ভাহার এক বিন্তু আমার অধরোষ্ঠ স্পর্শ করিল না। অনেক চেষ্টা করিলাম, পাত্রের চা কিছুতেই আমার: গলাধঃকরণ হইল না। ইহাও কি বিচিত্র।

তাহার পর মত্য, আমার দেখানকার শেষ আকর্ষণীর সামগ্রী। আমি তাহার সফেন রক্তাভ স্থানর মূর্ত্তিতে আরুষ্ট হইর। এক মত্যপের কম্পিত হস্ত হইতে সবলে ছিনাইয়া লইলাম। কিন্ত হায় এবারেও সেই পূর্ব্বের দশা। সেই উজ্জ্বল তরল মনিরা আমার অধর-সংস্পর্শে অন্তর্হিত হইল। আমি সজ্যোরে বাটীটি ভূমিতে নিক্ষেপ করিলাম। হতাশ ও মনবেদনার মুচ্ছিতের ক্রায় হইয়া আমি তথায় বসিয়া পড়িলাম।

আমার অন্তরের বিভীষিকা ও হুতাশ ভাব নিশ্চিতই বহিরক্ষে প্রকাশ হইরা পড়িরাছিল। সেই গৃহস্থ সকলেই আমার অবস্থার অত্যন্ত স্বথ পাইতেছিল। তাহারা উচ্চহাদ্যে আমাকে উপহাস করিতে লাগিল। পরের আশা ভক্ষেই তাহাদিগের মেন স্বথ। তাহাদিগের বীভংস হাস্য কৌতুকে আমার হৃদয় যেন বিদীর্ণ হইতেছিল। আমি কিন্তু ধীরভাবে সব সহু করিতে লাগিলাম। তাহাদিগের উৎসব কিছুক্ষণ ধরিয়া চলিল। আমি এক পাখে উপবেশন করিয়া তাহাদিগের আমাদ প্রমোদ দেখিতে লাগিলাম। অবশেষে ধীরে ধীরে আমার চিত্তের সৈর্য্য আসিল! আমি সেই অনুদার কক্ষ গৃহস্বামীকে লক্ষ্য করিয়া তাহারি মত কর্কশ ভাষার জিজ্ঞানা করিলাম ''এই গৃহথানি কিন্দের ?

সে উত্তর দিল, "এথানি আমার গৃহ।"

আমি বলিলাম তাহা ত জানি। সে কথা বলে তোমার কষ্ট পেতে হবে না। আমি জিজ্ঞাসা করিতেছি এই বাড়ি খানির ব্যাপার কি। ইহার ভিত্রের আসবাব পত্রেরই বা ব্যাপার কি ?

বে উত্তর করিল, ''মূর্থ! তুমি ভাহা জাননা বে, কি করিয়া এ ভঁড়িখানা এথানে আসিল ? বেস্ এইরূপ একথানা গৃহ হউক, এইরূঞ্চ ভাবিতেই এই গৃহের আবির্ভাব হইল। আমি একজন শৌণ্ডিক ছিলাম, এবং এখানেও সেই শৌণ্ডিকের কার্য্য করিতেছি।"

এখন অনেকটা প্রকৃত অবস্থা বুঝিতে পারিলাম। আমি বলিয়া উঠিনাম, "তবে কি সমস্তই কাল্লনিক ?"

তাহাদিগের মধ্য হইতে একজন উত্তর করিল, "সমস্তই কাল্লনিক।
আমারা যেন সকলে বালুকরের রাল্লছে।, এক্লপ ইন্দ্রজাল পৃথিবাতে
নাই। যথনই একটা ভাব মনে আসে, তথনই তাহা পাওয়া বায়।
বাহবা, এ বড় মজার স্থান!" এই বলিয়া সেই লোকটা উচ্চহাস্য করিয়া
তাহার হস্তস্থিত পাশা নিক্ষেপ করিল। সে হাস্য করিল বটে,কিন্ত তাহার
আক্রতিতে বেশ প্রতিপন্ন হইল যে লোকটার মনে আদৌ স্থা বা ভ্রিটা
নাই। তাহার বদনে কাঠ হাসি, মনে অত্যা বাসনার তীত্র যত্তা।

আমি এখন সমস্ত ব্ঝিলাম। সেই গৃহটী কাল্পনিক, সে অগ্নিতে দাহিকাশক্তি নাই, আলোক শিখার উত্তাপ নাই। দেই তাস অক্ষ,নঅ,চা পিরালা সমস্তই ইক্সজাল। সবই কুহক কিন্তু একটা জিনিষ প্রকৃত; তাহাদিগের তীত্র বাসনা, সেটা প্রকৃত, তাহাদিগের বাসনার অচরিতার্থতার যে বিষম যন্ত্রণাবোধ তাহাও প্রকৃত। তাহারা পৃথিবীতে যাহা করিয়া আসিয়াছে, এখানে তাহারই পুনরভিনয় হইতেছে; তাহাতেই শৌণ্ডিকর এই গৃহ কল্পনা; তাহাতেই এই সমন্তলোক অক্ষক্রীড়া করিতছে, মৃদ্যপান করিতেছে ও ইতর ভাষায় বীভংস ভাবে পরম্পরকে অভিবাদন করিতেছে, মৃথে আনন্দের উক্ত উচ্ছ্রাস মর্ম্মে নিরাশায় তীত্র যন্ত্রণ।

আমি নিজের দিকে দৃষ্টিনিক্ষেপ করিলাম। এত সাজ-সজ্জার আমার গাত্র আবৃত হইয়া আছে, তথাচ আমি যে নগ্ন রহিয়াছি, এ ভাব ত্যাগ করিতে পারিতেছি না; এত বসনে আছোদিত থাকিলেও, পুর্বেষ যেমন শীতে কাঁপিডেছিলাম, এখনও তাহাই হইডেছে। সমস্তই বাসনাময়ী চিন্তার মায়া, সবই ভোজবাজি! "মিথাা মায়া দ্র হও!" বিলিয়া আমি চীৎকার করিয়া উঠিলাম। বুথা চেষ্টা। পৃথিবীতে মহাআয়াদে যে আত্মকারাগৃহ নির্মাণ করিয়াছিলাম, তাহা হইতে মুক্ত
হইতে কই পারিলাম ! মনের তীব বেদনায় অধীর হইয়া, আমি
উন্মত্তের মত দস্ত দিয়া আমার পরিচ্ছদ খণ্ড বিথণ্ডিত করিয়া ফেলিলাম।
আমি সেন্থান পরিত্যাগ করিয়া পবনের বেগে আবার ছুটিতে লাগিলাম।
হৃদয়ে নিরাশার ও যন্ত্রণার ভূষানল, পশ্চাতে আমার সেই শৌণ্ডিকালয়ের
সঙ্গিণের বীভৎস উচ্চহাস্ত ; আমি আবার সেই অনন্ত বিস্তৃত কুয়াসাআবরিত ভীষণ ভোগক্ষেত্রের মধ্য দিয়া অতি ক্রতগতিতে অন্থিরভাবে
ছুটিতে লাগিলাম।

দেবাত্রত পরিব্রাঞ্চক।

## অদৃশ্য-সহায়।

( পূর্ব্বপ্রকাশিতের পর )

কলিকাতান্থ কোন একজন বিখ্যাত গ্বর্ণমেণ্ট কণ্ট্রাক্টরের বাটাতে সভ্যনারায়ণ পূজা উপলক্ষে তাঁহার দ্বিতল বাটার সর্ব্বোচ্চ ছাদের উপর বাঁশ বাঁধিয়া তাহার উপর ভারি বৃহৎ পাল খাটাইতে হইয়াছিল। কর্ম কাজ শেষ হইলে, একদিন সেই পাল বাঁশের উপর হইতে নামাইয়া নিম্নে কেলিয়া দিবার জক্ত আলিন্দার উপর রাখা হইয়াছিল। উক্ত আলিন্দার যেখানে পাল ছিল,তাহার ঠিক নিম্নে বাটার প্রাঙ্গণে গৃহস্বামীর ১০০১ বৎসরের এক পূত্র থেলা করিতেছিল। হঠাৎ সেই অত্যপ্ত ভারি পাল্থানি স্থানচ্যুত হইয়া আলিন্দা হইতে নাচে প্রাক্ষণে পড়িয়া যায়। স্থানত্রই হইবার উপক্রম হইবামাত্র ছাদের উপরকার একব্যক্তি হঠাৎ দেখিতে পান, কিন্তু তাহা টানিয়া পতন হইতে রক্ষা করা অসম্ভব বিবেচনা করিয়া একেবারে চীৎকার করিয়া বলিয়া উঠিলেন, "উঠানে যে ক্ছে আছ সরিয়া যাও।" তাঁহার চীৎকারে প্রাক্ষণত্ব ব্যক্তিগণ

উদ্ধে দৃষ্টিনিক্ষেপ করিল এবং চীৎকার করিয়া বলিয়া উঠিল, ''থোঁকা বাবু সরিয়া যাও—থোকা বাবু সরিয়া যাও।'' বালক উদ্ধে দৃষ্টি-নিকেপ করিণ, কিন্তু ভয় পাইল নাবা তংখান হইতে সরিয়া অন্তত্ত গেল না। দেখিতে দেখিতে পাল্থানি বাগকের স্মাথে কিঞ্চিৎ অন্তরে পডিয়া গেল। নিমেষের মধ্যে এতগুলি ঘটনা হইয়া গেল. আমাদিগকে বর্ণনা করিতে তাহা অপেক্ষা অধিক সময়কেপ করিতে হইল। যাহা হউক, সকলে নি:সন্দেহে পাল-পতনের যে স্থান অমুমান করিয়াছিল, পাল তাহা হইতে দূরে পড়িয়া গেল, দেখিয়া সকলেই আশ্চর্য্যান্বিত ছইল। পাল-পতনের পরেই বাগকের পিতা রোষভরে পুত্রকে ভর্ৎসনা করিতে লাগিলেন। বলিলেন, "সকলে চীৎকার করিয়া বলিতেছিল, তুই এখান হইতে সরিয়া গেলি না কেন ? এখনই আমার সর্বানাশ হইয়াছিল আর কি !'' পুত্র পিতাকে বলিল, "আমার সরিবার দরকার কি ছিল ? আমি দেখিলাম, কাকাত উপর হইতে ত্রিপল সরাইর। দিভেছিলেন। আমি চাপা পডিতাম কিরপে?" পিতা বলিলেন. "তোর কাকা কি এখন বাটীতে আছে যে, সরাইয়া দিয়াছে ?" বালক বলিল, "হাঁ গো, আমি স্পষ্ট দেখিয়াছি—উপরে কাকা পাল দূরে ফেলিয়া দিলেন। তাইত আমি এথান হইতে সরি নাই।" পুজের কথায়-পিতা বাটীর মধ্যে 'কাকা'র সন্ধান লইলেন। কিন্তু সে চেটা ফলবতী হইল না. কাকা তথন সে বাটীতে ছিলেন না। \* ঐ অঘারনাথ দত্ত।

এই ঘটনাটী অতি সামান্ত বা কুল বটে : কিন্তু উপেক্ষণীয় নহে। ইহা আজগুৰি ৰহে, বাস্তবিক সভা ঘটনা। ইহার মূলে যে তত্ত্ব নিহিত আছে, তাহা না জানিয়াই আমরা এইরূপ অসংখ্য ঘটনা, যাহা অনবরত আমাদের মধ্যে ঘটিতেছে, সকলকে এক-বারে উডাইরা দিই। এইরূপ ঘটনার একটী পারস্পরিক ধারা আছে। যাঁহাদের ফুল্ম-**দৃষ্টির** বিকাশ হইরাছে, তাঁহারা এই অসথন্ধ ঘটনাকে সম্বন্ধ করিতে পারেন। এই সকল কটিন, গুঢ়তত্ব আমাদের দাদাম'শায় তাঁহার "ঝুলিতে" ক্রমে পরিক্ট করিতে চেষ্টা করিবেন। তৎপুর্বে পাঠকগণ, এই সকল ঘটনা সামাক্ত হইলেও উপেক্ষা না করিরা মনে মনে ইহার বিষয় কিছু কিছু চিন্তা করুন। च्यः तः मः।

# অলৌকিক রহস্য।

**धर्ष मः**शा ]

প্রথম ভাগ।

[ जावन, ১৩১७।

## मन्दी भनी।

### একথানি পত্র।

ও ঐীহয়ি:—

ার পো: বরটারা, জি: ঢাকা। ১৫:২।১৬ বাং

''অলৌকিক রহস্ত" সম্পাদক

মান্তবরেষ।

মহাশয়,

একটি দরকারী বিষয় জানিতে চাই। আশা করি, অমুগ্রহপূর্বক সন্দেহ
ভশ্পনে বাধিত করিবেন। আমি আপনাদের অলৌকিক বহুজের একজন গ্রাহক।
আপনাদের অলৌকিক রহুজে "রমালরের পত্রাবলী"-নামীর বে একটি প্রবন্ধ বাহির
ইইতেছে, তাহা কি বাস্তব ঘটনা? না কল্পনা প্রস্তুত হইল, অমুগ্রহ প্রকাশে
ক্রিখিয়া বাধিত করিবেন। ঘটনাটি কিরুপ ? সত্য না কল্পনা-প্রস্তুত ? যত সদর
পারেন, লিধিরা নিন্তিন্ত করিবেন। এই ঘটনাটি সত্য হইলে, লোকের নিক্ট বর্ণনা
করিরা অনেক । কল পাইব আশা করি। তাই অমুগ্রহপূর্বক আমার প্রশ্নটির সম্বরর
দানে বাধিত করিবেন। আশা করি, অভবা হইবে না। ইতি।

वनः वरः

**बैबिविनामध्य प्रकृपमात्र। बाहक नः ১०८०**,

ব্দনক গ্রাহকের নিকট হইতে আমরা উপরিউক্ত পত্র পাইরাছি। এই প্রশ্ন অন্তান্ত গ্রাহকেরাও করিয়াছেন ; কেবল সেই জন্য উহার উত্তর, তাঁহাকে না দিয়া সাধারণে জ্ঞাপনার্থ নিম্নে প্রকাশিত হইল।

১৮৭৯ খুপ্তাব্দে ডেন্মার্ক দেশে, একজন স্ক্রদশী সাধক এই পুস্তক খানি রচনা করেন। প্রচার হইবামাত্রই মানবের \*Letters from Hell\* নেরক হইতে পতাবলি) চিন্তারাজ্যে এই পুস্তক ধুগান্তর আনম্বন করে এবং ইউরোপীয় প্রধান প্রধান ভাষায় তাহা শীঘ্রই অনুদিত হয়। ইংরাজি ভাষায় অনুবাদ্তি সেই পুস্তকের নাম "Letters from Hell"। এই শেষোক্ত পুস্তক অবলম্বনে 'বিমালয়ের পত্রাবলি' লেখা হইতেছে। পরলোক সম্বন্ধে আলোচনা করিতে ধাইয়া. সাধারণ সাধক, সুক্মদর্শী হইয়াও, অবনেক সময় ভ্রমে পতিত হন। এই পুত্ত তব্ব আদি প্রচারকও স্থানে স্থানে ভ্রান্তিছ্ট হইয়াছেন। বর্ত্তমান লেখক যথাসাধ্য সেই সমস্ত ভ্রম অল্লাধিক পরিমাণে সংশোধন করিয়া লিখিতে চেষ্টা করিতেছেন।

পৃথিবীর সকল ধর্মদম্প্রদায়ের মধ্যেই এক্নপ কতকগুলি উন্নত সাধক আছেন, বাঁহারা যোগ-বলে পরলোক প্রত্যক্ষ করিতে সমর্থ। বৈজ্ঞানিক প্রথায় পরলোক সম্বন্ধে আলোচনা করিতে তাঁহারা আত্মজীবন উৎসর্গ করিয়াছেন। ইংরেজী ভাষায় তাঁহাদিগকে occultists বলে। তাঁহারা সকলেই ইচ্ছামত সুলদেহ ত্যাগ করিয়া স্ক্রদেহ ধারণ করিতে সমর্থ। সুক্রদেহ ধারণ করিয়া তাঁহারা পরলোক-সম্বনীয় নানা তত্ত্বের অমুসন্ধান করিয়া থাকেন। "ক''নামধেয় একব্যক্তি পর-लाक-मन्द्रक व्यालांहना कदिएल गरिया (निथितन (य, "न," "ह," "ল" ''ধ.'' নামধের এই সম্প্রদার ভুক্ত অপর অপর সাধকও তথার উপস্থিত এবং সেই নির্দিষ্ট বিষয়ের তত্ত্ব উদ্যাটনে নিযুক্ত আছেন। "ক" হয় ত ভারতবর্ষে আছেন, ''চ" বিলাতে বাদ করিতেছেন, ''ল্ল'' মার্কিন দেশে এবং ''ধ'' জাপানে। তাঁহারা সকলেই আপন আপন অভিজ্ঞতা শিপিবন্ধ করিয়া রাখিলেন। অবশেষে যথন দৈইগুলি পরীক্ষিত হইল, তথন দেখা গেল যে, তাঁহাদিগের সকলের বিবরণই একরূপ এবং তাঁহারা সকলেই সুন্মলোকে অপরের সহিত যে একতা তত্ত্বাতুসন্ধান এবং তথায় যে পরম্পারে ভাবের আদানপ্রদান করিয়া-ছেন, তাহা সকলেই লিপিবদ্ধ করিয়া রাধিয়াছেন। ইহাতেই দপ্রমাণ হইতেছে যে. তাঁথাদিগের স্ক্রালাকে গমন ও তথায় দশ্র দর্শন করা অলীক ও স্বপাবস্থার ক্রীড়া নহে; যাহার বিবরণ তাঁছারা লিপিবন্ধ করিয়াছেন, তাহা তাঁহাদিগের প্রত্যক্ষ বিষয়; তাহার পর শাস্ত্রের কি শিক্ষা ও পূর্বতন ঋষি ও জীবনুক্ত পুরুষগণ দেই সম্বন্ধে কি বৃশিয়াছেন, তাহা মিলাইয়া তাঁহারা একটা সিদ্ধান্তে উপনীত হন। এইরূপে তাঁহারা নামাংদা করেন বলিয়া**ই** আমরা তাহাকে বৈজ্ঞানিক প্রথা বলিয়াছি। যমালয়ের পত্রে ডেনমার্কের স্ক্রদশী সাধক নরককে "অক্কতম পুরা" বলিয়া বর্ণনা করিয়াছেন। বর্তুনান ফুল্মনুন্না তত্তানুস্থীরাও ঠিক তাহাই প্রত্যক্ষ করিয়াছেন। আমাদিগের শাস্ত্রও ঠিক তাহারই উল্লেখ করিয়াছেন। চার হাজার বংসর পূর্বে মিদর-শান্তের বিবরণেও তাহাই আছে। •

ঋবি-সংস্কৃত ভারতবর্ষে, আজকাণ আর্গা-হাদরে, অনার্যাসংস্কার বন্ধুন্ন হইরাছে। কশুপ, শাণ্ডিলা বা ভর্ষাজ-বংশধর বলিয়া আম্রা পরিচয়

<sup>\*</sup> What manner of place is this unto which I have come? It hath no water, it hath no air; it is deep, unfathomable; it is black as the blackest night, and men wander helplessly about therein; in it a man may not live in quietness of heart."—Egyptian papyrus of the Scribe Ani.

দিই; কিন্তু মেচ্ছের আচারে আপনাকে গৌরববান্ মনে করিয়া থাকি। আমরা শাস্ত্র মানি না, পরলোক বিখাস করি না, আমরা নিত্য তর্পণ বা বাংসরিক শ্রাদ্ধের আবশুক্তা দেখিতে পাই না।

এই ত গেল পবিত্র ভারতবর্ষের কথা। আবার ওদিকে ইউরোপের সাধারণ মানবের হৃদয়ে যে সল্ল ধর্ম বিশাস ছিল, তাহাও এক প্রকার লোপ পাইয়াছে। তাঁহাদিগের বিজ্ঞান (বিশেষ জ্ঞান) জড়বিজ্ঞান ; তাঁহা-দিগের দৃষ্টি কেবল ইহলোকের স্থথ-সমৃদ্ধিতে। পরলোক ও দেবতাদি (Angels and Archangels), ওগুলা তাঁহাদিগের মতে বিক্লত মন্তি-ক্ষের উদ্ভট আবিষ্কার। এক দিকে এখানে ঘোর তামদিকতা, অপরদিকে কঠিন জড়বাদিতা ও নান্তিকতা,—সমন্তই কালের ধর্ম। ভারত-ৰৰ্ষেও আর একবার ঠিক এই ভাব আসিয়াছিল। ধার্ম্মিক ব্রাহ্মণ-পুত্র বেণ রাজা. বেদামুগত ধর্ম্মের নিন্দাকারী জ্ঞিনের উপদেশে ঘোর পাতকী হুইয়াছিলেন। জিন উপদেশ দিয়াছিলেন, "যজন, যাজন, বেদাধায়ন সন্ধা, তপ, দান, স্বধা, হবা, যজ্ঞাদির অনুষ্ঠান, পিতৃতর্পণ এসকল কিছুই নয়।" বেণ তাঁহার দারা পাপাচারে প্রণোদিত হইয়া পাপভাব প্রাপ্ত হইলেন। তিনি বেদধর্ম ও বৈদিক ক্রিয়াকলাপ পরিত্যাপ করিলেন। রাজার এইরূপ ভাব-পরিবর্তন হওয়াতে সমুদয় লোক পাপপুর্ণ হইল। তথন যোগাফুঠান, বেদাধ্যয়ন, ধর্মশাস্ত্রাফুশীলন ও দান একেবারে বিলুপ্ত হইল। রাজার আচার ভ্রন্ত হুওয়াতে, প্রজাও ধর্ম-প্রাণ ছারাইল। জগৎ এইরূপ মহাপাপে বিধ্বস্ত হইতে বসিল। তথন পবিত্র ঋষিগণ বেণের শরীর মন্থন করিয়া তাঁহাকে পাপ হইতে মুক্ত করিলেন।

এথনকার কালধর্ম অন্যব্ধণ। যুক্তিও তর্কের গণ্ডির ভিতরে না আনিতে পারিলে, মানব কোনও তত্ত্ব বিশাস করিতে চাহেন না। ভাহাদিগের বিফ্রান-আগারের পরীক্ষাই সত্য আবিফারের প্রকৃষ্ট পন্থা।

তাই তাহাদিগেরই পদ্ধতি অবলম্বন করিয়া পূর্বেরাক্ত সাধকেরা পর-লোক সম্বন্ধে আলোচনা করিতেছেন, তাঁহাদিগেরই অন্তে তাঁহাদিগেরই ব্দুড়বাদ হুৰ্গ ভেদ করিতেছেন। কোন সমুদ্র-যাত্রী আসিয়া বলিল যে সাগর মধাত্ত এক দ্বীপে এই সমস্ত রত্ন মিলে। তুমি সমুদ্র অতিক্রম করিতে যে আয়াস করিজে হয়, তাহা না করিয়া, সমুদ্রের এই পারে चरदान कतिया, यद्यपि तन अरे ममस्य मिथा, अधिन कल्लना-अरुड, তাহা হইলে, সেটা তোমার বন্ধিমন্তার পরিচয় দেয় না। পরলোক আছৈ. কি করিলে পরলোক-সম্বন্ধে মানবের অভিজ্ঞতা হইতে পারে. তাহার পথেরও নির্দেশ আছে। তোমার ইচ্ছা থাকে ত তুমি তাহার অভিজ্ঞতা লাভ করিতে পার। স্থপ্রসিদ্ধ যোগশাস্ত্র প্রণেতা মহর্ষি পত্রপ্রলি বলিয়াছেন, 'ভুবনজ্ঞানং স্থো সংব্যাৎ''— সুষুদ্ধা নাড়ীকে দ্বার করিয়া, ম্পামগুলে সংঘম করিলে, সমস্ত ভূবনের অবরোধ হয়। এইরূপ সাধনায় সমর্থ হইলে, সমস্ত ভবনের জ্ঞানের সহিত নরক লোকেরও জ্ঞান জন্ম। তত্তাবীচেরুপয়ুর্পরিনিবিষ্টাঃ ষণ্মহানরক-ভুমরো ঘনস্লিলানলানিলাকাশতম:প্রতিষ্ঠাঃ মহাকালাম্বরীষ্বেরীর্ব-মহারৌরবকালস্ত্রান্ধতামিশ্রাঃ, যত্র স্বকর্মোপার্জিতত্বংথবেদনাঃ প্রাণিনঃ কষ্টনায়ুদীর্ঘনাক্ষিপা জায়ত্তে। অবীচিন্থান হইতে ক্রমশঃ উর্চ্চে পৃথিবী হইতে নিমে ছয়টি মহানরক স্থান আছে; ইহারা কিতি, জল, তেজঃ, বায়ু, আকাশ ও অন্ধকারের আশ্রয়, ইহাদের নামান্তর াথা,—মহাকাল, অম্বরীশ. রৌরব, মহারৌরব, কালস্ত্র ও অন্ধতামিস্রা; ষেখানে প্রাণিগণ স্বকীয় পাপের ফল, তীব্র যাতনা অনুভব করিতে করিতে অতিকটে দীর্ঘ জীবন অতিবাহিত করে। মানব ইচ্ছা করিলেই সাধন-বলে, সেই সমস্ত স্থান প্রত্যক্ষ করিতে পারে: পরের মুখের কথা শুনিয়া তাহা বিশাস করিতে হয় না।

কিন্তু বাহারা ঋষিবাক্যে প্রত্যয়ও করিবে না এবং নিজেরাও সাধনা করিবে না, সেই সমস্ত তামসিক লোকদিগের কোনও উপায় নাই। আমরা তাহাদিগকে কিছুই বলিতে চাই না। তাহাদিগকে জন্মজন্ম, ভীষণ যন্ত্রণা ভোগ করিয়া এই নিক্ষা লাভ করিতে হইবে। মানক সাধন-বলে পরলোক-বিষয় প্রত্যক্ষ করিওে পারে—একথায় যেন কেছমনে না করেন যে, সাধনার উদ্দেশ্রই পরলোক প্রত্যক্ষ করা। এখনও যে সংসারবিরত যোগিগণ নিভত পর্বতগুহায় বা তপোবনে বোর তপশ্যানিরত আছেন, তাহার উদ্দেশ্র সিদ্ধি নহে; সাধন—ভগবানের প্রেম আশ্বাদন করিতে। কেছ যগ্রপি পদব্রজে কোন তীর্থ যাত্রা করে, তাহা হইলে, তাহার পদতল ধ্লিসমাচ্ছয় হয়। তাহার স্ব্যু উদ্দেশ্র তীর্থে ভগবানের প্রতিমাদর্শন। ধূলি মবলেপ তাহার গোণ

কর্ম। সিদ্ধির বেলাও ঠিক তাহাই। সাধনা আয়ানুভূতির নিমিত্ত, সিদ্ধি অবশ্রম্ভাবিনী গৌণ শক্তি। উপনিষদ ঠিক এই কথাই বলে—

> ''সংভৃতিংচ বিনাশংচ যন্তদেশভয়ং সহ। বিনাশেন মুকৃাংতীর্ঘা সংভৃত্যামৃত্যশুতে ॥"

ইংরাজিতে অন্থবাদিত নরকের পত্রাবলির (Letters from hell)
প্রকাশক প্রসিদ্ধ বৈজ্ঞানিক Dr. George Mac. Donald এই পুস্তকের
মুথবদ্ধে বলিয়াছেন যে "এই পুস্তক-পাঠে নরকের তীব্র যন্ত্রণার চিত্রে
অস্ততঃ চন্ধনার মনেও ভয়ের সঞ্চার হইতে পারে। যদ্যপি একজনও
মানব পরকালের ভয়ে অসৎ পণ পরিত্যাগ করিয়া ধর্মানুমোদিত
সংপথে আপনার জীবন চালিত করে, তাহা হইলে লেখকের শ্রম সার্থক
হইয়াছে, বিবেচনা করিব।" আমরাও তাহাই বলি। সেই উদ্দেশ্রেই
আমরা অলোটকক রহস্তে "যমালয়ের পত্রাবলির" স্থান দিয়াছি। কায়—
মনঃ ও বাক্যের হারা শুভ ও অশুভ কর্ম সম্পাদিত হয়: এবং সেই

কার্যাগতি অনুসারে মানবের উত্তম ও অধম গতি হয়। যে সুমস্ত কর্ম করিলে মানবের নরক যন্ত্রণা অবশুস্তাবিনী, সেই সমস্ত কর্ম হইতে সময় থাকিছে বিরত হওরা আবশুক। তাহা হইলে "যমালরের প্রাবলীর, নরক-ভোগীর মত বিষম যন্ত্রণা ভোগ করিতে হইবে না। মৃত্যুর প্রাকাল হইতেই তাহার কি যন্ত্রণা, আরম্ভ হইয়াছে, একবার দেখুন। "অতীত জীবনের সমস্ত কাহিনী আমার সম্মুখে একে একে আসিতে লাগিল। সমস্ত জীবনে আমি সংকর্ম অতি অন্নই করিয়াছি। কেবল স্বার্থমন্ত্র জীবন লইয়া বাসনা চরিতার্থ করা আমার একমাত্র কার্য্য ছিল। এই চিন্তা জ্বলন্ত তুষানলের মত আমান্ত প্রবিদ্ধ বিষয়ে আহে। মানব, সাবধান। এথনও সমন্ত্র সারম্ভ, দাখনের সমস্তই অবশিষ্ট আছে। মানব, সাবধান। এথনও সমন্ত্র আছে, ধর্মীনির্দ্ধিন্ত পথ হইতে বিচলিত হইও না। শাস্ত্র ও ঋষিরা যে ধর্মের দীপ জালিয়া রাথিয়াছেন, তাহারই আলোকে জীবন্যাত্রা আরম্ভ কর, তুমি তাঁহাদিগের আনীর্মাদ লাভ করিবে।

পয়। ২৯ মে ১৯০৯।

माननीत "ञालोकिक-त्रशाख्यत" मण्णानक महागत-

আপনাদের বৈশাধ ও জোঠ সংখ্যার পতিকা ইইখানি পাঠ করিরা আমরা বিশেষ প্রীতিলাভ করিয়াছি। এইরূপ পতিকা আমাদের বড়ই প্রয়োজনীর বোধ হইতেছিল। ভগবানের দরায় পতিকার আয়তন আরও বৃদ্ধি হইলে আমরা বিশেষ আনন্দিত হইব। তাহার জন্ম আপনারা যদি পতিকার মূল্য বৃদ্ধি করেন, তাহা হইলে বোধ হয়, অনেকে আপত্তি না করিতে পারেন, কারণ সকলের বিবেচনা করিয়া দেখা উচিত বে শিশির বাব্র Hindu spiritual Magazineএর বার্ধিক মূল্য ৬, টাকা, অধচ বাড়ীর স্ত্রীলোকেরা সে বস্তু উপভোগ করিতে পারেন না। আপনাদের পত্তিকা

খানি কেবল ১৪০ টাকা অখচ আমরা উভর দল পাঠ করিয়া হথী। পত্রিকাথানি এতই মনোরঞ্জন হইরাছে যে. পত্রিকা আসিলে বাড়ীর সকলে টানাটানি করিতে আরম্ভ করেন। ভগবানের নিকট কায়মনোবাকে। প্রার্থনা করিতেছি যে আপনাদের পত্রিকাথানি দীর্ঘায়ঃ লাভ করিয়া লোকসম্ভণ্ত নরনারীর প্রাণে শান্তি আনয়ন করুক।

মহাশর এই জড বিজ্ঞানের যুগে, আমরা পরলোক সম্বন্ধে বিশ্বাস হারাইয়া গাচ অন্ধকারে ডুবিয়া আছি। আপনাদের পত্রিকা গানি অনেকের আধার পথে প্রদীপ হইবে। এই সব বিষয় বত আলোচিত হয়, ততই মঙ্গুল।\*

নিম্নে আমার জীবনে যে সব স্বপ্ন দর্শন করিয়াছি, তাহার মধ্যে একটি লিখিলাম। প্রকাশ করিলে বাধিত হইব। ইতি।

> বশংবদ---——গ্রাহক নং ১০২১।

## স্বপ্নে দর্শন

#### "মায়ের দয়া"।

মানব-জীবনে অহরহ: দেবতার আশীর্বাদ বর্ষিত হইতেছে। অদু🕏 ভাবে দেবতা ও ঋষি তুল্য ব্যক্তিরা তাঁহাদের হস্ত মানব-সাহায্যার্থে প্রদারিত করিয়া রাখিয়াছেন ও সময় হইলে তাঁহারা কথন কথন মানবেক্তিয়ের গোচর হয়েন (২য় সংখ্যায় "অদুশ্র সহায়" ঘটনা দ্রষ্টবা)। কিন্তু এত সাহায্য প্রাপ্ত হইলেও মানব নিজ নিজ পূর্ব জন্মার্জিত সংস্কার বশে নিজের পথ নিজে হারাইয়া ফেলে। নিমু বর্ণিত ঘটনাটি ইহার একটি উদাহরণ।

শৈশব হইতে যেন কাহারও স্নেহের আহ্বান মধ্যে মধ্যে আমার শ্রুতিবিবর স্পর্ল করিত। স্বপ্নে, অর্দ্ধ, জাগরণে, অথবা কোন নির্জ্জন স্থানে যেন কাহারও স্লেহাশীর্কাদ আমার প্রাণে শান্তির হিল্লোল আনিয়া দিত। কথন কথন কাহার অফুট পদধ্বনি, কাহার ছায়া আমার কর্ণ ও নয়নের সম্মুখে ভাসিয়া উঠিত। সে ছায়া এক মাত-স্তির। আমি কিছুই ব্ঝিতে না পারিয়া, মাঝে মাঝে সেই মায়াময়ীকে ষা বলিয়া ডাকিতাম। বাল্যের বহুদিন এই ভাবে কাটিয়াছিল। যৌবনে পদার্পণ করিয়া, সে ভাব আর অমুভব করি নাই। তথন চঞ্চল মন সংসারের পিচ্ছিলপথে চলিবার জন্ম ব্যগ্র হইয়াভিল, সে মধুর ভাব গ্রহণে আমার অবদর ছিল না।

এইরূপে একদিন আমি এক অন্তায় কার্য্যে প্রবৃত্ত হই বার উদ্যোগ করিতেছিলাম, এমন সময়ে স্বপ্নে তাঁহার সহিত আমার প্রথম লাকাৎ হয়।

১৮৯৬ সালের নবেম্বর। আমি তথন বাঁকিপুরের এক মেসে থাকিয়া বি. এ ক্লানে পড়িতেছিলাম। অনুম্য বাসনার আকর্ষণ হইতে নিস্তার পাইবার জন্ম আমি একদিন বালিশে মাথা রাখিয়া, উপুড় হুইয়া তাঁহার আশীর্কাদ প্রার্থনা করিতেছি, এমন সময় হঠাৎ বোধ হইল, আমি যেন আনার দেহ হইতে মুক্ত হইয়াছি ও কে যেন আমার উর্দ্ধদিকে লইয়া ঘাইতেছে। তখন আমার বিছানার আমার একটি বন্ধু শমন করিয়াছিলেন; মামার কনিষ্ঠ ল্রাভা আমার শ্ব্যাভ্যাগ করিবার পুর্নেরট হাত মুগ ধুইতে নীচে চলিয়া গিয়াছিল। সেই উৰ্দ্ধগত অবস্থায় আমি দেখিলাম যে, আমার দেহ বিছানায় উপুড় হইয়া পড়িয়া আছে, পার্শ্বে বন্ধু নিদ্রা যাইতেছেন, নিম্নতলের উঠানে মামার কনিষ্ঠল্রাতা ও বাসার অন্তান্ত বন্ধুবর্গ স্ব স্থাতঃকালীন কার্য্যে ব্যাপুত আছেন। আরও উর্দ্ধে উঠিতে উঠিতে পার্শ্বন্থ অন্ত: এ বাটীর ছাদ গাছপালা প্রভৃতি পাটনা কলেজ গ্রা ইত্যাদি দেখিতে পাইলাম। দে অবস্থার আমার মনের অবস্থা ভরশুন্ত, শাস্ত, স্থির-অথচ উৎস্ক। মনে হইতে লাগিল, কোণায় যাইতেছি। কেন

বাইতেছি ? যত উৰ্দ্ধে উঠিতেছিলান, ততই সমগু ইঞ্ৰিৰণকি তীক্ষ হইতেছিল, এমন কি সৌরমণ্ডান্থিত গ্রহ উপগ্রহ পূর্বাদেবকে বেষ্টন করিয়া যে অত্যন্তুত নৃত্য করিতেছিল, তাহাও স্পষ্ট উপলব্ধি हरेंग। (म এक महान मृश्रा। ना प्रिशित उपनिक हम ना, त्यान অসম্ভব। তাহার পর কত এত মণ্ডল, দৌরজগং, বিভিন্নমূর্তি সম্পন্ন দেহিগণ ও অত্যাশ্চর্যা দৃশ্র দেখিতে দেখিতে আরও উর্দ্ধে উঠিতে লাগিলাম। কিছুক্ষণ পরে এ সব শোভা ধীরে ধীরে অদুশ্র হইয়া গেল, তথন সেই নীল মহাকাশে আমি ও আমার পথপ্রদর্শক-মাত্র, অপর আর কেহ নাই বা কিছু নাই। আমার ফুল শরীর স্থামি উপলব্ধি করিতেছিলাম: কিন্তু যিনি আমাকে লইয়া যাইতে-ছিলেন, তিনি তথনও অদুখ্য অথচ তাঁহার দারিধ্য ও আমার বামস্কলে তাঁহার কোমল স্পর্শ অমুভব করিতে ছিলাম।

দূরে—অতি দূরে—অগ্নির জাগ এক লোহিত-জোতি:-সমুদ্র,কিছুকণ পরে দেখিতে পাইলাম। যথন তাহার নিকটে যাইলাম, তথন ব্রিলাম উহা স্লিগ্ধ ও পবিত্র-গুণসম্পন্ন। আমার ফল্ম দেহে ঐ অগ্নি-লহরের কোন উষ্ণতা বোধ হয় নাই, কিন্তু যথন তাহার মধ্য দিয়া চলিয়া ষাইলাম, তথন শরীর মূন হইতে কি যেন গুরুভার নামিয়া গেল বুঝিলাম। সেই সমুদ্র পার হইয়া এক ধুমুমুদ্র প্রদেশে আসিয়া পডিলাম। বে যেন কিরপে অবসাদের দেশ। তাহার পর এক দেশে পৌছিলাম যথায় সমস্ত স্থান স্নিগ্ধ উজ্জ্বল কিরণময়। ক্রমে সেট কির্ণময় প্রদেশের এক মনোচর উপবনে -- সহচরীবেষ্টিতা সিংহাসনোপবিষ্টা, দীপ্তিশালিনী লোহিত্বসনা উচ্ছনভূষণা এক মাতৃ-মর্ত্তির পদতলে নীত হইলাম। \* \*

আমার স্থৃতির দার পুলিয়া গেল, মহৎ জীবনের মহৎ উদ্দেশ্ত

বুঝিলাম। কঠিন কোমল তাড়না থাইলাম। আমি ফিরিয়া আসিতে একান্ত অনিচ্ছক, দেখিয়া মা বলিলেন,—"বাবা! তোমার কর্ম্ম এখনও শেষ হয় নাই। কর্ম্ম শেষ না হইলে, কেমন করিয়া আনিব ৭ তবে এই ঘটনা যাহাতে অহবহঃ তোমার স্মৃতিপথে জাগরক থাকে, তাহার ব্যবস্থা করির। দেখিও আবার যেন ভুল না হয়।" হার মা। কি কোমলে কঠিন তুমি।। তাহার পর চক্ষের জল লইরা ফিরিয়া আসিলাম।

এমন সময় হঠাৎ যেন আমার নিদ্রাভঙ্গ হইল। দেখিলাম, আমার বালিস চক্ষের জলে সমস্ত ভিজিয়া গিয়াছে। ঘডির দিকে চাহিয়া দেপি, কেবল তুই মিনিট মাত্র সময় অতিবাহিত হইয়াছে। তাহার মধ্যে এত ঘটনা ঘটিয়া গেল। তাহার পর এই জীবনে কতবার পড়িয়াছি ও উঠিয়াছি : কিন্তু সে কথা, সে ঘটনা বিশ্বত হই নাই। কিন্তু কর্মফল পূর্বজন্মের সংস্কার কি ছাড়িয়াছে ? হায়! কতই ঘুরিতেছি আরও কতই ঘুরিব !!

# অপয!ত মৃত্যুতে প্রেতত্ব।

শ্রদ্ধান্পদ

শ্ৰীযুক্ত 'অলৌকিক-রহস্তু" সম্পাদক

মহোদধ্যেষ

মহাশয়.

व्यानि नाना द्यान इट्रेंट व्यानोकिक घटेना मः श्रव शृर्वक माधा-রণের হিতের জন্ত্র 'আপনার পত্রিকাতে প্রকাশিত করিতেছেন গুনিয়া

আমি আমার এক বন্ধুর বাটীতে সম্প্রতি যে এক অপূর্ব্ব ঘটনা ঘটিয়াছে जोशांद्रे यथायथ विवद्गण निरम्न श्रमान कदिएकि। यमि अर्पाकन स्म. ইহা আপনার পত্রিকাতে মৃদ্রিত করিতে পারেন এবং পাঠকদিগের मर्था यनि (कह देशांत्र मठाजा मद्यक्त मन्दिशन हन, जाहा हरेल जिनि স্বচ্ছন্দে ঘটনাস্থলে স্বয়ং উপস্থিত হইয়া ইহার যাথার্থ্য নিরূপণ করিতে পারেন।

ভ কালীবাটের প্রায় ছই কোশ দক্ষিণে পুটুরী নামে একটি কুদ্র গ্রাম স্পাছে। এই গ্রামে শ্রীযুক্ত অক্ষয়কুমার ঘোষালের বাস। অক্ষয় বাবু একজন কুতবিদ্য ব্যক্তি এবং একটি আফিসে কর্ম করেন। তাঁহার স্থিত আমার বেশ আলাপ পরিচর আছে। বর্ণিত ঘটনাটি তাঁ**হার** বাটীতেই বটে। ঘটনার ২।৩ দিন পরেই তাঁহার সহিত আমার সাক্ষাৎ হয় এবং তিনি নিজ্মুখে যাহা বলিয়াছেন, নিমে তাহারই সারাংশ अबस्य रहेन।

রামদাণী নামী তাঁহার এক আত্মীয়া বছকাল তাঁহার বাটীতে বাস করিতেছেন, ইনি এখন তাঁহার পরিবার মধোই গণা। বিগত ১৭ই কিংবা ১৮ই বৈশাথ ( তারিখটি আমার ঠিক স্থরণ নাই ) বৈকালে বামদাসী অক্ষ বাবুর গরুটিকে বাগানে চরাইতে লইয়া যান। বাগানটি অক্ষ বাবুর বাটীর সন্নিকটেই অবস্থিত। তিনি স্বয়ং জ্বমী থরিদ করিয়া এই বাগানটি প্রস্তুত করিয়াছিলেন। তৎপূর্বেই হা বন জঙ্গল-পূর্ণ একটা পতিত জমী ছিল, কতকাল পতিত ছিল অথবা ইহাতে কেহ কথনও বাদ করিয়াছিলেন কিনা, অক্ষয় বাবু কিংশ তাঁহার পরি-বারবর্গের মধ্যে কেন্ট্র জানিতেন না। প্রায় ২৩ বংসর পূর্বে ঠাঁহার কিছু মাটির প্রয়োজন হওয়াতে, তিনি বাগানের একছান খনন ্রকরাইয়া আবশ্রকমত মাটি গ্রহণ করিয়াছিলেন। খনন-কার্লে ঐ স্থান हरेट इरें निवक्कान भाष्या यात्र। हरात्र मत्या এकवित इरे হাতে হুই গাছি শাঁথা ছিল-ইহা দেখিয়া তাঁহারা অহমান করিয়া-ছিলেন যে, উহা কোন স্ত্রীলোকের কলাল। সে যাহা হউক, উক্ত ঘটনার পর হইতে এ পর্যান্ত ঐ বিষয় তাঁহারা কেহ কথনও চিন্তা করেন নাই, বস্তুত: ইহা তাঁহারা এক প্রকার ভূলিয়া গিয়াছিলেন।

যে স্থানটি থনন করা হয়, সেই স্থানটির একটি বিশেষত ছিল। উহার উপর কিংবা নিকট, গরু, বাছুর, ছাগ, মেষ অথবা অন্ত কোন खद्ध कर्नानि गाइँ न।। উटा मर्सना भागन नव नृस्तानतन आदुङ ব্রহিয়াছে, অথচ গরু বাছুর উহার নিকটেই ঘেঁসে না। ইহা অকর বাবু বহুকাল ধরিয়া লক্ষ্য করিয়া আসিতেছিলেন। কিন্তু ইহার কারণ তিনি কিছুই বুঝিতে পারিতেন না। অবশেষে মাটির প্রয়োজন হওয়াতে, তিনি এই স্থানটিই খনন করিয়া, যখন ছুইটি কল্পাল পাইলেন, তথন ভাবিলেন,এই কারণেই বোধ হয়, গরু বাছুর পলায় ; স্থতরাং এ হুটোকে দূরে ফেলিয়া দিলে গোলযোগ মিটিবে। কিন্তু গোলযোগ তাহাতেও মিটিল না,- शक बाছुत পূর্ববিৎ পলাইয়া যায়, বলপূর্বক দড়ি ধরিয়া সেই দিকে টানিলে, তাহারা কিছুতেই আইদে না; কথনও দড়ি ছিঁ ড়িয়া প্ৰায়, ক্থনও বা শুইয়া পড়ে।

দে যাহা হউক, রামদাসী আজ গরুটকে প্রথমে সেই দিকেই লইয়া গেলেন—তাঁহার ইচ্ছা গঞ্টি ঐ কোমল নধর ঘাসগুলি থাইয়া পরিতৃপ্ত হয়। কিন্তু গরুটি সে দিকে না গিয়া নিকটস্থ পু্দরিণীতে জল পান করিতে নামিল। রামদাসী দড়ি ধরিয়া পুকুরের পাড়ে দাঁড়া-ইয়া রহিলেন। গরুর জল খাওয়া হইল, কিন্তু গরু উঠিয়া আসিতে চার না। একি। রামদাসী রাগ করিয়া জোরে দড়ি টানিতে শাণি-লেন। গত্ন বেন একটি ছডপদার্থের স্থায় অসাড়--অচল ভাবে--বাড় তুলিয়া দাঁড়াইয়া রহিল এবং রামদানীও ঠিক সেই সময়ে একটা বিকট শব্দ করিয়া হঠাৎ মূর্চ্ছিতা হইয়া পড়িয়া শ্লেনে !

তাঁহার শব্দে চারিদিক হইতে লোক দৌডিয়া আসিল এবং ধরাধরি করিয়া তাঁহাকে বাটীতে আনিল। তিনি অচেতন অবস্থার শ্যাার শরন করিয়া রহিলেন। কিয়ৎক্ষণ পরেই তাঁহার ভেদ বমি আরম্ভ হইল। বাটীর সকলেই বড়ই বাস্ত, ভীত. "উৎক্ষিত হইলেন। এই সময়ে অক্ষম বাবু আফিস হইতে প্রত্যাগত হইলেন। রামদাসীর কলেরা হইয়াছে শুনিয়া তিনি ডাক্তার আনিবার উদ্যোগ করিয়া त्रांममात्रीत्क अकवात्र प्रविष्ठ शिलान। प्रविष्टान, त्राममात्री ज्वन প্রলাপ বলিতেছে। অক্ষয় বাবু ভাবিলেন, রামদাসীর বিকার হইয়াছে। কিন্তু কলেরা হইতে না হইতেই একেবারে তাহা বিকারে পরিণত **হটবে—তাহাই বা কিরাপে** সম্ভব ? ইহা ভাবিতেছেন, এমন সময় রাম-দাসী বলিতে লাগিলেন "তোর এতদূর স্পর্দা! আমার হুধ থাইবার ইচ্ছা হইল, আর তুই দড়ি ধরিয়া গরুটাকে টানিতে লাগিলি!! তোর বাড় ভাঙ্গিব। ইত্যাদি" ইহা গুনিয়া অক্ষয় বাবু ভাবিতে লাগিলেন "ইহা তো প্রলাপ নহে। নিশ্চয়ই উহাকে কোন প্রেতযোনি আশ্রয় করিয়া**হ**ছ।<sup>ঠ</sup>়

ইহা স্থির করিয়া, তিনি ডাক্তারের পরিবর্ত্তে একটি ওঝা আনাইতে পঠিষ্টিলেন। গ্রামের সন্ধিকটেই ভল্রেশ্বর নামে এক ওঝা বাস করে। এ ব্যক্তি জাতিতে কাৰরা। কিন্তু মন্ত্রতন্ত্রের সাহায্যে ভূত প্রেতদিগকে করামত্ত করিতে পারে বলিয়া, তাহার একটা খ্যাতি আছে। যাহা হউক এই ব্যক্তি গৃছে প্রবেশ করিবামাত্র রোগী বিষম চীৎকার করিতে লাগিল। পরে সে যখন মন্ত্র পড়িতে আরম্ভ করিল, রাম-দাসীর বিক্রম দেখে কে? কথনও ভীষণ তর্জ্জন, গর্জ্জন করিয়া

ওঝাকে গালি দেয়, কথনও বা কাকুতি মিনতি করিয়া তাহার পদানত হয়। অবশেষে ওঝা বলিল "তুই কে ? কেনই বা ইহাকে আশ্রয় করিয়াছিস ?"

রামদাসী বলিতে লাগিল "আমি এক কুমুরের (কুস্তকারের) মেরে। প্রায় একশো বছর হইল মজিলপুর গ্রামে আমার বাস ছিল। ঐ গ্রামের চক্রবর্ত্তী মহাশয় (চক্রবর্তীর নাম বলিল না) আমাকে ধর্মভ্রষ্ট করে। হুজনে পলাইয়া আসিয়া এই গ্রামে হুটি বর ঝাধিয়া বাদ করিতে থাকি। কিছুকাল বেশ স্থপে কাটিয়া যায়। ভাব-শেষে আমার আত্মীয়েরা সন্ধান পাইয়া এক গভীর রন্ধনীতে আমাদের মরে প্রবেশ করে এবং ছজনকেই নিষ্ঠুর ভাবে হত্যা করে। আমাদের রারা বরের যেথানে উনান ছিল, সেইথানে একটা বৃহৎ গর্তু করিয়া মৃতদেহ ছুইটি পুতিয়া রাথিয়া প্রস্থান করে। তদবধি আমরা ঐ স্থানেই বাস করিতেছি। কয়েক বৎসর পূর্বে আমাদের কল্পাল তুইটা স্থানান্ত-রিত হইয়াছে বটে, কিন্তু ঐ স্থান আমরা ত্যাগ করি নাই, উহা মামাদের বড়ই প্রিয়। আজ বৈকালে হুধ থাইবার ইচ্ছা হওয়ার গরুটাকে পুকুরধারে লইয়া গিয়া হুধ খাইতেছিলাম। কিন্তু এই মাগী ক্রমাগত গরুটাকে টানাটানি করায় রাগে উহার ঘাঁড়ে চাপিয়াছি।"

''ওঝা বলিল "তবে কি তোর হধ থাওয়া হয় নাই 🖓

"হাঁ, ছধ আমি সব থাইয়াছি। আজ স্থার গরুর ছধ হবে না।" "তবে বামুনের মেয়েরে আর কষ্ট দিস্কেন ? ছাড়িয়া যা ! শাঘ্র বা !" हाँ, आमि याहेव, याहेटिह, এই চলিলাম-এই বলিয়া রামদাসী পুনরায় মৃচ্ছিতা হইলেন এবং ক্ষণেক পরে চৈতন্তলাভ করিয়া পুর্ববৎ ऋष इटेलन।

অক্ষর বাবু প্রথমে গরুটাকে পরীক্ষা করিলেন। ছগ্ধ-দোহনের

স্বিশেষ চেষ্টা করা হইল। কিন্তু কি আক্র্যাণ স্থাতিতে এক কোঁটা ছখও পাওয়া গেল না। পরদিন ছইতে যথানিয়মে ছখ পাওয়া ষাইতেছে। অতঃপর তিনি চক্রবর্তী মহাশয়ের সন্ধানে প্রবৃত্ত হইলেন। खेिं जिल्ला के बार के ब কেহট চক্রবর্ত্তী মহাশয়ের কথা বলিতে পারিল না। অবশেষে তিনি প্রায় হতাশ হইয়া ঐ গ্রামের এক অতিবৃদ্ধ কবিরাজকে জিজ্ঞাসা করি-লেন, মহাশয়, বহুকাল পূৰ্ব্বে এখানে কোন চক্ৰবত্তী ৰাস করিত,জানেন কি 📍 এই বুদ্ধের বয়স আশি (বা অধিক) হইবে। ত্রিনি অনেকক্ষণ ভাবিয়া বলিলেন, "কোন চক্রবর্তীকে দেখিয়াছি বলিয়া স্মরণ হয় নাঃ ভবৈ বাল্যকালে শুনিয়াছিলাম যে. ঐ জমিতে ( অক্ষয় বাব্র বাগানটি দেখাইয়া) এক চক্রবর্ত্তী কিছুকাল বাস করিয়াছিল। কিন্তু হঠাৎ সে কোথায় চলিয়া পেল অথবা তাহার কি হইল কেইই স্থানে না। ওটা ক্রক্রবর্তীর ভিটা বলিয়া আমর। গুনিয়াছি।''

অক্ষম বাবুর মুথে পূর্বোক্ত বৃত্তান্ত গুনিবার পর একদিন আমি স্বয়ং ভটেষর ওঝার সহিত সাক্ষাৎ করিয়াছিলাম। এ ব্যক্তি নিরক্ষর ও ষ্মস্তাল। কিন্তু ঘটনা সম্বন্ধে সে যাহা বলিল তাহ। সক্ষরবাবুর বুত্তান্তের প্রায় অর্থরপ।

এখন জিজ্ঞাদ্য এই যে, অপঘাত হইলেও একশত বংদরেও কি প্রেত্ত হইতে মুক্ত হয় না ? প্রেতত্ত্বের উর্দ্যামা (maximum limit) किছू नारे कि? रेडि\*

ব্রিশা, ২৪ পঃ

२७ देवमाथ, २७२७

ঐকালীনাথ মুখোপাধ্যায়।

এই বিবয় সম্বন্ধে আলোচনা করিবার :পূর্ব্বে গ্রাহকগণের মধ্যে যদি কেই উহার উত্তর দিতে অভিলাষ করেন, তবে বথাযোগ্য বোধ করিলে আমরা আনন্দের সহিত তাহা পত্রত্ব করিব। ष्यः दः मः।

# "পুনরাগমন"।

## 🕟 🦠 ( পূর্ব্বপ্রকাশিতের পর )।

( >0 )

ছোট ঠাকুরদার আগম্নে কিছু নাটকীয় বৈচিত্র ছিল।

আমি দেখিলাম, প্রাভঃকাল হইতেই গোপাল কাহার আগমন প্রতীকা করিতেছে; তাহার এত প্রিয় মাও তাহাকে আজ আরুষ্ট করিয়া বাধিতে পারিতেছেন না।

প্রথমে ভাবিলাম, পিতার তীত্রবাক্যে আহত বালক আর আমা-দের ঘরে থাকিরা স্থুথ পাইতেছে ন।। তাই বোধ হর শান্তিলাভের আশার সে মাঝে মাঝে বাহিরে আসিতেছে।

দেখিতে দেখিতে বেলার প্রথম প্রহর অতীত হইয়া গেল।
নানাদি কার্য নির্বাহের জন্ত মা আমাদের আদেশ পাঠাইলেন।
চাকর তৈল লইয়া আমাকেই মান করাইতে আদিল। আমি
তাহাকে গোপালের কথা জিজাসা করিলাম। সে বলিল,—"আমি
তাঁহাকে মান করিতে অন্থরোধ করিলাম। তিনি বিলম্ব আছে
বলিয়া, আমার সঙ্গে আসিতে চাহিলেন না।"

আমি। বলিক্সনা কেন, মা তাড়া দিতেছেন।

ভূত্য। তাও বলিয়াছি। প্রাতঃকাল হইতে গোপালবার জল মুখে দেন নাই বলিয়া, মা তাঁহাকে বারংবার বাড়ীতে যাইতে অমু-রোধ করিতেছেন। একথা শুনিয়াও তিনি আসিলেন না।

মনে করিণাম নিজেই যাইয়া গোপালকে ডাকিয়া আনি। গোপালের সেই বিচিত্র কাহিনী শুনিবার পর, কি জানি কেন গোপালের প্রতি আমার এফটা মমতা আসিল। কিন্তু বিচার

বিবেচনা করিয়া বুঝিলাম, এ মমতা অন্ত কিছুই নয়, মনের একটা হুর্মণতা। গোপালের সঙ্গে পিতার যে কথা হইয়াছে; ভাহাতেই ৰ্ঝিয়াছি, গোপাল আজ গৃহত্যাগ করিতে পারিলে, কালিকার জ্ঞ অপেকা করিবে না। তাই বিচেছদের পূর্বকাণে, স্মরণমাত্রেই মন আপনামাপনি কেমন তুর্বল হইয়াছে। একটা গৃহপালিত প্রত্ व्यक्तात्वहे यथन मतन कर्ष्टेत जेनग्न हग्न, जथन এकजन व्यक्तिमन्त সঙ্গীর অভাব স্বরণে মনের চাঞ্চল্য আসায় বিচিত্রতা কি। মনকে বুঝাইয়া স্থির করিলাম; গোপাল না আসে না আস্কুক, আমিত স্থান করি। চাকরকে বলিলাম.—"তবে আমাকেই তেল মাথাইয়া দে।"

স্থান করিতে বাইয়া দেখি, খ্যাম গোপালকে ধরিয়া আনিতেছে। তাহাকে আমার কাছে আনিয়াই শ্রাম বলল—"নাও খুড়ো। স্নান কর। অস্তুত্ত দাদা কি বলিতে কি বলিছাছেন। রোগে তাঁহার মস্তিদ ঠিক নাই। তাঁহার কথার কি রাগ করিতে আছে? মা বাড়ীর ভিতরে ব্যস্ত হইতেছেন।"

গোপাল একথার কোনও উত্তর না করিয়া আমার নিকটেই উপবিষ্ট হইল, এবং তৈল পাত্র লইয়া নিজেই মাথিতে বদিয়া গেল 🖟 তাই দেখিয়া ভূতাটা তাড়াতাড়ি আমাকে ছাড়িয়া গোপালকে তেল माथाहरू हिनन। शाभान किंद्ध छाहारक निरम्ध कतिमा विनन,— ''প্ৰয়োজন নাই।''

আমি বলিলাম---"গোপাল! আমি বুঝিতেছি, তুমি কাজ ভাল করিতেছ না।"

গোপাল। আমার বৃদ্ধিতে আমি ঠিকই কাঞ্চ করিতেছি। ভাই। ইহার পরে তেল জোটাই ভার হইবে, ত মাথাইবে কে 🖓

আমি। পিতাই কি এতই অপরাধী গোপালক্ষণ পূ আর ধদিই

তাঁর অপরাধ হইয়া থাকে, ভা হইলে কি তৎপ্রতি তোমার এরপ আচরণ দেখান উচিত ?

গোপাল। তোমার পিতার কোনও অপরাধ নাই। আমি ত ভাই मत्न किছ्हें कदि नाहे।

আমি। কিন্তু আচরণে যে তা দেখিতেছি না।

পোণাল। তোমরা আমার আচরণ ব্রিতে পারিতেছ না 🖰

স্থাম বলিয়া উঠিল—"তা থুড়োর আচরণ বুঝা, আমাদের মত বোকার ক্ষমতাত নয়, স্বয়ং শিব ঠাকুর বুঝিতে পারেন কিনা সন্দেহ। আমি ত খুড়ো, সাত জন সিদ্ধি থাইয়া বৃদ্ধি বাড়াইলেও বৃঝিতে পারিব না।"

পোপাল হাসিয়া উত্তর করিল—"তুমি যে ভাই ব্রিয়াওব্রিবে না।" শ্রাম পূর্ববং স্বরে কহিল—যা' বুঝিতেছি তাই কি ঠিক ?

পোপাল মাথা চুলকাইয়া ঈষং হাসির সহিত বালল—"তা হ'লে দেখিতেছি, খুড়ো আমাকে চিনিয়াছে।"

আমি কিঞ্চিৎ ক্রোধের ভাব প্রকাশ করিয়া বলিলাম—"তবে কি একেবারেই আমাদের মায়া কাটাইতেছ?"

গোপাল। তা পারিব কি ?

আমি। আরকি এখানে আসিতে হইবে না?

গোপাল। তাকেমন করিয়া বলিব। দেটা পিতার অভিপ্রারের উপরই নির্ভর করিবে।

আমি। কবে যাওয়া হইতেছে ?

গোপাল। পিতা আৰু আদিলেই বুঝিতে পারিব।

আমি। আমিও দেখিতেছি, তোমার মস্তিক্বিকার ঘটিয়াছে।

পোপাল কোনও উত্তর করিল না। আমিও আর কোন কথা কহিলাম না। সানাস্তে আমরা আহার করিতে চলিলাম।

#### ( 22 )

বৈকালে ডাক্তার আসিলেন। আসিরাই পিতার শ্ব্যাপার্শ্বে উপবিষ্ট হুইরা বলিলেন---"তর্কনিধি মহাশয়। আজ কেমন আছেন ?''

পিতা। বুঝিতে পারিতেছি না।

ডাক্তার আর প্রশ্ন না করিয়া, শব্দমানাদি-যন্ত্র সাহায্যে সেই চুর্ছ রোগটার পোপন-স্থান অন্বেষণে ব্যগ্র হইলেন। অন্বেষণের আবেরে তাঁহার চকু মুদিত হইয়া আসিল। মনে হইল যেন, সেই ত্রারোগ্য ভূর্বোধ্য রোগ দেহের কোন পঞ্জর-প্রাচীরের অন্তরাল হইতে তাঁহার চোধে আঙ্গুল দিয়াছে। অনেকক্ষণ সেই ভাবে থাকিয়া ডাক্তার বলিলেন—"আজ আপনাকে কিছু অতিরিক্ত চুর্বল বোধ হইতেছে।"

পিতা ক্ষীণতর স্বরে বলিলেন—"আজ কিছুই গলাধ:ক্বত করিতে পারি নাই।"

ডাক্তার। তানাকরিলে ৩ধু ঔষধে কোনও ফল হইবে না। डेशयुक बाहात ना कतिरम (मह विकिर्त ना।

পিতা। সাগু ও বালি—ও গোমুত্র আমি আর মুথে করিতে পারি-তেছি না।

ডাক্তার। ভাল, ত্রথের ব্যবস্থা করিয়া দিই না কেন। মুখরোচকও इटेर्टित, অপচ শরীরের বেশ পুষ্টিসাধন হইবে।

এই কথা বলিয়াই ডাক্তার আমার দিকে ফিরিয়া বলিলেন-''পোপীনাথ। 'টেরিটি বাজার হইতে গোটা হুই পায়রা আনাও।''

পিতা যেন সভয়ে বলিয়া উঠিলেন—''না—না—এখানে ওসৰ কিছ ⊋ইবে না।"

ডাক্তার। বেশ, তবে আনাইয়া, যত শীঘ্র পার, আমার ডাক্তার ঝানায় পাঠাইয়া দাও।

পিতা। ডাক্রার বাব। ও সঙ্গলে আর কাব্র নাই।

ডাব্রার। আপনি পণ্ডিত হইয়া একি কণা বলিতেছেন। ''শরীর মান্তং"-- এ "আন্তং"টা না করিলে যে আপনার প্রত্যবায় হইবে। मञ्जीत्रतक छर्त्वन भारेतनहे त्यांग आवात अवन हहेबा छेठिरव। আপনি আর পাঁচ জনের জন্ত দেহ রক্ষা করিতেছেন। আপনার প্রাণ থাকিলে, কত লোক নীতি ও ধর্মে পণ্ডিত হইবে, তার সংখ্যা কি ? অাপনি আর ছিধা করিবেন না। আমার কম্পাউণ্ডার ত্রাহ্মণ। আঁমি ভাহাকে দিয়াই প্রস্তুত করিয়া পাঠাইতেছি।

পিতা নিক্তর রহিলেন। সম্বতিলক্ষণ ব্ঝিয়া ডাক্তার বলিলেন-"ভাল, আপনাদের কাহাকেও কিছু করিতে হইবে না। আমিই সে সমস্ত জোগাড় করিয়া আপনার কাছে বোতণে পুরিয়া পাঠাইতেছি। পিতার দেহরকার জন্ম ডাক্তার বাবর ব্যাক্ষতা দেখিয়া আমাদিগকেও ব্যাকুলতার সহিত তাঁহার দর্শনীটি দিতে হইল। যাইবার সময়, তিনি বেচুকে সঙ্গে লইয়া গেলেন।

ডাক্তার চলিয়া গেলে, পিতা আমাকে বলিলেন—''কি গোপীনাথ। भाषवात (यानहा शहर ?"

আমি। ঝোল, আপনাকে কে এ কথা বলিল? এথ-এথ-रेक्वत्रम मिर्जना वाधित्र मरहोष्ट। (बाजरन भूतित्रा, हिनि चाँछित्रा, লেবেল মারিয়া আসিতেছে।

পিতা। কি যে হতভাগা রোগ দেহের মধো প্রবেশ করিল, কিছুই বুঝিতে পারিতেছি না।

আমি। এইবারে রোগকে সরিতেই হইবে।

পিতা। দেখো যেন তোমার গর্ভধারিণী না স্কানিতে পারে।

আমি। আপনি ও আমি জানিলাম, আবার কে জানিবে!

পিতা। সে হতভাগাটার কাছেও একথা প্রকাশ করিও না। সে कानिट्ड शाहिताल बाहेवात ममग्र এकটा चनर्थ वाधःहेत्रा बाहेटव।

আমি। সে আর এ দিকে আসিতেছে না।

পিতা। হতভাগাটা করিতেছে কি ?

আমি। সে বাহির দরজায় বসিয়া তার বাপের আগমনের অপেকা করিতেছে।

পিতা। তাহার মাথা করিতেছে। কি অরুতজ্ঞ দেখিলে? সারা-দিনের মধ্যে আর একবারও আমাকে দেখিতে আদিতে পারিল না।

আমি বলিলাম--- "ভাহার মন্তিফ বিকার" ঘটিয়াছে।" এই বলিয়া সানান্তে যে যে কথা হইয়াছিল, আনুপ্রিকি পিতার কাছে বলিলাম।

পিতা শুনিয়া বলিলেন.—"मेखिक विकात जाशांत चरित्राह्म, ना তোমার! দে আমার কাছে তথন কি বলিল, বুঝিয়াছ কি? 'না ছাড়িলে তুমি তোমার মাতার শোকের, অপবাদের, এমন কি মৃত্যুর কারণ হইবে।' শোকের ও মৃত্যুর কারণ না হয় সে যে কোন প্রকারে হইতে পারে। কেননা তোমার গর্ভধারিণীর পোপালের প্রতি যেরূপ মমতা, তাহাতে গোপালের কোনও ভাল মন্দ হইলে, তাহারও অনিষ্ট হইবার সন্তাবনা। কিন্তু 'অপবাদের কারণ इटेरिं? ÷ इंटात वर्ष कि १ वरः शांशांन এथान ना थांकिएन, रानरम 🖝 এখানে প্রতিবেশীদের কাছে, তাঁহার নিন্দা হইবার মন্তাবনা।"

্ আমি। আপনি কি কিছু বৃঝিয়াছেন ?

পিতা। আমি অনেক চেষ্টার্তে এই মাত্রইত ব্রিয়াছি থে. গোপালের অমুমান এখানে ভাষার জীবনের অনিষ্ট হইবার সম্ভাবনা হইরাছে।

শুনিরা আমি শিহরিরা উঠিলাম। পিতা বলিতে লাগিলেন-

''তাহার বোধ হইরাছে, তাহার এই আক্ষিক বুদ্ধির বিকাশে আমরা পিতা পুত্রে ঈর্বান্বিত হইন্নছি। এখন তুমি কি ও হতভাগাকে এখানে আর থাকিতে অনুরোধ কর ?"

আমি। বাপের প্রতীক্ষায় বসিয়া থাকা তবে কি তার ভান মাত ? পিতা। তুমিও যেমন মূর্থ। এত ইংরাজী বই পড়িলে, তথাপি তোমার জ্ঞান হইল না ! প্রতাক্ষে যাহা দেখিতেছি, তাহাই সময়ে সময়ে মিথ্যা হইষ্ম যায়, তা স্বপ্ন একটা অলীকচিন্তা—সে ক্থন কি সত্য হইতে পারে ! পূর্ব্ব হইতে ষড়যন্ত্র না থাকিলে, আমিত তাহার আসিবার কোনও সম্ভাবনা দেখিতেছি না।

বহির্ভাগে শব্দ হইল—"রাধানাণ।" তড়িতাহতের মত পিতা শ্যার পতিত হইলেন। আমিও যেন কিয়ৎক্ষণের জন্ত সমস্ত অন্ধকার দেখিলাম। অথচ কি মিষ্টস্বর! কিংকর্ত্তব্য-বিমৃত্ হইরা পিতার পদ প্রান্তে বসিয়া আছি, এমন সময় গোপালকে অত্যে করিয়া ছোট ঠাকুরদা গৃহমধ্যে প্রবেশ করিলেন।

্সেই দীনবেশধারী ত্রাহ্মণের সম্মুখে শত চেষ্টাতেও আর আমি 🥻 ঞ্জির হইয়া বসিতে পারিলাম না। তাঁহার মুখের পানে দৃষ্টি নিক্ষেপ আমার কেমন কঠিন হইয়া পড়িল। কুশল সংবাদ জিজ্ঞাসায় কি বে উত্তর দিলাম, তাহাও আমার স্বরণে আসিতেছে না। আমার মাথা হেঁট হইয়া আমিল। আমি তাঁহাকে একটি প্রণাম করিয়া মা্তাকে সংবাদ দিবার অছিলায় সে স্থান ত্যাগ্য করিলাম।

( >2 )

निएम्छ इट्डा हकू मूनिया निटकत घरतत्र भगात्र खडेबा चाहि, धमन সময় খ্রাম গ্রহমধ্যে প্রবেশ করিয়াই বলিল,—'শীঘ আত্মন, কর্ত্তা মহাশয় আপদাকে নীচে ডাকিতেছেন।'' <sup>\*</sup>

আমি সাপ্রহে জিজানা করিলাম—"ছোট ঠাকুরলা ?" খ্রাম। মা তাঁহাকে বাড়ীর মধ্যে লইরা গিরাছেন। আমি। তলনে কি কি. কথা হইল, গুনিয়াছ কি ?

শ্রাম। সমরে আসিতে পারি নাই বলিয়া, সব শুনিতে পাই নাই। তবে কতক কতক গুনিয়াছি। বুঝিয়াছি, থুড়ো ভাইপোয় আৰু হইতে কাটান ছাডান হইয়া গেল।

কি কণা হইয়াছিল শুনিবার জন্ত আমার আগ্রহ সত্ত্বেও শ্রাম আমাকে তৃপ্ত করিল না। বলিল "অবকাশ মত বলিব। এখন ছোট ঠাকুরদা ফিরিতে না ফিরিতে কর্ত্তা মহাশয়ের দঙ্গে দেখা করিয়া আহ্ন। বেচু ত্রধ্ আনিতে গিয়াছে, আমি তাহাকে দাবধান করিতে চলিলাম।''

খ্রামের সঙ্গে সঙ্গেই ঘর হইতে বাহির হইয়া আমি পিতার সহিভ দেখা করিলাম। দেখিলাম পিতা আমার অপেকায় উদগ্রীব হইয়া বদিয়া আছেন! গৃহে প্রবেশ মাত্রই তিনি বলিলেন—"তোমার গর্ভধারিণীক জায়ুই দেখিতেছি দব নষ্ট হইল। নিঝ ক্লাটে দকল গোলমাল চুকিয়া গেল। দামোদরের দেবার লোকাভাব বলিয়া রমানাথ তাহার পুত্রকে লইতে আসিবাছে। পৃথক হইবার এমন স্থবিধা—তোমার গর্ভধারিণী ৰুঝি হইতে দিল না। সে গোপালকে রাখিবার জভা তোমার দাদাক পায়ে ধরিয়া কাঁদাকাটি করিতেছে।

আমি। মাকি গোপালকে ছাডিয়া থাকিতে পারিবেন ? পিতা। না পারেন, তোমার অদৃষ্ট।

পোপাল এথানে থাকিলে আমার অদৃষ্টের কি হানি হইতে পারে ব্যিতে পারিলাম না। জ্বিজ্ঞাসা করিলাম—"থাকিলে কি বিশেষ व्यनिष्ठे हरेदव १''

পিতা। এক অনিষ্ট তোমার পাঠের ক্ষতি ! তুমি আর শত চেষ্টাতেও গোপালকে হারাইতে পারিবে না। গোপনে সন্ধান লইরাছি, গোপাল প্রতি উত্তর-পত্রে একটা করিরা প্রশ্নের উত্তর লিখে নাই। তবু সে এবারেও প্রথম হইরাছে। তুমি সমস্ত প্রশ্নের উত্তর করিয়াও তার সমান হইতে পার নাই।

শুনিবামাত্র স্থপ্ত ঐর্বা প্রজ্ঞানিত চইরা উঠিল। বলিলাম—''তা হইলে উপায়? মায়ের অতি আগ্রহে যদি দাদা গোপালকে রাথিয়া যান ?

পিতা। তাইত বলিতেছি, তোমার অদৃষ্ট।

আমি। এবারে আমি প্রশ্নের বেরূপ উত্তর করিয়াছি, তাহাতে আমার দৃঢ় বিশ্বাস আমি কিছুতেই দিতীয় স্থান অধিকার করিব না। মাষ্টারের পক্ষপাত না থাকিলে, কথনই এরূপ হইতে পারে না।

পিতা। আমিও ত কিছু বুঝিতে পারিতেছি না। যে কারণেই হউক, পর বংসর এরপ হইলে তোমার ভবিষ্যতে যথেষ্ট ক্ষতি হইবে। ছশ্চিস্তায় তোমার বুদ্ধি হানি ঘটিতে পারে।

আমি। এবার ধিতীয় হইলে, আর আমি ও ইস্কুলে পড়িবই না।
পিতা। এ ক্ষতিও তত ধরি না। ধিতীয় ক্ষতি—এবং সেটা বিশেষ ক্ষতি, গোপালকে এথানে রাখিলে যা কিছু উপার্জ্জন করিয়াছি ও ভবিষাতে করিব, ভাহার অর্দ্ধেক গোপালকে দিতে হইবে।

আমি। কেন । এত আর গোপালের পিতার উপার্জন নয় ।

পিতা। তা হইলে কি হইবে! একারবর্তী পরিবার—একজনের পরিশ্রমে উপার্জ্জিত সম্পত্তিতে গোপালের পিতার সমান অধিকার। গোপাল যদি এথানে না থাকিত, তা হইলে একারবর্তিত থাকিত না। কিছু কিছু মাসে মাসে দরা করিয়া দিলেই লেঠা চুকিরা যাইত। শরীরের ভাল মন্দ কথন কি হয় কিছুই বলা যায় না। বয়স হইরাছে। মাঝে মাঝে নানা বিজ্ঞানীয় বাাধি আসিয়া দেহকে আক্রমণ করিভেছে। যদি মারা যাই, তাহা হইলে গোপাল চুল চিরিয়া বিষয়ের অর্জেক বকরা লইবে।

আমি। গোপাল ত আজ পর্যান্ত একত্র আছে। স্বতরাং আজ পর্যান্ত যাহা উপার্জন করিয়াছেন, তাহার কি হইবে ?

পিতা। আমি যে কি উপার্জ্জন করিয়াছি, তা কে জ্বানে ? স্থ্রী-পুত্রই জানেনা। পরের ঘরে বাদা করিয়া আছি। যা উপার্জ্জন করিতেছি, তা যে দব সংদার ধরচেই বাইতেছে না, তাহা আমি ভিন্ন আর কে বলিতে পারে! আমার জীবদ্দশার অর্থ হানির কোনও ভন্ন নাই। তবে আমি মরিলে সম্পত্তির কথা গোপন না থাকাই সম্ভব। সম্ভব কেন—কোম্পানীর রাজ্জ্জ—আমি মরিলে, আদালতের গোচর হইবেই।

এত দিন পরে আমার প্রতি পিতার মমতা পূর্ণক্রপে অফুভব করিলাম। বুঝিলাম, গোপালকে গৃহ হইতে নির্কাসিত করিতে আমা অপেক্ষাও পিতার আগ্রহ অধিক। কিন্তু পিতা কি উপ:র্জ্জন করিয়া-ছেন, জানিবার জন্ত মনে বড়ই কৌতৃহল হইল।

পিতা যেন মন বুঝিলেন। এদিক ওদিক চাহিয়া, কেছ কোথায়
আছে কিনা—দেখিয়া, অনুচ্চসনে বলিলেন—"গোপীনাথ! এ যাবং
কিছু কম তিন লক্ষ্ণ টাকা সঞ্চিত করিয়াছি।"

শুনিয়া আমি চমকিয়া উঠিলাম। সম্পর্তির একটা মোহিনী ছবি ভড়িদ্বিকাশের মত যেন আমার চোথের উপর দিয়া চলিয়া গেল।

পিতা বলিতে লাগিলেন—"আরও গুই চারি বৎসর বাঁচিয়া থাকিলে, অস্ততঃ তাহার দিগুণ করিয়া দিতে পারিব। এই সমস্ত সম্পত্তিই তোমার। এখন বল দেখি, গোপালকে তুমি আর এখানে রাখিতে ছাও ?"

আমি। হাজার দশবারো টাক্। দিয়া উহাদের বিদার করুন না কেন! তা'হলে বোধ হয় ছোট ঠাকুরদা আফ্লাদের সহিত গোপালকে এস্থান হইতে লইয়া বাইবেন।

পিতা। বল কি মূর্য ! জামার এত কটের উপার্জিত অর্থ, আমি একটা নিজ্ঞিয় অলসকে দিয়া বাইব ? উপার্জ্জন করিতে যাইয়া অত্যাধিক পরিশ্রমে আমি এই বয়দেই শরীর ভগ্গ করিয়া ফেলিলাম, আর সে নামোদরের নামে তুই বেলা ক্ষীর মাধ্যম দেহ পুষ্ট করিয়া, বিদিয়া বিদিয়া, সেই উপার্জ্জনের অংশ গ্রহণ করিবে ?

আমি। ইহার্ন উপরে যদি তাঁহার কিছু ক্বতজ্ঞতা থাকিত! আপনার অস্থবের সংবাদ প্রাপ্তি মাত্র আপনাকে দেখিতে আসা তাঁর সর্ব্বতোভাবে উচিত ছিল?

পিতা। তার কৃতজ্ঞতার আমার কিছু আসে বায় না। আমি দুঃখীকে দয়া করিতে পারি, অলসতার প্রশ্রম দিতে পারি না।

আমি। আপনি যাহা ভাল বুঝিবেন করিবেন। তাহাতে আমার বলিবার কি আছে।

পিতা। তা হইলে যেমন করিয়া পার, তোমার গর্ভধারিণীকে:
এই হুর্ব্যুদ্ধির কার্য্য হইতে নিবৃত্ত কর। গোপাল যাহাতে তাহার
পিতার অনুগমন করে, তাহার উপায় কর।

আমি। আমি কি উপায় করিব।

পিতা। কি করিবে সব আমাকে বলিতে হইবে। তবেই তুমি বিষয় রক্ষা করিয়াচ।

আমি কিংকর্ত্তব্যবিষ্ট। বলিলাম—''আমিত কিছুই উপান্ন স্থিত্ত করিতে পারিতেছি না।"

পিতা এই কথায় একটু সক্রোধে বলিলেন—"তোমার দাদা তাহার পুত্তকে লইয়া যাইতে চাহিতেছে, লইয়া যাইবার নানা কারণ দেখাইতেছে—তুমি তোমার গর্ভধারিণীর সন্মুখে যাইয়া দাদার পক সমর্থন কর।

কার্যোর কাঠিন্য উপলব্ধি করিয়া অনিচ্ছায় গৃহ-ত্যাগ করিতে বাইতেছি, এমন সময় ছোট ঠাকুরদা গৃহমধ্যে প্রবেশ করিলেন।

ক্রমশ:

शकीरवाल अमान विश्वाविरनाम ।

# যমালয়ের পত্রাবলি।

#### ১ম পত্র।

( পূর্ব্ব প্রকাশিতের পর )

এইরপে অধীরভাবে আমি কভক্ষণ যে ঘুরিলাম, তাহা বলিতে পারি না। পৃথিবীতে থেমন কাল বিভাগ আছে, নরকে দেইরূপ নাই। বহুক্ষণ, অল্লক্ষণ ইত্যাদিরূপ মনে হইলেও সেধানে সব জিনিষ্ট থেমন কারনিক, সময় জ্ঞানটাও তজ্রপ। পুর্বের মত সেই দুরস্থিত আলোক লক্ষ্য করিয়া আমি চঞ্চল চরণে ছুটতে লাগিলাম। এতদুর व्यथनत रहेनाम, किंद्ध रन व्यारनाक रय पूरत रनहे पूरतहे त्रहिन्ना रनन। वत्रक, व्यामात (वाध इहेन, ठाहा कीन इहेर्ड कीनखत इहेर्डिह। প্রথমে, তাহা আমার দৃষ্টির ভ্রম বলিয়া মনে হইয়াছিল, কিন্তু, শীঘ্রই আমি শ্বির নিশ্চয় হইলাম যে, ইহাতে আমার চকুর কোনও অপরাধ নাই: বস্ততঃ আলোক ক্ৰীণতর হইতেছে। ভীব্ৰ, উচ্ছণ আলোক ক্রমে অফুট যেন ছায়ালোকে পরিণত হইল। তাহা যেন প্রেতমূর্ত্তি ধারণ করিয়া প্রভাহীন দীপ্তিতে সেই স্থানকে আরও ভীষণতর করিয়া ত্লিল। আমার দৃঢ় বিখাস হইয়াছিল যে স্থানটা অন্তিবিলম্বে শালোক লেখা ৰৰ্জ্জিত অচ্ছেদ্য অন্ধকারে আবৃত হইয়া পডিবে।

মানবের কলনাতীত, আমার যে ভীষণ যন্ত্রণাভোগ হইরাছিল. তাহার অপেক্ষা তীব্রতর যন্ত্রণা আসিতেছে একথা জীবিত তোমাদিপের বিশাস হইবে না। কিন্ত প্রকৃতই, পূর্বাপেক্ষা শত গুণ অধিক যন্ত্রণা আমার বিরিতেছে, বুঝিলাম। অপরের তীত্র ষম্রণা দেখিয়া আমি निष्कत अञ्च स्थात উৎकर्श পतिशृर्व इहेनाम ; ভाहामिरागत क्षम प्रविमातक ভীষণ কার্য্যকলাপ :দেখিতে আমার ইচ্ছা হইল না, আমার যতদুর সাধ্য আপনাকে সঙ্কৃচিত করিলাম। তোমরা ভাব যে, নরকে পরের হু:থে ও চিস্তায় আত্মবিশ্বতি আদে, অপরের যন্ত্রণা ভাবিতে ভাবিতে স্থাপনার তীব্র হুঃথ মানব ক্ষণিকের তরেও ভূলিতে সক্ষম হয়। কিন্তু ৰস্ততঃ তাহা হয় না: যে তীব্ৰ গৱল দেখানে প্ৰাণকে জৰ্জবিত করে, অপরের চিন্তায় তাহা উপশমিত হয় না। হে মর্ত্তাবাসী, পুথিবীতে তোমাদিগের শত শত হ:থ ও মর্মবেদনার কারণ সত্ত্বেও তোমরা স্থী, তোমাদিগের যেমন ধারণা শক্তি তোমরা সেইরূপ বিচার কর। সেখানে চিত্তপ্রসাদের লেশমাত্রও নাই, পরের হুংখে, আপনার ধ্রণা বিশ্বত হইবার কোনও উপায় নাই। মর্ক্ডো, মনকে বিষয়াস্তরে নিযুক্ত করণে যে এক প্রকার শাস্তি আসে, মরণের পর এখানে আসিলে, ভাহা আর হর না।

আমি পূর্বেই বলিরাছি যে,আমি আপন দেহকে সঙ্গুচিত করিলাম। मानव वर्षात, क्रथानि य जाननात्र त्रहरक मक्रुहिज कतिराज नारत, কঠিন শরীরধারী তোমাদিগকে তাহা কিন্ধপে বুঝাইব। বিবরমধ্যস্থিত ভেকের মত গুট স্থাট মারিয়া, ভূমি আলিঙ্গন করিয়া আমি পড়িয়া বুহিলাম। পার্শ্বে কি জানি কাহার কাতর দীর্ঘ নিযাস আমাব আমুচিস্তা ভাঙ্গিয়া দিল, আমি ভয়ে চতুৰ্দ্দিক দেখিতে লাগিলাম। অন্ধকার গাঢ়তর হওরার আমি অতি কটে বুঝিলাম, আমারই মত আর একজন লোক ভয়ে জড়সড় হইয়া আমার দিকে চাহিয়া আছে! তাহার বীভৎস আকার, বদন বিক্রত, গলদেশে রজ্জ্বদ্ধন; মাঝে মাঝে সে আতঙ্কে চারিধার নিরীক্ষণ করিতেছে এবং চকিত-ভাবে সেই রজ্ব হুই প্রাস্তদেশ লুকান্বিত রাথিতে চেষ্টা করিতেছে; কথন বা অঙ্গুলিদারা রজ্জুবন্ধন শিথিল করিতে চেষ্টা করিতেছে। সেই ভীভচকিত মুর্ত্তির নয়নদ্বয় আবার আমার উপর ন্থির হইল; তাহার নেত্র যেন প্রকোষ্ট্রেশ ভাগে করিয়া বাহির হইতে চাহিতেছে: তাহার মনে যেন কত কি প্রশ্ন জাগিতেছে, ভাবে হাদয় ক্ষীত হই-তেছে, দ্মিত ভাষা অধরোষ্ঠকে কাঁপাইতেছে, কিন্তু কি যেন বিভীষিকার, ৰাক্যস্তুরণ করিতে সে যেন সাহস পাইতেছে না। আমি ভাবিলাম, আমারই প্রথম সম্ভাষণ করা উচিত।

দ্রাগত সেই অতিক্ষীণ অম্পষ্ট আলোকরশির দিকে, তাহার দৃষ্টি আকর্ষিত করিয়া আমি বলিলাম, "আলোক ক্রমশঃই ক্ষীণতর হই-তেছে; শীঘ্রই হয় ত আমরা গভীর তিমিরে আচ্ছন্ন হইয়া পড়িব।"

সেই বিক্লত আকৃতি উত্তর করিল, "হাঁ, শীঘ্রই রজনী হইবে।" তাহার ভাষা. সে কি ভাষা ? তাহা অবস্পষ্ট বড় বড় শব্দ মাত্র।

"কতক্ষণ এইরূপ থাকিবে ?"

"তাহা কি করিয়া বুঝিব ? ইহা তুই এক ঘণ্টাকাল স্থায়ী হইতে পারে, শত শত বংসরও ব্যাপী হইতে পারে। এথানে আমর্রা কালের मान वह विकास नात कार्य अहे माल कार्नि एव. अहे यञ्चनामात्रक নিশা অতি দীর্ঘকাল ব্যাপী, এই ভয়ক্ষরী রঞ্জনীর যেন শেষ নাই।"

"তবে এটা নিশ্চিত যে আবার দিবা আসিবে ?"

"হাঁ আবার দিবা আসিবে, মর্ত্তো আমরা ঘাহাকে ক্ষাণালোকিত কাক-জ্যোৎস্না বলি, তাহাকে যগপি তুমি দিবালোক বল, তাহা ভটলে আবার দিবালোক ফিরিবে। আমার মনে হয়, তাহা বস্তত: দিবা নয়। সে যাহাই হউক, আমি দেখিতেছি তুমি এখানে নৃতন আসিয়াছ ৷''

আমি দীর্ঘনিখাদ ফেলিয়া উত্তর করিলাম, হাঁ আমি নবাভাগত, আমার সবে মাত্র মৃত্যু হইয়াছে; কিন্তু তাহাও ত অল্ল দিন বলিয়া মনে হইতেছে না।"

"স্বাভাবিক মৃত্যু ?" '

আমি উত্তর করিলাম, "নিশ্চিত। তা'ছাড়া আবার কি ?"

"তা' ছাড়া আবার কি''—আমার এই কথায় সে অতিশন্ত অসম্ভষ্ট হইয়াছিল। তাহার বিকট বদন বীভংগভঙ্গীতে আমার দিকে এক-বার ফিরাইয়া সে করুণভাবে আমার প্রতি চাহিয়া রহিল, আমার কথায় উত্তর দিতে তাহার কোনও ভাষা সবিল না।

আমিও আর তাহাকে কোনও প্রশ্ন করিলাম না। এই স্বপ্রাতিকর কথাবার্তা আমার একেবারে বিরক্তিকর হইয়া পড়িয়াছিল। কিন্তু, দে আর স্থির থাকিতে পারিল না. পুনরায় বলিতে আরম্ভ করিল।

"আত্মঘাতীর কি ভীষণ যন্ত্রণা। আমার কোথাও শাস্তি নাই: আমি কেবল পলাইয়া পলাইয়া বেডাইতেছি. সকলেই আমাকে

উৰন্ধনে মারিভে চার! তবে, তোমাকে দেখিরা আমার তত ভর হইতেছে না; তুনি এখানে নৃতন আসিয়াছ; তুনি নিজেই আজা-বস্থায় একেবারে হতবুদ্ধি হইয়া পড়িয়াছ, তুমি আর আমার কি অনিষ্ট করিতে দক্ষম হইবে। আচ্ছা, আমার ত নিজের প্রাণ আমি শ্বেচ্ছায় হনন করিয়াছি, লোকাপবাদ ুও সংসারিক যন্ত্রণাভারের হন্ত হইতে মুক্ত হইব, এই আশায় গভীর নিশীথে নিজঁন গুপু গৃহে উত্বন্ধনে প্রাণ বিসর্জন দিয়াছি! তবে আবার মরণের এত ভর কেন ? প্রাণ ত গিয়াছে, তবে কাহার সংরক্ষণে আমার এত (5 हों ? তাহা জানি না। আমি বুঝি আমার এই আয়াদ, এই উল্লম, এতটা ভন্ন, সবই কালনিক। যাহা আমার নাই, তাহা কি করিয়া অপরে হরণ করিবে? কি জানি, তবু কেন, প্রাণে এই ভব্ন জাগিলেই আমি নির্কোধের মত পলারন করি; মনে হয়, আমি যেন শত প্রাণ হারাইতে বিদরাছি; মনে হয়, যেন এই স্থান কেবল ফাঁস্ডিয়ার দারাই পরিপূরিত, আর আমি তাহাদিগের হত্তে সম্পূৰ্ণ অসহায়। দেখিতেছ না, আমি এই রজ্জুর প্রাত্ত্বয় সাবধানে সংবক্ষণ করিয়া রাখিয়াছি; সর্বক্ষণ ভয়, পাছে এই নিষ্ঠুর ঘাতকেরা তাহার সন্ধান পার ও সজোরে গলদেশে ফাঁসটা টানির। দের। হার! কেন আমি আজুঘাতী হইলাম! কেন সামান্য হঃথের হস্ত হইতে মুক্ত হইবার আশার, মানব-করনাতীত এই ষন্ত্রণার সাপরে আমি শ্বেচ্ছার কক্ষ প্রধান করিলাম ! তথন ভাবিয়াছিলাম মৃত্যু ! সে এক প্রকার শান্তিমরী অনস্তকালব্যাপিণী নিজা! এখন দেখিতেছি, যাহা নিক্রা ভাবিয়াছিলাম, তাহা কি ভীষণ স্বপ্ন জাপরণ !"

শোকের আবেগে তাহার ভাষা কঠে আবন হইয়া গেল, হার

যন্ত্রণাভাবে ক্ষীত হইতে লাগিল, সর্বাঙ্গের বিকট বিক্লব ভাষার মনের শোচনীয় ভাব বাক্ত করিয়া দিল।

সে কিয়ৎক্ষণ আমার পার্শ্বে উপবিষ্ট হইয়া রহিল। কি জানি. কেন আমি তাহার দিকে আমার হস্ত একবার সঞালন করিলাম: ইহাতে যে কোনও আমার উদ্দেশ্য ছিল তাহা নয়। সে কিন্তু মনে করিল যে, আমি তাহার গললগ্ন রজ্জ্বগুকে আকর্ষণ করিতে যাইতেছি: তাহার সমস্ত অঙ্গ আশকার কম্পিত হইরা উঠিল। তোমরা দেখিয়াছ. মেঘকোলে সৌদামিনী কিরূপ ক্রীড়া করে; সে তাহার অপেকা ক্রততর, সে স্থান পরিত্যাগ করিয়া কোথায় যে সরিয়া পড়িল, আমি দেখিতে পাইলাম না। আমিও ভয়ে (পাছে দে আবার ফিরিয়া আসে;) দেই স্থান ত্যাগ করিলাম। এখানে ত<sup>্</sup>অপরের চিন্তায় আত্মবিস্থতি নাই, আবার নিজের তঃথভার লইয়া একস্থানে বদিয়া থাকিয়া আত্ম-চিন্তায় যে শান্তি ভাহারও আশা নাই।

আমি এক গহবরের মধ্যে লুকান্নিত হইতে না হইতে দেখি সেখানেও এক আত্মঘাতা আদিয়া উপস্থিত। দে আদিয়াই নিজ যন্ত্রণা-কাহিনী আমার ঘোর অনিচ্ছা সত্ত্বেও আমার কর্ণবিবরে ঢালিতে লাগিল। আমি সে স্থান ত্যাগ করিলাম। এইরূপে যেথানেই যাই দেইখানেই নম্ব অপঘাত মৃতের বীভংস ব্যবহার, নম্ব **আত্ম**ঘাতীর মর্মান্তিক যাতনা। কেহ উজ্জ্ব ফলক-বিশিষ্ট ছুরিকা গ্রহণ পূর্বক তাহা বদন মধ্যে লুকান্বিত রাথিতেছে ও মাঝে মাঝে নিরীক্ষণ করি-তেছে; বক্ষ হইতে কাল্লনিক ক্ষির্ত্রাব কিছুতেই পুছিয়া ফেলিতে পারিতেছে না। কেহ বা শুন্যে চারিধারে ঘাতকের তরবারী নিরীক্ষণ ক্রিয়া ছুটিয়া বেড়াইতেছে, কোথাও শান্তি নাই। কেহ বা কাল্পনিক অधित দাহন হইতে রক্ষা পাইবার জন্য অস্থির। যাহার জলনিমজ্জন-্ছেতু অপমৃত্যু হইয়াছে, সে চতুদ্দিকে উত্তালতরঙ্গসঙ্গুল বারিধি কল্পনা

করিয়া, তাহা হইতে উদ্ধার পাইবার জন্য রুথা চেষ্টা করিতেছে। এইরূপে বেখানেই যাই, সেইখানেই ঘোর যন্ত্রণা, মর্ম্মান্তিক পীড়া, আত্মপ্রাণ রক্ষার নিমিত্ত রুণা চেষ্টা ও নিরাশায় আর্ত্তনাদ। আমি ভয়ে, যন্ত্রণায়, নিরাশায় জর্জরিত হইতে লাগিলাম। সে যে কি কষ্ট, তাহা ভাষায় বলিবার কাহারও শক্তি নাই; তাহা যে না ভোগ করিতেছে, সে কল্পনায়ও আনিতে পারে না।

কিন্তু, একটা দুশু দেখিয়া দেই যন্ত্রণার মধ্যেও আমি ক্ষণিকের তরে বিশ্বয়ে পরিপূরিত হইলাম। আমি জন কতক লোক দেখিলাম, তাহার। এই ভীষণ স্থানে স্থিরভাবে বিদয়া আছে। কোনও রূপ যন্ত্রণা যেন তাহাদিগের প্রশাস্ত চিত্তে কোনও তরঙ্গ তুলিতে পারিতেছে না। তাছাদিগের কাহারও বহিদ পা নাই; এত যে পাতকীদিগের আর্ত্তনাদ বা অপমৃতের বীভৎস অভিনয়, কিছুই তাহারা জানিতে পারিতেছে না, অথচ তাহারাও সেইস্থানে আসীন। বরঞ্চ তাহাদিগের বদনের বিমল কান্তি দেখিয়া মনে হইল, বেন তাহারা কি মনোরম স্থ-স্বপ্নে নিমগ্ন। তাহারা দেখানে নিথরভাবে ব্যিয়া আছে, অথচ তাহাদিগের সন্থিত আর কোন পবিত্র শান্তিক্ষেত্রে ক্রীড়া করিতেছে। আমি তথন এই রহস্ত কিছুতেই বুঝিতে পারিলাম না; কিন্তু এখন জানিয়াছি তাহারা কাহারা। তাহারা পরার্থে, ধর্মের জন্ত, স্বদেশের জন্ত, আত্ম বলিদান দিয়াছেন। অকালে মৃত্যুমুথে পতিত হইয়াছেন বলিয়া যতদিন কালপূর্ণ না হয়, ততাদিন এইস্থানে বাস করিতে হইতেছে, কিন্তু তাঁহাদিগের স্বার্থ চিস্তা ছিল না বলিয়া, তাঁহারা এই স্থানের ভীষণ যন্ত্রণার বিষয় কিছুই জানিতে পারিজেছেন না। সে যাহাই হউক, তাহারা আমার ঘোর যন্ত্রণার কোনও সহাত্তৃতি করিল না, আমিও তাহাদিগের মনের অবস্থা কিছুই বুঝিলাম না, তাহাতে আমার মনে এক প্রকার বিরক্তি অধিকার করিল। সেই বিরক্তি হইতে নৃতন

এক প্রকার যন্ত্রণা আরম্ভ হইল। আমি অস্তির হইয়া সে স্থান ত্যাগ করিলাম। জ্ঞানহীন, উন্মাদের মত, কতদূর যে যাইলাম, ভাহা আমি বলিতে পারি না। এক গহ্বরের মধ্যে জড়সড় হইয়া আমি পডিয়া বহিলাম। প্রথমপত্র সমাপ্ত। ( ক্রমশঃ )

সেবারত পরিবাজক।

# দাদা ম'শায়ের ঝুলি।

( ১৩৭ পৃষ্ঠার পরে )

গত রাত্রির কথাবার্তায় ব্যোমকেশ্ যেন কি একটা নৃতন আলো-কের আভাদ পাইয়াছিল। ঋষিদিগের দত্যাত্রাগ, জ্ঞানালপা, সংযম ও যোগাভাাস এই সমন্ত বিষয় যতই সে চিন্তা করিতে লাগিল, ততই যেন তপোবনালক্কত, সামগানমুখরিতা, পবিত্র যজ্ঞগুমপূত, স্নিগ্ন শ্রামছায়া-বিভূষিত, জ্ঞান-বিজ্ঞান-গীলাভূমি—যথায় প্রকৃতিদেবা আপনার শাস্তিময় ক্রোডে তাঁহার প্রিয়পুত্রগণকে চিরদিন লালন করিতেন, যথায় বিলাস লালসাশূভ সর্বভূতহিতকামী ব্রাহ্মণ ব্রহ্মানন্দ-রদে ডুবিয়া থাকি-তেন, ক্ষত্রিয় সর্বাধ উৎসর্গ করিয়া প্রজাপালন করিতেন, বৈশ্র লোক-রক্ষার্থ ধনার্জ্জন ও সঞ্চয় করিতেন, এবং শুদ্র অপরাপর সকলের সেবা করিয়া আত্মোন্নতি সাধন করিত—সেই মহামহিমা-মণ্ডিত প্রাচীন আর্যাভূনির একথানি স্নিগ্নোজ্জল আলেথ্য তাহার মানসনেত্রের সন্মুধে ফুটিয়া উঠিতে লাগিল। সেই ভাবের নেশা তাহাকে যেন মাতোরারা করিয়া তুলিল; এবং কতক্ষণে সে পুনরায় সে পুণ্যকাহিনী শুনিয়া চরিতার্থ হইবে সেই আশায় সোৎস্থক হানয়ে সায়াহ্নে বন্ধু সম্মিলন প্রতীক্ষা করিছে লাগিল।

ক্রমে সায়ংকাল উপস্থিত হইল, এবং সকলে পুনরায় এক।এত হইয়া

বৃদ্ধ ভট্টাচার্যাকে ঘেরিয়া বসিল। ব্যোমকেশ ভক্তিপ্লাবিত ক্রদয়ে তাঁহার পদধূলি গ্রহণ করিয়া কহিল—''দাদা ম'শায়, যে নবা বিভার পর্ব্বে ক্ষীত হয়ে, এতদিন আপনাদিগকে স্মনাদর করে এসেছি, আপনার কথা ভনতে ভনতে আমার চথে যেন সে বিভারজ্যোতিঃ সকালবেলার চাঁদের মত স্লান হয়ে যাচেচ। বাস্তবিক্ট আমরা নিজেদের কোন সংবাদই রাখি না এবং রাখতে পছন্দও করি না। সাহেবি বিভাশিকা ক'রে একবারে সাহেব সাজ্তে গিয়ে ময়ুরপুচ্ছ পরিহিত দাঁড় কাকের স্থার শুধুই হাস্থাম্পদ হয়ে পড়ি। আমি আপনার শরণাগত হচ্চি. যাতে আমার যথার্থ জ্ঞানের উন্মেষ হয়, আপনি তার ব্যবস্থা করুন।"

ভট্টাচার্য্য। ভগবান তোদের মঙ্গল করুন। এই বুদ্ধ বয়সে যদি ভোদের মধ্যে যথার্থ স্থাদেশানুরাগ জেগে উঠতে দেখি. তা'হলে স্থাধ মন্ধত পারবো। তোর মনটা দেথ্ছি একটু ভিজেছে, তাই একটা কথা বলি ভাল ক'রে শোন। শুধু করকচ ফুন আর শুড়ে রসগোলা **८थरनहे ज्रा**तमी हु छा। हरत ना। ज्रातमारक, ज्रातमी-धर्मारक, ज्ञातमी-জ্ঞান-বিজ্ঞানকে ভাল ক'রে চিনতে শেখ, স্বদেশের সনাতন অধ্যাত্ম-বিদ্যা ও তদমুসঙ্গী নানাশ্রেণীর জ্ঞানরাজী লাভ করে যথার্থ স্বদেশী হও, এবং জগতের সামনে এক নবোজ্জল আদর্শ থাড়া ক'রে মানব জাতির কল্যাণসাধন কর এবং আপনারাও ধরা হও।

ব্যোমকেশ। আশীর্কাদ করুন, যেন দেইরূপই মতিগতি হয়। এখন আমাদের পূর্ব্ব কথা স্থক হোক।

ভট্টাচার্যা। আমরা এপর্যান্ত যে আলোচনা করেছি, তার একটা পুনরাবৃত্তি করা যাক। আমাদের স্বরূপ ও গতি সম্বন্ধে কথাবর্ত্তায় আমি ্বলেছি প্রবৃত্তিমার্গী জীব ভূর্ ভূব: এবং স্ব এই লোকত্রয় আশ্রয় ক'রে খাকে. এবং এই লোকত্রয় কি, এই কথাটা ভাল ক'রে বোঝাবার জন্ত আমরা হুডের অবস্থা সম্বন্ধে আলোচনা কচ্ছিলাম। তাই না ?

ব্যোমকেশ। আজ্ঞা হাঁ। আমরা ইথারকে জড়ের চতুর্থ অবস্থা ব'লে নির্দ্ধারণ কচ্ছিলাম। এই খানেই ত জড়রাজ্যের শেষদীমা বলিয়া আমরা জানি। অন্ততঃ ইউরোপীয় বিজ্ঞান ইহার অভিরিক্ত কিছু বলেনা।

ভট্টাচার্য্য। ইউরোপীয় বিজ্ঞানের এখনও শৈশবকাল উত্তীর্ণ হয় নি। কিন্তু পাশ্চত্য বৈজ্ঞানিককুল বেরূপ ভাবে শনৈ: শনৈ: শুগ্রসর হচ্চেন, তাহা আশাপ্রদ বটে। তাঁদের রসায়ন-শাস্ত্রোলিখিত চতুঃষষ্টি বা পঞ্চষষ্টি সংখ্যক মৌলিক-পদার্থ আর বোধ হয় অধিকদিন টিক্বেন না। তাঁরা যে প্রোটাইলের কথা আজকাল বল্চেন সেটা গুনেচিস কি ?

বোাসকেশ। আজা হাঁ; Sir William Crookes বলেন এক-প্রকার সমজাতীয় (homogeneous) মৌলিক পদার্থ হ'তেই রসায়ন শাস্ত্র বাদিগে মূলভূত elements) বলে, দে সমস্ত গুলির উৎপত্তি হয়েছে। এই পদার্থটির তিনি নামকরণ করেছেন 'প্রোটাইল' (Proty-le)। তাঁর মতে এই প্রোটাইল হচ্চে জড় জগতের মূল উপাদান। কিন্তু এ মত এখনও সকলে গ্রহণ করেন নি।

ভট্টা চার্যা। তা না করুন, ইউরোপীয় বিজ্ঞানের গতি এখন ঐ

দিকে। এখন কথাটা একট্ ভাল ক'রে বোঝবার চেরা কর। ঐ যে
প্রোটাইল, যাকে অড়ের প্রাস্তমীমা বলা হচ্চে, উহা বাস্তবিক তাহা নয়।
আমাদের আর্য্যবিজ্ঞানের মতে উহা ভূলে কির শেষসীমা, অর্থাৎ সাধারণ
জ্ঞানে আমরা যাকে জড়পদার্থ বলে জানি, যা দিয়ে গ্রহ, নক্ষত্র, পাহাড়,
মাটি, ইত্যাদি তৈয়ারী হয়েচে. তারি শেষ অবস্থা। কিন্তু এ ছাড়াও

অড়ের বা প্রকৃতির আরও স্ক্ষতর অবস্থা আছে। ঋষিদিগের বিজ্ঞান
মতে জড়পদার্থ কমেই স্ক্ষ হ'তে স্ক্ষতর অবস্থা প্রাপ্ত হয়েচে। এইরপে
বক্ষাণ্ডের উপাদান কারণ যে প্রকৃতি বা জড়তত্ব, তাহার সাত প্রকার

অবস্থা আছে। সর্ব্যেই সেই এক প্রকৃতির বিকার, অতএব মূলতঃ

সবই এক, কিন্তু পরিণামের বিভিন্নতা বা বৈষমা জন্ম অবস্থার বিশেষ পার্থক্য জন্মে গেছে। একটা উদাহরণ দিই। একখণ্ড বর্ষ এবং অনুখ্য জলীয় বাষ্পা যে একই মূল উপাদানে তৈয়ারী এটা অনিক্ষিতের নিকট কিরুপ বোধ হয় ? এ ছু'টা জিনিষের মধ্যে কত পার্থক। ? যেন তুটা সম্পূর্ণ বিভিন্ন জিনিষ, কিন্তু বস্তুতঃ মূলে হ'বেরই এক উপাদান। দেইরূপ মূলপ্রকৃতির পরিণামবৈষ্মা জন্ত 'যে সাত অবস্থার কথা বল্লাম, সে গুলিও ওই প্রকার পরস্পারের বিবদৃশ: একটা অবস্থা বা স্তর হ'তে আর একটি অবস্থা বা পরে উপস্থিত হলে মনে হবে, যেন একটা নৃতন জগতে এগাম। দে জগতের নিঃম প্রণালী, দুগু, অধিবাসী, প্রাণী সমূহ সবই অন্য প্রকারের। সেই এক একটি স্তরের নাম দেওয়া হয়েছে এক একটি লোক। এইরূপ সাতটি লোক আছে, যথা, ভুঃ, ভুবঃ, স্বর্, জন, মহ, তপ ও সতা। ভূলেকি অর্থাৎ ব্রহ্মাণ্ডের যে অবস্থার সহিত আমাদের সাধারণ পরিচয় রয়েছে,এ থেকে আরম্ভ ক'রে ক্রমে ফুল্ম হতে ফুল্মতর, ফুল্মতম ইত্যাদি করে সত্যলোকে পৌছিলে তবে লড়ের বা প্রকৃতির শেষ সীমায় উপনীত হওয়া যায়। কথাটা পরিষার হ'ল কি ?

ব্যোদকেশ। আপনি যা বলচেন্ তা বুঝচি বটে, কিন্তু বিভিন্ন অবস্থাপন জড়প্রকৃতি রচিত এই লোক নকলের অন্তিত্বের প্রমাণ কি আছে ?

ভট্টাচার্য্য। প্রত্যক্ষই সমস্তের প্রমাণ, একথা পূর্বেই বলেছি। ধোগাভ্যাদ ধারা মানবের অন্তর্নিহিত শক্তি দমূহের ক্রুবণ হ'লে ক্রেম এই সমস্ত স্ক্রলোকের প্রত্যক্ষ জ্ঞান হয়। কেমন করে দেই সমস্ত শক্তির ফুরণ হয় সে সব কথা যোগশান্ত্র সহন্দীয় গ্রন্থ সমূহে অতিশন্ত্র পরিক্ষুট ভাবে লেখা আছে। এখনও সাধনশীল ত্যাগী সন্ন্যাসী সম্প্রদায় সেই সমস্ত প্রণালীমতে জাবনগতি চালিত করিয়া বছবিধ যোগৈশ্বর্যালাভ

করেন এবং ক্রমে সদ্গুরুর কুণায় আত্মজান লাভ করিয়া নিজের ৪ জগতের অশেষ কল্যাণ সাধন করেন। গুনেছি নাকি পাশ্চাত্যদেশে. विट्युंच वार्मित्रकां व्यथन व्याना वार्मात्व रामि श्री वार्मि व्यवस्त्र वार्मित्र वार् কচেন এবং তদ্বারা ফ্লু জগং সম্বন্ধে অনেক নৃতন ব্যাপার তাঁদের অধিগত হচেচ।

ব্যোমকেশ। হাঁ আঞ্চকাল clairovyance, telepathy, mental healing ইত্যাদি অনেক নৃতন নৃতন কথা উঠ্ছে বটে; কিন্তু এখনও বৈজ্ঞানিক মণ্ডলীর নিকট এই সমস্ত ব্যাপারের নিঃসন্দেহ প্রতিষ্ঠা হয় নি।

ভট্টাচার্যা। ক্রমেই হবে. কোন তত্ত্বই একদিনে আপনার আধি-পতা বিস্তার করতে পারে না। ওই মে clairovyance ইত্যাদি যা কিছু বল্লে ও সমস্তই যোগপ্রক্রিয়ার অঙ্গপ্রত্যঙ্গ মাত্র। ক্রমে আমরা ও সবের আলোচনা কর্বো। ভূভুবি ইত্যাদি লোকসমূহ যোগিগণের প্রতাক্ষরির, চেষ্টা কর্বে তুইও সেরূপ প্রত্তিক্ষের পথে পাদবিক্ষেপ কত্তে পারিন। কিন্তু ইউরোপীয় বিজ্ঞান এখন ও এসব বিষয়ের জ্ঞান-नां करं व शांदर नि वरन, यनि ७ शुरनारक अरकवादन अनौक विरवहना ক'রে, শাস্ত্রনির্দ্ধিষ্ট পথ অবলম্বন বিষয়ে উপেক্ষা করিদ্, তা হলে শুধু শুধু প্রমাণ প্রমাণ ক'রে চীৎকার করা বিভ্ননা মাত্র। সে কথা থাক্। এথন ষদি ভূভুবিঃমঃ এই লোকত্তমের সম্বন্ধে একটা ধারণা হয়ে থাকে, তা হলে আমাদের পূর্ত্তকথার আলোচনা আবার স্থক্ত করা যাক্।

ব্যোমকেশ। দাঁড়ান দাদামশায়, একবার আদল কথাটার প্নরাবৃত্তি করে নিই। আপনি বলেছেন, প্রেততত্ত্ব বুঝ্তে গেলে মানবের স্বরূপ ও গতির জ্ঞান কিঞ্চিং হওয়া দরকার। আমার বলেছেন, নানবাত্মারূপ বীজ প্রকৃতিরূপ ক্ষেত্রের ক্রোড়ে ক্রমশঃ বিকাশপ্রাপ্ত হয়ে কালে ত্রহ্মস্বারূপ্য লাভ করে। প্রথমাবস্থায় জীব

প্রবৃত্তিমার্গে বিচরণ করে, কারণ প্রবৃত্তির উত্তেজনা ভিন্ন শক্তির প্রাথমিক বিকাশ হয় না। এই প্রবৃত্তিমার্গী জীব বার বার জন্ম পরিগ্রহণ করে এবং ভঃ ভুবঃ এবং স্বর এই তিনটি লোক আশ্রম ক'রে থাকে। তার পরে বলুন।

ভট্টাচার্য্য। কথাটা এখন একটু শক্ত হয়ে আসচে, অতএব মন দিয়ে শোন্। জীবাত্মার এই বিভিন্ন লোকবাদের জন্ত বিভিন্ন উপাধি বা শরীর আছে। এ কথার আভাদ পূর্বেই দেওয়া হয়েচে। আত্মা ও শরীরের সম্বন্ধ বিষয়ে পাশ্চাত্য দিগের এক অভুত ধারণ। আছে দেখতে পাই, আর তোরাও অনায়াদে দেইটাকে গলাধ:-😽 🗝 করিদ্। দেটা হচ্ছে এই, আত্মা দেহধারণ করে পৃথিবীতে বাস করে, পরে মৃত্যুকালে দেহত্যাগ করে চলে যায়। তাঁর। যেন বলতে চান যে দেহ বলে যা :কিছু তার সঙ্গে আত্মার একটা চিরবিচ্ছেদ সংঘটন হয়। জড়পদার্থনিশ্রিত দেহটা পড়ে থাকে, আর ষেটা চলে ষায় সেটা খাঁটি আত্মা, সম্পূর্ণরূপে শরীরসম্বন্ধরহিত। কিন্তু তারা এটা একবার চিন্তা ক'রে দেখেন নাবে, চৈত্রস্বরূপ আহা উপাধি সম্বন্ধ ভিন্ন প্রকাশিত হতে পারে না। তা যদি সম্ভব হত. অর্থাৎ শরীর সম্বন্ধ ভিন্ন যদি আত্মার প্রকাশ হ'তে পারতো, তা হ'লে আর পৃথিবীতে জন্ম গ্রহণ করবার সময় একটা দেহ ধারণের কোন প্রয়োজন ছিল না। ভূলোকে যদি একটা শরীরের আব-শুকতা থাকে, তা হলে ভুবল্লোক ও স্বর্গলোকেও শরীরের বা উপাধির দরকার আছে, কারণ মূলগত উদ্দেশ্য একই, আত্মার প্রকাশ। সে উদ্দেশ্রটা সকল সময়েই বর্ত্তমান, তা আত্মা যে লোকেই থাকুন। দেই জন্ত ভূলে কি বাদ জন্ত যেরূপ আমাদের একটা স্থূল শরীর चाहि, महेक्र ज़्दार्लाक ७ वर्गलांक वात्र क्र पर पर तिह लाका-প্রোগী স্ক্রশরীর আছে। কথাটা আর এক দিক দিয়ে বুঝে দেখ।

আমাদের শরীরের একটি নাম ভোগায়তন; এর অর্থ হচ্চে আমরা যা কিছু ভোগ স্থথ অস্বাদন করি সেট। শরীরের সাহায্যে ঘটে থাকে। তোমাকে পূর্বে বলেছি জীবাত্মা ভঃ, ভুবঃ, স্বর এই তিনটি লোক বার বার ভোগ করে। অতএব দেখা যাচেচ যেরূপ ভূলে কি ভোগের জ্বন্ত একটা ভূলেপিকের উপাদান দ্বারা নির্মিত একটা সূলশ্রীর আছে. দেইরূপ ভুবর্ল্লোক ভোগ কঁরবার জন্ম ভুবর্ল্লোকের উপাদানে গঠিত একটা সৃদ্ধ শরীর থাকার প্রয়োজন। সেইরূপ স্বর্গলোক ভোগের জক্ত আর একটি সেই লোকের উপযোগী শরীর দরকার। এখন মূনে করে দ্যাথ . কেন তোকে বলেছিলাম, শরীর একটা নয় অনেকগুল। এতদুর পর্যান্ত কথাটা বুঝালি কি ৪

ব্যোমকেশ। আপনি বল্লেন যে জীবারা ত্রিলোকীকে আশ্রম্ভ ক'রে থাকে, এই কথাটার মশ্ম আমাকে ভাল ক'রে বুঝিয়ে দিন। আর দেই সঙ্গে যদি জীবাত্মার সরূপ ও তাহার অভিব্যক্তি সম্বনীয় কথাটা আরও একটু বিস্তৃত ক'রে বলেন তা হ'লে বড় ভাল হয়। 🧪 ( ক্রমশঃ )

শ্রীমলয়ানিল শর্মা।

## প্রেতের কর্ত্ববাজ্ঞান।

সন ১৮৬৬ সালের ভীষণ তুর্ভিক্ষ অনেকেরই স্মরণ আছে। যদিও উড়িষ্যা বিভাগে উহার প্রকোপ সর্ব্বাপেক্ষা অধিক হইয়াছিল, তথাপি বঙ্গ ও বিহার অল্লে অব্যাহতি পায় নাই।

বঙ্গদেশের অনেক অংশেই শত শত লোক অনাহারে প্রাণত্যাগ করিয়াছিল। তন্মধ্যে মানভূম জেলা একটী। মানভূমে অনেক ইতরলোক বৃক্ষপত্র ও মূল আহার করিয়া অংশেষে কালগ্রাদে পতিত হইয়াছিল। সেই সময়ে আমার করেকটা আত্মীয় পুরুলিয়াতে গবর্ণমেন্টের (Government) চাক্রি করিতেন। ১। বাবু উমা-

চরণ মুখোপাধাার, পুলিদের হেড রাইটার, ২। বাবু কুঞ্জবিহারী চট্টোপাধাার, আবগারির দারোগা এবং ৩। অমিরলাল বন্দোপাধাার, ডেপ্টা কমিশনারের হেড রাইটার পদে নিযুক্ত ছিলেন। ইহার মধ্যে কেবল অমিরলাল সপরিবারে ছিলেন। অন্ত ছই জনের পরিবার নকটে ছিল না। তাঁহারা অমিরলালের বাটাতেই থাকিতেন। মহামারি যে ছভিক্ষের একটা আরুসঙ্গিক ঘটনা তাহা বোধ হয় বলিয়া দিতে হইবে না। পুরুলিয়াতেও ছভিক্ষের পরই বিস্টিকার অত্যন্ত প্রাত্তিব হইল। শত শত লোক কালগ্রাসে পতিত হইতে লাগিল। ভদ্লোকেও অব্যাহতি পাইল না। বিস্টিকা আরম্ভ হইলে, অমিয় বাবু তাঁহার পরিবার রাঁচিতে তাঁহার জ্যেষ্ঠের নিকট পাঠাইয়া দিলেন। তাঁহার জ্যেষ্ঠ দেখানে গভর্মেণ্ডের একজন উচ্চ কর্ম্মচারি ছিলেন। তাঁহার জ্যেষ্ঠ দেখানে গভর্মেণ্ডের বিক্রি পুরুলিয়াতে রহিলেন।

কি করিবেন, চাকরি ছাঙ্রা যাইতে পারেন না। চারিদিকে হাহাকার। প্রতাহ ৩০:৪০ জন করিয়া গোক বাটার নিকট মরিতেছে। সমস্ত সহু করিয়া তাঁহারা সশক্ষিত হইয়া দিন যাপন করিতে লাগিলেন। উমাচরণ বাবু বালাকাল হইতেই পরোপকারী ছিলেন। চিকিৎসা শাস্ত্রেও তাঁহার কিছু জ্ঞান ছিলা। পরিচিত লোকের পীড়া হইলে তিনি চুপ করিয়া থাকিতে পারিতেন না। মহামারির সময়েও তিনি সে অভ্যাস ত্যাগ করিতে পারেন নাই। প্রতাহ প্রাতঃকালেও সন্মারে সময় রোগীর শুল্লা করিতে যাইতেন। ইতিমধ্যে কুঞ্জবিহারী বাবু একটা আবগারি মোকদ্দমা ভদারক করিতে মক্ষংখলে গিয়াছিলেন। একদিন প্রাতঃকালে উমাচরণ বাবু প্রাতাহিক নিয়মাত্রসারে রোগী দেখিয়া বাদার আসিয়া, কুঞ্জবিহারা বাবুকে দেখিয়া বলিলেন, 'ভুমি কেন ফিরিয়া আসিলে, তথায় কিছুদিন থাকিতে পারিলে না, এথানকার ব্যাপার তো দেখিতেছ।''

কুঞ্জ। তোমাদের ছাড়িয়া কেমন করিয়া স্থির হইয়া থাকিব। মন বড অস্থির হইয়াছিল, সেই জ্ঞ আসিলাম।

তথন আর কোন কথা হইল না। উমাচরণ বাবু একটী গাড় লইয়া বহির্দেশে গমন করিলেন! কিছুক্ষণ পরে প্রত্যাবর্ত্তন করিয়া বলিলেন, ''অনিয় তোমরা সাবধান হও, আমাকে ধরিয়াছে।'' ইহা বলিয়া তিনি শ্যা গ্রহণ করিলেন। এই কথা শুনিয়া কুঞ্জবাবু কাঁপিতে কাঁপিতে বিষয়া পড়িলেন। কিছুক্ষণ পরে, তিনি বহির্দেশে গমন করিলেন এবং প্রত্যাবর্ত্তন করিয়া তিনিও বলিলেন, "আমাকেও ধরিয়াছে"। তথন অমিয়বাবুর কি বিপদ তাহা লিখিয়া বর্ণন কর। যায় না। স্বরাম্ব ভাক্তার সাংহ্বকে থবর পাঠান হইল। ডাক্তার সাহেব াদনে তুইবার করিয়া আদিতে লাগিলেন। এদিকে রোগীদের অবস্থাও ক্রমে থারাপ হুইতে লাগিণ। অনিষ্বাৰ চাকর ব্রাহ্মণ লইনা ও প্রতিবাসাদিগের দাহাব্যে যতদূর সম্ভব রোগীদের দেবা শুশ্রুষা করিতে লাগিলেন, কিন্তু কিছুতেই স্থবিধা হইল না। প্রদিন প্রাতঃকালে কুঞ্জবিহারী আত্মীয়-ম্বজনকে কাদাইয়া জীবনলীলা সম্বরণ করিলেন। তাঁহার সংকারের বন্দোবস্ত করিয়া অমিয়বাবু উমাচরণ বাবুর নিকট দিনরাত্রি বদিয়া তাঁহার সেবা করিতে লাগিলেন, যদি ভাঁছাকে বাঁচাইতে পারেন। ডাক্তার সাহেবও প্রাণপণে চেষ্টা ভারতে লাগিলেন। কিন্তু ঈশ্বরের যাহা আভপ্রেত নয়, মহুয়ো চেষ্টা করিয়া তাহা দফল করিতে পারে না। পর্বদিন বৈকালে ডাক্তার সাহেব ও আরও কয়েকটী ভদ্রলোক তাঁহার নিকট বসিয়া আছেন, রোগীও বেশ কথাবার্ত্তা কহিতেছে, अभन ममरत्र डाक्नावमारहर कोए वानवा एक निरमन. "Poor Koonja Behary !" রোগী অমনি শশব্যস্তে জিজ্ঞাস। করিলেন, "Is he dead, Sir ?" ডাক্তারদাহেব অমিয়বাবুর ইঞ্জিতমতে কোন উত্তর করিলেন না, কিন্তু উমাচরণবাবুর কিছুই বুঝিতে বাকী রহিণ না। একটী

দীর্ঘনিখাস ত্যাগ করিয়া পার্শ্ব পরিবর্তন করিলেন। প্রায় ১০।১৫ মিনিট পরে ডাক্তার সাহেবকে সম্বোধন করিয়া বলিলেন, "I am very much thankful to you, for the trouble you have been taking for me; but man cannot do what God does not wish. My time is up, and I must now bid you all farewell, and ask forgiveness for all my past shortcomings. অমিয়বাবকে বলিলেন, "অমিয় কাঁদিদ না, হাদ্য মুখে আমায় বিদায় কিছুক্ষণ চুপ করিয়া আবার বলিতে লাগিলেন, ''লোকে মৃত্যকে ভয়ঙ্কর বলে, কিন্তু আমি দেখিতেছি, ইহা শান্তিময়। আমার বোধ হইতেছে, যেন আমার সম্মুথে ক্রমে শান্তির দার উন্মোচিত হই-তেছে। এই কথা বলিতে বলিতে প্রাণবায় নির্গত হইল।

ইহার পর হইতে বিস্চিকার প্রাত্নভাব কমিয়া আসিতে লাগিল। ষ্থাসময়ে উহাদিগের প্রাদ্ধাদি সম্পন্ন হইল। অমিয়বাব পুনর্কার রাঁচি হইতে পরিবার আনিলেন। একদিন রাত্রিতে, আনাজ হইপ্রহরের সময়, অমিয়বাবু শগনের পূর্ন্বে চকু মুদ্রিত করিয়া ঈশরের নাম করিতে-ছেন, এটা তাঁর নিতাকর্ম। ঈষং তত্তার আভাস আসিয়াছে, এমন সময়ে তিনি শুনিলেন, কুঞ্জবিহারী তাঁহার স্বাভাবিক বেশে তাঁহার निक्रे वात्रिया विल्लान।

''অমিয় মৃত্যুর পূর্নেতোমাকে কয়েকটী কথা বলিয়া ঘাইতে পারি নাই। গিরীশকে বলিয়াছিলাম, কিন্ধ সে ভোমাকে বলে নাই; সেইজ্ঞ পুনর্কার আসিলাম। ছুইটী আবখ্যকীয় মোকদমা-সংক্রাস্ত কাগৰপত্র মায় আনার তদন্তের রিপোর্ট আমার বাত্মে আছে, দেগুলি ডেপুটী কলেকটার-সাহেনকে ফিরাইয়। দিবে। আর রাঁচিতে একটী মোকদ্দমায় আদামীর জরিমানা হটতে আমাকে ১৫০২ টাকা পারি-তোষিক দিবার ছকুম হইয়াছে। রায়ের নকল আনাইয়া তুমি আমার পরিবারের অচি হইয়া ঐ টাকা বাছির করিয়া লইবে। তোমার मानाटक अ के कथा वीन या जिल्ला का निया है। दनिय उपन विश्व देन वा তম'' এই কথা বলিয়া তিনি অস্তর্ধ্যান হইলেন। প্রদিন সন্ধাকালে সকলে একত্রিত হইলে, অমিয়বাব ঐ কথা উত্থাপন করিলেন। গিরীশ ্দেখানে উপস্থিত ছিল। সে বলিল, ''ঠিক কথা, আমি গোলমালে বলিতে ভূলিয়া গিয়াছিলাম, কুঞ্জবাবু আমাকে কাগক্তের কথা আপ-নাকে বলিতে বলিয়াছিলেন, যে বালতে কাগজ আছে, দে বালুও আমাকে দেথাইয়াছিলেন''। পরে কুঞ্জবাবুর বাক্স আনিয়া সকলের সম্মথে থোলা হইল। থলিয়া দেখা হইল, ঠিক কাগদ রহিয়াছে। পরদিন অমিয় বাবুর জোষ্ঠকে পত্র লেখা হইল, তিনি কিছু দেখিয়াছেন কি না। তাঁহার পত্র আদিল, তিনিও ঠিক ঐরূপ দেখিয়া-ছেন ও শুনিয়াছেন। বাঁচির কালেক্টরীতে তল্লাস করিয়া জানিয়াছেন যে, বাস্তবিক ৫।৬ দিন পূর্বে কুঞ্জকে ১৫০১ টাকা পারিতোষিক দিবার তকুম হইয়াছে। তিনি রায়ের নকল লইয়াছেন ও বাহং জামিন হইয়া थे টोको वाश्त्रि कतिया नहेरवन । वना वाल्ना रा किछ्निन भरत होका বাহির করিয়া তিনি কুঞ্জবাবুর ভ্রাতার কাছে পাঠাইলেন। ঘটনাটা সম্পূর্ণ সতা, অমিয়বাব ও তাঁহার দাদা আমার অতি নিকট-সম্বন্ধীয়, আমি তাঁহাদের নিকট ইহা শুনিয়াছি ও অনিয়বাবুর দাদা রাঁচি হইতে অমিয়বাবুকে যে পত্র লিথিয়াছিলেন সে পত্র স্বতক্ষে দেখিয়াছি।

শীরাখালদাস চটোপাধ্যায়।

## আধ্যাত্মিক আখ্যায়িকা

( )

#### ধর্মের জয়

পূর্বকালে আর্য্যাবর্ত্তে জনৈক হিন্দু নরপতি রাজত্ব করিতেন। তিনি অতীব ধার্মিক এবং প্রজাবংসল বলিয়া খ্যাত ছিলেন। একদা

তিনি তাঁহার রাজা মধ্যে এইরূপ আজ্ঞা প্রচার করিলেন যে, রাজ-ধানীম্ব বিপণীতে যে সমন্ত দ্রব্যাদি বিক্রমার্থে আসিবে, প্রতিদিন সন্ধ্যা-वमान बाहा किছू अवभिष्ठे थाकित्व, छाहा छिनि क्वय कत्रिया नहे-বেন। এইরূপ ঘোষণা অনুসারে কিছুদিন কার্যা চলিতে লাগিল। একদা সন্ধ্যাকালে হট্ট ভালিয়া যাইবার পরে জনৈক বিক্রেতা একটা অবিক্রাত দ্রব্য হত্তে করিয়া রাজ সমীপে উপস্থিত হইল। রাজা তাহাকে ঞ্জিজাসা করিলেন "বাপু। তোমার অবিক্রীত দ্রবা কি এবং তা**হার** মুল্যই বা কত ?'' তথন ঐ বাক্তি তাহার পণাটী রাজ-সমীপে উত্তোলন করিয়া বলিল "আর্যা। আমার এই অলক্ষীটা অবিক্রীত রহিয়া গিয়াছে এবং ইহার মৃল্য লক্ষ মুদ্রা।" নুপতি ইহা গুনিয়া দ্বিক্তি না করিয়া কোষাধ্যক্ষকে আজ্ঞা দিলেন যে "এই ব্যক্তিকে লক্ষ মূদ্রা দিয়া ঐ দ্রব্য লইয়া রাজ অন্তঃপুরে পাঠ।ইয়া দেও"। রাজ আজ্ঞামত কোষাধাক পণ্য বিক্রেতাকে লক্ষ মুদ্রা দিয়া বিদায় করিল এবং ঐ অলক্ষীট রাজা-স্থঃপুরে প্রেরণ করিল।

পরদিন প্রত্যুধে নুপতি সভাসদে পরিবেষ্টিত হইয়া সভামধ্যে রাজাসনে আসীন রহিয়াছেন, এমন সমরে হঠাং স্থমধুর স্থপুর ধ্বনি শ্রুতি গোচর ছইলে সকলেই চাহিয়া দেখিলেন,—দেখিতে পাইলেন যে, বিবিধ রত্না-লঙ্কারভৃষিতা লাবণ্যবতী এক প্রমাম্মুন্দরী রমণী রাজ অন্তঃপুর ছইতে বাহির হইয়া, রাজ তোরণ-দার অতিক্রম করিয়া রাজ-প্রাসাদ ত্যাগ করিবার উদ্যোগ করিতেছেন। নুপতি দেখিয়া আশ্চর্য্যারিত হুইলেন, যে হেতৃ এরূপ দিন্য জ্যোতিঃ-সম্পন্না অলোক-সামান্তা রুমণী তিনি রাজ অন্তঃপুরে কখন দেখেন নাই। মনে করিলেন, ইনি কে. কিরুপেই বা রাজ অন্তঃপুরে আদিলেন এবং কোথায় বা যাইতে-ছেন। অনন্তর তাঁহার গমনে বাধা দিয়া সম্বোধন করিলেন "মা ! তুমি কে. কোথা হইতে আদিলে এবং কোথায় বা যাইতেছ ?'' উত্তরে

তিনি বলিলেন "নূপবর! আমি তোমার রাজলক্ষী! এতদিন পর্যায়ঃ তোপনার প্রাসাদে বাস করিতেছিলাম, কিন্তু তুমি যথন অলন্ধীকে গুছে আনিয়া প্রতিষ্ঠিত করিয়াছ, তথন এ সংসারে আমার আর পাকিবার স্থান নাই। স্কুতরাং এ রাজ-সংসার পরিত্যাগ করিতেছি।" ভুপতি করবোড়ে বলিলেন ''মা ভোমার বাহা অভিকৃতি, তাহাই করুন, যে হেতু আমার প্রতিবাদ কুরিবার কোন পথ নাই। এই বলিয়া कत्राया एक भ्रेगांस कतिया विलालन "ठाव अन मा" हेश खनिया बाजनकी রাজ-প্রাসাদ পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন। অনস্তর কিছুক্ষণ পরে সকংল আবার দেখিতে পাইলেন যে,চন্দন-চর্চিতাঙ্গ এবং দিব্য পুষ্পমাল্য স্থানাতত এক অতীব স্থলর খামবর্ণ পুরুষ রাজ-প্রাসাদ হইতে নিজ্ঞান্ত হুইবার জন্ত তোরণ দ্বার অভিমূথে যাইতেছেন। পুর্কের স্থায় তাঁহারও গমনে বাধা দিয়া নূপতি জিজ্ঞাসা করিলেন "দেব! মাপনি কে কে।থা হইতে আসিলেন এবং কোথায় বাধাইতেছেন।" উত্তরে তিনি বলিলেন, "নুপ্ৰর । আমি নারারণ । আপনার এই রাজ-সংসারে লক্ষ্মী-দেবীর ভার আমিও অনেকদিন হইতে অবহিতি করিতেছিলাম, কিন্ত লক্ষ্মী যথন আপনাকে ত্যাগ করিয়া যাইলেন, তথন আমি আর কিরপে পাকিতে পারি, স্বতরাং আমিওরাজ-সংসার ত্যাগ করিয়া চলিনাম। নুপতি পূর্বের স্থায় কর্যোচ্ছে প্রণাম করিয়া বলিলেন, "যে আজ্ঞা, তবে আম্বন।'' নারায়ণ রাজ-প্রাসাদ পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন। অনম্ভর কিছুক্ষণ অতিবাহিত হইবার পরে আবার দেখিতে পাইলেন যে. তেজপুঞ্জসমন্বিত জ্যোতির্মায় এক খেত<র্ণ পুরুষ লক্ষ্মী এবং নারায়ণের ন্তায় রাজপুর হইতে বাহিরে যাইতেছেন। তথন নুপতি করণোডে তাঁহাকে জেজ্ঞানা করিলেন ''দেব! আপনি কে,কোথা হইতে আদিলেন কোগার যাইতেছেন এবং কি জক্তই বা বাইতেছেন ?" উত্তরে তিনি विनिद्यान "व्यापि धर्म । नार्वायन এवः नेक्षी वयन व्यापनांत त्राक-मःमात তাাগ করিলেন তথন আমিই বা কিরূপে থাকিতে পারি ?'' তথন নূপতি গললগ্নী-ক্লভবাদে কর্যোড়ে বিনীত মধুর বচনে বলিলেন "দেব ! আমি যথন অলক্ষীকে গৃহে আনিয়াছি তথন লক্ষা দেবী যাইতে পারেন, তাঁহাকে বাধা দিবার আমার অধিকার নাই। তাহার পর লক্ষ্মীদেবী

यथन (शत्नन, जथन नात्राय्यक द्राया कान श्रकार्द्र मखन्यत नहरू, স্থতরাং সত্যের অমুরোধে তাঁহাদিগকে বলিবার আমার কিছই অধিকার নাই। কিন্তু দেব ! ক্বিজ্ঞাদা করি, আপনি কি কারণে এই দাসকে তাাগ করিতে উদ্যত হইষাছেন,—আমি কি কিছু অধর্ণের কার্য্য করিয়াছি ? সত্যের আশ্রয় করিয়া আমি কি ধর্ম পালন করি নাই ? যতাপি অতাপা করিয়া থাকি, সমুখে দার উন্মুক্ত যাহা অভিকৃতি হয় তাহা করুন। কিন্তু আমি যগ্রপি আপনার আশ্রয় অনুমাত্ত ভ্যাগ করিয়া না থাকি, তবে আপনি কোন বুক্তি অবলম্বন করিয়া আমাকে ত্যাগ করিয়া যাইতেছেন ? তখন ধর্মদেব লজ্জিত হইয়। বলিনেন, "না মহারাজ। আপেনি ধর্মের আশ্রয় ত্যাগ করেন নাই. স্কুতরাং আমার আর রাজসংসার পরিত্যাগ করা হইল না। আমি পুনর্কার গৃহে প্রবেশ করিতেছি।" এই বলিয়া তিনি পুনর্কার রাজ-প্রাসাদ অভ্যন্তরে প্রবেশ করিলেন। এইরূপে কিছুক্ষণ অতিবাহিত হইবার পর রাজা দেখিতে পাইলেন যে, নারায়ৰ আবার ধারে ধারে প্রত্যাগত হইয়া রাজপ্রাসাদ মধ্যে প্রবেশ করিতেছেন। তথন রাজা করজোড়ে নারায়ণকে জিজ্ঞাসা করিলেন "নেব ! পুনর্ব্বার যে ফিরিয়া আসিলেন ?'' তথন নারায়ণ লজ্জিত হইয়া বলিলেন ''যথন ধর্ম সাপনার সংগারে রহিলেন, তথন সামি কি প্রকারে ত্যাগ করিয়া যাইতে পারি, স্থতরাং আবার ফিরিয়া আদিলাম।"

ইহার কিছুক্ষণ পরে পুনরায় দেখিলেন যে, লক্ষ্মীদেবী সলজভাবে মাথা হেঁট করিয়া ধারে ধীরে রাজপ্রাদাদে পুন:প্রবেশ করিতেছেন। তথন পূর্ব্বের ভার কর্যোড়ে মহারাজ জিজ্ঞানা করিলেন "মা! আবার त्य ७ अथम मुखारन इ घरत कितिया आमित्न १ निक्ती विनित्तन. "নুপবর। নারায়ণ যথন ফিরিয়া আসিলেন, তথন তাঁহাকে ছাড়িয়া আমি কি থাকিতে পারি ? আর যেখানে ধর্ম অবস্থান করেন, সে স্থান আমরা কখনই পরিত্যাগ করিতে পারি না। নূপবর ! তুমিই ষথার্থ धर्मा । प्रस्ति । प्रस्ति विषय क्षेत्र , त्रथारन धर्म (प्रदेशारन क्षेत्र । "शरु ধন্ম ততো জয়:।"

# বটরক পালের এড গুয়ার্ড স টনিক

## शाणि-गालिबिगान् त्थानिकिक।

ম্যালেরিয়া ও সর্ববিধ জররোগের একমাত্র মহৌষধ।

অভাবধি সর্ক্রিথ অরুরোগের এমত আড-শান্তিকারক

मट्शेक्टर्यंत्र व्याविकात्र रुत्र नारे।

## লক্ষ লক্ষ রোগীর পরীক্ষিত।

মূল্য—বড় বোতল ১। পাাকিং ডাকমাণ্ডল ২০ টাকা।
,, ছোট বোতল ৮০, ঐ ঐ ৮০ আনা।
বেলওয়ে কিয়া ষ্টিমার পার্শেলে লইলে খরচা অতি স্থলত হয়।
পত্র লিখিলে কমিশনের নিয়মাদি সম্বন্ধীর জ্ঞাতব্য বিষয় অবগত ইইবেন।

# এডওয়ার্ডদ্লিভার এও স্প্রীন অয়েন্টমেন্ট

(প্লীহা ও যক্তের অব্যর্থ মলন )

প্লীহা ও বক্ততের নির্দোষ আরাম করিতে হইলে আমাদিগের এড-ওরার্ডস্ টনিক বা ঝাটি-মালেরিঝাল্ স্পেসিফিক সেবনের সঙ্গে সঙ্গে উপরোক্ত মলম পেটের উপর প্রাতে ও বৈকালে মালিস করা আবক্তক। মূল্য—প্রতি কোটা ১০ আনা, মাগুলাদি ১০ ।

## এডওয়ার্ড্স, "গোল্ড মেডেল" এরোরুট।

আজকাল বাজারে নানাপ্রকার এরোরুট আমদানী ইইতেছে।
কিন্তু বিশুদ্ধ জিনিস পাওয়া বড়ই স্থকটিন। একারণ সর্বসাধারণের
এই স্থস্থবিধা নিবারণের জন্ম আমদান করিতেছি। ইহাতে কোনপ্রবারুট নামক বিশুদ্ধ এরোরুট আমদানি করিতেছি। ইহাতে কোনপ্রকার অনিষ্টকর পদার্থের সংযোগ নাই। ইহা আবাল-বৃদ্ধ সকল
রোগীতেই স্থচ্ছন্দে ব্যবহার করিতে পারেন। ইহা বিশুদ্ধতা-গুণ-প্রযুক্ত
সকল রোগীর পক্ষে বিশেষ ইইসাধন করিয়া ধাকে।

্রিশিল্ এজেন্টস্ট —বটকৃষ্ণ পাল এণ্ড কোং, কেমিষ্টস্ এণ্ড ডুগিষ্টস্।

# শ্রাণীর প্রতি উপদেশ<sup>3</sup> পাঠ করুন।

বঙ্গদেশে এবং বাঙ্গালাভাষায় এরপ পুস্তক এই
নৃতন হইয়াছে। ২৫২ পৃষ্ঠায় সম্পূর্ণ। প্রতি পৃষ্ঠায়
শৃতন নৃতন উপদেশ, যাহা ভাকার ক্রিরাজ বা কোন
চিকিৎসকের নিকট অজ্জ অর্প্রায় করিয়াও পাওয়া যায়
না। একথা রোগিগণ মুক্তকঠে স্বীকার করিয়াছেন ও
করিবেন।

### স্থার গুরুদাস বন্দ্যোপাধ্যায়

বলিয়াছেন—"অত্যাবশুকীয় স্বাস্থ্য বিধিগুলি তেজ্ঞধিনা ভাষায় এবং পরিফারভাবে উক্ত পুস্তকে বির্ত করা হইয়াছে, এবং উহা স্বাস্থ্যাম্বেমী ব্যক্তি মাত্রেরই পাঠ করা বিশেষ দরকার।"

্মূল্য ॥০ আনা নাত্ত । আমাদের নিকট পাওয়া যায় ।

দত্ত, ফ্রেণ্ডস্ এণ্ড কোং,

লোটদ্লাইত্রেরী। ৫০ নং কর্ণওয়ালিস খ্রীট, কলিকাতা।

# कमलमालिका श्रन्थावनी।

#### ১। কোষিতকী উপনিষদ।

মূল, অধর ও অমুবাদ। বাঙ্গালা ভাষায় এই প্রথম প্রকাশিত হইল। মূল্য ॥॰ আনা।

#### ২। নারদ ভক্তিসূত্র।

পণ্ডিত প্রীযুক্ত ভাষণাল গোস্বামী বিরচিত, মূল্য। 🗸 আনা।।

#### ৩। স্তুতি কুস্থাঞ্চলি।

হিলুর নিতা প্রয়োজনীয় সমন্ত স্থোতগুলি পাগলের প্রলাপ প্রভৃতি পুত্তকপ্রণেতা গোবিন্লাল বাব্র স্থমধুর প্রায়্বাদ সহ। প্রত্যেক হিলু গৃহে একথানি রাথা নিতান্ত আবশ্রক। হিলু মহিলা ও বালক-বালিকাদিগের বিশেষ উপযোগী। মূল্য। ১০ আনা।

#### ৪। ভক্ত-জীবন।

শ্রীমতী বেশান্ত—দম্পাদিত—"Doctrine of the heart"এর, অমুবাদ, মূল্য । ৮০ ছয় আনা মাত্র।

## প্রসূনমালিকা গ্রন্থাবলী।

#### ১। জীবন ও মরণান্তে জীবন।

শ্রীমতী বেশান্তের Life and Life after death নামক পুত্তকের প্রাঞ্জন বন্ধার্মান। কাগন্ধ ও ছাপা অতি স্থানর। মৃদ্য ১০ আনা।

#### ২। ধর্মজীবন ও ভক্তি।

শ্রীমতী বেশান্তের Devotion and Spiritual Lifeএর বন্ধামু-বাদ। কাগল ও ছাপা অতি স্থলর। সুল্য Jo আনা।

#### ৩। সদ্গুরু ও শিষ্য।

শিষাগুরু বিষয়ক নিগৃঢ় ভব্ব সংক্ষেপে বিবৃত হইয়াছে। মুলা 🗸০ আনা।

#### ৪। প্রকৃত দীকা।

প্রকৃত দীক্ষা বে কি তাহার নিগৃত তব সংক্ষেপে অথচ বিশদরণে বিবৃত হইয়াছে। মৃল্য ৵৹ ছই আনা।

#### ে। প্রকৃত আধ্যাত্মিকতা।

প্রকৃত আধ্যাত্মিকতা কিব্লপ, তাহার নিগৃত তব্বের আভাষ সংক্ষেপে বিবৃত হইয়াছে। মুল্য ।/০ পাঁচ আনা।

#### আর্যাধর্ম গ্রন্থাবলী ৩ম থও।

#### बुरु९ खर-करा माला। (२व मः खदन)

শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যার দারা সকলিত। কাপড়ে বাঁধান, স্থানর কাগজ ও স্থানর দাপা ১০৮৮ পৃষ্ঠার সম্পূর্ণ, মূল্য ১ এক টাকা।
১। শ্রীমন্তগবদগাতা (অবর, ব্যাখ্যা, বঙ্গানুবাদ, তাৎপর্য্য ও বিবিধ
পাঠান্তর ও পরিশেষে কত্তকগুলি উৎকৃষ্ট স্থোত্ত সহ)

১০

ু ও রাজ সংস্করণ ... ... ॥•

#### ধন্মপদ।

শীযুক্ত চাক্ষচক্র বস্থ প্রণীত। ধর্মপদ নামক পালিগ্রন্থের মূল, অবয়, সংস্কৃত ব্যাখ্যা ও বঙ্গামুবাদ (্২য় সংস্করণ) পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত— মূলা ১৪০ টাকা।

স্থপ্রসিদ্ধ ঐতিহাসিক শ্রীষ্ক নিধিলনাথ রায় বি, এল, প্রণীত।

> ! মুর্শিদাবাদকাহিনী (দিতীয় সংস্করণ)

२॥• २॥•

२। पूर्निनावारमञ्ज हेलिहान ১म थख

ર∥•

- ৩। তথ্যতাপাদিত্য
- 🛾 । (:प्रांगात्र वाकाला (चार्ल्गी व्यात्नालन प्रवस्त )

স্থাসিদ্ধ প্রত্নতত্ত্ববিদ ডাক্তার রামদাস সেন-প্রণীত। রামদাস গ্রন্থাবলী ১ম থণ্ড ( ঐতিহাসিক রহস্ত তিন ভাগ একত্র ) ২১ শ্রীযুক্ত স্থানকীনাথ পাল, শাস্ত্রী, বি,এল্, হাইকোর্টের উকীল

#### প্রণীত।

১। যুগধর্ম

>110

২। ঐী শীরূপদনাতন গোস্বামীর জীবনী ও শিকা

he

৩। শ্রীমন্নিত্যানন্চরিত, ১ম থঞ

#### গীতায় ঈশ্ববাদ।

প্রীযুক্ত হীরেন্ত্রনাথ দত্ত, এম্, এ, বি, এল্, প্রণীত।

"সাহিত্য" পত্রিকাতে "গীতার ঈশ্বরবাদ" নামক বে সকল প্রবন্ধ ক্রমশ: প্রকাশিত হইরাছিল—সাধারণের বিশেষ আগ্রহে ও অমুরোধে এক্ষণে সেইগুলি প্রকাকারে মুদ্রিত হইল। ষড়দর্শনে সংক্ষিপ্ত ও প্রাঞ্জল পরিচর এবং সাংখ্য ও পাতঞ্জল দর্শনের বিশেষ আলোচনা আছে। প্রত্যেক দর্শনের সহিত গীতার সম্বন্ধের বিচার এবং গীতা কি ভাবে সেই সেই দার্শনিক মতের বিচার ও মীমাংসা করিয়াছেন, তাহার বিশদ ব্যাখ্যা ইহাতে আছে। ইহার সাহায্যে অনায়াসে গীতা ও দর্শন ব্রিতে পারিবেন।

ম্ল্য হ্রলভ। কাগজের মলাট ১১, কাপড়ের বাঁধান ১।•

#### রহদারণ্যকোপনিষৎ।

এরপ স্থলভ মূল্যে ইহার পূর্ব্বে বাহির হয় নাই।

মূল, অষয়, ব্যাখ্যা ও সরল বঙ্গামুবাদ সমেত ডিমাই ১২ পেঞ্চি ৪২১ পৃষ্ঠায় সম্পূর্ণ, সিদ্ধান্তবাচম্পতি শ্রীযুক্ত শ্রামলাল গোস্বামী কর্তৃক সম্পাদিত। মূল্য ১॥০ টাকা।

#### ছান্দোগ্যোপনিষৎ।

এরপ স্থাভ মূল্যে ইহার পূর্বে বাহির হর নাই। মূল, অবর, ব্যাখ্যা এ সরল বলাম্বাদ সহ।

৬ খ্রামলাল গোস্বামী সিদ্ধান্ত বাচপ্শক্তি কর্তৃক সম্পাদিত। মূল্য—১।৬০ এক টাকা ছয় আনা।

তৈতিরীয়, ঐতরের ও শেতাশতর
বাহির হইয়াছে মৃল্য—৮০ আনা।
ঈশ, কেন ও কঠ।
বাহির হইয়াছে, মূল্য ॥০ আনা।
প্রশ্ন, ম্ওক্য ও মাঙ্কা—( যাঞ্জ ) শীল্র বাহির হইবে।
দত্ত, ফ্রেণ্ড মৃ এও কোং
লোটদ লাইবেরী, ৫০ নং কর্ণভয়ালিদ দ্বীট কলিকাতা।

# আমাদিগের নৃতন পুস্তক।

#### ভক্ত-জীবন।

#### क्रममाणिका श्रद्धावनीत वर्षे।

শ্রীমতী আনি বেদাস্ত সম্পাদিত "Doctrine of the Heart" নামক উপাদের ভক্তি গ্রন্থের অভি মধুর বাঙ্গালা অমুবাদ।

Philosophy of the Gods—or "Deva Tattva" by Srijut Hirendra Nath Dutt M. A., B. L.,—Price As. 12 only.

"Psychism and Theosophy" (Transaction of Theosophical Federation No. I.) Enlarged revised edition of a paper read at the Serampore Theosophical Lodge by the Dreamer. Price Annas 8 only.

#### JUST OUT.

Conception of the Self by Dreamer-Price As.8 only.

স্প্রসিদ্ধ "আর্য্যশাস্ত্র-প্রদীপ" প্রণেতার পুস্তক সমূহ।

আর্যাশান্ত-প্রদীপ বা সাধকোপছার (১ম ও ২র থও)। প্রত্যেক বডের মৃল্য ২ ছই টাকা। মানবতত্ব ও বর্ণবিবেক (পূর্বার্দ্ধ)। উৎক্লষ্ট কাপড়ে বাঁধাই মৃল্য ৩। ঐকাগজে বাঁধাই মৃল্য ২৪০।

DATTA FRIENDS & Co.
Louts Library,
No. 50. Cornwallis street, Calcutta.

#### NEW CIVIL PROCEDURE CODE

ACT V. OF 1908.

EDITED BY

CHARU CHANDRA BHATTACHARIEE

Vakil, High Court, Calcutta.

Price:-

Paper cover; -Re 1. Cloth bound-1-4 Interleaved-1-6

বঙ্গভাষায় নৃতন পুস্তক

স্থ শ**তি** বিজ্ঞান

বা

ইঞ্জিনিয়ারিং শিক্ষা।

শীষ্ক রার সাহেব গুগাচরণ চক্রবর্ত্তী প্রণীত মুণ্য ॥ • আট আনা।
ইহাতে ইট প্রস্তত হইতে ইমারত প্রস্তুত করিতে যাহা বাহা আবশুক,
সমস্ত বিষয় বিশদরূপে পূমারপুশ্বরূপে দেখান হইরাছে। ইট, চূণ,
স্থারণী, কাট,মজুরী,প্রভৃতি বে সমস্ত আবশুক,তাহার বিষয় সরল ভাষার
সহন্ধ প্রণালীতে লেখা হইরাছে। সাধারণ লোকে এই প্রকের
সাহাব্যে কোন ইঞ্জিনিয়ার বা ওভারসিয়ারের সাহাব্য না লইরা স্কলর-

রূপে কার্য্য সমাধান করিতে পারেন; বিশেষ এই পুন্তক পাঠ করিকে কোন মিল্লী কি কারিকর ফাঁকি দিতে পারিবে না, অল্ল আরাসে সমক্ত বুঝিতে পারা ধার্ম, মূল্যও স্থলভ।

#### ত্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়-প্রণীত। চণ্ডী। (২য় সংস্করণ)

মার্কণ্ডের-পুরাণান্তর্গত সেই দেবীমাহাত্ম বছবিধ টীকার সাহায্যে সরল অভিনব টীকা ও বঙ্গাস্থবাদ সহ মৃত্তিত হইয়াছে। ইহাতে অর্গলাজ্যেত্র, কীলকস্তোত্র, কবচ, দেবীস্কু, ভাসাদি রহস্তত্তর এবং অত্যুৎকৃষ্ট চারিখানি দেবীপ্রতিমূর্ত্তি সন্নিবেশিত আছে। ৪৫০ পৃষ্ঠার সমাপ্ত। মূল বৃহৎ অক্সরে মৃত্রিত। মূলা ১/০ ছব্ব আনা মাত্র।

#### পল্লী চিত্ৰ। (মাসিক পত্ৰ।) শ্ৰীবিধুভূষণ বস্থ সম্পাদিত।

প্রী থাম হইতে পল্লীদেব। সকল লইয়া প্রকাশিত। পল্লীগ্রামের শিল্ল, বাণিজ্ঞ্য, সমাজ, ধর্ম, ইতিহাস, প্রবাদ প্রভৃতি আলোচনার বিষয়। বার্ষিক মূল্য ১॥০ দেড় টাকা।

বেল্পী বলিয়াছেন —Among the Bengali monthlies this publication occupies a high place.

শ্রীশরচন্দ্র মিত্র, সহকারী সম্পাদক। বাগের হাট, খুলনা।

ঐতিহাসিক চিত্র—৫ম বর্ষ ১৩১৬ সাল (ঐতিহাসিক মাসিক পঞ্জ) শ্রীনিথিলনাথ রায় বি, এল্, সম্পাদিত এবং প্রধান প্রধান ঐতিহাসিকগণ-কর্তৃক পরিচালিত। মূল্য ডাঃ মাঃ সমেত ২১ টাকা।

# অলৌকিক বহস্য।

व्य मःशा

প্রথম ভাগ।

[ ভান্ত, ১৩১৬।

## मन्मी भनी ।

এই পত্রিকার অন্তর্ত্ত পাঠক মহোনয়গণ দেখিতে পাইবেন বে,
এক ত্রিক্তন-পীড়িত ব্যক্তির প্রেতাত্মা কিরপে এক মৃত দেহ আশ্রর
করিয়া নিজ ইচ্ছা প্রণ করিয়াছে। আমরা এই স্থানে তাহার তত্ত্ব
আলোচনা করিতে চেষ্টা করিয়াছি। মৃত্যুকালে মন্থ্যের বে প্রবৃত্তি
সাতিশয় প্রবল থাকে, মৃত্যুর পরে প্রেতলোকে অবস্থান-কালে
সেই প্রবৃত্তির শক্তি আরও বৃদ্ধি প্রাপ্ত হয়। এবং সেই প্রবৃত্তি
চরিতার্থে করিবাব জন্ত তীত্র আকাজ্জা উপস্থিত হয়। এই আকাজ্জার বশে প্রেতাত্মা তথন সেই প্রবৃত্তি চরিতার্থে করিবার উপায় অব্যেক্তার বশে প্রেতাত্মা তথন সেই প্রবৃত্তি চরিতার্থ করিবার উপায় অব্যেক্তার বশে পাইলেই কোন জীবিত নরদেহ আশ্রয় করিয়া নিজ
আকাজ্জা পরিতৃপ্ত করিতে থাকে। ইহাকেই আমরা সাধারণতঃ
ভূতাবেশ বলিয়া থাকি। কিন্তু মৃতদেহে ভূতাবেশের ঘটনা অতি বিরল,
কারণ দেহমুক্ত জীব প্রাণশক্তির সাহায্য না পাইলে, সাধারণতঃ অপর
দেহে কার্য্য করিতে পারে না।

তবে কেমন করিয়া পূর্ব্বোক্ত শটনা ঘটিল? কেমন করিয়া মৃত ব্যক্তি জীবিতের ভাষে আচরণ করিল? এরপ ঘটনা কচিৎ সংঘটিত হইরা থাকে। এমন ঘটনা অনেক শুনা গিরাছে যে, বৈত্যতিক ক্রিয়াবশে সঞ্চালিতের ক্লায় কত শুশান-প্রস্থিত দেহ হস্তপদ সঞ্চালন ক্রিয়া বাহকদিগের ভীতি উৎপাদন ক্রিয়াছে। কিন্তু মৃত ব্যক্তির জীবিতের স্থায় ব্যবহার বড় একটা শুনিভে পাওয়া বায় না!

এই সম্বন্ধে আমরা এজন মনীধীর মত নিমে উদ্ভ করিতেছি:—
তিনি বলেন, জীবদেহ যদি একেবারে প্রাণহীন হয়,তাহা হইলে প্রেতাছা
তাহার ভিতরে প্রবিষ্ট হইয়া সেটিকে জীবিতবৎ আচরণ করাইতে পারে
না। :অস্ততঃ তাহাতে জীবনের শেষ ক্লিক থাকিবার প্রয়োজন। সেই
ক্লিক আশ্রয় করিয়া প্রেতায়া সম্বন্ধ দেহে প্রাণশক্তি সঞ্চালিত করিতে
পারে। বাক পাণি পাণাদি ইন্দ্রিয় সকল তথন তাহার বণীভত হয়।

অনেকেই হয়ত দেখিয়া থাকিবেন, একটি দলিতা নির্ধাপিত করিয়া তুমুহুর্ত্তেই যদি সেটিকে কোন প্রজ্ঞালিত দীপের তলদেশে ধরা হয়, তাহা হইলে তাহার উতপ্ত ধ্যশিথা অবলম্বন করিয়া, চক্ষের নিমেষে দীপ হইতে বহ্নি শিক্ষা নামিয়া দলিতাটিকে পুনঃ প্রজ্ঞালিত করিয়া তুলে। কিন্তু একটু বিলম্ব হইলে আর জলে না।

পত্র প্রেরকের বন্ধু হাঁহার পিতাকে মৃত মনে করিলেও, তথনও হাঁহার দেহে ঞীবনের শেষ শিখা নির্বাপিত হয় নাই। উত্তপ্ত ধূমের ভায় প্রাণশক্তির সহিত তথনও পর্যান্ত তাহার দেহের সংযোগ ছিল। প্রেতাক্মা জাঁহার পিতার জীবন-মরণের স্মিক্ষণে তদ্ধেহ মধ্যে প্রবিষ্ট হইয়াছিল।

পুরাণাদি শাস্ত্রে অনেক পরকায়া প্রবেশের ঘটনা উলিথিত আছে।
ভবিষ্যতে আমাদের এই সম্বন্ধে বিশেষরূপ আলোচনা করিবার ইচ্ছা
রহিল।

# ভূতের চত্তীপাঠ।

#### (উপসংহার)

বেলা আন্দাজ : টার সময় আমাদের আহারাদি শেষ হইল। আহা-বের পর নিদ্রাবেশে শরীর অবসর হইতে লাগিল। কিন্তু নিজা যাইলে সার্বভৌম মহাশয়ের গল্প শোনা হর না। কাজেই নিডার অভিলাষ পরিত্যাগ করিতে হইল। অনুসন্ধানে জানিলাম সার্বভৌম महाभग्न अर्खिट चाहातांनि कतिया भग्ननागात अरवन कतियाहन। দ্বিতলের একটি ছোট ঘরে তিনি একাকী শয়ন করিতেন। সেই ঘরের দরজার সম্মুখে উ'কি মারিয়া দেখিলাম, গুরুদেব, তক্তপোষের উপর উপবেশন করিয়া একটি ছোট কলি হুঁকায় কলাপাতার নল লাগাইয়া তামকুট সেবন করিতেছেন, ও এক হাতে তালবৃত্ত ব্যক্তন করি-করিতেছেন। তিনি আমাদের দেখিয়া বলিলেন, "এস বাবৃঞ্জি। ভিতরে এস, তোমাদের অপেকাতেই বিদিয়া আছি।" মেজেতে একথানি গালিচা পাতা ছিল, আমরা তাহার উপর উপবেশন করিলাম ; পরে অতি কুটিত ভাবে আমি বলিলাম, "মহাশয়ের যদি কট না হয়, তবে সেই গলটি বলিলে বড়ই অনুগৃহীত হইব। গলটি শুনিতে আমাদের বড়ই কৌতুহণ হইয়াছে।"

সার্বভৌম। আমার কোন কট্টই হইবে না কারণ দিবা নিদ্রা আমার অভ্যাস নাই। রাত্রিকালে আমার নিদ্রার কোনও ব্যাঘাত হয় নাই। তোমরা কিন্তু সমস্ত রাত্রি একবারও চকু মৃদ্রিত কর নাই; তোমরা যদি কট বোধ না কর, তাহা হইলে অবশুই আমি গরাট বিলব। কিন্তু বাবুজী আমি পুর্বেই বিশিয়া রাথি, ঘটনাটি বড়ই অসম্ভব। তোমাদের মত শিক্ষিত যুবকের বিশাস-বোগ্য ত নয়ই,

অধিকল্প এই ঘটনার সহিত যদি স্বয়ং লিপ্ত না থাকিতাম, তাহা হইলে আমিও ইহা বিখাস করিতাম না। এই বৃদ্ধ বন্ধসে জীবনের শেষ অবস্থার অনর্থক একটা মিথ্যা গল্প বলিয়া পাপের সংখ্যা বৃদ্ধি করিবার ইচ্ছা নাই। এই পর্যান্ত বলিয়া তিনি এক মিনিটকাল চকু মুদিত করিয়া इंकाम मानीनियम कतिराम । शास विवाह नाशिराम ।

ঘটনাটি অনেক দিনের। তখন আমার বয়স ১৩।১৪ বংসরের অধিক নয়; স্তরাং প্রায় ৬৫।৬৬ বংসর পূর্ব্বেকার কথা। আমাদের আদি নিবাস বর্দ্ধমান জেলার কাটোয়া মহকুমার নিকটস্থ একটি কুদ্র পল্লীগ্রামে। আমাদের অবস্থা নিতান্ত মন্দ ছিল না। পিতা একজন দশকর্মান্তি পণ্ডিত ছিলেন। তিনি যালকতা করিতেন। ২০।২৫ ঘর ৰৰ্দ্ধিষ্ণু শিষাও ছিল। তাহাতেই দান ধাান ক্ৰিয়া কৰ্ম করিয়া একরকম বেশ সচ্চলে আমাদের দিনপাত হইত। তাঁহার বড় ইচ্ছা আমাদের হুই ভাইকে উত্তমরূপ শিকা দেন। কিন্তু আমাদের গ্রাম হুইডে দেড় ক্রোশ দূরে পূর্বস্থলী গ্রাম ব্যতীত নিক্টস্থ আর কোথাও টোল কিংবা ভাল পণ্ডিত ছিল না। স্থতরাং একাদশ বংসর বয়ংক্রম হুইলে, আমার জ্যেষ্ঠ ও গ্রামস্থ ৩৪ টি বালকের সহিত পূর্বস্থলী প্রামে সুধামর স্থায়রত্ব মহাশরের টোলে অধারন করিতে যাইতাম। আমরা প্রাত:কালে বেলা আটটার সময় বাটীতে আহারাদি করিয়া ষাইতাম: পুনরায় স্ক্যার সময় বাটীতে প্রত্যাবর্তন করিতাম। ইতি মধো বেলা ২০০ টার সময় ভট্টাচার্য্য মহাশয়ের বাটীতে মুড়ি গুড় ও কথন কখন তথ্য সহযোগে উত্তম জলযোগ হইত। এই রূপে চারি পাঁচ বংসর নির্কিরোধে অতিবাহিত হইল। স্বৃতিতে তথন আমার একরকম বাংপত্তি ৰুমিয়াছে,ছইচারিটি কঠিন তর্কেরও মীমাংসা করিতে শিথিয়াছি। সরস্বতী পূজার দিনে পূর্বস্থলীতে অধ্যাপক মহাশন্ধ-

मिरा करे विवार मं इरें । मं वा के किया किया किया किया है । কোনও অধ্যাপকের যদি কোনও বিষয়ে সন্দেহ হইত. কিংবা তিনি यि (कान अभया। भौगाः ना कतिए चक्रम इटेरजन, जाहा इहेरन এই সভার সে বিষয়ের বিচার হইয়া তাহার মীমাংসা হইত। চার পাঁচ বংসর পরে এরপ একটি সভায় কালনার নিধিরাম শিরোমণি মহাশর স্বতির একটি কূট প্রশ্ন উত্থাপন করেন। ছই দিন ধরিয়া এই প্রশ্নের বিচার হইল, তবু কোনও মীমাংদা হইল না। তৃতীয় দিবস खांजः कारत बहे विवरत्रत कथावार्खा कहिएक कहिएक चामता भूर्त्तस्ती ৰাইতেছি, দেখিলাম পথিমধ্যে একটি পুরুরিণীর বাঁধাঘাটের উপর একটি ব্ৰাহ্মণ বসিয়া রহিয়াছেন। ব্ৰাহ্মণ দেখিতে অতি স্থানী। বয়স আনদাক ৪০।৪৫ বংসর: পরিধানে শুভ্র বস্ত্র, গাত্তে নামাবলি মুধমণ্ডল শাত্রু গুদ্দ মণ্ডিত। মন্তকে স্থুল শিখা। আমরা এই পুন্ধরিণীর দাটে বিশ্রাম করিতাম। অন্তও বিশ্রাম করিতে যাইলাম। যাইবামাত্র ব্রাহ্মণ মন্তক मक्षानन कतिया आभाषिभाक निकार जाकित्मन এवः बिकामा कतिर्तनेन ''তোমরা কি পূর্বান্তলীতে স্থধামর ক্রার্বত্ব মহাশ্রের টোলে পড়'' ?

আমরা। আজে ইা।

ভটাচার্যা। তোমাদের সভার যে প্রশ্নের উত্থাপন হইয়াছিল, ভাহার মীমাংসা হ'ল ?

আমরা। আজেনা। অভাপি মীমাংসাহয় নাই।

ভটাচার্য্য। আজ ছই দিন বিচার করিয়া একটা শ্বতির প্রশ্নের মীমাংসা হইল না ? কতগুলি পণ্ডিত সমবেত হইয়াছেন ?

আমিবা। ১৫।৩০ জন।

ভট্টাচার্য্য। কি আশ্চর্য্য। বঙ্গদেশ একবারে পণ্ডিত বিবর্জিত হইরাছে নাকি ৷ তোমাদের মধ্যে স্বতির ছাত্র কে আছ ?

সকলে আমাকে দেখাইয়া দিলে, তিনি প্রশ্নটির স্থলর ব্যাখা করিলেন, এবং আমাকে বলিলেন, "এই কথাগুলি সমন্ত তোমার শিক্ষককে বলিবে. ও জিজ্ঞাসা করিবে এই প্রশ্নের এরূপ উত্তর কি না। তিনি কি বলেন, আমাকে কলা বলিবে"। আমরা সকলে বিস্মিত হইলাম। যে প্রশ্নের ছুই দিন ধরিয়া ২০৩০ জন পণ্ডিতে সম্ভোষজনক মীমাংসা করিতে পারিলেন না. ইনি এক মুহুর্ত্তে তাহার স্থানর মীমাংসা করিলেন। ইনি প্রশ্ন জানিলেনই বা কিরূপে ? সভায় তো ইहारक अक्तिन अ सिथ नाहे जात देंहारक काथा अ सि सियाहि. তাহাও বোধ হয় না। কে ইনি ? কিছক্ষণ পরে আমার জোষ্ঠ জিজাস। করিলেন, 'মহাশয় স্বয়ং সভায় উপস্থিত হইয়া এ বিষয়ের বিচার করি-লেই ত ভাল হয় গ'

ভট্টা। ना, वाशू. रमथारन याँहेवांत आमात्र विरमय आपछि आर्छ। জোঠ ৷ তা হ'লে আপনার নাম ধাম সমস্ত যদি অনুগ্রহ করিয়া বলেন, তা হ'লে সভায় আপনার পরিচয় দিয়া আমরা সমস্ত কথা বলিতে পারি। নতুবা যে প্রশ্নের মীমাংদা ২৫।৩০ জন পণ্ডিতে তুই দিন বিচার করিয়া করিতে পারিলেন না. আমাদের মত সামাত ছাত্রের দারা তাহার মীমাংদা হইলে লোকে কি মনে করিবে ?

ভটা। আমার নামধামও এখন বলিতে পারিব না। তোমরা শুধ ভোমাদের শিক্ষকের কাছে বলিবে যে একটি অপরিচিত ব্রাহ্মণের সহিত পথে সাক্ষাৎ হইল। তিনি এইরূপ মীমাংসা করিয়া দিয়াছেন।

व्यामि। व्यामारमञ्ज भिक्कक मीमाश्त्रा श्वनिश्रा त्य छेखन्न मिरवन. আপনাকে কিরুপে জানাইব ? কোথায় আপনার সাক্ষাৎ পাইব ?

ভট্টা। এই পুষ্টিনীর ঘাটেই আমাকে কল্য প্রাতে দেখিতে

পাইবে। কিন্তু আর কাহাকেও সঙ্গে আনিও না, তাহা হইলে আমি দেখা দিব না।

এই বলিরা তিনি গাত্রোখান করিয়া বেগে প্রস্থান করিলেন। আমরা সকলে বিশ্বরবিক্ষারিত নেত্রে তাঁহাকে দেখিতে লাগিলাম। পরে অদৃষ্ঠ হইলে আমাদের গন্ধব্যপথে গমন করিলাম।

প্রস্থিলীতে উপস্থিত হইয়া, প্রথমে শিক্ষক মহাশয়ের সহিত সাক্ষাৎ করিলাম, এবং সমস্ত ঘটনা তাঁহাকে : আরুপর্ব্বিক বলিলাম। তিনি মীমাংসা শুনিয়া আশ্চর্যারিত হইলেন এবং আপনাদিগকে ধিকার দিতে লাগিলেন। এই সামাভ বিষয়, তুই দিন বিচার কবিয়াও ২৫।৩• জুন পণ্ডিতের মধ্যে কাহারো মন্তিকে আদে নাই। তিনি প্রথমে মনে করিয়াছিলেন, তর্কের মীমাংদা আমিই করিয়াছি, এবং পাছে পণ্ডিত মহাশয়েরা অপ্রস্তত হুন, সেই জন্ত একটি কাল্পনিক পণ্ডিতের গল্প রচনা করিয়াছি। তিনি আমার অনেক সাধুবাদ করি-লেন এবং আমার হারা তর্কের মীমাংসা হইয়াছে, এইরূপ কথা সভাতে বলিতে উত্তত হইলেন। আমরা অনেক কটে তাঁহাকে নিরম্ভ করি-লাম এবং আমাদের কথিত গলটি যে সত্য, তাহাও ব্রবাইয়া দিলাম। छिनि अपनककन हिन्छ। कतिया विनातन, "एठामता एयक्रभ वर्गना कति-তেছ সেত্ৰপ আকৃতি বিশিষ্ট পণ্ডিত যে বৰ্দ্ধমান জেলায় কখন দেখিয়াছি, তাহা শ্বরণ হয় না; তবে ভিন্ন দেশ হইতে আসিতে পারেন। ভাল. সভাতে গিয়া দেখি: চল, যদি কেহ তাঁহাকে চিনিতে পারেন।''

সভার সকলেই তর্কের মীমাংসা শুনিয়া আশ্চর্যাধিত হ**ইলেন।**অপরিচিত ভট্টাচার্য্য মহাশন্ত্র সমন্ত্রে তাঁহারা আমাদিগকে অনেক প্রশ্ন করিলেন, কিন্তু কেহই তাঁহাকে চিনিতে পারিলেন না। অনেকে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে চাহিলেন, কিন্তু যথন শুনিলেন যে আমাদের

পাঁচজন বাতীত আর কাহারও সহিত তিনি সাক্ষাৎ করিবেন না, ভখন ভাঁহারা সে অভিগাব ত্যাগ করিলেন। সেই দিন হইতে সভাও **ख्य बहेन এवर अधानक महान्द्रिया आनन आनन गृट्ह क्ष**ावर्श्वन कवितात ।

পরদিন প্রাত:কালে বিভালয়ে বাইবার পথে পুনরায় ভট্টাচার্যা মহাশরের সহিত আমাদের সাক্ষাৎ হইল। তর্কের মীমাংসা যেরূপ ভাবে সভার গৃহীত হইরাছিল, ভাহা শুনিরা তিনি সম্বষ্ট হইলেন। আমাদের পাঠ সম্বন্ধে অনেক কথাবার্তা কহিলেন এবং অনেক নুতন বিষয় আমাদের শিখাইলেন। প্রায় এক ঘণ্টা এইরূপ কথা-বার্তার পরে তিনি বলিলেন, সপ্তাহে ছুই দিন ( শুক্রবার আর শনিবার) আমার সহিত তোমাদের এইথানে সাক্ষাৎ হইবে। যদি কোন বিষয়ে জিজ্ঞানা করিতে ইচ্ছা কর, অথবা কোন বিষয়ে বিচার করিতে ইচ্ছা কর, দেই ছই দিনে হইবে। আজ শনিবার, আগামী ভক্রবার পুনরায় সাক্ষাৎ হইবে। এই বলিয়া তিনি প্রস্থান করিলেন। আমরাও বিগ্রালয়ে গমন করিলাম।

ক্রমাগত এক বংসর কাল প্রতি শুক্র ও শনিবার তাঁহার সহিত পুছরিণীর ঘাটে সাক্ষাৎ হইত এবং শাস্তালোচনা ও অক্সান্ত নানা বিষয়ের কথাবার্তা হইত। তাঁহার নিকট আমরা অনেক বিষয় निका कविलाम।

একদিন প্রাতঃকালে ভট্টাচার্য্য মহাশয় আমাদিগকে সহাস্তে বলিলেন, "প্রায় এক বৎসর হইল. তোষাদের :সহিত আমার পরিচয় হইয়াছে; এই সময়ের মধ্যে আমার ছারা কি তোমাদের কোন উপকার হইরাছে প **আমার কাছে কি কিছু শিথিতে পারিয়াছ ?"** 

আমরা কৃতজ্ঞতার সৈহিত উত্তর করিলাম, "অনেক নৃতন ও

প্ররোজনীয় বিষয় আপনার নিকট শিক্ষা করিয়াছি—তাহা পূর্বস্থলীর কি অন্ত কোন স্থানের কোন পণ্ডিত আমাদিগকে শিধাইতে পারিতেন কি না সন্দেহ। আপনি আমাদের প্রত্যেককে এই অন্ত সময়ের মধ্যে সকল শাল্পে স্থানিকত করিয়াছেন। আমাদের শিক্ষকের নিকট আমরা ষেরূপ ঋণী তদপেক্ষা অধিক ঋণী আপনার নিকট। আপনার ঋণ আমরা পরিশোধ করিতে পারিব না।"

ভট্টাচার্য। (সহাস্তে) ভাল তবে আমার একটি উপকার কর। আগামী পূর্ণিমার দিন আমি একটি যক্ত করিব তাহার উদ্যোগ করিয়া লাও।

আমরা সকলে একবাক্যে তাঁহাকে সাহায্য করিতে প্রতিশ্রত হইলাম।

দেখিতে দেখিতে পূর্ণিমার দিন উপস্থিত হইল; আমরাও তাঁহার আজামত ফুল, ফল, ত্ম্ম, ঘুত, মিষ্টার প্রভৃতি সমস্ত সংগ্রহ করিলাম। কেবল একটি কচি প্রীফলের অনটন হইল। পণ্ডিত মহাশার ঐ প্রীফলের কথা পূর্বে বলিতে বিশ্বত হইয়াছিলেন। (বোধ হয় ইচ্ছা করিয়াই বিশ্বত হইয়াছিলেন)।

শ্রীফলের অনটন উপশব্ধি হইলে, পুদ্ধবিণীর ঘাটের নিকটস্থ একটি বিষরক্ষ দেখাইয়া তিনি বলিলেন, দেখ দেখি ঐ বৃক্ষে কচি শ্রীফল আছে কি না। আমরা বৃক্ষের নিকট গিয়া দেখিলাম একটি মাত্র ফল অভি উচ্চ শাখায় এরূপ স্থানে অবস্থিত রহিরাছে যে, দেখানে উঠিয়া কিংবা আঁকশি দিয়া পাড়া অসম্ভব। অনেক চেষ্টা করিলাম, কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইতে পারিলাম না। তথন ভট্টাচার্য্য মহাশন্ন বলিলেন, "আছো তোমরা বস আমি পাড়িতেছি। এই বলিয়া তিনি কাষ্ট-বিড়ালের স্থায় অতি স্ক্ষ ভালের উপর দিয়া তড়তড় করিয়া বৃক্ষে

श्राद्राह्ण कतिशः कलि श्रानयन कतिरलन । छाँशत कार्या प्रथिशे আমরা ভয়ে বিশ্বয়ে নির্মাক হইয়া তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগি-শাম। কিন্তু তিনি তথন কিছুই বলিলেন না।

ঈষৎহাস্ত করিয়া বলিলেন, "এখন সমস্ত আন্নোক্তন হইয়াছে: আমি যজ্ঞ আরম্ভ করিব, তোমরা এখন যাইতে পার। কলা পুনর্কার আমার সহিত সাক্ষাৎ করিও। আমাদের তথন এরপ অবস্থা ইুইয়াছে যে, তথা হইতে পলাম্বন করিতে পারিলে বাঁচি। তিলার্দ্ধ বিলম্ব না করিয়া প্রহান করিলাম। প্রদিন প্রাত:কালে সভয়ে পুনর্কার পুক্রিণীর বাটে উপস্থিত হইয়া দেখিলাম, ভট্টাচার্য্য মহাশয় বিবমূলে উপবেশন করিয়া আছেন। কিঞ্চিং দূরে একথানি কলাপাতায় কিছু কল মিষ্টার প্রভৃতি রহিয়াছে। ঐ পত্র আমাদের দেখাইয়া বলিলেন. ''ঐ যক্তির প্রসাদ তোমরা গ্রহণ করিতে পার।'' আমরা ধৎসামান্ত গ্রহণ করিয়া তাঁহার নিকট উপবেশন করিলাম। ছই একটি কথার পর তিনি সহাত্তে বলিলেন, "কলা আমি যথন এফিল চয়ন করি, তথন তোমরা বিশ্বগায়িত হইগাছিলে—কেমন ? আমার কার্যা কিছ অস্বাভাবিক বোধ হইয়াছিল কি ?" আমরা পরস্পরের মুখ চাওয়াচায়ি করিতে লাগিলাম। পরে আমাদের মধ্যে একজন বলিলেন, "রাজ্ঞা হাঁ। আমরা আপনার কার্য্য দেখিয়া বাস্তবিক ভীত 😗 বিশ্বয়ান্তিত হইয়াছিলাম। আপনি যেরপে বক্ষে আরোহন করিলেন, পক্ষী বাতীত স্থুল দেহবিশিষ্ট কোন জীব সেরূপে আরোহণ করিতে পারে না. মন্তুষ্যের ত কথাই নাই।

ভট্টা। (কিঞ্চিৎ চিম্বা করিয়া বলিলেন ) তোমাদের সাহদ কিছু क्य-न्य १

আমর।। আজা না। আমরা কয়জনেই বেশ সাহদী। তবে

সহসা একটা অসম্ভব ঘটনা দেখিয়াছিগাম বলিয়াই আমাদের ওরূপ অবস্থা হইয়াছিল।

ভট্টা। আছো আজ যদি একটি অভি আশ্চর্য্য ও ভয়প্রদ কথা আমি তোমাদের কাছে ব্যক্ত করি, ভোমরা সাহদ করিয়া শুনিতে পারিবে ?

স্থানরা পুনর্মার বিশ্বয়ায়িত হইয়া পরস্পারের মৃথ চাওয়াচায়ি করিতে লাগিলাম। আবার কি কথা বলিবেন, ভাবিয়া ব্রেকর ভিতর ধড় ধড় করিতে লাগিল। কিন্তু বাহ্য সাহসে ভর করিয়া একজন বলিলেন—"আজা হাঁ, —আমরা গুনিতে পারিব, আপনি বলুন।"

ভটাচার্য্য কিঞ্চিং চিম্ভা করিয়া বলিলেন—"দেখ বাপু, যে কথা শুনিবে, তাহা অত্যাশ্চর্য্য হইলেও তোমানের ভীত হইবার কোন কারণ নাই। কারণ আনার দারা তোসাদের মঙ্গল বই কোন অমঙ্গল ছইতে পারে না। তোমরা স্থির হইয়া গুন, আমি মনুষ্য নহি। ভূত-ষোনি প্রাপ্ত হইয়া এরূপ ভাবে আছি। ৪০।৪৫ বংসর পূর্ন্বে এই পুদ্ধ-রিণীর নিকটই আমাদের বাটী ছিল। অবশ্র মেটে বাড়ী, কিন্তু আমা-দের অবস্থা মন্দ ছিল না। আমরা এই ভাই বিখ্যাত পণ্ডিত ছিলাম। ৰাটীতে বুদ্ধা মাতা ও আমাদের ছুই ভাইয়ের পরিবার ব্যতীত আর কেহই ছিল না। আমাদের বেশ স্থথের সংসার ছিল। একদিন রাত্রি-কালে হঠাৎ আমাদের বাটীতে ডাকাইতি হয়। আমরা ছই ভাই বেশ বলিষ্ঠ ছিলাম। বাটীতে ৪।৫ জন বিশ্বাদী ক্রমাণ ছিল। আমরা সকলে লাঠি হন্তে ডাকাইতদিগকে বাধা দিতে লাগিলাম। কিন্তু ভাহারাও হীনবল ছিল না এবং সংখ্যাতেও অনেক অধিক ছিল। কাজেই শীভ্ৰ আমরা পরাভৃত হইলাম এবং ছই ভাই ও তিনটি ক্ষাণ হর্ক তদের ষষ্টির প্রহারে প্রাণভ্যাগ করিলাম। অবশিষ্ঠ হুইটি ভূত্য বাটীর জ্রী- লোকদিগের লইয়া গ্রামান্তরে আমার এক আত্মীয়ের বাটাতে পৌছিরা षित । त्महे व्यविध ज्ञाति প্राप्त इहेन्ना **এहे हा**त्न व्याहि । **এ व्यव**-ऋात्र त्व कि कर्ष्ट चाहि, खाहा তোমাদের बानांहेर्छ शांत्रि ना। मिहे কষ্ট কতক প্রশমিত হইবে বলিয়া তোমাদের সহিত এই এক বংসর भाखानाश कतियां कार्राहेनाम। किन्द आमात करहेत भाष हरेबाटा कना आमात्र अवद्यात পतिवर्त्तन हरेटर। তোমাদের সহিত আজ শেষ (स्था। (महे क्या आंजा श्रकान कतिया विमाय नहेनाम।" वना वाहना বে আমরাও ব্ধাসাধ্য কৃতজ্ঞতার সহিত তাঁহার নিকট বিদাধ বইলাম ? পর্দিন তাঁহাকে আর তথায় দেখিতে পাইলাম না।

এই পর্যান্ত বলিয়া সার্বভৌম মহাশয় বলিলেন, "এইত ঘটনা আমার চক্ষের উপর ঘটিয়াভিল। বিখাস করা আর না করা তোমাদের ইচ্ছা। আমি জিজাসা করিলাম, ''মৃত্যুর পর সকলেই কি ভূতযোনি প্রাপ্ত হয় ? কি করিলে এই অবস্থার পরিবর্ত্তন হয়।"

সার্বভৌম। সে কথা অল্পে বুঝাইতে পারিব না। যদি ভোমরা জানিতে ইচ্ছা কর, তাহা হইলে কলিকাতায় আমার সহিত সাক্ষাৎ করিও। প্রির হইয়া এ বিষয়ে আমার যাহা বিশাস তোমাদের বুরাইতে চেষ্টা করিব। আমরা ঘাইব প্রতিশ্রত হইলাম, এবং ঠিকানা জানিরা শুইয়া সেদিনের মত বিদায় লইলাম।

সার্বিভৌম মহাশরের সহিত যে সকল কথাবার্তা হইরাছিল। তাহাও আমরা পাইয়াছি। পরে প্রকাশিত করিতে ইচ্ছা রহিল।

শ্ৰীরাথাল দাস চট্টোপাধ্যায়।

শীৰ্ক ''শলোকিক রহস্য'' সম্পাদক মহাশন্ন, সমীপেয

ৰহাপয়,

আপনার ''আলৌকিক রহস্য'' নামক পাত্রিকার নিম্ন বর্ণিত সত্য ঘট-নাটি প্রকাশিত করিলে বাধিত হইব। ইতি।

> শ্রীসত্যেক্তনাথ পালিত। ২০ নং গ্রে ষ্ট্রাট, কলিকাতা।

# হৃভিক্ষক্লিফ ব্যক্তির প্রেতাত্ম।

ছগলীসংরবাসী কারস্থ-বংশসমূত আমার জনৈক বন্ধ তাঁহাদের বাটীতে সংঘটিত নিম্নলিখিত আশ্চর্যা ভৌতিক কাণ্ডের বিষয় বলিয়া-ছিলেন। কোন বিশেষ কারণবশতঃ ও আমার বন্ধর বিশেষ অন্ধরোধে আমি তাঁহার নাম ও বাসস্থানের উল্লেখ করিব না।

তিনি বলিয়াছিলেন, তাঁহার পিতা বহুকাল হইতে ম্যালেরিয়া রোগপ্রস্ত ছিলেন। মৃত্যুর কিছু পূর্ব্বে একদিন তিনি গলাযাত্রা করাইতে
আদেশ করেন। পিতার আদেশমত আমার বল্ল আত্মীয়সঞ্জনসহ
তাঁহার গলাযাত্রায় বাহির হইলেন। কিন্তু তথন তাঁহার মুম্র্র অবস্থা।
সকলেই বলিল যে, পথেই তাঁহার জীবনের অবসান হইবে। কথায় বলে,
পথে মৃত্যু হইলেও গলাযাত্রার ফললাভ হয়। এই বাক্যে আখাসিত
হইয়া, তাঁহারা সকলে গলাভিম্থে অগ্রসর হইতে লাগিলেন। কিয়দ্বর
আগ্রসর হইয়া আমার বল্ল দেখিলেন যে, তাঁহার পিতার দেহ অসাড় ও
স্পান্দন রহিত। ইহা দেখিয়া তাঁহার বোধ হইল, তাঁহার পিতা ইহলোক
পরিত্যাগ করিয়াছেন। পরে তাঁহারা এক প্রকাণ্ড অখণ বৃক্ষের নিয়ে
আসিলেন, ও ক্লান্তিবশতঃ তথায় থাট নামাইলেন। অলক্ষণ পরেই

তাঁহারা বাহা দেখিলেন, তাহাতে সকলেই আশ্চর্যান্বিত হইয়া পেলেন।
আমার বন্ধর পিতৃদেহ এতক্ষণ শব বলিয়া প্রতীয়মান হইতেছিল, কিন্তু
সহসা তাহা নড়িতে লাগিল। কিছুক্ষণ পরেই শব-দেহের মুখে কথা
কৃটিল। তথন থাটে শয়ানাবস্থাতে থাকিয়াই তিনি আমার বন্ধুকে
সম্বোধন করিয়া কহিলেন, ''আমাকে নিদুর যাচ্ছিদ্ কেন ? ফিরিয়ে
নিরে চল্।" ইহাতে আমার বন্ধ্ স্তন্তিত হইয়া গেলেন ও উত্তরে কহিলেন, ''আপনিই ত গলাযাত্রা করিতে বলিয়াছিলেন!'' তাঁহার পিতা
উত্তর করিলেন, ''আমি সারিয়া উঠিয়াছি, আর লইয়া যাইবার আবশ্রকতা নাই, এখন বাড়ী চল।' ইহাতে আমার বন্ধ্ কিঞ্চিং বিস্মিত
যাইলেন বটে, কিন্তু পিতাকে আরোগ্যলাভ করিতে দেখিয়। অতিশয়
আহলাদিত হইলেন; স্তরাং সে বিস্ময় অধিকক্ষণ স্থায়ী হইল না।
তিনি পুন্ব্রার কথা না কহিয়া তাঁহার পিতাকে গ্রে লইয়া গেলেন।

পরনিবসেই তাঁহার পিতা সুস্থ হইয়া উঠিলেন ও বছকাল অনাহারক্ষনিত কুধার কাতর হইয়া পড়িলেন। আমার বন্ধ পিতার কুরিবৃত্তির
ক্ষমধানাধ্য চেটা করিতে লাগিলেন। তিনি যথনই যাহা চাহিতে
লাগিলেন, আমার বন্ধ তাঁহাকে তৎক্ষণাৎ তাহা আনিয়া দিতে লাগিলেন। কিন্তু ক্রমশঃ তাঁহার কুধার উপশম না হইয়া উত্তরোত্তর বৃদ্ধিই
হইতে লাগিল। তিনি পরিমাণে এত অধিক খাইতে লাগিলেন ধে,
তাহাতে সকলেই আশ্চর্যাাহিত হইল। প্রাতঃকাল হইতে না হইতেই
তিনি রন্ধনশালায় আসিয়া আহার্যা দিবার ক্ষম্ত পুত্রবধ্কে বারংবার আদেশ
ক্রিতেন। একদিন আমার বন্ধপানী কোন বাঞ্জনাদি হইবার পূর্বেই
তাঁহাকে তাড়াতাভি ভাত বাড়িয়া দিলেন। পরে যথন তিনি বাঞ্জনাদি
লইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন, দেখিলেন যে, তাঁহার শশুর মহাশ্বর সমুদ্র অর নিংশেষত করিয়া ফেলিয়াছেন, ও পুনরায় অরের নিমিত্ত

তাগালা দিতেছেন। বন্ধুপত্নী তাঁহার খণ্ডরদেবের কুধার আধিক্য বশতঃ পূর্বেই সেই হাঁড়ির সমস্ত অন্ন তাঁহাকে। দিয়াছিলেন। আবার কোথায় পান ? কিন্তু খণ্ডর ঠাকুর ছাড়িবার পাত্র নহেন, না দিলেই নয়। অতএব পুনরায় তাঁহাকে ভাত রাঁধিতে হইল। এক দিবস নয়. উপয়াপির কমদিবস বন্ধুপত্নী এইরূপে বাতিবান্ত হইতে লাগিলেন। তিনি অবশেষে এই কথা তাঁহার স্বামীর কর্ণগোচর করিলেন। বন্ধবরও ভাঁহার পিতার এইরূপ হঠাৎ বৈচিত্র লক্ষ্য করিয়া তৎসম্বন্ধে কিঞ্চিৎ সংশ্যাপর হইয়াছিলেন।

তিনি তাঁহার পরিচিত কোন ওঝাকে কথাসূত্রে এই বিষয়ের উল্লেখ করিলে, সে ইহাকে ভৌতিক কাণ্ড বলিয়া নির্দ্ধারিত করিল। একদিন বন্ধু এই ওঝাকে দঙ্গে করিয়া তাঁহার বাড়ীতে আসিলেন। বাড়ীতে প্রবেশ করিবামাত্র তাঁহার পিতা উপর হইতে তাঁহাদিগকে দেখিয়া চাংকার করিতে লাগিলেন, ও অপরিচিত ব্যক্তিটিকে গৃহে লইয়া আসিতে তাঁহার পুত্রকে বারংবার নিষেধ করিতে লাগিলেন। তাঁহার নিষেধ সত্ত্বেও বন্ধু ওঝাকে লইয়া গেলে, তিনি উহাদের প্রতি গালিবর্ষণ করিতে লাগিলেন। ওঝা গৃহপ্রাঙ্গণে আসিয়া মন্ত্রপাঠ श्वांता वांकी वक्षन कत्रिण এवः वातःवात छेटेळः त्रटत मञ्ज छेळात्रण ক্রিতে লাগিল। তাহাতে আমার বন্ধুর পিতাঠাকুর তীত্রশর-বিদ্ধের ভাষ ছট্ফট্ করিতে লাগিলেন। ওঝা প্রেভাত্মাকে গৃহ পরি-ত্যাগ করিয়া চলিয়া ঘাইবার নিমিত্ত অনেক করিয়া বলিতে লাগিল, কিছ সে কোন মতে ঘাইবে না। অবশেষে কাকুতি মিনতি করিতে শাগিল। ওঝাজিজাদা করিন "তুই কে ? তুই কি অমুকের বাপ ?" উত্তর হইল, 'না বাবা! আমাকে ছাড়িয়া দেও। গত হর্ভিকে আমি খাইতে না পাইরা মরিয়া যাই। সে দমর আমার খাইবার ইচ্ছা বড়ই

প্রবল ছিল। হঠাৎ গাছতলার এই (নিজ শরীরকে দেখাইরা দিরা) মডা শরীর অবন্থিত দেখিয়া ইহার মধ্যেই প্রবেশ করিয়াছিলাম। বাবা, কিছু বলিও না, আমাকে ধাইতে দেও।'' এই বলিয়া অনেক অমুনয় বিনর করিতে লাগিল। কিন্তু ওঝা কিছুতেই ছাড়িল না। সে বারং-বার মন্ত্রোচ্চারণ করিলে পর প্রেতাত্মা যাইতে স্বীকৃত হইল। কিরৎক্ষণ পরেই বন্ধবর দেখিতে পাইলেন, তাঁহার পিতার জীবনশূন্য দেহ পড়িয়া রহিরাছে, তাহাতে আর নডিবার সামর্থ্য নাই। তথন আমার বন্ধ জানিতে পারিলেন যে, তাঁহার পিতার বছকাল পূর্বেই বাস্তবিক মৃত্যু হুইরাছিল, এতদিন কেবল হুর্ভিক্ষপীড়িত মুত্রাক্তির প্রেতাত্মা তাঁহার মৃত দেহ আশ্রয় করিয়া তাহার জঠরজালা নিবারণ করিতেছিল।---''+

# সফল স্বপ্ন চতুষ্টয়।

আমার একজন বন্ধু কলিকাভায় বাস করিতেন। তাঁহার পঠদশায় তিনি নিমলিখিত চারিটি স্বপ্ন বিভিন্ন সময়ে রাত্রিকালে নিদ্রার সময় দেখিয়াছলেন। সে সময় তিনি দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীতে পাঠ কবিতেন।

১ম অপ্ন। দেখিলেন যেন তিনি কোন এক পল্লীগ্রামন্ত বিদ্যালয়ে অবধ্যাপনা করিতেছেন। স্থলের বাড়ীটি জীর্ণশীর্ণ। যে গৃহে বসিয়া তিনি পড়াইতেছেন, তাহার সমুথে বাটীর অঙ্গন। সে সময় মুখলধারে বুষ্টি পড়িতেছিল। গৃহগুলির ছাদের নলদিয়া প্রবলভাবে বুষ্টির জল অঙ্গনে পতিত হইতেছিল, গৃহের ভিতর বসিয়া তিনি তাহা স্পষ্ট দেখিতে-

मनीशनी (प्रथ।

ছিলেন। তথন যেন সত্য বলিরাই ধারণা হইতেছিল, স্বপ্ন বলিরা মনে হর নাই। কিন্তু নিদ্রাভঙ্গের পর উক্ত ঘটনা স্বপ্নের অলীক চিস্তা বলিরা ধারণা হইরাছিল।

হয় য়য়। পাহাড়ের উপর নির্মিত বাড়ী। বাড়ীর দোতলা ছাদের উপর তিনি শুইয়া আছেন। বহুদ্র পর্যান্ত তথা হইতে দৃষ্টিগোচর হইয়া থাকে। বাটাটী পাহাড়ের গাত্র হইতে বেন বহির্গত হইয়াছে। যাঁহারা পাহাড়ের উপরে নির্মিত বাড়ী দেবিয়াছেন, তাঁহারা ইহার বিষয় উপলব্ধি করিতে পারিবেন। যাহাহউক, রাত্রিকাল, কিঞ্চিৎ পূর্বেই সক্ষ্যা হইয়াছে। তিনি শুইয়া শুইয়া সিয়বায়্ সেবন করিতেছিলেন, এক অতি তীত্র উজ্জ্ব আলোক আসিয়া তাঁহার দেহের উপর পড়ি-য়াছে, এবং সমস্ত স্থানটীকে আলোকিত করিয়াছে। এইরূপ অবস্থার তিনি চিয়ায় নিময় রহিয়াছেন, এমন সময় তাঁহার প্রতাত তাঁহাকে ডাকিলেন। বলিলেন, প্রাণধন! আহার প্রত্ত হইয়াছে, থাইবে এস।" খুল্লতাতের আহ্বানে আমি আহার করিতে গোলাম। হঠাৎ নিজাভক হইল। তথন তিনি স্বপ্লের কুহক বুঝিতে পারিলেন।

তর স্বপ্ন। বিত্তীর্ণ প্রান্তর, চারিদিকে মাঠ ধৃধ্ করিতেছে। মধ্যাক্ষ্
কাল, ক্র্যাদের মন্তকের উপর প্রচণ্ড কিরণ বিক্রিরণ করিতেছেন।
সেই প্রান্তরের উপর নৃতন রেলণাইন পাতা হইতেছে। তিনি বেন
রেলের কোন কাজ করিতেছেন। নিকটে একখানি অস্থারী চালা ঘর,
তৃণাচ্ছাদিত। তাহার ভিতর তিনি আছেন। তথন তাঁহার অত্যক্ত জর
ইইরাছে। জরের বেগে তৃষ্ণার ছট্কট্ করিতেছেন। মাঠের প্রচণ্ড
রৌজে, সেই তৃষ্ণা যেন আরও প্রবল করিতেছিল। যন্ত্রণার অস্থির
ইইরা উঠিতেছেন। এমন সমর যন্ত্রণার আভিশব্যে তাঁহার নিজাভল
ইইল। অমনই সেই অসহ যন্ত্রণা হঠাৎ কোথার অস্তর্হিত হইল।

8र्थ चथ्र । ताककीत्र विठातांगत्र, त्मन्त भूनी भामाभीत्मत्र विठातः হুইতেছে। বিচারাসন রক্তবন্ত্রে মণ্ডিত সেসন ক্ষক্র উচ্চ আসনে উপ-বিষ্ট। যথান্তানে প্রছবিবেষ্টিত আসামী দণ্ডায়মান। উকীল কাউন্সিল বথাস্থানে উপবিষ্ট। এমন সময় তিনি যেন জজের সম্মধে দাঁডাইয়। বক্তৃতা করিতেছেন। হঠাৎ নিদ্রাভঙ্গ হইল।

উপরোক্ত চারিটা স্বপ্ন-কথার সফলতা সম্বন্ধে আমার বন্ধু আমাকে यांश बिनबाहित्नन, जांश जांशावरे कथात्र नित्म वर्गना कविराजिह ।

তিনি বলিলেন, "প্রথম অপ্র দেখিবার পর ছই তিন বংসর গত হই-রাছে। আমি এন্ট্রান্স পাশ করিয়াছি। এল. এ. পড়িবার অর্থসামর্থ্য না থাকাতে, আমাকে স্কুলমাষ্টারি পদ গ্রহণ করিতে হয়। মাষ্টারীও করি, সঙ্গে সঙ্গে আমার নিজের পাঠ শিকা করি। এখন আমি একটা পল্লীগ্রামের বিভালয়ের :শিক্ষক। কিছুদিন পরে, একদিন গ্রীম-काल, देनमाथ अथवा देकार्घ मात्म, दिना विश्वहरतत ममन विश्वानम् ग्रह ৰসিয়া ছাত্রদের শিকা দিতেছি, এমন সময় হঠাৎ বৃষ্টি আসিল। ক্রমে ম্যলখারে বৃষ্টি ধারা পড়িতে লাগিল। বৃষ্টির শব্দে আমাদের পড়ান বন্ধ ছইল। একদৃষ্টিতে বাহিরের বৃষ্টিপাত দেখিতে লাগিলাম। স্কুলবাড়ী পাকা ইমারতের বটে, কিন্তু অতীব পুরাতন। আমার গৃহের সশ্বুথেই আক্র। সেই অক্সনের উপর ছাদের নল বাহিয়া প্রবলবেকে বুটির জল পড়িতে লাগিল। এই দৃশ্য দেখিয়া পূর্বকিথিত আমার স্থাের কথা হঠাং মনে উদিত হইল। ইতিমধ্যে একবারের জন্তও সে স্থপ্রকথা মনে হয় নাই। কিন্তু এখন স্মরণপথে আসাতে এক-বারে স্বপ্নদৃষ্ট পূর্ণ চিত্রটী মনে পড়িল। মিলাইরা দেখিলাম, স্ববি-কল সমস্ত মিলিয়া গেল। পূর্কের স্বপ্নের সময় ও এই সময় বেন আমার এক মনে হইতে লাগিল।

তৎপরে ধণাদমরে আমি এফ্. এ. পরীক্ষার উত্তীর্ণ হইয়া বি. এ. পড়িলাম; কিন্তু পরীক্ষার উত্তীর্ণ হইতে পারিলাম না। মনের ছংখে মুখ দেখাইব কেমন করিয়া, ভাবিয়া কলিকাতা পরিত্যাগ করিয়া পশ্চিমদেশে চলিয়া গেলাম। আমার এক খুলতাত রাজপুতানার অন্তর্গত আবু পর্কতে রেসিডেন্টের অধীনতার হেড কেরাণীর কার্যা করিতেন। আমি তথায় গিয়া উপস্থিত হইলাম। খুলতাত আমাকে আদরের সহিত রক্ষা করিলেন। আমি তাঁহারই গৃহে অবস্থান করিতে লাগিলাম।

আবু পাহাড়ের গাত্রের উপর বাটী নির্মিত হইরাছে। বাঁহারা পাহাড়ের উপর নির্মিত বাটী দেখিরাছেন, তাঁহারা তাহা বেশ বুঝিতে পারিবেন। আমি সেই বাটীর দোতলার ছাদের উপর একদিন শুইরা আছি। এই ছাদের উপর হইতে চারিদিকে বহুদ্র পর্যাস্ত দৃষ্টিগোচর হইরা থাকে। তথন সন্ধ্যা উত্তীর্ণ হইরা গিয়াছে। দ্রে রেসিডেন্সিগৃহের উপর উচেচ অত্যুজ্জ্বল মালোক জালিয়া দেওয়া হইরাছে। সেই আলোকরশ্যি আমার মুথের উপর আসিয়া পড়িয়াছে। এই সময় আমার খুলতাত নীচের তলা হইতে আমার নাম ধরিয়া ডাকিলেন, বলিলেন 'প্রাণধন! আহার প্রস্তুত হইরাছে, খাইবে এদ।'' ঠিক এই সময় আমার পূর্ব দৃষ্ট দ্বিতীয় স্বপ্রের কথা অকস্মাৎ মনে উদিত ছইল। স্বপ্রের চিত্র ও বাস্তব চিত্র যুগপৎ মনে চিত্রিত হইয়া বিশার্মন্দে অভিতৃত হইলাম।

কিছুদিন পরে আমি কলিকাতার প্রত্যাবর্ত্তন করিয়া চাকরির 6েষ্টা করিতে লাগিলাম। চেষ্টার ফণ ফলিল, চাকরি জুটিল। সেই সময় ঢাকা লাইন রেলপথ থোলা হইতেছিল, সেইখানে আমার চাকরি ইইল। সে সময় রেলের জন্ত কমি ক্রের করা হইয়াছে, मार्फ दिन-नारेन পাতিবার ব্যবস্থা হইতেছে। পল্লীগ্রামের প্রাম্তর, চারিদিকে মাঠ ধ্ ধ্ করিতেছে, ছারাযুক্ত বৃক্ষাদি তথার নাই। মধ্যে একথানি অস্তারী থড়ের ঘর আমাদের একমাত্র আশ্রর স্থান। একে রোদ্রের প্রথর উত্তাপে শরীর যেন ঝলসিয়া ঘাইতেছে, তাহার উপর তথন আমার অরের উপসর্গ।ূভৃষ্ণার ছাতি ফাটিতে নাগিন। স্থামি ষন্ত্রণার অন্থির হইরা পড়িলাম। অবশু তদানীস্তন বন্ধুগণ আমার সেবা ভূঞাষা করিতে লাগিলেন বটে, কিন্তু তথনকার ভূঞার যন্ত্রণার আমার তৃতীয় স্থপ্রকথা হঠাৎ স্মৃতিপটে উদিত হইল-শুমস্ত ষ্টনা করে করে মিলিয়া গেল।

কিছুদিন পরে রেলের চাকরি ছাড়িয়া আমি কলিকাতায় একটী চাকরী করিতে আরম্ভ করিলাম; এই সময় চাকরীর সঙ্গে সঙ্গে ৰাজীতে পড়িয়া বি. এ. পরীক্ষায় উত্তীর্ণ হইলাম। তৎপরে কর্মস্তক্ত আমাকে পঞ্জাব প্রদেশে ঘাইতে হয়। তথায় কয়েক বংসর পরে লাহোর বিশ্ববিত্যালয়ে বি. এল পঞ্চিয়া তাহাতেও উত্তীর্ণ হুইলাম। তথন বি. এল উপাধি ধারণ করিয়া আমি আমার মাতৃভূমি বাঙ্গালায় ফিরিয়া আসি। আমার জন্মভূমি হুগলী জেলায়। স্থভরাং এখন আমি ভগলী জেলা কোটে ওকালতি করিতে আরম্ভ করিলাম। এই সময় আমার হত্তে একটা খুনি মোকর্দম। চালাইবার ভার পড়ে। সেই মোকর্দমায় আমি ওকালভির বক্তৃতা করিবার জয় সেমন আদালতে গিয়া উপস্থিত হইলাম। সেসন কোর্টের জ্বজ্ব যেমন রক্তবর্ণ ৰনাতে আচ্ছাদিত তক্তার উপর বিচারাদনে বসিয়া থাকেন, এথানেও সেইরূপ রহিরাছেন। প্রহরিবেষ্টিত আসামী কাঠগড়ার দণ্ডারমান। উকীল কাউন্দিলগণ ষ্থাদনে আদীন। মোকৰ্দ্দমা চলিতে লাগিল। আমি ৰ্বের সমূবে বক্তৃতা করিয়া যেমন নিজ আসনে উপবিষ্ট হইব, অমনি

সেই আদানত গৃহের দৃশ্য দেখিয়া ও মামার বক্তার কথা মনে হইরা,
অকস্মাৎ পূর্বাদৃষ্ট চতুর্থ অপ্নের ঘটনার স্থাপষ্ট চিত্র আমার স্থারণপথে উদিত হইল। আমি তথন মনে করিতে লাগিলাম, আমি কি
পুনরায় অপ্ন দেখিতেছি।"\*

ক্রমে এই বিষয় বিস্তাহিত ভাবে আমরা আলোচনা করিব; এস্থানে আর অধিক বলিলাম না, কেবল ইন্সিত করিয়া রাখিলাম মাত্র। ক্রমে আমরা বিশদরূপে এই বিষয় বুঝাইয়া দিতে চেষ্টা করিব এবং দেই সময়ে এই শ্রেণীর ও এতৎসম্বন্ধীয় অস্তান্ত ঘটনাও যদিত হইবে।

আমাদের একজন কৃতবিদ্য বন্ধুর মুখে শুনিয়াছি, তিনি তাঁহার বিবাহের ব**হপুর্বে** স্বপ্নে ভাবী স্বশুরপুহের চিত্র দেখিয়াছিলেন।

বিবাহের দিবস তিনি সেই স্বপ্ন চিত্রের বাস্তব অবস্থান দেখিরা বিশ্মিত হইরাছিলেন। ইনি এখন বাংলার একটা জেলার সর্ব্বোচ্চ বিচারাসন অলম্কুত করিতেছেন।

আমার বন্ধুর নাম শ্রীপ্রাণধন বন্দোণাধ্যার। তিনি এক্ষণে কক্ষোএ ওকালতী ক্রিতেছেন।

অ: রঃ সঃ

শ্রীসঘোরনাথ দত্ত।

<sup>\*</sup> খপ্নে ভ্বলে কির ব্যাপার সকল লক্ষিত হয়। মন্তিক্ষের অবস্থা অনুসারে মানবে তাহা ধারণা করিতে সমর্থ হয় এবং ধারণা করিতে না পারিলে, তাহা অসম্বর প্রলাপবৎ প্রতীয়মান হয়। আমাদের নিদ্রার সময় স্থূল দেহ এথানে ( ভ্লোকে ) নিল্টেই ইইয়া পড়িয়া থাকে; কিন্তু মানবাত্মা কথনই নিল্টেই থাকিবার নহেন। তিনি তথন স্থান্ন দেহাবলখনে স্থান্ন জগতে বিচরণ করিয়া থাকেন। ভূলোঁকে কোন ঘটনা ঘটবার পূর্বে ( কথন বহুপূর্বেক কথন কিছু পূর্বের্ন) ভূবলোঁকে তাহা প্রতিফলিত ইইয়া থাকে। শক্ষিশালী মানব সেই প্রতিফলিত ঘটনা সময়ে সময়ে দেখিতে পাইয়া থাকেন। ইংরাজীতে একটা কথা আছে "coming events cast their shade before," অর্থাৎ ভবিষাৎ ঘটনা ঘটবার পূর্বের্ক তাহার ছায়াপাত হইয়া থাকে। স্থপ্নে এইছারা পাত প্রত্যক্ষ হয়। কেহ কেহ তাহা অন্ত সময়েও দেখিতে পান। স্বস্তঃইংরাজী উক্ত বাক্যের বিলক্ষণ সার্থকতা আছে। যাহা হউক, এইরূপ আমাদের মধ্যে অনব্যক্ত ঘটতেছে, আময়া অনেক সময় তাহা ধরিতে পারি না, বা উপেক্ষা করিয়া থাকি। এইরূপ হয়য়া থাকে বলিয়াই উপরিলিখিত ঘটনাগুলি বছপুর্বেন্ন আমাদের বল্ধ ব্যাণারার ভূবলেনিক দেখিয়াছিলেন।

## যমালয়ের পত্রাবলী।

( পূর্বপ্রকাশিতের পর )

#### দ্বিতীয় পত্ৰ :

আমি সেই হানে রহিলাম। শীঘ্রই অন্ধকার সেই হানকে সমাছের করিয়া ফেলিল। শীঘ্র ? মূর্ব আমি, তাহাই বলিয়াছি "শীঘ্র
সমাছের করিয়া ফেলিল।" কে জানে কতক্ষণ পরে সে স্থান সম্পূর্বভাবে অন্ধকারময় হইল! তবে এই মাত্র জানি গভীর ভিমির অভি
গাঢ় অভিশয় ঘনীভূত হইয়া আমাকে ধীরে ধীরে ঘেরিয়া ফেলিল।
এই না বলিয়াছি "শীঘ্র" ? আবার বলিতেছি, "ধীরে ধীরে!" আমি
তথন একেবারে আয়হারা, "শীঘ্র" ও "ধীরে, ধীরে" ইহারা প্রায়
বিপরীত অর্থবাধক হইলেও আমার মনে হইতেছে আমার ছটী উজিই
ঠিক।

দে যে কি ভীষণ অন্ধকার, তাহা বর্ণনা করা এক প্রকার আমার
পক্ষে অসন্তব। আর মর্ত্রাবাদী তোমরা! তোমরাই বা তাহা কিরুপে
অমুভব করিতে দক্ষম হইবে ? তোমাদিগের কল্পনালীবী কবিরাও
তাহা ভাবিতে পারে না। যুগ্যুগান্তরব্যাপী তঃথভার পুঞ্জীভূত হইয়া,
যক্ত্রপি কাহারও হাদরকে পেষণ করিতে থাকে, তাহার দে দময়ের
মনের অবস্থা যেইক্রপ হয়, এখানকার গাঢ় অন্ধকারের ভারেও আমার
মনের কতকটা দেই ভাব হইয়াছিল। আমি যেন অন্ধকারময় কঠিন
ত্ইটি পর্বত-শৃঙ্গের দ্বারা নিজ্পেষিত হইতেছিলাম। অন্ধকারময়ী
ভীষ্ণা বিভাবরীর করাল-দন্তগত হইয়া আমার নাড়বার শক্তি ছিল
না,—নিশ্বাদ শ্বাদ-প্রণালীতে আব্রু হইয়াছিল।

ভরে ও শীতে কম্পিত-কলেবর আমি, সেই অতি সঙ্কীর্ণ পাবাণ-কারাগারে যাতনা ভোগ করিতে গাগিলাম। যে আমি ইভিপূর্বে তোমাদিগেরই মত পার্থিব জীবনে বাসনার মোহন আকর্ষণে এক বিষয় হইতে বিষয়াম্বরে বিলাস করিয়াছি, ঐশ্ব্যামদে মত্ত হইয়া প্রলোক প্রদক্ত উথাপিত হইলে উপ্হাস করিয়া আসিয়াছি, কত আশায় হৃদয় বাঁধিয়া "কোথায় স্থুৰ, কোথায় স্থুখ" বলিয়া দৈহিক আমোদের জন্ম কত উৎদাহে ছুটাছুটা করিয়া আদিয়াছি, দেই আমি এখন কোথার ? यञ्जभात বিকলিতাক, নৈরাশ্র-অনলে দগ্ধ-হৃদয়, আত্মীয়-বিবর্জ্জিত, সঙ্গিহীন, মমতাহীন, বিজন-অন্ধকারে চলচ্চক্রিহীন একটী ভীষণ গহবরে আবন্ধ। এই অল্পকালমধ্যে কি বিষময় পরিণাম ! ভীত্র শীত ও প্রথর উত্তাপ, আমি এই উভয়ের দারা যুগপৎ আক্রান্ত হটলাম।

এটা ভয়ন্কর সত্যা এখানে বিপরীত-ধর্মী হুইটা ভার, তাহাদিগের শৌলিক বৈপরীতা বিশ্বত হইয়া মানবের যন্ত্রণাবৃদ্ধি করিতে মিলিত হয়। আমার মনে হইতেছিল যেন, আমার বহিরক, হিন্দৈলের তুষারমণ্ডিত গিরিশুঙ্গের দারা নিম্পেষিত, অথচ অভ্যন্তরে কে যেন ষ্পতি উত্তপ্ত ধাত্র-দ্রব ঢালিয়া দিয়াছে। নরকে যে আমি তীব্র মর্ম্ম-পীড়া ভোগ করিতেছিলাম—যে অবাবচ্ছিন্ন মৃত্যুত্তম তাহা ভাষার প্রকাশ করা এক প্রকার অসম্ভব। একটা অনির্বাচনীয় ভয়, অন্ধকারের বৃদ্ধির ষ্ঠিত আমার যাতনা-ক্লিষ্ট প্রাণকে অধিকার করিয়া বসিতেছিল। আমি এইমাত্র অপার্থিব মৃত্যু-যন্ত্রণা ভোগ করিয়া আসিয়াছি, কিস্ত আমার বর্ত্তমান যাতনার তুলনায় তাহা কিছুই নয়। মৃত্যুর পুর্বে বাতনার তীব্রতার, মাঝে মাঝে অচেতন হইয়া পড়িয়াছি, কিন্ত এখানেত চৈতত্ত্বের কোনও বিক্বতি নাই। মরণের পূর্বের যে

ষাতনা, যে মৃত্যুভয় চৈতত্ত্বের হ্রাস বৃদ্ধির সহিত তাহারও হ্রাস বৃদ্ধি আছে, কিন্তু এ যাতনার এখানকার এ নব মৃত্যুভয়ের বিরাম নাই, विष्ड्रम नार्डे. এमनकि कान ७ देवनक्षण नार्डे। त्मथात मन्नापन भन আর মরণভর থাকেনা, কিন্তু এখানের সে কি যাতনা, ভোমাদিগকে कि वनिव! मर्सकन ७३-एगन श्रान वाहित इन्हेम गाइटल्इ. जामि প্রাণকে বাইতে দিব না। শত চেষ্টায়ও ভাতাকে ধরিয়া রাখিতে পারিতেছিনা। মনে হইতেছে, আমি নিজে অসক্ত! জ্বর বিদীর্ণ করিয়া ষম্রণায় দীর্ঘনিশ্বাদ বাহির হইতেছে। কথনও কথনও করুণস্বরে সাহায্যের আশরে চীৎকার করিয়া উঠিতেছি.—"ওগো কে আছ. আমাকে রকা কর, আমার প্রাণ বাঁচাও।" কিন্তু কে দে কথা শুনিবে। কাহার প্রাণ আমার কাতরন্বরে ভিঞ্জিবে । সেখানে করুণাইবা কোথায় ? সে কাতরধ্বনি সে বিজন প্রদেশের মহাশুরুকে কেবল কাঁপাইল, চারিপার্মস্থ গিরিশুঙ্গগুলি যেন উপহাস করিয়া বলিয়া উঠিল, "ভগো কে আছ, আমাকে রক্ষা কর, আমার প্রাণ বাঁচাও।" সেই উপহাসধ্বনিতে স্থামার প্রাণ ক্ষোভে, নিরাশায় যম্ত্রণায় চরুচরু কাঁপিয়া উঠিল।

তোমরা জান-প্রতি রাত্তি জনিদ্রায়, রোগ-মন্ত্রণায়, মর্ম্মান্তিক ছ:শে পড়িয়া থাকায় কি কষ্ট; কি হ, এখানকার এক রজনীর যে যন্ত্রণা ভাহার তুলনায় দেটা কিছুই নয়: ভাহা ইহার নিকট অভি স্থথকর বলিয়া মনে হয়। তোমাদিগের দেই ক্ষণিক ছঃথ, নিদ্রাদেবীর আগমনী-স্তোত্তে পরিণত হয়: প্রকৃতিদেবী অতিয়ন্তে আপন সম্ভানকে আছে স্থান দেন, এবং তন্ত্রা আসিয়া তাহার সকল যন্ত্রণা দূর করিয়া দেয়। সে প্রকৃতির ক্রোড়ে কত কি স্থথম্বপ্ন দেখিতে দেখিতে. নষ্টশক্তি পুনরার লাভ করে। জাগরণের পর তাহার সন্মিত বদন ভারাক্রাপ্ত व्याचीप्रमिश्वत मत्न व्यामात मकात ७ व्यानसर्वक्रम करत ।

হে মর্ত্তাবাসী, তোমাদিগের যতই কেন দৈয়, বিপদ বা হৃদয়হালা উপস্থিত হউক না, ভোমরা যদাপি ভাবিতে পার, দে সমন্ত কাল্লনিক, यमानि कात्नव चालात्क जाशामित्रव উत्मिश्च वृक्षित्व भाव, जाश হইলে আর তোমাদিগের কোনও ত্রঃখ থাকেনা। তোমাদিগের সুল-ৰগতে, বুক্ষ লতা পশু, মতুষা, ইত্যাদি সূত্ৰ পদাৰ্থ গুলিই আপেক্ষিক প্রকৃত; কিন্তু, এইটি লাভ করিতে পারিলে মুথ হইবে, এইরূপ হইকে ত্রংথ হইবে, ইত্যাদি রূপ যে রাগ বা দ্বেষের অভিনিবেশ তাহা কাল্পনিক। তোমরা তথার কাল্লনিক স্থগতু:থের আশার ছুটাছুটি কর। এই গুলি "আমাদিগের" স্থা. এইগুলি "আমাদিগের" তুঃথ, ইত্যাদিরূপ আমিত বোধই সেথানে সর্ব্ব ফুণ ছ:থের কারণ। কিন্তু, এথানকার কথা অন্ত-রূপ। এথানকার গিরি, গুহা, বুক্ষ, মনুষা, পশু, ইত্যাদিরপ পারিপার্থিক সমস্ত বিষয়ই কাল্লনিক, কেবল মর্মান্তিক যাতনারাশি এখানে প্রকৃত। তোমাদের পৃথিবীতে মানবের নিজের মনের উপর, তাহার স্থপত্রংখ নির্ভর করে; কিন্তু, এখানে যন্ত্রণাভোগের উপর নরকভোগীর কোনও কর্তৃত্ব নাই। পৃথিবীতে বাসনা ও ইন্দ্রিয় চরিতার্থ করিতে গিয়া যে কর্ম্ম করিয়া আদিয়াছি, তাহা বীজভাবে; আমাতে বর্ত্তমান রহিয়াছে। মৃত্যুর পর ত্রণাকার পঞ্জুতাত্মক দেহ ভন্মীভূত হইয়াগিয়াছে; কিন্তু, এখানে যন্ত্রণা ভোগ করিতে যে ভোগদেহ ধারণ করিয়া আছি, তাহা প্রজ্ঞলিত অনল, জ্বল, অন্ত্র, স্থতীক্ষ কণ্টক, তপ্তদ্রব্য, তপ্তলোহ, উত্তপ্ত পাষাণ, এ সকল দারাও বিনষ্ট হইবার নহে। যন্ত্রণাভোগের অঞ্ এই দেহের স্ষ্টি.—যন্ত্রণাডোগের জন্তুই এই সমস্ত পারিপার্ষিক অবস্থার আবিষ্ঠাব।

हात्र, यमाणि এक है नि जा व्यानिङ । हात्र, यमाणि जलात (चीरत. কণেকের ভরেও এ ষন্ত্রণা ভূলিভে পারিতাম ৷ সেটা কি স্থাধর ৷ কি

শাস্তির! অঘটন-ঘটন-বুথা-আশার, কেন আমি নিজ যন্ত্রণার বুদ্ধি করিতেছি? আমার যাতনার কথা উল্লেখেই যেন হৃদয় তরণীভূত হইয়া অঞ্র আকারে পরিণত হইতেছে, নয়নযুগল বাষ্পে আবরিত হইয়া বাইতেছে। কিন্তু, কোণায় অঞ্ ় কোণায় বাষ্প ় ওগুলা তোমা-দিগের পৃথিবীর কথা। যাতনার পরিচয় দিতে তোমাদিগের পার্থিব বাতনার অমূচর অঞাও বাঙ্গের কথা পূর্ব্বাভ্যাদে শ্বত:ই মনে পড়িল। অঞ বা বাষ্পের বহি:-প্রকাশ এখানে অসম্ভব; অন্তঃদলিল বাহিনী ফল্পর জলরাশির মত তাহা আমার ভারাক্রান্ত প্রাণকে আরও গুরুভারে নিম্পেষণ করিতে লাগিল।

এইরপে আমি অনম্ভকাল-ব্যাপিনী রজনীতে শৈলপিঞ্জরে আবদ্ধ হইয়া মহাযাতনার অতিবাহিত করিতে লাগিলাম। তাহাকে ঠিক রজনী বলা যায়না; পৃথিবীর ভীব্রতম হঃথনিশাও ইহার তুলনায় আসিতে পারেনা। তথাকার মৃত্যুরজনীও অনেক স্থ-প্রদায়িনী। বাহিরে তীত্র শীত, অন্তরে পাপ ও পাপবাসনা-রূপিণী ছুইটী অগ্নিশিখা ধক্ধক্ জ্ঞলিতেছিল। কথন পাপ শিখা, কথন বা পাপ-বাসনা-ক্লপিণী শিখা উজ্জ্বতর হইতেছিল। স্থামার চিস্তারাশি বিশুষ ইন্ধনের মত এই চুইটা শিখাকেই বৰ্দ্ধন করিতেছিল।

অতীত-জীবনের আমার পাতকরাশি। সে সমস্ত মারণে আমায় আর এখন কি ফল ? কিন্তু, আমার সেই সমস্ত স্মৃতি-অবরোধ করিবার কোনও শক্তি নাই। সে পাপ জীবনের শেষ হইয়াছে। মৃত্যুরূপিণী ধবনিকা ভাহাকে মানব-নয়নের অন্তরাল করিয়াছে। কিন্তু, আমারত দে পাপ-কাহিনী বিশ্বত হইবার সামর্থ্য নাই! অতীত-জীবন-প্রস্তিকা আমার নয়ন সন্মুথে উন্মুক্ত। তাহার প্রতিপৃষ্ঠা, প্রতিছত্র অতি উজ্জন বর্ণে-আছত; আমাকে তাহা মহা অনিচ্ছাসত্ত্বেও পড়িতে হইতেছে।

আমি এখন বেশ ব্ঝিতে পারিরাছি যে, আমি একজন মহাপাপী।
জীবদশার স্বপ্নেও এ জ্ঞান আসে নাই। লোক-সমক্ষের অগোচরে অমুষ্ঠিত
আমার পাপরাশিকে আমার নিজের সন্থিং-ক্ষেত্রেও আসিতে দিই নাই।
স্থান্তের অভি নিগৃঢ়প্রদেশে তাহাদিগকে আবদ্ধ রাথিয়া তাহাদিপের
চারিপার্শে এরপভাবে অহজারকে প্রহরিকতার কার্য্যে নিযুক্ত রাথিয়া
ছিলাম যে, তাহাদিগের বার বার উচ্চ আবেদনও আমার চৈত্তক্তকে
তাহাদিগের দিকে আরুষ্ট করিতে পারে নাই। কথন কথন হয়ত আমার
অস্তরাক্ষা আমার বাহুচৈত্তক্তকে সাবধান করিয়া দিয়া থাকিবে, কিন্তু,
তাহা এত মৃত্ভাবে যে আমি তাহা উপেক্ষা করিতে কথনও সঙ্কোচ বোধ
করি নাই।

কিন্তু, এখন সমস্ত পাপকাহিনী আমার স্মরণে আসিতেছে। আমার এতবার পদস্থলন হইয়াছে, আমি একদিনও তাহা ভাবি নাই! অভিসামান্ত প্রত্যবায়ও আমাকে মর্মান্তিক ভং সনা করিতেছিল। তোমাদিগের জগতের নিকট পাপের গুরুত্ব বা লঘুত্ব আছে; এখানে কিন্তু, সমস্তই সমান ভীষণ বলিয়া মনে হয়। তোমরা যাহাকে পাপই বলনা, সেই সামান্ত প্রত্যবায়ও অতিরক্জিতভাবে বিক্বত মৃর্ট্ডিধারণ করিয়া আমার প্রাণকে দংশন করিতে লাগিল। একটীর পর, আর একটী এইরূপে আমার সমস্ত পাপ ক্রিয়া ও চিন্তা আমাকে উন্মন্ত করিয়া তুলিল। যাতনায় জর্জেরিত হইয়া যে দিকে দেখি, সেই দিকেই সেই ভীষণ ছবি। প্রাণ যে ক্রণেকের ভরেও বিশ্রাম লাভ করিতে পারে, এইরূপ একটী চিত্রও দেখিতে পাইলাম না। এত অসংখ্য পাপ-স্থৃতির হারা পরিবেষ্টিত আমি! তথনকার আমার যে কি বাতনা, তাহা আর কি বলিব!

( ক্রমশঃ )

সেবাব্রভ পরিব্রাঙ্গক।

# পুনরাগমন।

#### (পূর্ব্ব প্রকাশিতের পর।)

( ১৩ ) '

ছোট ঠাকুরদাদার সঙ্গে সঙ্গে কি একটা মধুর নীরবভা গৃহমধ্যে প্রবেশ করিল। কোথার যাইতেছিলাম, কি করিতে যাইতেছিলাম, কেন যাইতেছিলাম, মুহুর্ত্তের মধ্যে বেন সব ভূলিরা গেলাম। প্রবেশ করিয়া ছোটদাদা কিছুক্ষণের জন্ম কোনও কথা কহিলেন না। পিতার শব্যাপার্শে বিসিরা তিনি অধোবদনে নীরব রহিলেন। চুরি করিয়া একবার তাঁর মুখের পানে চাহিলাম, দেখিলাম তাঁহার চক্ষে জ্বল ঝরিতেছে।

পিতা নীরব। আমিও কোন কথা কহিতে অশক্ত। ছোট দাদা কি গোপালের প্রতি তুর্ব্যবহারের কথা জানিতে পারিয়াছেন।

হার ! আমরা জীবনের কত পাপমুহুর্ত্তে কল্পনার অন্তের চরিত্রের একটা বিক্কত ছবি অন্ধিত করিয়া, সেই ছবিকেই প্রাক্ত মাত্র্য জ্ঞান করিয়াছি ! তাহারই সহিত প্রতিদ্বত্তায় কার্য্যতঃ নিজেই নিজের সহিত বৃদ্ধ করিয়াছি ! এইরূপ ভ্রমের অনপনোদনে কত হতভাগ্যের জীবন বিষ-ময় হইয়াছে ! কিন্তু যাহার জন্ত ভ্রম, সে আমাদের চক্ষে ধূলি দিয়া, হাসিয়া শীবন বহিয়া চলিয়া গিয়াছে ।

অনেকক্ষণ নীরবতায় অন্থির হইয়া পিতা যদি ছোট দাদাকে প্রশ্ন না করিতেন, তাহা হইণে হয় ত চিরকালই আমার ভ্রম থাকিয়া যাইত। ছোট দাদার চকুজনের কারণ আর নির্ণীত হইত না।

পিতা বলিলেন—"চকু-দ্বলের কি কান্ত করিয়াছি রমানাপ ?" ছোট দাদা মাথা তুলিলেন, উত্তরীয় বত্তে চকু মুছিলেন। তারপর

অর্দ্ধক-কণ্ঠে কহিলেন—''চকুজলের যথেষ্টইন্ত কাজ করিয়াছ রাধানাখ ! একটা মাতৃহান, পিতৃ-সত্ত্বে পিতৃহীন—একটা বালকের, তোমরা ব্রাহ্মণ-ৰম্পতী পিতা ও মাতার ভার লইরাছিলে। আমি ভোমাদের সেই মমতা ছি ড়িয়া, তাহাকে উপযুক্ত পাইয়া লইতে আসিয়াছি। গোপালের নারের মমতা স্মরণ করিয়া আমি চোথের জল ধরিয়া রাখিতে পারিতেছি না। তোমার সঙ্গে কথা কহিতে চেষ্টা করিতেছি, কে যেন কণ্ঠ রুদ্ধ করিভেছে।"

পরের কাছে অপরাধ করিলে তাহার ক্ষমা আছে, কিন্তু আত্মাপ-রাধীকে কে ক্ষমা করিবে ? ছোট ঠাকুরদাদার কথা একটা একটা মৌমাছির দংশনের মত আমার মর্ম্মে প্রবেশ করিতে লাগিল। মর্ম্ম-পীড়ার অন্থির হইয়া হুই হাতে আমি চকু আরুত করিলাম। সেই অবস্থাতেই পিতার উত্তর শুনিলাম। পিতারও শ্বর`পরিবর্ত্তিত হইয়া আসিয়াছে। তিনিও যেন গোপালের ভাবী বিচ্ছেদ-ভরে কাতর হইয়াছেন। পিতা বলিতে লাগিলেন – 'গোপালই তোমার ভাতুপুত্রবধুর সর্বায়। আমিও কি ভাহাকে ছাড়িতে পারিভাম ? কি করিব, দামোদরের দেবার ক্রটি হুইবে—ভাহাকে রাখিতে সাহদী হুইলাম না। গোপীনাথও জুং**ৰে অধী**র হইয়াছে ;"

চোথ খুলিতে যাইতেছিলাম। পিতার কথায় আরও জোরে চোথ চাপিয়া ধরিলাম।

ছোট দাদা বলিলেন—''কি করিব। সমস্তই বুঝিতেছি। দামোদরের শেবার ত্রুটির ভরেই তাহাকে দইয়া যাইতেছি। নহিলে কি পারিতাম ! ৰুঝিতেই ত পারিতেছ, তোমার অমুখের সংবাদ গুনিয়াও আসিতে পারি নাই। ভাগ্যে একজন বাহ্মণ আমাদের গৃহে অতিথি হইয়াছেন, তাই আসিতে পারিয়াছ।"

পিতা। যদিই ভাগ্যক্রমে আসিয়াছ, ভাহা হইলে হুই একদিন থাকিয়া যাও না।

দাদা। না রাধানাণ, আর অনুরোধ করিও না। দামোদরের ইচ্ছায় মা স্থুরধূনীর জ্বলে একবার অবগাহন করিতে পাইলাম, এই ষ্বেষ্ট। থাকিতে ইচ্চা থাকিলেও পারিলমে না। মায়ের নির্বন্ধাতি-শয্যে মনে করিলাম, বুঝি এ যাত্রা গোপালকে লইয়া যাইতে পারিলাম ना। ट्रनेट्स मार्त्यामदात रेड्डात द्रमारारे मिया, मार्त्यामदात नात्म द्रशालात्क জননীর কাছ হইতে ভিক্ষা লইয়াছি।

পিতা। তবে কি প্রত্যুষেই রওনা হইবে ?

দাদা। প্রত্যুষে! আবার মায়ের মন ফিরিলে যাইবার ব্যাঘাও ষ্টিবে। আমরা আজে রাত্রেই রওনা হইব। গোপালের মাতা গোপালকে আহার করাইভেছেন।

পিতা। তুমি কিছু খাইলে না ?

দাদা। আমি গঙ্গান্ধানের জন্ম উপবাদী ছিলাম। স্নানান্তে এখানে আদিয়াই কিছু ফল ও হুধ থাইয়াছি। রাত্রে আজ আর কিছুই আহার করিব না।

পিতা আমাকে বলিলেন—"গোপীনাণ! তোমার দাদামহাশয়ের পার্থেয়ের জন্ম কাসিবাক্সে যে একশত টাকা আছে, তাহা আনিয়া দাও " এই ৰণিয়াই আমাকে চাবি গ্রহণ করিতে বণিলেন। আমি চকু খুলিবার অবকাশ পাইলাম। ছোট দাদা বলিলেন, "টাকা! কি হইবে? রাত্রেই রওনা হইতেছি; পথে দম্বাভয়; সঙ্গে অর্থ লইয়া কি পিতা পুত্রে দস্যহন্তে প্ৰাণ দিব ?"

পিতা বলিলেন—"বেশ, তোমরা ঘাইবার পর, আমি লোক দিয়া টাকা পাঠাইবার ব্যবস্থা করিব।" গোপালকে লইয়া ঘাইভেছ, বধন ধা ष्मन्देन इब्न, मःवाम मिरव। परिथा स्वन शोशास्त्र कोने कहे ना হয়।"

ছোট দাদা হাসিয়া বলিলেন—"দামোদর ভোমাদের পিতা পুত্রকে দীর্ঘঞীবী করুন। তোমরা বর্তমানে গোপালের কট হইবে কেন? একটা স্থদংবাদ ভোমাকে দিতে ভূলিয়া গিয়াছি। দামোদর কুপা করিল্লা-ছেন। কোম্পানী একটা থাল কাটাইয়া দিয়াছে। ভাহাতে আমাদের জলমগ্র জ্বমির কতকটার উদ্ধার হইয়াছে। এবারে ভাহাতে যেক্রপ শস্তের অবস্থা দেখিয়া আদিয়াছি, তাহাতে বোধ হয় ভবিষাতে আমাদের পিতা পুত্রের সংসার যাত্রা নির্বাহের জন্ম চিম্তা করিতে হইবে না। উভ-য়ের একরূপ সচ্চলেই দিন চলিয়া যাইবে।"

এইবারে আমি একটা কথা কহিবার অবকাশ পাইলাম। বলি-লাম—"দাদা মহাশয়। যদিই জমীর উদ্ধার না হইত, তাহা হইলেই কি আমরা থাকিতে আপনাদের অল্লের জন্ম চিন্তা করিতে হইত ? পিতা কি গোপালের সচ্চলতার ব্যবস্থা না করিয়া নিশ্চিস্ত থাকিতে পারিতেন্?"

দাদা হাসিয়া বলিলেন — "ভাই ! তোমার সদিচ্ছার প্রশংসা করি। আশীর্কাদ করি তুমি দীর্ঘজীবী হইয়া গোপালকে চিরদিন স্নেহের চক্ষে নিরীকণ করিও।"

পিতা বলিলেন--''এখনও কি নিশ্চিম্ভ হইতে পারিব। জমীর আহে সমস্ত ব্যয়ের সংকুলানের আশা করি না। মাসে মাসে গোপালের জন্ত আমাকে কিছু খরচ পাঠাইতেই হইবে।"

দাদা বলিলেন—"পারিলেই ভাল। কেননা গোপাল এখানে ঐশর্যোর মধ্যে পুষ্ট হইরাছে। সেধানে গরীবের চালে চলিতে প্রথম প্রথম তাহার কট্ট হইবারই সম্ভাবনা। তবে তা যদি না পার"--

আমি একটু যেন রোষের সহিত বলিলাম—''পারিবেন না, আপনি আগে হইতেই কেমন করিয়া ব্রিলেন ?"

দাদা। তা বুঝি নাই। সংসারের গতিক যেক্সপ দেখা যায়, তাহা-ভেই অমুমান করিয়া বলিয়াছি। বহুদিন চক্ষের অন্তরাল থাকিলে পুত্তের উপরেই মাতার স্বেহভাবের অনেকটা পরিবর্ত্তন হইয়া যায়।

আমি ইংরাজী আদৰ কামদায় অনেকটা অভ্যন্ত হইয়াছিলাম। সেই আদৰে তাঁহাকে বলিলাম—''অব্ভা আমাকে ক্ষমা করিবেন। দাদা মহা-শন্ন। আপনার এরূপ অভিমত প্রকাশে আমি কিঞ্চিৎ তঃখিত হইলাম। ইহাতে আমার পিতাকে আমার সমকে ছোট করা হইতেছে।"

ছোট ঠাকুরদাদা বলিলেন—"ভাই। আমি মূর্থ। তোমার পিতা কিংবা তোমার মতন গুছাইয়া কথা কহিতে জানি না। তাই বলিতে-ছিলাম, যদি না পার--"

আমি এবারে দুঢ়ভর স্বরে বলিলাম—'মাবার না পার বলেন (क्न १

ছোট ঠাকুরদানারও শ্বর সঙ্গে সঙ্গে গন্তীরতর হইয়া গেল। তিনি উত্তর করিলেন—"ভবে বলি গোপীনাথ। তোমরা পারিবে না। কেন পারিবে না, একথার উত্তর এখন জানিবার জন্ম ব্যস্ত হইওনা। আপনিই জানিবে। তবে না দিতে পারিলে, আমার তাতে কিছুমাত্র হৃঃধ নাই।" এইবারে পিতার দিকে মুধ ফিরাইরা বলিলেন—"কিন্তু রাধা-নাথ! দামোদরের রুপায় তুমি ষথেষ্ট ঐশ্বর্যা করিয়াছ, ভবিষ্যতে আরও করিবে। যদি সেই দামোদরের জন্ম একটা পাকা ঘর, এবং গ্রামবাদীদের উপকারার্থে একটী পু্ছরিণী খনন করাইয়া দাও, তাহা হইলে আমার আনন্দের আর অবধি থাকিবে না ।"

এই কথা ওনিবামাত্র পিতা কুদ্ধ হইলেন। একে ক্লগ্ন, তাহার উপর

ছোট ঠাকুরদাদার কথা খালা মিষ্টভার ভিতর হইতেই কেমন একটা মর্শ্ব-ভেদী তীব্র রস কানের ভিতর প্রবেশ করাইতেছিল। বলিতে কি আমিও মনে মনে কুত্ব হইরাছিলাম। পিতা ঈষৎ রুক্ষভাবেই বলিলেন,—তুমি কি জেবা করিরা বিষয়ের সংবাদ লইতে আসিরাছ ?"

দাদা। যদিই সংবাদ লুই, তাহাতেই বা দোষ কি ? পাড়া-গাঁরের দরিদ্র আহ্মণের পুত্র সহরে আদিয়া নিজের পুক্ষকারে প্রভিষ্ঠালাভ করিয়াছ। এরূপ ঘর, এরূপ আসবাব, এরূপ দাসদাসী আমাদের বংশে আর কে কবে দেখিয়াছে ? আমার ভাগ্যে এইর্য্য এই প্রথম দেখা ঘটিল। প্রথমে আমি এ বাড়ীতে প্রবেশ করিতেই সাহস করিতেছিলাম না।

পিতা। তোমার ও হি<sup>\*</sup>রালীর কথা রাখ। বক্তব্য যদি কিছু **থাকে** তবল। বথা বাকবিভণ্ডা করিবার আমার শক্তি নাই।

দাদা। এত ক্রোধ করিতেছ কেন ? ঐশর্যের কথা তুলিরাছি এই ত আমার অপরাধ ? ঠাকুর ধরটী পাকা করিবার জন্ত অমুরোধ করি-রাছি। তুমি হাঁ কি না বলিরা এক কথাতেই ত তার উত্তরু দিতে পারিতে।

পিতা। ঐশ্বর্য্য করিয়াছি, একথা তোমাকে কে ব**লিল** ?

দাদা। লক্ষণ দেখিয়া বলিতেছি।

পিতা। তুমি স্বপ্ন দেখিতেছ। আমি এ যাবং এক পরসাও সঞ্চয় করিতে পারি নাই।

ছোট দাদা পিতার এই কথা শুনিয়াই গাতোখান করিলেন। পিতার এই উপর্কু উত্তরে তাঁর গমনোদ্যোগ দেখিয়া, আমি নিশ্চিম্ব হইতে বাইতেছি, এমন সময় ছোট দাদার কথা শুনিয়া আমরা পিতা পুক্তে উভয়েই চমকিত হইলাম। পঞ্চাশ বৎসর পরে আমি এই আখ্যায়িক। লিখিতেছি। পিতামহ এখন আর ইহ-সংগারে নাই। তথাপি তাঁহার বজ্ব-নির্বোষ-তুল্য কথা অটুট পান্তীর্য্যে আজিও পর্যান্ত আমার কর্ণে ধ্বনিত হুইতেছে।

ছোট দাদা বলিলেন—"রাধানাথ! এতক্ষণ ভোমাকে ভাল করিরা দেখি নাই, ভোমার কথা ভাল করিরা বুঝি নাই। দামোদর আমাকে করিদিন ধরিরা, গোপালকে দেশে লইরা যাইবার জন্ত উৎপীড়ন করিতেছিল। আমি বার বলিরা এ করিদিন ভাহা অগ্রান্থ করিয়া আসিতেছিলাম। এখন সমন্তই আমার চোথের উপর ঘটিয়া উঠিয়াছে। যথার্থ ইরাধানাথ! এখন দেখিতেছি, তুমি কিছুই সঞ্চর করিতে পার নাই। সঞ্চর কেন—কুলালার! তুমি পুণ্যাত্মা রামনিধি তর্কলকারের বংশধর হইরা, কলিকাভার উপার্জন করিতে আসিরা মূলধন পর্যান্থ হারাইরা কেলিরাছ।"

আমাদের পিতাপুত্রের চোধ বুজিয়া আসিয়াছে। কথার ঝহার
কীণ হইতে চাহিয়া দেখি খুল পিতামহ গৃহ হইতে নিজ্ঞান্ত হইয়াছেন।

সেই শেষ দেখা। তাহার পর আর ছোট ঠাকুরদাকে দেখি নাই।
পিতার সহিত আর কোনও কথা না কহিয়া, নিজের ঘরে আসিয়া শমন
করিলাম। সে রাত্তিতে কোথায় কি হইল, বলিতে পারিনা। রাঁধুনী
কথন ঘরে আহার্যা দিয়া গিয়াছে, তাহারও পর্যাস্ত থবর রাখি নাই।
আমি শ্যায় পড়িয়া চকু মুদিয়া কেবল চিন্তা করিতে লাগিলাম।

খুল্লপিতামহ পিতাকে বে তিরস্কার করিয়া গেলেন, তাহা আমার মনে আসিল না। পিতা স্বর্গতি পুস্তকে বালকবালিকাগণকে সত্যনিষ্ঠ হইবার জন্ত বারংবার উপদেশ দিয়াছেন। সেই পিতা নিজেই সত্যের অপলাপ করিতেছেন দেখিয়া, মর্ম্মে কেমন একটা বেদনা উপস্থিত হইয়াছিল। যদিও বৃঝিলাম, আমারই সেহের বশবর্তী হইয়া, আমারই ভবিষ্যৎ মঙ্গলার্থে, পিতা এইরূপ করিয়াছেন, তথাপি আমার মনোবেদনার

অপসারণ হইল না। শিক্ষরিতার নিজের পদস্থগনে, দীনবেশী মূর্থ ব্রাহ্মণের ডেজবিতার সমুধে, প্রচণ্ড পাঞ্জিত্যের অহস্কার লইরা, প্রভৃত ধনবশের অধিকারী অধ্যাপক পিতা আমার চক্ষে বড়ই ক্ষুদ্র, নিস্প্রভ,— জীবনহীনবং প্রতীয়মান হইলেন।

স্তরাং দে চিন্তা মনের ভিতরে স্থান দিতে আমার সাহস হইল না। কিন্তু অন্তর মধ্যে এক বিষম চিন্তা প্রজ্ঞানিত হইরা আমাদেক উত্তরোক্তর অস্থির করিয়া তুলিল।

ইহারা পিতা পুত্রে একি উনাদের মত কথা কহিতেছে! এদিকে গোপালের মা আদিয়া গোপালের পিতার আদিবার সংবাদ দিরা গেল, ওদিকে দামোদর ঠাকুর গোপালের দেবা পাইবার জন্ম ব্যাকুল হইরা তাহার পিতাকে জেদ করিয়া পাঠাইয়া দিল!

এসব কথার কি অর্থ আছে ? বাহাদের কাছে ইহার অর্থ জিল্পানা করিতে বাইব, তাহারা আমাকেই স্ব্লাগ্রে পাগন বলিবে। আর সোপাল ও তাহার পিতাকে এখনি ত শৃত্যলিত হইবার জন্ত পাগলা গারদে পাঠাইতে পরামর্শ দিবে। পূর্ব্বে মূর্থ, অদ্ধবিখাসী দেশবাসী এ সকল কথার আয়া স্থাপন করিতে পারিত। সেই সকল অদ্ধবিখাস দ্ব করিবার জন্ত দেশে ইংরালী শিক্ষার প্রবর্ত্তন হইরাছে। সেই জ্ঞানালোকে আলোকিত আমরা, এখন হিলুয়ানী বে একটা বিপর্যায় ভূল তাহা ব্বিতে পারিয়াছি। সেই সব রামায়ণ মহাভারত, সেই সব বিষ্ণু, ভাগবত প্রাণ—এখন বেঙ্মা বেঙ্মীর গল বলিয়া প্রতিপন্ন হইয়াছে। দেশের অর্দ্ধেক মনীয়া কেহ কৃশ্চান, কেহ বালা, কেহ বা নান্তিক হইয়া, পৌত্তলিকভার অপদার্থতা প্রতিপন্ন করিতেছেন; বৈজ্ঞানিক ক্ষারকে একজন বড় অঙ্কশান্ত বিশারদ বলিয়া শুদ্ধ মাত্র একটা সেলাম ঠুকিয়াই নিরম্ভ হইয়াছেন এবং তাঁহাকে পেন্সন্ দিয়া নিজেরাই তাঁহায়

কাজ করিতেছেন। আমাদের ক্লাদের মাষ্টার মহাশর বলেন – एडि সময়ে হয়ত একবার জারা বলিয়া কোন এক জীবের প্রয়োজন হুইরাছিল—তাঁহার কার্য্য হুইরা গিরাছে। এখন তাঁর থাকা না থাকা তুইই সমান। পৃথিবী যেমন ঘুরে, তেমনি ঘুরিতেছে; সুর্যা যেমন উঠে তেমনি উঠিভেছে। নির্দিষ্ট সময়ে স্থা অন্ত যায়, সন্ধা। হর, চাঁদ উঠে, ভারা ফুটে, কেহ তাহাদের বারণ করিতে পারেনা। ঈশর থাকিলে, অন্তঃ একদিন সথ্ করিয়াও তিনি বাধা দিজে পারিতেন। একদিন খেলার ছলেও পূর্ব্বের হুর্ঘ্য পশ্চিমে উঠাইতে পারিতেন, হটো একটা তারা আমাদের বাড়ীর কাণাচে ফেলিয়া রাখিতে পারিতেন। আমরা দেখিয়া শুনিয়া তাঁহার সামগ্রী আবার তাঁহাকেই ফিরাইয়া দিতাম। পোলাপের কাঁটা ভলিয়া লইলে কি কভি হইত ? ইকুতে ছ'টো একটা ফল ফলিলে কি আমরা সমস্তই পেটে প্রিয়া তাহার ভূষিষ্ঠ নাশ করিতাম ? মাষ্টার মহাশরের কাছে এইরূপ শুনিয়া ঈশ্বর সম্বন্ধে আর বয়সেই আমাদের প্রকট জ্ঞান জিমিয়াছিল। ঠিক সেই সময়েই আবার পূজাপাদ বিদ্যাসাগর মহাশয়ের বোধোলয় বাহির হইয়াছিল। আমরা তাই পড়িয়া বিশেষরপেই জানিয়া-ছিলাম-পুত্তলিকার চকু আছে, দেখিতে পায় না; কান আছে, শুনিতে পার না : পেট আছে, খাইতে পারে না। তাহার পর ভারতবর্ষের ইতিহাস পাঠে জ্ঞানটা আমাদের দৃঢ় হইয়া গেল। গিজনীর মামুদ সোমনাথের মাধা ভালিয়া চুর্ণ করিয়া দিয়াছে। কালাপাহাড় বেখানে ঠাকুরগুলাকে দেখিতে পাইরাছে, দেইথানেই ভাহাদের নাক কান কাটিয়া, পেট ফাটাইয়া পুরোহিতগুলার জুলাচুরির ঘারা অল্ল উপার্জনের পথ বন্ধ করিয়া গিলাছে 🕨 পুত্তলিকার চরণ থাকিতেও চলিবার শক্তি নাই বলিয়া কালাপাহাড়ের ভরে একটা ঠাকুর পলাইয়াও প্রাণ বাঁচাইতে পারিল না। অবচ ভাগদের ভোজনের খরচে সেই অনাধিকাল হইতে সূর্থ অজ্ঞানান্ধ ভারত-বাসী সর্ববাস্ত হইরা আগিভেচে।

ভবে কেমন করিয়া দামোদর কথা কহিল—দাদাকে অনুরোধ করিল! তাই কি ছাই এ পোড়া দামোদরের হাত পা আছে! আমাদের দামোদর শালগ্রাম শিলা—একটা কাল কুচকুচে মুড়ী। সাঝে
কেবল একটা গর্ত্ত। ভাহাতে সাপই আছে কি বেঙই আছে—ভয়ে ভুড়ি দিয়া কাছে বসিতে হয়। ভাহার মাথায় বিড়বিড় করিয়া কভকশুলা ফুল না ফেলিয়া, কলিকাভার আনিয়া কাগজ চাপা করিলে কাজে
লাগিত।

সারারাত্রি ধরিয়া চিস্তা করিলাম—মীমাংসায় উপনীত হইতে পারি লাম না। ফুড়ী দামোদর বিশমণ পাথরের ভার লইয়া বুকে চাপিয়া বসিল, তবু তাহাতে চৈতত্ত আছে একথা কিছুতেই বিখাস করিতে পারিলাম না। খুল্লপিতামহের কথায় শ্রন্ধা আদিল না। মনে করিলাম, এ সমস্ত ব্যাপার পিতা ও পুল্রের একটা ছজ্জের কৌশল। মুনে হইল, উভরে মিলিয়া তাহারা আমাদের সঙ্গে চাতুরী করিতেছে। কিন্তু করিয়া লাভ ? পুল্র এমন সম্পদ ছাড়িয়া চির হর্দ্দশাকে অবলম্বন করিতে চলিয়াছে, পিতা সেই অবস্থার পোষকতা করিতে পুল্রকে লইতে আনিয়াছে।

এমন উন্মন্ততা আর কেহ কি কখন দেখিয়াছে ? অথচ খুল্লপিতা-মহের কি শান্ত দৌমা মূর্ত্তি ! কি অপূর্ব্ব আত্মসংষম ! অক্রোধ, পরমা-নন্দময়—দরিক্ত হইয়াও পিতার সহিত বাক্যুদ্ধে যে ব্যক্তি অয়পতাকা বহন করিয়া লইষা গেণ, তাহাকে কেমন করিয়া উন্মন্ত বলিব ?

অর্থে লোভ শুন্ত, ঐশ্বর্থ্যে অবজ্ঞার হাসি—পিতার সঞ্চয় সম্বন্ধে বথার্থ অফুমান করিয়াও দীন বলিয়া, বংশের কুলাঙ্গার বলিয়া পুল পিতামহ পিতাকে যেরপ অবজ্ঞা করিয়া চলিয়া গেলেন ৷ হার ৷ চিস্তা সমুদ্রে ভাসিয়াও মুড়ীর ভিতর কি রস আছে, স্থির করিতে পারিলাম না চ

সমস্ত রাত্রি অনিদ্রা। প্রভাতমুখে বপ্ন। কি ভীষণ স্বপ্ন। আমি বেন এক জনহীন পার্বত্য প্রান্তরে চলিতেছি। জনবেশশুরু, খাপন সম্ভূল অরণাময় স্থান। সম্মুখে, অরণোর জাকাশভেদী বৃক্ষ সকলকে ষ্পতিক্রম করিরা, উচ্চ, বন্ধুর, সৌন্দর্যালেশশৃন্ত শৈলমালা। এমন কঠোর, বোধ হইতেছে যেন, স্নেহমন্ত্রী, চরণাশ্রয় ভিথারিণী শ্রাম। প্রাকৃতিকে চরণ দলিত করিয়া উগ্রন্থর্তি শৈলরাজ গগনচারী নিদাং মার্ক্তপ্তের প্রথব প্রতাপকে উপেকা করিতেছে।

সেই নির্ম্ম উষর পথের পথিক আমি একা। এ জগতে কেহ আমার সহচর ছিল, কিলা স্নাছে, তাহা আমার স্মরণেও আসিতেছেনা ৷ সঙ্গীর অভাবে আমি যেন মৃয়মান। জিঘাংস্থ খাপদের লোলুপদৃষ্টির বেড়ার মধ্যে আমি কাঁপিতেছি। সম্মুপের দুখে কিছুমাত্র চিন্তাকর্ষক সৌন্দর্যা নাই, তবু আমি নিয়তি-আরুষ্ট হইয়া সেই দিকেই চলিতেছি। কেন চলিতেছি. কোথায়ই বা চলিতেছি জানিবার জন্ম আমার প্রাণ ব্যাকুল হইতেছে। একটা চতুষ্পদেও ইঙ্গিত বিনিময়ে যদি আমার মানসিক প্রশ্নের উত্তর দেয়, ভাহা হইলেও যেন চরিভার্থ হই। পশ্চাতে কেহ থাকিলেও, না হয়, উত্তর জানিবার জন্ম তার অপেকা করি। কিন্তু পশ্চাতে মুখ ফিরাইতে, কেহ আছে কিনা দেখিতে আমার সাহস হইতেছে না।

क्टरम ८वाध ब्हेन विभाग श्रीखत क्रमभः मङ्ग्रीहरू ब्हेगा व्यामाटक কৃষ্ণিগত করিবার জন্ম ব্যগ্রতা দেখাইতেছে। খাপদখলা প্রান্তরের সন্থোচে বেন ক্রমশঃ অধিকতর নিকটবর্তী হইতে লাগিল। আসম মৃত্যু হইতে নিস্তার পাইবার জন্ত বহির্নমনের পথ অবেষণে সন্মুঞ্ ছুটিতে দেখি, শৈলতল সহসা উন্মুক্ত হইয়া আমাকে প্রাস করিতে মুখবাাদন করিল। পিছু হটিতে এক কঠোর কর, সেই গহুরের আমাকে
নিক্ষেপ করিবার জন্ম যেন আমার গলদেশ ধারণ করিল। যথাসাধ্য

েচিষ্টার কিঞ্চিৎ মুখ ফিরাইয়া দেখিলাম—আমার প্রিয়বল্ম শ্রামটাদ।
এ কপট বিশ্বাসঘাতক বল্পর হাত হইতে কে আমাকে রক্ষা করিবে প্
আমি চক্ম মুদিলাম, কি অন্ধকারে ভূবিলাম অনুমান করিতে পারিলাম না।

সেই অন্ধকারেই কার যেন কোমল অভয় কর পতনোন্মূথ আমাকে ধরিয়া ফেলিল। "গোপীনাধ! ভাই উঠ।" কি কোমল আখাসবাণী!

ধীরে ধীরে চোথ মেলিলাম। দেখিলাম গোপাল আমার শ্যাপার্ছে দাঁড়াইয়া আছে। আমাকে চোথ মেলিতে দেখিয়াই গোপাল বলিল— "ভাই বিদায় লইতে আসিয়াছি।"

ভক্রা যেন ভারে ভারে আমার আঁথিপলক নিরুদ্ধ করিয়া আবার আমাকে সংজ্ঞাহীন করিল।

কি আর বলিব গোপাল চলিয়া গিয়াছে।

( ক্রমশঃ )

শ্রীক্ষীরোদপ্রসাদ বিষ্ণাবিনোদ।

# मामाभ'गारअञ् यूनि।

(১৮৫ পৃষ্ঠার পর )

ব্যোমকেশের কথা শুনিয়া ভট্টাচার্য্য উঠ্ভর করিলেন, "ভায়া, আমি দেশ্চি তোমার এখনও আসল কথাটা ভাল করে বোঝা হয় নি। ৰীবাত্মা মূলত: সেই এক অনাদি অনন্ত মহাত্মার অংশ স্বরূপ। গীতায় বলেছেন '' মনৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ''। যতক্ষণ সেই মহাসন্থা উপাধিসম্বন্ধু প্রমাত্মা মাত্র ততক্ষণ তিনি অপ্রকাশিত. নিরবচ্ছিন্ন অন্তিত্বমাত্র, তভক্ষণ তাঁহার কোনই প্রকাশ নাই। কারণ প্ৰকাশ ব্যাপারের মূলেই একটা দ্বৈতভাব নিহিত রয়েছে; ধাহা প্রকাশ করে, এবং যাহা প্রকাশিত হয়। যিনি কেবল, যিনি শুধুই এক, তাঁর প্রকাশ নাই, হ'তে পারে না। সেই জন্ম যতক্ষণ অধৈত, তভক্ষণ অব্যক্ত, ততক্ষণ অচিস্তা। সেই অব্যক্ত ও অচিস্তা প্রমাত্মা বা প্রমপুক্ষ যথন প্রকাশাভিলাধী হন তথন তিনি প্রত্যগাত্মা ও মুলপ্রকৃতি রূপে ধিধা-বিভক্ত হন। এই প্রত্যগাত্মা হচেনে সগুণ ত্রন্ধ, যিনি সাধারণ ভাষায় <del>ঈখরপদবাচ্য। আর ঐ মূলপ্রকৃ</del>তি হচ্চেন তাঁর স্বষ্ট তাই তাঁরই চিস্তা-প্রস্ত। যেমন অধি হতে অসংখ্য ক্র্লিঙ্গ বহির্গত হয়, অথবা যেরূপ স্থ্য-মণ্ডল হতে অসংখ্য কিরণ রেখা নির্গত হয়, সেগুলি অগ্নি বা স্থ্যমণ্ডলের সহিত এক হয়েও পৃথক, সেইরূপ এই সগুণ ঈশ্বর হতে যে অগণিত জীবাত্মাসমূহ নির্গত হচ্চে ইহারা চির্রাদন প্রত্যগাত্মার বক্ষে বিরাজিত এবং তাঁহার সঙ্গে এক হ'য়েও পূথক। "একের" "বছ" হবার ইচ্ছাই ষ্ষ্টির মূলমন্ত্র—''একোহং বছস্তাম প্রজারেয়।" পরমান্তার এই বছ হবার ইচ্ছাই প্রথম,তাকে,—বিধা বিভক্ত ক'রে প্রত্যগাত্মা এবং মূল প্রকৃতি, কিম্বা

শশুণ ঈশর ও জগৎ এই হুইরপে পরিণত করে। আগেই বলেছি এই জগৎরূপ উপাধি ব্যতীত তাঁর প্রকাশ হতে পারে না; নিশুণ শুদ্ধতৈতক্তের প্রকাশ নাই, সে অবস্থা "অবাধ্যমন্সোগচরম্"। প্রকাশ হ'তে হলেই ভার শুস্ত উপাধির প্রয়োজন হয়, তাই জগতের করনা।

ভার পর শোন। আর্থার এই বছ হবার ইচ্ছা যত ঘনীভূত হতে থাকে, ভতই বহ্নি হ'তে কুলিঙ্গের ভান্ন তাঁর স্বরূপাংশ সমূহ প্রকৃতির পরিচ্ছন্ন কিয়দ্দংশের সহিত সংশ্লিষ্ট হ'রে জীবরূপে পরিণত হন। ইহারাই জীবাত্মা নামধারী। এখন এই ছুই অবস্থার পার্থকাটা বেশ করে প্রণিধান কর। প্রথমাবস্থায় অর্থাৎ যথন এরা ভগবানের মাতৃবক্ষে স্থপ্তভাবে ছিল, শরীরাস্তর্গত জীবলোক সমূহ যেরূপ শরীরের সঙ্গে একীভূত হ'রেই থাকে, একটা বিশেষ পার্থক্য থাকে না, সেইরূপ—তথন ইচ্ছাশক্তি জ্ঞান-শক্তি ও ক্রিয়াশক্তিরূপে ত্রিবিধ ঐখরিকশক্তি তাদের মধ্যে মূর্চ্চিতভাবে (in a latent state) থাকে, ক্রিয়াশীল (patent) ভাবে নয়। আত্মার যে প্রকাশিত হবার চেষ্টা, সেটা তাদের মধ্যেও আছে, কিন্তু সেটা ত্রারা এখনও সুম্পষ্টভাবে জানে না। এ অবস্থায় তারা আত্মবিদ্ নয়, কারণ এখনও ভারা ঈশবের স্বরূপে নিমজ্জিত আছে। তিনি আত্মবিদ, তিনি নিজের উদ্দেশ্য ও পথ পরিজ্ঞাত আছেন, এরা কিন্তু এখন সে বব কিছু णान ना। ইহার পর দিতীয়াবস্থা। এই অবস্থায় ঈশবের বহিম্পী• শক্তির বিকাশাধিক্য বশত: স্বাত্মা ও অনাত্মা এ হু'য়ের পার্থক্যের একট্ট আভাষ হয়. এবং তার সঙ্গে সঙ্গে ওই বিষয়ের একটা স্মুম্পন্ত জ্ঞান,—যে জ্ঞানে জগৎ হতে আত্মার স্বাতন্ত্রের একটা বিশেষ উপলব্ধি হয়, সেইরূপ একটা আত্মজ্ঞান বা ব্যক্তিত্বের লাভ করার ইচ্ছা, বিহাৎ ক্ষুরণের স্থায় ৰেগে উঠে: এবং দেই স্বাতম্বস্থীবন লাভেচ্ছাই তাহাদিগকে উপাধি **গ্ৰহণ** করিয়ে জীবাত্মারূপে পরিণত ক'রে প্রাকৃতিক রাজ্যে টেনে নিয়ে আসে,

কারণ এই প্রাক্তিক সংঘাতভিন্ন কিছুতেই তাদের ব্যক্তিষের আতান্তিক ক্ষুর্ত্তি বা বিকাশ হতে পারে না, এবং উপাধির অবলম্বনেই এই সংঘাত্ত কার্যা সাধিত হতে পারে। এই উপাধিসংযুক্ত ঈর্মরাংশগুলিই জীবাত্মা।

এখন বোধ হয় ভগবান যে বলেছেন "মমৈবাংশ জীবলোক জীবভূত সনাতনঃ" এই কথার অর্থ বুঝেছিদ এবং কি জন্ত আমি বলেছিলাম যে চৈতন্তস্থার আয়ার উপাধি-দম্ম ভিন্ন প্রকাশিত হতে পারে না, তাও স্পষ্ট হয়েছে। যে থানেই আত্মার প্রকাশ দেই থানেই তাহার এক প্রকাশদাধনোপযোগী শরীর আছে; তা দেই প্রকাশ সমষ্টি (universal) ভাবেই হোক্ আর ব্যন্তি (individual) ভাবেই হউক। আর সেই জন্তই প্রকৃতির বিভিন্নলোকে প্রকাশিত হ'বার জন্ত সেই দেই লোকের উপাদান দ্বারা নির্মিত, ভিন্ন ভিন্ন শনীর আছে।

ভূত্বঃ ইত্যাদি দপ্তলোকের কথা ইতিপূর্ব্বে তোকে বলেছি। প্রথমাবস্থার অর্থাৎ যতদিন না জীবাত্মা পুষ্টিশাভ করে, সম্পূর্ণ আত্মপরিচয় প্রাপ্ত হয়, ততদিন তাহার প্রকৃতি-রস-ভোগ বাসনা সম্পূর্ণ প্রবেশ থাকে, ততদিন নিমন্থ লোকেরই অর্থাৎ ভূগে কি, ভূবলে কি ও অর্লে কি এই ত্রিলোকেতেই,তাহার প্রকাশ বা অভিব্যক্তি হতে থাকে। এই অব্স্থার তাহার বারস্থার জন্ম ও মৃত্যু হয়। জীবাত্মা যথন ভূগে কি জন্ম পরি-গ্রহণ করে, তথন একটা স্থলশরীরের সহিত সম্বন্ধ হয়, এবং যাকে আমরা মৃত্যু ব্যাপার বলি সেটা ঘট্বার সময় সেই স্থলশরীরের সহিত সম্বন্ধ আবার খুচে যায়। তথন জীবাত্মা স্ক্রশরীর অবলম্বন করে, ভূবর্লোকে চলে বায়।

ব্যোসকেশ। আপনি যে বল্চেন জীবাঝা মৃত্যুকালে স্ক্রশরীর অবলম্বন ক'রে ভ্বলেতিক চলে যায়, তা মৃত্যুর সময় এই স্ক্রশরীর কোথা হ'তে আদে ?

ভট্টাচার্যা। তোকে আগেই বলেছি, জীবান্ধার সংসার ভ্রমণের

উদ্দেশ্রই হচে, আপনাকে সম্পূর্ণ ভাবে প্রকাশিত করা। এই পূর্ণাভি-ব্যক্তি সাধিত হ'তে গেলে ভাহার সমস্ত লোকে আত্মপ্রকাশোপযোগী উপাধি পূর্ব হ'তেই থাকা প্রব্যোজনীয়। আর দেই রূপই আছে। পুর্বেই বলেচি আত্মা বা চৈতন্ত উপাধি ভিন্ন প্রকাশিত হ'তে পারেন না। অতএব ভুরাদি সভলোকে প্রকাশ জন্ম জীবাত্মার করেকটি শরীর আছে। তার মধ্যে যেটি ভূলে কিবাসী জীবাত্মার উপ্ধি সেটির নাম স্থূল শরীর; ভূবলে কি ও স্বলে কি বাদের উপযোগী যে উপাধি তার নাম স্ক্রশরীর: এ ছাড়া আরও উর্দ্ধতম বা স্ক্রতম লোকভোগের জ্ঞ ষে উপাধি আছে, তার নাম কারণ শরীর। এই যে তিনটি শরীরের ৰুণা বল্লাম, এ তিন্টি বরাবরই আছে, তবে প্রভেদ এই যে কারণ শরীরটি নষ্ট হঁয় না, জন্ম হতে জনান্তরে বিভাগান থাকে, কিন্তু সূল ও সুক্ষ শরীরের বার বার পরিবর্ত্তন হয়।

ব্যোমকেশ। সে কেমন ক'রে হয় একটু বুঝিয়ে বলুন।

ভট্টাচার্যা। শোন্; পার্থিব জীবনের অত্তে প্রথমে সুল দেহের সজে জীবাত্মার সমন্ধ বিচ্ছিন্ন হয়, একেই আমরা সাধারণতঃ মৃত্যু বলে থাকি। মৃত্যু হ'লে পরে জীবাত্মার আরও হটি শরীর অবশিষ্ঠ থাকে। প্রথমতঃ হন্ম শরীর: এই শরীরটি কয়েকটি বিভিন্ন প্রকারের পদার্থে তৈয়ারী বলে এইটি অবলম্বন ক'রে জীবাত্মা পর্যায়ক্রমে ভূব: ও স্বলোক ভোগ ক'রতে পারে। কিন্তু বেমন ভূলে কি বাদের অন্তে স্থুলনেহের (বেদান্তের ভাষায় "অন্নময়কোষের") বিনাশ হয়, সেইরূপ ভূবর্লোক বাদের অত্তে স্ক্রশরী-রের যে অংশটি ভূবলে কের উপযোগী,—বেলান্তের মনোমর কোবের কতকটা অংশ, ( astral and lower mental bodies) তার বিনাশ হয়। তথন জীবাত্মা স্ক্র শরীরের স্মবশিষ্টাংশ,—মনোময় কোষের উৎ-কৃষ্টাংশ, (higher mental body) আশ্রন্ন ক'রে প্রবেশিকবাদী হয়। কিন্ত

এই বর্গবাদ তো আর চিরস্থায়ী নয়, যত দিন পুণা, তত দিন। পুণাক্ষয় •ছ'লেই পুনরায় মর্ত্তালোক প্রবেশের সময় হয়। "কীণে পুণ্যে মর্ত্তালোকং বিশক্তি' ভগবান নিজ মূথে গীতার বলেচেন। কিন্তু ভার আগেই মনোমর কোৰের বাকী অংশ টুকুরও পতন হয়, অবশিষ্ট থাকে কারণ শরীর,---বেদান্তের বিজ্ঞানমর কোষ, (causal body)। এট ২চ্চে জীবাত্মার স্থায়ী উপাধি। এটির বিনাশ হয় না; পরস্ত জনাজনাত্তরে কর্মধারা অর্জিড জ্ঞান রাশী এতে দফিত হতে থাকে এবং তদ্বারা এর উত্তরোত্তর 'বিকাশ বা অভিব্যক্তি সাধিত হয়। জীবাস্থার পর্মপ হচেচ আত্মা বুদ্ধি মনস্। ভূভূব: শ্বর, এই তিন লোকের বারম্বার ভোগ বারা জীবান্মার মনস্ ভাবের বিকাশ হয়; তাঁার অক্ত ভাব ছটি তৎপূর্বের অপ্রকটাবস্থায় থাকে। দেই জন্ম আপাততঃ খলেনিকর উদ্ধে মহলোককে জীবাত্মার স্থায়ী আবাদ ভবন বলে গ্রহণ করা যেতে পারে। এই স্থানে থেকে তাঁর বার বার নুতন বিকাশ হয়। স্বলেকি বাদের অস্তে যথন জীবাত্মা কেবল কারণ শরীরধারী হন তথন ভিনি আপনাকে চিনতে পারেন, কত জন্ম তাঁর হয়ে গিয়াছে সমুখে কিরূপ অবস্থা আসচে, এ সমস্ত তিনি বুঝিতে পারেন। কি উদ্দেশ্য অবলম্বন করে তিনি সংসার ভ্রমণ করেন তা তথন তাহার পুনরায় উপলব্ধি হয়, এবং সেই উদ্দেশ্য দিন্ধ করবার জ্ঞ অবাবার নৃতন দেহ ধারণ করবার জ্ঞা সচেষ্ট হন। তথন আবার একটি ফুল্ম শরীর সৃষ্টি হয়, এবং সেইটি অবলম্বন করে তিনি সুল্ম জগতে অপেক্ষা করতে থাকেন, পরে কালে উপযুক্ত পিতা মাতার দারায় তাঁহার নিজ প্রয়োজন সাধনোপযোগী একটি যুগ শরীর রচিত হ'তে আরম্ভ হলে মাতৃ গর্ভে প্রবিষ্ট হয়ে সেই স্থূল শরীরকে আশ্রয় করতে থাকেন এবং যথাসমূরে দেইটিকে অবলম্বন ক'রে নবজাত শিশুরূপে আবার কর্মক্ষেত্রে क्षा (पथा (पन ।

এখন বোধ হয় বুঝিতে পারলি, কেন আমি বলেছিলাম যে জীবাত্মা প্রথমাবস্থায় ত্রিলোকই আশ্রয় করে থাকে। ভূপেকি বাসের অস্তেই ভূববেশিক বাস করে পুণ্য থাকলে অবেশিকভোগ—তদনস্তর পুনরায় ভূবে তিক প্রভাবির্ত্তন এর নাম হল সংসার চক্র। সাধারণ মানব এই জন্ম মৃত্যুর চক্রের সঙ্গে আবদ্ধ; বাসনাই এই চক্রকে ঘুরাচে। যতদিন জীব বাসনার দাস ততদিন তাকে বার বার এই চক্রাবর্ত্ত পথে ঘুরতে হবে।

ব্যোমকেশ। দাদা ম'শাষ, আপনার কথার অনেক শিক্ষা লাভ করবুম। একটা কথা জিজাদা করি। আপনি শেষে বল্লেন ভূবলে কি-বাসের অন্তে পুণ্য থাকলে স্বর্গভোগ হয়। আপনার আগেকার কথায় বুঝেছিলাম যে যথন মহলে কি হচ্চে জীবাত্মার নিজের বাড়ী, তথন সকলেই একবার মৃত্যুর পরে ফেরবার পথে স্বর্গে বার। এ হটা কথার সামঞ্জত কোথায় ?

ভটাচার্য্য। স্বর্গে দকলেই যায় বটে, কিন্তু যার পুণ্য থাকে তারি ভোগ হয়। যার পুণ্য নাই, সে নাম মাত্র স্বর্গে যার, ঠিক যেন বুড়ি ছুঁছে আসা গোছের, আর সে সময় তার আত্মা ঠিক ষেন ঘুমিয়ে থাকে, কাজেই ভোগ হয় না। কাজে কাজেই স্বর্গে যাওয়া না যাওয়া ত'ার পক্ষে সমান। এখন জীবাত্মা স্বরূপ ও গতি সম্বন্ধে একটা মোটামুটি ধারণা হ'ল কি ?

ব্যোমকেশ। আজা হাঁ, এ গোময় পূর্ণ মস্তিকে যতদুর ঢোকবার তা চুকেছে। কিন্তু দাদা ম'শাম, এর মধ্যে তো ভূতের কথা কোণাও পেলাম না।

ভটাচার্যা। ওরে অত ব্যস্ত হ'স কেন! যদি এ পর্যান্ত কথাটা বুঝে থাকিস ভা হলে কাল ভূতের তত্ত্বটা বোঝাতে স্থক করবো।

( ক্রমশঃ )

গ্রীমলয়ানিল শর্মা।

## প্রেতাত্মার দপত্নী-বিদ্বেষ।

হুগলী জেলার কৈকাল গ্রাম অনেকেরই নিকট স্থপরিচিত। একমাক্র তাঁতের কাপড়ের জন্ত এই স্থান বিশেষ প্রসিদ্ধ। এই গ্রামে বিহারীলাল সরকারের বাস। চাস বাসই তাহার একমাত্র উপজাবা ছিল। বিহারী-লাল এক্ষণে স্বর্গীর। তাঁহার প্রথম পক্ষের পুত্র, শ্রীমান কিরণশনী, ২র পক্ষের স্ত্রী, জ্ঞানদাদাসী এবং তৎগর্ভজ সম্ভান অতুলম্বন্দরী ও শ্রীমান্ পঞ্চানন এখনও বর্ত্তমান। এই জ্ঞানসাকে লইরা অদ্যকার আধ্যায়িকা বিরচিত।

বিহারী সরকারের ১ম স্ত্রী অর্থাৎ (করণের মাতা স্থতিকা রোগে, মানব লীলা সম্বরণ করিলে তিনি তাহারই জ্বনী অর্থাৎ স্বীয় শ্যালিকা, জ্ঞানদাকে বিবাহ করেন। বিবাহের পর হইতেই প্রথমা স্ত্রীর প্রেতাত্মা নানা উৎপাত আরম্ভ করে। কোন দিন রন্ধন ভাগু দ্যিত করা, কোন দিন দ্রব্যাদির অপচয় করা, কোন দিন বা শায়িত দম্পতীর উর্জদেশে গৃহের আড়ার উপর পা ঝুলাইয়া বিসয়া থাকা, —ইত্যাদি। অনেক প্রকারের উপদ্রবই সে করিয়াছিল। প্রেতের এই অনিবার্য্য সপদ্মীবিদ্বেষ দেখিয়া সকলেই মনে করিয়াছিল—জ্ঞানদার গর্ভন্ন সম্ভান কোন রক্ষেই সে জীবিত থাকিতে দিবে না।

যথা সময়ে জ্ঞানদা গর্ভবতী হইল। প্রেত স্বপ্নযোগে ভাহাকে স্থানাইল—তুই আমার বহিন্। স্বতরাং বিনা দোষে তোর ছেলে পুলেকে মারিব না; ভবে আমার ছেলেকে (কিরণকে) যদি কোন অযদ্ধ ক্রিস,, তাহ'লে আর তোর ছেলেপুলের রক্ষা নাই।

স্বতরাং জানদা ভরে ভরে সপত্নী পুত্রের প্রতি নেহ করিতে লাগিল।

ষ্ণাক্তমে তাহার ১ম কন্তা ও ২র পুত্র ক্রেয় গ্রহণ করিল। সপত্নীর ক্রেতাত্মা যদিও এই সন্তানহন্তের কোন অনিষ্ঠ করিল না; কিন্তু বীর স্থানীর দহিত ভগিনীর দ্বৈত্বভোগ তাহার পক্ষে বড়ই অসহ্য হইরা উঠিল। দেখিতে দেখিতে জ্ঞানদা পাগল হইল। এই বাভুলাবস্থার দে কেবল সপত্নী জ্যোষ্ঠা ভগিনীর করাল ছারা অবলোকন করিত এবং স্থামীর সহিত তাহার অহিনকুল ভাব টুউপস্থিত হইরাছিল।

এইরপে কিছু দিন যাইল। বিহারী সরকার তাদৃশ লেখাপড়া না আনিলেও বড় সামাজিক ছিলেন। তিনি বেশ বুবিলেন বে, মৃতপত্নীর প্রেতাত্মার প্রতিকূলতাতেই "জ্ঞানদার" এই অবস্থা হইরাছে। অতএব অচিরে তিনি গরার পিগুদি দিবার ব্যবস্থা করিলেন। বে সমরে এই কার্য্য অনুষ্ঠিত হইল, তাহার পর হইতেই জ্ঞানদা প্রকৃতিত্ব হইল। এবং প্রেতের উপদ্রব প্রশমিত হইরা গেল। ছঃথের বিষর বিহারী লাল এ অবস্থার অধিকদিন থাকিতে পান নাই। শীঘ্রই তাঁহার মৃত্যু হইল। এখন আর কোন অভাচার-কাহিনী শুনা বার না।

শ্রীরাক্ত্মার বেদতীর্থ কাব্যভূষণ ( কৈকালা ছগলী )।

## পতি ও পত্নী।

এক ইংরাজ মহিলা লিখিতেছেন:—আমি ১৮৬৮ খৃ: অব্দের ২৪ শে
আক্টোবর তারিখে কোন কার্য্যোপলক্ষে চেল্টেন্হাম নগরে গমন করি
এবং একটি হোটেলে আশ্রয় লই। ঐ হোটেলে তৎকালে এক জীলোক
কঠিন পীড়ার ভূগিতেছিলেন। আমি বে রাত্রে সেধানে ধাই সেই
রাত্রিতেই তাঁহার মৃত্যু হয়। পরদিন প্রাতঃকালে আমি স্থানাস্তরে
বাইবার প্রস্তাব করিলে, স্থামী বলিলেন "আজ রবিবার। বিশেষতঃ

মৃতদেহের এখনও সংকার হয় নাই। এই অবস্থার ইতাকে ফেলিয়া গেলে লোকে নিন্দা করিবে।'' অগত্যা আমরা সে রাত্রি তথার থাকিতে বাধ্য হইলাম। আমরা বে ঘরটি লইরাছিলাম ঠিক ভাহার নীচের ঘরে শবটি শায়িত ছিল। সে যাহা হউক আমি যথা সময়ে শয়ন করিলাম এবং শীন্ত নিজিত হইলাম। বোধ হয় মধারাত্রে, কি জানি কেন, হঠাৎ ঘুম ভালিয়া গেল। নিজাভঙ্গে দেখিলাম শ্যার ঠিক পাদদেশে একটি বৃদ্ধ দণ্ডায়মান রহিয়াছেন। তাঁহার মুখটি কিছু গোণাকার। তিনি হাসিতেছিলেন এবং এক হাতে টুপিটি ধরিয়াছিলেন। একটা পাতনা ওয়েষ্ঠ কোট, ট্রাউসার এবং পুরাতন ধরণের একটা নীলবর্ণ কোট তাঁহার গাতে ছিল। কোটে পিতলের বোতাম লাগান ছিল। আমি যতই অধিক দেখিতে লাগিলাম, তত্তই চেহারাটি স্পষ্ট হইতে লাগিল। কিমৎকণ পরে, আমি ২।১ মিনিট চকু মৃদ্রিত করিয়া রহিলাম। চাহিয়া দেখি বৃদ্ধ আরু নাই।

এই অভূত ব্যাপারে আমি খুব বিশ্বিত হইলেও বিশেষ ভীত হই নাই। স্থতরাং কিছুক্ষণ পরে পুনরায় নিদ্রিত হইলাম। প্রাতঃকালে উঠিয়া স্বামার এক ভাগিনেরীর সহিত সাক্ষাৎ করিলাম। তিনি ঐ গ্রামেই বছকাল বাস করিতেছিলেন, স্থতরাং মৃত স্ত্রীলোক এবং তাঁহার স্বামীকে চিনিতেন। তিনি আমার পূর্বারাত্তর বুতাস্ত শুনিয়া চমকিত ছইলেন, বলিলেন ''আপনি বাঁছাকে দেখিয়াছেন তিনি এই মুভা রমণীর স্বামী। তিনি ডাক্তার ছিলেন, কিন্তু সর্বাদাই ক্লয়কের স্থায় পোষাক পরিতেন। তাঁহার গোল মুখ, নীলবর্ণ কোট প্রভৃতি আমার ঠিক স্মরণ হর। তিনি তিন বৎসর পূর্কে মারা গিয়াছেন।"

এই ঘটনা হইতে আমরা ব্রিতে পারি যে প্রেভগণ ভাঁহাদের আত্মীরের মৃত্যুর বিষয় জানিতে পারেন এবং তাঁহাদিগকে আহ্বান করিবাক্স ক্তন্ত ভারাদের নিকটে আসিয়া থাকেন।

শ্রীমাধনলাল রার চৌধুরী ৷

# বটক্ক পালের এডওয়াড স্টনিক

# য়্যাণ্ট-ম্যালেরিয়্যাল্ স্পেদিফিক্।

ম্যালেরিয়া ও সর্ববিধ জ্বরেরোগের একমাত্র মহৌষধ।
জ্বাবিধ সর্ববিধ জ্বরেরাগের এনত স্বান্ত-শান্তিকারক
মহৌবধৈর আবিকার হয় নাই।

#### লক্ষ লক্ষ রোগীর পরীক্ষিত।

ম্লা—বড় বোতল ১০ পাাকিং ডাকমাণ্ডল ্টাকা।
,, ছোট বোতল ৬০, ঐ ঐ ৬০ আনা।
রেলওরে কিলা ষ্টিমার পার্শেলে লইলে থরচা অতি স্থলভ হয়।
পত্র লিখিলে কমিশনের নিয়মাদি সম্বন্ধীর জ্ঞাতব্য বিষয় অবগত হইবেন।
এড ওয়ার্ডস্লিভার এও স্পৌন অমেন্টমেন্ট
(প্লীহা ও যক্তের অবার্থ মলম)

প্লীহা ও যক্তের নির্দোষ আরাম করিতে হইলে আমাদিগের, এড-ওয়ার্ডস্টনিক বা ম্যান্টি-ম্যালেরিয়াল্ স্পেসিফ্ক সেবনের সঙ্গে সঙ্গে উপরোক্ত মলম পেটের উপর প্রাতে ও বৈকালে মাণিস করা আবশুক।

মূলা—প্রতি কৌটা।৵৽ আনা, মাগুলাদি।৵৽।

# এডওয়ার্ডস, ''গোল্ড মেডেল''এরোকট।

আজকাল বাজারে নানাপ্রকার এরোরুট আমদানী হইতেছে। কিন্তু বিশুদ্ধ জিনিস পাওয়া বড়ই স্থকটিন। একারণ সর্বসাধারণের এই অসুবিধা নিবারণের জন্তু আমরা এডওরার্ডস্ "গোল্ড মেডেল" এরোরুট নামক বিশুদ্ধ এরোরুট আমদানি করিতেছি। ইহাতে কোনপ্রকার অনিষ্টকর পদার্থের সংযোগ নাই। ইহা আবাল-বৃদ্ধ সকল রোগীতেই অছন্তে বাবহার করিতে পারেন। ইহা বিশুদ্ধতা-গুণ-প্রযুক্ত সকল রোগীর পক্ষে বিশেষ ইষ্টসাধন করিয়া থাকে।

্সোল্ এজেণ্ট স্ ঃ—বটকুষ্ণ পাল এণ্ড কোং, কেমিইস্ এণ্ড ডুগিইস্।

# শ্রাগীর প্রতি উপদেশ"

বা দীর্ঘজীবন লাভ করিবার উপায় পাঠ করুন।

বঙ্গদেশে এবং বাঙ্গালাভাষায় এরপ পুস্তক এই
নৃতন হইয়াছে। ২৫২ পৃষ্ঠায় সম্পূর্ণ। প্রতি পৃষ্ঠায়
নৃতন নৃতন উপদেশ, যাহা ডাক্তার কবিরাজ বা কোন
চিকৎসকের নিকট অজত্র অর্থব্যয় করিয়াও পাওয়া যায়
না। একথা রোগিগণ মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন ও
করিবেন।

## স্থার গুরুদাস বন্দ্যোপাধ্যায়

বলিয়াছেন—"অত্যাবশ্যকীয় স্বাস্থ্য বিধিগুলি তেজস্বিনী ভাষায় এবং পরিকারভাবে উক্ত পুস্তকে বির্ত্ত করা হইয়াছে, এবং উহা স্বাস্থ্যান্বেষী ব্যক্তি মাত্রেরই পাঠ করা বিশেষ দরকার।"

মূল্য ॥০ আনা মাতা।

্ত্মাদের নিকট পাওয়া যায়।

দত্ত, ফ্রেণ্ডস্ এণ্ড কোং,

লোটাস্ লাইত্রেরী।

৫০ নং কর্ণওয়ালিস খ্রীট, কলিকাতা।

Philosophy of the Gods—or "Deva Tattva" by Srijut Hirendra Nath Datta M. A. B. L.—Price As, 12 only.

"Psychism and Theosophy" (Transaction of Theosophical Federation No. I.) Enlarged revised edition of a paper read at the Serampore Theosophical Lodge by the Dreamer. Price Annas 8 only.

JUST OUT.

Conception of the Self by Dreamer-Price As:8 only. "

স্থাসদ্ধ "আধ্যশান্ত্র-প্রদীপ"প্রণেতার পুস্তক সমূহ।

আর্থিশান্ত-প্রদীপ বা সাধকোপহার (১ম ও ২র থও)। প্রত্যেক থণ্ডের মূল্য ২ ছই টাকা। মানবতত্ব ও বর্ণবিবেক (পূর্বার্দ্ধ)। উৎকৃষ্ট কাপড়ে বাঁধাই মূল্য ৩ । ঐ কাগজে বাঁধাই মূল্য ২।।

# NEW CIVIL PROCEDURE CODE ACT V. OF 1908.

EDITED BY

CHARU CHANDRA BHATTACHARJEE .

Vakil. High Court, Calcutta.

Price :-

Paper cover ;-Re 1. Cloth bound-1-4 Interleaved-1-6.

বঙ্গভাষায় নৃতন পুস্তক স্থপতি বিজ্ঞান

বা

#### ইঞ্জিনিয়ারিং শিক্ষা।

শীযুক্ত রাম সাহেব তুর্গাচরণ চক্রবর্ত্তী প্রণীত মূল্য ॥• আট আনা। ইহাতে ইট প্রস্তুত হইতে ইমারত প্রস্তুত করিতে যাহা যাহা আবশুক, সমস্ত বিষয় বিশদরূপে পুঝামুপুঝরূপে দেখান হইয়াছে। ইট, চুণ, স্বরকী,কাট,মজ্বী প্রভৃতি বে সমন্ত আবশ্রক, তাহার বিষয় সরল ভাষার সহজ্ব প্রণালীতে লেখা হইরাছে। সাধারণ লোকে এই প্রকের সাহায্যে কোন ইঞ্জিনিয়ার বা ওভারসিয়ারের সাহায্য না লইয়৷ স্কেব-রূপে কার্যা সমাধান করিতে পারেন; বিশেষ এই পৃত্তক পাঠ করিলে কোন মিস্ত্রী কি কারিকর ফাঁকি দিতে পারিবে না, অর আমাসে সমস্ত ব্রিতে পারা যায়, মূল্যও স্থলত।

শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যার-প্রণীত। চণ্ডী। (২র সংস্করণ)

মার্কণ্ডের-পুরাণান্তর্গত সেই দেবীমাহাত্ম্য বছবিধ টীকার সাহায্যে সূরল অভিনব টীকা ও বঙ্গামুবাদ সহ মৃদ্রিত হইরাছে। ইহাতে অর্গলাজ্যোত্র, কীলকজোত্র, কবচ, দেবীস্ক্র, ক্যাসাদি রহস্তত্ত্বর এবং অত্যুৎকৃষ্ট চারিধানি দেবীপ্রতিমূর্ত্তি সন্নিগেশিত আছে। ৪৫০ পৃষ্ঠার সমাপ্ত। মূল বৃহৎ অক্ষরে মৃদ্রিত। মূল্য । ৴০ পাঁচ আনা মাত্র।

DATTA, FRIENDS & Co. Lotus Library, No. 50. Cornwallis street, Calcutta.

পল্লী চিত্র। (মাসিক পত্র।) শ্রীবিধুভূষণ বন্ধ সম্পাদিত।

পল্লীগ্রাম হইতে পল্লীদেবা সঙ্কল লইর। প্রকাশিত। পল্লীগ্রামের শিল্প, বাণিজ্ঞা, সমাজ, ধর্মা, ইতিহাস, প্রবাদ প্রভৃতি আলোচনার বিষয়। বার্ষিক মূল্য ১॥০ দেড় টাকা।

বেশ্বলী বলিয়াছেন—Among the Bengali monthlies this publication occupies a high place.

শ্রীশরচন্দ্র মিত্র, সহকারী সম্পাদক। বাগেরহাট, খুলনা। প্রতিহাসিক চিত্র—৫ম বর্ষ ১৩১৬ সাল ( ঐতিহাসিক মাসিক পত্র ) শ্রীনিধিলনাথ রাম বি, এল, সম্পাদিত এবং প্রধান প্রধান ঐতিহাসিকগণ-কর্তৃক পরিচালিত। মূল্য ডাঃ মাঃ সমেত ২১ টাকা। বুড নং বলরাম দে খ্রাট মেট্কাক্ প্রেসের ম্যানেলারের নিকট মূল্যাদি পাঠাইতে হইবে।

# আমাদের প্রকাশিত পুস্তকাবলী।

#### পৌরাণিক কথা।

শ্রীষ্ক পূর্ণেন্দ্ নারায়ণ সিংহ এম, এ; বি, এল ধারা প্রণীত।
গ্রন্থকার পুরাণসমূহ বিশেষতঃ ভাগবত পুরাণ মন্থন করিয়া এই
অমৃত উদ্ধার করিয়াছেন। ইহাতে ভাগবতের অনেক ছর্ভেণ্য গুঢ়ভাব
ক্ষরভাবে প্রকাশিত হইরাছে। গ্রন্থকারের যুক্তিযুক্ত প্রমাণে নান্তিকেরও ভক্তির উদয় হয় এবং সাধারণেরও ভাগবতের ক্সায় অনেকটা
বোধগম্য হয়।

"It gives the logic and philosophy of many a knotty problems of the Hindu religion". \* \* The book will prove an excellent Vedi Mecum for readers of Bhagabat. The language is simple and flowing. The get up is as it could be desired. We hope the work will be highly valued by all students of the Hindu religion.'—Bengalee"

#### উপনিষদ্ ( বারথানি ) ।

মূল, অৱয় ও বলামবাদসহ, বালালা ভাষায় এই প্রথম প্রকাশিত হইল। একপ স্থলভ মূল্যে ইহার পূর্বে উপনিষদ্ প্রকাশিত হয় নাই। ৮ শ্রামলাল গোস্বামী দিদ্ধান্ত বাচম্পতি মহাশ্রের দারা সঙ্কলিত।

ঈশর, কেন, কঠ ॥॰ ঐতরেয়, তৈত্তিরীয়
প্রায়, মুণ্ডক, মাণ্ডুকা ॥॰ ও শ্বেতাশতয় ৸
বৃহদারণ্যক ১॥৽ কৌষিতকী ॥
ভালোগ্য ১।৮/•

## নারদ ভক্তিসূত্র।

৺শ্রামলাল গোস্বামী সিদ্ধান্ত বাচশতি মহাশর বার। সঙ্কলিত

মূল, অবয় ও বঙ্গামুবাদসহ
ভক্তমাত্রেরই এই গ্রন্থের সাহায্য গ্রহণ করা উচিত।
ভক্তজনীবন।

শ্রীষ্ক্ত মণিমোহন বন্দ্যোপাধ্যায় বি, এস, সি, দারা শ্রীমতি এনিবেসেন্টের Doctrine of the Heart হইতে অক্সবাদিত।

সংপথ অবলম্বা সংস্কৃতিদিগের বিশেষ উপকারী।
আধ্যাত্মিক জীবনের নিয়ম।

শ্রীষ্ক্ত শিশিরকুমার বোষাল এম, এ ; বি, এল ; দারা শ্রীমতি এনিবেসেন্টের Laws of the Higher life অবলম্বনে লিখিত

আধ্যাত্ম জীবনলাভে অনেকেই পিপাস্থ; আধ্যাত্ম জীবনে যে মহান্
নিরমাবলীর ক্রম আছে, অনেক পিপাস্থ জন তাহা না জানিরা, যে
কোন ক্রিরার উপর নির্ভর করিরা কত কপ্ত পান! সেই আর্যামাত্রেরই
একমাত্র গস্তব্য ''আধ্যাত্মিক জীবন" তাহার অধিকার অবস্থা সকল
ও মূলতত্ব সমূহ বিশদভাবে বৈজ্ঞানিক যুক্তিসাহায্যে বর্ণিত হইরাছে।
সংপ্রথবলয়া ব্যক্তিমাত্রেই এই পুত্তকপাঠে বিশেষ উপকার পাইবেন।

#### জন্মান্তর রহস্য ৷

শ্রীষ্ক ভবেন্দ্রনাথ দে বি, এ, ক্বত এই পৃস্তকে শাস্ত্র এবং যুক্তি প্রমাণাদির ধারা জন্মাস্তরতত্ব স্থপ্রতি-ন্ধিত হইয়াছে ।

# প্রসূনমালিকা গ্রন্থাবলী।

### ১। জীবন ও মরণান্তে জীবন।

শীযুক্ত শ্রামাচরণ ভট্টাচার্য্য এম, এ; বি, এল; হারা শ্রীমতি এনি-বেসেন্টের Life and life after death নামক বক্তৃতার অমুবাদ; মৃত্যুই আমাদের শেষ নহে, পরকাল আছে, জন্মের পর জন্ম আছে ইত্যাদি এবং মৃত্যুর পর জীবের অবস্থা ইহাতে বর্ণিত আছে।

## ২। ধর্ম-জীবন ও ভক্তি।

শ্রীবৃক্ত ভাষাচরণ ভট্টাচার্য্য এম্, এ, বি-এল্ বারা শ্রীষতি এনিবেদেণ্টের Devotion and Spiritual Life এর অনুবাদিত।

# ৩। সদ্গুরু ও শিষ্য।

কি প্রকারে জীবন গঠন করিলে সদ্গুরু লাভ হয় এবং গুরুতত্ত্বরহন্ত কি,কেহ যদি বুঝিতে চান, তাঁহার এই পুত্তক বিশেষ প্রয়োজনীয়।

## ৪। প্রকৃত দীকা।

বাস্তবিক দীকা কি ? এই মহান্তত্ত্ব অনেকেই জানে না, দীকা ভিন্ন মানবের চৈতভের প্রসার হয় না, এই সম্বন্ধে বিশেষরূপে কথিত আছে।

### ৫। প্রকৃত আধ্যাত্মিকতা।

যদি 'কোন পথে গেলে আমার আমি মিলে'' বুঝিতে চান, যদি কর মৃত্যুময় সংসার হইতে মুক্ত হইবার জন্ত পথ খুঁজিবার পিপাসা হয়, বদি পরমার্থ নির্ণয়ে প্রয়াসী হন, তাহা হইলে এই ক্ষুদ্র পুত্তক পাঠ করিলে কতকটা সাহায্য পাইতে পারেন।

## A Romance in real Life!

The glory of Bengal!!

That Bengalee Hero—

Lieut. Suresh Ch. Biswas—

His life and adventures.

A most interesting Book.—Every page bristling with thrilling incidents—incidents in the Military Career of a Bengalee —A Bengalee who commanded a Foreign Army and commanded it to the admiration of the whole world.

Lieut. Biswas has removed the cloud of stigma that obscured Bengalee National Life and has amply demonstrated what a Bengali can achieve when given an opportunity. Bengal has learnt to worship National characters and among the worthies, the life of Lieut. Biswas is unique.

Every Bengalee—nay every Indian, who loves his country, should read this Book.

Order at once, as only a limited number of copies are available, cloth bound, gilt lettered, with Photos. Price Rs. 2/- but reduced till December to Re. 1-4 and Postal charges 2 annas Extra.

P. C. DASS,

3, Bhola Nath Coondu's Lane,
P.O. Hatkhola, Calcutta.

দত্ত, ফ্রেণ্ডস্ এণ্ড কোৎ লোটাস্ লাইব্রেরী। ৫০ নং কর্ণওয়ালিস খ্রীট, কলিকাতা।

# অলৌকিক রহস্য।

७५ मः नहा । ]

প্রথম ভাগ:

.[ আখিন, ১৩১৬।

# একখানি পত্র।

#### अक्षत्र वागीवाव्-

মহাশর ! আপনাদের প্রকাশিত "অলোকিক রহস্ত" একথানি পাঠ করিয়া জানি লাম, আপনায়া বালালার নৃতন ধরণের একথানি পত্রিকা প্রচার করিতেছেন । ইহা বালালির বিশেষ আদরের সাম্থা হইবে, সন্দেহ নাই।

আছে ২৫ বৎসর অতীত হইল, আমার জীবনের উপরে একটা অভুত শক্তির পরিচালনে, আমার আত্মীরগণের মধ্যে ভৌতিক ঘটনার বিখাদ স্থাপিত হওরার বিবরে বে অলৌকিক ঘটনা বটিরাছিল, অন্য সেই রহস্তবার উল্লাটনের অবসর পাইরা, সাধারণের নিকট একটা অত্যান্ত স্থানার বিবরণ লিখিয়া পাঠাইলাম। আশা করি, আপনারা 'অলৌকিক রহতে" আমার জীবনের এ রহস্ত প্রকাশ করিরা, আমাকে অনুসূহীত করিবেন। ইতি

বিনীত

१० इम देखाई - १७३५ - १७३५ শ্রীবিনোদবিহারী গুপ্ত।
( বঙ্গীর সাহিত্য পরিবদের অস্ততম কর্মচারী)
হা: সা: ৩০নং নিমতলা ঘাট ট্রাট, কলিকাতা।

# ত্বপনেয় মূর্ত্তি।

---:\*:----

এক্ষণে আমার বয়:ক্রম ৩০ বংসর। আমার যথন পাঁচবংসর বয়স, ভবন নিম্নাথিত ঘটনাটা ঘটিয়াছিল। শৈশবের শত শত ঘটনা, বাহার কোনওটা সম্পূর্ণ অরণ করিবার ক্রমতা আমার নাই এবং এ ক্রমতা থাকা সম্ভবপর না হইলেও, এই বহু পুরাতন শৈশব জীবনের শঙ্ট-কাহিনীর কথা আমার স্মৃত্তিপটে এখনও বেশ জাগরক আছে। আমার এই স্মৃতিশক্তি সেই হুজের রহস্তকে কিঞ্চিৎ উজ্জ্বণ করিবে, সন্দেহ নাই।

জামালপুর ই, আই, রেলওয়ের একটা প্রধান কেন্দ্র। এথানে উক্ত রেলওয়ের লোকো আপীস স্থাপিত। এথানকার Work Shop উক্তর দক্ষিণ পূর্ব্ব পশ্চিমে প্রায় ৫ মাইল হইবে। ইহা ভারতের সর্ব্বপ্রধান Work Shop। পূর্ব্বে অভিট্ এবং ট্রাফিক আপীস জামাল-পূরে ছিল। আমার পিতা ট্রাফিক আপীসে কর্ম্ম করিতেন। সেই সময়ে জামালপুর বাজারের একটা উত্তম অট্রালিকা আমাদের বাস্থান নির্দিষ্ট হইরাছিল। বাড়ীখানি আমার পিতাঠাকুর মহাশয়ের অত্যন্ত মনোনীত হওয়ায় অনেকের নিষেধ সত্ত্বেও তিনি সেই বাড়ীতেই আমাদের লইয়া বাস করিতে আরম্ভ করিলেন। সংসারে তখন কেবল আমরা তই ভাই এবং মাতা ঠাকুরাণী।

় এই বাড়ীতে প্রবেশাবধিই আমাদের জর আরম্ভ হইল। দাদা ও মাতাঠাকুরাণী অপেকা আমার জর কিছু অধিক মাতার হইতে লাগিল। সন্ধ্যার পরে পার্যের ঘরে স্ত্রীলোকের অতি করুণ-ক্রন্দন শ্রুত হইত। মাতা ইহার কারণ জিজাদা করিলে, উহা বিড়ালের ডাক বলিরা পিতা হাস্ত করিতেন। আমাদের বাড়ীর ছাদের উপর একটী কেরাসিনের টিন ছিল। মধ্যে মধ্যে কে যেন তাহা বাজাইত। মাতা ইহার কারণ অমুদদান করিলে, পিতা বিভালের পায়ের শব্দ বলিয়া উড়াইয়া দিতেন। এরপ ঘটনা নিত্য ঘটলেও আমার পূজাপাদ পিতাঠাকুর মহাশন্ধ ইহার অন্ত কিছুমাত্র চিস্তিত ছেলেন না।

এইরূপে তুই মাস কাটিল। একদিন রাত্রি ৯॥• টার সময় আমি প্রস্রাব করিবার ইচ্ছা প্রকাশ করায়, পিতা বলিলেন "এত রাত্রে আর বাহিরে যাইতে হইবে না. এই দরজার উপর প্রস্রাব কর।'' পিতার কথামত আমি দরজার নিকট ঘাইবামাত্র দেখিলাম, একটা ৪০।৪৫ বর্ষ বয়স্ক স্থান্দর প্রোচ্পুরুষ দরজার সম্মুথে দণ্ডায়মান। তাঁহার ালায় উপবীত, আজারুলম্বিত বাহু, অতি স্থন্দর অতি স্থপুরুষ। আমি এই অপূর্ব মূর্ত্তি দর্শনে চীৎকার করিয়া বলিলাম----- "বাবা! দরজার পৈতে গলায় কে একটা লোক দাঁড়িয়ে রয়েছে।" স্থামার চীংকারের সঙ্গে সঙ্গেই পিতা আমার নিকট আসিলেন এবং অ**নিলমে** একটা ঝাঁটা লইয়া দরজার উপর হুই চারিবার সঞ্চোরে আঘাত করিলেন। তাহার পর জিজাসা করিলেন—"আর কিছু দেখা যাজে १" আমি কম্পিতকণ্ঠে উত্তর করিলাম "না।'' কারণ দে মূর্ত্তি অন্তর্হিত হইলেও, ভর তথনও আমার পূর্ণমাত্রায় বর্ত্তমান। তাহার পরে প্রস্রাব করিয়া, যেমন শগনের জন্ম থাটের নিকট অগ্রসর হইয়াছি, অমনি নেথি, আমার শ্যা স্থানের মন্তক রাখিবার নিকট দেই মূর্ত্তি দণ্ডায়মান। আমি আবার চীৎকার করিয়া পিতাকে ইহা বিবৃত করিলাম, তিনিও পুনরায় ঝাঁটা প্রহারে সেই অপূর্ব্ব ত্রাহ্মণ-মূর্ব্ভিটীকে সে স্থান ত্যাগ করিতে বাধ্য করাইলেন। আমিও নিরাপদ ভাবিয়া নিশ্চিম মনে পিতার কোলের মধ্যে শর্ম করিলাম।

এ অবস্থার অভি অব্লক্ষণেই অভিবাহিত হইরাছিল। কারণ সেই মূর্ত্তি অতি অলকণের মধ্যেই আমার পারের নিকট খাটের ধারে দাঁড়াইয়া, ঘুই হস্ত প্রসারণে আমাকে তাহার কোলে যাইবার জন্ত দৃঢ় ভাবে আহ্বান করিতে লাগিল। এখন মৃতিটী পূর্বের ন্তায় প্রশান্ত নহে, ষ্মতি উগ্র, ষ্মতি বিকটমূর্তি, দেখিয়াই আমি দুর্চ্ছিত হইরা পড়িলাম। আর তথন আমার রক্ষা করা পিতার ক্ষমতার অতীত হইরা উঠিশ। তথন নিৰূপায় হইয়া পিতা প্ৰতিবেশিগণকে আহ্বান করিতে লাগিলেন। আমার চীংকারে এবং পিতার আহ্লানে, দলে দলে লোক আদিতে লাগিল। তন্মধ্যে একজন আসিরাই পিতার কোল হইতে অতি ক্রত-ভাবে শামাকে তাঁহার আপন কোলে উঠাইয়া লইলেন। সেই লোকের কোলে উঠিবামাত্র আমার মৃচ্ছাপনোদন হইল। তথন আর সে মৃতি দেখিতে পাইলাম না. স্কুতরাং শান্ত হুইলাম।

বিনি আমাকে কোলে করিলেন, তিনি পিতার নিকট সমস্ত ঘটনা শ্রবণ করিয়া বলিলেন—"যদি ছেলে বাঁচাইতে এবং নিজেরা বাঁচিতে চাহেন, তবে মবিশমে এ স্থান ত্যাগ করুন, নচেৎ অন্ত রাত্রে কাহারও রকানাই।" পিতাও তথন অতাম্ভ তীত, স্নতরাং প্রস্তাবমাত্রেই তিনি সমত হইলেন: এবং যত লোক আসিয়াছিল তাহাদের প্রত্যেককে সঙ্গে যাইতে অমুরোধ করিলেন। এই অনুরোধের সঙ্গে প্রত্যুপকারের চিক্লম্বরূপ প্রত্যেককেই পিতা টাকা দিতে স্বীকার করিলেন। সকলেই সেই বিপদে তাঁহার সঙ্গে যাইতে প্রস্তুত হইল। আমার মাতুলালয় নিকটেই ছিল। মাতামহ রেল আপীদেই কর্ম করিতেন। প্রতরাং आमता माञ्नानरबंहे अभन कतिनाम। विनि आमारक टकारन नहेश-ছিলেন. ভিনিই আমাকে কোলে করিয়া লইয়া গেলেন। মাতৃলালয়ে উপন্থিত হইলে পিতা সকলকে টাকা দিতে গেলেন, কিন্তু কেইই

সে বিপদে সাহায্য করার জন্ত মুদ্রা গ্রহণ করিল না। যিনি আমাকে लहेशाहित्नन, जिनि यादेवांत मगत्र विनशा (शत्नन-"" अछ तक्षनी त्कान छ ক্সপে কাটাইয়া দাও। আগামী কল্য প্রাতে আদিয়া আমি ব্যবস্থা করির।" বলা বাছণা, দে রাত্রি ভরে, ত্তাশে মতি ভাষণভাবেই কাটিয়াছিল।

পর্যদিন প্রাত্তে—আমাদের প্রতিবাদী দেই বিহার-বাদী বান্ধণ— একটী ঘটে জল লইয়া তাহা মন্ত্রপুত করতঃ আমার অঙ্গে প্রদান করিলেন, এবং একটা মাত্রণী দিয়া বলিলেন -"বে দিন ঐ মৃর্ণ্ডি উহাকে ত্যাগ করিবে. এই মাচুলীও সেই দিন হারাইয়া বাইবে। এই মাতুলি কোন ক্রমে পরিভ্যাগ করিবে না; কেহ ফেলিতে বলিলেও তাহা শুনিবে না।'' আমার ১২ বংসর বয়সের সময় সেই মাগুলী হারাইরা গিয়াছে। সাত ২ৎসর কাল অবিশান্তভাবে শরনে অপনে দে মূর্ত্তি আমার পাছে পাছে বুরিয়াছে। আমি এই দাত বংদর কাল নিশ্চিন্তভাবে থাইতে বা বুমাইতে পারি নাই। মধ্যে ম**খে হাত** ছানি দিয়া ডাকিয়াছে, মাহলী ফেলিয়া দিতে উপদেশ দিয়াছে। আমি দময়ে দময়ে তরায় হইয়া যাইতাম, পূর্বস্থৃতি লোপ হইত। এই কয় বংসর আমার আত্মীয় স্বজন অনবরত আমার পাছে পাছে সতর্ক প্রহরীর কার্য্যে ব্যাপত থাকিয়া, আমাকে রক্ষা করিয়াছেন। নচেং হয়ত এই স্থামির সায়ের মধ্যে কোনও এক দিন তক্ময়ভাবে সেই মৃত্তির উপদেশে মাছলী ফেলিয়া দিতাম। যাহা হউক মাছলী হারাইবার পরে, আর সে দৃশ্র আমার নয়নপথে পতিত হয় নাই।

উক্ত মূর্ত্তি দর্বদাই আমার চকুর দল্মণে থাকিত। তবে উর্দাদকে পেথ। যাইত এবং কি জানি, কোন্ শক্তিবলে জানি না, আমার দৃষ্টি দর্মদাই উপরের দিকে থাকিত, নামাইবার ক্ষমতা হইত না। কিন্তু

ধোলা মাঠে যথন অপর বালকদের সহিত খেলা করিতাম, তথন সে মৃত্তি সেই কণের জন্ম অপস্ত হইত। এই মৃত্তি ছায়ামূর্ত্তি নহে, এখনও আমার মনে হয় যে, সে মূর্ত্তি বাস্তব, ইতস্ততঃ দৃষ্টপদার্থ-নিচয়ের স্থায় বাস্তব। ভবে মূর্ত্তি অতি গম্ভীর এবং তাহাতে রাগদ্বেষের কোন ভাব নাই। শ্যাপার্শে বিকটমূর্ত্তি দেখিয়া অবধি আমার ভয় মনে বন্ধমূল হইয়াছিল, এবং সেই ভয়ের জক্তই এখনকার এই শাস্ত গস্তীর মূর্ত্তি দেখিরাও উদ্বিগ্ন হইতাম। মাত্লী হারাইয়া ধাইবার পরে সে মুর্ভি ष्मात्र प्रिथ नार्टे वर्ष्टे ध्वर एक्षिम्ष्टि ष्यात हिल ना वर्षे, किन्छ मरनद "ছম ছম" ভাব কিছুদিন প্র্যান্ত ছিল। তবে কোন প্রকার ভয় পাই নাই বা শরীর অস্তুত হয় নাই।

श्रीविद्यापिकाती अक्षा

## মাতৃমেহ।

( )

রামলাল দাদা একজন বিচক্ষণ ডাক্তার। বাকুড়া জেলায় কোনও স্থানে ডাব্রুবির করিয়া বেশ দশ টাকা রোজগার করেন। ডাব্রুবি ভিন্ন অক্সান্ত বিভাতেও তিনি বেশ পারদর্শী। সংস্কৃত ও ইংরাজি ভাষায় বিশেষ অভিজ্ঞ ও একজন প্রসিদ্ধ কবি। স্বদেশে ও কর্মস্থানে তাঁহার বেশ ষশ, সকলেই তাঁহাকে সম্মান করিত, সকলেই তাঁহাকে ভালবাসিত। অনেক দিনের পর তিনি বাটী আদিয়াছেন। যথন তিনি বাটীতে আদি-তেন গ্রামস্থ ক্লোটবড় সকলের বাটী গিয়া সাক্ষাৎ করিতেন এবং কুশলাদি ভিজ্ঞাদা করিতেন। এবারেও সেইরূপ করিলেন। দিবাভাগে আমরা বাটী থাকি না, দেই জন্ম সন্ধারে পর আমাদের সহিত সাকাৎ করিতে আসিলেন।

গ্রীম্মকাল পূজার দালানের রকে একথানি মাছর বিছাইয়া ওক্ন দ্বাদশীর ভত্র জ্যোৎস্নায় নির্মাণ দক্ষিণা বায়ু দেবন করিতে করিতে আমরা ৭৮ জন বদিয়া গল্প করিতেছি। রামলাল দাদা বড় **স্থ**ন্দর গল্প করিতে পারেন ও নানা বিষয়ের সমাচার রাখেন। অনেক দিনের পর আত্মীয় স্বন্ধনকে পাইয়া, মনের আনন্দে গল করিতেছেন। দেখিতে **८मथि** ट देवें कथानात चिक्टि >> है। वाकिया (शन। जामि दिननाम माम। রবিত্র মনেক হইরাছে, এস এইখানে কর ভাই একত্তে মাহার করি, ভারপর বাটী যাইও। দাদা বলিল, "না ভাই অনেক দিনের পর বাটী আসিয়াছি আজ বাটীতে না খাইলে মা রাগ করিবেন। কাল তথন এই খানে খাইব। এদ প্রিয়নাথ আমাকে একটু দাঁড়াও ভাই; আজ স্মামি বাড়ী যাই।" তাঁহাদের বাটী আমাদের বাটী হইতে ২।০ মিনিটের রাস্তা। পরিষ্ণার জ্যোৎমা; তবুও রামলাল দাদা দুঁড়াইবার জন্ত অনুরোধ করিলেন। আমি বলিলাম "বাাপার কি দাদা। তোমার এত ভয় কভদিন হইয়াছে? চিরকাল তুমি রাত্রি ছই প্রহর একটার দময় একাকী গ্রামের এক প্রাস্ত হইতে সভা প্রাস্তে রোণী দেখিয়া বেড়াইতে; কখনও ভূত প্রেত মানিতে না ভূতের গর কেহ করিলে হাসিয়া উড়াইয়া দিতে। ভোমার এত কিদের ভর হইল ? কি ভূতের নাকি ?" দেখানে আর আর বাঁহারা ছিলেন, তাঁহারা সকলেই হাদিয়া উঠিলেন। রামলাল দাদা চিরকাল রহস্তপ্রিয়, সকলেই মনে করিলেন তিনি রহস্ত করিতেছেন। তিনি বলিলেন, "রহস্ত নম্ন বাস্তবিক আমি ভূত স্বচক্ষে দেখিয়াছি। একবার নয়, গুই তিন বার দেখিয়াছি এবং ভূতের কথা স্বকর্ণে গুনিয়াছি, ভূত না মানিয়া কি করি ? সেই অবধি আমি একাকী কোথাও ঘাইতে সাহদ করি না।" আমরাসকলে বলিনাম ূঁকি রকম ় গলটি আমোদের বল।" "ভবে বলি শুন বলিয়া তিনি পুনরায় বসিংলন; পরে বলিতে লাগিলেন;--

অনেক দিনের কথা নয় গত মাঘমাদে একদিন প্রাত:কালে উঠিরা মুখ ধুইভেছি, এমন সময়ে একটি ভল্লোক বেগে অখারোহণে আমার বাটীর সমুথে আসিয়া, আমার ভূতাকে জিজাসা করিলেন "ডাক্তার বাবু বাটীতে আছেন ?'' ভূত্য বলিল "হাঁ৷ আছেন, আপনি কোথা হইতে আসিতেছেন ?" তিনি কোনও উত্তর না দিয়া অখটি বাগানের বেডাতে বাঁথিয়া বৈটকথানার প্রবেশ ক রলেন পরে বলিলেন "ডাকার বাবুকে এ ক্রার ডাকিয়া দাও।'' ভতা আসিবার অগ্রেই আসি তথায় গেলাম। ভদ্রলোকটি আমাকে প্রণাম করিয়া বলিলেন "মহাশয় আমি—গ্রামের জমিশার মহাশরের বাটী হইতে আসিতেছি। তাঁহার জােষ্ঠপুল্রের আজ তুই সপ্তাহ হইশ জন হইমাছে : জনের অত্যন্ত তেজ ১০৫৷১০৬ ডিগ্রি অবধি উঠে, ১০৪ ডিগ্রির নীচে নামে না। বুকে দদিও আছে কলা হইতে তুল বকিতেছেন। এতদিন গ্রামস্থ নেউভ ডাক্তার দেখিতেছিলেন, কোনও উপকার হয় নাই এবং পীড়া ক্রমশঃ বুদ্ধি হইয়াছে। সেই জন্ম আপনাকে नहेबा याहेवात अन्न वामारक পार्शिहत्तन। जाशनि याहा हाहित्वन, वाबू তাহাই দিতে প্রস্তুত আছেন।"

যে গ্রামে আমি থাকি দেখান হইতে জমিদারের বাটী প্রায় ৩০ মাইল দরে। রোগীর যেরপে অবস্থা শুনিলাম, তাহাতে একবার সেথানে ষাইলে ৮:১০ দিনের ভিতর ফিরিয়া আসিবার সম্ভাবনা নাহ। গ্রামে আমার হাতে অনেক গুলি রোগী; তাহাদের ফেলিয়া কিরপেই বা যাই। এই স্কল বিষয় চিন্তা করিয়া ব'ললাম "তাইত কেমন করিয়া যাই ? এখানে আমার হাতে অনেকগুলি রোগী তাহাদের উপায় কি হইবে ?'

আগস্কক। "যাহা হন্ন একটা উপায় করুন; তাহাদের পীড়া তেমন কঠিন নন্ন, অনায়াদে অন্ত উপায় করিতে পারিবেন। আনাদের বড় বিপদ। আপনি না যাইলে রোগীর রক্ষা পাইবার কোনও উপায় নাই।"

লোকটির কাকুতি মিনতি দেখিয়া, আর কতক অর্থলোভেও বটে যাইতে সম্মত হইলাম; বন্দোবন্ত হইল যতদিন থাকিব প্রতাহ ১০০ টাকা করিয়া দিবে, থাই ধরচ দিবে, ও যাইবার আলিবার পালী ভাড়া দিবে। এইরূপ বন্দোবন্ত হইলে যোগেলকে (রামলাল দাদার কনিষ্ঠ যোগেনও কম্পাউগুরি পাল করিয়া ডাক্তারি করে) হাতের সমস্ত রোগীর অবস্থাও কাহার কিরূপ তিকিৎসা করিতে হইবে ব্যাইয়া দিয়া তাড়াভাড়ি আহার করিয়া, বেলা ১০টার সময় শিবিকারোহণে ক্রমিদার ভবনে যাত্রা করিলাম, সঙ্গে একটি ভ্তাও চলিগ। সন্ধার কিঞ্চিৎ পূর্বে তথায় পৌছিলাম।

জমিদার মহাশরের সহিত জামার পূর্ব হইতেই পরিচয় ছিল। জামি পৌছিবামাত্র স্বয়ং আদিয়া আমার অভার্থনা করিলেন এবং সরোদনে আপন বিপদের কথা জানাইতে লাগিলেন। ক্রমে আমার হুই হাত ধরিয়া কাঁদিতে কাঁদিতে বলিতে লাগিলেন "ডাক্তার বাবু আমার বিমলকে বাঁচাইয়া লক্ষ টাকা আমার নিকট হইতে লইয়া যান, আর আমাকে জন্মের মত কিনিয়া রাখুন।" বিপদের সময় এরপ লোভ অনেকেই চিকিৎসককে দেখান কিন্তু আরাম হুটলে সমস্ত বিশ্বরণ হন।

আমি। মহাশয় আমাকে টাকা দিয়া আনিয়াছেন। আমি যে যথাসাধ্য চেষ্টা করিব তাহা বলা বাছলা। বাঁচা না বাঁচা ঈশবের হাত। মহুষ্যের যাহা সাধ্য তা করিব।

জমি। ছই বৎসর হইল বিমলের গর্ভধারিণী আমাকে ফাঁকি দিরা চলিয়া গিয়াছে, বিমলকে লইয়া কোনও রকমে তাথার শোক কতক বিশারণ হইয়াছি। বিমল ছাড়িয়া গেলে, আমি একদিন বাঁচিব না। ( শুনিলাম বিমলের মাতার মৃত্যুর এক বংসর পরেই বাবু পুনরায় দার-পরিগ্রহ করিয়াছেন, স্বতরাং বিমলের মাতার শোক যে তাঁহাকে বড়ই অন্তির করিয়াছে তাহার সন্দেহ কি ?) তথন আর অধিক কথা হইল না ; স্মামি রোগী দেখিতে গেলাম। ছেলেটিকে একটি বাগান বাটতে রাখা হইয়াছে। শুনিলাম, বাবর ভ্রাদন বাটীতে বড় গোল্যাল ও লোকজনের ভিড়ব্লিয়া বাগান বাটীতে আনা হইয়াছে ৷ বাটীট একতলা হইলেও বেশ গুদ্ধ ও অনেক গুলি দর্জা জানালা থাকাতে বেশ বায়ু চলাচল হয়। এখানে বাবর মাতা, ভগ্নি, ছুইটা পরিচারিকা একটি পাচিকা আর করেকটি ভূতা বাতীত আর কেহই থাকে না।

বাটীর ভিতর গিয়া দেখিলাম, ছেলেট একটি স্থপ্রশস্ত কংক্ষ পরিষ্ঠার শ্যার উপর শ্রন করিয়া আছে: নিকটে বাবুর মাতা ও ভগ্নি বসিয়া আছেন, কিঞ্চিৎ দূরে একটি তেপাইয়ের উপর কয়েকটি ঔষধের শিশি বহিয়াছে ও একটি বাতিদানে ছুইটি বাতি জ্বলিতেছে। ঘরে ধূনা গুরু গুলের দৌগদ্ধের অভাব নাই, কিন্তু দরজা জানালা সমস্ত হিম নিবারণের জন্ম বন্ধ করিয়া রাখা হইয়াছে। আমি যাইয়া প্রথমে উত্তর দক্ষিণের ছুট্টী জানালা ও দরজ। থোলাইয়া দিনাম। ঘর এক টুঠাওা হুইল। পরে ডাক্তার বাবুর নিক্ট প্রথম হুইতে রেংগের সমস্ত বিবরণ ও ভিনি কি ব্যবস্থা করিয়াছেন ভাহা ভনিলাম। পরে উত্তমরূপে রোগীকে পরীক্ষা করিলাম, দেখিলাম পীড়া মত্যুষ্ট কঠিন, তবে এখনও বাঁচিবার আশা আছে। ছই একটি নূতন বাবস্থা করিয়া বাহিরে আসিলাম।

বাহিরে একটি ফুলর ঘরে আমার থাকিবার স্থান হইরাছে। ঘরের ভিতর একথানি পালক্ষের উপর প্রিক্ষার বিছানা, একটি বনাত মোড়া

টেবিল, করেকথানি চৌকি, একথানি শোফা ও একথানি আরাম চৌকি। টেবিলের উপর করেকথানি পুস্তক ও থবরের কাগজ ও একটি স্থলর কেরোসিন ল্যাম্প। আমি অত্যন্ত ক্লান্ত ছিলাম, রাত্রি নয়টার সময় আহার করিয়া শয়ন করিলাম। জমিদার মহাশরকে বলিলাম, রোগীর অবস্থার কোনও পরিবর্ত্তন, দেখিলে আমাকে ডাকিবেন।

বলা বাছলা যে. শয়নমাত্রই নিজিত হইলাম। রাত্রি আনদাজ ১টার সময় জমিদার মহাশয় আমাকে উঠাইয়া বলিলেন "একবার আহ্বন বড় ছট্ফট্ করিভেছে।" গিয়া দেখিলাম যে পূর্ব্বমতই আছে কোনও পরি-বর্তুন হয় নাই। সেইরূপ ব্লিয়া ফিরিয়া আসিলাম: ভিতর ২ইতে বাহিরে মাসিতে হইলে, একটি অপ্রশস্ত বারাণ্ডা দিয়া আসিতে হয়। ষেই বারাণ্ডায় পৌছিয়াছি, এমন সময় দেখিলাম একটি স্থন্দরী সধবা স্ত্রীলোক বাহির হইতে ভিতরে যাইতেছে। বার্ডার উজ্জ্বল কেরোসিনের আলোতে দেখিলাম স্ত্রীলোকটির ছই হাতে স্থবর্ণবলয় গলায় হার ও নাকে নত। আমাকে দেখিয়া হটাৎ অবগুঠন টানিয়া এক পাশে দাঁড়ীইল। আমি চলিয়া আসিলে বাটীর ভিভরে গেল, আমি বাহিরে আসিয়া বারাণ্ডায় একথানি চৌকীতে বসিলাম: ভুত্য তামাক দিয়া গেল তামাক খাইতেছি ও রোগীর বিষয় চিস্তা করিতেছি. এমন সময় স্ত্রীলোকটি পুনরায় বাহিরে আসিল। জোৎসালোকে স্পষ্ট দেখিলাম আমার দিকে চাহিয়া পূর্ব্বমত অবগুণ্ঠন টানিয়া, ক্রতগতিতে বাগানের পশ্চিম দিকে চলিয়া গেল। তথন আমার মনে সন্দেহ হইল কে এ স্ত্রীলোকটি ? আমি সন্ধা হইতে দেখিয়াছি ও শুনিয়াছি বাগানবাটিতে সধবা স্ত্রীলোক কেহই नार ; चात्र यनिष्टे थारकन किया त्कान अजित्वनिनी यनि वानकिरिक দেখিতে আসিয়া থাকেন ভবে এত রাত্রে একাকিনী এমন করিয়া কেন याहेर्दन ? जुल मानि ना। मरन मरन मरन हरून रकान । कुरुविजा

ন্ত্রীলোক ভূতাদের সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিল। কিন্তু তাহা इंडेरन अन्तर्वसहरल याहेर्द रकन ? अहेन्नल नानात्र हम हिन्छ। मरन जानिरङ লাগিল। ঠিক কোনও মীমাংদা হইল না। তখন আর দে বিষয়ে অধিক আন্দোলন না করিয়া আন্তে আন্তে শরন করিলাম। কিছু পরে নিজিত হইলাম। প্রাত:কালে উঠিয়া মুখ হাত ধুইয়া বালকটিকে একবার দেখিয়া আদিলাম পূর্ব্বমতই আছে। পরে চা পান করিতে বদিলাম, বাবু ও নেটভ ডাক্তারও আদিয়া বোগ দিলেন। নানা রকমের কথা-বার্তা কহিতে কহিতে আমি বাবুকে জিজ্ঞাসা করিণাম "কণ্য রাজে বাহির হইতে কোনও সধবা স্ত্রীলোক আপনাদের বাটীতে আসিয়া-ছিলেন কি ?"

বাবু। কৈ না ! কত রাতে ? গ্রিলোকটের আকৃতি কিরূপ ?

আমি। রাত্রে যথন আমি বিমলকে দেখিতে যাই। রাত্রি আনদান একটা হইবে। স্ত্রীণোকটির চেহারা যতদূর আমি দেখিতে পাইয়াছি তাহাতে বেংধ হইণ উজ্জ্ব পৌরবর্ণ, আকর্ণাবস্তুত চক্ষু, নাসিকা মানানসই ও তাখাতে একটি নত আছে। বন্ধদ আলাক ৩০।৩৫ হইবে।

বাৰু। কৈ এমন কোনও স্ত্রীলোক ত কাল রাত্তে আদে নাই— বলিয়া যেন কিছু বিমর্য হইলেন। সে বিষয়ে আর কোনও কথা-বার্ত্তা তথন হইল না। দিন ক।টিল রাত্রিবেলা শন্নন করিবার পূর্বে ঘড়িতে এলারম্ দিয়া রাত্তি একটার সময় যাহাতে নিদ্রা ভাঙ্গে ভাহার বলোবস্ত করিলাম। যথাসময়ে নিদ্রভেক্ষ হইলে বারাণ্ডার চৌকীতে পূর্ব্বিদনের মত বিদ্যাম। আন্দাল ৫ মিনিট মাত্র বসিয়াছি, স্ত্রীলোকটি আসিতে আরম্ভ করিক। আমি ঘরের ভিতর গেলাম, সে বাটিতে প্রবেশ করিলে ভফাত হইতে মদৃগ্র ভাবে ভাহার পশ্চাদগামী হইলাম। দেখিলাম

অন্দর মহলে গিয়া দে বরাবর বিমলের ঘরে প্রবেশ করিল, আমিও বারভার চৌকিতে গিয়া বদিলাম। প্রায় অর্দ্ধ ঘন্টা পরে স্ত্রীলোকটি ফিরিয়া আদিল এবং পূর্ব্বমত ক্রতগতি বাগানের পশ্চিম দিকে চলিয়া গেল। সেই সময় আমি ভিতরে ধবর পাঠাইলাম যে, বিমলকে একবার দেখিতে যাইব। একজন পরিচারিকা আসিয়া আমায় দঙ্গে করিয়া লইয়া গেল। যাইতে যাইতে পরিচারিকাকে জিজাসা করিলাম। বিমল এখন **क्यान चारह** १

পরি। সেই রকমই আছে, তবে এক একবার একটু একটু ঘাম হইতেছে বোধ হয়।

আমি। তুমি কখন হইতে বিমলের কাছে আছ ?

পরি। ১১ টার পর হইতে।

আমি। কে কে এগারটাব পর হইতে আছে?

পরি। আমি আর পিসিমা (অর্থাং বাবুর বিধবা ভগ্নি) বাবুও মধ্যে মধ্যে এক এক বার দেখিরা ঘাইতেছেন।

আমি। আর কেহ আলে নাই ?

পরি। না।

আমি দেখিয়া আদিলাম পূর্ব মতই আছে,—তারপর তিন দিন কাটিল। প্রত্যহই স্ত্রীলোকটি ঠিক রাত্রি একটার সময় আসে এবং অর্দ্ধবন্টা আন্দাজ থাকিয়া চলিয়া যায়। চতুর্থ দিবস বেলা তিনটা হইতে বিমলের পীড়া বৃদ্ধি হইয়াছে, ঘাম হইতেছে. নাড়ির গতিও খারাপ হইয়াছে। সেদিন রাত্রে বাটীর কেইই নিদ্রা যায় নাই, প্রতি বণ্টার আমি বিমলকে দেখিতে যাইতেছি, অবস্থা ক্রমে থারাপ হইতেছে। রাত্রি একটার সময় পূর্ব্ব কথিত অপ্রশস্ত বারপ্রায় জমিদার মহাশয় চীৎকার করিয়া উঠিলেন; আমি ভাড়াভাড়ি গিয়া দেখিলাম ভিনি কম্পিত কলেবরে দেওয়ালে ঠেদ্ দিরা দাঁড়াইরা আছেন, আমি তাঁহার হাত ধরিরা আন্তে আন্তে বাহিরে আনিলাম ও বারাণ্ডার বসাইরা মুখে হাতে জল দিয়া তাঁহাকে ঠাণ্ডা করিলাম, পরে জিজ্ঞাসা করিলাম, ব্যাপার কি ৪ কেন ওরপ জীত হইলেন।

বাবু। যাহা দেখিলাম ও গুনিলাম তাহাতে বিমলের আর কোন আশা নাই; আমার সর্কনাশ হইল।

আমি। আপনি জ্ঞানী লোক হইয়া, কেন ওরূপ অজ্ঞানের মত কথা ফহিতেছেন। কি দেখিয়াছেন বলুন।

বাব্। সেদিন যে ত্রীলোকটির কথা আপনি বলিয়াছিলেন সেটি আর কেই নয়, বিমলের মাতার প্রেতমূর্ত্তি। তাহার পর এই দিন আমি সেই মৃত্তি দ্বির হইতে দেখিয়াছি। আজ সেই মৃত্তি আমার ঠিক সম্মুথে দাঁড়াইয়া বলিল "মৃত্যুরপূর্ব্বে তুমি আমাকে বলিয়াছিলে, আর বিবাহ করিলে। বিমলের প্রতি তোমার আর পূর্ব্বমত না য়াইতে তুমি বিবাহ করিলে। বিমলের প্রতি তোমার আর পূর্ব্বমত মেহ যত্র নাই, তোমার নৃত্তন ত্রীও তাহার পূত্রই এখন তোমার সর্বাহ। আমি আমার পুত্রকে লইয়া যাই, তুমি তোমার ত্রী পূত্র লইয়া থাক। এই পর্যান্ত বলিয়া তিনি উচ্চৈ: স্বরে রোদন করিতে লাগিলেন। অনেক কপ্রে তাঁহাকে সান্তনা করিলাম। মৃথে বলিলাম বটে "ও কিছুই নয়" কিন্তু মনে মনে সমস্তই ব্ঝিতে পারিলাম, ভয়ও হইল। বিমলকে একবার দেখিয়া আসিলাম, পূর্ব্বমতই আছে। দেখিলাম ঔষধে ফল হইয়াছে; আপাততঃ কোন ভয় নাই। বাবুকে ব্রাইয়া শয়ন করাইলাম।

পরে বাহিরে আসিলাম। একাকী শন্নন করিতে পারিলাম না;
ভ্তাকে কাছে শন্নন করিতে বলিলাম। শন্নন করিয়া ঐ সমস্ত চিস্তা
করিতেছি, ঘরে টেবিলের উপর আলো জলিতেছে, এমন সমন্ন মনারির

একদিকের বাড় আন্তে আন্তে উঠিতে আরম্ভ করিল, চাহিয়া দেখি, দেই
স্ত্রীলোকটি মুখ বাড়াইয়া বলিতেছে—"তুমি আর এখানে কেন? এখনও
কি বিমলকে বাঁচাইবার আশা আছে। আছো দেখ" আমি ত কম্পানা!
ভ্তা লাফাইয়া উঠিয়া বলিল "ও কে বাবু নিশ্চয়ই ভূত, চলুন বাড়ি
যাই, ছেলে যতবাঁচিবে তা বুঝিতে পারিয়াছি।" আমি "কিছু না" বলিয়া
তাহাকে তামাক সাজিতে বলিলাম। তামাক খাইয়া শয়ন করিলাম।

পর দিন কোন ক্রমে কাটিল কিন্তু পীড়া ক্রমশঃ বৃদ্ধি হইতে লাগিল। সন্ধার সময় হইতে হাত পা ঠাওা হইতে লাগিল। রাত্রি একটার পর প্রমার সেই স্ত্রীলোক। মশারি ফেলিয়া শয়ন করিয়া আছি, পূর্ব্ব মত বাড় উঠাইতে লাগিল এবং পূর্ব্ব মত বলিল "তৃমি এখনও এখানে রহিয়াছ। বিমলকে বাঁচাইবে, আছো বাঁচাও্" এই পর্যান্ত বলিয়া, যেমন চলিয়া গেল অমনি অন্দর মহল হইতে ক্রন্সনের রোল উঠিল, তখন রাত্রি প্রায় ত্ইটা। ভ্তাকে বলিলাম আর এখানে থাকিয়া কি হইবে, চল যাই, বেশ জ্যোৎস্না আছে, বেহারাও ঠিক করা আছে কোন কন্ত হইবে না। ভ্তা পলাইতে পারিলে বাঁচে তৎক্ষণাৎ রাজি হইয়া বেহারা ডাকিতে গেল। দেই অবকাশে বাবুর প্রধান কর্ম্মচারিকে আমি বলিলাম, আমার আর এখানে থাকা উচিত নয়। আমি চলিলাম।

কর্মচারী ছইএকবার আপত্তি করিল, পরে বলিল আচ্ছা, আশুন আপনার যাহা পাওনা আছে, পরে পাঠাইয়া দিব। কিছুনা বলিয়া আত্তে আতে বিদায় হইলাম।

এই ব্যাপারের পর হইতে আমার ভূতে বড় বিশ্বাস হইগ্নছে ।

আমি। আর যে ছই বার দেখিয়াছিলে সে কিরূপ ? রা: দাদা। সে তথন আর এক দিন বলিব আজ রাত্তি হইয়াছে। এস দাঁড়াইবে আজি বাড়ি ষাই।— তাঁহাকে সকলে দাঁড়াইয়া আদিলাম। পরে আহারাদি করিয়া শয়ন করিলাম।

আর ছইটি ঘটনা পরে বলিয়াছিলেন ও ভূতের অন্তিত্ব সম্বন্ধে তর্ক বিতর্ক করিয়াছিলেন; সে সকল পরে প্রকাশিত হইবে।

শ্ৰীরাখাল দাস চট্টোপাধাায়

## অদুশ্য সহায়।

আমার পিতৃদেব একজন খ্যাতনামা পুরুষ ছিলেন। ভারতের সর্বা তাঁহার স্থাম ব্যাপ্ত হইয়াছিল। তিনি শিক্ষাবিভাগে যে প্রকার উচ্চপদ পাইয়াছিলেন, ভারতের কম লোকেব ভাগ্যেই সেরূপ ঘটয়া খাকে। তিনি ভূত প্রেতাদির অক্তিরে বিশ্বাদ করিতেন না, এবং এই সমুদ্রের তব নিরুপণ জন্ম যে সকল সভা স্থাপিত হইয়াছে, তাহার কোনটাতেই যোগ দান করেন নাই। এমন কি তিনি কোন জাতি বা ধর্মগত্ত বিশেষ :সম্প্রদায়ভূক্ত ছিলেন না। আমার পিতৃষ্য মহাশয়ও গ্রন্মেণ্টের একজন উচ্চপদস্থ কর্মচারী ছিলেন, ও তাঁহারও আমাধারণ পাণ্ডিত্যে সকলেই মৃগ্ধ হইতেন। কিন্ত তিনি অল্পবর্ষেক ক্রেতাগ্য করেন।

আমার পিতৃব্যের মৃত্যুর আন্দান্ত ৪।৫ বংসর পরে, ৮পিতাঠাকুরের কঠিন পীড়া হয়। শরীরের অভান্তরে একটা ক্ফোটক হওয়ায়, তাঁহাকে মেডিক্যাল কলেজের স্থপ্রসিদ্ধ চিকিৎসক সাহেব ও অঞ্চান্ত কলিকাতার খ্যাতনামা চিকিৎসকেরা চিকিৎসা করেন। ব্যাধি উৎকট আকার ধারণ করিলে, একদিন স্থির হইল বে, সন্ধার সময় অজ্ঞান করিয়া অস্ত্রচালনা করা হইবে। ৺পিতা ঠাকুর অস্ত্রচিকিৎসায়, বিশেষতঃ ক্লোরোকর্মের সাহায্যে চিকিৎসায় ভীত ছিলেন। তাঁহার ইচ্ছাতে অস্ত্রচালনা পরদিন প্রাতঃকাল পর্যাস্ত স্থািত রাখা হইল।

আমার বয়দ তথন অল। আমি, আমার কনিষ্ঠ ল্রাতা ও তিন ভগিনী, ৮পিতাঠাকুর যে ঘদে ছিলেন, তাহার পাখ স্থিত ঘরে, শয়ন করিতাম। এই ছই কামরার মধ্যের দরজা রাত্রিকালে খোলা থাকিত। শামার মাতাঠাকুরাণী রাত্রিতে একাকিনী ৮পিতা মহাশয়ের দেবা-ভঙ্গবা করিতেন। পরদিন প্রাতঃকালে অল্প্রচালনা করা হইবে এই ভাবনার পিতা ও মাতা উভয়েই চিস্তিত ছিলেন।

মাতা ঠাকুরাণী অনেক রাত্রি পর্যান্ত জাগিয়া নিদ্রাভিত্ত হইলেন। রাত্রি আন্দাঞ্জ তিনটার দমর তাঁহার নিদ্রা ভঙ্গ হইল । পিতা মহাশন্ত্র তথনও নিদ্রিত ছিলেন। তাঁহার শ্যার পার্থে তুইটি জানালা থোলা ছিল। সেই জানালা দিয়া চক্রের কিরণ গৃহে প্রবেশ করিয়া গৃহকে আলোকিত করিতেছিল। পিতার শ্রনকক্ষ এবং আমাদের দরে প্রদীপ অলিতেছিল।

সেই সময়ে মা লক্ষ্য করিলেন যে, শুল্রবসন-গরিছিতা আমুমানিক মন্তমবর্ষীয়া একটি অসামান্ত জ্যোতির্ম্মনী বালিকা পিতা ঠাকুরের পাদদেশ-স্থিত জ্ঞানালার পার্শ্ব দিয়া ঘরে প্রবেশ করিলেন। নিঃশব্দে পদস্কার করিয়া পিতার শ্ব্যার পার্শ্বে আসিয়া, তাঁহার দেহে হাত ব্লাইতে লাগিলেন। জননী যে সেথানে ছিলেন বা তাঁহাকে দেখিতে ছিলেন, বালিকা যেন তাথা লক্ষ্য করিলেন না। একমিনিটের মধ্যে এই সব ঘটনা ঘটিয়া গেল। বালিকা, আমরা যে ঘরে নিজিত ছিলাম, সে ঘরের দিকে ভাইতে গেলে, মাতা ঠাকুরাণী প্রদীপ হস্তে তাঁহার পশ্চাম্বর্তিনী হইলেন, কিন্তু সেথানে বালিকা অদ্খা ইইলেন। আমার্ম মাতা ঠাকুরাণীর বিশ্বাদ

হইল বে, এই বালিকা তাঁহারই পরলোকগতা কন্যা বিতিন জীবিতা থাকিলে. প্রায় অপ্টমবর্ষীয়া হইতেন।

ভয়বিহ্বলা হইয়া মাতা ঠাকুরাণী 🗸 পিতা ঠাকুরের নিদ্রাভঙ্গ করাইয়া সমুদায় ঘটনা বর্ণনা করিলেন। ৬ পিতা মহাশয় বলিলেন ''স্থির হও. ভন্ন করিবার কিছুই নাই। ভূত কি প্রেত নয়।'' এই কথা বলিয়াই, পিতা ঠাকুর মলত্যাগের জন্ত বাস্ত হইলেন। মলত্যাগ করিয়া তাঁহার এরপ কম্প হইতে লাগিল যে, অভিকট্টে তাঁহাকে বিছানায় আনা হইল। এই কম্পে তিনি মৃতপ্রায় হইয়াছিলেন। চিকিৎসকগণ প্রত্যুষেই আসিয়া তাঁহাকে স্বস্থ করিবার পর, রাত্রিকালে তিনি বে মলত্যাগ করিয়া-ছিলেন, ভাহা দেখিয়া অবাক হইলেন। দেখা গেল, সেই মল, মল নয়, ভাহা কেবল পুষ। আভ্যন্তরিক স্ফোটক আপনা আপনিই ফাটিয়া গিয়াছে, আলে চালনার আবে আবৈখ্যক হইল না।

৬পিতা ঠাকুর তথন মাতা ঠাকুরাণীর আশ্চর্য্য ঘটনা দেখার কথ সম্বন্ধে যে অন্তত কাহিনী বলিলেন তাহা এই:-

'বাত্তিতে শুইয়া কাল অস্ত্ৰচালনার কথা ভাবিয়া মনে হইল যে; এযাত্রা ৰ্ঝি আর রক্ষা নাই। যাতনাম ব্যাকুল হইয়া পরলোকগত ভ্রাতার উদেশে ৰলিতে লাগিলাম, "হয় আমার অন্তথ বিনা অন্তচালনায় সারিয়া ঘাউক, না হয় আমার মৃত্যু হউক।" তাহার পর স্বপ্নে দেখিলাম যে, ভ্রাতা জামাকে বলিতেছেন 'দাদা আমি তোমার অন্থ ভাল করিয়া দিতে পারি কিন্তু এরপ শীত করিবে যে, তুমি মারা যাইতে পার'। আমি ৰলিলাম, আমার শরীর যেরপে সবল ও দুঢ়, তাহাতে স্মামি শীতের ভয় করি না। ভ্রাতা বলিলেন 'আছো, আমি তোমার আরোগ্যের জন্ত খুব (ধীর চিকিৎসক) mild medium পাঠাইয়া দিব। জোমারই ক্তাকে দিয়া আরোগ্য দান করিব।' ভাহার পর আমার যেন মনে হইল যে, কোমল

হতবার! আমার গারে কে হাত বুলাইতেছে। ইহারই পর আমার স্ত্রী ভরে অভিতৃত হইরা, আমাকে এই দৃশ্ভের কথা বলিলেন। পাছে তিনি ভরে মুদ্ধা যান, আর আমারও মলত্যাগের ব্যাঘাত ঘটে, দেক্ত আমি উক্ত দৃশু কিছুই ভরের নয় ও রাত্রি জাগরণ কত্য মন্তিক্ষের উত্তেজনার ফল এই সব বলিয়া ভাঁহাকে নিরস্ত করিলাম।"

বলা বাহুল্য, সকলেই আশ্চর্যাারিত হইলেন। চিকিৎস্কেরা বলিলেন যে, এরূপ রোগ বিনা অন্ত্রচিকিৎসায় আরোগ্য হওয়া ঐশ্বরিক সাহাষ্য ভিন্ন হয় না। ইহার পর ৺পিতা ঠাকুর অতি শীঘ্রই আরোগ্য লাভ করিলেন।

আমি এই ঘটনা ৬ পিড়দেবের মুথে নিজে শুনিয়াছি। মাতা ঠাকুরাণী এখন ও এই ঘটনা ভূলিতে পারেন নাই। তিনি এখনও বলেন, সেই বালিকা তাঁহারই স্বর্গগতা স্থলরী কন্যা।

পূর্বেই বলিয়াছি যে, ৮ পিতৃদেব প্রেতান্মা সম্বন্ধে কিছুই বিখাস করিতেন না। বাঁহারা তাঁহাকে জানিতেন, তাঁহারা সকলেই একবাক্যে বলিবেন যে, ভয় কাহাকে বলে, তাহার লেশমাত্র তিনি জানিতেন না। তাঁহার সিংহরাশি ও সিংহলয় যুক্ত জন্মরাশি ও লয়, তাঁহাকে সিংহের সায় বিক্রমশালী করিয়াছিল। তাঁহার সায়ু বজ্রের স্তায় সর্বাল অটুট থাকিত। সর্বোচ্চ পদস্থ রাজকর্ম্মচারী হউন, বা ক্ষমতাশালী সর্বশ্রেষ্ঠ প্রজাই হউন, কাহারও নিকট তাঁহাকে অবসর হইতে দেখা যায় নাই। তাঁহার গান্তীর্যাগ্রণে সকলেই তাঁহাকে ভক্তি করিতেন।

শ্রীচাক্লচক্ত মুখোপাধ্যাম বাঁকুড়া ১ থাদা• ১।

# পুনরাগমন।

### ( পূর্ব্ব প্রকাশিতের পর্। )

মা আমার বুঝি মায়াবিনী! নহিলে গোপাল চলিয়া যাইবার পর হইতে আমার ভাগ্য এমন পরিবর্ত্তিত ছইবে কেন? গোপালের প্রতি তাঁহার যে অগাধ মমতা ছিল, আমি এখন তাহাতে সম্পূর্ণ অধিকারী হইয়াছি। শুধুই কি তাই! ছয় বৎসর গোপাল চলিয়া গিয়াছে। এই ছয় বৎসরের মধ্যে একদিনের জন্মও তাঁহার মুখ হইতে গোপালের নাম বহির্গত হয় নাই। অস্ততঃ আমি ত এক দিনের জন্মও শুনি নাই।

বুঝি মা পরের ছেলে পরের হাতে সঁপিয়া নিশ্চিম্ভ হইয়াছেন। আমার পিতামহী তাঁহাকে যে আদেশ করিয়াছিলেন, মা তাহা দেব হার বাক্য-জ্ঞানে শিরে ধরিয়া পালন করিয়াছেন। পালন করিয়াই তিনি নিশ্চিম্ভ। পোলাল বড় হইয়া চলিয়া গিয়াছে। তিনি তাহার কাছে মমতার প্রতিদ্দানের আশা রাথেন নাই। তাই বুঝি মায়ের মুখ একদিনের জন্য ও মলিন দেখিলাম না! গোপালের স্মরণে এক মুহুর্ত্তের জন্মও কোণে জঞ্বিকু দেখিতে পাইলাম না!

মা এখন দিবারাত্রি আমাকে শইরাই ব্যস্ত। কিসে আমি সুস্ত ও সম্ভষ্ট থাকি, এখন ইহাই তাঁহার একমাত্র চিস্তা। আমি বাড়ীতে থাকিলে, সর্বাদাই আমার পরিচর্যার তত্বাবধান করেন, ইস্কুল হইতে আসিবার সময় পথপানে চাহিয়া থাকেন।

এখন স্বামানের সকল ঝঞ্চাট একরূপ মিটিয়া গিয়াছে। আমার পিতার মুখে রক্ত-উঠা' উপার্জনের স্থথ-শয়া-শায়ী অংশীদার এবং আমারই মাতৃরেছের প্রতিদ্বন্ধী পিতা ও পুত্র উভয়েই আর আমাদিগের স্থথের পথে বাধা দিতে আসিবে না।

গোপাল চলিয়া যাইবার ছই দিন পরেই পিতা রোগমুক্ত হইলেন।
তথাপি যেন মায়ের ভয়ে তিনি নীরোগ হইয়াও কিছুদিন স্থন্থ হইতে
পারিলেন না। পাছে মা কোন দিন গোপালকে ফিরাইয়া আনিবার
আগ্রহ প্রকাশ করেন।

এক হুই তিন মান অতিবাহিত হুইল: দেখিতে দেখিতে বংসর চলিয়া গেল; মা পিতার কাছে গোপালের নামও মুখে আনিলেন না। পিতা এইবারে যথার্থ আখন্ত হুইলেন। তাঁহার আখাদ-প্রাপ্তির নিদর্শনও আমরা অল্পে অল্পে দেখিতে পাইলাম। প্রথমে তিনি মাতাকে সঞ্চিত অর্থের কথা জ্ঞাপন করিলেন, পরে একথানি স্থলর অট্টালিকা ক্রয় করিলেন। মায়ের নামেই ক্রয় করিবার তাঁহার ইচ্ছা ছিল। একমাক্র প্রের দোহাই দিয়া মাতা তাহা নিজের নামে গ্রহণ করিলেন না। মায়ের বৃদ্ধি ফিরিয়াছে দেখিয়া পিতাও আনন্দিত হুইলেন।

এইরপে ছয় বংসর অতীত হইয়া গেল। আমরা সকলেই এখন গোপালের পুনরাগমনের অসম্ভাবিতায় নিশ্চিম্ব হইয়াছি। এই ছয় বংসরে পিতা আরও এক লক্ষ টাকা সঞ্চিত করিয়াছেন। আমরা এখন পটলডাঙ্গায় একটি প্রাসাদ তুল্য অট্টালিকায় বাস করিতেছি।

গোপাল চলিরা যাইবার প্রথম বংশরে আমি প্রবেশিকা পরীক্ষায় সর্ব্বোচ্চ স্থান অধিকার করি। ছই বংশর পরে এল. এ পরীক্ষায় উত্তীর্ণ হই। বৃদ্ধি পাইলেও এবারে কিন্তু সেরূপ সম্মানের সহিত উত্তীর্ণ হইতে পারি নাই। আমার নামের উপরে অনেক লোকের নাম উঠিয়াছিল। লজ্জার আমি সাধারণ বিভাগ ছাড়িয়া ইঞ্জিনিয়ারিং পড়িতে আরম্ভ করি। তথন এখনকার মত শিবপুরে যাইয়া ইঞ্জিনিয়ারিং পড়িতে ছইত না;

এবং এতদিন ধরিয়াও পড়িতে হইত না। প্রেসিডেন্সি কলেজেই ক্লান ছিল। স্থতরাং কলেজের এক্ষর ছাড়িয়া অন্যদরে প্রবেশ করিলাম। তিন বৎসর পরে আবার সম্মানের সহিত পরীক্ষায় উত্তীর্ণ হইলাম, গবর্ণমেণ্ট হইতে চাকরীর প্রতিশ্রুতি পাইলাম। এই বৎসরেই কলিকাভার সন্নিকটে এক জমীদারের কন্যার সহিত আমার বিবাহ হইল। এই জনাই এই ষ্ঠ বৎসরের কথার উল্লেখ করিতেছি।

এই ছয় বৎদরে কলিকাতা সহরেরও অনেক পরিবর্ত্তন হইয়াছে। সহরের রাস্তার তুই পার্ম্বে যে সকল গভীর নালা ছিল, বে গুলাকে দেখিলে নরকের একটা নৃতন মৃর্তির কলনা করিবার প্রয়োজন হইত না, সে ওলাকে বুজাইয়া ভাহাদের স্থানে জলনিকাশের জন্য বড় বড় পাইপ বসিয়াছে, কলের জল হইয়াছে, এবং তেলের আলোর পরিবর্তে রাস্তায় রাস্তায় গাদের আলো হইয়াছে। অনেক রমণীয় উন্তান, গভীর পুন্ধরিণী সকলের স্থান অধিকার করিয়াছে। সেই সকল সাধারণের উপভোগের উন্থান, এই নৃতন আলোকে আলোকিত হইয়া প্রথম প্রথম যে কি অপুর্ব 🗐 ধারণ করিত. বছদিন দেখিয়া অভান্ত তোমরা এখন তাহ। উপলব্ধি কবিতে পাবিবে না।

এইরূপ একটা নাগানের সন্মুথে আমাদের বাড়ী। আমি প্রতি-সন্ধার চুই একজন সহচর সঙ্গে এইস্থানে আসিয়া বেড়াইতাম। আমা-দিগের পুর্বস্থানের সঙ্গে সঙ্গে আমার সঙ্গীরও পরিবর্ত্তন হইয়াছিল। দেশের যে সমস্ত বালক পূর্নের আমাদের বাটীতে থাকিত, ভাহাদের আহ কেহই এখন নাই। ভাগাদের মধ্যে কেহ চাকরীর জ্ঞা কেহ বা পাকিবার অস্থানিধার অক্তর চলিয়া গিয়াছে। পিতা বর্ণাসাধ্য তাহাদের সাহায্য করি:তন, তথাপি তাহাদের কাছে মুখ্যাতি পাইতেন না। স্থ্যাতি দুরে থাক, সামাগ্র ক্রটি হইলেও তাহার নিন্দা করিতে ছাড়িত ना। প্রতিবাসিত সম্বন্ধে আমরা যেন তাহাদের কাছে ঋণ করিরাছি, এইভাবে তাহার। সর্বাদা আমাদের আতিথেয়তার অপব্যবহার করিছে। বিরক্ত হইয়া পিতা এই অষণা সেবাকার্য্য উঠাইয়া দিলেন।

বিশেষতঃ গোপালের দক্ষে সঙ্গে আমরা সেই পূর্বনিবাসভূমির সম্বন্ধ ত্যাগ করিয়াছি। পাকা সহুরে হইয়াছি। স্কুতরাং গ্রামস্থ **লোকের** সমাগম আমাদের আর ভালই লাগিত না। পিতা তংপরিবর্ত্তে অসমর্থ অথচ বুদ্ধিমান্ কতকগুলি ছাত্তের জঁগু মাসে মাসে কিছু নির্দিষ্ট ব্যয় করিতে গাগিলেন। যোগ্যতার ও দরিত্রতার স্থপারিশ আনিলে, তাহারা ইস্কলে পড়িবার বেতন প্রাপ্ত হইত। তাহাতে বাহির হইতেই ঝঞ্চাট মিটিয়া বাইত, বিশেষ হান্দামা পোহাইতে হইত না।

পূর্ব সঙ্গীদিগের মধ্যে অবশিষ্ট ছিল, শুধু খ্রামচাঁদ। সে কখনও আমাদের কাছে সমতার অভিমান রাখিত না। খ্রামটাদ একাধারে থানসামা, সরকার, মোসাহেব। নানামূর্ভিতে সে আমাদের সম্ভষ্ট করি-বার চেষ্টা করিত। নানাপ্রকারে সে পিতার স্নেহ আকর্ষণ করিয়াছিল। আমিও তাহাকে যথেষ্ট ভালবাসিতাম। পিতা তাহাকে কলেজের লাই-ব্রেরীতে একটা কাজ করিয়া দিয়াছিলেন এবং গৃহের কাজ করিবার জন্ম মাসে মাসে তাহাকে একটা নির্দিষ্ট অর্থ মাহিয়ানার স্বরূপ দান করিতেন। অনু, বস্তু, জুল্থাবার সমস্তই আমাদের গৃহ হইতে তাহার প্রাপা ছিল। আমি কোথাও ঘাইলে, প্রায়ই শ্রাম আমার সঙ্গে থাকিত। পিতার সে একরপ মন্ত্রী ছিল বলিলে অতাক্তি হয় না। সময়ে সময়ে পিতা তাহার সঙ্গে এমন অনেক পরামর্শ করিতেন, যাহা আমিও প্রাঞ্জ জানিতে পারিতাম না। এক কথায় সে পিতাকে ও সেই সঙ্গে আমাকে মোহিনীমন্ত্রে মুগ্ধ করিয়াছিল। মাঝে মাঝে সেই স্বপ্নের কথাটা মনে পড়িয়া আমাকে কিছু চিব্তিত করিত, কিন্তু ভাহাকে দেখিলেই স্বপ্নের সেই ভীমভাব আমার কাছে মলীক বলিয়া বোধ হইত। শ্রাম হইতে আমার যে কি অনিষ্ঠ হইতে প্লারে, তাহা আমি অনেক দিন ভাবিয়া স্থির করিতে পারি নাই। অথবা যা ঘটে ঘটুক, শ্রামের সঙ্গ আমাদের অপরিভাষ্ঠিয়া হিষয়া পড়িয়াছিল।

বাগানে বেড়াইবার সময় শ্রাম প্রায়ই আমার সঙ্গে থাকিত। এই
নবাগত স্থানে প্রতিবাসী বালকদের সঙ্গে আমার বিশেষ পরিচয় ছিল না।
পরিচয় রাথিবারও একটা বিশেষ ইচ্ছা'ছিল না। তথনও সহরে আজি
কালিকার মত ইংরাজীশিকার এত প্রচলন হয় নাই। তথন অলিগলিতে
ইকুল ছিল না। আমাদের পাড়ার অনেক যুবকের পাঠশালা হইতে
বিশ্বার মীমাংসা হইয়াছিল। তাহারা পরম্পারের সঙ্গে কথোপকথনে
কথা গুলাকে ইংরাজী কথার মসলা দিয়া গাঁথিতে জানিত না। গুল
হিঁত্য়ানীর সন্ধীবভায় তাহারা আমাদের স্বাধীন ব্যবহারের ছল ধরিতেই
সর্বানা বান্ত থাকিত। স্ক্তরাং পটলভাঙ্গায় আসিয়া প্রতিবাসী ব্রকদের
সঙ্গে একটা আলাপ পরিচয় রাখি নাই।

্বে তুই চারি জন আমার সহচর ছিল, তাহারাও আমার মত শিক্ষিত।
তাহারা প্রতিবেশী না হইলেও, পাড়ার মনোমত সঙ্গার অভাবে আমার
কাছে আসিত। তাহাদেরই সমভিব্যাহারে লইয়া আমি প্রতিসন্ধার
বাগানে ভ্রমণ করিতাম।

একদিন কোনও সঙ্গী ছিল না। পূজার অবকাশে অনেকেই কলি-কাতা ত্যাগ করিয়াছে। চিরদঙ্গী শ্যামও দেশে চলিয়া গিয়াছে। কয়-দিন হইতেই সঙ্গীর অভাব অনুভব করিতেছিলাম। কিন্তু উক্তদিবদে অভাবটা বড়ই অনুষ্ঠ বোধ হইল।

বাড়ীতেও আমি একাকী। পিতা আমার ভাবী খণ্ডরকর্তৃক অনুক্র ছইয়া বায়ু পরিবর্ত্তনের জন্ত, তাঁহার জমিদারীর অন্তর্গত:একটী স্বাস্থ্যকর স্থানে গমন করিয়াছেন। বিশেষ কারণে সে স্থানের নামোলেথ করিলাম না। তথনও আমি বৃঝিতে পারি নাই যে, জাঁহার কভার সঙ্গে আমার বিবাহ হইবে। পিতার সঙ্গে আমিও সেথানে যাইবার আগ্রহ প্রকাশ করিয়াছিলাম। কিন্তু পিতা বাড়ীতে থাকিবার নানা কারণ দেখাইয়া আমাকে সঙ্গে লইলেন না। নানা ছণ্চিত্তার লক্ষ্য হইবার জন্তই যেন আমি একাকী বাড়ীতে পড়িয়া রহিলাম।

মা আমার বড়ই অলভাষিণী; "মুতরাং বাড়ীতে থাকিয়া তাঁহার সঙ্গে ছই চারিটা কথা বার্তায় যে, সময়টা অভিবাহিত করিব, তাহারও উপায় রহিল না। বৃদ্ধ চাকর বেচু ছিল, বাল্যকান্দের্কাপাল ও আমানকে দে অনেক গল্প শুনাইত। দেও এক প্রকার গোপালের সংক্ষে সঙ্গেই দেশে চলিয়া গিয়াছে, আর আসে নাই। আসিবার জন্ত পিতা শুমকে দিয়া তাহাকে অনেক পত্র দিয়াছিলেন, সে উত্তর পর্যান্ত দেয় নাই।

একটা সহচরের অভাবে শ্বন্ধটা ব্যাকুল হইয়া পড়িল। সেই ব্যাকুলতায়, ছয় বৎসর পরে, আমার আশৈশব সহচর, আমার মাতৃ-অঙ্কের প্রবল
অংশীদার গোপালের অভাব প্রথম অন্তুত্তব করিলাম। অমুভবের সঙ্গে
সঙ্গে সেই শাস্ত হর্কল চির নিরীহ বালক, দেবোপম কান্তি লইয়া জীবিতবৎ
আমার চোথের উপরে ফুটিয়া উঠিল! মানসচকে কি স্থলচক্ষে তাহাকে
দেখিয়াছি, ভাই সব! আজিও পর্যাস্ত আমি তাহা হির করিতে পারি
নাই। স্বপ্ন জাগরণ আজিও পর্যাস্ত সেই প্রহেলিকাময়ীমৃত্তি লইয়া আমার
নিকটে দ্বন্ধ করিতেতে।

তরক্ষে তরক্ষে হৃদয়ে একটা প্রচণ্ড ষর্রণা উপস্থিত হইল। কিন্তু একথা মাকেত জানাইতে পারিলাম না! অস্থির হইরা বাটীর বাহির হইলাম। গাড়ী করিয়া কলিকাতার নানা স্থানে পরিভ্রমণ করিলাম, জালার নিবারণ ইইল না। মনকে প্রবোধকথায় শাস্তু করিতে চেষ্টা করিলাম, মন

ছিগুণ অশান্ত হইয়া উঠিণ। সন্ধার পুর্বেই গৃহে কিরিয়া আসিলাম। অন্তদিন এমনি সময়ে কিঞ্চিৎ জলবোগ করিতাম; আজ আর করিলাম না। বাগানে চলিয়া গেলাম। বহুলোক ভখন বাগানে প্রবেশ করি-রাছে; জনকোলাহলে বাগান পরিপূর্ণ। কিন্তু হায়! নরারণ্য আমার চক্ষে বিজন অরণা প্রতীত হইল।

বারকভক এদিক ওদিক বুরিয়া আমি একটা বেঞ্চে ব্রিলাম। লোক ভাহাতে বসিল, উঠিয়া গেল। আমি যেন অনস্ত অধিকার লইয়া বসিয়াছি।

গোপালের কথা মৃত্যু ভঃ মনে উঠিতে লাগিল। সত্য কথা বলিতে কি. গোপালের প্রতি প্রকৃত মেহ ড কোন কালেই ছিল না, তাহার উপর এই ছয় বংগরের অদুর্শনে ভাহাকে একরূপ বিস্মৃতই হইয়াছি। ভাহার মুখ্নী মনে কাগাইতে অনেককণ ধরিয়া চিন্তা করিতে হয়। সেই গোপালের স্থৃতি যে, আমাকে এতটা আকুল করিবে, তাহা স্বপ্নেও বুঝিতে পারি নাই।

চিস্তার প্রহারে অর্জরিত হইয়া একবার প্রাণের সহিত বলিয়া উঠিলাম. "গোপাল আৰু যদি তুমি আমার কাছে থাকিতে, তাহা হইলে সর্বপ্রথম আমার চক্ষে ভোমার মৃল্য হইত।"

''এই যে আছি ভাই।'' ভডিৎ-প্রেরিতবৎ উঠিয়া দাঁড়াইলাম, কে কহিল দেখিবার জন্ম চারিধারে চাহিলাম, দেখিলাম বাগানের সমস্ত লোক চলিয়া গিয়াছে, আলোক নির্বাপিত হইয়াছে।

সেই অন্ধকারেই গোপালের অন্নেষ্ণে একবার বাগানের চতুদ্দিক ভ্রমণ করিলাম। পঞ্চমীর ক্ষীণচক্ত আমার কার্য্যের বিকলতার একটু দশ্বিত মুখভঙ্গি দেখাইবার জ্ঞাই ধেন আমাদেরই অট্টালিকার অন্তরালে আত্মগোপন-মূথে ক্ষণকালের জন্ত অপেকা করিতেছিল।

্বজ্জতঃপর অন্ধকারে সে স্থানে হর্ক্তেরা আশ্রয় গ্রহণ করিবে ব্ঝিয়া আসি অরে ফিরিয়া আসিলাম।

#### (50)

গৃহে মাতা উৎকণ্ঠার সহিত আমার জন্ত অপেক্ষা করিতেছিলেন।
বিলম্ব দেখিয়া আমার সন্ধানে ভৃত্য পাঠাইতে ছিলেন। সন্ধ্যার কিছু পূর্বে
বাটাতে প্রত্যাবর্ত্তনের সংবাদ না পাইলে, বোধ হয় আমার এত বিশম্বে
ব্যাকুল হইতেন। হয়ত একদিন বেমন গোপালের ভাগ্যে ঘটিয়াছিল,
আমাকেও দেইরূপ লোকের জানাজানিতে অপ্রস্তুত হইতে হইত।

মা বিলম্বের কারণ জিজ্ঞাসা করিলেন না। জিজ্ঞাসা করিলে কি
সত্য উত্তর দিতে পারিতাম ? উত্তরের দায় হ্ইতে নিশ্চিস্ত হইয়া, আমি
আহার করিতে বসিলাম। আহারে একটা বিশেষ ক্লচি ছিল না।
বা-তা মুখে দিয়া, সমস্ত আহার্যাই একরূপ অভ্ত রাধিয়া উঠিতেছি,
এমন সময় মা জিজ্ঞাসা করিলেন, "ওকি, গোপীনাথ! থাবার সব পর্টিয়া
রহিল কেন ?"

আমি আর কি উত্তর করিব ? বলিলাম—"কুধা নাই।"
"কুধা নাই, না রালা ভাল হয় নাই ?"

এইবারে ফাঁপেরে পড়িলাম। মা বলিতে লাগিলেন—"যদি রারা ভাল না হইয়া থাকে ত বল, আমি আবার রাধিয়া দিই।"

তুমি রাঁধিতে থাকিবে, আর আমি ততক্ষণ থালা কোলে করিয়া বসিয়া থাকিব ?"

"কেন, হাত মুথ ধুইয়া কিছুক্ষণ ঘরে গিয়া বিশ্রাম কর। সময় ইংলেই আমি সংবাদ দিব।"

আমি রাধুনীর উপর দোষারোপ করিতে ঘাইতেছি, তিনি বাধা

দিয়া বলিলেন—"আৰু রাঁধুনী রাঁধে নাই। আমি নিজ হত্তে সমন্ত প্রস্তুত করিয়াছি।"

এমন বিপদেও মামুষে পডে। কি উত্তর করিব স্থির করা কঠিন হঁইয়া পড়িল। হর্ভাগা, বাঁধুনীর নিন্দা করিতে যাইয়া প্রক্রতপক্ষে মামেরই নিন্দায় প্রবৃত্ত হইতেছিলাম! অথচ অমৃতের আস্বাদ প্রতি পরমাণুতে লুকাইয়া স্থরচিত ব্যঞ্জনাদি পাত্রে পড়িগা আমার রসনাম্পর্শের অপেকা করিতেছে। গোণাণের এক মুহুর্ত্তের স্মৃতি আমার মস্তিক্ষকে এমন আলোড়িত করিয়াছে যে. এমন অমৃতের স্বাদ আমি গ্রহণ করিতে অসমর্থ হইয়াছি।

মা বলিতে লাগিলেন—''তোরাত আর ব্রাহ্মণের আচার কিছুই রাখিদ্নাই। আচমন, গণ্ডুষ কিছুই করিদ্না। তথন তোর উঠিয়া ষাইতে দোষ কি ?''

্এই স্থলে বলিয়া রাখি, মা গোপালকে "তুই" বলিতেন। জ্ঞান হওয়া অবধি আমি কিন্তু তাঁহাকে আমার প্রতি 'তুই' বাক্য প্রয়োগ করিতে শুনি নাই। আদ্ধ অযোগ্য বয়দে, সংসার-প্রবেশ-মুথে মায়ের এই প্রীতির সম্ভাষণ শুনিয়া প্রাণটা কেমন গণিয়া গেল। পূর্ব্ব ছইতেই হৃদয়টা তুর্বল হইয়া রহিয়াছে, আমি চক্ষুর নিষেক অবরুদ্ধ করিতে পারিলাম না। পাছেমা দেখিতে পান, এই জন্ত মাথাটা অবনত করি-লাম। বুঝিলাম গোপালের প্রাপ্য সম্পত্তির যাহা কিছু অবশিষ্ট ছিল, ভাহাও আজ মায়ের কাছ হইতে ছিনাইয়া লইয়াছি।

মায়ের হাদয় আজ আমার কাছে বুঝি প্রথম উন্মুক্ত হইতেছে! নহিলে, তাঁহার প্রতিশক্ষভারে আমি এত শ্বস্থির হইতেছি কেন? আঘাতে আঘাতে আৰু কি হৃদয়টা চূৰ্ণ হইয়া যাইবে !

মা আবার কহিতে আরম্ভ করিলেন—"গোপীনাথ! তোদের অনেক

দিন বাঁধিয়া থাওয়াই নাই।'' বলিয়াই মাতা: ऋণেকের জন্ত নীরব হইলেন। ছয় বংশর পরে এক ক্ষুদ্র পলের অস্তর্কভায় জননী এক পুত্রকে বছ করিয়া, গোপালের প্রতি:অগাধ স্নেহের নিরুদ্ধ উৎসের চিত্র স্মামার চোথের উপর ত্লিয়া ধরিলেন। মাকে মনে মনে ধন্তবাদ দিলাম। এই সেংহর নিবন্ধ ধারায় ছয় বংসরের প্রতিমূহর্তে হৃদয়টাকে নিস্পীড়িত कतिया, मा अम्रानवनत्न आमारनद्र त्मता कतियाहन। अर्थागारे हरे. নরাধমই হই, এমন দেবীর মর্য্যাদা বুঝিতে অক্ষমই হই, তাঁহার গর্ভে স্থান পাইয়াছিলাম বলিয়া, আমি আপনাকে ধন্ত জ্ঞান করিলাম।

কিছক্ষণ নীরব থাকিয়া মা বলিলেন—"তাই আজ স্বহন্তে পাক করিয়া তোমাকে আহার করাইবার বড় ইচ্ছা হইয়াছিল।"

মাকে আর আমি আত্মগোপনে অপরাধিনী দেখিতে ইক্তা করিলাম না। মাথা তুলিয়া বলিলাম, "মা! তোমাকে একটা কথা জিজ্ঞানা করিব ?"

"কি জিজাদা করিতে চাও, বল।"

"তোমার কাছে মিথ্যা কহিব কেন্ ৪ আমি তোমার প্রস্তুত এ আহার্য্যের কোনটাই স্পর্শ করি নাই।"

"যথার্থ ই কি তোমার ক্ষধা নাই ১''

"কুধা আছে, কি না আছে, তাও বলিতে পারি না। বুঝিবার ক্ষমতা প্ৰয়ন্ত নাই।"

"একি কথা! আমিত বুঝিতে পারিতেছি না!"

''তোমাকে বুঝাইতে পারিব না। তুমি আমার অপরাধ লইও না। আমি তোমাকে কেবল একটা কথা জিজ্ঞাদা করিব। জিজ্ঞাদা করিতে সঙ্গুচিত হইতেছি বলিয়া এতক্ষণ বসিয়া আছি ।"

মা ধেন কি কহিতে যাইয়া নীর্থ হইলেন। এ চটী দীর্ঘপাদ তাঁহার

কথাবরোধের পরিচয় দিয়া আমাকে পূর্ব হইতেই সাবধান করিতে যেন আমার গাত্রস্পর্শ করিয়া চলিয়া গেল। মন্দবৃদ্ধি আমি তাহা বৃঝিয়াও বৃঝিতে পারিলাম না। আমি বলিলাম, "বলি ?"

भा विलालन-"वन।"

আমি অতি সভরে, অতি সম্বর্গণে জিজাসা করিলাম—"গোপাল কি আজ এখানে আসিয়াছিল ?"

"কই আমি ত দেখি নাই!" কি কটে, কি বিষম শারভাঙ্গে মায়ের মুখ হইতে এই কয়েকটা কথা বাহির হইয়াছিল, প্রিয় পাঠক! তাহা ভাষায় প্রকাশ করিয়া আপনাদের আমি ব্রাইতে পারিলাম না। প্রসভান শুক্ত, অর্কয়ুগ ধরিয়া অবক্রম শোকাবেগ প্রতি অক্রমে যেন যাতন।এছি গাথিয়া বহিংশিখার সমষ্টিয়পে মায়ের হলয় হইতে অবকাশে অবকাশে বহির্গত হইতে লাগিল। মায়ের সে মধুরকণ্ঠ! মনে হইল কে যেন নির্দিয় হতে আকুল বংশীর মুখ আবরু করিতেছে!

কৃষ্ঠিতে কৃষ্ঠিতে মাতা সংজ্ঞাহারাইলেন। বাতাহতের স্থায় এই নিষ্ঠুর সন্তানের প্রশ্নাভিবাতে তিনি ভূপতিতা হইলেন।

তাড়াতাড়ি হাত মুধ ধৃইয়া মায়ের মৃচ্ছাপনোদনের চেষ্টা করিল।ম;
মৃচ্ছা ভাদিল না। মামা বলিয়া অনেক ডাকিলাম, মা উত্তর দিলেন না। ক্রমে ব্যাপার দাদদাসীর গোচর হইল, বাড়ীতে ছলমূল পড়িয়া গেল।

আমাদের চেষ্টার মাতার যথন মুচ্ছা ভাঙ্গিল না, তথন বাস্তবিক বিপর হইলাম। পিতা গৃহে নাই, রাত্রিতে তাঁহার কাছে সংবাদ পাঠাইবারও উপার নাই। কিংকর্ত্তব্য স্থির করিতে না পারিয়া, মাকে উঠাইয়া তাঁহার নিজের কক্ষে শরন করাইলাম, এবং নিজেই ডাক্তার আনিতে ছুটিলাম।

দাসদাসীদিগকে মায়ের এরপ অবস্থা পরিবর্ত্তনের কারণ বলিতে

সাহসী হই নাই। কিন্তু ডাক্তারকে বোগের কারণ না বলিলে ত চলিবে না। তাঁহাকে আনিতে, পথে আন্তোপাস্ত সমত ঘটনা প্রকাশ করিয়া বলিলাম। আমার আন্তরিক অবস্থাও সেই সঙ্গে তাঁহার কাছে বিবৃত্ত করিলাম।

সমস্ত শুনিয়া, রোগীকে নাঁ দেখিয়াই পথ হইতে তিনি আমাকে রোগমুক্তির আখাস দিলেন। বলিলেন—":তামার প্রশ্নই যদি তাঁহার মূর্ছার একমাত্র কারণ হয়, তাহা হইলে তাঁহার সংজ্ঞা ফিরাইতে বিলম্ব হইবে না।"

গৃহে আসিয়া দেখিলাম, মায়ের অবস্থার সামান্তমাত্রও পরিবর্ত্তন হর নাই। আশক্ষা ও উদ্বেগে প্রাণ অস্থির হইয়া উঠিল। ব্যাকুল হইয়া ভাক্তারের হাত হইটা জড়াইয়া ধরিলাম। কাঁদিতে কাঁদিতে বলিলাম— "ভাক্তার মহাশয়! যে কোন উপায়ে মাকে আমার রক্ষা করুন; আমাকে মাতহত্যার পাতক হইতে উদ্ধার করুন।"

ডাক্তার বাবু রোগ পরীক্ষা করিলেন। পরীক্ষার সঙ্গে সঙ্গে আমাকে ছই একটা প্রশ্ন করিতে শাগিলেন—

"আর কথন সূচ্ছা হইয়াছিল কি ?''

উত্তর করিলাম—"না।"

''শির:পীড়া হইয়াছিল কি ?''

"বিশেষ মনোবোগ আকর্ষণ করে, এমন শিরঃপীড়া কথনও হয় নাই। মা চিরস্কস্থ, কচিৎ জর হইতে দেখিয়াছি।"

''ইদানীং অধিক পরিশ্রম করিতেন কি ?''

শপরিশ্রম আগে করিয়াছেন। ব্ঝিতেই ত পারিতেছেন, আগে দাদদাসী কিছুই ছিল না। দেশে একা মাকে সমন্ত গৃহকর্ম করিতে হইত।
এখন ত একরূপ পরিশ্রম নাই বলিলেই চলে।"

"গোপাল কতদিন গিয়াছে ?"

"ছয় বৎসর।"

"ঠাহার জন্ম ইনি কি কখন কখন অত্যস্ত রোদন করিতেন **?''** 

"নির্জ্জনে কথনও করিয়াছেন কিনা বলিতে পারি না। আমরা কেহই কিন্তু কথন মাকে গোপালের জন্ম শোক করিতে দেখি নাই। শোক मुरत्रत कथा, এकमिरात ज्ञा मुर्थ मानिश পर्यास रमिथिए পाই नारे।"

পরীক্ষা শেষে ডাক্তার বাবু কিয়ৎক্ষণ নিষ্পান্দের মত বদিয়া রহিলেন। আমি জিজ্ঞাদা করিলাম—"কি রকম দেখিলেন ?"

দাসদাসী রাধুনী সকলে ডাক্তার বাবুর উত্তর গুনিতে উদ্গ্রীব হইল। তিনি ভাছাদিগকে নিরাশ করিয়া আমাকে ইংরাজীতে বলিলেন, ''রোগ কঠিন। ইহাকে য়াপোপ্লেকসি বলে। অতি উল্লাসে, অতি অবসাদে, শোকে, রক্তস্রোত সহসা মন্তিকের দিকে বেগে প্রবাহিত হইতে যদি শিরাপথ কোনক্রমে ক্রম অথবা ছিল্ল হইয়া যায়, তাহা হইলে এই রোগের উৎপত্তি হইয়া থাকে। ইহাতে শতকরা হুই একজন বাঁচে, পুস্তকে পাঠ করিয়াছি।"

আমি শিশুর ভাগ কাঁদিরা ফেলিলাম। হৃদয়ের প্রতিভন্তী যেন শিথিল হুইয়া গেল। গুহে যাহারা ছিল, তাহারা আমার ভাব দৈখিয়া, আমার সঙ্গে রোদন করিয়া উঠিল। ভাক্তার বাবু আমাকে নিরম্ভ হইতে, ও সেই সঙ্গে সকলকে নিঃত করিতে ব্লিলেন। আমার ইঙ্গিতে সকলে চুপ কবিল।

আমি কাত্রকঠে বলিশাম—"তবে কি সত্য সত্যই মাকে হত্যা করিলাম।" কলিকাতার আদা অব্যধি তিনিই আমাদের পারিবারিক চিকিৎসক। আমি ও গোপাল উভয়েই তাঁহার কাছে অনেকবার চিকিৎসিত হইয়াছি। তিনি আমাদিগকে স্নেহের সহিত সংবাধন

করিতেন। মা তাঁহার সমুথে কথা কহিতে লজ্জা বোধ করিতেন না। গোপালের সামান্ত অম্বথে তিনি যেরপ ব্যাকুণতার সহিত ডাকোর বাবকে প্রশ্ন করিতেন, তাহাতে গোপালের প্রতি মাতার স্নেহের গভীরতা তাঁহার অবিদিত ছিল না।

আমার শোষোক্ত প্রশ্ন শুনিয়া তিনি আমাকে একট তীব্রতার সহিত বলিলেন—''শুধু তুমি কেন গোপীনাথ! তোমরা পিতাপুত্রে উভয়ে নৃশংসের স্থার এই সাধবী করুণাময়ীকে হত্যা করিলে।"

আমি তাঁহার পা চুইটা জড়াইয়া ধরিলাম। আর বলিলাম—"বারের জন্ম চিস্তা করিবেন না। মাকে জীবনে ফিরাইবার যে কোন উপায় থাকে. আপনি তাহার বিধান করুন।"

"বায়ে যদি কার্যা সফল হইত, তাহা হইলে ভোমাকে এত কথা কহিতাম না। আমামি এই বয়স পর্যান্ত প্রায় এইরূপ পঁচিশটী রোগীর চিকিৎসা করিয়াছি। কিন্তু একটা ভিন্ন আর কাহাকেও বাঁচিতে দেখি নাই।"

বছই আশাবিত হইয়া বলিলাম—"তবেত বাঁচে।"

ডাক্তার বাবু বলিতে লাগিলেন—"বাঁচে, কিন্তু ডাক্তার-দত্ত ঔষধে নয়—ভগবদত্ত শক্তিতে। সে রোগীরও তোমার মায়ের ভার অবস্থা হইয়াছিল। তিনিও রমণী। তাঁহার একমাত্র পুত্র উন্মাদরোগে গৃহত্যাগ করিরাছিল। রুদ্ধ শোকাবেগে তোমার মায়েরই ন্তার অবস্থাপর হইরা তিনি রোগাক্রাপ্ত হন। আমরা বহুচিকিৎসকে হতাশ হইয়া রোগিণীর শ্যাপার্শে বসিয়া প্রতিমুহুর্তে তাঁহার মৃত্যুর প্রতীক্ষা করিতেছি। সময়ে সেই নিক্লিপ্ট উন্মন্ত সন্তান কোথা হুইতে ছুটিয়া আসিয়া তাঁহাকে উন্মাদের আবেগে মা বলিয়া ডাকিল। বিশ্ববের কথা তোমাকে কি বলিব। সেই 'মা' শব্দ ভানিবামাত্র মুমুর্রোগী নিজোখিতার ভার উঠিয়া বসিলেন। গোপীনাথ ৷ তোমার জননীর রোগের ঔষধ তোমরা ভিন্ন চিকিৎসকে ব্যবস্থা করিতে পারিবে না।'' একটি দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া ভাক্তার বাবু গ্ৰহ হইতে নিজ্ঞান্ত হইলেন। কোনও ঔষধ দিলেন না।

আমিও সমস্ত ব্রিতে পারিলাম। পিতার অনুমতির অপেকানা করিয়াই দেই রাত্রেই গোপালকে আনিতে দরোয়ান পাঠাইলাম। সঙ্গে य(शष्टे जर्थ मिनाम। जात्र विनाम—"यठ जर्थरे वात्र रुछेक, भाकी করিয়া যত শীঘ্র পারিবে গোপালকে দেশ হইতে লইয়া আসিবে।" শ্রামকেও সংবাদ দিতে বলিলাম। দরোয়ান সে দেশে কখনও যায় নাই। স্বতরাং তাহার হাতে আমাদের গ্রামের ঠিকানা লিখিয়া ও তৎসম্বরে গোপালের নামে একখানা পত্র দিয়া বিদায় করিলাম।

( ক্রমশঃ )

## যমালয়ের পত্রাবলী।

২য় পত্ৰ

(পূর্ব্ব প্রকাশিতের পর।)

পৃথিবীতে যাহাকে মহাপাতকা বলে, আমি ঠিক তাহা ছিলাম না । পার্থিব জীবনে আমি ঘোর স্বার্থপর ছিলাম, কিন্তু পরের ছুংখে ও কষ্টে আমার যে একেবারে কোনও সহাত্তভৃতি ছিল না, তাহা নয়। মন বাসনার পরিতৃপ্তির চিম্বায় ব্যাপৃত থাকিলেও, আমার মাঝে মাঝে তাহাতে উচ্চভাব আসিত: ধী-শক্তির উজ্জ্বণ আলোকে ক্রীড়া করিবার সাধ ছিল। প্রতিভাক্ষেত্রের তীব্র আনন্দের আস্বাদও অনুভব করিয়া আসিয়াছি। মানবচক্ষে আমার প্রকৃতি বেশ সং ছিল, এবং যেখানে আপনার কোনও ক্রপ ক্ষতি না করিয়া পরের উপকার দন্তব হুইত, আমি অপরের উপকার

করিতাম। তবে জগৎ-দেবাত্রত গ্রহণ করিতে পারি নাই, কারণ আমার মনে, কে জানে কেন, এক প্রকার আভিজাতিক অহঙ্কার বন্ধমূল হইয়া ছিল;—আমার মনে হইত, আমি যেন সকলের পূজা ও সেবা পাইতে জন্মিগাছি। পরকাল ও ভগবানে অবিখাদী আমি, ভোগ-লালসা চরি-ভার্থতাই জীবনের সার করিয়াছিলাম। আমার বে কখনও ভগবানে বা পরকালে বিখাদ ছিল না, তাহা নয়। স্থানুর অতীতে, অতি শৈশবে, আমার ঈখরে স্থদূঢ় বিখাদ ছিল। ডগবানের বিষয় ভাবিতে ভাবিতে আমার হৃদয় প্রেমপূর্ণ হইত, কিন্তু যৌথনোলেষের সঙ্গে সঙ্গেই সব বিশ্বাস ও প্রেমের অন্ত হইল। নিদাঘের উত্তপ্ত কিরণজালে শ্রামল দুর্বাদলে প্রফুল শিশির কণার অবসান মত যৌবনের প্রথর কামনার স্থউষ্ণ ও স্থদীর্ঘ নিখানে জ্বারের কোমল ভাববিন্দু দক্ত দব শুকাইয়া গেল। আর একবার অনেক পরে, আমি আমার সেই বিখাস ফিরাইয়া পাইয়। ছিলাম: কিন্তু এবার তাহা দেই শৈশবের মত প্রাণময় ও কমনীয় নহে। দিবদে রবিকর-ভাগিত পগনকোলে নিপ্সভ শশিকলার মত প্রাণহীন"।

সারা জীবন ইন্দ্রিয়বৃত্তির চরিতার্থতাই সম্পাদন করিয়া আসিয়াছি। বিলাসীর বিবিধ প্রমোদে আপনাকে একেবারে ডুবাইয়াছিলাম। নিজ্ঞ নূতন উত্তেজনার তরঙ্গে ছলিতে ছলিতে আমার জীবন-ভরণী ভাদিয়া বাইত। দে সমস্ত তীব্র উৎকট কার্য্যকলাপের আর অধিক कि পরিচয় দিব।

জীবদশায় হৃদয়মাঝারে কি অগ্নিই জালিয়া ছিলাম ! তথন বৃঝি নাই তাহা ভবিষাতে এত যাতনা দিবে। এই জালাময়ী তৃষানলে সর্বাক্ষণ দগ্ধ हरेटा हि. अथार तम अनटमत्र अखनारे. तिटा तु अवनान नारे। **औ**विछ-দাহন শুনিলেই, তোমরা পুথিবীর লোক, তোমাদিগের প্রাণ-শিহরিয়া উঠে। কিন্তু, আমার এ যাতনার তুলনায় তাহা কিছুই নয়। ভন্নীভূত

ब्हेरनहे राजमित्रत जानात त्या । यामात वाजनात त्या नाहे, क्रम नाहे, ভাহার শেষ হইবার আশাও নাই, উদ্ধারের আশাও নাই।

এখনও আমার সব যাতনার কথা বলা হয় নাই। এতক্ষণ যাহা বলিলাম, এই সমস্ত এথানকার সকলের সাধারণ সম্পত্তি। এতদ্বাতিরিক্ত সকলের আবার বিশেষ বিশেষ যাতনা রাশি আছে। নরকে প্রবেশ করিয়াই আমি একটা ঐরপ যন্ত্রণার তীব্র দংশনের জ্বালা সহু করিয়া জাসিতেছি। পার্থিব জীবনের একটা অতি সামার ঘটনা.—তাহারই পরিণাম এই তীত্র যাতনা ভোগ!

আমার বয়:ক্রম তথন সপ্তবিংশতি বৎসর। প্রবাদে কোনও প্রকাতে রজনী-যাপনার্থে, আমি সন্ধ্যাকালে শুগু হাদরে, এক কুন্ত পান্থাশ্রমে প্রবেশ করিলাম। এক বর্ষকাল অভিবাহিত হুইয়াছে, আনরা ভিনটি প্রাণী গৃহ হুইতে নিজ্ঞান্ত হুইখাছিলাম। নানাস্থান প্র্যাটন করিয়া তুর্গম পশুপতিনাথ হইতে আমরা গৃহাভিমুখে প্রত্যাবর্ত্তন করিতেছি। গৃহ হইতে তিনজনে যাত্রা করিয়াছিলাম। এখন ফিরিতেছি চুইজনে। আমার হৃদয়ের অধিষ্ঠাত্রী, শত বাসনার রাণীকে নির্জন পর্বতি কন্দরে ফেলিয়া ভারাক্রাস্ত হৃদয়ে এই পান্তাশ্রমে আসিয়া পৌছিলাম। ভীষণ মনস্তাপে ভগ্নস্বর, উদ্দাম বাসনা-বেগের প্রতিক্রদ্ধ গতিতে বিকলিত্রচিত্ত, স্নেহহীন, সংসারে মমতাহীন আমি. একমরুময় প্রাণ লইয়া সেই আশ্রয়ে প্রবেশ করিলাম।

মানবজীবনে অনেক অভাবনীয় ঘটনা আসে। আমি মাসাধিক কাল এইরপে জগতে বীতরাগ হইয়া রহিয়াছি দেখিয়া, প্রকৃতি দেবীর যেন তাহা আর সহ্য হইন না। তাই যেন আবার আমাকে পুনর্জীবিত করিতে, আমার নির্ম্ম ত্যার কঠিন হাদয়কে আবার গলাইতে তিনি আমাকে এইখানে ষ্মানিরা ফেলিলেন। স্থামি কি দেখিলাম! ছিন্ন, অতি মলিন বসনে আরত-দেহ পিতৃমাতৃহীন এক দশমব্যীয় স্থলর বালক। তাহার জননী অতি রূপ- বতী। নাম নির্ম্মণা, আমার স্বঞ্জাতীয়া। নির্ম্মণা একমাত্র পুদ্র লাভ করিয়াই দেই বৎসরে বিধবা হয়। ছয় বৎসর হইল সে জ্বনতক দ্রাত্মীয়ের সহিত্ত তীর্থ যাত্রায় বাহির হয়। নানা স্থান পর্য্যটন করিয়া মাসাধিক হইল এক রজনীতে আমারই মত তাহারা, এই পাস্থাবাসে আশ্রয় লয়। পরদিন প্রভাতে শ্ব্যাত্যাগ করিয়া বালক দেখিল যে, সংসার ক্ষেত্রে সে সম্পূর্ণ অসহায়। তাহার সহযাত্রীরা কেহই নাই; তাহার একাধারে পিতা, মাতা পার্থিব দেবীর লাবণ্যময়ী দেহল চা নিকটহ জলাশ্যের ধারে পড়িয়া আছে। সেই অবধি কপদিকশৃত্ত আত্মীয় বিহীন এই শিশু এই আশ্রমে বাস করিতেছে। যাত্রীদিগের অন্থ্রহে কোনদ্মলে প্রাণ বাঁচাইতেছে। তাহাদিগের আদি বাসস্থান কোথায়, এবং বালকের পিতারই বা কি নাম ইত্যাদিরূপ তাহার আর কোন পরিচয় আমি পাই নাই।

সেই অসহায়, সংসার পরিত্যক্ত বালক, আমার নেত্রপথে পতিত হইবা মাত্র, তাহার বিশাল ভাসমান কমল-নয়ন হুটিকে আমার পানে স্থির করিয়া, আবার চকিত ভাবে ফিরাইয়া লইল। তাহাতে বেন উল্লাম্ভ হিরণের উলাস ও শক্তিত বক্ত শশকের ব্রীড়া, এই হুইভাব একতে যুগপৎ মিশাইয়া গেল। আমি তাহাকে দেখিবামাত্রই তাহার অতুলনীয় সৌক্ষ্য ও অবাক্ত মোহন ভাবে একেবারে মুগ্ধ হইয়া পড়িলাম।

আমাদিগের ছইজনার মধ্যে একটা প্রকৃতি ও অবস্থাগত একতা ছিল। সে সমস্ত প্রাণটুকু দিয়া, অতি অমুরাগ সহকারে ভালবাসিয়া আসিয়াছে—আমিও তাহাই। বাঁহাকে সে ভালবাসিত তাঁহার বিয়োগে সে এখন উদ্প্রান্ত,—আমিও তজ্ঞপ। কেবল কি তাই ? তাহার প্রকৃতিগত বিশেষত্বও আমাকে অর মুগ্ধ করে নাই। তাহার মহতী উগ্রতা, গর্ম্ম, এমন কি তাহার অশাসনীয় অশিষ্টতা যেন আমারই অস্তরের অমুরূপ। তাহার ভাব বেন আমার নিদ্রিত অস্তরাত্মাকে জাগাইয়া দিল। আমার বোধ হইল

বেন আমি ব্যতিরেকে আর কেহই তাহার হাদরের ভাব বুঝিতে পারিবে না। আমিও বছপি তাহার বরদের, তাহার অবস্থায় পড়িতাম, ভাহা হইলে আমিও ভটাবাধিত হইতাম।

তাহার ভ্বনমোহন সৌন্দর্যাও আমায় অর মুগ্ধ করে নাই। তাহারা অতি মলিন চীরথও যেন তাহার রূপকে বাড়াইয়া তুলিয়াছিল। সেই ক্লফ অমরশোভিত নীললোহিতাভ লোচনযুগ্যের স্থিরচপল দৃষ্টি, কুঞ্চিত ক্লফ-কেশলামের অতি স্থলর কপোল—ও ললাটের চারিভিতে—কম্পিত-শোভ আমার হৃদয় একেবারে অধিকার করিয়া বিলিল। আমি তাহার রূপে মুগ্ধ হইয়া তাহার নাম রাথিলাম বনবিহারী। বনবিহারীর কোন আত্মীর না থাকায়, আমি তাহাকে সঙ্গে লইয়া গৃহে ফিরিলাম। ভিনজনে যাত্রা করিয়া গৃহ হইতে নিক্রান্ত হইয়াছিলাম, আবার ভিনজনে ফিরিলাম,—ক্রির কি পরিবর্ত্তন।

বনবিহারীর আত্মীয়ের কোনও সন্ধান পাইলাম না। তাহার গলদেশে একটা স্থবর্ণ কবচ ছিল ইহাই তাহার পৈতৃক সম্পত্তির একমাত্র নিদর্শন। একদিন দেখি সেই কবচ ভাঙ্গিরা গিয়াছে, এবং তাহার মধ্য হইতে চিত্রান্ধিত কাগজ বাহির হইরা পড়িরাছে। আমি কাগজখানি কুড়াইয়া লইরা দেখি বে, তাহাতে এক রাজহংসের চিত্র এবং তাহার চভূদ্দিকে কন্ত কি সাঙ্কেতিক লেখা রহিয়াছে। আমার বিখাস জ্বিলা বে, নিশ্চরই এই সাঙ্কেতিক লেখার মধ্যেই বনবিহারীর পরিচর প্রচ্ছরভাবে নিহিত আছে। আমা কাগজখানি অতি যত্নে তুলিয়া রাখিলাম।

বনবিহারী আমার ষত্নে ক্রমে সবল স্থানর যুবকে পরিণত হইল। সেক্থনই আমার সঙ্গ পরিভ্যাগ করিভ না। আমিও বালক সাজিরা ভাহার খেলার সাথী হইভাম। একস্থানে ভ্রমণ, একত্র শর্মন, একত্র উপবেশন ও আহার। সকলে ভাবিল, আমি ভাহাকে পোষাপুত্র করিব, এবং

আমার অবর্ত্তমানে আমার বিশাল সম্পত্তির একমাত্র অধিকারী হইবে সেই অজ্ঞাত কুলশীল বনসংগৃহীত ভিপারী বনবিহারী।

আমি তাহার অন্তরে কতকটা আমারই প্রকৃতির যেন প্রতিরূপ দেখিরাছিলাম, একথা পূর্ব্বেই বলা হইরাছে। তাই তাহার স্থপ্ত ইক্রির বুদ্ভি-শ্বলিকে জাগাইতে এত আমার ক্ষুর্ত্তি হইত। তাহার রাগদ্বেষাদি লইরাই আমার সর্বাক্ষণ ক্রীড়া ছিল। কখনও কোন একটা বৃত্তিকে উত্তেজিত করাইয়া আবার হয় ত ভাষাকে দহদা সংযত করাই তাম। কথন বা সঙ্গীর্ণমনা স্বার্থপর আমার আত্মতৃপ্তির জন্ম তাহাকে শিষ্টাচার-বিরুদ্ধ নিষ্ঠুরভাবে অষথা অত্যন্ত বিরক্ত করিতাম। তাহাতে তাহার অদমনীয় অমর্ষ জাগিয়া উঠিত। তাহার পর নানারূপ ভীতি প্রদর্শনেও যথন তাহাকে প্রকৃতিস্থ করিতে পারিতাম না, তথন আপনার আত্মন্তরিতাকে অকুন্ন রাথিতে, আমি তাহাকে ফেলিয়া দিয়া তাহার গলদেশে আমার পদতল রাখিতাম। আমার চরণম্পর্শে তাহার ভাবের সহসা পরিবর্ত্তন হইত। সে তথন অতি দীনভাবে আমার জাহুবেষ্টন পূর্ব্বক সককণ কণ্ঠে আমায় ক্ষমা ভিকাকরিত। তাহার ছল্ছণ্ সজল নয়নদম যেন ক্মর্মপর্শিনী ভাষায় বলিত, ''জগতে তোমার মত কে আর আমার আত্মীয় আছে 🕈 কে বা তোমার মত এত ভাল বাসিতে:পারে।" তোমরা হয়ত ভাবিতেছ, আমি তাহার প্রতি কি নিষ্ঠুর আচরণ করিতাম। বস্ততঃ কিন্তু, তাহা নর। তাহাকে যেরপ ভালবাদিভাম, দেরপ আমি অতি অল্পসংখ্যক নরনারীকে জীবনে ভাল বাসিয়াছি। আমার মত অতি যোর স্বার্থপর **আত্মপ্রর জন্ত** ভালবাদার দামগ্রীর দহিত বেরূপ অলদ ক্রীড়া করে, আমার এগুলি ভালজার্গত।

মানৰবৃত্তিতে গুইটা ভাবের ক্রীড়া দেখিতে পাওয়া বায়: কভকগুলা দৈৰভাব, কতকণ্ডলা আস্থবিক ভাব। আমি তাহার দেবভাব জাগাইতে

কথনও কোন চেষ্টা করি নাই। আমার কর্মণে তাহার আম্বরিক প্রকৃতিই সমধিক শক্তিশালিনী হইয়াছিল। তাহার ফলও শীঘ্র ফলিল।

আমাদিগের গৃহের অনতিদুরে কোথা হইতে এক ভুবনমোহিনী রমণী আসিয়া বাস করিতে লাগিল। আমি তাহার অসাধারণ রূপে আরুষ্ট হইয়া তাহার হাদয় অধিকার করিতে চেষ্টা করিতে লাগিলাম; কিন্তু किছতেই मक्कम रहेनाम ना। এরপ অসমান আমি জাবনে কখনও সন্থ করি নাই। আমি মনভূলান বিভাগ এত পার্ক্সশী ছিলাম যে, আমার একটা অভিমান জনিয়া গিগাছিল যে, সকল রমণীই আমার করারত। আমার এই প্রত্যাপ্যানের কারণ সমুসন্ধান করিতে যাইয়া যাহা দেখিলাম, তাহাতে স্মামি ক্রোধ ও প্রতিহিংসায় যুগপৎ উত্তেজিত হইয়া পড়িলাম। আমি দেখি রমণী: বনবিহারীতে আসক্ত।

আমি বনবিধারীকে ডাকিলাম। সে পূর্বে হইতেই বুঝিয়াছিল। সে ধীরে ধীরে দেখানে আসিয়া, আমার সন্মুখে স্থিরভাবে দণ্ডায়মান হইল ।

আমি বলিলাম "হুরুতি, আমি সমশুই জানিয়াছি, তুমি আমার বর হইতে দুর হও। তোমার স্থান কোনও তদ্রলোকের বাড়ীতে হইতে পারে না।"

আমার এই কর্কশ বচন শুনিয়াই, ''রপ্ত সিংহ যেন জাগিয়া উঠিল।'' দে নির্ভীকভাবে মামার বদনের **উ**পর তাহার জ্যোতির্মায় আয়তলোচন স্থির রাথিয়া অল্ল শ্লেষের সহিত বলিতে লাগিল,—

"বেশ, তাহাই হবে। আত্মীয়-বিহীন, সংসার-পরিত্যক্ত যুবাকে এ আদেশ কি অধিক ভাতি উৎপাৎদন করিবে ? আমি বনে বনেই বিহার করিতাম। আপনিও দেই অবস্থায় আমায় কুড়াইয়া পাইয়াছিলেন विनयाहे ज्यानत कतिया नाम त्रांथियाछित्नन, "वनविहाती।" ज्यामि ना हम জ্ঞাবার বনে বনে বিচরণ করিব। না আমি তা পারিব না! আমার

এই নিরুপ্ত আমুরিক বৃত্তি লইয়া প্ররুতি মুন্দরীর শান্তিভঙ্গ করিতে ঘাইব না। সে স্থান অতি পবিত্র তীর্ষের পথে: কি জানি ষ্ম্পুপি করিতে অন্তর-অন্তরের উত্তেজনায় কোন সরল নর-নারীর সর্বনাশ করিয়া ফেলি। আমি সমাজচাত মানবের সাধারণ ধর্মভাবরহিত নিরুষ্ট পথাবলম্বীদিগের পৃহিত মিশিব, তাহাদিপের মত আপন জীবনধাত্রা নির্বাহ করিব। কিছ বিদায়ের কালে বলিয়া যাই, পিতা (হয়ত পিতা বলিয়া এই আমার শেষ স্যোধন ) পরে আমার জ্ঞ কাঁদিবেশ, আমাকে পুনরায় লাভ করিবার জন্ম অনেক অস্বেষণ করিবেন।"

বস্কত: বনবিহারী ঘাইবার কালে ঠিক কথাই বলিয়া গিয়াছিল। আমি তাহার জন্ম অনেক দিন কাঁদিয়াছি। তাহার উদ্দেশে গৃহছাদে অনেক দিন বসিয়াছি, বুথা আশায়—েনে আবার ফিরিয়া আসিবে আমায় 'পিডা' বলিয়া সম্বোধন করিবে। আমি তাহার অনুসন্ধানও অনেক করাইয়াছি। ৰনবিহারী আর ফিরিল না। যে কার্য্যের জন্ত সে বিভাডিত হইয়াছিল ভাহাতে তাগারই বা সম্পূর্ণ দোষ কই ? কে প্রকৃতি-স্থন্দর সরল বালককে, প্রকৃতির সর্বভামর বক্ষ হইতে কুটিল সংসার ক্ষেত্রে আনিয়াছিল? দে আমি। কে ভাষার উচ্চভাবগুলিকে দমিত করিয়া রাখিয়াছিল ? সে আমি। কে তাহার আম্বরিক প্রকৃতিকে প্রবৃদ্ধ করিয়াছিল, তাহার উগ্র ভাবগুলিকে পোষণ করিয়া ছিল ? সে আমি। আমিই নিজের কৌতৃহল চরিতার্থ করিতে ঐ সমস্ত দানবীয় ভাব সকলকে জাগরিত করিয়া তাহাদিগের সহিত ক্রীড়া করিয়া আদিয়াছি। আমিই বেহের ও দয়ার আবরণে ভাহাকে ঢাকিয়া আত্মভৃপ্তি-সাধন করিয়া আসিয়াছি। আমিই তাহার সর্বনাশ সাধন করিয়াছি।

আমার শেষপীত। আমাকে আক্রমণ করিল। আমি যথন রুগ্ন শ্যার. ত্তথন বনবিহারীর পত্রপাইলাম। সে অতিশয় বিনীতভাবে আমাকে একথানি

ভক্তিপূর্ণ পত্র দিয়াছে। সে লিখিয়াছে, শীঘ্রই সে আমার নিকট কিরিয়া আসিবে। মহাশক্তির কুপার তাহার উচ্চভাব ফুটিয়াছে। সে আস্থ-পরিচর পাইরাছে। সে লিখিয়াছে, দেকথা জানিলে আর আমাদিগের উভরের মধ্যে যে মনোমালিক্ত তাহা আর থাকিতে পারে না। সেই পত্রে আবার এক স্ত্রীলোকের কথারও উল্লেখ আছে! সে কে? তাহার সহিত আমার বা বনবিহারীর কি সম্বদ্ধ তাহা লেখা নাই। পত্রথানা বেন সন্দেহার্থক, অথচ আমার মনে হইল যে, এই বাফ্ অসংলগ্নতার অস্তরে বেন মহান সত্য ও রহস্ত নিহিত আছে।

আমি রোগশ্যায়। পত্রের কোন উত্তর দিতে পারিলাম না। বনবিহারী কে ? সেই রমণীই বা কে ? ৃতাহাদিগের সহিত আমার
কি কোনও সম্বন্ধ আছে ? বনবিহারী কি জানিয়াছে, যাহাতে তাহার
স্বভাব ও আমার প্রতি ব্যবহার এত পরিবর্ত্তিত হইল ! এই সমস্ত রহস্ত
কে আমার ভাঙ্গিয়া দিবে ? এই সমস্ত চিন্তা মৃত্যুকাল পর্যান্ত আমাকে
উবেলিত করিয়া আসিয়াছে। মৃত্যুর পর ছায়ার মত এই সমস্ত চিন্তা
এখানে আসিয়াও আমাকে অস্থির করিতেছে। জলস্ত অঙ্গারের মত
আমার হৃদয়কে প্ডাইতেছে! কেবল কি ঐ সমস্ত চিন্তা আমাকে
যন্ত্রণা দিতেছে ? আমার মনে হইতেছে, আমার জন্মই বনবিহারী
কত না যাতনা ভোগ করিয়াছে। আমিই তাহার সর্ব্বনাশের কারণ।
আমিই তাহার অসৎপ্রকৃতি জাগাইয়াছিলাম। আমিই আত্ম-অহজারের
পৃষ্টির জন্ম এক প্রেম ও ভক্তিপূর্ণ অধীনকে আশ্রয়চ্যুত করিয়াছি। এই
সমস্ত চিন্তা নরকের নরক।

২য় পত্র সমাপ্ত। ক্রমশঃ সেবাব্রভ পরিবাঞ্চক।

#### -এবুক্ত ''অলোকিক রহস্ত''—সম্পাদক মহাশর সমীপেবু—

মহাশর,

জাপনার কাগজে অলোকিক ঘটনা সম্বন্ধীয় বর্ণনা যেরূপ আগ্রহের সহিত গ্রহণ করিয়া প্রকাশিত করা হইতেছে, তাহা দেখিয়া আমার নিজের অভিজ্ঞতা সন্তুত করেকটা সত্য ঘটনা নিমে লিপিবদ্ধ করিতে সাহনী হইতেছি। ভরদা করি আগনার পত্রিকার উপযোগী হইবে। ইতি

ভবদীয়

শীলানন্দ চটোপাধায় এম্. এ।

"পাধু সংবাদ"—সম্পাদক।

শনং বৈকুঠ চটোপাধাায়ের লেন, হাওড়া।

যান্ত্রন

## অদৃশ্য-সহায়।

(करत्रकि घरेना)।

অনেক সময়ই আমরা এরপ আশ্চর্গারূপে আসর বিপদ হইতে উদ্ধার পাই অথবা আরক কার্যো সাফল্য লাভ করি যে, তাহা কোনও শরীরী জীবের দ্বারা ক্বত হওয়া সম্পূর্ণ অসম্ভব। অধিকাংশ স্থলেই আমরা এ বিষয়ে তাদৃশ মনোযোগ প্রদান করি না, অথবা মন্তিক্ষের হুর্বলতা প্রস্তুত বলিয়া হাসিয়া উড়াইয়া দিই; কিন্তু একটু স্থির হইয়া এই সম্বন্ধে চিন্তা করিলে সহজেই অবধারণ করিতে সক্ষম হই যে, নিশ্চয়ই কোনও আমান্থ্যিক সাহায়্য দ্বারা সেই বিপদ হইতে উদ্ধার অথবা কার্যো সাক্ষ্য লাভ করিয়াছি।

আমার মনে পড়ে যখন আমরা প্রবেশিকা বিস্থানয়ে তৃতীয় শ্রেণীভে

অধ্যয়ন করি, তথন আমাদের বার্ষিক পরীক্ষার সময় গণিতের প্রশ্নপত্তে স্বামিতির অনুশীলনী সম্বন্ধে এক অত্যন্ত কঠিন প্রশ্ন করা হইয়াছিল। আমার বেশ মনে পড়িতেছে, আমি অপর সকল প্রশ্নের সমাধান করিয়া বারংবার ভাবিতেছি কিরূপে অমুশীলনীটীরও সমাধান হয়; এরূপ সময়ে হঠাৎ চকিতের ভায় কি েন আমার চকের সমুধ দিয়া ভাসিয়া গেল। তৎক্ষণাৎ মনে এক প্রণালীর বিষয় উদয় হইল এবং সেই প্রণালী মত ক্ষিয়া অনুশীলনাটীর সমাধান ক্রিগাম। উত্তরের থাতা দেখিয়া পরীক্ষক জিজাসা করিয়াছিলেন, তুমি কিরুপে এ চুরুছ অনুশীলনীর এত স্থানর সহজ্ঞ সমাধান করিলে। তথন সাহস করিয়া কোন উত্তর দিতে পারি নাই। এখন বুঝিতেছি কোন অশরীরী মহাত্মার সাহাযো সে সাফল্য লাভ করিয়াছিলাম। বলা বাছল্য আমাদের শ্রেণীতে তথন আমার অপেকা অধিক গণিতজ্ঞ একটী মধ্য ইংরাজী বৃত্তি প্রাপ্ত ছাত্র ছিল এবং সেই গণিতে প্রায় প্রথম হইত ; এবারে কিন্তু সে এইটী কবিতে পারে নাই। এবং আমিই প্রথম হইরাছিলাম।

আমার জীবনের আর একটা ঘটনা বলিব। উহা আজ হইতে দশ বার বংসর পূর্ব্বে ঘটিয়াছিল। স্থামাদের বাড়ীর নিকটে একটা বাগান বাড়ী ছিল। বাগানটী পার্শ্বছ রাস্তা অপেকা ৪।৫ হস্ত উচ্চ ছিল। বাগান ও রাস্তার মধ্যে একটা ইষ্টকের প্রাচীর ছিল। প্রাচীরটীর উচ্চতা বাগানের ভিতর হইতে ২।৩ হাত, কিন্তু রাস্তা হইতে ৭।৮ হাত। একদিন জৈছি সাদের প্রচণ্ড রৌদ্রে দেই বাগানে হাডুডুডু থেলা হইতেছে। আমি এবং আমার হুই একটা দলী প্রাচীরের উপর উবু হুইয়া বদিয়া খেলা দেখি-ভেছি। হঠাৎ হুইজন খেলুড়ে হুটোপাটি করিতে করিতে আমার উপর আদিয়া পড়িল। আমি অন্তমনস্ক হইয়া ছিলাম। বেই তাহারা আমার উপর আদিয়া পড়িল আমি অমনি মাণা নীচের দিকে, পা আকাশের

দিকে এইরপ ভাবে প্রাচীর হইন্তে ৭৮ হাত নিমে রাস্তার উপর পড়িয়া গোলাম। পড়িবার সমন্ত্র আমার মনে এরপ অনির্কাচনীয় বিশ্বর ও আনন্দ মিপ্রিত রসের উদর হইরাছিল বে, সেরপ ভাব জীবনে কথনও হয় নাই ও হইবে কি না সন্দেহ। অতদূর হইতে ওরপ অসতর্ক অবস্থায় পড়িয়া বাইলাম, বিশেষ আঘাত লাগিবার কথা, কিন্তু অত্যন্ত আশ্চর্যোর বিষয় আমার দেহে কিছুমাত্র আঘাত লাগে নাই বলিলেই হয়—সামান্ত ২০টা আঁচড় বাহা লাগিয়াছিল তাই। ২০১ জন উপস্থিত বন্ধু ব্যতীত আর কেহই জানিতে পারে নাই। আমার দৃঢ় বিশ্বাস কোন অশরীরী মঙ্গলাকাজ্জী আমাকে এই আক্মিক বিশ্বদ ইইতে রক্ষা করিয়াছিলেন।

আমাদের দেশে একটা প্রবাদ আছে যে, শিশুদিগের বিপদে মা বঞ্চী রক্ষা করেন। এ প্রবাদটীর সত্যতা সামার শিশু প্রতীর গতিবিধি লক্ষ্য করিয়া যেন স্পষ্ট উপশন্ধি করিতেছি । এড মাদের শিশু ২,২॥ হাত উচ্চ খাট হইতে পড়িয়া গেল, কিন্তু কিছুই আঘাত লাগিল না। ২,২॥ বৎসর বয়স, ছুটাছুটী করিতেছে—ধড়াস্ করিয়া কপাট :পার হইতে গিয়া চৌকাঠের উপর পড়িয়া গেল—মনে হইল যেন বুকটা অথবা মাথাটা শুঁড়া হইয়া গেল; কিন্তু কি আশ্চর্যা! পর মুহুর্জেই দেখি শিশু পুনরাম্ম ছুটিতেছে, তাহার দেহে যেন কিছুমাত্র আঘাত লাগে নাই! আবার উচু র'কের ধারে ধারে ছুটিতেছে, ছুটতে ছুটতে হোঁচট লাগিয়া মুখ খ্বড়াইয়া পড়িয়া গেল, বোধ হইল যেন উঠানের উপর পড়িয়া মাথা ফাটিয়া যাইবে, ও মা! সজোরে রকের ধার আঁকড়াইয়া ধরিয়াছে মাথা ঝুলিতেছে, কিন্তু উঠানে পড়ে নাই। এ সকল ক্ষেত্রে অদৃশ্র সহায়তা বাজীত এরপ হঠাৎ তুর্ঘটনা হইতে আর কিরপে পরিত্রাণ পায় বুঝিব ?

এইবার বিশেষ আত্মীয়ের নিকট শ্রুত অভ্যন্ত আশ্চর্য্য কিন্তু প্রকৃত ছুইটা ঘটনার বিষয় বলিয়া এই প্রবন্ধ শেষ করিব। প্রথমোক্ত ঘটনা

আৰু প্ৰায় ২০ বৎসর পূৰ্ব্বে ঘটিয়াছিল। ত্রি—বাবু তথন—স্থানীয় সবডেপুটী ম্যাজিট্টেট। দীর্ঘ অবকাশের পর তিনি বাড়ী হইতে সপরি-বারে চাকরির স্থানে চাকরিতে যোগ দিতে যাইতেছিলেন। অধিকাংশ পথই রেল গাড়ীতে করিয়া আসিতে হয়। ত্রি—বাবুর সঙ্গে স্ত্রী, একটী ২ বৎসরের শিশু পুত্র ও একটা খোটা চাকর। একথানি কম্পার্টমে**ন্ট** রিজার্ড করিয়া আসিতেছিলেন। তথন প্রায় সদ্ধা উত্তীর্ণ হইয়াছে। এমন সময় হঠাৎ শিশু পুত্রটী গাড়ির দরজা যেই ঠেলিয়াছে অমনি উহা খুলিয়া গেল, এবং দেও ধুপ করিয়া গাড়ি হইতে পড়িয়া গেল। ত্রি— বাবুর স্ত্রী ইহা দেখিতে পাইয়াই ভয়ে চীৎকার করিয়া উঠিলেন। তথন গাড়ি থামাইবার যন্ত্রাদি ছিল না। কাজেই ত্রি—বাবু উপায়ান্তর না দেখিয়া নিজেও গাড়ি হইতে লক্ষ্য প্রদান করিলেন। হতভাগ্য স্ত্রীলোক আর কি করে, সমন্ত পথ মাথা খুঁড়িতে খুঁড়িতে ও কাঁদিতে কাঁদিতে আসিয়া ষেই পরের ষ্টেশনে গাড়ি পৌছিল অমনি সকল বুতাস্ত চাকরকে দিয়া ষ্টেশন মাষ্টারকে জানাইল। ধতা ইংরাজের কার্যা কুশলতা ! তথনট পাইলট এঞ্জিন বাহির হইল। সমুখে ধূ ধূ করিয়া মশাল জ্লিতে লাগিল। চালক ও সঙ্গে ৪ জন বলবান লোক গেল। বাঁশি দিতে দিতে মৃত্মক গতিতে এঞ্জিন যায়, কাহাকেও আর দেখিতে পায় না। বহুদুর <mark>যাইবার</mark> পর তবে ত্রি—বাবুকে দেখিতে পাওয়া গেল। তিনি হারানিধি কোলে করিয়া ব্দিয়া আছেন, ছেলেকে একটা আঁচড়ও লাগে নাই। অতঃপর মহা আহলাদের দহিত উহাদিগকে আনা হইণ। মর্মাইতা স্ত্রী স্বামী পত্রকে পাইয়া উল্লসিত হইল। এইবার ত্রি—বাবুর কথায় তাঁহার পতনকাল হইতে উদ্ধারকাল পর্যান্ত কি অবস্থায় ছিলেন তাহাই বলিতেছি। ''আমি পড়িয়াই ত চাকার মত ঘুরিতে ঘুরিতে কতদূরে গিয়া অজ্ঞান হইয়া পজিয়া গেলাম। আন্দাজ দশ মিনিট পরে তবে একটু জ্ঞান

হইল, বোধ হইল যেন গায়ে হাতে অত্যন্ত বাথা। সে যাহা হউক শিল্ত-পুত্রের বিষয় শারণ হওয়াতেই তথনই লাফাইয়া উঠিলাম, মনে আত্ত উপস্থিত হইন—আহা। বাছা কি আমার এখনও বাঁচিয়া আছে। সাহদে ভর করিয়া অগ্রসর হইলাম। কিয়দুর গিয়া দেখি কতকগুলা শৃগালে কি ঘেরিয়া রহিয়াছে। কাছে গিয়া শৃগালগুলাকে তাড়াইয়া দেখি স্থামারই পুত্রটী পিট পিট চাহিতেছে। আমাকে দেখিয়া হুই হাত বাড়াইয়া দিল। আমি কোলে তুলিয়া লইয়া কতক দূব অগ্রসর হইলাম। কিন্তু সর্বাঙ্গে বিষম বেদনা, ওদিকে অন্ধকার হইয়া আসিতেছে কি করি ভগবানের নাম শ্বরণ করিতে করিতে রেলের ধারে এক গাছতলায় বসিয়া পড়িলাম। স্থথের বিষয় ছেলেটীর গায়ে কিছুমাত্র আঘাত লাগে নাই। শিশু অন্ন সময়ের মধ্যেই আমার কোলে ঘুমাইয়া পড়িল। আমি সেই বিজ্ঞান অরণ্যে কেবল শ্রীমধুসুদনের নাম জপ করিতে লাগিলাম। কথন বাৰ ভনুক আসিয়া আক্রমণ করে, সমস্ত রাত্রি ক্রিরেপে কাটিবে, এই ভাবিয়া আকুল হইলাম। ঘন্টা ছই এইরূপে কাটিল। তারপরে দেখি দূর হইতে এক বিশাল আলোকের রশ্মি আসিতেছে। কিয়ৎক্ষণ পরে দেখি এঞ্জিন। এই এঞ্জিন আসিয়া আমাদিগকে উদ্ধার করিল।"

ত্রি—বাবু বলেন তাঁথার স্থির বিখাস কোনও দরালু মহাপুরুষের সহায়তা বাতীত এরপ বিপদ হইতে এরপে উদ্ধার হওয়া কখনই সম্ভব হইত না।

দ্বিতীয় ঘটনাটী মোটে ৩:৪ বংসর পূর্ব্বে ঘটিয়াছিল। হাবড়ার মম্বদানের ধার দিয়া মার্টিন কোম্পানীর একটা ছোট রেলের লাইন গিয়াছে। ঐ শাইন একাধিক স্থানে সরকারী রাস্তার উপর দিয়া গিয়াছে। একদিন বৈকালে স্ত্রীলোক ও বালক একথানি আরোহীপূর্ণ ভাড়াটিয়া ঘোড়ার গাড়ী দাঁতরাগাছি রামরাজাতলা হইতে কলিকাতা অভিমুধে যাইতেছিল। গাড়িটীতে কলিকাতার হাইকোর্টের জনৈক খ্যাতনাম।

উকীলের পরিবারবর্গেরা যাইতেছিলেন। ঘোড়ার গাড়িটী রেলের লাইন প্রার পার হইয়া আসিরাছে, এমন সময় রেলগাড়ীর সহিত উহার ধারু লাগিল। ধাকার চোটে গাড়ীখানি উণ্টাইয়া গেল এবং ট্রেল থামাইতে পামাইতে ৫।৭ হাত গড়াইতে গড়াইতে গেল। গাড়ীর পশ্চাতে একটী ঝি বসিয়া ছিল তাহার মন্তক রেলের গাড়ীর চাকার নীচে পড়ায় সে তৎক্ষণাৎ পঞ্চত্ত প্রাপ্ত হইল। একবান ষণ্ডামার্ক দর ওয়ান গাড়ীর ছাদে ছিল দে পড়িয়া গিয়া অজ্ঞানপ্রায় হইল। ঘোড়া দকল রাশ ছি ড়িয়া পলাইল। গাড়োয়ান বেটা খুব চালাকি করিয়া এক লক্ষ দিয়া বিপদের বাহিরে আসিয়া দাঁডাইল। স্ত্রীলোকগণ গাড়ীর ভিতরেই উল্টপাল্ট খাইতে লাগিলেন ও বিষম আঘাত প্রাপ্ত হইলেন। একটা ৩।৪ বৎসর বয়দের ছেলে কি রকমে গাড়ির ফাঁকে দিয়া বাহিরে আদিয়া ঠিক এঞ্জিনের সন্মুথে আসিয়া পড়িল। এঞ্জিন তখনও থামে নাই, চলিতেছে। -বালকটীকে বোধ হইল যেন তথনই রেলগাড়ির চাকার তলায় পড়িয়া ঝির অবন্থা প্রাপ্ত হইবে। কিন্তু ঈশ্বরের কি অপূর্ব্ব মহিমা! কে যেন বালকটীকে লাইন হইতে তুলিয়া পার্ষে বিপদের বাহিরে আনিয়া দাঁড় করাইয়া দিল। অথচ শতাধিক হস্তের মধ্যে জনপ্রাণীও ছিল না। এখন বলুন দেখি, এ সব ক্ষেত্রে অদুখ্য সহায় ব্যতীত এ সমুদায় ঘটনা কিরপে সম্ভবে ?

এইরপ অভ্যাশ্চর্যা ঘটনা সকল প্রভাক্ষ করিলে অদৃশ্র লোকে যে ইহজগতের মন্ত্রেয়ের ইষ্ট্রসাধনে সহায়তা করে সে বিষয়ে আরু অণুমাত্র সন্দেহ থাকে না।

#### द्यीनीनांनल हरहोशाधाय।

স্থানাভাব বশতঃ "দাদামহাশ্রের ঝুলি" এই সংখ্যার সন্নিবেশিত হইল না।—জঃ রঃ মঃ।

#### वर्गक्ष शिरमंत्र

# এড ওয়াড স্টনিক

## য়্যাণ্ট-ম্যালেরিয়্যাল্ স্পেসিফিক্।

ম্যালেরিয়া ও সর্কবিধ জ্বরেরাগের একমাত্র মহোষধ । জ্ঞাবধি সর্কবিধ জ্বরেরাগের এমত জান্ত-শান্তিকারক মহৌষধের আবিকার হয় নাই।

### লক্ষ লক্ষ রোগীর পরীক্ষিত।

স্ব্যা—বড় বোতৰ ১।৫ প্যাকিং ডাকমান্তৰ ২০ টাকা।
,, ছোট বোতৰ ৬০, ঐ ঐ ৬০ আনা।
বেলপ্তরে কিবং৷ ষ্টিমার পার্শেবে নইলে থরচা অতি স্থলভ হয়।
পত্র লিখিলে কমিশনের নিয়মাদি সম্বন্ধীর জ্ঞাতব্য বিষয় অবগত হইবেন।
এড প্রয়ার্ডিস্লিভার এও স্পীন অয়েক্তমেক

(প্লীহা ও যকুতের অব্যর্থ মলম)

প্লীহা ও যক্তের নির্দ্ধেষ আরাম করিতে হইলে আমাদিগের এড-ওয়ার্ডস্টনিক বা র্যান্টি-ম্যালেরিয়াল্ স্পেসিফিক সেবনের সকল সকলে উপরোক্ত মলম পেটের উপর প্রাতে ও বৈকালে মালিস করা আবশুক। মূল্য—প্রতি কৌটা ।ে/০ আনা, মাগুলাদি।০/০।

## এডওয়ার্ডস,''গোল্ড মেডেল''এরোরুট ৷

আজকাল বাজারে নানাপ্রকার এরোরুট আমদানী ইইতেছে। কিন্তু বিশুদ্ধ জিনিস পাওরা বড়ই স্থকটিন। একারণ সর্বসাধারণের এই অসুবিধা নিবারণের জন্তু আমরা এডওয়ার্ডস্ "গোল্ড মেডেল্" এরোরুট নামক বিশুদ্ধ এরোরুট আমদানি করিতেছি। ইহাতে কোনপ্রকার অনিষ্টকর পদার্থের সংযোগ নাই। ইহা আবাল-বৃদ্ধ সকল রোগীতেই স্বছন্দে ব্যবহার করিতে পারেন। ইহা বিশুদ্ধতা-গুণ-প্রযুক্ত সকল বৈগীর পক্ষে বিশেষ ইউসাধন করিয়া থাকে।

নোল্ একেন্ট ন্ ঃ—বটকুফ পাল এও কোং, কেমিইন্ এও ডুগিইন্। ৭ ও ১২ নং বনম্ভিন লেন, কলিকাডা।

## 11/2/02

## আমাদের প্রকাশিত পুস্তকাবলী

#### (श्रीत्राणिक कथा। मृत्रा । ।।

শ্রীষ্ক পূর্ণেন্দ্ নারারণ সিংহ এম, এ, বি, এল হারা প্রনীত।
্রাছকার পূরাণসমূহ বিশেষতঃ ভাগবত পূরাণ মহন করিরা এই
শ্বমৃত উদ্ধার করিরাছেন। ইহাতে ভাগবতের অনেক তুর্ভেল্য গুঢ়ভাব
শ্বন্দরভাবে প্রকাশিত হইরাছে। গ্রন্থকারের যুক্তিবৃক্ত প্রমাণে নাত্তিকেরও ভক্তির উদর হর এবং সাধারণেরও ভাগবতের ভাব অনেকটা
বোধগম্য হর।

"It gives the logic and philosophy of many a knotty problems of the Hindu religion". • \* The book will prove an excellent Vedi Mecum for readers of Bhagabat. The language is simple and flowing. The get up is as it could be desired. We hope the work will be highly valued by all students of the Hindu religion.'—Bengalee"

#### উপনিষদ্ ( বারখানি )। ১॥०

্মৃল, অহম ও বলামুবাদসহ, বাঙ্গালা ভাষায় এই প্রথম প্রকাশিত হইল। এক্লপ স্থলভ মৃল্যে ইহার পূর্বে উপনিষদ্ প্রকাশিত হয় নাই।

৺শ্রামনাল গোস্বামী নিদ্ধান্ত বাচপ্পতি মহাশয়ের দারা সঙ্কলিত।

ঈশ্বর, কেন, কঠ	110	ঐভরেম, তৈত্তিরীয়	)	
প্রশ্ন, মুগুক, মাগুকা	1.	ও খেতাখতয়	}	4•
বৃহদারণ্যক	>11 •	কৌষিত্তকী		н•
Strate:	31-/0	17 11		

### ারদ ভক্তিসূত্র। । ১/০

শ্রামলাল গোস্বামী নিদ্ধান্ত বাচপাতি মহাশয় বারা

 সকলিত

 সকল

মূল, অবয় ও বলাফ্বাদসং ভক্তমাত্রেরই এই এছের সাহায্য গ্রহণ করা উচিত।

ভক্তজীবন । । ১/০

শ্রীষ্ক্ত মণিমোছন বন্দ্যোণাধ্যায় বি, এস, দি, ধারা । শ্রীমতি এনিবেদেন্টের Doctrine of the Heart হইতে অন্তবাদিত।

> সংপথ অবনন্ধী সংব্যক্তিদিগের বিশেষ উপকারী। আধ্যাত্মিক জীবনের নিয়ম। । ১/০

শ্রীষ্ক্ত শিশিরকুমার বোষাল এম, এ. বি, এল ; দারা শ্রীষতি এনিবেসেন্টের Laws of the Higher life **অবলম্ব**েক

লিখিত

আধ্যাত্ম জীবনলাভে অনেকেই পিপাস্থ; আধ্যাত্ম জীবনে বে মহান্
নিরমাবলীর ক্রম আছে, অনেক পিপাস্থ জন তাহা না জানিরা, বে
কোন ক্রিরার উপর নির্ভর করিরা কত কষ্ট পান! সেই আর্যামাত্রেইই
একমাত্র গল্পব্য "আধ্যাত্মিক জীবন" তাহার অধিকার অবস্থা সকল ও মূলতত্ব সমূহ বিশদভাবে বৈজ্ঞানিক যুক্তিসাহায়ে বর্ণিত হইরাছে।
সংপ্রথাবলন্ধী ব্যক্তিমাত্রেই এই পুত্তকপাঠে বিশেষ উপকার পাইবেন।

জন্মান্তর রহস্থ। ५०

শ্ৰীষ্ক ভবেক্সনাথ দে বি, এ, ক্বড

এই পৃত্তকে শান্ত্র এবং বৃক্তি প্রমাণাদির দারা জন্মান্তরতত্ব স্থপ্রতি-ঠিত হইরাছে।

## अमृनमानिका अश्वावनी।

#### ১। জীবন ও মরণাম্ভে জীবন।

শীৰ্ক শ্ৰামাচরণ ভট্টাচাৰ্য্য এম, এ, বি, এল ; হারা শ্রীমতি এনি-বেসেন্টের Life and life after death নামক বক্তার অসুবাদ ; শৃত্যুই আমাদের শেষ নহে, পরকাল আছে, জন্মের পর জন্ম আছে ইত্যাদি এবং মৃত্যুর পর জীবের অবস্থা ইহাতে বর্ণিত আছে।

#### ২। ধর্ম-জীবন ও ভক্তি।

শ্রীযুক্ত শ্রামাচরণ ভট্টাচার্য্য এম্, এ, বি-এল্ দারা শ্রীমতি অনিবেদেণ্টের Devotion and Spiritual Life এর অমুবাদিত।

#### ৩। সদ্ঞক ও শিষ্য।

ক্লি প্রকারে জীবন গঠন করিলে সদ্গুল্প লাভ হয় এবং গুরুতত্বরহস্ত কি,কেহ যদি বুঝিতে চান, জাঁহার এই পুত্তক বিশেষ প্রয়োজনীয়।

#### ৪। প্রকৃত দীকা।

াজবিক দীকা কি ? এই মহানৃ তত্ত্ব অনেকেই জানে না, দীক্ষা ভিন্ন মানবের চৈতন্তের প্রদার হয় না, এই সম্বন্ধে বিশেষরূপে কথিত লাছে।

#### ৫। প্রকৃত আধ্যাত্মিকতা।

বদি ''কোন পথে গেলে আমার আমি মিলে'' বুঝিতে চান, যদি জন্ম মৃত্যুমন সংসার হইতে মুক্ত হইবার জন্ত পথ পুঁজিবার পিপাসা হয়, যদি পরমার্থ নির্ণয়ে প্রান্তা হন, তাহা হইলে এই কুজ পুস্তক পাঠ করিলে কডকটা সাহায্য পাইতে পারেন। Philosophy of the Gods —or "Deva Tattva" by Srijut Hirendra Nath Datta M. A. B. L. —Price As. 12 only.

Srijut Hirendra Nath Datta M. A., B. L., — Price As. 12 only.

"Psychism and Theosophy" (Transaction of Theosophical Federation No. I.) Enlarged revised edition of a paper read at the Serampore Theosophical Lodge by the Dreamer. Price Annas 8 only.

JUST OUT.

"Conception of the Selfby" Dreamer—Price As.8only.

স্থাসিদ্ধ "আর্ব্যশাস্ত্র-প্রদীপ" প্রণেতার পুস্তক সমূহ।
আর্থাশাস্ত্র-প্রদীপ বা সাধকোপহার (১ম ও ২র থও)। প্রত্যেক
শণ্ডের মূল্য ২ ছই টাকা। মানবভন্ত ও বর্ণবিবেক (পৃক্ষার্দ্ধ)। উৎক্রষ্ট
কাপড়ে বাঁধাই মূল্য ৩ । ঐ কাগজে বাঁধাই মূল্য ২॥•।

বঙ্গভাষায় নৃতন পুস্তক স্থপতি বিজ্ঞান

বা

#### ইঞ্জিনিয়ারিং শিক্ষা।

শ্রীযুক্ত রার সাহেব তুর্গাচরণ চক্রবর্তী প্রণীত মূলা ॥ আট আনা।
ইহাতে ইট প্রস্তত হইতে ইমারত প্রস্তুত করিতে যাহা বাহা আবশ্রক,
সমস্ত বিষয় বিশদরূপে পুন্ধান্তপুন্ধরূপে দেখান হইরাছে। ইট, চূণ,
স্থরকী,কাট,মজুরী প্রভৃতি যে সমস্ত আবশ্রক, তাহার বিষয় সরল ভাষার
সহন্ধ প্রণালীতে লেখা হইরাছে। সাধারণ লোকে এই পুত্তকের
সাহায্যে কোন ইঞ্জিনিয়ার বা ওভারসিয়ারের সাহায্য না লইরা স্থলররূপে কার্য্য সমাধান করিতে পারেন; বিশেষ এই পুত্তক পাঠ করিলে,
কোন মিন্ত্রী কি কারিকর ফাঁকি দিতে পারিবে না, অর আয়ারে,
সমস্ত ব্রিভে পারা বার, মূল্যও স্থলত।

প্রীযুক্ত অবিনাশচক্ত মুখোপাধ্যায়-প্রণীত।

নাৰ্কণ্ডের-প্রাণান্তর্গত সেই দেবীমাহাত্ম্য বুত্বিধ টীকার সাহাব্যে সরল অভিনব টীকা ও বলাফুবাদ সহ মুদ্রিত হইরাছে। ইহাতে অর্গণা- জোল, কীলকজোল, কবচ, দেবীস্কু, স্থাসাদি রহস্তলম এবং অত্যুৎকৃষ্ট চারিখানি দেবীপ্রতিমূর্ত্তি সন্নিবেশিত আছে। ৪৫০ পৃষ্ঠার সমাপ্ত। মূল বৃহৎ অক্ষরে মুদ্রিত। মূল্য ৮০ পাঁচ আনা মাল।

## A Romance in real Life!

The glory of Bengal!!

That Bengalee Hero—

Lieut. Suresh Ch. 'Biswas—

His life and adventures.

A most interesting Book.—Every page bristling with thrilling incidents—incidents in the Military Career of a Bengalee —A Bengalee who commanded a Foreign Army and commanded it to the admiration of the whole world.

Lieut. Biswas has removed the cloud of stigma that obscured Bengalee National Life and has amply demonstrated what a Bengali can achieve when given an opportunity. Bengal has learnt to worship National characters and among the worthies, the life of Lieut. Biswas is unique.

Every Bengalee-nay every Indian, who

loves his country, should read this Book.

Order at once, as only a limited number of copies are available, cloth bound, gilt lettered, with Photos. Price Rs. 2/- but reduced till December to Re. 1-4 and Postal charges 2 annas Extra.

Dutt Friends & Co, LOTUS LIBRARY, 50 Cronwallis Street Calcutta.



#### প্রথম ও বিতীয় বঙা।

### শ্ৰীশ্ৰীনাথ সেন প্ৰণীত।

কলিকাতা, \*কৰ্ণপ্ৰয়ালিস্ ,ষ্ট্ৰীট, ৫৯নং ' 'লোটাস্ লাইব্ৰেরীজে প্ৰাপ্তব্য মূল্য প্ৰতি ৰণ্ডে ১১ টাকা।

বন্ধভাষার নিতা বাবহৃত অনেক শব্দ, কারকের বিভক্তি, ক্রিয়া বিভক্তি, ক্রং ও তদ্ধিত প্রত্যর সকলের সংস্কৃতের সহিত কিছুমাত্র প্রক্রানাই মনে করিরা, এই ভাষাকে সংস্কৃত ইইতে এক পৃথক ভাষা বলিরা লোকে মনে করে। এই পৃত্তক বিশদরূপে প্রদর্শিত হইরাছে যে, ঐ সকল শব্দ বিভক্তি প্রভারাদি সকলই সংস্কৃত মূলক। আর ইহাও প্রদর্শিত হইরাছে যে সংস্কৃত কথিত ভাষা নহে, ইহা সাহিত্যিক ভাষা, এবং ইহা যে ভাষার সাহিত্যেক আকার বাললা ভাষা তাহারই কথিতাকার। এই পৃত্তকে যে গভার গবেষণা, এবং অসামান্ত চিন্তা শক্তির পরিচর পাওয়া বায়, তাহা পাঠ করিলেই আনা বাইবে। স্থল কথা বলভাষার অভাবনীর মৌলিক তত্ত্ব সকল এই এছে প্রকাশিত হইরাছে; তাহা সংস্কৃত এবং বলভাষাধারী মাত্রেরই পাঠ করা একান্ধ প্রয়োজন।

শ্রীঅঘোরবাথ দত্ত-প্রকাশক।

শ্রাণীর প্রতি উপদেশ<sup>37</sup>

4

দীর্ঘজীবন লাভ করিবার উপায় পাঠি করুন।

বঙ্গদেশে এবং বাঙ্গালাভাষায় এরপ পুস্তক এই নৃতন হইয়াছে। ২৫২ পৃষ্ঠায় সম্পূর্ণ। প্রতি পৃষ্ঠায় নৃতন নৃতন উপদেশ, যাহা ডাক্তার কবিরাজ বা কোন টিকৎসকের নিকট শক্তি শবিরম করিয়াও পাওয়া বার না। একথা রোগিগণ মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন ও করিবেন।

### স্থার গুরুদাস বন্দ্যোপার্ধ্যায়

বিশিশ্ব দরকার।" যান্ত বিধিগুলি তেজ্ববিনী ভাষায় এবং পরিকার্ভাবে উক্ত পুস্তকে বিবৃত করা হইয়াছে, এবং উহা স্বাস্থ্যায়েয়ী ব্যক্তি মাত্রেরই পাঠ করা বিশেষ দরকার।" মূল্য ॥ ০ আনা মাত্র।

স্থামাদের নিকট পাওয়া যায়।

শ্রীমতা নির্ম্মলাবালা চৌধুরাণী-প্রণীত।

্র সতীশতক ১ম খণ্ড (২য় সংকরণ) মূল্য ॥• আনা।

স্তীশতক হয় থণ্ড (১ম দংশ্বন )মূল্য ১ এক টাকা। ইহাতে শাল্লোক্ত সত্ত্বপদেশপূর্ণ একশত সতী রমণীর জীবনচরিত থণ্ডে থণ্ডে প্রশালিত হইবে। মূল মহাভারত, রামায়ণ, যোগবাশিষ্ঠ, ভাগবভ, দেখাভাগবভ, পুরাণ প্রভৃতি বহু গ্রন্থ হউতে সতী-চরিত্র সংগৃহীত হইয়াছে।

"সতীশতক" প্রথম খণ্ডে প্রা, ধ্রা, স্কর্মা ও রেণুকা, চক্রাবতী এই পাঁচটি আদর্শ রমণীর বুতাস্ত প্রকাশিত হইয়াছে। ৪০০ পৃষ্ঠা।

"স্তীশতক" বিতীয় খণ্ডে অরন্ধতি, শশিকলা, মালতী, বিছল। প্রভৃতি একুশটি রমণীয় বৃত্তান্ত সমিবিষ্ট হইয়াছে।

( অক্সান্ত থণ্ড বন্তম্ব ) প্রকাশিত হইলে বথাসময়ে বিজ্ঞাপিত হইৰে।

দত্ত, ফ্রেণ্ডস্ এণ্ড কোং, লোটাস্ লাইবেরী। ৫০ নং কর্ণওয়ালিস খ্রীট, কলিকাতা।

## অলৌকিক রহস্য।

৭ম সংখ্যা।]

প্রথম ভাগ 😕

[ কার্ত্তিক, ১৩১৬।

## मन्तीभनी।

আমরা সাধারণতঃ চক্ষুঃ কর্ণাদি ইন্দ্রিয়, এবং যুক্তি, বিচার, করনা প্রভৃতি মানসিক শক্তির সাহায়েই জ্ঞানলাভ করি। কিন্তু কথনপ্ত কথনপ্ত এরপ শুনা যায় যে, কোন একটি সত্য কোন অজ্ঞাত উপায়ে মানবের চিত্তে সহসা উদিত হয়, সে ব্বিতে পারেনা, উহা কোথা হইতে বা কিরপে আদিল। হয়ত সে বিসয়া আছে কিংবা কোন কাল করিতে বাইভেছে এমন সময়ে হঠাৎ মনের মধ্যে একটা আদেশ বাক্য শুনিতে পাইল, কে যেন বলিল "ইহা কর" বা "উহা করিও না" বা "অমুক দিন এই প্রাকার ঘটিয়াছে বা ঘটিবে" ইত্যাদি। এই আকম্মিক জানলাভ বা আদেশ প্রাপ্তির নামই দৈববাণী বা আকাশবাণী বা প্রজ্ঞানলাভ বা আদেশ প্রাপ্তির নামই দৈববাণী বা আকাশবাণী বা প্রজ্ঞানলাভ বা আদেশ প্রাপ্তির নামই দৈববাণী বা আকাশবাণী বা প্রজ্ঞানলাভ বা আদেশ প্রাপ্তির নামই দৈববাণী বা আকাশবাণী বা প্রজ্ঞানলাভ বা আদেশ প্রাপ্তির নামই দৈববাণী বা আকাশবাণী বা প্রজ্ঞানলাভ বা আদেশ প্রত্থিতে বিভাগ করা যাইতে পারে—আভ্যস্ত্র-রিক এবং বাহ্য। মানবের জীবাত্মা অস্তর হইতে যে ভালমন্দ, কর্ত্তব্য, অকর্ত্তব্য বলিয়া দেন—ভাহাই আভ্যস্তরিক প্রত্যাদেশ, এবং দেবতা, মহাপুরুষ, গুরু, প্রেতাত্মা অথবা স্কল্ম জগতের যে কোন অধিবাসী

অলক্ষ্যে আমাদিগকে যে সকল আদেশ বা উপদেশ দেন—তাহাই বাহু প্রত্যাদেশ বলিয়া গণ্য। "জীবাত্মা" শব্দ নানা অর্থে ব্যবস্থুত হয়, কিন্তু এখানে আমাদের The Ego. The Higher Self, অথবা "কারণ-मतीत्र''हे नका। এই बीवाचा वा कात्रन-मतीत উচ্চলোকে সর্বাদা অধিষ্ঠিত আছেন: এবং ই হার কতক অংশ সৃশ্ম দেহ ও সুলদেহ ধারণ করিয়া পুন: পুন: পৃথিবীতে জন্মগ্রহণ করিতেছেন; যেমন একটি শিক্ত মাটির নীচে স্বয়ং অদৃশ্র থাকিয়া মাটির উপর পুনঃ পুনঃ ডাল পালা ও পাতা বিস্তার করে এবং এই ডালপালার সাহায্যে রুষ্টি ও বায়ু হইতে যে রদ সংগৃহীত হয়, ভাহারই সারভাগ টানিয়া লইয়া উক্ত শিকড়টি যেমন পুষ্ট ও বর্দ্ধিত হয়, সেইরূপ এই কারণ-শরীর স্বীয় স্ক্র দেহ ও সুলদেহের সারভাগ গ্রহণ করিয়া প্রতি জন্মে অলে অলে বৃদ্ধি ছইতেছেন। যেমন একটি বালক সমস্ত দিন বিভালয়ে থাকিয়া কিছু না কিছু শিক্ষালাভ করে এবং রাত্রিকালে স্বগৃহে প্রত্যাগত হয়, সেইরূপ জীবান্মাও প্রতিজ্ঞানে নৃতন নৃতন নেহে পৃথিবীতে আসিয়া জ্ঞানার্জন করেন এবং জীবনান্তে স্বরাজ্যে প্রবিষ্ট হন। এইরূপ 'যাওয়া আদা' যে কতবার হইয়াছে ও হইবে, তাহার ইয়তা নাই। প্রত্যেক মানব হয়ত লক্ষবার জনিয়াছে এবং এই লক্ষ লক্ষ জনার্জিত জ্ঞানের সারাংশ লইয়াই তাহার কারণ-শরীর নির্মিত। কিন্তু সকলের কারণ-দেহ সমভাবে উন্নত ( তুলারূপে পরিপুষ্ট ) নহে; কারণ বিদ্যালয়ের যত্নশীল ও মনোযোগী ছাত্রগণ অল্প সময়ে যাহা শিথিয়া লয়, অনাবিষ্ট ও খেলাপ্রিয় বালকেরা ভাহা শিথিতে পারে কি ? এই জন্তই বিভিন্ন কারণ-দেহ বিভিন্নরূপে উন্নত.—কোনটি অধিক কোনটি কম। যে কারণ-দেহ যত অধিক উন্নত, তাহা স্বীন্ন স্থূল ও স্ক্লদেহকে তত অধিক পরিচালিত ও নিরন্ত্রিত করে। এই হেতু সভ্য মানব মধ্যে মধ্যে যে বিবেক-বাণী

(voice of conscience) শুনিতে পান, অসন্ত্য মনুষ্য তাহা আদৌ পান না। আবার সন্ত্য মানবের মধ্যে বাঁহারা অসাধারণ প্রতিভাশানী, বা ভক্ত বা সাধক, তাঁহারা হয়ত সর্বাদাই জীবনের প্রতি কার্য্যেই, জীবাত্মার আদেশ স্পষ্টাক্ষরে শুনিতে পান এবং কেহ বা ই হাকে "শুরু", কেহ বা "মা" ( অথবা বাঁহার যাহা ইষ্টদেবুতা দেই নামেই ) সম্বোধন করেন। এই তো গেল আভান্তরিক প্রত্যাদেশের কথা। বাহ্ প্রত্যাদেশে দেবতা বা মহাপুরুষ তাঁহার প্রবল ইচ্ছা শক্তি দ্বারা আমাদের স্ক্রাদেহে একটা জ্ঞান বা আদেশ স্ক্রারিত ইকরিয়া দেন। কোন্টি বাহ্য, কোন্টি: আভান্তরিক অনেক সময় তাহা নির্থয় করা বড়ই কঠিন হয়।

পুরাণাদিতে প্রত্যাদেশের অনেক গল্প আছে। ইহা অধিকাংশ হিন্দুরই পরিচিত। আমরা পাশ্চাত্য জগতের কতকগুলি এইরূপ ঘটনা সংগ্রহ করিয়াছি, তাহাদিগের মধ্যে ছুইটি এইবারে পাঠকদিগকে উপহার দিব।

### প্রত্যাদেশ।

### সক্রেটিসের রক্তান্ত।

গ্রীদের অসাধারণ পণ্ডিত সক্রেটিন্ বোধ হয় অধিকাংশ পাঠকেরই স্থপরিচিত। ইনি প্রায় সর্বাদাই প্রত্যাদেশ শুনিতে পাইতেন। বিশেষত্ব এই যে তাঁহার প্রত্যাদেশগুলি প্রায়ই নিষেধ স্থচক। কোন কার্য্য করিতে যাইতেছেন, প্রত্যাদেশ হইল "ইহা করিওনা"। কিন্তু "ইহা কর" এরূপ প্রত্যাদেশ কথনও হইত না। ইহা হইতে তিনি বেশ বুঝিয়াছিলেন যে. যে

কার্য্যে কোন প্রত্যাদেশ হইবে না, তাহা করা উচিত এবং করিলে ভালই হৈবে। একদিন তিনি তাঁহার প্রিয় শিষ্য প্রেটোর সহিত এক গৃহে বিসরাছিলেন। কিছুক্ষণ পরে তাঁহার স্থানাস্তরে যাইবার ইচ্ছা হইল। কিন্তু প্রত্যাদেশ হইল "যাইওনা"। তিনি বিসরা রহিলেন। অলক্ষণ মধ্যেই তথার কতকগুলি যুবক উপস্থিত হইরা, এরপ এক বিষয়েয় অবতারণা করিলেন, যাহার আলোচনা করিয়া তিনি এবং শিষ্যবর্গ পরম উপকার লাভ করিলেন। তাঁহার দেশবাসিগণ অথবা কোন একটি বন্ধ হয়ত কোন যুদ্ধাত্রা করিতে সংকল করিয়াছেন। সক্রেটিসের "গুরু" তাঁহাদিগকে নিষেধ করিলেন। তাঁহারা নিষেধ না মানিয়া যুদ্ধে গমন করিলেন এবং বিষম ক্ষতিগ্রন্ত হইলেন। এরপ ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনা যে কত ঘটিয়াছে, তাহার সংখ্যা নাই।

একদিন রাত্রিকালে তিনি টিমারকদ্ নামে তাঁহার এক প্রিয় বন্ধুর সহিত বিদয়াছিলেন। টিমারকদ্ দেই রাত্রিতেই একটি শুপ্তহত্যা করিবার সংকল্প করিয়াছিলেন। ইহা টিমারকদ্ এবং ভাঁহার এক বিশ্বস্থ বর্ত্তাত আর কেহই জানিতেন না। সক্রেটিদ্ নিজমুখে বাহা বর্ণন করিয়াছেন, তাহা শুলুন। ''কিয়ংক্ষণ পরে টিমারকদ্ বলিলেন, 'সক্রেটিদ্ আমি কোন কার্য্যে বাইব, কিন্তু শীত্রই ফিরিয়া আদিব।' ঠিক এই সময়ে আমি দৈববাণী শুনিতে পাইলাম এবং টিমারকদ্কে বলিলাম 'না, না, তুমি কথনই এখন বাইতে পারিবে না।' ইহা শুনিয়া টিমারকদ্ উপবিষ্ট হইলেন। কিন্তু একটু পরেই তিনি আবার বলিলেন, 'সক্রেটিদ্, আমাকে ঘাইতেই হইবে।' প্ররায় দৈববাণী হইল, স্থতরাং তাঁহাকে আবার বসাইলাম। ইহার পর বেমন আমি একটু অন্তমনস্ক হইয়াছি—টিমারকদ্ আমাকে কিছুই না বলিয়াই অলক্ষ্যে সরিয়া গেল। পরদিন শুনিলাম সে কি ভীষণ কার্য্য করিয়াছে।''

আর একটি ঘটনা শুরুন। করেকটি বন্ধুর সহিত সক্রেটিস ভ্রমণ করিতেছিলেন। হঠাৎ তিনি প্রত্যাদিষ্ট হইলেন "এ পথে যাইও না।" ব্রুদ্ধদিগকে এই কথা বলাতে, ক্ষেকজন তাঁহার সহিত ফিরিলেন এবং অন্ত পথ দিয়া চলিয়া গেলেন। কিন্তু আর ক্ষেকটি তাঁহার কথার কর্ণপাত না করিয়া সেই পথেই যাইতে লাগিলেন। কিয়দ্র যাইতে না যাইতে একদল বন্তু বরাহ আদিয়৷ তাঁহুঃদিগকে আক্রমণ করিল এবং সকলেই অল্লাধিক আঘাত প্রাপ্ত হইয়ৢৢ৴ধূলিধূসরিত গাত্রে মনোছঃথে বাটী ফিরিলেন।

যুবকদিগকে কুশিক্ষা ও কুমন্ত্রণা দিয়া কলুষিত করিতেছে, যথন সজেটিস এই অভিবোগে অভিযুক্ত হইলেন, তথন কেহ কেহ তাঁহাকে পরামর্শ দিলেন, "দক্রেটিদ, তোমার ধর্মমত কিয়ং পরিমাণে ত্যাগ কর, জীবন রক্ষা হইবে।" ইহা শুনিয়া তিনি ধীরভাবে উত্তর করিলেন. ''শামি স্থনীতি শিক্ষা দিয়া দেশবাসীদিগকে সংমার্গে লইয়া যাইতেছি. স্থতরাং আমি দণ্ডিত না হইন্না পুরস্কৃত হইবার যোগ্য।" তিনি অচল, অটল ভাবে স্বীয় জীবন বিসর্জন করিলেন, সাম্মরকার জ্ঞ একটি বর্ণ ও উচ্চারণ করিলেন না। ইহার রহস্ত তিনি বিচারকদিগের নিকট নিজমুথে ব্যক্ত করিয়াছেন, "হে বিচারকগণ, আমার জাবনে এক অপূর্ব্ব ঘটনা ঘটিয়াছে। যথনই আমি কোন অক্সায় কর্ম্ম করিতে গিয়াছি, তথনই একটি দৈববাণী আমাকে নিবারণ করিয়াছে। কিন্তু এই বর্ত্তমান ব্যাপারে এ দৈববাণী আমি একবারও ভুনি নাই ;—কেবল একদিন মাত্র যথন আমি আত্মরক্ষার জাগু কিছু বলিব ভাবিতেছিলাম, তথনই একবার মাত্র ঐ বাণী আমাকে ঐ কার্য্য করিতে নিষেধ করিয়াছিল। ইছা হইতে কি এই প্রমাণ হইতেছেনা যে, এ পর্যান্ত যাহা যাহা হইয়াছে, সবই ভালর জন্ম এবং আমার মৃত্যুই বাঞ্নীয় ও হিতকর ? কারণ ইহা অন্যায়

বা অহিতকর হইলে, দৈববাণী নিশ্চয়ই আমাকে বাধা দিত।" পাঠক ! জীবান্মার (Higher self এর ) কিরূপ জোর একবার লক্ষ্য করুন।

## অলিন-কুমারী জোন। (Joan of Arc.)

ইতিহাসজ্ঞ মাত্রেই অর্লিন-কুমারীর বৃত্তান্ত অবগত আছেন। পঞ্চদশ শতান্দীর প্রারম্ভ ইনি ফরাসীদেশে এক ক্ষকের ঘরে জন্মগ্রহণ করেন। সক্রেটিসের স্থায় ইনিও বাল্যকাল হুইতে এক অংশীকিক স্বর শুনিজে পাইতেন। তাঁহার বয়স যথন তের বংসর, তথন তি<sup>নি</sup>ন ইহা প্রথম শুনিতে পান। দৈববাণীর সঙ্গে সঙ্গে তিনি এক অস্বাভাবিক আলোক-ছটা দেখিতে লাগিলেন। এমশঃ ঐ আলোকের মধ্যে দেবদূত এবং মহাপুরুষগণের মৃত্তি আবিভূতি হইতে লাগিল, তিনি স্পষ্টরূপে তাঁহাদের কথা শুনিতে লাগিলেন, ভাঁহাদের ইমারা ইঞ্চিত দেখিতে লাগিলেন।

তৎকালে অণিকা তুর্গ ইংরাজ কর্তৃক অবরুদ্ধ হইয়াছিল এবং ফরাসীগণ ক্রমাগত যুদ্ধে পরাজিত ইইতোছল। জোনের উপর প্রভ্যাদেশ হইল, "তুমি অবিলম্বে ফরাসীগণের সেনাপতি হইয়া যুদ্ধযান্ত্রা কর। সেণ্ট কাথ্যারিন্ গির্জ্জার বেণির পশ্চাতে একথানি তরবারি প্রোথিত আছে। উহা আনাইয়া লও। নির্ভয়ে অগ্রুদ্ধর হও। ইংরাজ অবরোধ ত্যাগ করিয়া পলায়ন করিবে এবং করাসার জয় হইবে। রাজপুল চার্ল স্ রিমন্ নগরে অভিষক্ত হইবে। কিন্তু যুদ্ধে তুমি আহত হইবে। মে মাসের হই তারিথে একটি তীর তোমার দক্ষিণ স্কদ্ধের নিমদেশ বিদ্ধ করিবে। ইহাতে তোমার প্রাণ বিনষ্ট হইবে না; তুমি স্ক্রম্থ হইয়া প্রনরায় যুদ্ধে প্রবৃত্ত হইবে। অবশেষে কম্পিনের যুদ্ধে তুমি বন্দীরূপে গ্রুত হইবে। ইত্যাদি।"

অবশ্য, এই সকল প্রত্যাদেশ তিনি এক দিনে বা এক সমধে শুনেন নাই, ইহা মধ্যে মধ্যে হইয়াছিল। প্রথমে তিনি আপত্তি করিলেন

''আমি হুর্বল কুষক-বালিকা, যুদ্ধের কিছুই জানিনা, এমন কি খোড়া চড়িতেও পারি না, আমি সেনাপতি হইব কিরূপে ?" দুঢ়ভাবে উত্তর আসিল, "তুমি নিশ্চরই পারিবে i" স্থতরাং তাঁহার এক অমামুধী শক্তি আদিল, অদাধারণ দাহদ আদিল, তিনি দেই দেব-দত্ত অদি লইয়া যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইলেন, ইংরাজেরা হটিতে লাগিল, ফরাসীর বিজয়-পতাকা গগনে উড্ডান হইল. দৈববাণী অক্সরে অক্ষরে সফল হইল।

बीयाथननान त्रायटहोयुत्री।

## প্রেতিনীর আত্মকথা।

(প্রথম দিনের কথা)

দে আজ বেশী দিনের কথা নছে, গত বৎসর শরতের প্রথম ভাগে যথন মায়ের মন্দিরে আরতীর বাল্প শুনিবার জন্ম প্রবাসী বাঙ্গালির প্রাণ মাতিয়া উঠিয়াছে, সম্ভান মায়ের কোলে ঘাইবার জন্ম স্বামী সংসার কুঞ্জের শান্তিদায়িনী স্ত্রী দর্শনার্থ, দূর দূরান্তর হইতে গৃৎপানে ছুটিয়াছে,— ঠিক এমনি দিনে, পূজার কিছু পূর্ব্বে আমাদেরও কালেজের ছুটি হইল। আমরাও অনন্ত আশা বকভরা আকাজ্জা লইয়া বাড়ী ছুটিবার জন্ম বাত হুইয়া পড়িলাম। প্রথম চিন্তার বিষয় হুইল, কাহার জন্ম কি লুইব গ ছোট ছোট ভাইভগিনীগুলি আগ্রহ পূর্ণ নেত্রে আমার গমন প্রতীক্ষায় চাহিয়া আছে। তাহাদের জন্ম অন্ততঃ আবশ্রক-মত কিছু লওয়া প্রয়োজন মনে করিয়া ঝাজার করিতে বাহির হইলাম। বন্ধগণের মধ্যে অনেকে অনেক কিনিলেন। এই স্থদেশীর পূর্ণ জোয়ারেও প্রেমময়ী স্ত্রীর জন্ম আদরের, সোহাগের বিলাদের অনেক দ্রব্য অনেকে কিনিলেন। আমি দেখিলাম আর হাসিলাম। কেন হাসিলাম জানি না, এ দায়ে আবদ্ধ হইলে আমাকেও হয়ত কতই লইতে হইত, কিন্তু ভগবান আমাকে সে বিষয়ে নিশ্চিন্ত রাখিয়াছেন। আমার সমস্ত স্নেহ, সমস্ত ভালবাসা হৃদয়ের সমস্ত স্থান জুড়িয়া প্রাণাধিক ভ্রাতাভগিনীগুলি বিরাজ করিতে-ছিল; তথায় আর কাহারও অধিকার এ পর্যান্ত বর্ত্তে নাই।

ষথনকার কথা বলিতেছি, তথন আমি—নং মানিকতলা খ্রীটের একটা মেদে থাকিতাম, আফ্রে জনৈক বন্ধু—নং কর্ণপ্রালিস্-খ্রীটের একটা মেদে থাকিতেন। বন্ধুটারং নাম পার্বজী। পার্বজীর মেদের সকল ছাত্র চলিয়া গিয়াছে; একা দেও তাহার পার্শ্বের ঘরের একটা ছাত্র সেই প্রকাণ্ড:বাড়ীর দিতলে অবস্থান করিতেছেন। ঠিক হইল আমি ও পার্বজী এক সঙ্গে বাড়ী রওনা হইব। উভয়েরই বাড়ী ফরিদপুর জেলার নিকটবর্ত্তী কোনও গণ্ডগ্রামে, উভয়ের গ্রাম পরম্পরের অভি নিকটেই অবস্থিত।

আজ আমরা বাড়ী রওনা হইব। আমি মানিকতলা মেস ছাড়িয়া কর্ণগুয়ালিস্-ষ্রীট্ মেসে পার্বাতীর নিকট আসিয়াছি। সমস্ত দিন ভাবিয়া এটা-ওটা-সেটা আবশুকীয় কত কি :কেনা হইল। ক্রমে সন্ধ্যা ঘনাইয়া, আসিল, অন্তগামী স্থ্যের শেষ আভাটুকু দ্বিতল, ত্রিতল ছাদের উপর প্রতিবিশ্বিত হইয়া ধীরে ধীরে অন্তাচলে লুকাইল। অন্ধকারের অদৃশ্য আবরণ কলিকাতার বুকের উপর আসন পাতিয়া বসিবার জন্ম ধীরে নামিয়া পড়িল। আফিস ছুটা, স্কুল-কলেজ ছুটা, তাই কলিকাতার মন্ত স্থান যেন একটা নীরবতা বুকে লইয়া কি একটা গন্তীর মৃর্ত্তি ধারণ করিয়াছে। সকাল সকাল আহার করিয়া শিয়ালদহ ষ্টেশনে যাইবার জন্ম ঘোড়ায় গাড়ীতে উঠিলাম। বাল্ল ছইটা ছাদের উপরে, ভিতরে আমরা ছই বন্ধ। কিন্তু তবুও যেন মনে হইতেছিল, গাড়ী বড় ভার বোধ হইতেছে, ঘোড়া ছইটা যেন বহু কন্থে আমাদের লইয়া ছুটিতেছে। সেই নীরবপথেই আমরা নীরবেই ছুটিয়াছি, তবুও যেন গাড়ীয় ভিতরে কাহার

দীর্ঘনিখাস থাকিয়া পাকিয়া সেই নীরবতা ভঙ্গ করিয়া কিরূপ একটা কাতর প্রাণের অব্যক্ত যাতনা প্রকাশ করিতেছিল। ভাবিলাম গাড়ীর পশ্চাতে লোক আছে, চাহিয়া দেখিলাম সইস কোচবাক্সে বসিয়া রহিয়াছে, পিছনে কেহই নাই। আশে পাশে চাহিলাম, কোথাও কিছু দেখিলাম না। গাড়ীতে আমরা ত্র'জন' তবুও যেন মনে হইতেছিল-এক গাড়ী মামুষ বদিয়া সমস্ত স্থানটা এমন ভাবে জুড়িয়া বদিয়াছি যে, পাশ ক্ষিরিবার স্থানটুকু পর্যান্ত নাই। দুর্নখতে দেখিতে শিয়ালদহ ষ্টেশনে আসিয়া হাঁপ ছাড়িয়া বাঁচিলাম। শরীর উভয়েরই অনেক পাতলা বোধ হইল, কিন্তু জানিলাম ট্রেণ তিন মিনিট পূর্বে ছাড়িয়া গিয়াছে। পরের দিন সকালের ট্রেণে যাওয়া ব্যতীত উপায় নাই বিবেচনায় একটা নিরাশা বুকে লইয়া আবার পেই কর্ওয়ালিস-ট্রাটের মেসেই ফিরিলাম। দিতলে পার্বতীর প্রকোষ্ঠেই কোন রক্ষে রাত্রি কাটাইব, এই ভাবিয়া ছই জনে এক বিছানায় শয়ন করিলাম। বাল্ল বিছানা এখানে ওথানে সেখানে বিক্লিলভাবে ঘরের মধোট পডিয়া রহিল। উভয়েই নিস্তব্ধ. উভয়েরই প্রাণে গাড়ীর মধ্যের সেই করুণ দীর্ঘ নিশ্বাস জাগিতেছে। আমাদের শ্যার দক্ষিণপার্থে মন্তকের নিকট একথানা টেবিলের নিকট ঘড়িটী রাথিয়া আলোক নির্ব্বাণ করিয়া কেবল সেই দীর্ঘনিখাস ভাবি-তেছি, এমন সময় হঠাৎ ঘরে শব্দ উঠিল, টক্ টক্ টক্; আবার শব্দ হইল টক্ টক্ টক্; এক হুই ভিন করিয়া গুণিলাম। থাকিয়া থাকিরা ছয় বার শব্দ হইল। একে পার্ববর্তী একটু ভীতু, তার পর সেই গাড়ীর ঘটনা। ইহার উপর আবার এই প্রকার শব্দে দে ভয়ে জড়দড় হইয়া আমাকে জড়াইয়া ধরিল। আবার---আবার সেই শব্দ। কিন্তু আশ্চর্যা এই প্রত্যেক বারই উপযুগপরি ছয় বার করিয়া শব্দ হইভেছে। কোন প্রকার লাঠা দ্বারা থাকিয়া থাকিয়া আঘাত করিলে যেমন শব্দ হয়, ঠিক

তেম্নি টক্ টক্ শব্দ। ভাবিলাম ইন্দুরে ঐব্ধপ করিতেছে। পার্শ্বতীকেও তাগাই বুঝাইলাম। আলো জালিয়া সমস্ত ঘর তন্ন তন্ন করিয়া অন্ত-मक्कान कत्रिलाम, रकाशां कि कू नारे; ८४२ आटला निवारेलाम आवात्र সেই শব্দ। ভাবিলাম বাল্লের ভিতর ইন্দুর গিয়াছে। আমার ও পার্বভীর বাক্স খুলিয়া ভাল করিয়া দেখিলাম, কৈ কোথাও ভো কিছু নাই। আলো জালিলে কোন শব্দ নাই—নির্বাপিত করিলেই সেই শব্দ। পার্বতী চীৎকার করিয়া বলিয়া উটিন, "ইহা নিশ্চয়ই ভূত, আমি শুনিয়াছি, এ বাড়ীতে ভূত খাছে। আমার বড় ভয় করিতেছে, চল অন্ত প্রকোষ্ঠে যাই।'' ইহা বলিয়াই আমাদের পাশের বরে যে ছাত্রটি ছিল, তাহার নিকট যাইবার জন্ম আমাকে মিনতি করিতে লাগিল। পার্বতী ভয়ে কাঁপিতে ছিল, আমি কিন্তু ভূতে বিশ্বাস করিতাম না, হাসিয়া বলিলাম, —"তুমি পাগল, ভূত নির্দ্ধোধের কল্পনা, পাগলের থেয়াল।"—যেই বলা কে যেন দরজার কাছে অক্ট হাসির ধ্বনিতে ঘরটার নিওক্তা ভাঙ্গিয়া দিল। দেখাদি অতি কাণ ও অতি কোমল। যেন ভূতে বিশ্বাস করি না বলিয়া আমাকেই উপহাস করিল। এক বার এই বার তিন,বার সেই গুলির লহর উঠিল, থামিল। আনি অবাকৃ হইয়া দ্ভিটিয়া রহিলাম। মনে ভারী সন্দেহ হইল, দরজা খুলিলাম পার্বতা ছুটিয়া বাহির হইল, সমস্ত বাড়ী পুঁজেলাম কিছু দেবিলাম বা! নানা প্রকার কল্পনা-জন্ধনা করিতে করিতে পার্শ্বের প্রকোঠেই ঘাইয়া সেই ছাত্রটীকে উঠাইয়া ভাহার পার্শ্বে ওইজনে শুরুন করিলাম : তুইজনের কাহারও বুম হইল না। নানা প্রকার ছশ্চিস্তার রাত্তি কাটিয়া গেল। কি জানি হয় ত ভীতু বলিয়া উপহাদ করিবে, এই জন্ম পার্শ্বের বরের ছাত্রটিকে কিছু বলিলাম না। তাছার পরের দিন স্কালের ট্রেণে বাড়ী যাত্রা করিলাম। বাডাতে আর কোন উপদ্রব হয় নাই।

মাসৈক সময় শশু-শুমেলা পল্লীর নিভত ভবনের শাস্তি উপভোগ করিয়া আবার কোলাহল-পূর্ণ কলিকাতায় ফিরিয়া আসিলাম। মাতার ষাশীর্কাদ মস্তকে লইয়া ভ্রান্তা-ভগিনীর মলিন মুথ ভাবিতে ভাবিতে ভোরের গাড়ীতে কলিকাতার উপস্থিত হুইলাম। প্রথমে মানিকতলা মেদেই উঠিয়া বিছানাপত্র গাঁড়ী হইতে নামাইয়া একেবারে পার্বভীর মেদে যাইয়া উপস্থিত হইলাম। পত্তে জ্বানিয়াছিলাম, পার্বভী একদিন পূর্বের রওনা হইয়াছে। আসিয়া দেন্দি, তথনও কেই উঠে নাই, মেসের দরকা ভিতর হইতে অর্গলাবদ্ধ। "পার্ব্বতী আছ ?'' বলিয়া ডাকিতেই দে দৌজিয়া আদিয়া দরজা খুলিয়া দিল। দেখিলাম তাহার মুখখানা শুষ্ক, চক্ষু রক্তবর্ণ ; কি যেন একটা ভীষণ চিস্তায় মুখে কালিমা পড়ি-য়াছে। সমেতে জিজাদা করিলাম পার্মতী। তোমার কি কোন অমুথ ক'রেছে ? দে বলিল-"বাহা হ'য়েছে বল্ব এখন, চল উপরে যাই।" তাহার প্রকোষ্ঠে উভয়ে যাইয়া বদিলীয়। আগ্রহ সহকারে জিজ্ঞানা করিলাম—"ভোমার কি হ'য়েছে পার্কতী ? আজ ভোমাকে এরূপ দেখা যাইতেছে কেন ?" দে ক্ষীণকঠে আমার মুখের দিকে চাহিয়া আকুল নেত্রে বলিল,—"ভাই! আর আনি বাঁচিব না, ভাবিয়াছিলাম ভৃত আমাকে ভুলিয়াছে, কিন্তু তাত নয় ! কলা সমস্ত রাত্তি আলো জালিয়া বসিয়াছিলাম। বেই মালো নিবাইয়াছি, অমনি দেই শব্দ, সেই হাসি---আমাকে অন্থির করিয়া তুলিয়াছে।'' আমি কান্ঠ-পুত্তলিকার ন্থায় চূপ করিয়া দাঁড়।ইয়া রহিলাম। পার্বভী বলিল,—"আজ থেকে তুমি এথানেই থাকিবে, নতুবা একা কিছুতেই এ বাড়ীতে থাকিতে পারিব না।" অগত্যা তাহার প্রস্তাবে আমি স্বীকৃত হইলাম।

আমাদের মানিকতলা মেসে Edward Institution এর একজন master থাকিতেন। তিনি প্রেত তত্ত্ব সম্বন্ধে অনেক আলোচনা করিয়া থাকেন। লোকটা বিদ্বান ও সান্ত্রিক। পার্ব্বতীকে লইয়া আমি দ্বি-প্রহরের আহারাদির পরে তাঁহার নিকট যাইয়া পূর্বারাত্তি ও পূজার পূর্ব্বের ঘটনা সমস্ত জানাইয়া কি ব্রুরা কর্ত্তব্য পরামর্শ চাহিলাম। অন্ত কেহ হয় ত এতটা করিতেন না, কিন্তু আমি সাধারণত: একটু কৌতৃহল-প্রিয়। তিনি অনেক কথা বলিলেন। আমাদিগকে অনেক বুঝাইলেন। আসিবার সময় বলিয়া দিলেন,—"তোমরা ভয় পাইও না। Spirit (প্রেক্ত) হুই রকমের জাছে। হুষ্ট প্রেক্ত যাহারা ভাহারাই সাধারণতঃ লোকের অপকার করিয়া থাকে। এইটা হুই প্রেত কি না, তাহা তাহার কার্য্য কলাপেই বুঝিতে পারিবে। আমার তো বিশ্বাস ইহা হুষ্ট প্রেত নহে। অনেক সময় সংসার স্বথে অতৃপ্ত আকাজ্জার তীত্র স্থৃতি মৃত্যুর পরেও আত্মাকে সংসারে আসক্ত করিয়া রাথে এবং সেই জন্তুই জনান্তর পর্যান্ত আত্মা দেই সাকাজ্ঞা বুকে লইয়া বাসনার জালায় ছুটোছুটা করিয়া বেড়ায়। ভাহারাই ভাহাদের প্রাণের ব্যথা হৃদয়ের কথা বলিবার জন্ত মানুষের কাছে আসিয়া থাকে। <mark>আমরা</mark> অজ্ঞান, আন্থা হীন তাই হয় ত তাহাকে দূর করিয়া দিই, নানা প্রকার উপদ্রবে, ওঝা ডাকাইয়া, শান্তি সস্তায়ন করিয়া ভাড়াইয়া দিই, অথবা আমরা নিজেরাই দ্রিয়া যাই। দেই আ্আা মর্ম্ম কথা বলিতে না পারিয়া প্রাণের যন্ত্রণায় বুরিয়া বেড়ায়, আর আনরা তাহাকে দূর দূর করিয়া সরাইয়া দিই। যদি তাহা না করিয়া সাহসে বুক বাঁধিয়া কারণ অনুসন্ধান করিতাম, ভাহাদের প্রাণের বাসনা জানিবার আগ্রহ প্রকাশ করিতাম. ভবে জনান্তরবাদ কল্পনা বলিয়া উড়াইয়া দিতে পারিতাম না। প্রেত্তম, অদৃশ্র সহায় (Invisible helper) প্রভৃতিতে অবিখাস করিতে পারিতাম না। তোমরা যাও, সাহদে বুক বাঁধিয়া প্রশ্ন জিজ্ঞাদা কর, তাহার আবি-র্ভাবের কারণ অমুদদ্ধান কর, দেখিবে কত নূতন তত্ত্ব জানিতে পারিবে।"

আজ আমরা সন্ধার পূর্বেই মেসে আসিরাছি। ভয় ও বিমার বুকে শইয়া রাত্রের প্রতীক্ষা করিতেছি। ক্রমেই যত অন্ধকারের আবরণ ছাইয়া পড়িতে লাগিল, আমরাও ততই উদগ্রীব হইয়া অপেকা করিতে লাগিলাম। আজ আমরা সংকল্প করিয়াছি, যাহাই হউক নাধা বিপত্তি অভিক্রম করিয়া একবার রহস্ত উদ্বাটন করিব। ক্রমে আমাদের মেদের আহারাদি সমাপ্ত হইল। যে যাহার প্রকোষ্ঠে সার্থ্যা দরকাবন্ধ করিল। আমরাও দরজা বন্ধ করিলাম। আলো জ্বলিতৈছিল, নিবাইয়া দিলাম। ছ'জনেই বসিয়া, কাহারও মুখে কথা নাই । পার্বতী পিছন হইতে আমাকে জড়া-ইয়াছিল। অদৃশ্য বিপদের আশহায় শরীর রোমাঞ্চিত হইতেছে। ভর না হইলেও কি যেন একটা চিস্তার অতীত ভাবনা আসিয়া মনটাকে আচ্ছন্ন করিয়া ফেলিয়াছে। কান পাতিয়া আছি, এমন সময় .শব্দ হইন ঠক ঠক ঠক্। পার্বতী আমাকে আঁকড়াইয়া ধরিল, আমি শক্ত হইয়া বসিলাম। একবার, গুইবার, তিনবার সেই শব্দ হইল। ভাবি-লাম পরিচয় জিজ্ঞাদা করি, মুখ দিয়া কথা বাহির হইল না। বহু কটে, শুষ্ক জিহবায় জিজ্ঞানা করিলাম, "তোমার নাম কি ?"

উত্তর পাইলাম, ঠক, ঠক, ঠক—ছম্ব শব্দ ! আবার জিজ্ঞাদা করিলাম, — "তোমার নাম ?" আবার সেইরূপ শব্দ। কিন্তু এবার শুধু শব্দ नरह। जापारनत मरन इहेन भरमत मरम এक है। कीन कर्छत मधुत श्वनि छ যেন আমাদের কথার উত্তর দিতেছে ! কিন্তু বুঝিলাম না।

তিন বারের বার যেন স্পষ্ট গুনিতে পাইলাম সেই শব্দ কথায় পরিণত হইতেছে। যেন বলিতেছে,—"জ্ঞানদা স্থলরী!"

পার্মতীকে জিজাসা করিলাম কিছু বুঝিলে? সেও বলিল জ্ঞানদা স্থানরী ? আবার জিজাসা করিলাম, তোমার নাম কি জ্ঞানদা স্থানরী ? শব্দ আরও ম্পষ্টভাবে উত্তর করিল. "না।"

"তবে কি ?'' আরও স্পাষ্ট, আরও উচ্চে উত্তর আসিল, "সারদা স্বন্দরী ! !" জিজ্ঞাসা করিলাম. "সারদা স্বন্দরী'' ? উত্তর হইল. "হাঁ।"

ক্রমেই বেন শব্দগুলি জীবস্ত মান্নবের কথার প্রায় ম্পষ্ট হইতে স্পষ্টতর হইতেছিল। ক্রমেই যেন আমাদের ধারণা, হইতেছিল আমরা জীবস্ত, জাজ্জলামান সম্প্রেপ উপবিষ্ট বাক্তির সহিত কথা কহিতেছি। কিন্তু কথাগুলি বড় কোমল। বড় মর্ম্মপার্শী : বড় বিষাদ বিজড়িত নম্রতা ব্যঞ্জক। ভর হইল এ কিছু অনিষ্ট করিবে না ও ? জিজ্ঞাসা করিলাম, "তুমি কি আমাদের কোন অনিষ্ট করিবে ?" উত্তর—"না।"

আমি—আচ্ছা বল দেখি ঘড়ীতে কয়টা বাজিয়াছে ? উত্তর—১০টা ৩৫ মিনিট।

আলো আলিয়া মিলাইয়া দেখিলাম ১১টা বাজিয়া ৫ মিঃ হইয়াছে।
ঠিক বলিতে পারে কিনা জিজ্ঞাসা করার জন্তুই এই প্রশ্ন করিয়াছিলাম।
না বলিতে পারায় একটু সন্দেহ হইল, ভাবিলাম হয়ত আমার ঘড়ী ঠিক
চলিতেছে না। আবার আলো নিবাইয়া জিজ্ঞাসা করিলাম,—

"আমার ঘড়ীতে কয়টা ?"

উত্তর হইল-১১টা ৫ মি:।

তথন বুঝিলাম আমার ঘড়ীটী ক্রত চলিতেছে।

ক্রমে আমাদের সাহস বাড়িতে লাগিল। বলিলাম,—"তোমার পরিচয় বিজ্ঞাসা করিতে বড়ই কৌতূহল ইইতেছে; দয়া করিয়া বলিবে কি ?"

তথন সেই অন্ধকারে অদৃশ্য মনুষ্য কণ্ঠ ধীরে ধীরে আত্ম পরিচয় দিতে আরম্ভ করিল। সে কণ্ঠ যে কি কোমল, কি মর্ম্মম্পর্লী তাহা ভাষার অতীত!! আমরা পুত্তলিকাবৎ সেই বীণা ব্যহারের স্থায় কোমল স্বরলহরী কেবল শুনিয়া গোলাম। সে বলিল,—"আমি যে স্ত্রীলোক তাহা

হয়ত আমার নামেই পরিচয় পাইয়াছ। আমার বাড়ী ২৪ পরগণার মধ্যে \* \* গ্রামে। যথন আমার বরস ১৬ বংসর তথন পাপের नर्सनांगी मुर्खि चामि वर् चन्त्र (पंथियाहिनाम। शोवत्नत প्रवन त्नाय, হিন্দু বরের কুলবধৃ আমি, সাধ করিয়া বিষবলী স্থলন করিয়াছিলাম। পিশাচ দেবরের কুপরামর্শে—দেবতা, পুণ্য, ধর্ম, স্বামী—সমস্ত বিসর্জ্জন দিয়া, ব্রাহ্মণের কুলে কালী দিয়া সেই নরপিশাচের সঙ্গে গভীর রাত্রে বাহির হইয়া আদি। দেবতা তুলা স্বামীকে পরিত্যাগ করিয়া একটা মদ্যপারী কামনার দাদকে, একটা কুকুরকে সেই আদনে প্রতিষ্ঠা করি। ওগো। কাছাকে সে ত:খ কাহিনী বলিব ? কে এ পাপীয়দীর মর্ম-কথা গুনিয়া অশ্ৰ বিসৰ্জন করিবে ? বড় জালা, বড় কঠিন প্ৰায়শ্চিত্ত, আমি কি ছিলাম, কি হইয়াছি ।।" সে সমস্ত ঘরটা একটা মর্মতেদী ক্রন্দনের রোলে ছাইয়া গেল। আমি বলিলাম, "যদি পূর্বের কথা শ্বরণ করিতে তোমার কষ্ট হয় তবে থাক, আমি শুনিতে চাহি না।

সে আবার বলিতে আরম্ভ করিল:---

"না আমিই বলিব। যেখানে যাই সেখান হইতেই বিতাড়িত হই। সকলেই ভয় পায়। এ জালা, প্রাণের এ ভার বলিয়া যে একটু লাঘ্ব করিব, তাহাও পারি না। কেবল ছুটাছুটী করিয়া বেড়াই। ওগো। আম বড় পাপীয়সী, বড় কুলটা—আমার কি হবে !!"

"আমি দেই দেবরের সহিত আদিয়া ৬ মাদ তাহার সহিত একত্রে ছিলাম। ভারপর এক দিন হঠাৎ সে কোথায় চলিয়া গেল, আর ভাহার দেখা পাই নাই! ছই দিন অনাহারে অনিদ্রায় কাটাইলাম। ভার পর, তারপর যে কি হইল বলিতে হৃদয় বিদীর্ণ হয়, চকু ফুটিয়া জল বাহির হয়। আমি জগতের ঘ্ণা, সমাজের ঘ্ণা প্রকাশ \* \* বৃত্তি অবলম্বন করিলাম। নিত্য নৃতন লইয়া আমার বিলাদ বাদনা, আমার ব্দর প্রবৃত্তি চরিতার্থ করিতাম। আমি মদ থাইতে শিথিরাছিলাম; দিবারাত্রি মদে বিভোর হইয়া থাকিতাম। হায়! হায়! সেই মদই আমার কাল হইল।"

ষাবার মর্ম্মভেদী ক্রন্দনধ্বনি উথিত হইল। স্বপ্নের প্রহেলিকার স্থায় অসাড় দেহে আমরা কেবল শুনিতে লাগিলাম। "সেই উন্মাদনায় আমি একজনকে ভাল বাবিয়াছিলাম। সে ভালবাসার প্রতিদান পাই নাই। আমি স্থলরী বলিয়া গর্জ করিতাম, যৌবনের অহন্ধার করিতাম, আমাকে দেখিলে কতজনে ভূলিত। হায়! সেই আমি,আমাকে কেহ দেখিতে পায় না। ভয়ে কাহারও সম্মুধে যাইতে সাহস পাই না। ষাহাকে প্রাণ দিয়া ভাল বাসিয়াছিলাম, যাহাকে না দেখিলে অন্থির হইতাম, কি জানি কেন সে না আসিলে আমার আহার হইত না, সে না আসিলে আমার নিদ্রা হইত না : সেই যুবক, সেই স্বকৃতজ্ঞ প্রেমিক আমাকে মদে কি মিশাইয়া পাগল করিয়া দিল! একে একে আমার সমস্ত অলহার সমস্ত সঞ্চিত অর্থ লইয়া প্রায়ন করিল। আমি ব্রিয়াও বুঝিলাম না, দেখিয়াও দেখিলাম না। দেই উন্মাদ অবস্থায় আমি অমানিশার অনস্তব্যাপী ঘোরান্ধকারে জলে পরিপূর্ণ চৌবাচ্চায় লাফাইয়া পজিলাম। যদিও চৌবাচচা ছোট ছিল, তথাপিও মদের নেশায় আর আমি উঠিতে পারি নাই। উঠিতে চেষ্টা করিয়াছিলাম, কিন্তু পারি নাই। সেই অবস্থায় একাকী অসহায়া আমি—আমার প্রাণ গিয়াছে !! উঃ সে যে কি যন্ত্রণা তাহা কে বুঝিবে !!!" আবার ক্রন্দনধ্বনি উথিত হইল। কিছুক্ষণ কাঁদিয়া হঠাৎ যেন দাঁড়াইয়া পড়িল। আমাদের মনে হইতেছিল, সেই আত্মা মেঝেতে ব্যিয়া কহিতেছে। দাড়াইয়া ক্ষীণকণ্ঠে বলিল! "আমি এখন ঘাই ৭'' আবার বলিল." আমি তবে এখন যাই ?" বড় কাতরতার সহিত, বড়ই বিনয়ের সহিত, বড় কপ্টে বলিল,

শ্লামি এখন যাই ?" আমি বলিলাম আর কি আসিবে না! উত্তর দিল, "কলা আসিব।" আমি বলিলাম "আছো তবে যাও।" বলামাত্র খন্থস্ শব্দ হইল। সেই মুহুর্তিই দরজায় হস্তদারা আঘাত করিলে যেমন শব্দ হয়, সেইরপ একটা শব্দ হইল। পরক্ষণেই আর কোন সাড়া নাই। জিজ্ঞাসা করিয়া আর উত্তর পাইলাম না।

সেই নীরব গৃছে আমাদের কর্ণে যেন প্রকাবল সেই করুণা-উদ্বেশিত বামা-কণ্ঠ, সেই বিদায়ের বিষাদ বিজড়িত ধ্বনি প্রতিধ্বনিত হইতে লাগিল। ক্লান্ত দেহে, অবসন্ন মনে, আকাশ পাতাল ভাবিতে ভাবিতে বুমাইনা পড়িলাম।

ক্ৰমশঃ

শ্রীসতীক্রনাথ রায়চৌধুরী।

শ্রীযুক্ত অলোকিক রহস্তের সম্পাদক

মহোদয় সমীপেরু "

मह्माप्य,

নিম্নলিখিত ঘটনাটী না১০ বংসর পূর্বে প্রকৃত ই ঘটিয়াছিল,—তপন আমার খরস ৮ বংসর। এই ঘটনা যে সম্পূর্ণ সত্যা, সে বিষয়ে সন্দেহ নাই। লি,খিতে হ্রত দূ ত্ব' একটা কথার প্রভেদ হইতে পারে,। ইতি।

> বশংবদ, শ্রীবিজয়ক্কফ ভট্টাচার্য্য, বিষ্ণুপুর, বাঁকুড়া।

**ুর (সপ্টেম্বর** 

## শাপভ্রফ অপ্সর।

মেদিনীপুর জেলার কোন কুদ্র পলীগ্রামে অধিকারী মহাশরের নিবাস। তিনি বেশ সম্পত্তিশালী ব্যক্তি। নিকটবর্ত্তী গ্রাম সমূহের মধ্যে তাঁহার নাম ডাক আছে। তাঁহার চারিটী পুত্র। আমার এই আখ্যায়িকা তাঁহার মধ্যম পুত্ত,ভবতোষ অবলম্বনে লিখিত। এ ঘটনাটি সম্পূর্ণ সত্য।

ভবতোষের বয়দ যথন ১৮ কি ১৯ বৎসর, তথন সে নিকটবর্তী কোন এন্ট্রেন্স স্থলের প্রথম শ্রেণীতে অধ্যয়ন করিত। প্রত্যহ বাড়ী হইতে স্থলে যাওয়া কষ্টকর এই ভাবিয়া, অধিকারী মহাশয় তাহাকে বোর্ডিং এথাকিবার বন্দোবন্ত করিয়া দিয়াছিলেন এবং পুত্রের পাঠে বেশ মনোযোগ আছে দেখিয়া, বোর্ডিং এর পার্শ্ববর্তী একটী নির্জ্জন কক্ষে তাহার থাকিবার ব্যবস্থা করিয়া দিয়াছিলেন। ক্লাদের মধ্যে ভাল ছেলে বলিয়া সকলেই ভাহার প্রশংসা করিত।

ভবতোষকে দেখিলে দকলেরই মনের ভাব কেমন একরূপ হইত; বোধ হইত যেন সে এখানের নয়। তাহার দেই টানাটানা চক্ষ্দ্য বে দেখিয়াছে, দেই তাহাকে ভালবাদিয়াছে, যে তাহার হাদিভরা মুথখানি দেখিয়াছে, দেই মজিয়াছে। আমাদের আত্মীয় বলিয়া বলিতেছি না বাস্তবিকই ইহা যথার্থ সভা।

বাল্যকাল হইতে ভবতোষ সঙ্গীত বিষয়ে পারদর্শী ছিল। তাহার মধুর-কোমল-কণ্ঠ-নি:স্ত-গীত যে শ্রবণ করিয়াছে, সে জীবনে কথনও তাহা ভূলিতে পারিবে না। তাহার আর এক বিশেষত্ব ছিল এই যে, কোন রাগ রাগিণী বা তাল কাহারও নিকট শিক্ষা করিতে হয় নাই,—যেন পূর্ব জন্মার্জিত। এন্ট্রেন্স্ পরীক্ষার সময়। পরীক্ষার্থিগণের পড়িবার চাড় পড়িরাছে; সকলেই দিবারাত্র পরিশ্রম করিতেছে। ভবতোবেরও পরীক্ষা; কিছা সে অপরাপর ছাত্রের স্থায় অনবরত পরিশ্রম করিত না। দিবাভাগে কুল হইতে আদিয়া বন্ধুগণের বাদায় গান গাহিয়া আমোদ করিয়া বেড়াইত, কিন্তু রাত্রিকালে কেহ তাহাকে বাহিরে দেখিতে পাইত না। বোর্ডিংএর যে কক্ষে দে থাকিত, ভাহার ঘার বন্ধ করিয়া একাগ্রচিত্তে পাঠ অভ্যাস করিত। এমন এক এক দিন দেখা গিরাছে যে চাৎকার করিয়া ভাকিলেও, ভবতোয় শুনিতে পাইত না।

জ্যৈষ্ঠ মাস —পরীক্ষার ফল বাহির হইরাছে। ভবতোষ প্রথম বিভাগে উত্তীর্ণ। পিতা মাতার আনন্দের সীমা নাই। আধিকারী মহাশয় স্ত্রার অমুরোধে তাহার বিবাহ দিতে উৎস্কক। চাারদিক হইতে সম্বন্ধ আসিতেছে, কোন স্থানেই পার্ত্রী মনোমত হয় না। অবশেষে নিকটবর্ত্তা কোন স্থানে একটা নবম বর্ষীয়া বালিকার সহিত সম্বন্ধ স্থির হইল। ভবতোষ কিছুতেই বিবাহ করিবে না, পিতা,মাতাও ছাড়িবেন না। তাহার সম্পূর্ণ অনভিমতে খুব জাঁক জমকের সহিত বিবাহ ইয়া গেল। তুচারি দিন আমোদ আহ্লাদের উৎস ছটিল।

বিবাহের পর, ষষ্ঠ দিবস,মধ্যাক সময়,মাতা গৃহ কর্মে ব্যাপ্তা,—সহসা ভবতোষ আসিয়া তাঁহাকে বলিল—" মানার আব জীবনের আশা নাই। আমার সম্পূর্ণ অনভিমতে বিবাহ দিয়াছ, পরে ইহার ফল ভোগ করিবে।" সেহমন্ত্রী মাতা পুজের এইরপ কথা শ্রবণ কার্য়া বিশ্বিতা হইলেন, এবং অনেক জিজ্ঞানা করিয়াও, কেন যে সে এরপ বলিল, তাহার উত্তর পাইলেন না।

অষ্ট মঙ্গলার পর তিন চারিদিন হইল ভবতোয খণ্ডরালয় হইতে প্রবল ্জরাক্রাস্ত হইয়া ফিরিয়া আসিয়াছে। শরীরের স্থানে স্থানে ছ একটা কাল বর্ণের চিহ্ন দেখা দিয়াছে। যন্ত্রণায় অধার, প্রলাপ বকিডেছে। জ্যেষ্ঠ সংহাদর আশুতোষ নিকটে বসিয়াছিলেন, জ্বিজ্ঞাসা করিলেন—
"ভব, কিরূপ যন্ত্রণা হইতেছে ? মেয়ে মানুষের কথা কি বলিভেছে, চুপ কর।"

ভবতোষ অতি কষ্টে বলিল—"দাদা আমার বড় ছঃথ যে, মনের কথা কাছাকেও বলিতে পারিলাম না।"

আশুতোষ বলিলেন—"এমন সময়ে কোন কথা গোপন করিও না, প্রকাশ কর।"

ভবতোষ পুনরায় বলিল—"আপনি গুঞ্জন, কেমন করিয়া জামার পাপ কথা প্রকাশ করিব ? তবে যদি কাগজ পেন্সিল আনিয়া দিতে পারেন, তাহা হইলে লিখিয়া দিয়া বাই।" আগুতোষ কাগজ পেন্সিল আনিয়া তাহার হস্তে দিলেন। যন্ত্রপায় অধীর অবস্থায় দে ইংরাজি ভাষায় অস্পষ্টভাবে যাহা লিখিয়াছিল, তাহা হইতেই পাঠক মহোদয়গণ দেই আলোকিক ঘটনা বৃথিতে পারিবেন। নিমে যথাযথ অনুবাদ প্রদত্ত হইল।—

পরীক্ষার সময় এক দিন রাত্রিকালে বোডিংএর ভিতর পড়িতেছিলাম,
—রাত্রি দ্বিপ্রহর অতাত হইয়াছে, সংসা কোথা হইতে যেন আঁথিভরা তন্ত্রা আসিয়া আমায় অভিভূত করিল। পড়া হইল না, পুস্তকথানি বক্ষের উপর রাথিয়াই নিদ্রাগত হইলাম। কি একটা:ভীষণ স্বপ্র
দেথিয়া নিদ্রা ভঙ্গ হইল। চাহিয়া দেখিলাম, একটা বৃদ্ধা স্ত্রীলোক আমার
কক্ষের দ্বার উন্মুক্ত করিয়া ধারে ধারে প্রবেশ করিতেছে। অমি
আত্তিকত চিত্তে জিজ্ঞাসা করিলাম—কে ভূমি ? বৃদ্ধা উত্তর করিল—
এখন পরিচয় দিব না,—ভূমি পরে সব জানিতে পারিবে। আমার কথা
শ্রবণ কর—আমার সঙ্গে আইস। আমি পুনরায় ক্সিভানা করিলাম—

ভূমি কে ? তোমার সঙ্গে কোথায় যাইব ? বুদ্ধা বলিল--- \* \* বাবুর উল্পানে যাইতে হইবে। যদি না আইস, তাহ। হইলে তোমার প্রাণ अश्यक्ष ब्रहेर्त ।

বুদ্ধার মুথভাব দেখিয়া আমার দেই অদীম সাহস কোণার অন্তর্ছিত হইল। আমি মন্ত্রমুগ্রের ভার তাহার অনুসরণ করিলাম। উভরেই নির্মাক। কতকণ পরে স্থামরা উত্থানের সমীপবন্তী হইলাম। এইথানে আবিয়া বৃদ্ধাবলিল-আমি ভিতরে প্রবেশ করিব না। তুমি ঐ বাম-দিকের রাস্তা ধরিয়া মালতী বুক্ষের নিকটে গমন কর। দেখিবে একটী ব্বতী তোমার জন্ত অপেকা করিতেছে। তোমার ভয় পাইবার কোন कात्रण नारे। এই विषया मूह्राखंत्र मत्भा काथात्र त्य अञ्चर्हिक हरेन, দেখিতে পাইগাম না।

গভীর রঞ্জনী--নির্জ্জন প্রদেশ-ভাহার উপর একাকী-ভরে সমস্ত শরীর কাঁপিতে লাগিল। একবার মনে করিলাম চীৎকার করি, কিন্তু পারিলাম না---কে যেন মুখ চাপিয়া ধরিল। পশ্চাৎ দিকে চাহিলাম, দেখিলাম বন্ধা। সে বলিল, এখনও যাও নাই।

আমি নিরুত্তর। বুদ্ধা আবার বলিল--আইস, আমি তোমার সঙ্গে যাইতেছি। প্রাণের মায়া মমতা ত্যাগ করিয়া, তাহার সঙ্গে উল্পানের ভিতর প্রবেশ করিলাম।

পূর্ব কথিত মালতী বৃক্ষের সন্মুথে উপস্থিত হইয়া বৃদ্ধা কাহার সক্ট নাম ধরিয়া চীৎকার করিল। নিমিষের মধ্যে দেখিলাম, এক অপূর্ব্ব ক্লপলাবণাবতী যুবতী শৃক্ত হইতে ধাঁরে ধীরে অবতরণ করিতেছে। যুবতীর পরণে নীণ বসন, পদহয় অসামান্ত কারুকার্য্য-থচিত পাছকা দারা আর্ত, পূর্চভাগে কোন অগানা প্রদেশের স্থরভিত কুস্থম মণ্ডিত বেণী হলিতেছে। দেখিয়া বিশ্বিত হইলাম, স্বপ্ন বলিয়া ভ্ৰম হইল। কিন্ত পরক্ষণেই বুবতী যথন আমার পাণি স্পর্শ করিল, তথনই সে ভ্রম দুর হইন।

অজ্ঞাতকুলশীলা একটা রমণী অপরিচিত একটা পুরুষের হন্ত ধারণ করিবে, ইহা অসম্ভব! তবে কি ইহা কোন ভৌতিক কাঞা, অথবা কোন হৃশ্চরিত্রা স্ত্রীশোক! এইরপ ভাবিতেছি, এমন সময় যুবতী বলিয়া উঠিল—না না হৃশ্চরিত্রা নই। আমি বিশ্বিত নয়নে তাহার মুথের প্রতি তাকাইলাম, দেখিলাম যুবতী ঈ্ববং হান্ত করিতেছে। আমি অভিত কঠে জিজ্ঞানা করিলাম—তুমি কে? যুবতী উত্তর করিল—একি, এখনও আপনি এত আত্মবিশ্বত! চিনিতে পারিতেছেন না? আমি আপনার দাসী।— তাহার মুথের প্রতি পুনরায় তাকাইলাম, বোধ হইল সত্যই যেন ইহাকে বহুপূর্বে দেখিয়াছি, যেন ইহার সঙ্গে বহুদিন একত্রে অবস্থান করিয়াছি। \* \* \* তাহার পর পূর্বের সমন্ত ঘটনা একে একে আমার মনে পড়িল। তথন দৃঢ় বিশ্বাস হইল, আমি মানব নহি, সংগ্র ; সন্মুধ্বিত যুবতী আমার স্ত্রী।

আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম—তুমি কেমন করিয়া এথানে আসিলে? যুবতী উত্তর করিল—আপনিত জানেন, আমাদের অসমা স্থান কোথাও নাই।—এইরূপে নানাপ্রকার কথাবার্ত্তা হুইতে একটা কোকিল শব্দ করিয়া উঠিল। প্রাতঃকাল আগত দেখিয়া উভয়েই বিদায়ের জন্ত বাস্ত হুইলাম। আসিবার কালে যুবতী আমায় বলিয়াছিল—রাত্রি ছিপ্রহরের পর আপনার কক্ষে প্রত্যহুই যাইব। কিছা দেখিবেন, কাহারও নিকট প্রকাশ করিবেন না। সহসা যুবতী অস্তাহিত হুইল; য়ামিও শৃত্য মনে বাসায় ছিরিলাম।

পর্দিন হইতে নির্দিষ্ট সময়ে যুবতী নিত্য নৃতন পোষাকে সজ্জিত হইরা আমার ককে প্রবেশ করিত ও নানারূপ কথাবার্তা কহিলা চলিয়া যাইত। প্রভাহ যাইবার সময় সে এক ছড়া অপূর্ব্ধ কুন্থমের মালা আমায় প্রদান করিত; আমিও তাহা আনন্দের সহিত গ্রহণ করিতাম। একদিন যুবতী আমায় বলিয়াছিল—যদি এখানে অপর কোন স্ত্রীলোকের পাণিগ্রহণ করেন অথবা আমাদের কথা অপরের নিকট প্রকাশ করেন, ভাহা হইলে জানিবেন আপনার জীবনের আশা থাকিবে না।

এইরপে যুবতী বিবাহের পূর্বরাতি পর্যান্ত আমার সহিত সাক্ষাৎ করিতে আদিরাছিল; কিন্তু সে দিন যথন আমার বিবাহের কথা প্রকাশ করিলাম, তলুহুর্ত্তেই সে অশ্রুত্যাগ করিয়া অন্তর্হিত হইয়া গেল, আর তাহাকে দেখিতে পাই নাই। সে যে মালা রাশি আমায় প্রদান করিয়াছিল, তৎসমন্তই আমার বাল্লের ভিতর স্যত্নে রাখিয়াছি। আবশ্রক হইলে দেখিতে পারেন—এই পর্যান্ত লিখিয়া ভবতোষের সমন্ত শরীর অবসন্ন হইয়া আদিল; আর লিখিতে পারিল না। চক্ষুন্তির হইল—ছ্ তিন বার মুখ ব্যাদন করিল, অবশেষে প্রাণ-বায়ু অনস্তে মিশিয়া গেল! হায়. কে জানে আরও কত রহস্ত যথনিকার অন্তর্গালে প্রচ্ছের রহিলু!

দাহনাদি ক্রিয়া শেষ হইলে অধিকারী মহাশয় যথন প্রিয়তম পুত্রের সমস্ত দ্রব্যাদি বাড়ী হইতে সরাইয়া দিতে আদেশ করিলেন, সে সময় আশুতোষ ভবতোষের বাক্স হইতে পূর্ব কথিত সমতে রক্ষিত মালারাশি বাহির করিয়া বন্ধু বান্ধবের নিকট দেখাইয়াছিলেন। সকলে সে কুস্থম ও মালা গ্রন্থনের প্রণালী দেখিয়া আশ্চর্য্যায়িত হইয়াছিল।

শ্রীবিজয়ক্ষ ভট্টাচার্য্য।

## ''পুনরাগমন''।

#### । ( পূর্ব্ব প্রকাশিতের পর )

সমস্ত রাত্রি মারের পদপ্রাস্তে বসিয়া কাঁদিলাম। সঙ্গে সঞ্চে গোপালের প্রতি আমাদের হুর্কাবহারের কথা মনে পড়িতে লাগিল। এতদিন অহং বুদ্ধিতে বাহা কর্ত্তব্য বলিয়া বা্েধ করিয়াছি, একদিনের অদ্ষ্টের প্রহারে, একরাত্রির নির্জ্জন চিস্তায়, তাহা যেন পৈশাচিক কার্য্যে পরিণত হুইল।

সন্মুখে শ্যায় জননী নিজিতার স্থায় চকু মুদিয়া পড়িয়া আছেন।
মা মা বলিয়া কত সম্বোধন করিয়াছি; কিঙ্ক মা প্রিয় সস্তানের স্বেহ
ভূলিয়া দেহের কোন্ নিভ্ত দেশে এমন করিয়া লুকাইয়াছেন যে, নিজে ক্ষেছার না বাহিরে আসিলে, আমার শত চীৎকার সেদেশের প্রাচীর ভেদ করিয়া তাঁহার কাছে উপস্থিত হইতে পারিবে না।

যাহার কোমল-মধুর ধ্বনি সে স্থানে উপস্থিত হইতে সমর্থ, সে এখানে নাই। হায় ! সে কি আসিবে ? স্নেহের গৌরবে যে একদিন আমাদের সংসারে রাজত্ব করিয়াছে, সে দীন বেশে এস্থান হইতে দুরীক্ততের ভারে চলিয়া গিয়াছে। সেকি এই অট্টালিকার প্রতি প্রাচীরে আপনার দীন মুর্ত্তির প্রতিবিষ্ক দেখিতে আসিতে পারিবে ?

এক মায়ের প্রতি মম্তা ব্যতীত গোপালকে কলিকাতার আনিবার অক্স কোনও আকর্ষণ দেখিতে পাইলাম না! কিন্তু এই ছয় বংসরের মধ্যে গোপাল ভ একটী দিনের জ্ঞা কোনও ছলে আসিতে পারিল না! আমাদের আচরণে তাহার মনে না হয় মর্মান্তিক ঘুণা হইতে পারে, কিন্তু মায়ের প্রতি তাহার ঘুণা অভিমান জাগিবার কোনও কারণ হয় নাই! ভাষার স্বেহ্ময়ী 'মা' ভাষার অদর্শনে কিরপ অবস্থার আছে, আছে কি না আছে, এটাও ত একবার ভাষার দেখিয়া যাওয়া উচিত ছিল ! আমাদের পিভাপুত্রের সঙ্গে সাক্ষাতে মর্দ্মবেদনা বিগুণিত হইবার ভয়ে যদি দে আসিতে সক্ষৃতিত হইয়া প্লাকে, আমাদের অনুপস্থিতির সুযোগও ত ভাষার সমাক বিদিত ছিল !

চিন্তা করিতে করিতে একবার যেন গোঁপালকে সংখাধন করিলাম—
একবার যেন বলিয়া উঠিলাম—"অক্তজ্ঞ ! আমাদিগের উপর ক্রোধে
তোর 'মা'কে এইরূপ অবস্থায় নিক্ষেপ করিয়া ভূইই বা কি মন্ত্যাত্বের
পরিচর দিরাছিল ? নির্দিয় একবার আায়, নিজিত মা তোকে স্বপ্নের
ভাষায় "গোপাল" বলিয়া ডাকিতেছে, একবার তাকে দেখিয়া যা।"

কি আশ্চর্যা! সম্বোধন মাত্র মনে হইল যেন গোপাল গৃহ মধ্যে। স্বাসিয়াছে। স্বাসিয়া কোমল করপল্লবে আমার পৃষ্ঠদেশ স্পর্শ করিতেছে।

চমকিয়া উঠিলাম ! একবার গৃহের চারিদিক চাহিলাম ! নির্বাণোমুথ জ্যোতিহীন দীণ, মমভাহীন বায়ু সাগরে পড়িয়া যেন মরণ্যাভনার শস্থিরতা প্রকাশ করিতেছে। মৃত্তিকাশযায় ঝীওইজন ঘুমাইতেছে। ভাহাদের মধ্যে একজন স্বস্থাভাবিক দীর্ঘখাদে হুরভিগম্য স্বপ্নরাজ্য হইতে খেন কি এক অননুমেয় তুঃখময় সমাচার জাগরিতের রাজ্যে বহন করিয়া আনিবার জন্তা প্রাণপণে চেষ্টা করিতেছে:

রাত্রি জাগরণে মন্তিক্ষ-বিকার অনুমান করিয়া আমি বাহিরে আসিলাম। দেখিলাম প্রভাত হইতে অতি অল্প সময়ই অবশিষ্ট আছে।

প্রভাত হইতে না হইতেই ডাক্তার বাবু আসিয়া উপস্থিত হইলেন।
আসিয়াই মাতার সমাচার জিজ্ঞাসা করিলেন। আমি ভালমন্দ কিছুই
উত্তর দিতে পারিলাম না। কেবল বলিলাম—"আমি কেমন করিয়া
বলিব।"

ডাক্তার। এখনও প্রাণ আছে কি না আছে, জানিতে আসিয়াছি। আমি। তাহাও বলিতে পারি না।

ডাব্রুনার। সুর্থের মত কথা কহিও'না। খাস প্রখাস বহিতেছে কিনা, দেখিয়া এস।

আমি। আপনি যখন আসিয়াছেন, তথন আপনিই দেখুন না।

ভাজার। এই সামান্ত কার্য্য ভূমি করিতে পারিবে না ! কাল মনের আবেগে শুধু ভোমাকে ভিরস্কারই করিয়াছি। মাকে বোধ হয় ভাল করিয়া দেখি নাই ; কোন ঔষধ দিই নাই ! হয়ত রোগ নির্ণয়ে আমার ল্রম হইয়া থাকিবে। তাই যদি হয়, যদি মা এখনও জীবিত থাকেন, তাহা হইলে আমি নিজে সাহেব ভাজারকে লইয়া আসিব। বিলম্ব করিওনা। শীঘ্র দেখিয়া—শুধু দেখিয়া নয়—ভাল করিয়া পরীক্ষা করিয়া, এখনি আমাকে সংবাদ দাও। ভোমার পিতা এখানে নাই, কর্ত্তব্যের ভার আমার মাথায় রহিয়াছে।

আমি তথনই ছুটিয়া বাটীর মধ্যে গেলাম। মাতার শাস পরীক্ষা করিলাম। অতি ক্ষীণভাবে নিধাস পড়িতেছিল।

ডাক্তার বাবুকে দেই সংবাদ দিশাম। ভিনি আর কোনও কথা না কৃষিয়া প্রস্থান করিলেন।

আমি পিতাকে টেলিগ্রামে সংবাদ পাঠাইলাম।

সমন্তদিন অতিবাহিত হইয়াছে। সাহেব ডাক্তারকে সঙ্গে লইয়া ডাক্তার বাবু যথাসময়ে আসিয়াছিলেন। বিজ্ঞ চিকিৎসক রোগ নির্ণয়ে ভ্রম করেন নাই। মায়ের সন্তাসরোগ-হৃশ্চিকিৎস্ত। ডাক্তারেরা ঔষধেরও ব্যবস্থা করিয়াছিলেন। ঔষধ গলাধঃকৃত হয় নাই।

আমি দৈব-প্রেরিত ঔষধের প্রতীক্ষার বদিরা আছি— মন্তথা প্রতি-মুহুর্ত্তে মাতার মৃত্যু প্রতীকা করিতেছি।

সমস্ত দিন অতিবাহিত হইগাঁছে। মাতার অবস্থাও দণ্ডে দণ্ডে হীনতর হইয়া আসিতেছে। পুর্বে চুই একবার হাত পা নাড়িতেছিলেন: এখন ভাও আর নাই। গোপাল আসিবার সময় উত্তীর্ণ হইয়া গেল। পিতাও বুঝি মাকে জীবিত দেখিতে পাইলেন না।

ডাক্তার বাবু সন্ধ্যায়, আর "একবার আসিলেন: নাডীপরীকা করিলেন। তারপর বলিলেন—"প্রভাতে কেমন থাকেন, সংবাদ দিও. भरवान नित्न वानिव।"

ব্রিলাম, কাল আর জাঁহাকে রোগী দেখিবার জন্ত আদিতে হইবে 🟲 না। তথাপি হাদয় বাঁধিয়া একবার জিজ্ঞাসা করিলাম—''নাড়ী কেমন দেখিলেন ?" রুমালে চকুর্য় আবৃত করিয়া ডাক্তার বাবু বলিলেন-"কি আর মাণামুগু তোমাকে বলিব।"

আমি কিন্তু কাঁদিলাম না। মাতৃঘাতীর হৃদয় পাইয়াছি—চক্ষে জল আসিল না। আবার প্রশ্ন করিলাম—"তবে কি নাড়ী নাই ?"

ডাক্তার বাবু উত্তর করিলেন—"নাই।"

গোণালের কথা, পিতাকে সমাচার দিবার কথা বিজ্ঞাসা করিয়া, এবং রোগীর পার্শ্বে একজনকে সর্বাদা বসিয়া থাকিতে আদেশ দিয়া. ডাক্তার বাবু উঠিয়া গেলেন। আমি নিজেই সমস্ত রাত্রি বসিয়া থাকিবার জন্য কৃতসঙ্কল হইলাম। ঝী হুইজনকে অগুঘরে যাইতে আদেশ করিলাম। বলিলাম—''অধিক লোক এঘরে থাকিবার প্রয়োজন নাই। यि भारत्रांखन वृत्ति छ छाकित।"

দ্বারক্ত্র করিতে বাইতেছি, এমন সময় ভৃত্য আসিয়া সংবাদ দিল

—''দ্বোরান ফিরিরাছে, কিন্তু একা ফিরিরাছে—কাকাবাবু অণবা স্থাম বাবু কেহই আদেন নাই।"

মনে করিলাম, বৃদ্ধিহীন দরোয়ান দেশৈ উপস্থিত হইতে পারে নাই।
গ্রাম স্থির করিতে না পারিয়া সে বৃথা ঘুরিয়া ফিরিয়া আসিয়াছে। কিন্তু
যক্তপি সংবাদ পাইয়াও গোপাল ও শ্রাম না আসে, তাহা হইলে তাহাদিগের উপর আমার ক্রোধ মর্ম্মান্তিক হইবে। মনে স্থির করিলাম,
এরপ হইলে গোপালের মাসহার। বন্ধ করিয়া দিব, আর শ্রামকে বাড়ীতে
প্রবেশ করিতে দিব না।

বাহিরে গিয়া দরোয়ানের সঙিত দেখা করিলাম। তাহার মুখে বাহা শুনিনাম, তাহাতে একেবারে শুস্তিত হইলাম। কেন হইলাম, সেকথা এখন বলিব না।

#### ( >> )

দরোয়ান আমাকে যাহা বলিল, সেকথা আর কাহারও কাছে প্রকাশ করিতে, আমি তাহাকে নিষেধ করিলাম। বলিলাম পিতা পর্যাস্ত যেন একথা জানিতে না পারেন।

এমন কি সে কথা গোপন রাখিতে আমি ভাহাকে মিথ্যার সাহায় লইতে বলিয়াছি। ভাহাকে শিথাইয়াছি, সে আমাদের পৈত্রিক বাস-ভূমিতে উপস্থিত হইতে পারে নাই। পথ ভূলিয়া অন্তগ্রামে উপস্থিত হইয়াছে।

এখন হইতে মাতার জন্য মর্ন্মযাতনা জনেকটা হ্রাস হইয়া আসিল। এক একবার মনে হইগ, এক্লপ গৃহে এক্লপ সাধ্বীর থাকিবার কিছুমাত্র প্রয়োজন নাই।

মাতার মৃত্যুর জন্য প্রস্তুত হইয়া স্থির স্থান্যে তাঁহার পৃথমধ্যে প্রবেশ

করিলাম। আমার অমুপস্থিতিতে ভৃত্য ও দাশী দর আগুলিরা বসিরাছিল। তাহারা আমার আদেশে গৃহত্যাগ করিল।

সারারাত্রি জাগিব বলিয়াই সহল করিয়াছিলাম। কিন্তু বিসরা বসিয়া কথন যে নিজায় মায়ের পদপ্রান্তে ঢলিয়া পড়িয়াছি, তাহ। আমার মনে নাই।

নিজার কি বিচিত্র স্থপ্র দেখিলাম !

আমি যেন আমার ঘরের পালহন্ধর উপর বসিয়া আছি। মা যেন আমারই গৃহের এক কোণে মেজের উপরে শুইরা আছেন। মাকে দীনার স্থায় মৃত্তিকার উপরে পতিত দেখিয়া, আমার মনে কেমন একটা অকথ্য যাতনা হইতেছে! আমি ডাকিতেছি—"মা উঠ" "মা উঠ"! কতবার খে মাকে সংঘাধন করিয়াছি, তাহার সংখ্যা নাই। চীৎকারে আমার গলা ভাঙ্গিয়া গিয়াছে, তথাপি মায়ের নিজাভঙ্গ হইতেছে না। আমার বোধ হইতেছে, মা যেন ইচ্ছা পূর্বক আমার কথা কাণে তুলিতেছেন না। উঠিয়া গাত্রস্পর্শে মাকে যে উঠাইব, সে শক্তি আমার নাই। কে যেন দড়ী দিয়া আমাকে খাটের সঙ্গে বাঁধিয়া রাখিয়াছে। আমি দড়ীটা খুলিবার জন্ম যতই চেষ্টা করিতেছি, ততই যেন দড়ীর পাকে পাকে বেশী করিয়া জড়াইতেছি।

হতাশ হইয়া একবার কড়ি কাঠের দিকে চাহিলাম। দেখিলাম ছাদ কাচের ক্সায় স্বচ্ছ; তাহার ভিতর দিয়া আকাশ দেখা যাইতেছে। আকাশে অসংখ্য তারা অনস্ত অন্ধকার ভেদ করিয়া করুণার্ত্ত হইয়া, যেন আমার হর্দিশা দেখিতেছিল। তাহার মধ্যে একটা তারকা কি অপূর্ব্ব স্বর্গীয় সৌন্দর্য্যে সমূজ্জল! ভাহাকে দেখিয়া আমার বোধ হইল যেন করুণ-কিরণ-প্রবাহে ভাহার প্রাণ গলিভেছে। সেই অনস্ত দূর হইতে স্ক্ষ স্থধা ধারার ক্সায় তাহার করুণা গীতি আমার কণে প্রবেশ করিল। "তোমাকে

দেখিয়া আমি বাাকুল হইয়াছি। এই দেখ আমি কাঁদিতেছি। কিন্তু ওগো, আমি অনেক দরে—এই অন্ধকার প্রাচীর ভেদ করিয়া আমি ভোমার নিকট উপস্থিত হইতে পারিতেছি না।"

তাহার করুণ ক্রন্দন ধরার সমীরণ বাধে করিল। আমাদের বাটীর সমুপত্ত উত্থানের বৃক্ষপত্তে, লভারন্ধে\_, সরদীর জল-কল্লোলে, ঝিলী-কর্ছে প্রতিধানি উঠিল—''ওগো! আমি অনেক দূরে! ওগো! আমি অনেক দুরে।''

व्यामि कैं। विनाम, दक्वन कैं। विनाम । कि हाई वृक्षित्व भाविनाम ना ; বুঝিতে পারিলাম না বলিয়াই যেন মর্ম্মবেদনায় কাঁদিলাম।

কতক্ষণ এইভাবে কাঁদিলাম, তাহা বলিতে পারি না। এখন মনে হইতেছে, ভাহা যেন কত বৎসর, কতধুগ !

কাঁদিতে কাঁদিতে দেখিলাম, সেই করণাময়ী তারা যেন নিজ কক্ষে ত্বলিতেছে। তাহার জ্যোতিতে সমস্ত উত্থান, ভরুলতা, উত্থান মধ্যস্থ সরসী সলিল সমস্ত স্থান বিচ্ছু রিত হইয়াছে।

আমার বোধ হইতেছে, দেবী আসিবার জন্ম ব্যাকুল হইয়াছেন, কিন্তু আমি ধেন তাঁহাকে আসিতে অনুরোধ করিতেছি না বলিয়া, তিনি আসিতে পারিতেছেন না।

মন বলিতেছে, "এদ মুক্তিদায়িনি! আসিয়া আমাকে বন্ধন মুক্ত কর।" কিন্তু কথা ফুটভেছে না-কথা কহিতে কে যেন গলা চাপিয়া ধরিতেছে ।

বছকণ পরে ভূমিশায়িনী মাকে মনে পড়িল। চাহিয়া দেখি মা পূর্ব্বের মতন ঘোর নিদ্রায় মগ্র রহিয়াছেন।

অতি কণ্টে মুথ হইতে কথা ফুটিল। সে যে কি কণ্ট তাহা কাহাকে বুঝাইব ৷ আমার মনে হয়, একটা কথা কহিবার শক্তি সঞ্চয় করিতে

জামি দেহের প্রতি লায়ুর পায়ে ধরিয়াছি। কথার সঙ্গে বোধ হইয়াছে दिन थान वाहित इटेटिंड । विनाम—"(पिर्वि माटक खांगारेबा पांछ।"

অমনি সেই ভারকা কৌমুদী-কান্তিতে দেহ আচ্চাদিত করিয়া. আকাশসাগরে ভাসিতে ভাসিতে আমার দিকে অগ্রসর হইল। রূপ-বোতি ক্রমশঃই উজ্জলতর হইতে লাগিল। ক্রমে এমন হইল যে, আমি আর তার দেখা সহা করিতে পারিলাম না। আমি চকু মুদ্রিত কবিলাম।

চকু নিমীলনের পরক্ষণেই মায়ের মধুর হার আমার কর্ণে প্রবেশ করিল। চাহিয়া দেখি, মা পঞ্চমবর্ষীয়া গোপালকে কোলে করিয়া আমার শ্ব্যাপার্থে দাঁড়াইয়া আছেন। তাঁহার পার্থে অদ্ধাবগুটিতা নীলবদন। এক রমণী। নীলাবরণ ভেদ করিয়া তাহার রূপ সমস্ত ঘরটার ভিতরে যেন ঢেউ থেলিতেছে।

<u>শেখিয়াই আমার বোধ হইন. অতি আগ্রহে যাহাকে তারকাজ্ঞানে</u> আবাহন করিয়াছি, তিনি আমার ঘরে আসিয়া এই রূপ ধরিয়াছেন 🛦

আমি জিজ্ঞাসা করিশাম—"ইনি কে মা ?"

মা হাসিতে হাসিতে বলিলেন—"তুমিই অনুমান করিয়া বল না।" আমি বলিলাম – "গোপালের মা।" কে যেন ভিতর হইতে কথাটা শিখাইয়া দিল।

মা বলিলেন—"ঠিক চিনিয়াছ। তাঁহাকে প্রণাম কর। উনি আমাকে লইতে আদিয়াছেন।"

আমি। কোথায় বাইবে ?

মা। আমি জানি না, খুড়ীমাকে জিজাসা কর।

আমি শ্যাতে বদিয়াই তাঁহাকে প্রণাম করিলাম, তার পর বিজ্ঞাসা করিলাম-"মাকে কোণায় লইয়া ঘাইবেন ?"

তিনি অঙ্গুলি-নির্দেশে আকাশ দেখাইলেন; মান্নের হাত ধাররা ধীরে ধীরে গৃহ হইতে নিজ্ঞান্ত হইলেন।

বুঝিলাম, মা আমাকে ভ্যাগ করিয়া চলিয়াছেন। কেমন করিয়া মাকে ফিরাইব ?

এ থ্যোগ্য সম্ভানের চক্ষুল্ল মাশ্লের গস্তব্য পথ কর্দ্দমাক্ত করিয়া মাকে কি প্রতিনিবৃত্ত করিতে পারিবে ? গোপাল। তোকে সম্বোধন করিবার মুখ রাথি নাই। তুই কি দয়া করিয়া আমার মাকে ফিরাইয়া দিবি ?

এতক্ষণ গোপাল মায়ের কাঁধে মুখ লুকাইয়াছিল। আমার কথা শুনিয়াই সে মাথা তুলিল। মাকে বলিল—"মা। ফিরিয়া চল।"

দেখিলাম, মা যথার্থই ফিরিভেছেন; কিন্তু ধেন কত অনিচ্ছায়। মুক্ত-হরিণী পিঞ্জরে প্রবিষ্ট হইতে যেত্রপ অনিচ্ছা প্রকাশ করে—সেইক্লপু অনিচ্ছায়, কতই কষ্টে যেন তাঁহার গৃহ-কারাগারে প্রতিনিবৃত্ত হইতেছেন !

ধীরে ধীরে আমার শ্যাপার্ঘে আসিয়া, মাতা গোপালকে কোল হইতে ভূমিতে হকা করিলেন।

অঙ্ক হইতে মুক্ত হইয়াই গোপাল বাল্যচাপল্যে আমার শধ্যার উপরে লাফাইয়া উঠিল; এবং সসবাস্তে আমার বন্ধন মোচন করিতে গাগিল।

গোপাল যথন বন্ধন মোচন কার্য্যে ব্যস্ত তথন মা আমাকে বালতে লাগিলেন,—"প্রতিজ্ঞা কর যতদিন আমি জীবিত থাকিব, ততদিন আমার কাছে গোপালের নাম মুথে কানিবে না ?"

আমি প্রতিজ্ঞা করিলাম। মা আবার বলিলেন—"এই সঙ্গে প্রতিজ্ঞা কর, তুমি যা শুনিলে, তা তোমার পিতার কাছে কথনও প্রকাশ করিবে না ?"

আমি প্রতিজ্ঞা করিলাম। মা শুনিয়া বলিলেন-—''তবে আমি ফিরি-লাম।'' (ক্রমশঃ)

**बैकोर्त्वाम् अमान** विश्वविदनाम ।

# দাদাম'শায়ের ঝুলি।

্ (২৭৭ পৃষ্ঠার পর )

ভট্টাচার্য্য মহাশরের অবকাশ অতি অন্ন। প্রায় সর্বক্ষণই তাঁহাকে নানাবিধ সাংসারিক কার্য্যে ব্যস্ত থাকিঙে হয়। তাই মধ্যে কয়েক দিন তিনি ব্যোমকেশ ও তাঁহার, বন্ধুবর্গের সহিত সায়াহে সন্মিলিত হইতে পারেন নাই। অত্ব একটু অবসর পাইয়া তিনি পুনরায় আসিয়া তাহাদিগের নিকট উপস্থিত হইলেন এবং সকলকে আশীর্কাদ করিয়া কুশল সংবাদ জিজ্ঞাসা করিলেন।

ব্যোমকেশ। দাদা'মশার, আপনার সঙ্গে ভাব করা আর দেখ্চি পোষার না। বোজই আপনার অপেক্ষার উদ্গ্রীব হ'রে থাকি, আপনি কিন্তু একেবারেই নিক্দেশ। বলি, যদি এতটাই মনে ছিল, তা'হলে কেন মিছামিছি আমাদিগকে এতদিন ছলনা কর্লেন ?

ভট্টাচার্য্য। নারে রাগ করিম্নে। বুড়োমামুষ এক্লা সকল দিক সাম্লে উঠ্তে পারি নি। আছো আর তোদের দরবারে হাজির হওয়া কথনও বন্ধ হবে না। এখন আমাদের কথাবার্ত্তা কত দূর হয়েছিল বল দেখি ?

ব্যোমকেশ। আজে, আপনি জাবের স্বরূপ ও গতি সম্বন্ধে আলোচনা এক প্রকার শেষ করেছিলেন, এবং অতঃপর প্রেভতত্ত্ব আরম্ভ কর্বেন বলেছিলেন।

ভট্টাচার্য্য। ভাল কথা ; তোদের বোধ হয় মনে আছে যে, মামুষ যথাক্রমে ভূঃ, ভূবঃ ও স্থঃ এই তিন লোক ভোগ করে। এর মধ্যে যে টুকু ভূর্লোকে বাদ দেই টুকুই আমরা সাধারণতঃ মানবজীবন নামে

অভিহিত ক'রে থাকি। পার্থিব জীবনের অবসানে জীবাত্মার স্থলদেহের সহিত সম্বর ঘুচে যায়। এরি নাম মৃত্যু। স্থূল শরীরের অপর নাম অনময় কোষ। সুল শরীরের পরে স্থানরীর। বোধ হয় সারণ আছে, প্রাণময়কোষ ও মনোময়কোষ নিয়ে হক্ষশরীর গঠিত। তার মধ্যে প্রাণময়কোষ দ্বারা যে কাজ সাধিত হয়, সেটা ভাগে বোঝ্। যাকে তোরা ঈথর ( Ether ) বিশিদ, সেই ঈথর হচ্চে এই প্রাণময়কোষের উপাদান এবং স্পীবিতকালের সমস্ত শারীরিক ক্রিয়া এই প্রাণ্ময়কোষ দঞ্চারী প্রাণবায়ুর কার্য্যমাত্র। আমার বোধ হয়, তোদের বিজ্ঞানশাস্ত্রও সিদ্ধান্ত করেচে যে, জাগতিক শক্তিমাত্রেই ঈথর পদার্থের দঞ্চালন মাত্র। যত দিন প্রমায় থাকে, তত্দিন প্রাণময়কোষ্ট স্থলশরীর বা অলময়-কোষের দহিত ওতঃপ্রোত ভাবে জডিত থাকে এবং উহার দকল ব্যাপার নিষ্পন্ন করে। পরে মৃত্যুকাল উপস্থিত হ'লে উহা আতে আতে সুলশরীর হ'তে বিচ্ছিন্ন হয়, তথন সুলদেহটি বৈবৰ্ণ ও অসাড় হ'য়ে প'ড়ে থাকে। आजीय चलन उथन मिटे पिरुटे। एक निरम विषय कानाकारि कुछ प्रमा, বেন সেই অন্থিমাংদের পিওটাই তাদের সর্বায়। বাস্তবিক মানুষটি কিন্ত তথন খাঁচা ছেড়ে বেরিয়ে পড়েচেন এবং নিজের দেহ হ'তে পার্থক্য ও আত্মীয় স্বজনের অক্ততা ও মৃঢ়তা উপলব্ধি ক'রে বিশ্বয়ে অভিভূত হচেচন। সে কথা থাক।

মৃত্যুর অল্পন্দণ পরেই প্রাণময়কোষ্ট আবার স্ক্রাদেহের অবশিষ্ট
অংশ থেকে বিশ্লিষ্ট হ'য়ে পড়ে। একটু চিন্তা কর্লেই এর হেডু উপলব্ধি হবে। যতদিন স্থলদেহ ছিল, ততদিন পর্যান্ত সোটির পরিচালন
কার্য্য সাধনের জ্বন্ত এই প্রাণময়কোষের দরকার ছিল। স্থলদেহের
পতন হ'লে এর কাজ ফুরিয়ে যায়, তথন আন্তে আন্তে এটি তফাৎ
হয়ে পড়ে। যে প্রাণশক্তি এতে কার্য্য কচ্ছিল, সে তথন মহাপ্রাণ সমুদ্রে

মিশে যায় এবং তাহার আধারকোষ্ট শবাকার সুলদেহের নিকট দ্বিতীয় শবদেহের মত প'ড়ে থাকে। পরে স্থলদেহের দাহ ক্রিয়ার সঙ্গে সঙ্গে এটিও একবারে নষ্ট হ'য়ে যায়।

অতঃপর যা ঘটে, তা মন্ দিয়ে শোন। প্রাণময়কোষ্টির পতন হ'লে জীবাত্মার যে অবস্থা হয়, তার নাম প্রোতাবিস্থা এবং এই অবস্থায় যে লোকে উপস্থিত হয়, তার নাম প্রেত্রাক।

ব্যোমকেশ। দাদা'মশায়, এ আবার কি নৃতন কথা বল্চেন। পূন্দেতো বলেছেন, যে<sup>\*</sup>ভূর্লোকের পর ভূব্নেকি। এখন আবার প্রেতলোক কোথা হ'তে এল ?

ভট্টাচার্যা। যাকে আমি প্রেতলোক বল্চি, সেটা ভুবর্লোকেরই একটা সংশ মাত্র। কিন্তু সংশ বল্লে কথাটা ঠিক বোঝা যায় না। 'ভুবর্লেকে বাসকালে জীবান্মার বিভিন্ন সময়ে বিভিন্ন অবস্থা প্রাপ্তি হয়। তার মধ্যে মৃত্যুর পরেই যে অবস্থা, দেই অবস্থা অধিকাংশ লোকের পক্ষেই প্রেতাবস্থা। প্রেত কারে বলে বলি শোন। যে মাত্র্যের স্থুল খুরীরটা পড়ে গিরেছে, কিন্তু যা'র সাধারণ-মানগ-স্থলভ কাম ক্রোধ আদি নীচ পাশবিক প্রবৃত্তিগুলি পূর্ণমাত্রায় এখন পর্যাস্ত বিদ্যামান আছে, মৃত্যুর পর তার যে অবস্থা হয়, তাহার নামই প্রেতাবতা। এ অবস্থার বিশেষত্ব হচ্চে এই যে, এ অবস্থার মনোময়কোষ্টর উপাদানগুলি ভেঙ্গে চুরে একটি নুতন শরীর গঠিত হয়। এই শরীরটির নাম ধ্রুব শরীর বা যাতনা দেহ। জীবাত্মা এই শরীরের মধ্যে কিছুকালের জন্ম আবদ্ধ হ'য়ে পড়ে এবং তাহার উর্দ্ধগতি কিছুকালের জন্ম স্থগিত হয়। যতদিন এই শরীরে আবদ্ধ হ'রে থাকে, ততদিন তাকে বিশেষ যাতনা অমুভব কর্ব্তে হয়। সেইজন্ত এই প্রেতাবন্তা বড়ই যন্ত্রণাদারক এবং সেই কারণেই আমাদের দেশে প্রেতাবস্থা হ'তে মৃত আত্মীয়কে উদ্ধার কর্মার জন্ত এত চেষ্টা, এত ব্যবস্থা। শ্রাদ্ধ তর্পণ যা কিছু বল , সব সেই উদ্দেশ্যে। সে সব কথা পরে বিস্তারিত ক'রে বল্ব।

বোমকেশ। দাদা ম'শায়ের কথাটা স্থ পরিষ্কার ক'রে বুঝে উঠ্লাম না। তবে কি মামুষ মাত্রেই ম'রে এই প্রেক্তাবন্থা প্রাপ্ত হবে এবং এই রূপ যন্ত্রণা ভোগ কর্বের না কি ? এত বড় স্থবিধা মনে হচ্চে না।

ভট্টাচার্য। ওরে রাজার রাজ্যে জেল্থানা আছে, দারোগা আছে, ভাতে চোর ডাকাতেরই ভয়, ভাল মান্যের কি ? কথাটা একট তলিয়ে বোঝ। একটু আগেই আমি বল্লাম ন। বৈ, যাদের কামক্রোধাদি পাশব বৃত্তিগুলি পূর্ণমাত্রায় প্রবল থাকে, মৃত্যুর পর তাদেরই এই অবস্থা ঘটে। অবিশ্রি ঠগ বাছ তে গাঁ ওজড় বটে : কিন্তু সংসারে কি আর এমন লোক নেই, যিনি আজীবন কু প্রবৃত্তি দমন কর্বার চেষ্ঠা ক'রে এসে ছেন ? এবং শাস্ত্রিও সদাচার নির্দিষ্ট পথে যথাসাধ্য চল বার জন্ম যত্ন করেছেন ৭ এই শ্রেণীর লোক আর যারা কেবল কামক্রোধ লোভের সেবা ক'রে এগেছে, এই উভয়ের মৃত্যুর পরের অবস্থা ভিন্ন ভিন্ন। যিনি সৎপথে চলেছেন এবং প্রবৃত্তি দমন ক'রে এসেছেন, জীবিত কালেই তাঁর মনোময়কোষ ক্রমশঃ অবিশুদ্ধ উপাদান বর্জ্জন ক'রে বিশুদ্ধ উপাদান সংগ্রহের দ্বারা সংশোধিত হয়েচে। কাজেই ধ্রুব শরীর বা যাতনা দেহ গঠিত হ'তে পারে, এরূপ উপাদান তাদের মনোময়কোষে হয় আদে পাকে না কিংবা এত অল্প থাকে যে. তাতে বিশেষ কিছু একটা প্রতিবন্ধক ক'রে উঠতে পারে না। কাজেই এই শ্রেণীর লোক মৃত্যুর পরে যে অবস্থা প্রাপ্ত হন, সেটা ভুবলে কিক অবস্থার অন্তর্গত হ'লেও প্রেতাবস্থা নয়। কিন্তু যারা আজীবন বাসনার অনলে আন্ততি দিয়ে এসেচে এবং ইন্দ্রিয় সেবা ক'রে এসেছে, উৎকট কামক্রোধ লোভবেষ হিংসা ইত্যাদি নীচ প্রবৃত্তি সকলের দাগত্ব কতেই যাদের জীবন কেটেছে, তাদের মনোময়কোষ

গুলি অতিমাত্র অবিশুদ্ধ উপাদানে পুষ্ট হ'য়ে থাকে এবং মনোময়কোষের সেই অবিশুদ্ধ ভাগ মৃত্যুর পরে নৃতনরূপে বিক্তস্ত হ'য়ে একটি লৌহ পিঞ্জরের স্তান্ন হুদৃঢ় শরীরের সৃষ্টি করে, যার মধ্যে সেই আজন্ম পাপাচারী জীবাত্মা আবদ্ধ হ'য়ে প'ড়ে ন্দাতিমাত ক্লেশ পায়। তা'হলেই কথা হচ্চে, যে ব্যক্তি সারাজীবন বা জীবনের কোন কালে উৎকট পাপাচরণ করেছে এবং কোন সময়েই দেই পাপের প্রায়শ্চিত্তজন্ত চেষ্টাবান্ হয়নি, ভারই মৃত্যুর পর প্রেতাবহা প্রাপ্ত হওয়া অবশুদ্ধানী। যে সাধু প্রকৃতি, ভার নয়; কারণ যাতে প্রেতদেহ রচিত হ'তে পারে, এরূপ উপাদান সাধু প্রকৃতি ব্যক্তির মনোময়কোষে থাকে না বল্লেই হয়। কথাটা বুঝ্লি কি ?

ব্যোমকেশ। দাদা মশা'য় ! ঐ যে অবিশুদ্ধ-বিশুদ্ধ উপাদান বৰ্জ্জন-ু গ্রহণ করার কথা বল্লেন, ওটা ঠিক বোঝা গেল না। ও সব কি ? একটু यि (थालमा क'रत वृक्षित्र वलन, उ' छोन इत्र।

ভট্টাচার্য্য। ওরে ভোগা সব সায়ে তির্ফিক (Scientific) মনিষ্যি ভোদের এগুলো বুঝুতে কষ্ট হয় কেন, আমি বুঝতে পারিনি। ১তাদের किंकिएकन ( Physical Science) कि वरन ? जून नतोत्रहें। कि नितिकन একই জিনিষ থাকে. না পরিবর্তন হয়?

ব্যোমকেশ। সেত স্বাই জানে, নানা রক্ম শারীরিক ক্রিয়ার জন্ম দেহের প্রতিনিয়ত ক্ষয় হ'চেচ এবং আমরা আহার্য্য ও পানীয় দ্রব্য থেকে নৃতন উপাদান সংগ্রহ ক'রে সেই ক্ষতি রোজ রোজই পূরণ কর্চিছ।

ভট্টাচার্যা। বলি ঐ হত্ত ধ'রে আর একটু এগিয়ে গেলে ত কথাটা বুঝুতে পারিদ। যেমন চলা কেরা প্রভৃতি দৈহিক ক্রিয়ার আশ্রয় স্থূল-দেহ, তেমি কাম, ক্রোধ, লোভ, চিস্তা, ভাবনা, ইচ্ছা ইত্যাদি মানসিক ক্রিয়ার আশ্রয় হচ্ছে মনোময়কোষ। বেমন চলা ফেরা ইত্যাদি শারীরিক ক্রিয়ার দারা স্থূল শরীরের পরিবর্ত্তন ও পৃষ্টি হয়, তেমি কাম, ক্রোধ ইত্যাদি সর্বপ্রকার মানসিক ব্যাপারের দ্বারা মনোময়কোষের পরিবর্ত্তন ও পুষ্টি হয়। আহার্য্য দ্রব্যের প্রকৃতি অনুসারে স্থূল শরীরের গঠনের বিভিন্নতা হয়। যেমন বে ব্যক্তি কেব্ৰাই পৌয়াজ, রম্থন, গোমাংস, পচা জিনিষ ইত্যাদি পায়,তা'র একরূপস্থল শরীর আর যে ব্যক্তি গবান্বত, সৈন্ধব লবণ ইত্যাদি বিশুদ্ধ জিনিষ দিয়ে শরীর পুষ্ট করে, তার একরূপ শরীর। হ'জনেরই সুল শরীর বটে, কিন্তু উপাদানের বিভিন্নতা ও কার্য্যকারিতা এ হিসাবে এ হ'য়ের বিশেষ-তষ্ণাৎ। মনোময়কোষ সম্বন্ধেও ঠিক এই কথা। যে ব্যক্তি অনবরত সচ্চিস্তা করে ও সদিছে। প্রণোদিত হয় এবং কুপ্রবৃত্তি দমনের জন্ম যথার্থ উল্লম ও যত্ন করে, কুপ্রবৃত্তি পোষণ উপযোগী মনোময় প্রকৃতির উপাদানগুলি কান্ধ কর্মার অবকাশ না পে'য়ে ক্রমশঃ তার মনোময়কোষ থেকে বিচ্যুত হ'য়ে পড়ে এবং সচ্চেষ্টা ও সদিচ্ছা দারা আরুষ্ট উচ্চশ্রেণীর উপাদান গুলি এসে তাদের স্থান অধিকার করে, ক্রমাগত এইরূপ ভাবে জীবন যাপন কর্ত্তে কর্ত্তে তার মনোময়কোষ্ট ক্রমশঃ বিশুদ্ধি লাভ করে। কিন্তু যে বাক্তি সারা জীবন কেবল পাপচিস্তা ও পাপাচরণ ক'রে এসেছে, তার মনোমন্ত্র কোষ হ'তে সচিত্তা ও সচেষ্টা-পোষণোপযোগী উৎকৃষ্টজাতীয় উপাদান-গুলি ক্রমশঃ থসে পড়ে এবং ত'াদের জায়গায় যত নিরুইজাতীয় পর্মাণু এদে : জমা হয়। এরপে তা'দের মনোময়কোষের ক্রমশঃ আবিশুদ্ধি ঘটে এবং মৃত্যুর পর এই অবিগুদ্ধ মনোময় কোষ ধ্রুব শরীর বা যাতনা দেহে পরিণত হ'য়ে, সেই পাপাচারী জীবান্মার প্রেতাবস্থার পিঞ্জর পর্প, এবং তা'র অশেষ ক্লেশের কারণ হয়।

**(वार्मिटकम।** नाना मना'त्र! পাপाठातो मानत्वत्र मटनामत्रदकाष মৃত্যুর পরে তা'র ক্লেশের কারণ হচ্ছে, এটা আমি বুঝ্তে পার্চি না।

ভট্টাচার্যা। কথামালা কথনও প'ড়েছিলি? সেই সারস ও

मुशालंब शब्रों कि मरन चार्ह? मृशांन वथन मात्रमरक निमञ्जन क'रब मुर्भारक (सान द्वार "मरथ अम, ज्लाकत वमा या'क" व'तन महे त्यान চাটতে স্থক কল্লে, তথন সেই দীর্ঘ চঞু বিশিষ্ট ক্ষুধার্ত্ত সারসের মনের অবস্থাটা কিরূপ হ'য়েছিল ? । ভেবে দেখ্ দেখি। সে কি শুগালের ভৃপ্তি ও নিজেই সেই ভৃপ্তিলাভের অক্ষমতা যুগপৎ অনুভব ক'রে দারুণ কছ পায় নি ?

ব্যোমকেশ। দাদা মশা'য়ের এ ধান ভানতে কি শিবের গীত হ'ল, তা এ অধ্যের কুদ্র মন্তিকে প্রবেশ কল্লে না। বলি, হেঁয়ালি ছেড়ে একটু সাদা কথায় বল্লে কি ভাল হয় না ? আমি জানতুম, বয়দের সঙ্গে রসের পরিপাক হয়।

🏬 ভট্টাচার্য্য। তোর যদি বিদে এত অরুচি, তবে নাত ব'য়ের সঙ্গে ঘর করিস্ কি ক'রে। তা ভাল, তোর যেরূপে পছল হয়. সেই রকমেই আমি বল্চি। মাতুষের স্থল শরীরের সঙ্গে তার মনোময় কোষের যে কি সম্বন্ধ, সেটা বেশক'রে বুঝে দেখু। আমার একটা মনে মনে এলাভ হ'ল যে, তোদের দোফলা গাছের পাকা আমটা পেড়ে খাই, ভারি लाভ, किছতেই সামলান যাচেছ না। এই যে মান্যের ব্যাপার**টা হচ্ছে.** এত হচ্ছে মনোময়কোষের কাজ। কিন্তু যথন আমটি পেড়ে থেতে হ'বে, তথন এই বেপথুমান জীর্ণশীর্ণ দক্ষিণ বাছটির এবং এই প্রাণ প্রিয়তম লাঠি গাছটির বিশেষ দরকার। কেমন ?

ব্যোমকেশ। আঃ! দেখচি আম্টা আর আমাদের ভোগে নেই। সেটা আপনাকেই দেওয়া যাবে। কিন্তু তার পরে কি বলুন।

ভট্টাচার্যা। দেখিস, ভোর এ (Noble) "নোবল" "(Resolution)" "রেজোলিউদনটা" যেন উপে না যায় ! কথাটা হচ্ছে এই। স্থুল শরীরটা একটা যন্ত্র, মন তার যন্ত্রী। মন যা' ইচ্ছে ক'রে, হা'ত পা প্রভৃতি সুল শরীরের কর্মেন্ডিয় সমূহ সে গুলি নানা স্থান থেকে আহরণ ক'রে নিয়ে এসে দেহযম্ভের মধ্য দিয়ে সেগুলি জীবাত্মার কাছে পৌছে দের এবং তিনি সে গুলি আম্বাদন ক'রে তৃপ্তিলাভ করেন। এর নাম হ'ল ভোগ। এখন মনে কর, এক ব্যক্তি বারাজীবন রমণীর রূপলাবণ্যে মোহিত হ'রে কাম প্রবৃত্তির চরিতার্থতা সাধন ক'রে এসেছে। এই বে মোহিত হওয়া ও কামের তাঁডনা অনুভব করা, এ গুলা মনের কাজ এবং মনোময়কোষের দ্বারা সাধিত হ'য়ে থাকে। কিন্তু এর তৃপ্তি বা চরিতার্থতা হয়, সূল শরীরের সাহায্যে। এখন ভেবে দেখ, য**থন** সেই মানুষ্টা মরবে তথন কি হ'বে <sup>৬</sup> মৃত্যুর পর তার মনে সেই কামের ভাতৃনা সমান ভাবেই থাক্বে, কারণ আজাবন সে শুধু তা'ই দিয়ে মনকে গঠিত এবং মনোময়কোষকে প্রষ্ঠ ক'রে এদেছে। কিন্তু এখন আর সে স্থুল শরীর নেই, যে স্থুন্দরা রমণী উপভোগের দারা তা'র সে আকাজ্মার ভৃপ্তি হয়। কাজেই এখন ডা'র অবস্থা কি ? এক দিকে তার প্রবল লালসা, অপরদিকে সেট লালসার তৃপ্তি সাধনে কর্মেন্দ্রিয়ের অভাব স্থনিত অক্ষমতা বোধ; ফল, উৎকট যন্ত্রণা। সেই কথামালার সারসের অবস্থা। এখন বুঝুলি কি ? যে সমস্ত লোক সারা জীবন বাসনানলে মৃতাহুতি দিয়ে এসেছে, তা'র মৃত্যুর পরে সূল শরীরের অভাবে সেই সমস্ত বাসনা চরিতার্থ করবার স্থবোগ আর না পেয়ে কেন যন্ত্রণায় ছটফট করে ? ভুবলোক বাদের প্রথমাবস্থায় জীবাত্মা যতদিন এই অতৃপ্রকামনা জনিত হু:থানলে দশ্ম হ'তে থাকে, ততদিন তা'কে প্রেতবলে এবং যতদিন তার এই অবস্থা পাকে, ততদিন দে তা'র সেই নবর্চিত ধ্রুব শরীর বা যাতনা দেহের মধ্যে আবদ্ধ থেকে ভবলে ক্রির অপর কোন অংশ বা অবস্থার মৃত্যুর পর যে দিকে তার গতি স্থক হ'রেছে—পরিচয় বা আস্বাদন পায় না। দেই জ্বন্ত যতদিন

প্রেতাবস্থা ততদিন তার যেন একটা স্বতন্ত্র লোকে বাস গোছের হয় এবং এই জন্মই "প্রেতলোক" ব'লে একটা নৃতন আখ্যার উৎপত্তি হ'য়েছে। নরক টরক যা বিচ্ছু ভন্তে পাদ্, দবই এই প্রেতাবস্থা বা প্রে**ভ**লোকের অস্তর্ভূত।

বোামকেশ। আছে।, প্রেভাবস্থা কি ক'রে হয় এবং কা'রই বা হয়, ্ষেটা যেন কতকটা বুঝ্লেম। কিন্তু এ অবস্থা কতদিন পাকে ? এবং কি ক'রেই বা এ হ'তে জীবাত্মারু মুক্তি হয় এবং নংকের ব্যাপারটাই বা কি, এই:সব কথা একটু ভাল ক'রে বুঝিয়ে না ব'ল্লে আমার কৌতুহল চরিতার্থ হ'চেচ না।

ভট্টাচার্য্য। ভাষা। ভোষার এখন নবানুরাগ; ফুলশ্যার রেতে ্রারের ইচ্ছে দারা রাত গল্ল করি। কিন্তু মনে রেখ, আমি একটা বুড় মামুষ। তাতে আবার আজকে আফিমটা ভূল হ'য়ে গেছে, অভএব नम्रा क'रत्र आक यनि छूंगै भिम्, जा' इटल श्रीगिंग वाँटि। काल ना इम्र, আবার দেখা যাবে।

ব্যোমকেশ। আফিম ভূল হ'য়েছে, কিন্তু মৌতাতের ত কিছু কম দেখি না। ভাষান, আজ ছুটা দেওয়া গেল।

> (ক্রমশঃ) मनशानीन भग्ना।

## যমালয়ের পত্রাবলী।

( পূর্ব্ব প্রকাশিতের পর।)

#### তৃতীয় পত্র।

সেই অতি গাঢ় অন্ধকারে, কতক্ষণ যে আমি পড়িয়াছিলাম, তাহা জানি না। সেই ভীষণা শর্মারী যে কতকাল স্থায়িনী, তাহাও আমার বুঝিবার ক্ষমতা ছিল না। কেবল এইমাত্র জানি, সেই স্থাচি-ভেদ্য, মসীমেয় তিমিরের মাঝারে ভেকের মত পড়িয়াছিলাম, আমি একা। সেই কঠিন, তুষার-শীতল, গিরি-কন্দরে, কুঞ্চিত কলেবরে আমি এক্র তঃখরজনী অতিবাহিত করিতেছিলাম। যদিও আমি একা ছিলাম, আমার কিন্তু, শাস্তি ছিল না। সাগরের উত্তাল তরঙ্গের পর তরঙ্গ আঘাতে, তীরস্থ পর্বতমালা ষেমন চুর্ণবিচূর্ণিত হয়, অতীত জীবনের ঘটনারাজি সেইরূপ আমার হৃদয়ে ঘাতপ্রতিঘাত করিতেছিল। একটীর পর আর একটা ঘটনা, এক পাপ চিত্রের পর, আর একটা পাপের চিত্র, আমার প্রাণকে অধিকার করিতেছিল। জীবিতকালে ভাহাদিগের ত অনেক-গুলিকেই বিশ্বত হইয়াছিলাম ৷ তবে তাহারা আমাকে লুকাইয়া কোথায়, কোন নিভত প্রকৃতিক্ষেত্রে, অদৃশ্র হইয়াছিল। আমার বাহিরে, চতুদ্দিকে অন্ধকার থাকিলে কি হয় ? সে প্রাণিচিহ্নবিবর্জিত স্থানে আমি একাকী ছিলাম, তাহাতেই বা কি ? বাহিরে অতি গভীর অন্ধকার, কিন্তু অন্তরে কি অত্যজ্জ্ব আলোক ৷ সেই আলোকে অতীত জীবনের প্রত্যেক প্রতাবায়, অতি স্কুম্পষ্ট প্রতীয়মান হইতেছিল। আমার বার্থনীবনে, প্রতি পদখলন ব্যাপারে যত লোক, যত জীব, সংশ্লিষ্ট ছিল, তাহারা

সকলেই আমার অন্তরে বর্ত্তমান। আমার বিগত জীবন-নাটকের প্রত্যেক অভিনেতা, প্রত্যেক অভিনেত্রী, আমার জনয়মঞ্চে উপন্থিত, আমি আমার অতীত জীবনের (পুনরভিনয় করিতেছিলাম। ইহাতেই ্তোমরা বঝিতেছ, আমার কি যন্ত্রণা।

অবশেষে দেই নিশার অবদান হইল। অতি ধীরে, তমিন্ত্র-প্রাচীর ভেদ করিয়া, যেন উষার আলোকরশ্মি দেখা যাইতে লাগিল। হে পৃথিবীবাসি, সাবধান! আমি উষার আগমন বলিলাম, ইহাতে যেন তোমরা বিষম ভ্রমে পতিত হইও না। ইহা তোমাদিগের নানা পুপাভারে সজ্জিত, রক্তিম মেঘ-রঞ্জিত, স্নিগ্ধ-পাটল-রশ্মি শোভিত, মর্কের উধারাণী নতে। ইহা অন্ধকারময়ী উষা। যে রজনীয় কথা বলিয়াছি, তাহার ্রিক ইহার এইমাত্র প্রভেদ যে, রজনীর অবর্কার অধিকতর গাঢ়। পূর্বেই ত আমি এখানকার দিবাকে কাক-জ্যোৎসা বলিয়া আসিয়াছি। সে দিবালোক, যে প্রকারেরই হউক, আমি এই প্রকৃতির পরিবর্ত্তনে সহসা আশান্তিত হটলাম। আশার সঙ্গে সঙ্গেই প্রাণে এক প্রকার তরঙ্গ উঠিতে লাগিল। মৃত্যুর পর এই আমার প্রথম যা কিছু আনন্দবোধ। এইরূপে দিবাগমন প্রত্যাশায় বসিয়া থাকিতে থাকিতে, মনে হইণ যেন একটা ছায়া,—যেন বিশ্বতিরূপী এক খণ্ড মেঘ, আমার মনকে ধীরে ধীরে আক্তন্ন করিল। ভোমরা মানব, জ্ঞানের অহন্ধার লইয়া আছে, ভোমর: শ্বন্ধিত হইও না, আমি বিশ্বতিটাকে স্বথের রূপান্তর বলিয়া ভাবিয়া শইলাম। আমরা এখানে ইহার অধিক স্থুখ অনুভব করিতে পারি না। আহা এই বিশ্বতিও যদাপি প্রকৃত হইত! শীস্থই ব্রিয়াছিলাম. দেটাও কাল্লনিক। আবার সবই আমার স্মরণে আসিয়াছিল।

দিবা আসিল। আলোক অতি ক্ষীণ, কিন্তু তাহাতে কি? সেই ক্ষীণ আলোকের সঙ্গে সঙ্গেই আমার প্রাণে বাঁচিবার তীত্র আকাজ্জা

জাগিয়া উঠিল। আমার সঙ্কৃচিত দীন অঙ্গসমষ্টিকে প্রসারণ করিলাম। দেখি গত নিশার হিমানী শৈলের কঠিন ও সন্ধীর্ণ পিঞ্জর আর নাই! যে দিক হইতে আলোকরশ্মি আদিতেছিল, আমি তাহা লক্ষ্য করিয়া ছুটি-ণাম। কতক্ষণ বা কতদূর যে এইরূপে ছুটিলাম,ভাহা জানি না। দেখিলাম, স্মামার চতুদ্দিকেই নরকের্বীভংস মৃর্ত্তি। নরক কতরূপ ভীষণ আকার লইয়া আমার যে ভয় উৎপাদনের চেষ্টা করিতেছিল, তাহার বিস্তৃত বর্ণনায় কি ফল ! সেই ক্ষীণ আলোক অয়স্কান্ত পাধাণের মত আমাকে আকর্ষণ করিতেছিল। আশ্রয়শৃন্ত অতি ভাষণ প্রান্তরে আমার লক্ষ্য ছিল, কেবল সেই অম্পষ্ট আলোকরেথা। অবশেষে আমার একটা বিশ্রানস্থান মিলিল। বিশ্রামন্ত্রান্য হে পুথিবীবাগি, আবার বলি, আমার এই সমস্ত নিরর্থক বাক্যপ্রয়োগে ভ্রমে নিপ্তিত হইও না আমার জীবিতদশার সংস্কার বশতঃই আমি এই অর্থহীন কথার ব্যবহার ক্রিভেছি। ভোমরা যে অর্থে বিশ্রাম বুঝ, তাহা এই যন্ত্রণাকুণ্ডে কোথায়! যে বহিঃশক্তির আকর্ষণে আমি তীব্র গতিতে ছুটিতেছিলাম, একস্থানে আদিলে সহসা তাহার বিরাম হইল। আমি দেখি, আমি কভায়মান রহিয়াছি। ইহাকেই বিশ্রাম বলিয়াছি।

দেই স্থানে আদিবামাত্রই, চতু:পার্শ্বন্থ বস্তু ও প্রাণীর উপর আমার লক্ষ্য পড়িল। যাহা দেখিলাম,—দেই অকিঞ্চিংকর ঐক্রজালিক জীব-কুল ও স্থল,— আমি প্রতঃপ্রবৃত্ত হইয়া আপনাকে তত্নপ্রোগী করিলাম। ভাহাদিগের যেমন আচার, যেমন কার্য্য, আমিও দেইক্লপ করিতে লাগিখাম। সকলেরই একপ্রকার ব্যবহার, অথচ সকলেরই ব্যক্তিগত স্থাতন্ত্র ছিল। নরক পৃথিবীরই বিকট, বিক্কত প্রতিমূর্ত্তি! আমি তাহা বুঝিয়াও, যেন কোন বহিঃশক্তির প্রভাবে তাহাতে যোগ দিতে বাধা হইয়াছিলাম। জীবদ্দশায় যে যাহা করিত, এখানেও তাহার পুনরভিনয়

হইতে লাগিল ৷ সকলেই আমরা বুঝিতেছি বে, এ সমস্ত অনর্থক, এ সমস্ত অপ্রাকৃত; অপরের এই সমস্ত ঘুণার্হ, অসমত কাল্পনিক ব্যবহারে আমরা দকলেই মনে মনে অপুরকে বাঙ্গ করিতেছি, অর্থচ কে জানে কেন তাহা হইতে বিরত হইবার শক্তি নাই। আমরা বুঝিতেছি ধে, আমাদিগের কার্য্যকলাপে সকলে বাঙ্গ করিতেছে, অথচ আবার যন্ত্রের মত তাহাই করিতেছি। প্রবল ইচ্ছা থাকিলেও, তাহা বাধা দিবার আমাদিগের শক্তি কোথায়।

এখানে আমারই মত অভাগ্যবান সকলেই। প্রিণীর ঘাহার ষেরূপ জীবন্যাপন, এখানে তাহারই কেবল অন্তক্রণ,--দেই সমস্ত পৃথিবীর পুঞ্জীভূত পাপ কর্ম্মাশি, সেই দঞ্চিত প্রত্যবায় সমূহ, সেই কামনার প্রলোভনে উচ্ছ, ঋল কার্যাকলাপ ! পূর্ব্বেই বলিয়াছি, এখানে যে যাহা যাক্রা করে, তদ্ধগুই সে তাহা প্রাপ্ত হয়; মনে একটা কামনা জাগিলেই, তথনই সেই অভিলয়িত বস্তু সন্মুখে দেখিতে পাওয়া যায়। পাশ্ব বাসনা ও অমুরাগ জীবদ্দশায় যেইক্লপ আধিপত্য করিত এথানেও ভদ্রুপ, তবে প্রভেদ এই, এখানে তাহারা আরও প্রবল, অধিকতর ভীষণ। পৃথিবীতে কোন একটা বাসনা অতি বীভংগ হইলেও, তাহাতে কিছু না কিছু মধুরভাব থাকে, অভি বিকট হইলেও, বাহিরে তাহা একটা সৌন্দর্য্যের আকার ধারণ করে, কিন্তু, এখানে মধুরতা বা সৌন্দর্যোর চিহ্নমাত্রও দৃষ্ট হয় না। নগ্ন বাসনা, মাংসচর্ম্মবিরহিত বীভৎস কেবল অন্তিময় আকুভির মত, ভাছার করাল করাগত করিয়া থাকে। পৃথিবীতে যেমন বাদনা আছে, বাসনা মিটাইবার বস্তব্যও তথায় অভাব নাই। এথানকার কল্পনা অন্তঃসারশৃন্ত কেবল প্রহেলিকা। পৃথিবীতে অগ্রে বিষয়, কল্পনা বিষয়াব-লম্বনে গঠিত; এখানে কল্পনার সাহায্যে আকাজ্জিত বস্তু উদ্ভূত হয়। কিন্তু হার তঃথের বিষয় এই, সমস্ত জানিয়া ও বুরিয়াও আমরা এথানে

বাসনার সম্পূর্ণ দাস। জানি আমরা এখানে যাহা কিছু জীবনের পুনরভিনর করিতেছি, তাহা অসার স্থপ্নের স্থার অলীক। এখানকার আমাদিগের কার্য্যকলাপ, আমাদিগের নিকট ঘুণিত ও উপহসনীর, তাহাতেই বা কি ? পার্থিব জীবনে যে খুমন্ত কার্য্য করিয়া আদিয়াছিলাম, যে সমস্ত বাসনার প্রলোভনে আত্মহারা হইয়াছিলাম, এখন তাহারাই আমাদিগের প্রভৃ। পৃথিবীতে আমরা যাহা ছিলাম, কে যেন তাহারই পুনরার্ত্তি করিতে, আমাদিগকে বাধা করিভেছে।

জনকত আমরা একমত হট্যা যেমন মনে করিলাম, এখানে একটা নগর থাকিলে বেশ হইত, অমনি দেখি, স্থন্দর নগরী সন্মুখে বিরাঞ্চিত। তথায়, অতি মনোহর রঙ্গালয়, দান্ধ্য সমীরণ-দেবনোপ্যোগী স্কুন্দর সাধারণ উদ্যান, প্রণয়প্রণয়িনীর ঈপিত নিভত নিকুঞ্জ, আকাশভেদী বনম্পতি সমন্বিত প্রকৃতির লীলাভূমি গভীর গচন, মরালমরালী পরি-পুরিত শতদল স্থশোভিত,পরম ব্যনীয় দীর্ঘিকা, —এ সমস্ত কিছুরই অভাব নাই। মনে তাহাদিগের চিন্তা উদিত হইলেই, সমুথে ভাহাদিগকে দেখিতে পাওয়া বায়। আমার কল্পনায় আসিয়াছে বলিয়াই বে, কেবল আমি এই সমস্ত দেখিতে পাইতেছি, তাহা নয়। তথায় যাহাদিগেরই সহিত মিলিত হইতেছি, যাহারাই আমার ভাবে ভাবারিত, তাহারাই সে সমন্ত দেখিতে পায়। কিন্তু, এ সমন্ত যে কাল্পনিক, এ সমন্ত যে ছায়া-দষ্টি, তাহাত একদণ্ডের স্বন্ত ভুলিতে পারিতেছি না। ব্রিতেছি, এ সমস্ত কেবল মায়ার খেলা, কিন্তু ব্ঝিয়াও এ মায়ার হস্ত হইতে উদ্ধারের কোনও উপায় নাই। কেবল কি তাই? এই যে সমস্ত লোক, যে সমস্ত দৃশ্রের কথা উল্লেখ করিলাম, তাহাদিগের কি কিছু স্থায়িত আছে ? তাহারা সকলেই পরিবর্ত্তনশীল। এই এক দৃশু, পরমুহুর্তে আবার অন্ত দৃষ্ট ; এই এক সম্প্রদায়ের সহিত বিহার করিতেছি, পরক্ষণেই আবার

নুতন লোক, নুতন ভাব। আমার বিশ্বাস তোমরা ষ্চাপি তথায় একবার পদার্পণ কর ও কিছুক্ষণ বিশ্রাম কর, তাহা হইলে নিশ্চয়ই তোমরা উন্মাদ হট্যা যাও।

দাসদাসী পরিবৃত স্থলর সৌধে বাস করিবার সাধ হওয়ায় দেখি, স্থানর হর্মামালা আমার সন্মথে বিরাজিত। ভোমরা ভাবিতেছ, এখানে দাসদাসী কোথা হইতে আসিবে। এথানে তাহারও অভাব-নাই। পূর্ব্বেই বলিয়াছি যে, এই স্থান যেন পৃথিবীরই ছায়া। এথানে মত্ত পরিচারক, চরিত্রহীনা পরিচারিকা, কিছুরই অভাব নাই। পররাজ্ঞী-কাতর, স্বাধীনতা-হারী, পরলোকগত, নিষ্ঠুর রাজার অভিলাষ পূরণ করিতে, এথানে রক্তলোলুপ নরশার্দ্দূল সৈনিকদলেরও অভাব নাই । তবে প্রভেদ এই, পৃথিবীতে শহুশ্বামলা, অধীন জাতীয় মাতৃস্বরূপা, জন্মভূমিকে শ্মশানে পরিণতঃ করিয়া, শত্রুর রুধীররঞ্জিত মাতৃবইক্ষর উপর তাণ্ডব নৃত্য করিয়া, ছর্দ্ধর্ম অত্যাচারী যে আমোদ অনুভব করিত, এখানে তাথার পরিবত্তে কেবল অত্স্তির হাহাকার। তোমরা এখন বাসনার মোহন সঙ্গীত-ঝকারে হিতাহিত ডুবাইয়া নিয়া হয় ত ভাবিতেছে, "বাসন। পূর্ণ হইতেছে, ভবে অভৃপ্তি কোথায় ?" মুর্থ ভোমরা জাননাক, তৃপ্তি জ্ঞানে, অভৃপ্তি মোহে, অজ্ঞানে। পৃথিবীতে বুঝি নাই, কিন্তু এখন প্রাণে প্রাণে অমুভব ক্রিভেছি, যতই তৃপ্তিপ্রদ মনে হউক, কামদেণায় স্থপ নাই, শান্তি নাই। কাম "বিষকুন্তং পয়োমুখম"; কাম স্থবৰ্ণ কণ্টক, দেখিতে স্থলর, কিন্ত বিদ্ধ হইলে ভীত্র যন্ত্রণাদায়ক।

নগরের সালকটে, কলোলিনীর কুলদেশে, পুষ্পবীথি-পরিশোভিত, আমার পার্থিব হর্ম্মোর অনুরূপ, এখানকার আমার বাদগৃহ। জীবদশায় যেমন করিতাম, এখানেও দেইরূপ রঙ্গালয় ও বিহার মান্দরে আমোদে যাপন করিয়া, সময় অভিবাহিত করিতাম। পৃথিবীতে তোমরা যাহাকে

মুথ বল, জীবদশায় আমার তাহা বহুল প্রকারে ছিল। কিন্তু এখন ? হয়ত তাহা শুনিলে তোমাদিগের আমার প্রতি অমুকম্পা হইবে, হয়ত আমার ছ:থে তোমাদিগের ন্য়ন আর্দ্র হইবে। কিন্তু ভাহাতে কোনও ফল নাই। তোমাদিগের মহকাপা বা তোমাদিগের সহাত্মভৃতি আমার অবস্থার কোনও পরিবর্ত্তন করিতে সক্ষম হইবে না। আমার এখানকার যন্ত্রনা এই :---জামি স্কুথের অনুসন্ধানে সমস্ত সময় অভিবাহিত করিতেছি, কিন্তু পরিতৃপ্ত হইতে পারিতেছি কই? বিলাদের জ্ঞা সর্বাঞ্চণ জ্বলিতেছে, কিন্তু কিছুতেই সে তৃষ্ণা মিটিভেছে না। এখানে কেবল भवौठिका, वानुकामम मकरम्य मृत्याव स्मीन मनिनश्र मदमीपर्यम ।

একটা কথা, না বলিয়া আমি থাকিতে পারিভেছি না, আমি এখানে প্রত্যহ আমার পরিচিত আত্মীয়গণ ও বন্ধবাধ্বদিগের দেখা পাইতেচি: কিন্তু আমি তাহাদিগের নাম ধাম বলিব না। তোমরা সভাতাভিমানী পথিবীর লোক, তোমানিগের সদস্থ বিচার মানবের কথাও ব্যবহারের: উপর: তোমাদিগের প্রচলিত মান-দণ্ডের পরিমাণে যে অতি ভদ্র ও উচ্চ দে হয়ত এখানে আমারই মত অথবা ততোধিক বন্ত্রণা ভোগ করিতেছে। কিন্তু ভাহার পার্থিব আত্মীয় বন্ধু কি ভাবিতেছে ?—তাহাদিগের পরণোক গভ আত্মীয়ের সদগতি হইয়াছে, দে নন্দনের পারিজাত তলার অথবা শান্তিপূর্ণ বিষ্ণু, শিবলোকে বিহার করিতেছে। কেন তবে আমি প্রকৃত পরিচয় দিয়া তোমাদিগের স্থাপের স্বপ্ন ভাঙ্গিয়া দিব ? তবে একটা কথা মনে রাথিও, তোমরা পরগোকগত আত্মীয় স্বজনের যে, অবস্থার সমালোচনা করু তাহা অনেক সময়েই মিথ্যা। তোমাদিগের ধন্তবাদ, মুচব্যক্তির ষন্ত্রণার হ্রাদবৃদ্ধি কিছুই করিতে পারে না।

ক্রমশঃ

সেবাত্রত পরিব্রাজক।

# वरनोंकर उर्ग

# অলৌকিক বহস্য।

৮ম সংখ্যা ৷ ]

প্রথম ভাগ 📭

ি অগ্রহারণ, ১৩১৬।

### मकी शनी।

---:\*:---

কিছুদিন পূর্ব্বে শিক্ষিত সম্প্রদায় জড়বাদ-বত্তায় এরপ ভাবে প্লাবিত হইয়াছিলেন যে, স্থুল জগৎ ও স্থুলদেহ ব্যতীত আর কিছুর অস্থিত কর্ননার আনিবার চেষ্টাকেও তাঁহারা উপহসনীয় বলিয়া মনে করিতেন। ক্রিন্ত এই হুদিনে, জগবানেরই অমুকম্পায় প্রেততত্ত্ববাদী (Spiritualist) নামক এক সম্প্রদায় উদ্ভূত হইল। তাঁহাদিগের অধ্যবদায় ও সংসাহসে, প্রেত চক্রের সাহায্যে, ঝবিপ্রোক্ত স্ক্ষম্পরণ ও স্ক্ষম্পাবের অন্তিত্ব একপ্রকার প্রমাণিত হইরাছে। তাঁহাদিগের মীমাংদা স্ক্ষদর্শী আমাদিগের উদ্দেশ। ঝবিদিগের সম্পূর্ণ মতামুষায়ী না হইলেও, কালে যে তাঁহারা সেই লনাতন সত্যে উপনীত হইতে পারিবেন, তাহাতে সন্দেহ নাই। যাঁহারাই তাঁহাদিগের যুক্তি পূর্ণ গ্রন্থাদি সম্যক আলোচনা করিয়া-চেন, তাঁহারা আরু অধিদিগের কথা প্রলাপ বাক্য বলিয়া উড়াইয়া দিতে পারেন না। সেই সাহসে আমরাও এই জড়বাদের যুগে জড়বাদীর হারা শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে বিসিয়া, প্রাচীন হিন্দু দার্শনিক

জগৎ ও মানবকে যেইরূপ ভাবে দেখিতেন, তাহার কিঞ্চিৎ আলোচনা করিতে সাহনী হইরাছি। যে উদ্দেশ্তে প্রেততত্ত্বাদী-সম্প্রদার প্রতিষ্ঠিত, সেই উদ্দেশ্যেই ''অনৌকিক রহস্তের'' প্রচার। জড়বাদ-দৈত্যের প্রলো-ভনে ঘর ছাড়িয়া আমরা অনেক দূর বাহিরে গেছি; আমাদিগের উদ্দেশ্ত ঘরের ছেলেকে আবার ঘরে ফিরান। মা যেমন খেলানার প্রলোভনে, হুট পুত্রকে আইবান করে, আমরাও এখন তাহাই করি-তেছি। ভূতপ্রেতাদির আলোচনায় মানবের আধ্যাত্মিক কোনও উপ-কার হয় না সত্য, কিন্তু তাহাতে পরলোক সম্বন্ধে বিশাস আদে. ইহ লোকেই যে স্থিতির শেষ নয়, এ ধারণাটাও মনে বদ্ধমূল হয়। ইহ ও পরলোকের একটা সম্বন্ধ স্থাপিত হয়।

স্ক্রদর্শী আর্যা ঝবিগণ বলিয়াছেন, "শ্রীরে শারীর বায়্র অবরোধ **इहे** लाहे नहीं दबद स्थानित अनां हु हम । एमहे अनां हिद नाम महा।" মরণের পর মানবের কি অবস্থা ঘটে? প্রাণবায়ু মহাবায়ুতে বিলীন इरेटन এবং দেহ भेराकाद्र পরিণত হইলে জীবচেতনা পূর্ব্বোপার্জিত বাদনা-সংশ্লিষ্ঠ জীবাত্মায় অবস্থান করে। জীবের স্থূল দেহ ব্যতীত আরও অনেকণ্ডলি দেহ আছে। মৃত্যুর পর তাহার স্থুল দেহের নাশ হইলেও তাহার অপর অপর দেহ রহিয়া পিও দেহও সমাধি ষায়। পাঠক মহোদয়গণ যগুপি অমুগ্রহ করিয়া কেত্রের প্রেত। "দাদা ম'শায়ে"র ঝুলিটি অমুসন্ধান করেন, ভাহা

হইলে এ সমস্ত বিষয় বিশদভাবে দেখিতে পাইবেন। মৃত্যু হইলে পিওদেহ ও ভাও দেহের সংযোগ নষ্ট হইয়া যায়। ভাও দেহটি শ্ব হইয়া পড়িয়া থাকে, প্রাণ পদার্থ পিগু দেহ আশ্রন্থ করিয়া থাকে। ভাগু দেহটি পোড়াইয়া ফেলিলে উহার কণা সকল ভত্ম ও বাষ্পরূপে পরিণভ হয়: মাটি তথন মাটিতে মিশিয়া যায়, জল জলে, বায়ু বায়ুতে মিশিয়া

যায়। ভাও দেহটি না পোড়াইলে, তাহা পচিতে আরম্ভ করে এবং রোগ বীক উহা আশ্রর করিয়া বর্দ্ধিত হইতে থাকে। সেই কল তাহা পোড়াইয়া ফেলা একান্ত কর্ত্তব্য। পিও দেহও শীঘ্র শব হইয়া পড়ে. এবং প্রাণশক্তি ইহাকে ত্যাগ করিলে ইহাও পচিতে আরম্ভ করে। তথন মামুষের অনিষ্টকারী জীবামুসকল ভাহাকে আশ্রন্ন করিয়া পুষ্ট ও বর্দ্ধিত হুইতে থাকে। তাই, ভাও দেহের মত পিও দেহটিকেও মহাভূতে লয় করিয়া ফেলা কর্ত্তবা। হিন্দুবা যে প্রাক্রেয়ার স্বারা মৃতের পিগু দেহের লম্ব করেন, তাহার নাম সপি ওকরণ। মৃতব্যক্তির পুল্রের পিও দেহের সহিত, তাহার পিগুদেহের একটা স্বাভাবিক সম্বন্ধ আছে. তাই পুত্রই স্পিওকরণের প্রথম অধিকারী। ততুল, গোধ্ম, যব ইত্যাদি ওষধি-দাত দ্রবাকে আধার করিয়া ইচ্ছাশক্তি ও মন্ত্রশক্তি বলে মৃতব্যক্তির পিণ্ড শরীরকে সংকৃচিত করিয়া সেই আধার স্থাস করত:, উক্ত পিণ্ড চন্দ্রলোক-বাসী পিতৃগণের উদ্দেশে বিসর্জন করাই সপিওকরণ ক্রিয়া ৷ উক্ত পিও এইরপে বিদর্জন করিতে পারিলেই পিতৃপুরুষ মুথ নি:স্ত অগ্নি উহাতে সংযুক্ত হইয়া উহাকে দগ্ধ করিয়া ফেলে। অহিন্দুর সমাধিক্ষেত্রে যে প্রেতাদির বিষয় পাঠ করা যায় তাহা প্রায় এই অদগ্দীভূত পিওদেহ মাত্র। পিণ্ডদেহ ও ভাণ্ডদেহ ভত্মীভূত হইলে রক্তশোষক প্রেতের **অন্তিত্ত** থাকিতে পারে না। এই সংখ্যায় শ্রনাম্পদ রায় সাহেব শ্রীযুক্ত চুর্গাচরণ চক্রবর্ত্তী মহাশম্ব যে সত্য ঘটনা মূলক ভীষণ রক্তশোষক বেতাল (vampire) শীর্ষক গল্পের অনুবাদ করিয়াছেন, ভাহা পাঠে পাঠকেরা আমাদিগের এই উক্তির মর্ম ব্রিতে পারিবেন।

এই ত গেল পিণ্ড দেহের কথা। তথন জীবাত্মা কি জ্ববস্থার থাকে ?
মৃত্যুর পর, কিছুদিন সে মরণ মৃষ্টার থাকে। সেই সময়ে 'শিলাজঠরের ন্যার জাডা' অমুভব করতঃ জাতিশর ধাতনা ভোগ করিতে থাকে। ধে

অবস্থাকে শান্ত বলিয়াছেন "আকাশস্থো নিরালম্বে। বায়ুভূতো নিরাশ্রয়:। \* দশপিও দারা এই নিরালম্ব দেহের পূরণ হয় বলিয়া, উহাকে "পুরকপিও"ও বলে: ইহাতে এই কষ্টকর অবস্থার শেষ হয় এবং জীবাত্মার কিঞিৎ স্থলতর প্রেতদেহ প্রাপ্তি হয়। প্রেতের দশপিওদান পর্যাস্ক ক্রিয়াকে "প্রথম ক্রিয়া" বলে। পরে স্পিওকবণাস্ত যোড়শ প্রাদ্ধকে "মধ্যমক্রিয়া" বলে। ইহার দারা প্রেতম নাশ হইয়া, জীব ভোগ দেহ প্রেড দেই। প্রাপ্ত হয় এবং 'স্বীয় কর্ম্মের ফলভোগ করিতে থাকে। ইহা হইল সাধারণ মানবের কথা। কিন্তু, থাঁহারা তত্ত্ত তাঁহা-দিগের প্রেক্তাবস্থা হয় না। সেইরূপ বাঁহারা অতিশয় বিষয়াসক্ত তাঁহা-দিগের এই অবস্থা অতি দীর্ঘকাল-বাাপিনী। যাহারা আত্মঘাতী, বা পথিবীর জীবনে তীত্র আকাজ্জা রাখিয়া মৃত্যু দশা প্রাপ্ত হয়, তাহাপা মৃত হইলেও পৃথিবীর মমতা ও সংসর্গ ছাড়িতে পারে না। তাহারা মাঝে মাঝে মানবকে দেখা দেয় ও আত্মকাহিনী বলিবার জন্ত বাস্ত থাকে। তাই শ্রীযুক্ত সতীক্র নাথ রায়চৌধুরী মহাশরের প্রেরিত কাহিনীতে

#### \* দশপিতের সম্র:--

শ্মশানানলদক্ষোহসি পরিত্যক্ষোহসি বান্ধবৈ:। ইদং নীর্মিদং ক্ষীরং স্থাতাপীতা সুখীভব ॥ ১ আকাশছো নিরালখো বার্তুতো নিরাশ্রয়:। हेनः नीत्रमिनः कीतः यादा शीदा युवीखद । २

প্রেতিনী আত্মকথা বলিতে এত লালাইত। (ক) প্রাণক্সফের পিতার জীবদ্দশার একটা প্রাণে বিশ্বাস ছিল যে, গুরু না মিলিলে মুক্ত হওরা

<sup>&#</sup>x27;'থেতিনীর আত্মকথা"। (平)

শাস্তব। তিনি জীবদ্ধণায় উপযুক্ত গুরুর অন্তসন্ধান অনেক করিয়াছিলেন। কিন্তু, তাঁহার মনের মত গুরুলাভ হয় নাই। তাঁহার আশা
মিটে নাই বলিয়া, মরিবার সময় তিনি প্রাণে অভিশয় যন্ত্রণা ভোগ করিয়াছিলেন। তাঁহার বিখাস হইয়াছিল যে, তাঁহার আর মুক্তি নাই। তিনি
বেশ ভাল লোক ছিলেন, তথাপি, তাঁহার বাসনা পরিতৃপ্ত হয় নাই বলিয়া
মরণের পর তাঁহার প্রেভত্তলাভ হইয়াছিল। পরে স্বামীজির অনুগ্রহে
তাঁহার প্রেভত্ব ঘুচিয়া ছিল। (ক)

অতএব আমরা বুঝিলাম,সাধারণ লোকের কিছুদিনের নিমিত্ত প্রেতা-বস্থা অবগ্রস্তাবী হইলেও, কেন সকলে স্থূগ সংস্পৃত্ত হন না বা **আত্মী**য় **স্বজ**-নকে দর্শন দেন না। সুলদ্শী আমরা, আমরা নাহয় মৃত আত্মীয়ের স্ক্ষতর প্রেডদেহ দেখিতে পাইলাম না, তাহারা যে, দেই ভীষণ ষাতনা ভোগ করিতেছে, তাহা যেন আমরা অমুভব করিতে পারিলাম না, তাহাতে কি তাঁহাদিগের তীত্র কণ্টের কিছুও উপশম হয় ? তাহারা বে যাতনা ভোগ করিতেছিল তাহাই করিতে থাকে। প্রেত্ত দেহের অবসান তাই, সর্বজীবে দয়াবান পুল্মদর্শী ঋষিরা তার্হাদিগকে ও মাসিক শ্রাদ্ধ। এই যন্ত্রণাময় অবস্থা হইতে উদ্ধার করিতে পূর্ব্বক্ষিত "মধ্যমক্রিয়ার" ব্যবস্থা করিয়া গিয়াছেন। তাহারা পুলানিপ্রদত্ত মাসিক শ্রান্ধের দারা তৃপ্ত হইয়া বৎদরান্তে ভোগ দেহ প্রাপ্ত হয় ও আত্মকৃত কর্ম্মের ফলভোগ করিতে থাকে। ইহাই পিত্যান। যাঁহারা ফলাকাজ্ঞা হুইয়া পুথিবীতে কর্ম্ম করিয়া থাকে, তাঁহারা মরণের পর এইপথে যান, এবং ভোগের পর আবার জন্মগ্রহণ করেন। উপনিষদ বলিয়াছেন, "দংবৎসরই প্রজাপতি; তাহার ছুইটি অয়ন,—দক্ষিণ ও উত্তর। যাহারা কলাকাজ্জী হইয়া কর্ম করে, তাহারা চন্দ্রলোকে যায়; তাহারা আবার

<sup>(</sup>क) "প্রেভের দীকালাভ।"

পুথিবীতে প্রতিনিবৃত্ত হয়।" \* মানব কামদেহ ধারণ করিয়া ভূবর্লোকে কিছুদিন অবস্থান করে। তাহার পর যথন আত্মা-বৃদ্ধি-মন সম্বিত জীব সেই দেহ ছাড়িয়া স্বৰ্গলোকে চলিয়া যায়, তথন তাহার এই সুক্ম দেষ্টিও শৰাকারে পড়িয়া থাকে। ইহাই তাহার তৃতীয় মৃত্যু। কামদেহ স্ক্র উপাদানে গঠিত বলিয়া স্থুল দেহের মত শীঘ্র নষ্ট হয় না। ভাহার উপর আবার, বহিমুখী মন কামদেহের সহিত জড়িত থাকিয়া ৰ্ছকাল অৰ্ধি কাৰ্য্য ক্ৰিয়া আসিয়াছে; স্থতরাং যথন আত্মা-বুদ্ধি-মন-সমস্ত্রিত জীব কাম দেহ হইতে বিশ্লিষ্ট হুইরা চলিয়া যায়, তথন মনোদেহের কতকটা কামদেহের সহিত সংশ্লিষ্ট পাকিয়া যায়। প্রকৃত জীব বদিও তথন স্বৰ্গলোকে চলিয়া গিয়াছে, তথাপি বহিম্খী-মন-সঞ্জীবিত কামদেহ ভাহার পূর্বদেহীর আকার ও হাবভাব কতকটা অমুকরণ করিতে সক্ষম হয়। ভাহার দেহীর জীবনের সমস্ত ঘটনা তাহারও স্থতিতে থাকে 🕯 স্থৃতি বলিতেছি, কারণ মনের কিয়দংশ ইহার সহিত জড়িত থাকে। প্রেত-তত্ত্ববাদীদিগের চক্রে যে সমস্ত ভূতের বিষয় পাঠ করা যায়, তাহা-

দিগের অধিকাংশই এই শ্রেণীর। পার্থিব জীবনে প্রেভভেম্বাদিগণের যে যতদ্র কাম প্রকৃতির চরিতাথতা সাধন করিয়া চক্রে আগত ভূত। আসিয়াছে তাহার কামদেহের স্থায়িত তদক্ষায়ী।

ৰভই মনোদেহের অংশটুকু বিচ্ছিন্ন হইয়া যায়, ততই এই ছায়া শরীরের পূর্ব্ব স্বৃত্তি হ্রাস হইতে থাকে। অবশেষে ক্রমে ইহা একেবারে নষ্ট হইরা ষায়। স্থূল জগতের অধিক আকর্ষণ থাকিলে, ইহা পৃথিবীতে ফিরিয়া আসে,

সংবৎসরো বৈ প্রজাপতিন্তসাায়নে দক্ষিণং চোত্তরং চ । তদ্যে হবৈ তদিষ্টা-পুতে কৃতমিত্যপাসতে তে চাক্রমসমেব লোকমভিজন্বতে ॥ ত এব পুনরাবর্ততে ভক্ষাৎ…" श्राचार्यानिवस् १-- ।

এবং আমরা তাহাকে "ভূত" বলিয়া অভিধান করি। যাহারা অভ্যপ্তা রাগ, দেষ বা তীত্র বাদনা লইয়া পার্ধিব জীবন কাটায়, তাহারা বড়ই অনিষ্টকারী। দয়াবান ঋষিরা ইহাদিগের জন্ম কি ব্যবস্থা করিয়াছেন? পার্ব্বণ ও সাম্বৎসরিক শ্রাদ্ধ দারা কেবল যে এই কামদেচের নাশ হয়, তাহা নহে, জীব মন্ত্র ও দেবতার সাহায্যে কামলোক হইতে পিতৃলোক, এবং তথা হইতে অর্গলোকে যায়। এই পুরিত্যক্ত কামদেহও মন্ত্রশক্তি প্রভাবে নষ্ট হয়। বিশেষ বিশেষ স্থলে, গ্রায় পিণ্ডাদি দিতে হয়।

পৃথেষ্ধ বে কামলোকিক দেহের কথা বলা হইরাছে, ইহা সংশ্লিষ্ট মলকণা হইতে বিচ্যুক্ত হইলেও
কিছুকাল থাকে। তথন আর আদৌ তাহাতে চিস্তাশক্তি থাকে না।
মেঘের মত অন্তরীক্ষে তাহা ভাসিয়া বেড়ায়। কিন্তু ইহাও প্রেত্ত-তন্ত্ববাদিগণের মণ্ডলের সমীপে আসিয়া পড়িলে আবিষ্ট ব্যক্তির বৈছাতিক
শক্তির সাহায্যে তাহা কিয়ং পরিমাণে অন্প্রাণিত হয়। ইহাও সময়ে
সময়ে "ভ্ত" বলিয়া অভিহিত হয়।

আর এক সম্প্রদায়ের লোক আছে, তাহারা এতদ্র পাপী যে মরণের কিছুদিন পরে তাহারা তাহাদিগের অবিনশ্বর উৎকৃষ্টতর আধাত্মিক অংশটুকু হইতে একেবারে বিচ্ছিন্ন হইন্না পড়ে। তাহাদিগের বহিন্ধী-মনের সমস্ত অংশটুকু কামদেহের সহিত জড়িত হইন্না বান্ন। তাহারা অতিশন্ন ভন্নন্ধ, এবং মানবের অজ্ঞানতা বা অসাবধানতা দেখিলেই তাহারা তাহাদিগের দেহ আশ্রম করিয়া হ্রাসপ্রাপ্ত

বেতাল
or স্বীয় জীবনীশক্তির বর্দ্ধন করিতে চেষ্টা পায়।
Vampire,
তাহারাই বেতাল (vampire or werewolf) নামে

প্রসিদ্ধ। এই জাতীর ভূত পূর্ব্বে যত ছিল, স্থথের বিষয় এখন আর তত লক্ষিত হয় না। ইহাদিগকে কেছ কেছ জীবাল্মা-বিচ্ছিন্ন মানব বলেন ( soulless men ) বলে। তাহারা অপেকারত দীর্ঘকাল স্থায়ী। কিন্ত বিশুদ্ধ মানবগণের উপর ভাহারা কোনও অত্যাচার করিতে পাৱে না ।

অনেক ক্লডবিদ্য মনে করেন আমরা প্রেডাদির বিষয় আলোচনা করিয়া আমাদিগের জাতিকে ভয়বিহ্বলিত করিতে বসিয়াছি। আমরা তাহার উত্তরে এইমাত্র বলিতে পারি ৫৭, তাহারা ক্লতবিদ্য হইলেও মানব চরিত্র পর্যালোচনা করেন নাই। যাহা আমরা জানি না তাহা হইতেই বেশী বিপদ আনে: আমাদিগের অজ্ঞানতাই আমাদিগের তারের কারণ। অজ্ঞানাদ শিশুই অপরিচিত লোক দেখিয়া ভয়ে মাতার ক্রোড় আশ্রয় লয়; কিন্ত অজ্ঞাত লোক দেখিতে দেখিতে. সে যথন অপরিচিত লোক দর্শনে অভ্যস্ত হয়,—তথন কি আর তাহার ভয় থাকে ? সৃষ্ণ ভতাদির উপর চিস্তাশক্তি যেইরূপ কার্য্য করিতে পারে স্থূনভূতের উপর সেইরূপ পারে না। স্থূন-ভূতের উপর চিম্ভার্নপিণী মানব-শক্তি একেবারে অসহায়, কিন্তু প্রেতাদির

দেহ সুক্ষ পরমাণু দ্বারা গঠিত। মন পবিত্র রাখিয়া. আমাদিগের জীবনে যিনি সংযম অভ্যাস করেন, শত প্রেভেও শেষ কথা ৷ তাঁহার কোনও অনিষ্ট সাধন করিতে পারে না। বরঞ্চ.

ভিনি প্রেভের অনেক উপকারে আসিতে পারেন। এ সম্বন্ধে প্রেভিনীর আত্মকথা" মূলক ঘটনাটি বিশেষ শিক্ষাপ্রদ। প্রেতভত্তের আলোচনার আরও ফল আছে। ঋষিশিক্ষিত ভারতবর্ষ ষদ্যপি আবার পূর্ব্বগরিমায় উঠিতে চায়, তাহা হইলে, তাঁহাদিগের প্রচারিত একটিও আর্যা অমুচান कां फ़िय़ा फिटन हिन्दिन न।। अफ़्तां मैत्र निकाय आपता प्रस्ति। विमागटर्स স্ফীত হইয়া সাহস্কারে বলি "মরা ঘোড়া কি স্বাস থায়?" আমাদিগের প্রার্থনা আপনারা চর্ব্বিত চর্ব্বণ না করিয়া স্বাধীনভাবে এই সমস্ত তত্ত্ব আলোচনা করুন। দেখিবেন যিনি যে সম্প্রদায়ভুক্ত হউন না কেন, চিরামুগুহীত ভারতে, কাহাকেও বার্থ মনোর্থ হইতে হয় না **।** দেখিবেন আর্য্যঋষিদিগের সমস্ত সনাতন সত্তা আপনার নিকট প্রস্ফুটিভ বহিয়াছে।

আমরা সংক্ষেপে মানবের মৃত্যু হইতে, তাহার পুনর্জন্ম অবধি আলো-চনা করিলাম। এই সংখ্যায় আমরা ভৃত সম্বন্ধে আরও তুই একটা कथा विषया এইবারের সন্দীপনী শেষ করিব। মানবের চিন্তা-সমূহ সকলেই এক একটি সজীব পদার্থ। যাহারা সক্ষদশী তাঁহারা চিন্তা-মর্ত্তিগণের ক্রিয়া সম্বন্ধে অনেক তত্ত্ব আবিষ্কার করিয়াছেন। এই চিন্তা-প্রস্ত, অর্দ্ধায়ক্ত, নির্দিষ্ট আকারবিশিষ্ট, শক্তি-চিন্তামূর্ত্তির ক্রিরা। সমূহ অনেক সময়ে ভূতাদির মত কার্য্য করে। চিস্তামৃর্ক্তিদিগের অভূত ক্রিয়া•সম্বন্ধীয় এন্ধপ কতকগুলি সত্য ঘটনা আমরা প্রাপ্ত হইয়াছি, যাহা পাঠ করিয়া আমাদিগের পাঠকেরা স্তম্ভিত হইবেন। আমরা শীঘ্রই সেই সমস্ত আপনাদিগের করকমলে উৎসর্গ করিব।

### রক্ত শোষক বেতাল।

#### Vampire.

উনবিংশ শতাব্দির প্রারম্ভে ক্রশিয়া দেশে এক রক্তশোষক প্রেতের নিম্লিখিত ভয়ানক ঘটনাটি সংঘটিত হইয়াছিল।

**চ——नामक अर्मामन व्याप्त भागनक छोत्र वयम ७० वरमत इहेब्रा**हि**न।** তিনি অত্যম্ভ হিংম্র, নিষ্ঠুর, ঈর্ধাপরবশ ও অত্যাচারী ছিলেন। এই স্বেচ্চাচার শাসনকর্তার ক্ষমতায় বাধা দিবার লোক না থাকাতে, তিনি ষ্মনায়াদে নিষ্ণের পাশব প্রবৃত্তি চরিতার্থ করিতেন। এক দিবদ তিনি

তাঁছার একজন অধীন কর্ম্মচারীর স্থন্দরী কন্তার রূপে মুগ্ধ হইয়াছিলেন। উক্ত কন্তাটির সহিত অন্ত কোন একটি যুবকের বিবাহের সম্বন্ধ স্থির হুইরাছিল। কিন্তু ঐ অত্যাচারী শাসন কর্ত্তার আদেশে ঐ কন্তার পিতা তাঁহারই সহিত ক্লার বিবাহ দিতে বাধ্য হইয়াছিলেন। ক্লাটি অনিচ্ছা সত্ত্বেও ঐ শাসনকর্জার পরিণীতা চইয়াছিলেন।

বিবাহ করিয়াও উক্ত শাসনকর্ত্তার স্বভাবের পরিবর্ত্তন হয় নাই। তিনি অবলা পরিণীতা স্ত্রীর প্রতিও অত্যাচার করিতে কুষ্ঠিত হইতেন না। সর্বাদাই তাহাকে গৃহের মধ্যে আবন্ধ করিয়া রাখিতেন। নিজের অসা-ক্ষাতে অপর স্ত্রী বা পুরুষের সহিত সাক্ষাৎ করিতে দিতেন না. এমন কি সময়ে সময়ে প্রহার পর্যান্ত করিতেন।

এইরূপে কিছুদিন অতীত হইলে একদা ঐ শাসনকর্ত্তা পীড়িত হইয় মৃত্য শ্যায় শায়িত হইলেন। তাঁহার জীবনের শেষ দশা নিকটন্ত দোর্থী। একদিন তিনি তাঁহার পত্নীকে এইরূপে প্রতিজ্ঞাবদ্ধ করাইলেন যে, তাঁহার মৃত্যুর পর সে অন্ত কোন পুরুষের সহিত বিবাহ করিতে পারিবে না এবং ভয় প্রদর্শন করিয়া বলিলেন, যদি সে তাঁহার মৃত্যুর পরে অন্ত লোকের সহিত বিবাহ স্থাত্ত আবদ্ধ হয়, তাহা হইলে তিনি তাঁহার সমাধি হইতে কিবিয়া আসিয়া ভাহাকে হত্যা কবিবেন। এই ঘটনার অল্ল দিন পরেই শাসনকর্ত্তার মৃত্যু হইলে নদীর পরপারস্থ সমাধিক্ষেত্রে তাঁহার মৃত দেহ প্রোথিত করা হইয়াছিল। যাহা হউক শাসন কর্ত্তার মৃত্যুর পরে কিছু কাল পর্যান্ত ঐ বিধবা মৃত স্বামীর দারা কোন প্রকারে অভ্যাচারিত হন নাই। স্থতরাং ক্রমে কাল বশে শাসনকর্তার ভয় বিধবার মন হইতে বিদূরিত হইল। অবশেষে পূর্বে যে যুবকের সহিত তাঁহার বিবাহের সম্বন্ধ হইয়াছিল. তিনি তাঁহাকেই বিবাহ করিয়া (क्लिटनन ।

বিবাহ রাত্রিতে ভোঞ্চনের পর যথন বাটীর সকলে নিদ্রামগ্ন ছিলেন, তথন ঐ রমণীর গৃহ হইতে এক ভয়ানক চাৎকার শব্দ প্রবণে সকলের নিদ্রাভঙ্গ হইল। রমণীর গৃহের বার ভিতর হইতে আবদ্ধ অথচ ভিতর হইতে কাতরোক্তি হইতেছে গুনিয়া বাটীর লোকেরা তাঁহার গৃহের দ্বার ভঙ্গ করিয়া ফেলিলেন। গৃহে প্রবেশ করিয়া তাঁহারা দেখিলেন যে তিনি শ্যার শায়িত অবস্থার মূর্জিতা হইরা আছেন। সেই সমরে যেন এক থানি পাড়ী বাটীর প্রাঙ্গণ হইতে বাহিরে যাইতেছে, এইরূপ শব্দ শ্রুত হইল। ঐ স্ত্রীলোকের শরীরের স্থানে স্থানে কালসিটা দাগ দেখা গিয়া-ছিল, যেন কে তাঁহাকে চিমটি কাটিয়া দাগ করিয়া দিয়াছে। তাঁহার গ্রীবা দেশ ক্ষত বিক্ষত। তন্মধা ২ইতে রক্ত বিনির্গত হইতেছে। কিছু ক্ষণ পরে উক্ত স্ত্রীলোকের মৃচ্ছো ভঙ্গ হইল। তথন তাঁহাকে জিজ্ঞাসা করাতে তিনি বলিলেন আমার পূর্বতন স্থামী হঠাৎ আমার গৃহাভাস্তরে প্রবেশ করিয়াছিলেন। তাঁহাকে জীবিতবং বোধ হইল, কিন্তু তাঁহার বর্ণ অত্যন্ত মণিন। আমি আমার প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া পুনরায় বিবাহ করিয়াছি বলিয়া, তিনি আমাকে যথেষ্ট ভর্পনা করিয়া নিচুর ভাবে আমাকে প্রহার করিয়াছেন। প্রথমে কেহই ঐ স্ত্রীলোকের এই কথা বিশ্বাস করেন নাই।

পর দিন প্রত্যুষে উপরিউক্ত নগর প্রান্তবর্ত্তী নদীর উপরিস্থিত পুলের भारतीया मकरनद निकृष्ठ निम्ननिथिक वर्गना कवियाहिन। এই नमीव অপর পারে পুলের সম্মুখের রাস্তা দিয়া সমাধি স্থানে যাওয়া যায়। চৌকি-मात्र बिनन, এकमिन तािं इरे अश्दत्रत मभग्न এकथानि क्रक्षवर्णित शाकी ৬ জন আরোহী লইয়া ঐ পুলের উপর দিয়া অতিক্রত বেগে সহরের দিকে তাহাদের বাধা না মানিয়া আসিয়াছিল। নৃতন শাসনকর্তা এই শকট আরোহী ভূতের কথায় বিশাস স্থাপন না করিয়া পুলের চৌকি-

দারের সংখ্যা বিশুণ বৃদ্ধি করিয়া দিয়াছিলেন। তথাপি প্রতি রাজিতেই এইরূপ ঘটনা ঘটিতে ছিল। চৌকিদারেরা আরও বলিল যে প্লের ফটক যেন আপনি আপনি উঠিয়া যাইত ও তাহারা বাধা দিবার চেটা করিলেও ঐ গাড়ী তাহাদিগকে অতিক্রম কৃরিয়া চলিয়া যাইত। এদিকে প্রতি রাজিতেই প্রায় এক সময়েই ঐরূপ গাড়ীর ঘর্ষর শব্দ ঐ বাটার প্রান্ধণে শোনা যাইত। উক্ত রমণীর বাটার ভৃত্তেরা অনিচ্ছা সত্ত্বেও শাসা বিশ্বাভিত্ত হইত। প্রত্যাহ ঐ রমণীর শরীরে পূর্ব্বিৎ প্রহারের দাগ দেখা যাইত। ঐ সময়ে রমণী মৃচ্ছিতা হইত। এই সকল সংবাদ ক্রমশঃ সহরের চারিদিকে ব্যাপ্ত হইল। উক্ত রমণীর কোন রোগ হইন্যাছে মনে হওয়াতে, চিকিৎসক আনাইয়া দেখান হইল। চিকিৎসকেরা ইহার কোন কারণ নিগর করিতে পারিলেম না। প্রোহিতেরা জ্যোত্র পাঠ করিলেন। কিন্তু পর দিন প্রত্যুবে ঐ স্ত্রীলোকটির অবস্থা পূর্বা-পেকা শোচনীয় হইয়া উঠিল। ক্রমে ঐ স্ত্রীলোকটি মৃত্যু দশায় উপনীত হইলেন।

ঐ প্রদেশের নৃতন শাসনকর্ত্তা পরিশেষে সহরের এই জনশ্রুতি বন্ধ করিবার জন্ম কঠিন উপায় অবলম্বন করিতে বাধা হইলেন। এবং একজন সাহসী ও বলিষ্ঠ কসাক্ সৈনিককে ঐ পুলের উপরে দাঁড় করাইয়া তাহাকে হকুম দিলেন যে, যত কেন বিপদ হউক না ঐ দৈত্যের পাড়ী বন্ধ করিতেই হইবে। তদমুসারে পূর্ব্ব প্রথান্ত্যায়ী সেই দিন ঠিক রাত্রি ছই প্রহরের সময় যথন সমাধি স্থানের নিকট হইতে ঐরপ গাড়ী পুলের নিকট আসল, তথন ঐ সেনাধ্যক্ষ ও একজন ক্রশধারী পুরোহিত চীৎক্ষার করিয়া বলিলেন "ঈশ্বরের শপথ ও ক্রশিয়া সম্রাটের আজ্ঞা, কে যাইতেছ ? বলিয়া যাও।" তাহাতে এক ব্যক্তি গাড়ীর বাহিরে মন্তক্ষ বাহির করিয়া বলিলেন 'চ——প্রদেশের শাসনকর্ত্তা ও সম্রাটের অমাত্য।

ভৎক্ষণাং ঐ দৈত্যের গাড়ী ঐ দৈক্রাধাক্ষ, পরোহিত ও দৈক্রদিগের মধ্য দিয়া ভড়িভের বেগে চলিয়া গেল. দৈল্পদিগকে নিখাদ ফেলিবারও অব-কাশ দিল না।

তখন প্রধান পুরোহিত প্রথামুসারে পুর্বোক্ত গবর্ণরের দেহ কবর হুইতে উঠাইয়া তাহার বক্ষ:স্থল ওকরকের শলাকা দারা বিদ্ধ করিয়া ব্দমির মধ্যে পুনরায় প্রোথিত করিবার প্রস্তাব করিলেন। সকলে সেই প্রস্তাবে সম্মত হইলে পর পুরোহিত্র সকল লোকের সম্মুখে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক উক্ত কার্য্য সম্পন্ন করিলেন। যে সময়ে ঐ শূল ভাহার বক্ষঃস্থলে প্রথম বদান হইয়াছিল, সেই সময়ে একটি ভয়ানক ক্রন্দন শব্দ ঐ দেহ মধ্য হইতে বহিৰ্গত হইয়াছিল এবং দেই ক্বরত্ব শ্বদেহ হইতে রক্তধারা অতি তেজে বহিৰ্গত হইয়াছিল। প্ৰধান পুরোহিত কর্ত্তক ঐ শবদেহ মৃত্তিকা মধ্যে পুনঃপ্রোথিত হইবার পর ঐ রক্তশোষক বেতালের আর কোন কথা গুনা যায় নাই।

শ্রীগর্গাচরণ চক্রবর্তী।

## প্রেতিনীর আত্মকথা।

### দ্বিতীয় দিনের কথা।

তার পরদিন ভোরে উঠিয়া কেবল গত রাত্রের কথাই ভাবিয়াছি r কথা আছে আজও আসিবে। সমস্ত দিন অগ্রমনস্ক ভাবে কাটিয়া গেল। পড়াওনা মাথা মুঞু কিছুই হইন না। সতাই কি আত্মার কোন অন্তিভ্য **আ**ছে ? মরিনেও ভূত বলিয়া কিছু থাকে কি ? কেবল এই চি**ত্তা** কবিয়াছি। ধীরে ধীরে রাতি আসিল। ক্রমে অন্ধনার আরও ঘনাইর

আসিল। অন্তদিনের মত আহার করিতে বসিলাম কিছু আৰু বড় তাড়াতাড়ি আহার হইল। মনে কেবল আত্তক—এই বৃষি আসিরাছে। বরে বাইরা দরজা বন্ধ করিলাম, আলো নিবাইরা দিলাম। তথনও ১ লাটা বাজে নাই। উভ্রে শ্যার শরন করিয়া আছি, প্রভ্যেক মুহুর্ত্তে ভূতের আগমন প্রতীকা করিতেছি। এরূপ ভাবে অর্দ্ধ ঘন্টা ছিলাম। এমন সমর শক্ষ হইল। একবার, তুইবার, ভিনবার সেই ঠক্ ঠক্ শক্ষ হইল। জিলাসা করিলাম, "আসিয়াছ?"

উরের। হাঁ।

ত্র। আচ্ছা, তুমি এথানে আমাদের কাছে কেন আইস; আমরা তোমার কি করিতে পারি ?

উত্তর। কেন আসি জানি না, কিন্তু প্রাণের বড় জালা। প্রাণ্ড মনে পড়ে এই থানে, এই প্রকোঠে — যে প্রকোঠে তোমরা আছ, যেথানে আমি অসিরা বসিরাছি এইথানে আমার অতীতের কত স্থৃতি জড়িত আছে, কত স্থৃথ হঃথের থেলা থেলিরাছি। এইথানে আমার জীবনের বিশেষ স্থরনীয় কত বটনা ঘটরা গিরাছে। এইথানে আমি একজনকে পাইরাছিলাম, এইথানে ভালাকে ভালবাসিরাছিলাম; আবার এইথানেই ভালাকে হারাইয়াছি। আরও আছে। ঐ যে নিমে চৌবাচ্চা! হার, হার! কি বন্ত্রণার, কি কঠে, উহাতেই আমার জীবনের শেষ হইয়াছে! সে যে কি যন্ত্রণার, কি অব্যক্ত অনিচ্ছা-মৃত্যু তাহা মনে হইলেও শরীর শিহরিরা উঠে। ভাই দেখিতে জাসি। আমি তো কিছুই ভূলিতে পারি নাই! আমি যেই আমি সেই আমিই আছি। হার! কেন ভবে এমন কঠে এমন যন্ত্রণার ছট্কট্ট করিরা বেড়াই।

রমণী কাঁদিতে লাগিল। ঘরে মাহুর নাই কিন্তু রমণীর ক্রন্দনধ্বনিতে ঘরটা একটা বিষাদের ছায়ায় ঢাকিয়া গেল। রমণী শাস্ত হইল।

व्यामत्। तिनाम, शाक् कांक नांहे तम नव कथा विनत्ना। कृषि कि हन्या पड़ा कान ?

উত্তর। জানি।

প্রঃ। আছো লেখ দেখি ? ঐ টেবিলে দোয়াত কলম আছে।

কান পাতিয়া শুনিলাম দেওয়ালে ধন্ ধন্ শব্দ হইতেছে। আতে একটা কিছু পতন শব্দ হইল। স্থালো জ্বালিয়া দেখিলাম দেওয়ালে স্পষ্ট স্পষ্ট পাৰ্ব্বতী ও আমার নাম লেখা রহিয়াছে। কিন্তু লেখাগুলি ঠিক একটানে লেখা নহে। " অক্ষরগুলি কেমন ছাড়া ছাড়া। "প"টা यम वह करहे २१० हात्न त्नथा इटेबाएइ : প্রত্যেক শব্দ ই এইরূপ। এক ধানা অৰ্দ্ধ ক্ষয়প্ৰাপ্ত টীকা নিমে পড়িয়াছিল, বুঝিলাম উহা দাৱাই লেখা হইয়াছে। আলো নিবাইয়া জিজ্ঞাসা করিলাম,—কালি কলমে কাগকে विथिति ना ?

উত্তর। আমার কোন অবম্বব নাই। ইচ্ছা করিলেই কলম ধরিতে পারি না।

था:। তবে দেওয়ালে निधिल कि कतिया ?

উত্তর। বায়ুর শক্তি দারা টীকা থানাকে উপরে উঠাইয়াছি এবং উহা দারা অতি কটে লিথিয়াছি তাই ছাড়িয়া ছাড়িয়া লেখা হইয়াছে। কিছুক্ষণ আমরা উভয়েই নীরৰ ছিলাম হঠাৎ যেন বিষম যাতনার একটা চীৎকার ধ্বনি শুনিয়া আমরা চমকিয়া উঠিলাম। পরক্ষণেই শুনিলাম-

"বড় তৃষ্ণা, বড় কুধা, পিপাসায় আমার বুক ফাটিয়া বাইতেছে. কুধার আমি সমস্ত অস্ককার দেথিতেছি। আর যে সৃষ্ট্র না! উ: কি যন্ত্রণা। আমার কি হবে!

প্র:। তোমাকে জল আনিয়া দিতেছি খাবার আনিয়া দিতেছি— তুমি স্থৃত্বি হইয়া আহার কর।

উত্তর। তা যদি পারিতাম তবে এ যন্ত্রণাকেন সহ করি। কত স্থানে ভ্রমণ করি, কত পুন্ধরিণী, কত কুপ, কত খাদ্য পড়িয়া আছে, কিন্তু প্রবেশ ইচ্ছা সম্বেও মাহার করিতে পারি না। তৃষ্ণায় কণ্ঠ গুচ্চ তবুও জল পান করিয়া তপ্ত হইতে পারি না। হায়! হায়!। অপমৃত্যুর কি বিষময় প্রায়শ্চিত।

মনে মনে হঃথ হইল। ভাবিলাম হা অভাগিনী ! সংসার ছাড়িয়া গিয়াছ, তরুও শান্তি নাই। প্রকাশ্যে বলিলাম, "আমরা ভোমার এ কট দুর করিব। গরায় পিগু দিলে নাকি পাপের মুক্তি হয় আমরা তোমার নামে যে ভাবে হউক গয়ায় পিগু দিব।"

সে উত্তর করিল.—"কাজ নাই তোমাদের সে কষ্ট করিয়া। আমি গন্ধার জনৈক পাণ্ডাকে বলিয়াছি। সে পিণ্ড দিবে স্বীকৃত হইয়াছে, কিন্তু যে দিন সে পিণ্ড দিবে, সে দিন হইতে আর ত তোমার্দের দৈখিতে পাইব না।" আমরা বলিলাম "তা হউক, তবুও তুমি মুক্ত হও।" বলিতে কি প্রাণের কোন নিভূত কক্ষ হইতে যেন যাহার রূপ দেখি নাই, যাহাকে দেখিবারও আশা নাই, সেই একটা অসৎ চরিত্রা স্ত্রীলোকের জন্ম কি একটা অব্যক্ত বেদনা অনুভূত হইল। কে বলিবে हेश कि १

পরকণেই আবার পুর্বের দিনের স্তার নম কঠে ধীরে, অতি ধীরে বেন কত অনিচ্ছায় কত কোমলতায় জিজাসা করিল.—"তবে এখন ্আসি 😷 অনিজ্ঞায় বলিলাম "যাও"। সে কণ্ঠস্বর আজও ভূলিতে পারি নাই।

### তৃতীয় দিনের কথা।

আজও ঠিক তেমনি সময়ে, তেমনি আহারাদি করিয়া আসিয়া আলো নিবাইয়া বসিলাম। আবার তেমনি শব্দ হইল। ক্রমেই আমাদের কুতৃহল বাড়িতে ছিল, ক্রমেই যেন অলক্ষো একটা আত্মীয়তা, একটা সহাস্তৃতির টান আমাদের অধিকার করিয়া বসিতেছিল। এখন আর ভার নাই, বিম্মান নাই। এখন আর বিলম্ব সন্থ হয় না। এক মিনিটে দশ মিনিট বলিয়া অন্থমান হয়। আসিবে না মনে হইলে প্রাণটা কেমন করিয়া উঠে। কেন এমন হয় জানি না; আপনাকে আপনি অনেকবার জিজ্ঞাসা করিয়াছি উত্তর পাই নাই।

আজও আসিরাছে, আজও কত কথা হইল। কত ভূত, ভবিষ্যৎ, অতীত বিষয় জিজ্ঞাসা করিলাম। কত পাপ পুণোর কথা জিজ্ঞাসা করিলাম। তাহার নিজের সম্বন্ধে কতই জিজ্ঞাসা করিলাম। প্রত্যেক কথার, প্রত্যেক স্বরভঙ্গীতে একটা গর্ব্ব, যেন একটা অহঙ্কারের ঢেউ, খেলিতে লাগিল। আমি জিজ্ঞাসা করিলান,—''ভোমার এখন কি ইচ্ছা হয় প'

সৈতিত্তর করিল,—"মামি মরিয়ছি, আমার পাপ চিন্তা পাপ প্রবৃত্তি ছাড়িতে পারি নাই। আমার দাধ হয় আমার সেই পূর্ণ যৌবনের বিশ্ববিমাহন রূপের ছটা তোমাদের একবার দেখাই। জগংকে দেখাই, আমি কত স্থলরী, আমার কত অগাধ প্রেম, আমি কত ভালবাসিতে পারি। ইচ্ছা কতই হয়; কিন্তু হায়, পারি না কিছুই! যাহাকে ভালবাসিয়ছিলাম, যাহার নিকট দিবারাত্র থাকিতে, আমার প্রাণ এখনও লালায়িত। দে আমাকে দেখিয়াও দেখেনা, ব্রিয়াও ব্রেনা। ভয়ে জড়সড় হইয়া সর্বানা জন কোলাহলে থাকে, আমাকে অজ্ঞাত অপরিচিত ভ্তত মনে করিয়া নানা প্রকার অত্যাচার করিয়া তাড়াইয়া দেয়।"

জিজ্ঞাসা করিলাম—"সে কোথায়, তাহার নাম কি?

উত্তর করিল—''বৌবাজার''; কিন্তু নামটা কিছুতেই বলিল না।
আমি জিজ্ঞাসা করিলাম,—"আছো, মৃত ব্যক্তিসকলকে কি তোমরা
দেখিতে পাও ?"

উত্তর করিল—''সকলকেই পাই। কিন্তু পুণ্যাত্মা বাঁহারা, তাঁহাদের সন্মূপে যাইতে পারি না। এপানেও শ্রেণীবিভাগ আছে। মৃত্যুর পর পরবর্ত্তী জন্মগ্রহণের পূর্ব্বে সকলকেই একটা নির্দিষ্ট অথবা অনির্দিষ্ট কাল প্রেতলোকে বাস করিতে হয়। তবে বাঁহারা সাধক, তাঁহারা অনেক উর্দ্ধে নিশ্চিন্ত মনে, নিরূপদ্রবে বাস করেন, আর আমরা—আমাদের কটের সীমা নাই।"

পার্বাতী জিজ্ঞাসা করিল,—"ব্রহ্মবান্ধব উপাধ্যায় কোথায় আছেন ?" তথন অনেকের প্রাণেই উপাধ্যায়ের 'স্থৃতি। জাগিতেছে; আর আমরা তাহার বড়ই গুণমুগ্ধ ছিলাম তাই উপাধ্যায়ের কথাই জিজ্ঞাসা করা হইয়ছিল। উত্তরে সে বলিল ''তিনি আমাদের অনেক উর্দ্ধে, তিনি সাধক, তাহাকে আমরা দেখি মাত্র কাছে যাইতে পারি না।" আবার সেইরূপ অন্থির ভাব প্রকাশ করিতে লাগিল। আবার ফেই ক্তির প্রার্থনা, আবার—''আমি তবে আসি ?" ধ্বনি। মনে হইল, যেন বেশীক্ষণ থাকিলে একটা তীব্র যাতনা অনুভব করে। যেন শত চেষ্টা করিলেও থাকিতে পারিবে না। সেই কথার ভাবে, সেই কাতরতাব্যক্কক স্বরে আপনা ইইতেই সহায়ভূতি আইসে। কি জানি হয়ত প্রাণে ব্যথা লাগিবে এই ভয়ে, কারণ অনুসন্ধান করি নাই, অনিচ্ছায় সম্বতি দিয়াছি। চতুর্থ দিন।

আমরা আমাদের নিজেদের কথা লইরা বাস্ত ছিলাম। আত্মীর বন্ধুবান্ধবের মঙ্গলামঙ্গল, কে কোথায় কেমন আছে ইত্যাদি অনেক প্রশ্ন করিরাছি এবং প্রকৃত উত্তরও পাইরাছি। আমার জনৈক বন্ধ পত্নির সস্তান হয় নাই। তাহার কথা আমার মনেই ছিলনা কিন্তু ভূত নিজে বলিরা উঠিল, "সকলের কথা জিজ্ঞাসা করিলে তোমার অমুক বন্ধু-পত্নির কথা জিজ্ঞাসা করিলে না ? সে যে আমার আত্মীয়া! পূর্বজন্মে, অর্থাৎ আমার গত জন্মের পূর্বজন্মে সে আমার ভগ্নিছিল। ভাছাকে আমি একটা ঔষধ দিব ভোমরা দিতে পারিবে কি ?"

আমরা অবাক। বলিলাম, "পারিব।"

আমরা বলিলাম, তুমি যেমনটা ছিলে সেই অবয়ব ধরিয়া কি আমাদের একবার দেখা দিতে পার না ? সে উত্তর করিল—"পারি, কিন্তু তোমারা হয়ত ভয় পাইবে তাই দেই না"। আমরা অনেক অমুনয় বিনয় করায় স্বীকৃত হইয়াছিল একদিন আমাদের তাহার পূর্বক্ষপ দেখাইবে। আরও কত কি কথা হইল। কিন্তু কাজের কথা কিছুই বলা হয় নাই। ইচ্ছা ছিল প্রতাহ উহাকে লইয়া কত কথাই কহিব। কত প্রয়োজনীয় কথারই মীমাংসা করিব। কত বন্ধু বা**দ্ধবকে** এই আশ্চর্য্য ঘটনা প্রত্যক্ষ করাইব। কিন্তু হায় ! আমরা নির্ব্বোধ, আমাদের কপীলৈ ভাহা হয় নাই। আমরা কোন্দিন কোন কার্য্য করিয়াছি; ভাল মন্দ সকল কথাই বেশ পরিষ্কার করিয়া বলিতে লাগিল! কভ গোপনীয় কথা, যাহা জগতে কাহারও জানিবার উপায় নাই, ঠিক্ ঠিক্ ভাহা এই প্রেতাম্মা বলিতে লাগিল। আমরা কুতৃহলের বশীভূত হইয়া অনেক কথাই জিজাদা করিয়াছি। ক্রমে ঘাইবার সময় হইয়া আসিল. আবার দেই বিদায়ের কাতর প্রার্থনা—"আমি তবে আসি ?" আমরা বলিলাম যাও। হায়। জানিতাম না এই যাওয়াই শেষ যাওয়া হইবে।

তার পরের দিন আমাদের মেসে আসিতে একটু বিলম্ব হইয়াছিল, এ দিন আরও ছই একটা বন্ধুও আমাদের সহিত আসিয়াছিলেন। আসিয়া আলো জালিলাম। যাহা দেখিলাম তাহাতে হতবৃদ্ধি হইলাম। প্রাণের মধ্যে যে কি একটা কেমন করিয়া উঠিল তাহা বুঝাইবার নহে,—দেখাইবার নহে। অমুভব করিয়া দেখিলাম, দেওয়ালের গাত্রে কি বেন লেখা আছে। আলো ধরিয়া দেখিলাম এই কয়টা কথা,—

"আমি চলিলাম, যদি থাকি দেখা হইবে নতুবা বিদায়। ঔষধ টেবিলের কোলে রহিল ভাহাকে দিবে।" দেখিলাম সভা সভাই এক-টুকরা কাগজের উপরে একটা ছোট শিকড়ের মত কি একটা পদার্থ পড়িয়া আছে। বুক ফাটিয়া কালা পাইল। কেন পাইল জানি না। আগে যদি আনিতাম এত শীঘ্রই তাহাকে হারাইতে হইবে, তবে আরও কত কি জিজ্ঞাসা করিতাম। প্রাণ খুলিয়া কত কথা কহিতাম। কে জানিত এমন হইবে? কে জানিত এত শীঘ্ৰ হাৱাইব ? কে বলিবে অবংক বাতনা আমিল কেন ? সে মুক্ত হুইবে, এই জালা যন্ত্ৰণা পূৰ্ণ জীবনের শান্তি লাভ হইবে, ইহাত স্থাপর কথা। তবে কেন আমার প্রাধে এমন হাহাকার ধ্বনি। কে বলিবে ইহা অনুরাগ কি না!

আশ্চর্যা এই আমার বন্ধ-পত্নিকে সেই ঔষধ মাহলী করিয়া দেওয়ায় তিনি এখন গর্ভবতী। কতদিন দেই প্রেত-আত্মার জন্ত একা ব্রিটানন বসিরা থাকি, কিন্তু আর কখন সপ্রেও তাহাকে দেখি নাই।

শ্রীসতীক্ত নাথ রায় চৌধুরী।

## স্বামী সচ্চিদানন্দ বালক্ষ ।

( তাঁহার জীবনের কতকঞ্লি অলোকিক ঘটনা।)

(স্বামীজীর বয়স প্রায় ৫৫ বর্ৎসর, ইনি এক্ষণে বুন্দাবনে নাগলা গোপীনাথে থাকেন। তথায় তিনি ব্রম্ববোলা বলিয়া পরিচিত। ঢাকা জেলার অন্তর্গত ধামরাই গ্রাম ইহার জন্মন্থান। ইনি কলিকাতা বিশ্ব-বিস্থালয়ের বি, এ, পাশ করিয়া এম, এ, পড়িতে থাকেন, নানা কারণে পত্নীকা দেওয়া ঘটে নাই। কিছুদিন ঢাকায় শিক্ষকতা করিয়া সংসারে

বৈরাগ্য হওয়ায় প্রায় ২৫ বংসর হইল গৃহত্যাগ করিয়াছেন। কাশী-ধামস্থ পরমহংস স্বামী বিশুদ্ধানন্দ সরস্বতী মহাশরের নিকট হইতে সন্মাস ও পরমহংস-দীক্ষা গ্রহণ করেন। পুর্বাশ্রমে ইহাঁর এক স্ত্রী ও এক পুত্র বর্তুমান আছেন। স্বামীজী একজন সম্প্রদায় বিহীন সাধক. দৌর. শান্তে, বৈঞ্ব, গাণপত্যা, শৈব, সকল উপাদকের প্রতিই ই**হাঁর** সমান অমুরাগ, নিজেও অনেক মতে সাধন করিয়াছেন। বৈঞ্চৰ মণ্ডলীর মধ্যে ইহাঁর নাম প্রায়ই বহু সমাদরের সহিত ব্যবহৃত হইতে শুনা যায়; অথচ ইহার আচার বাবহার ঘোর শাকের মত।

স্বামীজীর প্রকৃতি বালকের ন্তায়, এবং তিনি নিজ জীবনের ঘটনা-বলী গোপন রাখিতে পারেন না। এক সময়ে স্বামীন্দী তিন মাসকাল শ্রদ্ধেয় প্রবন্ধলেথক কার্ত্তিক বাবুর হাকোলার বাটীতে অবস্থান করিয়া-চিলেন ৷ তৎকালে প্রবন্ধলেথক অনেক প্রকার ভৌতিক ও দৈব ঘটনা ভাঁহার প্রমুগাৎ শুনিয়াছিলেন। স্বামীজীর অমুমত্যানুসারে, এবং তাঁহা-বই আবৃত্তিমত তিনি নিজ হত্তে অনেকগুলি ঘটনা লিপিবদ্ করিয়া-ছেন। উক্ত ঘটনাবলি হইতে কতকগুলি আমরা অলোকিক রহস্তের পাঠকবর্গকে উপহার দিব।)

(3)

#### প্রেতের দীক্ষালাভ।

খামীজী ভাগলপুরে গঙ্গাতীরে এএকটি মন্দিরে করেকদিন ছিলেন। ভথার প্রত্যহ শিবলিঙ্গ, নারায়ণ, রাধাক্বফ প্রভৃতি চিত্র-বিগ্রহের পূঞা করিতেন ও অপরাহে করেকটি পরিচিত লোকের সহিত কীর্ত্তনাদি করিতেন। ব্রন্ধচারী কুলদা প্রসন্ন, প্রাণক্বফ, মহাবিষ্ণু প্রভৃতি কয়েকটি লোক স্বামীজীর নিকট যাতায়াত করিতেন ও কীর্ত্তনাদিতে যোগ দিতেন। একদিন কীর্ত্তন সমাপনের পর সকলে চলিয়া যাইলে স্বামীজী উক্ত মন্দিরের বারাভায় বসিয়া আছেন এমন সময়ে একটা দীপশিথার মত আলোক ক্রমশ: স্বামীক্সীর দিকে আসিতেছে, দেখিলেন। নিকটস্থ হুইলে দীপ শিখাটি যেন একটি অস্পষ্ট মনুষা মূর্ত্তি বলির। বোধ হুইল। মূর্তিটি কহিল "আমি আপনার প্রাণক্লফের পিতা। আমাকে কুপা করিয়া আপনি একটি নাম দিন।'' স্বামীজী বলিলেন "এটি কাল্পনিক কি প্রকৃত ঘটনা আমি বুঝিতে পারিতেছি না, আপুনি আপুনার পুর্বের মূর্ত্তি স্পষ্ঠ করিয়া দেখান, এবং এমন কোন বিশেষ চিহ্ন থাকিলে, তাহাও দেখান, যাহাতে আপনাকে প্রাণক্ষের পিতা বলিয়া প্রতায় করা যায়।"

— অতঃপর দেই মূর্ভিটি স্পষ্ট মন্তুযারূপ ধারণ করিল ও মস্তকে টাক দেখা যাইতে লাগিল। স্বামীজী ঐ মাধার টাককে বিশেষ চিত্র বলিয়া বুঝিলেন। ভিনি মূর্ন্তিটিকে পরদিন সায়াহে কীর্ন্তনকালে সীসিতে বলিলেন।

পরদিন প্রাতে প্রাণক্ষফ গঙ্গামান করিতে আসিয়া, যথারীতী স্বামী-শীর সহিত সাক্ষাৎ করায় তিনি তাহার দিকে চাহিয়া এরূপ ভাবে হাস্ত করিতে লাগিলেন যাহাতে প্রাণক্ষণ্ড মনে করিল যে স্বামীন্ধী ভাহার সম্বন্ধে কোন কথা বলিবেন। প্রাণক্ষ্ণ ব্যাপার জানিতে উৎস্থক হও-রায় তিনি গত রাত্রের ঘটনা সমুদয় তাহাকে বলিলেন। প্রাণক্ষণ্ড নিজের পিতার জীবদ্দশায় মন্তকে টাক থাকা স্বীকার করিল। তাহার পিতার চেহারার সহিত স্বামীজীর বর্ণিত চেহারার ঠিক মিল হইল। পিতার দীক্ষালাভ একটা বহু ভাগ্যের কথা বিবেচনা করিয়া, প্রাণকৃষ্ণ সেই দিন কীর্ত্তন জন্ম একটু বিশেষ ভাবে আয়োজন করিল।

সন্ধায় কীৰ্ত্তন কালে প্ৰাণক্ষের পিতা আসিলেন, স্বামীজী ভাহাকে আলিক্সন করিয়া একটি নাম দিয়া দিলেন, তিনিও পূর্ণ মনোরথ হইয়া

অদশ্র হটয়া গেলেন। অবশ্র এই দীক্ষা ব্যাপার অপর কীর্ত্তনকারীদের চক্ষর গোচর হয় নাই।

এই ঘটনাটি ১৯০৭ সালের জাতুয়ারি সংখ্যা হিন্দু জ্পিরিচুয়াল ম্যাগা-জিনে একবার প্রকাশ হয়। তৎকালে সম্পাদক শিশির বাব ঘটনাটির সভাতা নির্ণয় জন্ম স্বামীজীকে পত্র লেখায় স্বামীজী ইহার সভাতা স্বীকার করেন। শিশির বাব এইরূপ ইহার মীমাংদা করিতে চান। "ভিক্রিয়েগ প্রভাবে স্বামীঙ্গীর মত লোকে অলৌকিক শক্তিলাভ করেন। ইহাঁদের কাছে শক্তি আপনা ছইতেই আসিয়া পড়ে অর্থাৎ এরূপ ভক্তে শক্তিলাভ জন্ত প্রার্থনা বা অভিলাষ করেন না। ভক্তি ও সাধনের বছ পথের মধ্যে কীর্ত্তন করা একটি মন্ততম পদ্ম। এই কীর্ত্তন দ্বারা ভক্তের সমাধি হয়। এই সময়ে তাঁহাদের আত্মা দেহ হইতে আংশিক বা সম্পূর্ণ ভাবে পুথক হইয়া যায়। এই সমাধি অবৃস্থায় অন্ত লোকের জীবের স্থিত দর্শন ইত্যাদি ভক্তদের ঘটে।" সামাদের কিন্তু এমত ভাল লাগে না।

(२)

#### মুতের সদ্গতি লাভ।

ভাগল পুরের মন্দির হইতে তথায় জনৈক উকিলের বাটীতে স্বামী-জীকে ক্ষেক দিনের জন্ম যাইতে হয় ৷ উক্ত উকিল বাবুর জনৈক কর্ম-চারীর মুমূর্ অবস্থা হওয়ায় লোকটকে তীরস্থ করিতে স্বামীজীর ইচ্ছা হয়। কয়েকটি লোকে তাহাকে গলায় লইয়া গেল। স্বামীজীও সঙ্গে গেলেন। রাত্রি অন্ধকার, তাহার উপর ঝড়বুষ্টি থাকায় পাড়ার লোকে একে একে সরিয়া গেল, একটি বালক উপরের মন্দিরে বসিয়া রহিল মাত্র। স্বামীজী রোগীকে ম্পর্শ করিয়া বদিয়া রহিলেন। এমন সময় শামীনী দেখিলেন একটি লোক যেন শিবমন্দিরের ভিতর প্রবেশ করিল।
কোন একটি অলোকিক ঘটনার সম্ভাবনা দেখিয়া শামীনী একটু
সতর্ক রহিলেন। কিছু পরেই শামীনী দেখিলেন একটি জ্যোতির্মার
মূর্ত্তি আসিয়া তাঁহাকে বলিল "আপনি উহাকে ছাড়িয়া দিন।" তিনি
কারণ জিজ্ঞাসা করার মূর্ত্তিটি কহিল "আপনি সদ্প্রক লাভ করিয়াছিন,
আপনি নিকটে থাকিতে আমরা উহাকে লইতে পারি না।" তিনি
মুম্র্কৈ নাম না ভনাইয়া ছাড়িতে পারিবেন না বলায় মূর্ত্তিটি চলিয়া
গেল। পরে শামীনী নাম ভনাইতে ভনাইতে লোকটির মৃত্যু হইল।

দিনকমেক পরে মৃত ব্যক্তির জ্যোতির্শ্বর মৃত্তি স্বামীজীকে দর্শন দিয়া রলিল "আপনি নিকটে থাকায় আমার অনেক উপকার হইয়াছে আমি স্লাতি পাইয়াচি।"

শ্রীকাত্তিক চন্দ্র বন্দ্যোপাধ্যায়।

# যমালয়ের পত্রাবলী।

### তৃতীয় পত্ৰ।

( পূর্ব্ব প্রকাশিতের পর।)

এখানে একটা ক্বষ্ট, পঞ্চিল, গুরুভারবারিপূর্ণ, স্রোভন্মিনী প্রবাহমান। তোমাদিগের স্থসভা বিজ্ঞাতীয় বিজ্ঞোৱা তাহার নাম দিয়াছেন, "লিথ্" (Lethe) বিশ্বৃতি। তোমরা তাহাকে বৈভরিণী বল। তোমরা বে নামেই তাহাকে অভিহিত কর না কেন, তাহাতে তাহার প্রকৃতির কোনও পরিবর্ত্তন করিতে পারে না,—তাহা মানবের কুকর্মের বিশ্বৃতি

উৎপাদন করিতে পারে না। বিশ্বতি হওয়া দূরের কথা, সেই নদী দর্শনমাত্রেই, পার্থিব জীবনের সমস্ত পাপকাহিনী, একেবারে শ্বরণে বাগিয়া উঠে। তবে, জীবদ্দশায় যাহার কিছু উচ্চ বা ধর্মভাব ছিল, তৎসমুদয় এথানে বাদকালীন আর মনে আদে না। তাই বুঝি ইহার নাম লিখ ৷ তাহাই বুঝি প্রকাশ করিতে প্রাচ্য জ্ঞানীরা ইহাকে এই নামে অভিহিত করিয়া আসিয়াছেন। শ্বরণে আনিতে অনেক চেষ্টা করিতেছি, স্বৃতিতে আসিতেছে না,—জীবদ্দশায় কাঁহার নাম যেন আমি মাঝে মাঝে করিয়াছি, কাঁহাঁর পবিত্র গীলা কথায় আমার চিত্ত মুগ্ধ হইত, কে যেন অন্তরে থাকিয়া মধুর আখাদবাণীতে আমার হৃদয় আনন্দে পরিপ্লুত করিত! এখনও খেন তিনি আমায় পরিত্যাগ করেন নাই! তিনি অন্তরে আছেন বলিয়াই যেন, আমি তুপ্তিলাভ করিতে ছুটিয়া বেড়াই. কৈন্ত নিজ কর্মদোষে প্রকৃত শান্তি খুঁজিয়া পাই না। ওই যে দুরাগত আলে!ক রশ্মির কথা বলিয়া আদিয়াছি, তাহা কি সেই অজানা দেশের অজ্ঞাত শান্তি-কেন্দ্র হইতে আদিতেছে? বতাহাই হইবে। তাই সেই আলোক দর্শনে যেন স্থাধের আশা আসিয়াছিল। আবার যথন বৈত্রিণীর কুইকিরণজাল তাহাকে গভীর কুই আবরণে মগ্র করিতেছিল, তথন পূর্ণ নিরাশা আমার প্রাণ আচ্ছন করিতেছিল। কুষ্টকিরণজাল বলাতে তোমরা স্তম্ভিত হইতেছ? কিরণজাল আবার কুষ্ট, সে কি ? ইা. বৈভরিণী হুটতে ছোর কুষ্ট ভিমির মাঝে মাঝে চারিদিক আচ্ছন্ন করে। অতি নিবিড অন্ধকারময় ক্যাসারমত যেন কি একটা আবরণ, বৈতরিণী হইতে উঠিয়া দিকদিগন্ত ছাইয়া ফেলে। ইহাই আমার পূর্বাকণিত গাঢ় মগীময় বিভাবরী। এই নদী অস্তবের বাসভূমি, মহাপাতকীর ভোগস্থান। ভাহাদিগের বীভৎস চিস্তা-রাশি তরক্ষে তরক্ষে নদীগর্ভ হইতে উঠিতে থাকে। ভীত্র যাভনার ভাহাদিগের অব্যক্ত ভাষা, নিরাশার তীত্র হ্বদয়-জালা, কুয়াসার মত আসিয়া আমাদিগকেও সময়ে সময়ে আছের করে, এবং সেই দাকণ অন্ধকারময় আবরণের ভিতরে পড়িয়া আমরা প্রাণে শত বৃশ্চিক দংশনের যাতনা পাই।

তোমাদিগের পার্ধিব নদীর জুয়ার ভাটার ন্যায় এই নদীরও জলের হাসর্দ্ধি আছে। যথন পৃথিবীতে মিথা। প্রবঞ্চনা ও অধ্যের বৃদ্ধি হয়, এই নদীও দেই সময়ে ফুলিয়া উঠে। মানব রাজ্যের প্রত্যেক অভ্যাচার, প্রত্যেক পাতক ইহাকে পুষ্ঠ করিতে থাকে। ভাই এই নদীর জল এত পঙ্কিল, এত অপবিত্র, ঘনীভূত রুধারের মন্ত গাঢ়। যথন তোমাদিগের পৃথিবীতে অস্বাভাবিক অধ্যের অভ্যথান হয় বৈভরিণীর গাঢ় জল ছই কূল ছাপাইয়া চতুদ্দিকে ধাবিত হয়ু। ভাহারই ফলে ভোমাদিগের রাজ্যে মহামারি ও প্রাকৃতিক বির্দ্ধির ঘটে। তথন আমাদিগের বে কি যাতনা, ভাছা আর ভোমাদিগেক কি

আমি শুনিরাছি, এখানেও মাঝে মাঝে অভি বৃষ্টি হয়, কথন কথন তুষারপাত ও হইতে দেখা যায়। নরকে আবার অভিবৃষ্টি তুষারপাত ! ভোমরা হয় ত একথা শুনিয়া হাসিবে; ভাবিবে, আমি প্রলাপ বলিভেছি। আমার কিছুই প্রলাপ নয়। তোমাদিবের জগতে যখন ছষ্ট কার্যোর অভিশন্ন বৃদ্ধি হয়, অথবা শৃষ্ঠ গর্মা, বৃথা আআভিমান বর্দ্ধিত হয়, তথনই এখানকার প্রাকৃতির এই অস্বাভাবিক পরিবর্ত্তন ঘটিতে থাকে। ভোমরা বলিবে, এ গুলিত পৃথিবীর ধর্মা, হয়্ট কার্যা, বা মানবের বৃথা আআভিমান ইহারা ত পৃথিবীর নিত্য বয়; কিন্তু ত্রাচ ভাহারা মাঝে মাঝে এত বাড়িয়া উঠে যে, পৃথিবীতেও সে সমস্ত

অসহনীয় বলিয়া মনে হয়। তথন সেই অতিরিক্ত অংশটুকু এথানে আদিয়া এথানকার প্রাকৃতিক অবস্থারও পরিবর্ত্তন ঘটায়। আমরা পৃথিবীর ভাষাই শিথিয়া আদিয়াছি, আমরা সেই ভাষায় তথন বলি, "কয়দিন ধরিয়া অতি বৃষ্টি হইতেছে", "কয়দিন ধরিয়া গাঢ় তৃষার জালে আমরা আবরিত বহিয়াছি।"

এই ভোগ লোকের যে কেবল পূর্ম্বোক্ত প্রাকৃতিক পরিবর্তন হয়, তাহা নয়। তথায় দামাজিক ও রাজনৈতিক ব্যাপারও হইতে থাকে। সমধর্মী সমস্বাভাবীবিত নানাস্থানের লোক মিলিত হইয়া একটা নগর নির্দ্মিত হয়। এইরপে এখানে নরঘাতীর, পরস্বাপ-হারীর, ধনলোলুপের, কর্ত্তব্যহীন বিচারকের ও কামাসক্রের বিভিন্ন বিভিন্ন পুরী বর্ত্তমান। তোমরা ভাব তোমাদিগের কারাগার বা মৃত্যুদণ্ড মানবের স্বভাবের পীরিবর্ত্তন করিতে দক্ষম হয়। বৈমন ভোমাদিগের দকল ধারণা, এটাও সেইরূপ ভ্রমপূর্ণ। তোমাদিগের রাজদণ্ডে দণ্ডিত অপ-রাধীকে ছুই শ্রেণীতে বিভক্ত করা যায়। এক দল অতি শিশু প্রকৃতির মানব। তাহাদিগের চিম্বা ও জ্ঞানশক্তি অতি অন্নই বিক্ষিত ইইয়াছে: ভাহাদিগের ধর্ম ও নীতিজ্ঞান অতি অরই প্রাফ্টিত হইয়াছে। তাহা-দিগের চিত্তবৃত্তির ক্রুবণ হইবে, এই উদ্দেশ্তেই তাহারা অসভাগাতির মধ্যে জন্মগ্রহণ করিয়াছিল, এবং ভীষণ কার্য্যকলাপরূপ ঘাত প্রতি-খাতের দারা তাহাদিগের ক্রদ্ধ বিক্সিত চিত্তের বিক্ষারণ করিত। কিন্ত তোমাদের সভালাতিরা কি করিল ? তাহাদিগের মাতৃরূপিণী জন্মভূমিকে ছলে ও বলে অধিকার করিয়া সভ্যজাতির উচ্চনীতি ও রাজনিয়ম ভথায় প্রচার করিয়া দিল; তাহাদিগের দহামুভাবিনী জননীম্বরূপিণী জন্মভূমিকে নষ্ট করিরা, তাহার পরিবর্ত্তে মমতাবিহীনা বিভিন্ন মাচার-বভী রঙ্গিনী ধাতৃকরে সমর্পণ করিল। সেই শিশুজাতি বিজ্ঞাতীয় ক্রত্তিম

শাসনে শীঘ্রই উচ্ছেদিত হইয়া, তাহার উচ্ছেদকারী স্বার্থপর জাতির মধ্যেই কর্ম্মের হক্ষ বিধানে জন্মগ্রহণ করিল এবং পূর্ব্ব শিক্ষা ও জ্ঞানের অভাবে তাহাদিগের পাশবিক চিত্তভাব অদমিত না হওয়ায়, তাহারা সভ্যজাতির রাজনিয়ম অগ্রাহ্ম করিয়া অতি বীভংসভাবে জীবনযাপন করিতে লাগিল। ইহারা পূর্ব্ব জীবনে তাহাদিগের সভা বিজেতার হত্তে অনেক অত্যাচার প্রাপ্ত হইয়াছিল বলিয়া, এই জীবনে তাহাদিগেরই অস্তঃশক্ররপে পরিণত হইল, এবং তাহাদিগের শাসনপ্রণালী অগ্রাস্থ করিয়া নানারূপ অভ্যাচার করিয়া রাজ্যের শান্তিভঙ্গ করিতে চেষ্টা পাইতে লাগিল। পরে, রাজদারে নীত হইয়া কারাবাদে ভাহারা জীবনলীলা সাঙ্গ করিল। ইহারা মৃত্যুর পর সকলে মিলিত হইরা এক পুরীতে বাদ করিতে থাকে, এনং জীখদ্দশার সমস্ত ঘটনার পুনর-ভিনম্ব করিতে থাকে। কি তাহাদিগের ভীষণ কার্য্য। তাইারা ক্লঞিম কারাগারে যন্ত্রণায় উৎপীড়িত হুটয়া নানারূপ ষড়যন্ত্র করে এবং কোন উপায়ে ভাহাদিগের মমভাহীন অভ্যাচারীর জীবনলীলা সাঙ্গ করিবে ভাহা ভাবিতে থাকে। কথন তাহারা গুপ্ত হত্যা করিতে যাইতেছে, কথন বা কারাগার ধ্বংস করিয়া শাস্তিপ্রিয় শত শত নর-নারার উপর অত্যাচার করিতেছে। যে হিংদাবীজ পূর্ব্বে একটুমাত্র অফুরিত হইয়াছিল, তাহা এখন বিষম বিষরক্ষে পরিণত হইয়াছে।

আর এক দল মানব সম্প্রদায় আছে, বাহারা ইহাদিগের মন্ত আশিক্ষিত বা অর্দ্ধ শিক্ষিত নয়। তাহাদিগের মানসিক উন্নতি বেশ হইয়াছে, কিন্তু তদমুবায়ী বিবেকজ্ঞানের ক্ষুব্রণ হয় নাই। তাই তাহাদিগের প্রচুর ধীশক্তি সন্থেও, স্বার্থের জন্ম মানবের কত না অনিষ্ঠ করিয়া আসিয়াছে। তাহার পর, তাহারা যন্ত্রপি রাজ্ঞ্দণ্ডে দণ্ডিত হইয়া কারাগারে আবদ্ধ হয়, তথন কি তাহাদিগের একেবারে নীতি-

জ্ঞান আসিয়া পড়ে ? তাহারা কারামুক্ত হইয়া, অতি সতর্কভার সহিত ভাহাদিগের অভান্ত কার্ষ্যে আবার ব্যাপুত হয়। মৃত্যুর পর তাহারা আবার পূর্বকর্মের পুনরাবৃত্তি করিতে থাকে। ইহাদিপের যন্ত্রণা কি ভয়া-নক। তাহাদিগের মানসিক শক্তির অধিক বিকাশ হওয়ায় তাহাদিগের যাতনাও আপেক্ষিক গুরুতর। যেমন এক দিকে তাহাদিগের তীক্ষ উদ্ভাবিনী শক্তির সাহায্যে তাহারা নানারূপ নৃতন মানব-বঞ্চনার উপায় আবিষ্কার করিতেছে, অপর্নিকে ঠিক সেইত্রূপ সেই কল্পনা-শক্তি প্রভাবেই আবার নানাদিকে বিপদ খাঁশক্ষা করিতেছে। দেই হতভাগাদিপকে যম্মপি তোমরা দেখিতে, ভাহা ইইলে তোমরা কথনও অশ্রুদংবরণ করিতে পারিতে না। তবে, আমাদিগের কথা স্বতন্ত্র, আমরা আপনা লইয়াই ব্যস্ত, আপনার যাওনায় অন্থির, পরের চিন্তার অণুমাত্র স্থানও আমাদিগের স্থানে নাই। তাহারা হেতার কেবল চতুদ্দিকে ছুটোছুট করিতে থাকে, কেবল সন্দেহ, কেবল ভয়, কে তাহাদিগের কার্য্যকলাপ **দেখিতেছে.—ওই** কে তাহাদিগকৈ আবদ্ধ করিতে আসিতেছে। হার, সে অশান্তির, সে যাতনার আর অধিক পরিচয় কি দিব গ ভোমরা যম্মপি, ভাহাদিগকে কারাগারে আবদ্ধ রাথিয়া কেবল যন্ত্রণা না দিয়া, তাহাদিগের বিবেক বৃদ্ধিকে আগাইতে চেষ্টা করিতে, ভাহ। হইলে হয়ত তাহাদিগের স্বভাবের পরিবর্ত্তন করিতে পারিতে, এবং সেই সঙ্গে ভাহাদিগের এখানকার গুরু যাতনার প্ররাও লঘু ভারাক্রান্ত করিতে পারিতে।

নরহস্তাদিগের বিষয়েও ওই কথা বলা যাইতে পারে। তোমরা হত্যাকারীকে হত্যা করিয়া ভাব, যে প্রাণদণ্ডের ভয়ে জ্বগৎ হইতে নরহত্যা উঠিয়া যাইবে। ভোমাদিগের কি বিষম ভ্রম! সর্বাসাধারণে কল্পা, মানবজীবনের প্রতি সমাদর বর্দ্ধিত হ**ইলে, তবে ভ** মানব অপরকে 966

হত্যা করিতে কুপিত হইবে ? তোমাদিগের কঠোর রাজনিয়মে সেই করুণার বা সমাদরের কি বুদ্ধি হয়, না তাহাতে তাহার মানবজ্ঞাতির উপর একটা ভীত্র প্রতিহিংসা, একটা ভীষণ দ্বেষ ও ক্রোধ স্বন্মিয়া বায় ? সে হয় ত কোনও বিকট মানসিক উত্তেলনায় আত্মহারা হটয়া ওই নৃশংস কার্যা করিয়াছিল, কিন্তু তোমাদিগের সভ্য জগৎ ভাহার প্রতিশোধ লইতে তাহাকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করিল। একটা হত্যা উত্তেজনাম বিক্লতি চিত্তের ফল অপরটা ভাষবান স্থিরচিত্ত বিচারকের थीत, नीजि अपर्मिज विठारतत्र करन। रव मानवकीवरन ममापत, धीत ব্যবস্থাকারকের প্রাণে আদিল না, যে করুণার মধুরবাণী, ছেষ, ক্রোধাদিরদ্বার অবিলোড়িত বিচারকের হৃদয়ে শুনা গেল না, ভাহা কি ক্রোধান্ধ উত্তেজিত হত্যাকারীর মনে স্থান পায় ? তোমরা কি ভাব ওই নরহস্তাকে হতা৷ করিয়া, তোমরা তাহার হস্ত ইইতে মুক্ত হুইলে ? সেটা তোমাদিগের সম্পূর্ণ ভ্রম। তোমরা তাহার দেহটা হুইতে মুক্ত হুইলে। তাহার যে দেহ পিঞ্জরে, সে জীবদশার অবরুদ্ধ ছিল, যে দেহটিকে কোন স্থানে আবদ্ধ রাথিলে তোমরা ভাহা হুইতে নিরাপদে থাকিতে পারিতে, রাজদণ্ডের দারা তাহা হুইতে মুক্ত করিয়া তাহাকে তোমাদিগের পূর্বাপেক্ষা অধিকতর অনিষ্টকারী প্রবন শক্ত করিয়া তুলিলে মাত্র।

এখানে এই নরবাতীর পুরীতে আমি কি দেখিতেছি ? তাহারা রাক্ষদণ্ডের ভয়ে, এই অস্থির ভাবে লুকাইত হইতেছে, কোনও উপায়ে আত্মজীবন বাঁচাইতে পারিল না বলিয়া, প্রাণের মমতায় অস্থির হুইয়া পড়িয়াছে, আবার পর মুহুর্ত্তে মানবসম্প্রদায়ের উপর, তাহাদিগের হত্যাকারীদের উপর ভাহাদিগের অকাল মৃত্যুর প্রতিশোধ লইতে ছুটি-তেছে। ক্রোধান্ধ বা বিক্লতচিত্ত হইরা পরজীবন গ্রহণ করিয়াছে বলিয়া

মনের ভিতরে যথন ভাহাদিগের তীব্র তুষানল অলিতেছে, তাহারা ছুটিয়া গিয়া ভীত ও সন্দির্গচিত্তে অপরের করুণা ও সাম্বনা প্রার্থনা করিতেছে: কিন্তু আবার পরক্ষণেই তোমাদিগের পুথিবীতে ঘাইয়া শত শত নরনারীকে হত্যা করিতে অদুশ্র ভাবে উৎসাহিত করিতেছে। তাহারা প্রতিহিংসা প্রণোদিত হইয়া গুর্মলচিত্ত নরনারীকে নিমিত্ত কারণ করিয়া কত লোকের প্রাণনাশ করিতেছে। ভোমরা কি দেখিতে পাওনা, এক সময়ে একরূপ হত্যা ভয়: ভয়: ঘটতে থাকে ? এই সমস্ত হত্যাকার্য্য কানিও এই সম্প্রদায়ের উত্তেজনার ফলে ইইতে থাকে।

কেবল যে রাজদত্তে দণ্ডিত অপরাধীরাই এখানে মিলিত হইয়া নানারপ কুকর্মের ফলভোগ করে, তাহা নয়। কৌশলময় ও জীবদ্দশায় মহাধনী মহাজনদিগেরও এখানে নগর আছে। আমি মৃত্যুর পুর্বেষ ইহাদিগের •েমনেককে জানিতাম। তাহারা বিপুল অর্থের অধিপতি ছিল। শত শত দাস দাসী পরিবৃত হইয়া বিলাসের উচ্ছুঙ্খলতার মধ্যে অতি হথে তাহারা জীবন যাপন করিয়া আসিয়াছে। রাজদ্বারে মহা সম্মানিত, সাধারণের আদর্শ স্থল, অধীন আশ্রিত জনের পুজা দেবতা, তথন কে জানিত যে, মৃত্যুর পর তাহারা এই দশাগ্রস্থ হইবে? তাহা-দিগের জীবিত কালে কে ভাবিয়াছে, তাহাদিগের বিশাল কুবের-ভাণ্ডার কাহার ধনে পূর্ণ হইতেছে ? তাহাদিগের কৌশলে কত পরিবার যে নিঃম্ব হইয়াছে, তাহা কে গণনা করিয়াছে? তাহারা কিলে এত ধনী হইয়াছে জান 📍 অর্থের প্রলোভন দেখাইয়া, বা অপর কোন চতুরতার দীন, ঘর্মাক্তকলেবর, শতশত ক্তমকের অতি কণ্টে সংগৃহীত, বুভূক্ষিত পরিবারের জীবনম্বরূপ, ধান্ত অপহরণ করিয়া, অধিকমূল্যে বিদেশে বিক্রম করিয়া, তাহারা অর্থ সঞ্চয় করিয়াছে। নিজ স্বার্থের জন্ত, নিজ বিলাস চরিতার্থ করিতে, কত প্রাণীকে যে তাহার উচ্ছেদিত করিয়া আসিয়াছে

ভাছার অবধি নাই। সেইরপ আরও কত উপায়ে সহস্র সহস্র লোকের অর্থ, ভক্ষা বা জীবনোপার লুপ্তিত করিয়া তাহারা আপনাদিগের ধন-ত্তবা মিটাইরা আসিয়াছে। তোমাদিগের সভ্য নিয়মে যে একজনের কোনও তৃচ্ছ বা পরিতাক্ত সামগ্রী অপহরণ করে, তাহাকে কারাবাসের কঠিন যাতনা ভোগ করিতে হয়। কিন্তু, যাহারা শত শত লোকের জীবনোপায় নাশ করিতেছে, তাহারা প্রজিত। এখানকার নিয়ম কিন্তু, অক্সরুপ। তাহারা পূর্বের অভ্যন্ত বুহৎ হর্মে বাদ করিতেছে, পূর্বের বিলাদের মধ্যে নিমগ্ন রহিয়াছে, অথচ ভাবিতেছে, তাহাতে স্থধ নাই, শান্তি নাই। সেই স্থানর হর্মনালা যেন অগ্রিনির্মিত, তাহাদিগের অঙ্গ যেন দগ্ধাভূত হইতেছে। চতুর্দিকে থান্ত সামগ্রী দারা পরিপূর্ণ ভাগুর, অথচ তাহাদিগের ক্রধা কিছতেই মিটিতেতে না। মহামল্য নানা বসনে দেহ আবৃত করিয়াও ভাহারা মানদিক নগ্নতা কিছুতেই 📆 করিতে পারিতেছে না। তাহারা এথানে বিপুল সম্পতির মধ্যে থাকিয়াও ভাবি-তেছে, তাহারা কপর্দক শুন্ত। মুষ্ট ভিক্ষার জন্ত দারে দারে ভিক্ষা করি-ষাও উদারার সংগ্রহ করিতে পারিতেছে না। অনাহারের তীব্র যাতনার অন্তির হইয়া পাষান চর্বন করিতেছে, ক্রুধা কিছতেই মিটিতেছে না।

আবার ঐথানে বিচারক পুরীতে স্বার্থান্ধ বিচারকেরা, ভাহাদিগের আত্মকর্মের স্থানভাগ করিতেছে। উপরিতন প্রভূকে সন্তুষ্ট করিতে ভাহার কর্ত্তব্য ভ্বাইয়াছিল, ভাহার যে কি ভীষণ পরিণাম এখন ভাহা দেখিতেছে। ঐথানে কামুকীপুরীতে নরনারীগণ কি বীভৎস কার্যাই করিভেছে। কিছুতেই ভাহাদিগের কাম নির্ব্ত হইতেছে না, বরং উত্তর উত্তর বৃদ্ধি প্রাপ্ত হইতেছে। সেত কামচরিভার্থতা নয়, সে ষে অগ্নিমূর্ত্তি আলিক্ষন! আরও কভ আমি বলিব। সে সমস্ত ভীক্র যাত্তনা-কাহিনী বর্ণনা করা একেবারে অসম্ভব।

আমি এখানে আদিয়া এখানকার যাতনার প্রকৃতি কি. তাহা ক্রমে ক্রমে ব্ঝিতে পারিয়াছি। ভাহা একাধারে ছণ্ডোষণীয় ভীত্র কামনা ও হৃদয়বিদগ্ধকারী অতি তীক্ষ্ম অমুতাপ। না না । অমুতাপ নয়, শুক ষাতনা। অনুতাপ অনেক স্লিগ্ধ, অনেক স্থাকর। ইহা পাষাণের অপেকা ওক। ইহা মনন্তাপ নয়, মনন্তাপ আসিতেছে না বলিয়া অতি ভীষণ সে এক প্রকার অব্যক্ত যাতনার আবদ্ধ বেগের পেষণ। এখানে ছই প্রকারের যাতনা আছে. কিন্তু তাহারা উভয়েই মর্ক্ত্যের আত্ম পাপকার্য্যের প্রতিফলাত্মক। কেহ কেহ' পৃথিবীতে বে নীচবাসনার অমুশীলন করিয়া আসিয়াছে, তাহারই এখানে পুনরভিনয় করিতে থাকে, প্রভেদ এই, এখানে কিছতেই তাহার চরিতার্থতা সাধন করিতে সক্ষম হয় না। যে সমন্ত পাপকার্য্য তাহাদিগের মর্ত্তার জীবনকে কলুষিত করিয়া আসিয়াছে, এখানে তাপুরা ভয়বিহ্নলচিত্তে তাহাই করিতে বাধ্য হয়। তবে পৃথিবীর বাদ কালে দেই সমস্ত কাৰ্য্য করিতে একটা স্থুখবোধ করিত, এখন ক্ষুপের পরিবর্ত্তে তীব্র দ্বণা উপস্থিত হইয়াছে, অথচ সেই সমস্ত হইতে বিরত হওয়ায় তাহা। দগের কোনও সামর্থ্য নাই। ক্রপণ কেবল ধনের অপ্ন দেখে, কিন্তু সেই বুথা অপ্নের কিছতেই পুরণ হয় না। ইন্দ্রিয়পরায়ণ সেইরপ তাখার অপবিত্র কার্য্যকলাপের, উদরিক চব্যচোষ্যলেহ্সপেরাদি পাত্মের, হত্যাকারী তাহার ভীষণ হত্যাকাণ্ডের রুথা স্বপ্ন দেখিতেছে। স্বৰ্ণচ তাহাদিগের কিছুতেই বাসনা মিটিতেছে না বরঞ্চ উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হুইতেছে। কেহ কেহ আবার জীবিত অবস্থায় যে সমস্ত প্রত্যবায় করিয়া আসিয়াছে, নিজম্বার্থসিদ্ধির জন্ম অপরের যাহা কিছু অনিষ্ট করিয়াছে, ভাহারই সংশোধন করিতে রূপা প্রয়াস পাইতেছে। তাহারা জানে এখানে সে চেষ্টা নিপ্পয়োজন, তত্ত্রাচ তাহা হইতে বিরত হইবার শক্তি নাই! এইরূপে যাহারা জীবনে অবৈধ আচরণ করিয়া আসিয়াছে,

ভাহারা সংযভাচারী হইতে, পক্ষপাতহুট সমদর্শী হইতে, নিষ্ঠুর রূপাবান হইতে নিরর্থক চেষ্টা করিতেছে। আত্মঘাতী ভাবিতেছে কিছুতেই এবার আর প্রাণকে যাইতে দিবে না। কিন্তু হায়, তাহার শত চেষ্টাতেও বুঝি প্রাণকে সে ধরিয়া রাখিতে পারিল না, প্রতিমূহুর্ত্তেই সে ভাবিতেছে. "দেহপিঞ্কর ছাডিয়া প্রাণপাথী উডিয়া গেল।"

কিন্তু একটা কথা এখানে সকলেরই মনে স্বতঃই আসে। এই যে আমরা সকলেই অকথা যাতনা ভোগ করিতেছি, ভাহা যে কোন অব্য-বন্ধিতিচিত্ত শক্তিমানের যথেচ্ছাচার, তাহা নেছে। আমরা যে যেমন কর্ম্ম করিয়া আসিয়াছি, ইহা তাহারই পরিণাম। হে মর্ক্তাবাসী নরনারী-বুল । ছে সংসার-পুষ্পের বিলাসী প্রজাপতিগণ ! এখনও সাবধান হও, জানিয়া রাখিও, পৃথিবীতেই মানবম্বতির শেষ হয় না। যেন মনে পাকে একটা সামাত্র পাপেরও পরিণাম আছে: তুমি জগতের চক্ষেশ্যলিনিক্ষেপ করিতে সক্ষম হইলেও অতি সামান্ত অপরাধ্ত মানসে অঙ্কিত থাকিয়া যায়। পৃথিবীতে বাদকালে না হয় আর তাহা শ্বরণে আসিল না, কিন্তু ভাহাতেই বা কি ? এখানে আসিবামাত্রই তাহা স্মৃতিতে জাগিয়া উঠে: তথন আর সহস্র চেষ্টাতেও তাহা আর মানসপট হইতে ধৌত করিতে পারিবে না। আবার বলি মনে রাখিও,—এথানে যাহা কিছু কষ্ট সমস্তই আত্মকৃত কুকর্ম্মের ফলভোগ।

হায় ৷ আমি যে আপনাকে কতথানি ভূলিয়াছি, তাহা কে প্রতায় করিবে ! আমি আমার জীবনের সমস্ত থানি ষেন ভূলিয়া গিয়াছি ! জীবন মহাশ্রশানের মত যেন শৃক্তময়, ভবে চিতাগ্রির মত কেবল পাপকর্মগুলি তথার জাগিয়া আছে। দেগুলির যেন একটীও নির্বাণিত হয় নাই. যেন তাহারা নির্বাপিত হইতে জানে না। তথায় আর কে জাগিরা বসিয়া আছে? আর দেখান বসিয়া আছে 'আমি'', কেবল

"আমি''। পৃথিবীতে যাহা কিছু আমার স্বার্থের প্রিয় ছিল এথানে সমস্তই আদিয়াছে, অথচ যেন আমার কিছুই নাই। আছে কেবল নগ "আমি''। আমার সমৃদ্ধি থাকিলেও মনে হইতেছে যেন কিছুই নাই। বেশভ্যা, সৌধ, পরিচারক, পরিচারিকা সমস্ত থাকিয়াও যেন কিছুই নাই। তাহারা রহিয়াছে বলিয়াই বেন আমার কট দ্বিগুণিত হইতেছে। আমার জান, আমার চিন্তাশক্তি, আমার ধন, আমার বিলাদের ও বাসনার সামগ্রী—যাহা পৃথিবীতে ''আমার'' বলিয়া আসিয়াছি তাহারা এখন কোথায়।

আমি এখানে ''আমি" ব্যতীত আর কিছুই লইয়া আসি নাই। সেই ''আমি'' বা কিরূপ ় ভাহা কেবল প্রজ্ঞলিত মনস্তাপ রাশি। তাহার দাহিকাশব্জির নির্ব্বাণের কি কোন উপায় নাই! আছে! কিন্তু যে অমৃত-বারিতে জাহার অবদান হইবে, তাহা কে্ন মনে আসিয়াও আসিতেছে না। ওগোকে তোমরা তাহা শিথাইয়া দিবে ?

ততীয় পত্ৰ সমাপ্ত

ক্রমশ:

সেবাত্রভ পরিত্রাঞ্চক।

# माना म'मारयत बुं नि।

( ৩২৯ পৃষ্ঠার পর )

সন্ধ্যা সমাগত। বৃদ্ধ ভট্টাচার্য্য নশু ডিবেটী হস্তে করিয়া আস্তে আ্রে ব্যোমকেশ ও তাহার বন্ধ্বর্গের সান্ধ্য-সমিলন-গৃহে আসিয়া দর্শন দিলেন। বাোমকেশ এতকণ উৎস্ক্য-পূর্ণ চিত্তে তাঁহার আগমন প্রতীক্ষা করিতেছিল। তাই তাড়াতাড়ি তাঁহার পদধ্লি গ্রহণ করিয়া বলিল, গদাদা মহাশয়। তার পর ?

ভট্টাচার্যা। পুর ছেঁজো! "কার পর ?" এই বলিয়া একটিপ নস্ত গ্রহণ করিলেন।

ব্যোমকেশ। এঃ দাদা মহাশয়, দেখ্ছি, আপনার এখন ওঁ মৌতাত হরনি। আপনি আর হটিপ নস্ত নিন; তা'না হলে, আপনার মেলালটা ঠিক ধাতে বস্বে না।

ভট্টাচার্যা। বেশ বেশ, তোদের মত কালেজে পড়া ছেলেগুলোর মধ্যে আমি একটা বড় ভাল গুণ দেখতে পাই। নহ্য জিনিসটার মর্মান্থাহণ ভোরা অনেকেই কর্তে পেরেছিস্। তাই তোদের সম্বন্ধে নিরাশ হবার কোন কারণ আমি এখনও দেখতে পাইনি। আছো, তা'হলে ভার পর শোন। তুই কাল শেষ কথা জিজ্ঞাসা করেছিলি যে, প্রেতা-বছা কত দিন থাকে এবং কি করেই বা তা'থেকে জীবাত্মার মুক্তি হয়। আজ সেই কথাটা আলোচনা করা যাক্। তোর বোধ হয় ত্মরণ আছে যে প্রেতাবস্থায় জীবাত্মার যে শরীর, তার নাম জ্বেশরীর বা যাতনা দেহ। যত দিন এই দেহ বর্ত্তমান থাকে ভত দিনই প্রেতাবস্থা। যথন এই শরীরের নাশ হয় তথনই জীবাত্মা প্রেতাবস্থা হ'তে মুক্তি লাভ করে,

পিতৃলোক প্রাপ্ত হয়। এই পিতৃলোক প্রাপ্তির কথা পরে বিশদ করে বলা যাবে। এখন যাতনা দেহ কত দিন থাকে এবং কিরূপেই বা ভাহার পতন হয়, দে কথা শোন। একটা :দৃষ্টান্ত **ঘা**রা এই **কথাটা** অনেকটা পরিষ্কার হতে পারে। তোরা সব বাব মনিষ্যি, ঘড়ির তত্তী। ভোদের বেশ জানা আছে, কেমন ? সকাল বেলা উঠে ঘড়িতে বেশ করে ক'প্যাচ দম দিয়ে দিলি আর বড়িটী বেশ টিক্ টিক্ চল্তে লাগল। পরে সমস্ত দিন চ'লে চ'ুলে যথন সব পঁয়াচ কু'টা খুলে যায় এবং জ্রীংটা শিথিল হ'রে পড়ে তখন ঘড়ীটা আপনা আপনি বন্ধ হ'রে আসে। পুনরায় দম না দিলে আর চলে না। মানুষের মধ্যেও এইরূপ একটা ব্যাপার ঘটে থাকে। সারাজীবনের চিন্তা, ভাবনা ও ইচ্ছা যেন 'মনোময় কোষ রূপ স্প্রীংটাতে প্যাচ কদতে থাকে ৷ স্থূলদেহের অবসান হ'লে দেই সমস্ত চিস্তা, ভাবনা ও ইচ্ছার শক্তি মনোময় কোষ্টীর অথবা নবর্চিত "বাতনা পেহের" প্রাণস্থরূপ হয়ে থাকে। জীবিত কালে ''মনোময় কোষটী" যেরূপ ভাবে কাল ক'রে এসেছে এখনও অভ্যাস বশতঃ সেইরূপ ভাবে কাজ কর্ত্তে থাকে। এবং যতদিন তার এইরূপ কাৰ্য্য প্ৰবণতা থাকে, ততদিন পৰ্য্যস্ত ''যাতনা দেহটী'ও সেই শক্তি-বলে অটুট থাকে। কিন্তু ঘড়ীর স্পাং যেমন পাঁচাচ খুলে খুলে ক্রমশঃ আল্গা হয়ে পড়ে, দেইরূপ "মনোময় কোষে" পরমাণুগুলির পূর্ব অভ্যাসমত কাজ করিবার শক্তি ক্রমশঃ ক্ষাণ হ'রে আসে, এবং শেষে একেবারে নষ্ট হয়ে যায়। তার ফলে "মনোময় কোষটী" নিস্তেজ হ'য়ে পড়ে এবং তাহার পতনকাল উপস্থিত হয়। স্থুল শরীরটী বেমন কার্য্য করতে অক্ষম হ'য়ে পড়লে তাহার হারা জীবাত্মার আর কোন প্রয়োজন সাধিত হয় না ব'লে সেটা জীবাত্মা হ'তে বিশ্লিষ্ট হ'য়ে পড়ে সেইরূপ "মনোময় কোষ্টী" ও যথন পূর্ব্বাভ্যাস মৃত কার্য্য করিবার শক্তি হারিয়ে

ফেলে তথন সেটীও জীবাত্মা হ'তে বিশিষ্ট হয়ে পড়ে। তথন "যাতনা দেহের" বিনাশ হয়. এবং জীবাত্মা উর্দ্ধতর লোকে গমন করে। অর্থাৎ ষে কাম ক্রোধাদির শক্তি এতদিন পর্যাস্ত তার চতুর্দিকে একটা "যাতনা-দেহ"ক্লপ হর্ভেম্ম লৌহ বেষ্টন স্থজন ক'রে তাহার উচ্চতন লোক প্রাপ্তির পথে অন্তরায় হ'রেছিল, যন্ত্রণা ভোগের ধারা সেই সমস্ত কাম ক্রোধা-দির শক্তি ক্রমশ: বিনষ্ট হয়ে যায়। কাজে কাজেই জীবাত্মা তথন সেই অবস্থা থেকে মুক্তিলাভ ক'রে উর্ত্তন লোক প্রাপ্ত হয়।

আর একটা দৃষ্টাস্ত দিয়ে বোঝ : একটা সেতারকে বেশ ভাল ক'রে বেঁধে যদি তার তার গুলিতে আঘাত করা যায়, তাহলে তারগুলি অনেককণ পর্যান্ত আপনা আপনি সেই সুর্টী উৎপাদন করিতে থাকে। সেই জন্ত দ্বিতীয় বার আঘাত না কর্লে ও একটা স্থর বেশ গুনতে পাওয়া যায়। সেই রেশটা ক্রমশ: ক্ষীণ হ'য়ে এদে শেষে একেবারে মিলিয়ে যায়। ভীবিত কালে কাম ক্রোধাদির প্রবল তাড়ণায় "মনোময় কোষ"রূপ সেতারটীতে যে সুরগুলি বেজেছে, দেহাস্তে খনেক দিন প্রাস্ত তার রেশ থাকে। যত দিন প্রাস্ত ঐ সমস্ত নীচ প্রবৃত্তির রেশ থাকে, প্রেতাবস্থা ততদিন পর্যান্ত বিজ্ঞান থাকে। তার পর ঐ যাতনা দেহের অন্তর্গত "মনোময় কোষের" প্রমাণ্ভলির উপরোক্ত প্রকারের অভাাস ক্রমশ: মন্দীভূত হ'য়ে এলে "যাতনা দেহটী'' নিস্তেজ হয়ে হয়ে শেষে একেবারে ভেঙ্গে যায়। পূর্কেই বলেছি যে এই অবস্থা অতাস্ত ক্ষের অবস্থা; সে যে কিরূপ কষ্ট তা পৃথিনীর মানুষ ধারণার মধ্যেই আনিতে পারে না। তোদের "অলোকিক রহস্তে" যে সমন্ত ঘটনার কথা বর্ণিত হচ্চে সে গুলো একটু মনোযোগ দিয়ে পাঠ করণেই শক্ষ্য করতে পার্বি, এ কথা কতদূর সত্য। যমালয়ের পত্রাবলী ভাল করে' দেখিন।

ব্যোমকেশ। দাদা ম'শায়, ব্যাপারটা এক রক্ম ক্তক্টা বুরেছি

বটে, কিন্তু আর একদিকে যে বিষম খটুকা লাগে! তবে কি পাপীর জঞ্ এই নিম্পেষণ ছাড়া আর ব্যবস্থা নাই ? এই জগৎ শরীরের কি হৃদয় नाई? याँदक मकरण मर्खकारण अभिति भिष्ठ वरण आधा मिर्स थारक. তাঁর রাজ্যে কি এর কোন উপায় নাই ? তাই যদি হয়, তবে পায়ে পড়ি দাদা ম'শায়, আমাদের অজ্ঞান আমাদের মধ্যেই থাক, তাতে তবু মাঝে মাঝে একজন মঙ্গলময় পুরুষের কথা বিনা চেষ্টায় মনের মধ্যে জেগে উঠে এবং এই উৎকট অশান্তির মধ্যেও প্রাণটা যেন একটু ক্ষণের স্বন্থ একটা নঙ্গর ফেলবার জায়গা পায়। দৈটাকে বিদর্জন দিয়ে একটা বিরাট कार होन यस সামকে জ্ঞানের নামে তার স্থানে বসাতে পারব না।

ভট্টাচার্যা। ভাই, আশার্কাদ করি দীর্ঘজীনী হও। তোর কথা ভনে প্রাণটা জুড়িয়ে গেল। ভাই তুই কি ভূলে গেলি যে, যে অনম্ভ কোট कौराक बक्तान-स्था भान कत्रवात क्रमार नीनामरात वह विविध स्टिनीना, তাই তিনি বাক্য মনের অতীত অবস্থা, তার সেই আনন্দ ঘনস্বরূপ স্বেচ্ছার ত্যাগ করে এই জগংক্লপ গন্তীর মধ্যে আপনাকে আবদ্ধ করেছেন। এই প্রেম-যজ্ঞকথা প্রেমমন্ব তোদের হানের ফ্টিয়ে তুলুন। হান্ন ভাই ! আর কি সে প্রেমের গোরাচাদ আছে, যে "কিশোরীর প্রেম কে নিবি আয়" ব'লে ছই বাছ তৃলে ছুটোছুট ক'রে বেড়াবে ? হা শ্রীগৌরাল! আজ বাবাজীর দল তোমার পবিত্র নাম কলুষিত ক'চ্ছে ! ওরে ভাই, জগজ্জননী তাঁহার কি স্নেহের কোল পেতে "আয় বাছা, আয় বাছা' ব'লে প্রেমের অংশ বিদর্জন ক'ছেন, সে কণা, বাদনার দাস, কাম ক্রোধের হত্তের ক্রীড়া-পুত্তাল তুমি আমি কি ক'রে বুঝ্ব। সে কথা বোঝেন তাঁর ভক্তকুল। নির্বাণ মৃক্তির ভূমানন্দ বিসর্জন দিয়া এই তাপত্তায় ক্লিষ্ট এই ছঃখী মনুষা শিশুর কল্যাণ চেষ্টায় আপনাদিগকে বলি দিয়াছেন। সে কথা কে বুঝ্বে ভাই ? তবে যদি কাম ক্রোধের রাশটাকে বেশ

करत (कार) थरत. "रकाश महान. रकाश महान" व'रन जाएनत ন্বান্তার পা ফেল্ভে চেষ্টা করিস, ভবে একদিন না একদিন তাঁদের শ্রীচরণপ্রান্তে স্থান পাবিই পাবি।

ভন্মাৎ ভমিন্দ্রিয়াণ্যাদে নিয়ম্য ভরতর্বত। পাপানং প্রছহিছেনং জ্ঞানবিজ্ঞান-নাশনম্॥ ইত্যাদি ভগবানের শ্রীষ্থবের কথা মনে রাখিস। আর ভূলিস না তাঁর সেই অভয় বাণী

> অপি চেদসি পাপেতাঃ সর্ব্বেডাঃ পাপক্তমঃ। नर्दर छानश्रदिनव वृष्टिनः नस्विवश्रिम ॥

এই প্রেত্তলোক থেকে জীবকে উদ্ধার করিবার জক্ত দয়াময়ের রাজ্যে কি ব্যবস্থা আছে, সে কথা ভোকে কাল বোল্ব। তুই হয়ত ভাববি এত যর্ত্ত্বীয় সৃষ্টি ক'রে ভার মোচনের :বাবস্থা করা অপেক্ষা, দয়াম্ব্য ভিনি, এশুলোর সৃষ্টি মোটে না কর্লেই পার্ডেন। তোকে ইদারায় সুধু একটুকু বলি, দৰ্মণক্তিমান মাত্র্য গড়তে চান, কতকগুলো স্বাধীনতা বিহীন বহিঃশক্তি :চালিত নিখুত যন্ত্ররাজির স্থষ্টি কর্তে চান ন।। কিন্ত ভোর বুড়ো দাদা ম'শায়কে যে মেবে ফেললি। গায়ে হাত দিয়ে দেখ, জ্বরে গা পুড়ে যাচ্ছে। তোর প্রাণটা নরম আছে তাই দেখিয়ে দিলুম। আজ আসি ভাই।

ক্রমশঃ---

श्रीयमञ्जानिम भर्या ।

#### "পুনরাগমন"

#### ( পূর্ব্ব প্রকাশিতের পর )

( २० )

প্রভাতে নিজাভঙ্গ হইতে দেখি, জানালার মধ্য দিয়া স্থ্যরশ্মি আমার মুথের উপর পড়িয়াছে। আমি পূর্ব্বে, স্থাোদয়ের পূর্ব্বেই শ্যাভাগি করিতাম। জীবনে প্রথম স্থারশি, আমার ঘুম ভাঙ্গাইল। দেখিলাম সমস্ত গৃহ আলোকিত হইয়াছে। কিও গৃহে মাকে দেখিলাম না! ঝীকে ডাকিলাম,উত্তর পাইলাম না। ছই তিন বার উচ্চকঠে সম্বোধনের পর পরিচারিকা ঘরে আদিল। তাহার মুখ দেখিয়া বোধ হইল, সে ঘুমাইতেছিল। আমার ডাকেই তাহার ঘুম ভাঙ্গিয়াছে। তথাপি তাকে মায়ের কথা জিজ্ঞাসা ক্রিলাম। সে অপ্রতিভভাবে একবার আমার দিকে চাহিল, আর একবার মায়ের শ্যার দিকে চাহিল। তার পর কোনও উত্তর না ক্রিয়া গৃহ হইতে নিজ্ঞান্ত হইয়া গেল।

অনেকক্ষণ ঝীয়ের অপেক্ষায় বসিয়া রহিলাম। ইহার মধ্যেই চিস্তার ভারে অবসর হইরাছি। রাত্রির স্থাকথা অক্ষরে অক্ষরে আমার কর্ণে যেন ধ্বনিত হইতেছিল। প্রত্যেক ধ্বনি আমার মনে এক একটা প্রবল ভরক্ত তুলিয়া আমার হৃদয়দেশে বিষম আঘাত করিতে লাগিল। মন বলিতেছে না আমার ফিরিয়াছেন, কিন্তু মাকে দেখিতে ঘরের বাহির হইতে আমার সাহস হইতেছে না।

ঘড়ীতে সাতটা বাজিল, ঝি ফিরিল না, আমি আর অপেক্ষা করিতে পারিলাম না। সভয়ে কম্পিতহাদরে গৃহত্যাগ করিলাম।

বাহিরে যাইয়া দেখি, ঝী সকলের নীচের দি'ড়ির এক কোণে বদিয়া হাঁটুতে মুখ লুকাইয়া কাঁদিতেছে। ভাহার অবস্থান দেখিয়া ব্ঝিলাম , মা নাই। তবু একবার মনকে প্রবোধ দিবার জ্বন্ত তাহাকে জিজ্ঞান।
করিলাম, "মা কোথায় ?" ঝী কোনও উত্তর দিল না—মুখও তুলিল না।

বাটীর ভিতরে ঝী, রাঁধুনি কাহাকেও দেখিলাম না। বাহির বাটীতে চাকরকে দেখিলাম না। বহির্দারে দরোয়ান বসিয়াছিল, তাহাকে জিজ্ঞাসা করিলাম—"বাটীর চাকর দাসী সকলে কোথায় গেল ?" সেবলিল—"গঙ্গাজীমে গিয়া।"

শুনিবামাত্রই চারিদিক যেন অন্ধকারময় দেখিলাম। "মাকে তবে কি গঙ্গাযাত্রা করিয়াছে!" কিন্তু আঁমাকে না জানাইয়া মাকে লইয়া গেল কে?

আমি গঙ্গাতীরে ষাইবার জন্ম ক্তসঙ্গল হইলাম। একটা জামা ও চাদর আনিতে ঘরের দিকে ছুটলাম।

বাটীর বাহির হইয়া পথে ছই চারি পদ অগ্রসর হইয়াছিক এমন সময় দেখি আমাদের কোচমাান গাড়ী লইয়া আসিতেছে।

অধিক আর কি বলিব! গোপাল আমার মাকে ফিরাইরা আনিরাছে! একবার মনে হইল, মায়ের সহিত দেখা না করিয়া, ছুটিয়া গোপালের কাছে যাই। তাহার হাত হুটী ধরিয়া মায়ের কাছে লইয়া আসি। গোপালের নাম অরণমাত্র দরোয়ানের কথা আমার মনে পড়িল। মনে মনে সঙ্কল করিলাম, মাকে হুই দিন স্কুস্ত দেখিয়া আমি একবার দেশে যাইব।

মা গাড়ী হইতে নামিয়া চৌকাটে পা দিবামাত্র আমি তাঁহার নিকষ্ট উপস্থিত হইলাম। উপস্থিত হইবামাত্র মা অপ্রতিভের ক্লায় ঈষৎ হাসিয়া বলিলেন, "তুমি ঘুমাইতেছিলে দেখিয়া, আমি তোমাকে তুলিতে ইচ্ছা করিলাম না। আজ ষষ্ঠী, মা হুর্গার বোধনের দিন, সংসারের কল্যাণের জ্ঞা গলামানে গিয়াছিলাম।" আমি আর কি উত্তর করিব! কেবলমাত্র বলিলাম—"ভালই করিরাছ।" অতি কষ্টে দমিত আনন্দোচ্ছাদ উষ্ণ উগ্রাস্থিতি আমার অন্তর্গনর প্লাবিত করিতে লাগিল। আমি আর কোনও কথা কহিতে পারিলাম না। রাঁধুনি ও এক :ঝি মায়ের দঙ্গে গিয়াছিল। চাকরও গিরাছিল। দে বাজার করিতে পথে নামিয়াছে।

সকলে গৃহমধো চলিয়া গেলে, আমি সেই গাড়ী করিয়া ডাক্তার বাবুর বাটী চলিয়া গেলাম।

তিনি বাটী হইতে বহির্নর্ড হুইতেছিলেন, এমন সময়ে আমি সেধানে উপস্থিত হুইলাম। আমাকে দেখিবামাত্র তিনি ব্যস্ততার সহিত আমার গাড়ীর সমীপে আদিয়াই জিজ্ঞাসা করিলেন—"মা কেমন গোপীনাথ ?"

আমি বঁলিলাম—"আপনি আন্তন।" বলিতে বলিতে আমার এত-কণের অতিকটে আবদ্ধ ধ্রদ্যাবেগের বাধ ভাঙ্গিয়া গেল। আমি এমন কাঁদিলাম যে, আমার মুখ হইতে একটা ফথা বাহির করিতে তাঁহার শত সাগ্রছ প্রশ্ন বর্থে হইরা গেল। তিনি তথন আমার গাড়ীতে উঠিয়াই, নিজের কোচমানিকে আমাদের বাড়াতে তাঁহার গাড়ী লইয়া যাইতে আদেশ করিলেন।

পথে আর কোনও কথা হইল না। আমার বোধ হয় ডাক্তার বাবু আমাকে প্রকৃতিস্থ হইবার অবকাশ দিয়াছিলেন। বাটার দারদেশে উপ-স্থিত হইয়া যথন আমরা উভয়ে গাড়ী হইতে অবতরণ করিলাম, তথন তিনি অতি ধীরে আমার স্কর্মদেশে হস্তার্পণ করিয়। বলিলেন—"গোপীনাথ! এইবার মায়ের কথা জিজ্ঞাসা করিব ?"

তাঁহার প্রশ্ন শুনিবামাত্র আমার মুথে হাসি আসিল। আমার মুথে হাসি দেখিয়া ডাক্তার বাবু বুঝি অতাক্ত বিশ্বিত হইলেন। তিনি একটু

আত্মহারার ভার আবার জিজাসা ক্রিলেন—"মা কি ভাল আছেন গোপীনাথ ?"

আমি বলালম---''আপনার বাবস্থার মাহাত্মা প্রতিষ্ঠিত হইরাছে। গোপাল মাকে ফিরাইয়া দিয়াছে।"

ডাক্তার বাবুর গণ্ড, দেখিতে, দেখিতে, গলদশ্র-সিক্ত হইল। তিনি ব্যাক্লতার সহিত বলিলেন—''গোপাল আসিয়াছে ?"

আমি বলিলাম—"দে কথা আপনাকে পরে বলিব। কিন্তু আপনাকে অমুরোধ করি, আমার সমক্ষে মায়ের কাছে ভূলেও গোপালের নাম কবিবেন না।''

ডাক্তারবাব বলিলেন—"কেন ?"

আমি উত্তর দিলাম "সমস্ত কথা পরে বলিব।"

আমরা যথন ভিতর বাড়ীতে প্রবেশ করিলাম, তথন মাঁ গৃহকর্মে বাপিতা হটয়াছেন। ডাক্তারবাব তাঁহার সহিত দেখা করিয়া বিজ্ঞাসা করিলেন — "মা ! আপনি কেমন আছেন ?"

মা ডাক্তার বাবুকে দেখিবামাত্র স্কর্রাব গুটিতা হইয়া উত্তর করিলেন— "ভাল আছি " এই বলিয়াই তিনি ডাব্রুনার বাবুর পরিবারবর্নের সমাচার লইতে আরম্ভ করিলেন।

ডাব্রুবার বাবু এবারে নিজেই বিপদ্গ্রস্ত হইন্নাছেন। মান্ত্রের শারীরিক সংবাদ नहेबा, जिनि কোথায় একটা বলকারক ঔষধের বাবস্থা করিবেন, না নিজেই নিজের শারীরিক সংবাদ দিতে মায়ের সম্মুধে ধেন রোগীর স্থান অধিকার করিয়াছেন। যাই হ'ক অনেকক্ষণের পর তিনি মাকে ত্রই এক কথা বলিবার অবকাশ পাইলেন।

ডাক্তার। আপনি আজ আর পরিশ্রম করিবেন না। মা। কেন আমার কি হইয়াছে ?

ভাক্তার। হইবার কি আছে। তবে আপনাকে কিঞ্চিং ছর্ব্বল দেখিতেছি।

মা। কই আমিত কিছুই বুঝিতে পারি নাই।

ডাক্তার। তানা বুঝেন ভালই, তবে আজ সকাল সকাল কিছু আহার করিবেন।

মা। সেকি ডাক্তার বাবু আজ আহার করিব কি । আজ যে বোধন-ষষ্ঠা। এই নান্তিক গুলার সঙ্গে পড়িয়া আপনারও কি মাথা গুলাইয়া গিয়াছে ?

ভাক্তার বাবু একেবারে নিক্কতর। মা বলিতে লাগিলেন "আপনি কি বাড়ীর কোনও সংবাদ রাখেন না ? পুত্রবতী কেহই আজ, দিবসে আহার করিবেনা"। ডাক্ডার বাবু হাসিতে হাসিতে উত্তর করিলেন— "আজ যে ষ্টাং মা, ইহা আমার মনেই ছিল না।"

মা বলিলেন—''নান। কার্য্যে ব্যস্ত থাকেন, আপনাদের শ্বরণ না থাকিবারই কথা। কিন্তু জননীকে পুজের মন্ধল চিন্তায় :বৎসরের প্রতি মুহুর্ত্তই শ্বরণ রাখিতে হয়।

অপ্রতিত হইয়া ডাক্তার বাবু মাকে নমস্কার্ পূর্ব্বক বিদায় গ্রহণ করিলেন, এবং আমার হাত ধরিয়া বহিব্যাটাতে আদিলেন।

বৈঠকথানার উপবেশন করিয়া তিনি প্রথমেই আমাকে বলিলেন—
"বৈরূপ দেখিলাম, তাহাতে অনুমান হইতেছে মারের পূর্ব্বাবস্থার কিছুমাত্র
স্বরণ নাই। স্থতরাং সে স্থৃতি জোর করিয়া জাগাইবারও প্রয়োজন
নাই। শরীর যে বিশেষ হর্বল তাহা বোধ হইল না।
স্থার বোধ হইলেও মাকে দিবাভাগে জল গণ্ডুব পান করার
এমন সাধ্য কাহারও নাই। স্থতরাং মারের বিষয়ে আর চিস্তা না
করিয়া সমস্ত ঘটনাটী আমাকে শুনাইয়া দাও। কেননা এরপ

রোগী যে আবার জীবন পাইবে, ইহা আমি স্বপ্লেও বিশ্বাস করিতে পারি নাই।"

দেশ হইতে দরোয়ান ফিরিয়া আমাকে যে যে কথা বলিয়াছিল ও তাহার পর যে যে ঘটনা ঘটিয়াছিল, আমি সে সমস্ত আনুপূর্বিক ডাক্তার বাবুকে শুনাইলাম।

শুনিয়া প্রথমে তিনি এমনই বিশ্বিত হইলেন যে, কিয়ৎক্ষণের জন্ত কোনও কথা কছিতে পারিলেন না। অনেকক্ষণ পরে বলিলেন-"তাইত হে, বিশ্বাস করিতে যে প্রবৃত্তি হইতেছেনা, অথচ বিশ্বাস না করিয়াও থাকিতে পারিতেছি না। মৃত্যুর মুখ হইতে এরূপ বিচিত্র ভাবে ফিরিয়া আগা, দেখা দুরের কথা, জীবনে কথন শুনি নাই। কোন শক্তির বলে এরপ ব্যাপার সংঘটিত হইল, তাহা আমার কুদ্র বৃদ্ধির অগমা। ঘাই য'ক তোমাকে গোপালের অমুসন্ধানে ঘাইছে হইতেছে।"

আমি। কেমন করিয়া ষাইব, মা যে জানিতে পারিবেন।

ডাক্তার। মা যাহাতে জানিতে না পারেন, আমি তাহার বাবস্থা কবিব।

সামি। পিতাকেও জানাইবার ইচ্ছা নাই। ডাক্তার। ধেশ, ভাহারও বাবস্থা করিব।

"সন্ধায় আবার আসিব'', বলিয়া ডাক্তার বাবু বিদায় হইলেন।

রাঁধুনি, ঝী, চাকর সকলকে অবকাশমত ডাকিয়া মায়ের কাছে তাঁহার মৃক্ত্রিকথা কহিতে নিষেধ করিয়াছিলাম। তাহারা ইভিপূর্কে মাকে তাঁহার অস্থথের কথা জানাইয়াছিল কিনা জানিনা, তবু তারা না বলিতে প্রতিশ্রুত হইল। আমি ব্রিলাম, অন্ততঃ আর তারা জননীর বিরক্তির কারণ হইবে না।

আৰু ষ্ঠী—ভুধু তাই নয় মহাষ্ঠী—রাত্তিতে বিষরুকে ছুগার বোধন

इहेरव-- आब मन्नात भन श्रेष्ठ विक्रात भृतिक्र भर्यास वाकानी हिन्तू, আচণ্ডাল ব্রাহ্মণ, আবাল বুদ্ধ বনিতা কি এক প্রাণস্থের আকর্মণে উল্লাসে নতা করিবে।

আমার জননীরও আজ মহাষ্ঠী,—তিনি সর্বাকর্ম পরিত্যাগ করিয়া পুত্রের কল্যাণের জন্ম শ্রীহর্গার সমীপে পূজোপকরণ ও নৈবেদা পাঠাইা-বার ব্যবস্থা করিতেছেন। আমাদের বাড়ীর সমীপে চক্রবর্ত্তী মহাশয়দের ৰাটীতে ৰেবীর প্রতিমা আদিত। পাড়ার সমস্ত লোকের ষষ্ঠীপুঞ্চা সেই বাটীতেই নিশার হইত। আমাদেরও পূজার সমস্ত সামগ্রীসম্ভার সেই বাটীতেই পাঠান হইল। তৎপরে মা আমার আহারের উচ্চোগে প্রবৃত্ত হুইলেন। উড়িয়া ভূত্য হরিয়া বাজার হুইতে বিবিধ সামগ্রী কিনিয়া মান্ত্ৰের সমুখে উপস্থিত কৰিল। মা তাহা হইতে নানাবিধ আহাৰ্য্য প্রস্তুত করিপেন—রাধুনিকে আজ হাঁড়ি ছুইতে দিলেন না। নিষেধ ফরিবে কে।

সাবার দেই বিপদ। মা আমাকে কাছে বসিয়া থাওয়াইতেছেন। আমি আহার করিতেছি, কিন্তু মাথা তুলিতে পারিতেছিনা। চোক ফুটিয়া জল আসিতেছে, কিন্তু কাঁদিতে পারিতেছি না। একবার মনে করিতেছি, জননী বৃঝি সম্ভানের প্রতি পূর্ব্বের মমতাহীনতার প্রায়শ্চিত্ত করিতেছেন। পার বার মনে হইতেছে, অতি মেহের উৎপীড়নে মা আমার গোপালের প্রতি ঈর্ষার প্রায়শ্চিত্ত করাইতেছেন। সভ্য কথা বলিতে কি মায়ের স্মেহ এথন আমার পক্ষে যন্ত্রণাদায়ক হইয়া পড়িয়াছে। দিন কয়েকের জন্ত স্থানান্তরিত হইতে না পারিলে যেন আমার নিস্তার নাই।

অস্তর্যামিনীর স্থায় মা যেন আমার মনের কথা পাঠ করিলেন। আহারের পরিচর্যা করিতে করিতে তিনি বলিলেন—"গোপীনাধ ৷ আমি ८म्बिएडहि, ट्यामात्र भन्नीत निन निन कुम् इटेट्डिह । ज्यामात्र द्यां इन्न

সঙ্গীর অভাবে তুমি কণ্ট পাইতেছ। বাড়ীতে একা পড়িয়াছ, বাহিরের সঙ্গীরাও পূজার ছুটাতে বে বার দেশে চলিরা গিরাছে। ভূমিও কেন দিন করেকের জন্ম বাহিরে বেডাইয়া এসনা ?

আমি যেন আকাশ হাত বাড়াইয়া পাইলাম। বলিলাম—"মা ! আমারও একাস্ত ইচ্ছা দিন কয়েকের জন্ম বাহিরে ঘুরিয়া আসি। কিন্তু তুমি যে একা ৷"

মা বলিলেন—"তাহাতে কি হইয়াছে। আমার এখানে লোকের অভাব কি ? 'তৃমি ইচ্ছা করিলেই যাইতে পার।'

বৈকালে ডাক্তার বাবুকে সমস্ত কথা বলিলাম। শুনিয়া তিনি বলিলেন—"ভালই হইয়াছে। তুমি তাহা হইলে যাত্রার বিলম্ব করিওনা। তুমি যে কয়দিন না আসিবে, আমি প্রতিদিন তুইবেলা আসিয়া মায়ের খবর লইয়া যাইব।''

দেখিলাম, গোপালকে ফিরাইয়া আনিতে আমা অপেকাও ভাকার বাবর আগ্রহ অধিক।

পাছে পিতা বাটী ফিরিলে আমার যা'বার ব্যাঘাত ঘটে, এইজক্ত ছরিয়াকে সঙ্গে লইয়া পর্যদিন প্রাতেই গোপালের উদ্দেশে যাত্রা করিলাম।

(ক্রমশঃ)

শ্রীক্ষীরোদপ্রসাদ বিভাবিনোদ ।

# অলৌকিক রহস্য।

৯ম সংখ্যা।]

প্রথম ভাগ।

[ (भोव, ১७১७।

# मुक्ती भनी।

#### স্বপ্লকথা।

মানব জাগ্রদবস্থার যাহা চিন্তা করে, অথবা শৈশবাবধি যাহা কিছু কথনও ( খ্রাতসারে বা অজ্ঞাতসারে ) চিন্তা করিয়াছে, তাহা নিদ্রিতাবস্থার ঈষৎ পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত, অতিরক্তিত বা পুঞ্জীভূত হইরা মনোমধ্যে যে এক অপূর্ব্ব ছবি বা অমূভূতির উদ্রেক করে, তাহাকেই পাশ্চাতা পণ্ডিতগণ সাধারণতঃ অপ্র বণিয়া থাকেন। ইহাঁদের মতে অপ্র আর কিছুই নহে, পূর্ব্বচিন্তিত বিষয়ের কাল্লনিক সমাবেশ মান্তা। আমাদের আধকাংশ অপ্র এই শ্রেণীর অন্তর্গত হইলেও, সকল অপ্র এরপ নহে। মানব মানো মানো এরূপ অপ্র দেখে, যাহা পূর্ব্ব হইতে চিন্তা করা অসম্ভব। মনে করুন, এক ব্যক্তি কলিকাতায় থাকিয়া অপুক স্থানে হঠাৎ আর হইতে পতিত হইলেন এবং তাহার দক্ষিণ বাহর মধ্যতাগ বিষম আহত হওয়ায় উক্ত স্থান হইতে রক্তশ্রাব হইতেছে। পরে জানা গেল যে, তাহার অপ্রাট অবিকল ফলিয়াছে অর্থাৎ তাহার বন্ধু ঠিক সেই দিনে ( অথবা ২।> দিন পূর্ব্বে বা পরে ) ঠিক সেই স্থানে সেইভাবে আঘাত-

প্রাপ্ত হইরাছেন। অথচ স্থপ্নদ্রষ্ঠা উক্ত বন্ধুর সহজে বছকাল কোন চিন্তা করেন নাই বা তাঁহার কোন সংবাদই প্রাপ্ত হন নাই। এরপ হলে, স্থপ্ন পূর্ব্বচিন্তার অমূলক পূনর্জিনর মাত্র, ইহা বলা চলে কি ? কারণ, এখানে পূর্ব্বচিন্তা কোথায়? এবং স্থপ্নদৃষ্ট বিষয় যখন বর্ণে বদল হইতেছে, তখন উহাকে অমূলকই বা বলি কিরপে? আমরা ঈদৃশ কভকগুলি সফল স্থপ্নের সভ্য ঘটনা পাঠকবর্গকে উপহার দিলাম্। স্থপ্নভন্ত অভিন, তাহা বারান্তরে অধিকভর বিশদভাবে বিবৃত্ত করিব।

#### अश्वकथा।

( ) '

## নৌকাড়বি।

ডেকার (D'Acre) নামে এক যুবক ১৭৩৪ খুষ্টান্দে কলেজে অধ্যয়নার্থ এডিনবরা নগরে তাঁলার মাতুলালয়ে বাস করিতেছিলেন। একদিন বৈকালে বাটা আদিয়া তিনি মাতুল ও মাতুলানীকে বলিলেন "কল্য আমরা করেক জ্বন বন্ধু মিলিয়া ইঞ্চিথে মাছ ধরিতে যাইব, ঠিক করিয়াছি"। ইহাতে অবশু কেহ কোন আপত্তি করিলেন না। কিন্তু সেই রাজিতেই মাতুলানী স্বপ্ন দেখিলেন যে, যে নৌকাতে তাহারা মাছ ধরিতে যাইতেছে, তাহা যেন ডুবিয়া যাইতেছে। আতকে মাতুলানীর শরীর শিহরিয়া উঠিল। তিনি নিজিতাবস্থায় চীৎকার করিয়া বলিলেন, "হায়! হায়! নৌকা ডুবিতেছে! উহাদিগকে রক্ষা কর! উহাদিগকে রক্ষা কর!' এই শব্দে তাঁহার স্বামীর নিজা ভঙ্গ হইল। তিনি পত্নীকে জাগাইয়া স্প্রাবৃত্তান্ত শুনিয়া বলিলেন, "তুমি বোধ হয় পূর্ব্বে প্রিয়প ভাবিয়াছিলে। উহা কিছুই নয়। নিজা যাও।" এই বলিয়া উভরে পুনরায় নিজিত

হইলেন। কিন্তু কি আশ্চর্য্য। আবার সেই স্বপ্ন। বার বার তিন বার। শেষবারে দেখিলেন, নৌকা ভূবিয়াছে এবং সকলেই জলমগ্ন হুইয়া প্রাণ হারাইয়াছে। ইহাতে তিনি এরপ চিস্তিত ও কাতর হইয়া উঠিলেন ষে, তৎক্ষণাৎ ( প্রাত:কালের অপেক্ষা না করিয়া ) তিনি ভাগিনেয়ের ঘরে প্রবেশ করিয়া তাহাকে শ্যা হইতে তুলিলেন এবং বলিলেন, "বাবা, আমার একটি কথা রাখিতে হইবে। বল, রাখিবে ?'' ডেকার প্রতিশ্রুত হইলে, মাতুলানী বলিলেন 'কেল্য তুমি মাছ ধরিতে, যাইতে পারিবে না।" ডেকার কালেজের ছাত্র ও নব্য যুবক। এই স্বপ্ন-বুত্তান্ত শুনিয়া মনে মনে একটু হাসিলেন। ধাহা হউক, অনিচ্ছা সত্ত্বে তিনি মাতুলানীর একান্ত জিদে যাওয়া স্থগিত করিলেন। একটা মিথা। ওজর করিয়া বন্ধ-मिशटक मःवाम मिटनन त्य, जिनि यार्टेट शांत्रित्वन ना । वन्नुश्न निर्मिष्टे সময়ে যাত্রা<sup>®</sup>করিল। তথন আকাশ নির্মাণ ও পরিষ্কার —মেঘের লেশমাত্ত ছিল না। কিন্তু বেলা প্রায় তিনটার সময় হঠাৎ একখণ্ড মেঘ উঠিল। দেখিতে দেখিতে প্রবল ঝড় বহিতে লাগিল এবং নৌকাখানি আরোহি-গণের সহিত জল-মগ্ন হইল। একটি জীবনও রক্ষা পাইল না।

অধ্যাপক এবারক্রন্ধি ( Abercrombie ) তাঁহার Intellectual powers নামক গ্রন্থে উক্ত ঘটনাটির উল্লেখ করিয়াছেন। Caledonian Mercury নামক তাৎকালিক এক সংবাদ পত্রেও ইহার সবিশেষ বিবরণ প্রকাশিত হইয়াছিল।

শ্রীমাথনলাল রায় চৌধুরী।

( २ )

## পিতৃ-মৃত্যু।

করেক বৎসর পূর্ব্বে আমি বহরমপুরে দরকারী কার্য্যে নিযুক্ত ছিলাম। তথন আমার বয়স ২০ বৎসর। আমার পিতৃদেব কলিকাতায় ছিলেন। একদিন স্বপ্ন দেখিলাম, যে, তিনি তাঁহার পাঠাগারে বসিয়া কার্য্য করিতেছেন এমন সময়ে ঐ গৃহে বজ্রাবাত হইল; চভূদিকে অগ্নি প্রজলিত হইয়া উঠিল। আমি সেই গৃহে প্রবেশ করিলাম, কিন্ত পিতদেবকে দেখিতে পাইলাম না। এমন সময়ে ভয়ে আমার নিদ্রাভক হইল। ক্রিষ্ঠ ভ্রাতাকে প্রাতঃকালেই স্বপ্নের বিষয় লিখিলাম। আমি তখন কোন খ্যাতনামা বন্ধুর বাটীতে অতিথি ছিলাম। তাঁহাকে স্বপ্নের বিষয় সাবশেষ বাললাম। তিনি বলিলেন, "অল্ল বয়সে, অল্লদিন হইল গৃহত্যাগ করিয়াছ, সেই জন্ম মমতা বশতঃ এই স্থপ্ন দেখিয়াছ"। এরপ বলিয়া তিনি আমাকে উপহাস করিলেন। ছই দিন পরে পত্র পাইলাম, পিতৃদেবের জর ও প্লুরিসি হইয়াছে। আমি আমার উপরিতন কর্মচারীর নিকট হুই দিনের অবকাশ প্রার্থনা করিলাম। তিনি প্রথমে অবকাশ দিতে অনিচ্ছুক ছিলেন, কিন্তু বারংবার অনুরোধ কর্মায় আমাকে সামান্ত বালক বলিয়া উপহাস করিয়া অবশেষে অবকাশ দিলেন। আমি কলিকাভার যাইব স্থির করিয়াছি, এমন সময়ে আমার ভ্রাতা ও আমার ভাগনীপতি আমাকে লিখিলেন যে, কলিকাতার আসিবার প্রয়োজন নাই. পিতাঠাকুর অনেকটা প্রস্থ হইয়াছেন, কেবল সামান্ত জ্বর মাত্র আছে। আমি কিন্তু স্বপ্ন দেখিবার সময় হইতেই তাঁহাকে দেখিবার জন্ম ব্যাকুল হইন্না-ছিলাম। শুক্রবার প্রাতে কলিকাতায় আসিয়া তাঁহার পদপ্রান্তে বসিলাম। তিনি আমাকে যথেষ্ট ক্ষেহ করিয়া বলিলেন, শিরোবেদনার জন্ম তাঁহার বিশেষ দুক্ট হইয়াছে। সারাশিন তাঁহার সঙ্গে বহরমপুরের নানা প্রকার গল্প করিলাম। পর দিন কলিকাডার খ্যাতনামা তিনম্বন চিকিৎসক তাঁহাকে দেখিয়া বলিলেন, ''শিরোবেদনা ও সামান্ত জরের জন্ম ভাবনার কোনই কারণ নাই।" সেই দিন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদিগের উপাধি বিভরণের দিন। আমারও উপাধি শইবার কথা

ছিল, কিন্তু আমার যাইবার ইচ্ছা ছিল না। পিতৃদেব জিজ্ঞাদা করিলেন, <sup>\*</sup>তুমি Convocationএ বাবে না ?" আমি বলিলাম, "আপনার অন্তথের জন্ম বাইবার ইচ্ছা নাই।" তিনি বিরক্তি সহকারে আমাকে যাইতে আজা করিলেন। অনেক অর্থ ব্যয় করিয়া উপাধি লইবার জন্ম বেশভ্ষা প্রস্তুত করা হইরাছিল। তদ্রির যদিও আমি নির্গুণ, তথাপি তাঁহার চারি পুজের মধ্যে আমিই কেবল উপাধিযোগা পরীক্ষার উত্তীর্ণ হইয়া-ছিলাম। আমি কীণদেহ বলিয়াই হউক, কিংবা সর্বাদা তাঁহার নিকট ণাকিতাম বলিয়াই হউক. তিনি আমাকেই অধিক স্নেহ করিতেন। তাঁহার বিশেষ ইচ্ছা ছিল যে, আমি যখন উপাধি লইব, তিনি উপস্থিত থাকিয়া হর্ষানুভ্রণ করিবেন। অস্কুস্ততা বশতঃ তিনি স্বয়ং যাইতে পারিবেন না ও আমিও যাইব না. এই জন্ম তিনি তু: থিত হইলেন। ইহা দেখিয়া অমি বিশ্ববিভালয়-গৃহে গমন করিলাম। উপাধি লইয়া গৃহে ফিরিয়া আসিতে আমার বিলম্ব হুটকেছে, ইহা দেখিয়া বারংবার তিনি ঘড়ির দিকে দৃষ্টিপাত করিয়াছিলেন। অবশেষে আমি যথন প্রিত্তাাগমীন করিলাম, তথন তিনি আমার উপাধিপত্র হস্তে লইয়া যথেষ্ট আনন্দ প্রকাশ করিলেন। ইহার এক ঘণ্টা পরে অকস্মাৎ ছিনি সন্ন্যাসরোগে আক্রাস্ত হুটলেন। চিকিৎসকগণ এই বাধি দেখিয়া যৎপরোনান্তি আশ্চর্য্য হইলেন। তাঁহারা বহু চেষ্টা করিলেন, কিন্তু কিছুতেই কিছু হইল না। রবিবার প্রতাবে পিতদেব স্বর্গলাভ করিলেন। স্বপ্নে দেখিয়াছিলাম. পিতার পাঠাগারে বজাঘাত হইয়াছে ও পিতৃদেব অদৃশ্র হইয়াছেন। সন্নাসরোগরপী বজ্র তাঁহাকে পৃথিবী হইতে লইয়া গেল।

শ্রীচারুচক্র মুখোপাধার।

( 0 )

#### ভগিনী-মৃত্যু।

আমার ৺পিতদেবের সপিতীকরণ প্রান্ধের সময় আমি কর্ম্মোপলকে বহুরমপুরে ছিলাম। আমার এক জ্যেষ্ঠা ভগিনী সে সময়ে কলিকাভায় আমার পৈতৃক বাটীতেই ছিলেন। সপিণ্ডীকরণের পর দিন প্রাতে নিদ্রা ত্যাগ করিয়াই তিনি সকলকে বলিলেন, 'আমি পূর্বারাত্তিতে এক অমঙ্গল-স্থান স্বাহ্ম দেখিয়াছি। যেন **৮**পিতদের **ক্ষ**েন্তিত য**ষ্টি দা**রা তাঁহার শয়নাগারের দরজায় সজোরে আঘাত করিয়া আমাকে দরজা খুলিয়া দিতে বলিলেন, আমি দরজা খুলিয়া দিলাম। পিতাঠাকুর গৃহ মধ্যে প্রবেশ করিয়া আমাকে বলিলেন, "আমার বড় থিলে পেয়েছে, ঘরে যা আছে দে।" আমি তাঁহাকে বলিলাম, "কেন তোমার খাওয়া হয় নাই ?" তিনি বলিলেন, "না, আমাকে তৃপ্তি করিয়া থাওয়ায় নাই।" ইহার পর আমার নিদ্রাভঙ্গ হইল।'

দেই দিন কি তাহার পর দিন রাত্রিতে আমি বহরমপুরে **স্বপ্ন** দেখিলাম, যেন এক অল্ল আলোকযুক্ত ঘরে, ৮পিতৃদেব ও কলিকাতাস্থ বাগবাজারের প্রাসিদ্ধ জ্যোতিষা ৮গঙ্গাধর, তুইজনে তুই আসনে বসিয়। আছেন। আমি ঘরে গিয়া দবজা ভেজাইয়া দিলাম। প্রতিদেব বিমর্থ-বদনে আখার দিকে হাত তুলিয়া কথা কহিতে নিষেধের সঙ্কেত করিলেন। গম্ভীর ভাবে তিনি আমায় বলিলেন, "শীঘ্রু, বোধ হয় ২।১ দিন মধ্যেই. তোমার স্ত্রার কি কোন ভগিনীর মৃত্যু হইবে।" আমি বজ্রাহতের স্তায় দাঁড়াইয়া থাকিতে পাকিতে সমুদয় অদৃশ্র হইয়া গেল, ভয়ে আমার নিদ্রাভঙ্গ হইল।

প্রতে উঠিয়াই কনিষ্ট ভ্রতিকে স্বপ্লের বিষয় লিখিয়া সকলের কুশল

সমাচার জানিবার জন্ম ব্যস্ত হইলাম। আমার ভগিনীর স্বপ্লের কথা আমি তথন কিছুই জানি না।

কনিষ্ঠ প্রতার পত্রে জ্ঞানিলাম বে, আমার এক ভাগিনেয়ীর রক্তামাশর হইয়াছে। আমি ভাবিলাম, "যে ভয়ানক প্রপ্ন দেখিয়াছি, তাহাতে বােধ হয় তাহার প্রাণনাশের আশক্ষা।" ছইদিন পরে প্রাতা লিখিলেন যে, ভাগিনেয়ীর বিপদাশক্ষা নাই। কিন্তু তাহার মাতার অকল্মাৎ রক্তামাশয় ও ১০৫ ডিগ্রি জর হইয়াছে। ইনিই সপিগ্রীকরণের রাজিতে ৮পিতৃদেবের বিষয় প্রপ্র দেখিয়াছিলেন। মামি হতাশ্বাস হইলাম বহু চিকিৎসা সত্ত্বেও ৩।৪ দিনের মধ্যে তাঁহার ভবলীলা সাক্ষ হইল।

ভগিনীর মৃত্যুর পর শুনিলাম, তিনি মাতাঠাকুরাণী ও অন্যান্ত আত্মীয়ের নিকট এই স্বপ্নের বিষয় বর্ণনা করিয়াছিলেন। তাঁহারা পূর্ব্বেই আমার পত্নে আমার স্বপ্নের বিষয় জানিয়াছিলেন। এই হুইটি স্বপ্নের ভীষণ ফল চির্নাদন মনে থাকিবে।

बीठाक्रठक मुर्थाभाषात्र।

# অদ্ভূত জন্মান্তরীণ আত্ম-কাহিনী।

উত্তর পশ্চিম প্রদেশে, রামপুর-নবাবের রাজ্য-মধ্যে, লারপুর নামক পলিগ্রামে চলিশ বংশর পুর্বে নাথুরাম নামে জনৈক প্রান্ধণ মহাজন (money lender) বাদ করিতেন। তেজরাম নামে তাহার একটি পুত্র ছিল। তেজরাম একদিন আহারাস্তে তামাকু সেবন করিবার অভিলাধে নিজ শর্মগৃহে প্রবেশ করিল। তামাকু সেবন করিবার অভ্যাধে নিজ শর্মগৃহে প্রবেশ করিল। তামাকু সেবন করিবার অভ্যাধেন তাহার পিওলম্থিত ত্রাটি গ্রহণ করিতে ঘাইবে, অমনই একটা বিষাক্ত দর্প তাহার দক্ষিণ হস্তের একটি অন্ধাণতে দংশন

করিল। সে তৎক্ষণাৎ সংজ্ঞাশূর হইরা ভূমিতে নিণতিত হইল। তাহার আত্মীন্নগণ ভাহাকে বাঁচাইবার জন্ম বিশেষ চেষ্টা করিলেও তাঁহাদের সকল ষড় বিফল হইল। অনস্তুর তাহার মৃত দেহ নিক্টস্থ একটি তৃণসমাজ্বর বনমধ্যে নিক্ষিপ্ত হইল।

কিছুদিন পরে একদা প্রত্যুষে দেখা গেল যে, তেজ্ঞরামের বাটীর স্ত্রিকটে অখপ বৃক্ষের উপর বসিয়া একটা কাক ভয়ানক কলরব করিতেছে। কাশীরাম নামক জনৈক ব্রাহ্মণ ঐ কাকের কর্কণ কল্বব শ্রবণ করিয়া অত্যন্ত বিরক্ত হইয়া তাহাকে গুলুতে দারা বধ করিল।

এই ঘটনার ছয় মাদ পরে নিকটক্ত অপর এক গ্রামের জনৈক কুরমী ( কুষক জাতি-বিশেষ ) জাতীয় নিঃম্ব স্ত্রীলোক বস্ত্রধৌত করিবার মানদে উক্ত লারপুর গ্রামে আইদে। বস্তুধৌত ক্রিবার পরে পারিশ্রমিক-স্বরূপ কিঞ্চিৎ পরিমাণে তওল অঞ্চলে বাঁধিয়া আনিয়াছিল। যাহা হউক, যখন সে উক্ত অখথ বৃক্ষের সন্নিকটে আসিয়া উপস্থিত হইল, তথন অমনি একটা চড়াই পক্ষী তাহার নিকট উড়িয়া আসিয়া চঞ্চ ছারা ভাহার লনাটে আঘাত করিল। হঠাৎ এইরূপ ঘটনায় স্ত্রীলোকটি ভীত হওয়াতে তাহার অঞ্চল হইতে তণ্ডল গুলি পড়িয়া গেল। এদিকে উক্ত চড়াই পক্ষীটিও সঞ্চে সঙ্গে মৃত হইয়া ভূমিতে পতিত হইল। স্পর্শ করিবামাত্র পক্ষীটির মৃত্যু হইল দেখিয়া স্ত্রীলোকটি অতিশয় হু:থিডা হইল এবং তাহার জন্ম আক্ষেপ করিতে লাগিল :—সে হস্ত উত্তোলন পুর্বক ভগবৎ-উদ্দেশে বলিতে লাগিল, "হে ভগবন ! তুমি অন্তর্যামী, সমস্তই জান। ঐ পক্ষী আমার চাউল নষ্ট করিবার কারণ হইলেও আমি মনেও উহার কোনরূপ অনিষ্ট চেষ্টা করি নাই, তবে আমাকে আঘাত করিয়াই কেন যে মরিয়া গেল, তাহা তুমিই জান। ইহার জন্ম আমি কোন প্রকারে অপরাধিনী নহি।"

উপরোক্ত ঘটনার দশ মাস পরে ঐ কুরমী জাতীয় স্ত্রীলোকটি একটি প্ত্র-সন্তান প্রসব করিল। ঐ বালকের বয়ঃক্রম বধন তিন বংসর হইল, তথন সে তাহার জাতীয় কোন স্ত্রী অথবা প্রথম কাহারও সহিত আহার করিতে কোনমতে সন্মত হইত না। সে বলিত যে, সে নীচ কুর্মী জাতি নহে, সে বান্ধণ।

যে প্রামে তেজরামের পরিবারবর্গ বাদ করিত, ঐ কুর্মী রমণী কিছ্কাল পরে বস্ত্র ধৌত করিবার জ্ঞা পুনর্বার সেই গ্রামে আদিল। সেই দক্ষে এবার সে তাহার-পূপ্র-সন্তানটিকেও কোলে করিয়া আনিয়াছিল। তাহার সেই তিন বৎসরের বালক ষেমন তেজরামের বাটী দেখিতে পাইল, অমনি সে তাহার মাতার ক্রোড় হইতে লাফাইয়া পড়িয়া, তাহার ক্ষুত্র হস্ত উত্তোলন করিয়া, ক্ষুত্র অঙ্গুলি নির্দেশে ঐ বাটী দেখাইয়া ফলিতে লাগিল যে, ঐ বাটী এক সময়ে তাহার চিল এবং অমুক অমুক তাহার পিতা, মাতা, স্ত্রী এবং ভগিনী ছিল। এই বলিয়া সকলের নাম উল্লেখ করিছে লাগিল। একটি তিন চার বৎসরের শিশুর মুথে এইরূপ আশ্চর্যান্ধনক বাক্য শ্রবণ করিয়া, ক্রমে গ্রামের লোক সকল আদিয়া ভাহার চারিদিকে ঘেরিয়া দাঁড়াইল,—সেই স্থান লোকারণ্য হইয়া গেল। অনেকেই কৌতূহলাক্রান্ত হইয়া কতকটা তামাসাচ্ছলে ঐ বালককে নানা প্রেশ্ন করিতে লাগিল। বালক তাহার ইতিহাস এইরূপ বর্ণনা করিল:—

"আমি এই লারপুর গ্রামে ব্রাহ্মণ নখুরামের পুত্র তেজরাম। একদা আহারাত্তে ভামাকু দেবন করিবার অভিপ্রাহে আমি নিজ শয়ন-গৃহে প্রবেশ করিয়া ছকাটি লইব, এমন সময়ে একটি বিষাক্ত দর্প আমার অঙ্কুলিভে দংশন করিল।"—(সকলে দেখিল, বালকের অঙ্কুলিভে সর্প দংশন চিক্ত এখনও রহিয়াছে।) "আমাকে বাঁচাইবার জন্য সমস্ত চেষ্টা বিফল

হওয়াতে, আমার পিতা ও আত্মীয়বর্গ আমাকে যধারীতিক্রমে রামগন্ধার ভীরে দাহ কার্য্য সম্পন্ন না করিয়া, একটা ঘাসের জঙ্গল মধ্যে নিক্ষেপ করে। স্থামার পিতা এরপ নীচ প্রকৃতির লোক যে, কিঞিং অর্থবায় क्रिया यथानियरम ज्यामात लाकानि-क्रिया সমাধান ना क्रिया विना-वाख শীতল সিংহের দারা ঐ কার্য্য সম্পন্ন করাইয়াছিলেন। দেহ ত্যাগ করিয়াই আমি কাক জন্ম গ্রহণ করিয়া, আমাদের বাটীর নিকটস্থ অখথ বুকে প্রত্যহ বসিয়া বাটীর প্রাত্যহিক সমস্ত ঘটনা দর্শন कतिष्ठाम । स्वामात्र खीरक (प्रश्विताद वामनाहे, विस्वयन्तरल व्यवन हिन । একদা একটা জলপাত্তে জল বৃক্তিত দেখিয়া আমি উহা পান করি। আমার স্ত্রী তাহা দেখিতে পাইয়া, ঐজল ভূমিতলে নিকেপ করিয়া আমার্কৈ যথেষ্ট গালিবর্ষণ করিতে থাকে।"—(এই, কথা তাহার স্ত্রীকে জিজ্ঞাদা করাতে, একদা যে দে এই কারণে জল নিক্ষেপ করিয়া কাকের প্রতি গালিবর্ষণ করিয়াছিল, তাহা সত্য বলিয়া স্বীকার করে।)--- "একদা আমি পূর্ব কপিত অথথ বুকে বসিয়া চাৎকার করিতেছিলাম দেখিয়া, কাশারাম অত্যন্ত বিরক্ত হইয়া গুল্তি ছারা নির্দ্ধরূপে আমার প্রাণবধ করে।" ইহা ব্যতীত তাহার কুর্মী-জাতীয় মাতার সম্বন্ধে যে সঁকল ঘটনা সংঘটিত হয়, তাহাও বালক আছ-পুৰিকে যথায়থ বৰ্ণনা কারল।

এইরপ ব্যাপারে সকলেই মনে করিতে লাগিল যে. এই বালক সম্ভবতঃ ভূত দারা আবিষ্ট হইয়া থাকিবে। কিন্তু এইরূপ আশঙ্কা শীঘ্রই पृत इहेग्राह्नि। **अ** नानक निन त्य, त्म अकठा माना अनः अकठा नान, এই ছুইটা মোড়কে তিন শত টাকা তাহার গুহের ঘারের নিকট প্রোথিত করিয়া রাখিয়াছিল। এই বলিয়াই ঐ বালক ঠিক দেই স্থান দেখাইয়া দিল। অনম্ভর উক্ত স্থান সর্বা-সমক্ষে খনন করাতে

ঐ কথিত মূদ্রা বাহির করা হইল। তাহার পর গৃহ-প্রাচীরের এক স্থান হইতে আরও তিন শত টাকা বাহির হইল। এই শমন্ত ব্যাপার দেখিরা সকলে আশ্চর্যায়িত হইল,—বালকের কথিত বিষয়ের সত্যতা-সম্বন্ধে আর কাহারও কোনরূপ সন্দেহ রহিল না। এই লুকায়িত অর্থ সম্বন্ধে বাটার আর কেহই কিছই অবগত ছিল না।

যাহাই হউক, উক্ত ঘটনার পর ঐ কুর্মী-রমণী পাছে তাহার এক মাত্র পুত্রকে হারায়, এই ভয়ে সে বালককে লইয়া ক্রভপদে দেই স্থান হইতে প্রস্থান করিল। অনস্তর কিছু পদিন পরে ঐ কুর্মী-পারবার নিজ্ঞাম পরিত্যাগ করিয়া কোন দূর গ্রামে গিয়া বাস করিল, কারণ ঐ রালক তেজরামের বাটীতে যাইবার জন্য প্রায়ই ক্রন্দন করিত এবং সময়ে সময়ে অধীর হইয়া পাড়ত,। তেজরামের (অর্থাৎ তাহার পূর্বজন্মের) স্ত্রীকে দেখিমার জন্য ঐ বালকের বাসনা বড়ই প্রবল হইয়া উঠিত। তেজরামের স্ত্রী অত্যন্ত স্থন্দরী ছিল এবং তেজরামন্ত তাহাকে অত্যন্ত ভালবাসিত।

এই ঘটনাট উত্তর পশ্চিমাঞ্চলস্থ বিলাসপুর নিবাসী কোন ক্ষজির ভদ্রলোক দ্বারা বিবৃত হইরাছে। এই ঘটনাটি তাহার পরিবারস্থ কোন মহিলার দক্ষ্বেথ ঘটিয়াছেল। যে গ্রামে এই ঘটনী সংঘটিত হইরাছিল, সে গ্রামে এই মহিলার পিত্রালয় এবং উছার পিত্রালয় তেজরামের বাটীর অতি সরিকটে সংস্থাপিত। স্থতরাং এই বিবৃত ঘটনার সম্পূর্ণ সত্যতা সম্বন্ধে সন্দেহ করিবার কিছুই কারণ নাই। কারণ যে ভদ্র-লোকের মুথে উহা শুনা গিয়াছে, তিনি ঐ মহিলার অতি নিকটসম্বনীয় এবং এক বাটীতে বাস করিতেন। ইহা ব্যতীত তিনি বিশেষ চরিত্রবান্ এবং শিক্ষিত ব্যক্তি।

শ্রীঅহোরনাথ দত্ত।

# "দাদা ম'শায়ের ঝুলি।"

#### (৩৭৬ পৃষ্ঠার পর)

মানবাত্মার স্বরূপ ও পারলোকিক অবস্থার বিষয় আলোচনা করিছে করিতে বোামকেশের আগ্রহ এতদ্র বন্ধিত হইয়াছিল যে, পাছে ভট্টাচার্যা মহাশরের পীড়া তাহাদের সেই আলোচনার পথে অন্তব্যর হয়, সেই চিন্তায় ব্যস্ত হইয়া, সে পর দিন প্রত্যুবেই ওকেবারে বৃদ্ধ দাদা ম'শায়ের বাটীতে আসিয়া হাজির। তাহাকে দেখিয়া ভট্টাচার্য্য মহাশয় অতিশয় আহলাদ-সহকারে কাছে ডাকিলেন এবং সম্লেহে মাথায় হাত বৃলাইয়া চিরাভান্ত সরস-বচনে কহিলেন,—''কিরে! রাত্ পোহাকে না পোহাতেই একেবারে এসে হাজির যে ? নাত বউ তাভিয়ে দিয়েছেনা কি ? ব্যাপারখানা কি বল্ দেখি ?''

ব্যোমকেশ। আছো যা' হোক্! আমি বলি, বুড় দাদাটি কেমন আছে, দেণে আসি। তা'রই বৃঝি এই প্রতিফল ? তবে আমি এই চল্লেম।

ভট্টাচার্য। না, না, রাগ করিদ্ নি, বোদ্। ভোর কালকের ক্থাটার আলোচনা করা যাক।

'ব্যোমকেশ। নাদাদা ম'শায়! আপনার এই হর্বল শরীরে কষ্ট দিয়ে আমি কি শেষটা আপনাকে আরও পীড়িত ক'র্বো? আপনি শীঘ্র স্বস্থ হ'য়ে উঠুন, এখন আমার এই একমাত্র আকাজ্জা।

ভট্টাচার্যা। ভাই। আমার জীবনের শেষ হ'য়ে আস্ছে। আর ক'দিনইবা বাঁচ্বো ? যে ক'টা দিন পাকি, যদি তোদের মত পাঁচজন জ্ঞান-পিপাস্থর হৃদয়ে কিয়ৎপরিমাণেও প্রাচীন ভারতের সনাতন সত্য গুলির উন্মেষ সাধন কর্তে পারি, তা হ'লেই আমার বাকি কটা দিন

স্থবে কাট্বে। ভবে ভোর ভয় নেই, ভোর বুড়ো দাদা ম'লায় অভ সহজে ম'রুবে না। এখন ভোর প্রশ্লের সমাধান <sup>\*</sup>কর্বার চেষ্টা করা যাক।

ব্যোমকেশ। কেমন ক'রে জীবাত্মার প্রেতাবস্থা থেকে মুক্তি হয়, সেই কথাটা আমাকে বুঝিয়ে বলুন। আপনার কথা মত "অণৌকিক-রহত্ত আমি পড়েছিলুম। পাপীর ভীষণ ষন্ত্রণার কথা যা সব পড়লুম, ভা'তে আমাতে আর আমি নেই। কেমন ক'রে জীবে এ অবস্থা থেকে মুক্তিলাভ করে ?

ভট্টাচার্যা। ভোকে কাল যে সমস্ত কথা বুঝিয়েছি, যদি সেগুলো ভাল ক'রে হৃদয়ে ধারণা কর্তে পেরে থাকিস, তা' হ'লে এটা স্পষ্টই বুঝতে পার্কিষে, এই প্রেভাবস্থার স্থায়িত্ব কন্ত দিন। সেতারের তারটি যতক্ষণ স্পশিত হ'তে থাকে, ততক্ষণ ধেমন স্বরের রেশটি মরে না. দেইরূপ মৃত মানবের মনোময় কোষটি যতদিন পর্যাস্ত বিগত পার্থিব জীবনের চিরাভ্যস্ত উৎকট কামনা-প্রস্থত বাসনা ও চিস্কারাশির পুনর-ভিনয় কর্ত্তে থাকে, ততদিন পর্যান্ত সেই সমস্ত অত্প্রীবাসনা-সম্ভত জালামরী অবস্থার শেষ হয় না। পরে <mark>যধুন</mark> ভোগজনিত পরি**পুষ্টির** অভাবে মনোময় কোষ্টির ভাদৃশ ম্পন্দন-রাজি ক্রমে মন্দীভূত হ'য়ে আসে, তথন যাতনা-দেহের জীণাবস্থা ও বার্দ্ধকাকাল এসে উপস্থিত হয় এবং স্থলদেহের স্থায় সেটিও তথন শ্রীবাত্মা হ'তে বিচ্ছিন্ন হ'রে পড়ে। এটিকে দিতীয়-মৃত্যু নামে অভিহিত করা থেতে পারে। জীবাত্মা তথন আপনার পাপ-বাসনা-রূপ বন্ধন থেকে মুক্ত হ'য়ে প্রেতলোক পরিত্যাগ ক'রে পিতলোকে গমন করে।

এখন বুঝুডে পাল্লি যে, উৎকট পাপাচারী ব্যক্তির প্রেভাবস্থা ব্দবশুস্থাবী হ'লেও সে অবস্থা কথনও চিরস্থায়ী হ'তে পারে না। ছষ্ট ছেলে বাপ মারের কথা না শুনে উৎপাত করে. যেমন তাঁরা তা'কে শিক্ষা দেবার জন্মে অনৈক রকম শান্তি দেন, বিশ্বজননীও সেইরূপ তাঁর অশান্ত ছেলেঞ্চলিকে শিক্ষা দেবার জন্মে এই সমস্ত শান্তির ব্যবস্থা ক'রেছেন। বাদনা-তাড়িত জীব কিছুতেই প্রাকৃতিক নিয়মের অন্তিত্বগুলি স্বীকার কর্ত্তে চায় না, তা'দের উদ্দাম প্রাবৃত্তিগুলি সমন্তই ভাসিয়ে দেয়। তাই ষতদিন পর্যান্ত না তা'দের জ্ঞানলাভ হয়, ততদিন প্রত্যেক পার্থিব জীবনের অবসানে ভা'দিগে একবার বিশ্বপিতার এই Reformatoryতে পাঠিয়ে দেওয়া হয়। ব্যবস্থাটা আপাত-দৃষ্টিতে কঠোর ব'লে মনে হ'তে পায়ে বটে, কিন্তু এর উদ্দেশ্য ও পাংশাম বিবেচনা করে কি এটাকে একটা নিষ্ঠুরতা বা হৃদয়-হীনতার পরিচাষক রূপে গ্রহণ করা যেতে পারে ? যেমন বাগা তেঁতল না হ'লে বুন' ওল জব্দ হয় না. তেমনি শিশু মানবের সর্বভুকরপী বাসনার বেগ, অতৃপ্তির অত্যুৎকট জালা ভিন্ন আর কিছুতেই মন্দীভূত হ'তে পারে না।

"কিন্ধ এ-ত গেল বিশ্ব রাজ্যের সাধারণ ব্যবস্থা। দরাময়ের রাজ্যে কি এ ছাড়া বিশেষ ব্যবস্থা আর কিছু নেই ? তা' অবশ্রুই আছে। পরম **কারু**ণিক ঋষিগণ জী<u>বের দ</u>ংথে কাতর হ'ন্সে, যা'তে তারা শীঘ্র শীঘ্র এই প্রেতাবস্থার যন্ত্রণা থেকে মুক্তিলাভ কর্ত্তে পারে, তা'র জন্ম এই আর্য্য-ভূমিতে বহুবিধ বিধি ব্যবস্থা রেখে গেছেন। এই শ্রাদ্ধ ব্যাপারটাকে ভোরা কি রকম মনে করিস ? এ সম্বন্ধে কথনও বোঝ্বার চেষ্টা করিছিস কি?

ব্যোমকেশ। দাদা ম'শায়। যদি অভয় দান করেন, তা'হ'লে প্রাণ পুলে সভ্যি কথাটা ব'লে ফেলি। বর্ত্তমানে যা দেখুতে পাই, ভা'তে আছ কার্যাটা একটা বিরাট লুচি সন্দেশের আয়োজন ভিন্ন আর কিছু ব'লে মনে হয় না। অবিশ্রি লচিতে আমার কোন আপত্তি নেই, তবে মন্ত্র তন্ত্র প্রভৃতি বাকি যে সব দেখাতে পাই, তা'তে আর আমাদের সেকালের বা সেকালের মুনি ঋষির ওপর শ্রন্ধা অটল রাথা চন্ধর হ'রে পতে।

ভট্টাচার্যা। ভাই। তোদের কি দোষ দিব বল ? কাল-মাহাত্মো জগৎ-হিতৈকত্রত ঋষিগণ লোকচক্ষুর অন্তরালে গিয়েছেন। জনশ্রুতি এখন ব্যাদ ও নারদাদিকে ল'য়ে যাত্রাদলের "বাসদেব" ও "কুঁছলে-নারদ" তৈয়িরি ক'রেছে। পবিত্র বেদমন্ত্র ক্রমে "স বাহে ভ্যাস্তরে শুচি"তে দাঁডিয়েছে। নিমন্ত্রণ কর্ত্তে গিয়ে যে যত বড় ছাঁদা বাদ্ধতে পার্বের. সেই তত ভাল বামুন, এই হ'ল কলি রাজার পচারিত যুগ-ব্যবস্থা। তোরা যে এখনও আমাদের কথা হুদণ্ড কাণ পেতে গুনিস, এটা আমি অতি বড় বিশ্বয়ের কথা ব'লে মনে করি। তোদের কি দোষ ভাই ? কাল-ধর্ম্মে দেশ উৎসন্ন গিয়েছে। জ্ঞান-ক্রিয়াময় সনাতন হিন্দুধর্ম এথন কতক গুলা প্রাণহীন বিকৃত অনুষ্ঠান মাত্রে পর্য্যবসিত হ'গেছে। ব্রাহ্মণ, সনাতন ধর্ম ও বেদ রক্ষা করা যাঁ'র কাজ, তিনি এখন শান্ত-চিস্তা, শান্ত্র-আলোচনা পরিভাগি ক'রে ভোগ-বিলাসের স্রোভে গা চেলে দিয়েছেন। পাপস্রোতে দেশ ভেদে যাচ্ছে। বুঝি সেই স্রোতে সব ভেসে বায়! হা ভগবান্! এ দৃশ্র দেখ্লে বুক ফেটে যায়! এই কি সেই ঋষিদিগের পদরঞ্জ-পূত পুণাভূমি ভারতবর্ষ ! কটিল কালে কি হ'ল ?—

कथा वन् एक वन् एक छुनि। धात हक्कू खरन भूग हरेग्रा आमिन। छिनि কিছুক্ষণ নীরবে অশ্রু মোচন করিয়া একটি দীর্ঘ খাস ত্যাগ করিলেন। পরে ব্যোমকেশের মুখপানে তাকাইয়া পুনরায় বলিতে আরম্ভ করিলেন। "এই তুর্দিনে আমি তোদের মত ইংরাজি-শিক্ষিতদের কাছ থেকে অনেক ভরসা করি। দেশের অনুষ্ঠান পদ্ধতি মাটী হ'রে গেছে, কিন্তু পরম কাক্ষণিক ঋষিগণ এখনও শাস্ত্র গ্রন্থগুলি সমাজ্ঞের সমুখ থেকে হরণ ক'রে ল'ননি। ভারত-জননী পরম যতে এখনও সেগুলিকে বুকে ক'রে রেথে

দিরেছেন। ভোরা যদি আবার সেই অনস্ত জ্ঞানভাণ্ডারের মধ্যে ভত্তায়েষী হ'মে প্রবেশ করিস্, তা'হলে বোধ হয়, এই বোর তমসাচ্ছন দেশে আবার জ্ঞানের প্রদীপ জ'লে উঠ্তে পারে। তোরা আজ কাল স্বদেশকে ভক্তি কর্ত্তে শিথ ছিদ ও স্বদেশী হওয়াকে সর্ব্বাপেকা গৌরবের বস্তু ব'লে প্রাণে প্রাণে অনুভব কচ্ছিদ: কিন্তু এখনও মদেশী ভাবের প্রাণ-প্রতিষ্ঠা হয় নি। আর্যাশাস্ত্র-সমূত্র মন্থন ক'রে সনাতন ধর্মব্বপ অমৃত উদ্ধার ক'রে সেই কার্য্য সাধন কর। দেখ বি. ভারত-গরিমায় জ্ঞাবার দিও মণ্ডল উদ্বাসিত হ'য়ে উঠ্বে। এখন ভোকে শ্রাদ্ধতত্ত্ব সম্বন্ধে কিছু বলি শোন।

ব্যোমকেশ। দাদা ম'শাই। ব্যাপার ক্রমেই জটিল হ'য়ে উঠছে। কতকগুলো মন্ত্র আ ওড়ান আর আলোচাল, কাঁচকলার ছড়াছড়ি, এতে প্রেতলোকবাসী জীবাত্মার কি উপকার হতে পারে, তাত আমি মোটেই বুঝে উঠ্তে পারি নি। সত্যি সত্যি কি শেষে মন্ত্র ভক্ত ছিটা ফোটা সবই মানতে হবে না কি ? আর আপনাদের মন্ত্রের ত ঐ এ। আপনাকে অনেক জালাতন কচ্ছি, কিন্তু প্রাণের কথা চেপে রাখি কি করে গ

ভট্টাচার্যা।—আমি তোকে আগেই ব'লেছি ষে. তোদের তাতে বিশেষ কিছ অপরাধ নেই 🗗 "কালধন্মে সবই লোপ পেয়েছে, প'ড়ে আছে কতকগুলা শন্ধ-হান ও অর্থহান অনুষ্ঠানের কন্ধাল। দেশের ব্রাহ্মণ-পণ্ডিত-কুল দেই গুলাকেই প্রকৃত ক্রিয়াকাণ্ডের স্থানে অভিষিক্ত ক'রে একটা বিরাট অজ্ঞতা ও ভ্রষ্টাচারের দেশব্যাপী প্রচার কার্য্য সাধন ক'র্চেছ । এর বিরুদ্ধে একটি কথা ক'বার যো নাই, তা হলেই চারিধার হ'তে পায়ও. নান্তিক ইত্যাদি স্থা-বৃষ্টি আরম্ভ হবে। ভগবানের বিশেষ রূপা, তা'ই এদেশে পাশ্চাত্য জ্ঞানবিজ্ঞানের আলোচনা প্রচলিত হয়েছে। তা'রই ফলে বোধ হয় আবার সেই লুপ্ত বিশুদ্ধ জ্ঞান-লিপ্সা ও তত্ত্বামুসবিৎসা জেগে উঠলেও উঠতে পারে। তা'ই ত বলাম, তোদের কাছ থেকে অনেক আশা করি। তুই ত বিজ্ঞান চর্চো করিস, শব্দের স্বরূপ কি বল্ডদেথি। ব্যোমকেশ।—অল্প কথায় বলতে পেলে, শব্দ জিনিষটা বায়ুমণ্ডলের কম্পন হ'তে উদ্ভ হয়। সেই কম্পন বা Vibrationই এর মূল।

ভট্টাচার্যা।—বেশ কথা, এই Vibration বা কম্পন যে শক্তির ক্রিয়া মাত্র, তা'ত স্বীকার করিস্? ইউরোপীয় বিজ্ঞান এ বিষয়ে কতদুর অগ্রসর হ'য়েছে তা ঠিক বল্তে পারি না। কারণ তা যদি পারত্ম, তা'হলে এই ঝুলিটি ছেড়ে দিয়ে, তোদের কালেজে, গিয়ে তু-পয়সা রোলগার কর্ত্তে পার্ত্ত্রম, আর বঃর্ন্দ্রনীরও কিঞ্চিৎ কণ্টের লাঘব হ'ত। কিন্তু আমি যতদুর শুনেছি, তা'তে নাকি ইউরোপীয় পণ্ডিতেরা এই Vibration বা কম্পনকেই স্ষ্টি-ভত্ত্বের মৌল কার্যা বলে নির্দারিত কর্ত্তে আরম্ভ করেছেন। তা'রা যা'ই বলুন, এ বিষয়ে হিন্দুর শান্ত্র স্পষ্টরূপে সাক্ষ্য দান কছেছে। চেষ্ট্রী ক'রে যদি খাঁ,জন্মত আনেক প্রামাণ পেতে পারিন। ভগবানের ইঞ্ছা হয় তা'হলে পরে এবিষয়ে তোকে সংহাণ্য কর্বার চেষ্টা কর'ব। এখন কথা এই, শব্দরাজি যদি কম্পানে এই ফল হয়, ভা'হলে ইহা অবশ্র স্বীকার্যা যে, প্রত্যেক শব্দেরই একটা না একটা, স্বশ্রম্যাবী ফল আছে: কারণ শক্তির ক্রিয়া ফল প্রদেব আ কু'রে কিছতেই বার্থ হ'তে পারে না। এই কথাটী যদি হৃদয়ে ধারণা করিস, তা'হ'লে মন্ত্র গুলিকে শুধু মুখের কথা ব'লে উড়িয়ে দিতে দাহদ পাবি না। ভা'হ'লে বুঝুতে পার্ব্বি যে, এই মুখের কথা দারাই একটা প্রচণ্ড শক্তির বিকাশ সাধন করা, নিতান্ত অযৌক্তিক কল্পনা মাত্র নয়। কোন্ শব্দের দারা কিরাপ শক্তির খেলা হয়, আধুনিক বিজ্ঞান এখনও ততটা বুরতে পারেনি। কিন্তু আমাদের দেশের :ঋষ্রা যোগদৃষ্টিকারা সেই সমস্ত শক্তির ক্রিয়া প্রত্যক্ষ কর্তেন। শব্দের দারা স্ক্র জগতে যে মূর্তির

স্ষ্টি হয়, এটা তাঁদের প্রভাক কর সভা। এখন মন্ত্রশক্তির কথা বোঝ্। এক একটা মন্ত্রে এরপ কতকগুলি শব্দ রাজির একতা বিস্তাস আছে, যে গুলি গুৱাচারী ব্যক্তিবারা বিশুদ্ধভাবে উচ্চারিত হ'লে সুন্ম অগতে একটা বিরাট আলোড়ন উপস্থিত করে। সমবেত কম্পনের ফলে ষে কিরূপ প্রচণ্ড শক্তির বিকাশ হয়, ভা'র একটা উদাহরণ দিই। সেপাই গোরারা কিরূপ তালে তালে পা ফেলে চলে. দেখিয়াছিস ত ? কিন্ত যদি এক দল দেপাই কোন নদীর উপরিস্থিত সেতুর উপর দিয়া যায়, তা'হ'লে কাপ্তেন সাহেব তথনি তা'দের সার তেন্দে তা'দি'কে এলোমেলো করে দেয়; এর মানে কি জানিস ? প্রণালীবদ্ধ একত পদ-বিস্থাস, তার তেজ এত বেশী যে, তদ্বারা পোলটী দেহ রক্ষা কর্ত্তে পারে। ভাই সব এলোমেলো করে দিয়ে সামঞ্জন্তী নষ্ট ক'রে দেওয়া হয়। এবং তদ্বারা তদৃথিত শক্তিরও থর্বতা হয়। সত্র গুলির মধ্যে এইরূপ *স্থ*সম্বন্ধ শব্দ রাজি র'য়েছে। তবে সে গুলিকে কিয়াশীল কর্ত্তে<sup>6</sup> হলে, নিজে বিশুদ্ধ হ'য়ে, বিশুদ্ধ ভাবে তাদের উচ্চারণ কর্ত্তে হবে। খোলার বাড়ী েথকে ভাড়াভাড়ি উঠে এসে "স বাহা ভারুরে" বল্লে কিছুই হবে না। এ ছাড়া আর একটা কথা আছে। প্রত্যেক বীভ্নমন্ত্রের স**ঙ্গে** দেই মন্ত্রাধিষ্ঠাত্রী দে<u>ব</u>তার একটা আত্মগত সম্বন্ধ আছে। দেবতা মন্ত্রাত্মক। মন্ত্র বিশুদ্ধ হ'লে, দেবতার স্পষ্টি হয় বা দেবতা তা'তে অধি-ষ্ঠিত হন। আবা দেই দেবভার শক্তি দেই মন্ত্র শক্তিতে পরিণত হয়। এ সব গুছ কথা অনেকেই ভূলে বদে আছেন, কাজে কাজেই তাঁরা কোন রকমে "দ বাহে" ক'রে পূজা আশ্রয় সারেন ৷ অবিশ্রি যথার্থ ভক্তির সহিত এরপ পূজো করলে ভাবগ্রাহী জনার্দ্দন যে সেটা এক ৰারেই সম্পূর্ণরূপে অগ্রাহ্ম করেন, তা' নয়; কিন্তু তদ্বারা মন্ত্রের বিশেষ ফলটল হয় না। তৃমি ছেলের যাতনা দূর করবার জন্তে অত্যন্ত ব্যাকুল

হ'য়ে একটা কাট বিষ অন্তায় ব্লপে থাইয়ে দেও, তা হ'লে ভোমার এই নি:বার্থ পিতৃ-প্রেমের উচ্ছাদ ভোমার অন্তরাত্মাকে খুব পুষ্টি দাধন কর্বে बटि, किन्त जन्नाता विरमय कार्यात ल्याजिताथ श्रव ना, ह्हलिंग मर्त्वर । ভোমার প্রেম ভোমাকে উঁচতে তুল্বে, কিন্তু ভোমার অজ্ঞানতা-প্রস্তু ভুলটী হ'তে ভোমার ছেলেটীও মারা যাবে। এই তত্ত্ব যদি বুঝ্তে পারা যায়, তা' হ'লে আমাদের দেশে বর্ত্তমানে যে একটা জ্ঞান ও ভক্তির মধ্যে অনর্থক বিরোধ জনেছে, দেটা দূর হ'তে পারে। এ সব কর্মতত্ত্বের কথা তোকে সময়াস্তবে বল্ব। এখন যে মঞ্জের কথা হচ্ছিল, তাই শোন। প্রান্ধের সময় যে সমস্ত মন্ত্র উচ্চারিত হয়, বিশুদ্ধ হ'লে সেগুলোর ফলে ফক্স জগতে একটা ভয়ানক আন্দোলন উপস্থিত হয়। দেই আন্দোলনের ঘাত-প্রতিঘাতে প্রেত-লোক-বাদী জীবাত্মা**র** ষাতনাদেহটী ভেঙ্গে যাবার স্থবিধা হয়। যাতনা-দেহটার আপনা আপনি ক্ষয় হ'তে যে সময় লাগ্ত, এই মন্ত্র-শাক্তর ফলে তা'র অনেক পুর্বেই সেটী নষ্ট হ'লে যায় এবং সেই জাবাত্মা সেই প্রেতাবস্থা বেকে মুক্তি লাভ করে। এই হ'ল সাধারণ ব্যবস্থা। বিশেষ উৎকট পাপের জন্ম আবার বিশেষ ব্যবস্থা আছে। যথা :— প্রয়াধামে ভগবানের শ্রীপাদপাল পিও দান। অবতার যে সময় লালা কর্ত্তে আসেন, সে সময় জীবের তুঃখে আকুল হ'য়ে অনেক রকম ব্যবস্থা ক'রে রেখে যান। তা' হভভাগা মাত্র ্যাদি একটাও শোনে! এই গয়ায় শ্রাদ্ধ এইরপ একটা বিশেষ ব্যবস্থা। এর ভেতরে যুক্তি দিতে আমি অসমর্থ, কিন্তু গ্যাধামের থবর বারা রাখেন, তাঁরা এর সভ্যতা সম্বন্ধে দৃঢ়-নিশ্চয় হ'য়েছেন। আমরা এই প্রেত তত্ত্ব আলোচনা ক'র্ত্তে ক'র্ত্তে এক্লপ অনেক গুলি ঘটনার বিষয় জান্তে পারব, যা'তে সে বিশ্বাস আমাদের মনে দুটাভূত হবে। থাক্, সে পরের কথা। ক্রমশঃ---

শ্রীমলায়ানিল শর্মা।

# ্যুমালয়ের পত্রাবলী।

( পূর্বপ্রকাশিতের পর। )

## চতুর্থ পত্র।

তোমরা জাননা আমি কিরপে সংসারে প্রতিপালিত হইরাছিলাম।
আমার পিতামাতা আত্মীয় স্বজনেরা আমার উপর কিরপ প্রভাব বিস্তার
করিতেন। তাহা না জানিলে তোমরা কেমন করিয়া আমার যন্ত্রণার কাহিনী
বৃথিতে সক্ষম হইবে? তাই আমার পাথিব জীবনের পারিপার্থিক অবভার
কিছু পরিচয় তোমাদিগকে দিভেছি। তোমরা তাহা পাঠে বৃথিবে, আমি
মর্ত্তাপুরে কিরপ জীবন অতিবাহিত করিয়া আসিয়াছি; তোমরা জানিবে,
আমার প্রকৃত পরিচয় কি ?

আমার পিতামাতা উভয়ে পরম্পর বিভিন্ন সভাব-দম্পন্ন। পিতা আমার অকপট, সাদাসিধা ধরণের লোক। তাঁহাকে দেখিলেই মনে হইত বে, তিনি সংসারবিরাগী, বিনীত, মাংসর্যাহীন, সরল প্রকৃতির মানুষ। প্রাসিদ্ধ বাণিজিক যৌথকার্য্যের প্রধান অংশীদার ও কার্যাধ্যক্ষ, তাঁহাকে দেখিলে তিনি যে একটা বিশাল সম্পত্তির অধিকারী, তাঁহার যে বিপুল প্রতিপত্তি, তাহা কেহই বুঝিতে পারিত না। তাঁহার সোইবিহীন সমান্ত বেশভ্ষা দেখিয়া যাহারা তাঁহাকে জানিত না, তাহারা তাঁহাকে নগন্ত সামান্ত লোক বলিয়া মনে করিত এবং অবজ্ঞাও করিত। কিন্তু বাঁহাদিগের নিকট তিনি পরিচিত ছিলেন, তাঁহারা:জানিতেন বে, তিনি অসাধারণ শক্তি সম্পন্ন, ধার, উচ্চ প্রকৃতির লোক। তাঁহার শাস্ত স্থিরোজ্ঞল নয়ন-দৃষ্টিতে তাঁহার মর্শের গভীর ভাব প্রকাশ ক্রিত।

আমার মা'র প্রকৃতি ঠিক ইহার বিপরীত। তিনিই প্রকৃত গুহস্বামিনী ছিলেন। লাবণ্যবতী, রূপমাধুরিসমন্বিতা, স্বষ্ঠু ভব্যতাযুক্তা, সর্ব্ব সাধারণের আদৃতা আমার জননী, নারীসমাজের আদর্শস্থল ছিলেন। জীবসৌলর্ঘ্যের প্রধান শত্রু কালও যেন তাঁহার বিষয়ে পক্ষপাতী ছিল :--কাল তাঁহার কমনীয় কাস্তির কলম্ব উৎপাদন করিতে সক্ষম হয় নাই। তিনি যে অটুট চির্পৌন্র্যোর আধার ছিলেন, তাহার প্রধান কারণ, তিনি কথনও রাগদেষাদির আতিশয়ে বিচলিত হইতেন না ; অথচ তাঁহাকে ঋদয়হীনা ভাবিবার কোনও কারণ ছিল,না,। তাঁহাতে অন্তর্বল, উপ্পন, প্রেম, দয়া, সমস্তই উৎকর্ষ-লাভ করিয়া ছিল; কিন্তু, তাহাদিগের দ্বারা তিনি কথনও উৎক্ষিপ্ত হইতেন না। আবার বহিব বিহারে তিনি অতিশয় কৌশলময়ী ছিলেন। কাহাকেও অসম্ভুষ্ট না করিয়া বা কাহারও মধ্যে আঘাত না করিয়া, কির্মণে আত্মাভিশাষের প্রতিষ্ঠা করিতে হয়, সে দক্ষতা তাঁহার বিশেষ ভাবে ছিল। তিনি স্ত্রীলোক হইয়াও এই নিপুণতার জ্বন্ত প্রক্ত গৃহস্বামিনী হইয়াছিলেন, অথচ তাঁহাতে কেহই বিরক্ত হইতে পারিত না। কাহার সাধ্য যে, তাঁহার মতের বিপরীত আচরণ করিবে। তাঁহার স্নেহের পুতলি, অতি আদরের দামগ্রী, আমিই তাঁহার কোনও ইচ্ছার বিক্লদ্ধ কার্য্য করিতে কথনও সাহসী হই নাই।

সকলে তাঁহাকে প্রশংসা করিত; তাঁহাকে কেহ প্রক্বত ভালবাসিত কি না জানি না। তবে এটা সত্য, তিনি আমাকে অতিশন্ধ ভাল-বাসিতেন; এতদ্র ভালবাসা তাঁহার আর কাহারও উপর ছিল না। আমি কি তাঁহাকে তদম্রূপ ভাল বাসিতাম ? সত্য কথা বলিতে হইলে আমি তাঁহাকে ঠিক ভালবাসিতাম না। আমি তাঁহার গুণে, আমার প্রতি তাঁহার গভীর মেহে মুগ্ধ ছিলাম; আমি তাঁহাকে অন্তরের সহিত পূজা করিতাম, তাঁহার গুণের ভূরদী

প্রাশংসা করিলাম। আমি তাঁহার মত জননীর অভি প্রিয়পুত্র বলিয়া আমার 'মনে একটা অনির্বাচনীয় অভিমান ছিল। আমার মনের এই ভাবের বেশ কারণও ছিল। যাহা যাহা থাকিলে সাধারণ মানব চক্ষে নারীর মহত্ব ও উচ্চতা প্রতিপন্ন হয়,তাঁহাতে তাহার একটীরও অভাব ছিলনা। তিনি বেন নারীদৌন্দর্য্যের মূর্ত্তিমতী অধিষ্ঠাতী। এমনটী আমি আর কোথাও দেখি নাই। সৌন্দর্যো তিনি মূর্ত্তিমতী শ্রী। আচার ব্যবহারে, পরিচ্ছন্ন পরিচ্ছদে, মহামহিমান্নিত সেষ্ঠিবে, কেহই তাঁহার সমকক্ষ ছিল না। আবার যাহা যাহা আত্মকত্তব্য মনে করিতেন, তাহা দোষ-লেশ শৃত্যভাবে পালন করিতেন। চরিত্রে অনিন্দনীয়া, ধর্মামুরাণে মানবের আদর্শস্থানীয়া, তাঁহাকে দেখিলে মনে হইত যে, তাঁহার বহিঃ পরিচ্ছদের মত তাঁহার অম্বর-প্রকৃতিও নিঞ্চলম্ব ছিল। তিনি মানব সমাজে এমন কিছু কার্য্য করেন নাই, বা এমন কিছু বাক্য কথনও প্রব্যাগ করেন নাই, যাহাতে তাঁহার আদর্শ-নারী-মাহাত্মো কোনও সন্দেহ আনিয়া দিতে পারিত। এক কথায় বলিতে গেলে, তাঁহার কনিষ্ঠা-স্থূলির ম্পন্দন হইতে তাঁহার পরিপাটী পরিচ্চদের তুচ্ছ অংশের বিন্যাস পর্যান্ত, তাঁহার সমস্ত দেহ, তাঁহার বিশেষত্ব ও প্রকর্ষ সূচনা করিত।

তখন তাঁহাকে ভাল করিয়া বুঝিতে পারি নাই। অতীত জীবনের দিকে দৃষ্টি নিক্ষেপ করিতে যাইয়া এখন জাঁহার, তাঁহার কেন অতীতের সমস্ত চিত্রাবলীর পরিচয় পাইয়াছি। এথন এ একরূপ অভিনব দৃষ্টিতে সমস্ত দেখিতেছি। বাহ্য আবরণ অস্তম লিনতা আর গোপন করিতে সক্ষম নয়। এখন আমি স্পষ্টই দেখিতেছি যে, জনসাধারণের তুষ্টিই ভাঁহার জীবনের শক্ষ্য ছিল। যণ ও আত্মপ্রতিষ্ঠার আকাজ্কাই তাঁহার উপাস্ত দেবতাছয়। ভবে তিনি যে সৎপদার্থ ও সৌন্দর্য্যের একেবারে সাধনা করিতেন না, তাহা নয়। তাঁহার স্বধর্মপালনে আহা ছিল।

তিনি বেইরূপ দেব সেবায় মাগ্রহ ও গুরুত্রান্ধণে ভক্তি দেখাইতেন. সেরপ অতি অল্লাকেই করিয়া থাকে। তাঁহার সহবাদে ও বাক্যালাপে কত লোকের যে প্রাণে শান্তি আসিয়াছে, তাহা গণনা করা যায় না।

আমাদিগের বুহৎ প্রাসাদ হুইভাগে বিভক্ত ছিল। এক স্বংশের অধিষ্ঠাতী আমার জননী; অপর অংশে আমার পিতা থাকিতেন। আমি মাতাগ বিভাগেই বাদ করিতাম। পিতার সন্মুখীন হইতে, আমার সাহস হইত না। তাঁহার স্থির নির্মাণ দৃষ্টি আমাকে যেন সম্ভূচিত করিত। কি জানি কেন আমি তাঁহার, নয়নে নয়ন সংস্থাপিত কঁরিতে পারিতাম না। তিনি যে ইহাতে বিশেষ ছঃখিত হইতেন, তাহা আমার মনে হইত না। তথন বুঝি নাই, কিন্তু এখন জানিয়াছি, তিনি আমাকে অস্তবে অন্তরে অতিশয় ভালবাদিতেন। তাঁহার প্রেমের গভীরতা বুঝিতে আমার শক্তি কোথায়।

চিরানল্মন্বী মা আমার ঘাহার নিকটে যাইতেন, অমনি সেখানে ষ্মানন্দের উৎদ ছুটিত। পিতা আমার গম্ভীর প্রকৃতির, ভাঁহার নিষ্কের মহলেই থাকিতেন: তিনি ক্লাচিৎ আমার জননীর আনন্দ লহরীতে ৰোগদান করিতেন। যদিও কথন আদিতেন, মূর্থ আমি ভাগার নিকটে ষাইতে আমার লজ্জাবোধ হইত,—তাঁহার আড়ম্বরীইন বেশ ভূষায় এবং অতি সরল বাবহারে তিনি যে এই বিপুল সম্পত্তির অধিষ্ঠা<sup>া</sup>, এ কথা ভাবিতেও ধেন আমি সঙ্কুচিত হইতাম।

আমাদিগের পরিবারে আর একজন রমণী ছিলেন:-ভিনি আমার পিতার বিধবা প্রোঢ়া ভগিনা। আমার বালবিধবা পিতৃস্বসার বেশ-বিক্তাসের কোন ও পারিপাট্য ছিল না। লোকে তাঁহাকে অব্যবস্থিতচিত্ত ও স্বেচ্ছাতন্ত্রী বলিত। বস্তুত: পরমূহুর্ত্তে তিনি ষে কি করিবেন, তাং। কেহই ভাবিরা পূর্বে নিরূপণ করিতে পারিত্না। তিনি আমার মাতার

মত নারীদৌল্যাভূষিতা ছিলেন না, তবে আবখাক হইলে তিনিও ষে আমার মার মত মহিমাধিতা হইতে পারিতেন না, তাহা নহে। তাঁহার ব্যবহারে, বাক্যবিন্তাসে ক্রত্রিমতা আদৌ ছিল না। শৈলগহবরে আবদ্ধ স্রোতস্বিনীর মত তাঁহার চিত্তে ভাবরাশি ক্রীড়া করিত। তাঁহার অতি সরল কুটিল তাশৃক্ত বচনাবলীতে একটা মনোরম মাধুর্যা ছিল; তাই তিনি অতি স্পষ্টবাদিনী হইলেও তাহাতে কাহারও প্রাণে স্বাঘাত লাগিত না। মা আমার, তাঁহাকে অভূত প্রকৃতির লোক বলিয়া জানিতেন। यদি কৈহ কখনও আধার পিতার গভীরচিত্তে স্থান্ন তরঙ্গ তুলিতে পারিত, ভাছা আমার দেই পিতৃস্বদা। তিনিই দৃষ্টত: ভাবহান আমার জনকের অধর ওঠকে স্মিতকম্পিত করিতে পারিতেন। আমার পিতাকে আনন্দে উৎফুল করাই যেন তাঁহার জীবনের একটা ব্রত্ ছিল। প্রাণপূর্ণ ভালবাসা লইয়া পরার্থে আত্মোৎসর্গ তাঁহার প্রকৃতিগত ছিল। অনুপরকে স্থী করিতে পারিশেই বেন তাঁহার তৃপ্তি হইত। ভগবানে বিশ্বাদ, তাঁহাতে অচলা ভক্তি, সেটা যেন তাঁহার প্রাণের সহজভাব। বিমল স্থুপ বা ভীব্র চুঃপ তাঁহার জীবনে অনেকবারই আসিয়াছে, কিন্তু তাহারা ক্থনও তাঁহার চিত্তে চাঞ্চল্য আনম্বন করিতে পারে নাই। জানিনা, क्षमञ्जादश जिनि कि एनवै श्रीकृष्ठी कि तिम्राहितन, श्रीरात कि नास्त्र-मनाकिनी धात्रण कतियाहित्यन, यादात अञाद विसम विभाग वा মহাসম্পদে তিনি কথনও আত্মবিশ্বত হইতেন না! অতিশয় যন্ত্ৰণায় পড়িয়াও তাঁহার উচ্ছলিত প্রেম-উৎস রুদ্ধবেগ হয় নাই।

পিতা আমার ভগীনীগত প্রাণ ছিলেন বলিয়া, পিতৃ-স্বদা দকলের নিকট গৃহকর্ত্রীর আদর ও দমান পাইতেন। কিন্তু তিনি নিজে দেবাব্রতগ্রহণ ক্রিয়াছিলেন। মা আমার ভুক্ষগৃহকার্য্য লইয়া থাকিতে পারিতেন না। আমার পিতৃত্বদার নিকট কোনও কার্যা তুচ্ছ বা উচ্চ ছিল না।

তিনি সমস্তই সমান যত্নে নির্বাহ করিতেন। সকলের সমস্ত ক্রটি বা দোষ নিজ স্বন্ধে লইয়া সকলেরই উদ্বেগ দুর করিতেন। সামান্ত পরিচারিকা হইতে গৃহস্বামী পর্যান্ত সকলেরই দোষ তিনি আত্মন্তমে আরোপ করিতেন। ইহাতে তাঁহাকে অনেক সময়ে তীব্র যাতনা ভোগ করিতে হইয়াছিল। কিন্তু তাহা হইলে কি হয়, কেহই তাঁহাকে এই কার্যা হইতে নিবুত্ত করিতে পারিত না। বুঝিতে পারি নাই, মহামতি পিতস্থসা প্রহিতার্থে আত্মবেদনা সহ্য করিয়া কি স্থুণ পাইতেন। আমার মনে হয়, তিনি যগুপি না থাকিতেন, তাহা হরলৈ আমাদিগের পরিবারের মধ্যে এরূপ শান্তির উৎস বহিত না। পূর্বেই বলিয়াছি, আমার পিতা-মাতার প্রকৃতিগত পার্থক্য কতদুর। পিতৃত্বসাই তাঁহাদিগের উভন্ন fecত্তর সজীব বন্ধনী। তাঁহারই চেষ্টার মা আমার পিতার ওঁদাসীন্ত ভূলিতে পারিয়াছিলেন, পিতা আনন্দের আত্মাদ পাইতেন। ভবে কি আমার পিতার প্রাণে কোনও যাতনা ছিল? হয় ত ছিল.— তিনি বোধ হয় তাঁহার পত্নীর হৃদয়ের ভিতরে, তাঁহার প্রিয় পুলের প্রাণের মাঝে কি একটা খুঁজিতেন, কিন্তু তাহা পাইতেন না। সেই অভাব-যাতনাই তাঁহার মর্মে একটা মরুভূমি নির্মাণ করিয়াছিল, ভাহাতে জলসিঞ্চন করাই, আমার পিতৃষদী জীবনের প্রধান কর্ত্তব্য বিবেচনা করিয়াছিলেন।

তিনি আমারও অল্প উপুকার করেন নাই। আমার প্রাণে যাহা-কিছু ধর্মভাব আসিয়াছিল, সেটা তাঁহারই **ষত্নে। তিনিই গলচ্ছ**লে পুরাণের অনেক কাহিনী আমার নিকট বিবৃত করিতেন। তাঁহার মনোরম নীতিকথা এবং নিজ উৎসর্গগুও ধর্ম জীবনের দৃষ্টাস্ত আমার প্রাণে ধর্মভাব জড়িত করিয়াছিল। ষ্পার্থ স্থুথ বা শাস্তি, বলিতে স্টলে. আমার জীবনের সেই কালেই ছিল। আমি যে এখন এখানে

এই ভীষণ যাতনার মধ্যেও মাঝে মাঝে শাস্তির ছান্না দেখিতে পাই, তাহা বোধ হয় সেই মময়ের অতি ক্ষীণ স্মৃতি হইতে আসে।

তাঁহার ধর্মোপদেশে আমার প্রাণে যে ধর্মভাব ভাগিয়াছিল, তাহার জ্ঞান্ত আমি চিরক্তজ্ঞ। তিনি যে পবিত্রবীজ আমার জনয়ে বপন করিয়াছিলেন, তাঁহার চেষ্টায় যে বীজ অর্জুরিতও হইয়াছিল, কেন হায় তাহা আমি পুষ্ট করি নাই! তাহা হইলে কি আমাকে এখন এ যাতনা সহু করিতে হইত ! তিনি আমার অদৃষ্টের দোষে অকালে পার্থিব ধাম ত্যাস করিলেন। স্বর্গের পুষ্পু পাপপূর্ণ মর্ত্তাধামে বেশীদিন ফুটিরা থাকিতে পারিল না। প্রকৃতিরাণী কুত্রিমতার উষ্ণ নিশাসে ত্রদিনেই শুকাইয়া গেল। দেবস্থিৎ কিছুদিন মাত্র পৃথিবীতে থাকিয়া পুথিবীকে শীতল করিয়া আবার নিজধানে প্রতিগমন করিল। আর আমি ? যেমন কিশোরের প্রাক্তিনীমায় পদার্পণ করিলাম, অমনই ধীরে ধীরে পুর্ব্ব পদাঙ্ক হইতে সরিয়া পড়িতে লাগিলাম। ধর্মের পবিত্র আসনে ইন্দ্রিয়গণকে স্থান দিলাম। পূর্ব্বে ছিলাম অনেকট। প্রকৃতির বালক, এখন জগতের ক্বত্রিমতা শিক্ষা করিতে লাগিলাম। আমি পিডার কুঠিতেই কার্য্য করিতে বাহির হইলাম। ইহাতে আমার মাতার অভিমত ছিল না। মাতার অমারুষী সৌন্দর্যোর প্রতিমৃত্তি এবং পিতার বিপুল অর্থের উত্তরাধিকারী আমি যে সামাক্ত ব্যবসা করিব, এটা তাঁহার আদৌ অভিপ্রেত ছিল না।

আমার গোকরঞ্জন করিবার একটা অস্বা ভাবিক ক্ষমতা ছিল। এ শক্তিটা জামি স্থামার মার নিকট হইতে লাভ করিয়াছিলাম। চঞ্চলস্বভাব আমি, **এই कमजारे भागांत काल** हहेल। (यथानिह घाटेजांग, याहातिहें দেখিতাম, সেই আমার অন্তরঙ্গ বন্ধুরূপে পরিণত হইত। জগৎ যেন আমাকে আলিঙ্গন করিতে সদাই বাছ প্রসারণ করিয়া থাকিত। সকলেই

আমাকে লাভ করিয়া যেন অপূর্ব্ব আনন্দ উপভোগ করিত। আমিও লোক বা স্থানের বিচার না করিয়া সকলের প্রণয়ের প্রতিদান করিতাম। ইহাতে অঞ্চিতেন্দ্রির, উচ্ছিসিত-ভাবপরায়ণ আমার যাহা হইবার তাহা इटेल। योवन-नौभाग्न भार्यन कतिवात भूट्या आभात भाषान १ टेल। আমার বন্ধবর্গের মধ্যে ইন্দ্রিয়াসক্ত স্ত্রীপুরুষের অভাব ছিল না। তাহার যে ফল, শীঘ্রত তাহা ফলিল। প্রথম প্রথম অপরের দ্বারা প্রল্ব ১ইয়া ইক্রিয়চ্যার স্থপ উপভোগ করিতে মভাস্থ ইইলাম; পরে কত নিরীহ নরনারীকে সেই পথে আকর্ষণ ক্রিয়া আনিলাম।

পিতা এই পৃষ্কিল প্ৰণ হইতে আমাকে উদ্ধার ক্রিতে খনেক চেষ্টা করিয়াছিলেন। কথন উপদেশ অনুযোগ, কথন তিরস্কার শাসন, তিনি কিছুরই ত্রুটী করেন নাই। কিন্তু, কিছুতেই কোনও ফল হইল না। আমি কৌশনে, তাঁহার নিয়ন্ত, ব পরিহার করিতাম। মাতাও অনেক চেষ্টা করিয়াছিলেন এবং আমার চরিত্র সংশোধনে অনেকটা দক্ষমও হইয়াছিলেন। তিনি আদৌ বিরক্তির ভাব দেখাইতেন না, বরঞ্চ এ**খন** পূর্ব্বাপেক্ষা তিনি আমার প্রতি স্লেহাধিক্য দেখাইতেন। তিনি দেখাইতেন, আমি তাঁহার স্নেহপূর্ণ হৃদয়ে কত যাতনা দিতেছি। তিনি অতি স্পষ্টভাবে প্রকাশ করিতেন যে, আমার মত উত্তম পুলের জননী বলিয়া ঠাহার যে একটা অভিমান ছিল এখন সেই অভিমান ভাঙ্গিতে হইতেছে বলিয়া যে তাঁহার এই যান্তনা, তাহা নহে। এ যাতনা আমার পরিণাম চিস্তা করিয়া;—আমার উচ্ছৃতাল জীবন আমাকে ব্যাধিযুক্ত করিবে, আমার অকালমৃত্যু আনিবে, ইহাতে আমি লোক সমাজে নিন্দনীয় হুইব। মা'র এইরূপ বাবহারে আমি বুঝিলাম, আমার জননীর স্লেহের গভীরতা কি। আমি চরিত্র সংস্কার করিতে প্রতিশৃত হইলাম।

আমি ইন্তিয়পরতন্ত্র হইলেও, আমার সংযম শক্তি যে আদৌ ছিল

না, তাহা নহে। মা যে বলিয়াছিলেন, আমার ব্যবহারে জগৎ কি ভাবিবে. এই কথা আমার প্রাণে লাগিয়াছিল। আমি একট সংযতভাবে, লোক-চক্ষুর অগোচরে আমার পাপ-ইচ্ছার পূরণ করিডাম।

এইরপে কিছু দিন কাটিল। যথন আমার বয়: ক্রম একবিংশতি বং-সর, তথন পিতা মানবলীলা সংবরণ করিলেন। আমার পিতৃস্বসার মৃত্যুর প্র পিতার অধ্যে আর ফেহ হাসি দেখে নাই। মা সংসার হইতে অবসর গ্রহণ করিলেন। তিনি গৃছে থাকিয়াই, প্রক্কত সন্নাসিনীর মত জীবন অতিবাহিত করিতেন। আমি পিতার কার্য্য দেখিতে লাগিলাম। আমি শীঘ্রই কঠিন পীড়াগ্রস্ত হইলাম। এইবার আমার জীবনের অম্বতম কাল। আমার সমস্ত পাপকাহিনী জীবন পট হইতে ধৌত করিতে পারিলেও এইটা সমান উজ্বল রহিয়া যাইবে। সে কি ভীষণ কথা! আমার স্মৃতিতে আদিবা মাত্র আমার হৃংকুম্প উপস্থিত হইতেছে। এতদিন যাতনা ভোগ করিতেছি তবুও কি তাহার উপশম নাই! সে স্বৃতির কি নাশ নাই!

ভিষ্কদিগের আদেশমত সমুদ্রতীরবন্তী শৈলবেষ্টিভ এক মনোরম স্থানে আমি বায়ুপরিবর্ত্তন করিতে যাইলাম। তথায় আমার পিতা পুর্বের একথানি স্থানর পূর্ব নির্দাণ করাইয়াছলেন; কিন্তু আমাদিগের কথনও সেখানে যাওয়া হয় নাই। স্থামার এক অতি দ্রাম্মীয়া বিধবা তাঁহার যুবতী কন্তার সহিত তথায় বাস করিতেন। আমরা তাঁহাদিগকে পূর্বেক কথনও দেখি নাই। আমার আত্মীয়ার সামান্ত সম্পত্তি ছিল, ভাহাতেই তাঁহাদিগের অতি কটে জীবিকা নির্বাহ হইত। পিতা অমুগ্রহ করিয়া তথায় তাঁহাদিগকে বাসের আজা দিয়াছিলেন। বিধবার কন্তা হৈমবতী সম্পর্কে আমার ভণিনী হইত। হৈমবতী অতিশয় হতভাগিনী ছিল। ভারার বয়স যথন সপ্তম বৎসর, সেই সময় ভারার বিবাহ হয়।

বিবাহের পরেই ভাহার বৈধব্য হইল। এখন ভাহার বয়ক্রম পঞ্চদশ বংসর। নিকটেই অরণ্য, চতুর্দ্দিকে শৈলমাণা, সমুখে, নীল সমুদ্রের অন্তহীন, জ্বলরাশি, এই প্রকৃতির সৌন্দর্যোর মধ্যে অভি লাবণ্যময়ী হৈমবভী প্রকৃতির রাণীর মত রাজ্ব করিত। নিকটে ও দুরে দশ পাঁচিশ ঘর ক্বয়ীজীবী অভি গরীব গোয়ালা বাস করিত। ভাহারা সকলেই আমাদিগের প্রজা। ভাহায়া সকলেই হৈমবভী ও ভাহার মাতাকে দেবীর মত ভক্তি করিত।

আনি তথায় বাস করিতে লাগিলাম। শীঘ্রই আমি হুস্থ ও স্বল প্রকৃতির মনোরম নানা রূপ সৌন্দর্য্যে ভূষিত থাকিলেও. হইলাম: আমার দে স্থান আদৌ ভাগ লাগিত না। দেই একরূপ লোক. প্রকৃতির দেই একথানা চিত্র, শীঘ্রই আমার দেই স্থানে অবস্থান করা কষ্টকর হইরা উঠিল। আমার প্রাণ সহরের বৈচিত্রাময় আমোদ উপ-. ভোগ করিতে লালায়িত হইল। শুথচ মাতার আদেশ এথানে আমাকে আরও কিছুদিন থাকিতে হইবে। কি করি,তাই কোনরূপে সময় কাটাইতে, একটা উপায় উদ্ভাবন করিলাম,—হৈমবতীকে আমার প্রতি আসভা করিতে যত্ন করিতে লাগিলাম। একেত সে অতি রূপবতী,ভাহার উপর ভাহার ছিল সাংসিদ্ধিক বেশভূষা, তাহার অকপট মন, তাহার প্রাকৃতিক আনন্দ-উৎফুল্ল বনন,— গামি ভাবিলাম, এরূপ রমণীর প্রণয়পাত হইতে পারার একটা স্লিগ্ধ স্থব আছে। দেই পল্লীবাসিনী সরলম্বভাবা রমণী সংস্থারের তুষ্ট চতুরতা জানিত না। মানধ-সংস্পর্শহীন, গিরিকলরের পক্ষিণীর মত স্বাধীন ও ভীতিশূল, শ্রামল শঙ্গে নিপতিত শিশিরবিন্দুর মত নির্মাল ও পবিত্ত, সেই অশিক্ষিত, সহরের কৃত্রিমতা-শৃত্ত, প্রকৃতি-কত্যা আমার প্রণয় ক্রীড়ার উপযুক্ত পাত্রী হইবে ভাবিলাম ৷ আমরা হুন্সনে অনেক সময় নির্জনে একত্র থাকিতাম; নির্জনে একত্র সাগর-তটে খেত-কিরীটা

সাগর তরক্ষের নৃত্য দেখিতাম, নির্দ্ধনে গিরিস্কটে বেড়াইতে বেড়াইতে বিহল বিহলীর কেলি দেখিতাম। সে যুবতী হইয়াও বালিকা-স্বভাবায়িতা। হৈমবতীর মাতা আমাদিগের এই নির্দ্ধন-বিহারে কিছুই আপত্তিকর দেখিতেন না।

প্রথম প্রথম আমার দমস্ত চেষ্টাই বিফল হইত। চিরপ্রদল্পনারী হৈমবতী এই দ্রে, এই অন্তিকে, আমার চারিপার্শ্বে ক্রীড়া করিয়া বেড়াইতেছে, এই আমার নিকট বিদয়া আমাকে দেবা করিতেছে, আমার প্রবাদের অপ্রাল্লভা দ্র করিতে কত্তই চেষ্টা করিতেছে, আমার সন্দির্গ্ব মনে পরক্ষণে কোথার পদাইয়া যাইতেছে। আমি কিছুতেই তাহাকে আবদ্ধ করিতে পারিভাম না। দে কি আমার মনের ভাব বুঝিতে পারিয়াছিল! ভাহা নহে। সে যে আমার মনের হুরভিসদ্ধি বুঝিরা সাবধান হইত, তাহা নহে। সেটা প্রাণের স্বাভাবিক শক্ষা। প্রকৃতি ইহারায়াই তাহার পালিত কন্তাগণকে আসল্পর্বিশ্ব ও প্রলোভন হইতেরক্ষা করেন। বিহঙ্গদ্ব রক্ষের শাথায় বিদ্যা ভোমাকে সঙ্গীত শুনার, কিন্তু তুম তাহাকে ধরিতে যাও, সে কিএক অদ্গুশক্তি-চালিত হইয়া ভোমার নিকট হইতে দ্রে প্রায়ন করিবে। হৈমবতীর গভীর প্রণয় ছিল, কিন্তু ভোমরা যাহাকে প্রেম্ব বল, তাহার স্থান ভাহার হৃদয়ে ছিল না, —স্বনীল আকাশের মত ভাহার স্বন্য পবিত্র।

বাধপূর্ণ আমি কিন্তু প্রতিজ্ঞা করিয়াছিলাম, "দলিগ্ধা রমণী, আমি তোমার আবদ্ধ করিবই করিব।" অবশেষে আমি তাহা করিলাম, ব্বতীর স্বভাবের শোচনীয় পরিবর্তুন করিলাম। অমলিনা, কলঙ্কহীনা নলিনীর আর এখন সে রমণীয়া শোভা নাই; স্বাধীন বিহঙ্গের হৃদয় বিদ্ধাহয়াছে। এখন কোথায় সে আর্জব, কোথায় সে বিমল আনন্দরাশি! তাহার হৃদয়ে সরলতার পরিবর্ত্তে কুটিলতা আসিয়াছে, আনন্দের পরিবর্ত্তে

नश्रात वात्रिकना तन्था निशाहि। अधिक आंत्र कि वनिव, देशक भत्र, ভাহার ইহকাল, প্রকাল, ভাহার স্প্রনাশ করিতে আর অধিক বিলম্ব इहेन ना।

আমার প্রাণে তাঁত্র যাতনা, তাঁত্র অমুতাণ আসিল। তথনও আমার প্রাণ তত কঠিন হয় নাই। তাহার সর্বতা, তাহার আহুগত্য আমার মর্মে ত্যানল জালিল। আমি মানব-দেবীর পবিত্রতা নষ্ট করিলাম। হৈম-বতীর মাতা সমস্তই বুঝিতে পারিলেন; মা আমার সমস্ত ভুনিলেন। আমাকে পত্র দিলেন, আমি যেন তদত্তেই সেই স্থান পরিত্যাগ করিয়া চলিয়া আসি। তীব্ৰ অনুতাপৰিদ্ধ, লক্ষিত আমি সেই স্থান পরিত্যাগ করিলাম; স্থির করিলাম, ওই বিধবাকে বিবাহ করিবার ভিন্না মাতার निकृष्टे याक्ता कविव।

কিন্তু তাহা হইল না। মা বুঝাইলেন, এই বিবাহ হিন্দুসমাজ অনু-মোদন করিবে মা: আমাদিগের প্রতিপত্তি ও মর্যাদা ইহাতে একেবারে নষ্ট ১ইবে। তিনি তাঁহার এক কুটুম্বনীর পরমা মুন্দরী ছহিতাকে আশ্রু দিয়াছেন। বুঝাইলেন, এই কুলারীই আমার উপযুক্তা পাত্রী হইবে। তিনি এরপভাবে তাহার গুণের কথা, তাহার অসামান্ত রূপের কথা সামার নিকটে বর্ণনা করিতে লাগিক্ষেন যে, আমার অতিশীঘ্রই প্রতীতি হইল, মাতার পালিতা নলিনীর মত কুমারী জগতে বিরল। হৈম-বতীর কথা সমস্তই ভূলিলাম। কোথায় সে অনুতাপ। কোণায় আমার মহাপাপের প্রায়শ্চিত। তগন বুঝি নাই, এখন এই নরকের অতি নিম্ম দহনে বুঝিতেছি—আমি কি করিয়াছিলাম !

চতর্থ পত্র সমাপ্ত।

ক্রমশ:---সেবাব্রত পরিব্রাজক।

### য়ত ব্যক্তিকে দর্শন।

আমি একজন পৌরাণিক। পুরাণ কথা কহিবার নিমিত্ত কোন স্থানে পমন করিয়া ছিলাম। তথায় নিত্য সন্ধার পূর্বে শ্রীমংভাগবৎ কথা কীর্ত্তন করিতাম। তথায় বহুলোকের সমাগম হইত। কথান্তে স্বায়ং-সন্ধাদি কার্য্য সমাধা করিয়া রাতিভোজনের নিমিত্ত প্রস্তুত হইতাম। বলিয়া রাথি-তথন আমি ছই বেলা অন্ন ভোজন করিতাম। স্বহস্তেই রন্ধন কার্য্য সমাধা করিতাম। আমি অপর কাহারও হস্তে আগার করিতাম না। আমার সঙ্গে একটা চাকর ছিল দেই পরিচর্য্যাদি করিত। এবং যাহাদের বাটীতে ছিলাম ভাঁহারা অতি যত্ন সহকারে আমার পরিচ্য্যা করিতেন। আমি যাঁহার বাটীতে ছিলাম তিনি একজন বিশেষ ধনাতা ব্যক্তি। তাঁহারি বৈটকখানা **ঘ**রে থাকিতাম। এবং তাঁহার কর্ম্মচারিরা সেই বরে থাকিতেন এবং আমরা সকলে একতে সেই বরে স্থাথে শয়ন ক্রিতাম। একদিন রাত্রি সাতে সাতটার সময় নিভা যে প্রকার কথা শেষ করিয়া সদ্ধ্যা কার্য্যাদি সম্পাদন পূর্বাক রন্ধন করি সেইরূপ করিতেছি এবং বৈঠকথানার পার্ম্বন্ত উক্ত ধনাত্য ব্যাক্তির কর্মচারী ও গৃহস্বামির সহিত নানা বাঁক্যালাপ করিতেছি। অবশ্র এথানে পরিচয় দেওয়া উচিত,—রন্ধন গৃহথানি বৈঠকথানা ঘরের উত্তর দিকে। উক্ত রন্ধন গুহের ও বৈটকখানার মধ্যে একটা দরু গুলি রাস্তা আছে। আমি সেই ্রন্ধন-গৃহ মধ্যে একথানি চৌকিতে বসিয়া রন্ধন করিতেছি, আর বৈঠক-খানার রকে বদিয়া তাঁহারা আমার সহিত কথা কহিতেছেন। এমন সময়ে তাঁহার কর্মচারিগণ বলিলেন, "মহাশয়, আমরা বাটী হইতে আহার করিয়া আদি।"—কর্ত্তা বলিলেন "তোমরা যাও আমি এখানে রহিলাম।" সেই সময়ে আমার চাকরটীকে কএকবার ডাকিলাম।জানিলাম যে সে

গৃহাভাষ্টরে নিদ্রা ধাইতেছে। চাকর্মটার নাম গোবর্দ্ধন ছিল। আমি গোবরা বলিয়া ডাকিভাম। যথন ডাকিয়া উত্তর পাইলাম না তথন গুহুসামী ব'ললেন, "গামি কি ডাকিয়া দিব ?" আমি বলিলাম, "না।" এমন সময় বাটীর মধ্য হইতে একটী দাসী আসিয়া কর্তাকে বলিল, "আপনার জল্থাবার প্রস্তুত হইয়াছে আপনি আম্বন।'' কর্ত্তা শুনিয়া विलालन, "यां क्र, यां ७ । " आिय विलाम, "आश्रीन यान ना, जल शाहेबा আস্ত্রন: আমার এখন রন্ধন শেষ হয় নাই।" কর্তা বলিলেন, "আগনি একা থাকিবেন ? আমার কর্মচারিগণ থাইয়া আস্ক্র, আমি পরে ষাইব।'' আমি বলিলাম, "আমি একা থাকিব, ভাহাতে কি ১ইল গু আমার কোন ভয় নাই।" তিনি বলিলেন, "তবে যাই। গোবরাকে ভাকিয়া দিয়া যাই"। এই বলিয়া তিনি ইতস্ততঃ করিতে লাগিলেন। ইতিমধ্যে পুনরায় দাসী আসিয়া তাঁহাকে জলথাবার জন্ম যাইতে বলিল। তিনি তবুও ইতস্তভঃ করিতে লাগিলেন। আমি বুঝিলাম তাঁহার মনে কোন মতলৰ আছে। ভজ্জন্তই তিনি যাইতেছেন না। আমি বলিলাম, 'বলিও এখানে বাছের ভয় আছে, কিন্তু আমি বরের মধ্যে আছি এবং বরের মধ্যে প্রদীপ জ্বলিতেচে স্তরাং সামার কোন ভয় নাই। সামার ডাল তৈয়ার ২ইয়াছে. ভাত ও টগবগ করিয়া ফুটতেছে। আপনি জলথাইয়া আদিবার মধ্যে আমার সমস্ত রম্বই হইয়া যাইবে। পরে পুনরায় আপুনি আ*সিলে* আমি অন আহার করিব।'' আমার বাক্যাত্মসারে তিনি আমাকে বলিলেন "আমি যাইব আর আসিব।" এই বলিয়া তিনি থডম পাষে দিয়া বাটীর বধ্যে চলিয়া গেলেন। আমি তথন **আ**পনার মনে গুল গুণ করিয়া গান করিতে লাগিলাম এবং পাকস্থালীর দিকে মুধ ফিরাইয়া निक्रिण करत नवीं धात्रण शूर्वक अन छिलिएक आरमाष्ट्रिक विरमाष्ट्रिक করিতে লাগিলাম। পরীক্ষার হারা দেখিলাম যে অরগুলি সুসিদ্ধ হট্মাছে।

তথন আতে আতে দববীধানি রাখিয়া বেডী ধরিয়া অরগুলি পাকস্থালীর ভূমিতে অবতরণ করিলাম, পরে ধীরে ধীরে অন্নের মণ্ডপ গড়াইলাম। পরে অরগুলি একথানি কদলি পত্তে ঢালিলাম। অরগুলি ইতন্তত: বিক্রিপ্ত একত্র করিতেছি এমন সময়ে—আমার নাগিকাতে কেমন একটা ভাপগো গন্ধ লাগিতে লাগিল। এমন কি অন্নের স্থক্চি ঘ্রাণকে আচ্চন্ন করিয়া আমার নাসাকে আকুল করিতে লাগিল। তথন গুর্গন্ধের কারণ অনুসন্ধান করিতে লাগিলাম। প্রথমতঃ আপনার গাত্তের ঘাণ গ্রহণ করিয়া দেখিলাম. কারণ কথা কহিবার সময় পরিশ্রম নিবন্ধন গাত্তে ঘর্ম হয়। ইহা কি তাই ? দেখিলাম তাহা নহে। গৃহাভ্যক্তরে চারিদিকে চাহিয়া দেখিলাম সেরপ গন্ধের কোন কারণ নাই। গন্ধটী ঠিক যেমন ঘর্মাসিক্ত বস্তাদির তুর্গন্ধ সেইরূপ বোধ হইতে লাগিল। তথন ২স্ত তুই থানি ধুইয়া নিজের বস্তের ঘাণ গ্রহণ করিলাম দেখিলাম তাহাতেও সেরপ গন্ধ নাই। তথন আবার প্রমত দক্ষিণ মুখ হইয়া বসিলাম। বসিয়া যেমন বাহিত্রে চাহিয়াছি দেখি. সেই গলির মধ্যে একটা আলুলায়িতাকেশা, দীর্ঘদশনা, একথানি জীৰ্মলিন কলা গাতে. এক পাগলিনী দাঁড়াইয়া আছে। তথন মনে হইল ইহারই কন্তার তুর্গন্ধ আমার নাকে আমিয়াছিল। দীপালোক ভাগার সর্বাঙ্গে পত্তিত হইয়াছে। ভখন আমি তাহাকে পাগলিনী বলিয়া সম্বোধন করিব এরপ মনস্ত করিতেছি, এমন সময় বিশেষ লক্ষ করিয়া দেখিলাম সে রমণী পরিচিতা। তথন আর তাহাকে পাগুলিনী বলিয়া ডাকিলাম না, ভাহার নাম করিয়া ডাকিলাম। এমন সময়ে মনে হটল যে, এ ত আৰু বংসরাধিক হইল দেহ ত্যাগ করিয়াছে! এরূপ মনে হওয়াতে আমার ভন্ন সঞ্চার না হইয়া তাহার অবস্থা জানিবার জ্ঞ্জ কৌতূহল উপস্থিত হ**ইল<sub>়।</sub> তথন আমি বলিলাম "কি এখনও:ভূলিতে পার** নাই ?'' **আমি** দেখিল াম একথার দে আমার দিকে চাহিলানা. বা আমাকে কোন উত্তর

দিল না। আমি স্থির-দৃষ্টিতে তাহার চক্ষের দিকে চাহিয়া দেখি, তাহার দৃষ্টি আমার অন্তর্গালর প্রতি রহিয়াছে, অন্ত কোন দিকে দৃষ্টি নাই। তথাপি আমি বারম্বার তাহাকে বলিলাম "এখনও ভূলিতে পার নাই ?" কেন না পূর্বের যথন আমি আমার গুরুর সহিত সেই স্থানে কথকতা শিকা করিবার জন্ম আদিতাম, তথন এ রমণী আমাদিণের পরিচর্য্যা করিত: এই কারণেই আমি তাহাকে বলিয়াছিলাম, "কি এখনও ভূলিতে পার নাই?" যথন দেখিলাম, সে কোন কথা কঠিল না এক ভাবেই দাঁডাইয়া র'হল, তথন আমি গৃহস্বামাকে পুনঃ পুনঃ ডাক্তিতে লাগিলাম। তপন গুহস্বামী বাটীৰ মধা হুইছে অতি উচৈঃপ্ৰৱে বলিলেন, "আমি যাই, মুখুলে মহাশর।" উত্তর দিবার পরেই তাহার থড়মের ধ্বনি আমার কর্ণে প্রবেশ করিল। পড়মের শব্দে বুঝিলাম যে,সে ব্যক্তি অতি জ্বত আগমন করিতেছে। তাঁহার কাষ্ঠ-পাতুকার ধ্বনি যেমন ঐ রমণীও শুনিতে পাইল। অমনি সে জ্রুতবেগে গুলির মধ্যে তাহার গ্রহে প্রবেশ করিল। এখানে বলিয়া রাখি যে, আমার রম্বই ঘরের পশ্চিমে আর একথানি চালা ঘর ছিল। সেই-খানে ভাগার বাদগৃহ ছিল এবং ঐ চালা রম্মই ঘরখানি ভাগারই রন্ধন গৃহ। ভাবে বৃঝিলাম যে, সে অতি ক্রদ্ধ ইইয়া চলিয়া গেল, কেন না ভাহার বাসগৃহথানি যেন ভাঙ্গিয়া ফেলিবার ভাষ্ম শব্দ হইল। এমন সময় গৃহস্বামী আসিয়া উপস্থিত চইলেন এবং অতি বাস্ততা সহকারে জিজ্ঞাসা করিলেন, ''কি হইমাছে ? আপনি কি কিছু ভয় পাইমাছেন ?'' আমি বলি-লাম,"ভন্ন পাই নাই, তবে বড়ই একটা আশ্চৰ্য্য দেখিলাম। বাবু তোমাকে একটা কথা জিজ্ঞাসা করি তুমি অসম্ভূষ্ট হইও না। তোমার আত্মীয়ার কি কোন প্রাদ্ধাদি কার্য্য কিছুই হয় নাই ? তোমার মামীর ত কিছু টাকা ছিল তাহাত তুমি পাইয়াছ এবং তুমি ধনাঢ্য তবে কেন ইহার গতি বিষয়ে কোন কার্য্য কর নাই ? আমি দেখিলাম তোমার মামী আমার সন্মু:খ

দাঁড়াইয়াছিল।'' আমার কথা শুনিয়া তিনি স্মতি ক্রোধপূর্ণস্বরে বলিলেন, **"নে হারামজানী এধানেও আলিয়াছে। মুখুযো মহাশয়! মামীর** জালায় অস্থির হইয়াছি। রাত্তিকালে দরোজা খুলিয়া বাহিরে যাইব, নেথি মামী দ্বারে বদিয়। আছে; কোন দিন দেখি অঙ্গনে বিচরণ করিতেছে; কোন নিন দেখি ছাতে আলিদার উপরে পা ঝুলাইয়া দিয়া বসিয়া আছে। প্রথমে বড়ই ভয় হইত এখন আর আমরা ভয় করি না। মামি যে কি করিব কিছুই স্থির করিয়া উঠিতে পারিতোছ না। মামী কি করিতেছিল, আপনি আমাকে বলুন।'' আমি বলিণাম, "আমার সহিত কোন কথা কহে নাই, কেবল মাত্র আমার অলগুলির প্রতি একদৃত্তে চাহিমাছিল।" তথন তিনি বলিলেন, "অপনি ঐ অন্ন ভোজন করিবেন না।" আমি বলিলাম, "এত কণ্টে অর প্রস্তুত করিয়াছি উহা কি ভাগে করিতে পারি ?'' তিনি বলিলেন, "দোহাই আপনার, এই অন্ন আপনি ভোজন করিবেন না, আমি আপনার থাতের জভ চিপিটক ও গ্রন্ধ ইত্যাদির বন্দোবস্ত করিয়া দিতেছি।"

আমি তাঁহার কোন কথা শুনিলাম না, কেবল বলিলাম, ''তোমার মামীর গয়ার কার্যা করিও।" এই বলিয়া ভোজনে প্রবৃত হইলাম। আমার ভোজনে দে বার্জি অতীব চিন্তিত ও গ্র:থিত হইল। আমি ভোজন করিলাম বটে, কিন্তু ঐ অন্নের স্বাদ পাইলাম না। পরে ভোজনান্তে উঠিয়া আচমনাদি করিয়া রকে বসিয়া পান তামাক থাইবার চেষ্টা করিতেছি, আমার গাত্র বমন করিতে লাগিল এবং পরক্ষণেই বমি করিয়া ফেলিলাম। দঙ্গে সঙ্গেই অত্যন্ত কম্পের সহিত জর হইল। কাঁপিতে কাঁপিতে শয়ন করিণাম। তাহার পর সমস্ত রাত্তি অজ্ঞান হইয়া ছিলাম, জানিনা কি হইয়াছিল। তৎপর দিবস চৈতন্ত হইলে দেখিলাম যে একজন ডাক্তার আসিয়া আমার পার্যে বসিয়া আছেন।

আমার চৈত্ত দেখিয়া তিনি জিজাসা করিলেন, "আপনার কি হইয়াছে।" আমি আরুপূর্ব্বিক সমন্ত ঘটনা তাঁহাকে বলিলাম। তিনি শুনিয়া বলিলেন,—'ভাত গুলি থাইয়া আপনি ভাল করেন নাই। বমি হুইয়া গিয়াছে ভালই হুইয়াছে।" ভিনি ঔষধের বাবপা করিলেন এবং আখাস দিলেন কোন ভয় নাই, শীঘ্রই আরোগ্য হুইব। আমি কিন্তু তথায় রহিলাম না বাটী চলিয়া আসিলাম। আমার মাতাঠাকুরাণী এই স্কল কথা শুনিয়া নানা জল পড়া ঝাড়াণ ইত্যাদি করাইলেন। এই জর আমি সপ্তদশ দিবদ ভোগ করিয়া ভগবৎ কুপায় আরোগ্য লাভ করিলাম। পরে তথায় পুনরায় যাইয়াঁ কথকতা কার্য্য শেষ করিলাম। আমি গ্যায় পিণ্ড দেওয়া হইয়াছে কি না গৃহস্বামীকে জিজাসা করিলাম। তিনি বলিলেন, "কতবার তাঁহার গ্যা কার্য্য করাইয়াছি, কিন্তু কিছতেই কিছু হইতেছে না।" আমি জিজাদা করিলাম, "তুমি কি স্বয়ং যাইয়া গন্ধা কার্য্য করিয়াছ<sup>\*</sup> ? তিনি বলিলেন "না।" আমি বলিলাম, "ত্মি এবার স্বরং যাইদ্রা গ্রা কার্ষ্য করিও, ভাহাতে নিশ্চয় কুতকার্ষা হইবে।"

> চুড়ামন্যুপাধিক শ্রীক্ষেত্রমোহন মুখোপাধ্যায়।

### 'পুনরাগমন।"

( 25 )

তথন কি সহর কি পল্লী সর্প্রেই ছুর্গাপুজার মহাধ্ম। আমাদের পাড়ার শুধু আমাদের বাড়ী ছাড়া আর প্রায় সকল বর্জিঞ্লোকের গৃহে প্রতিমা আদিরাছে। ঢাকের শব্দে পল্লীটা পরিপূর্ণ হইরাছে। মহামারার দেই কঠোর আবাহনের বিরাম-মধুরতার উপজোগে বঞ্চিত হইরা আমি যেন বিরক্তির সহিত কলিকাতা পরিত্যাগ করিলাম।

আমার গন্তব্যস্থান কেহ জানে এটা আমার উদ্দেশ্য ছিল না। এইজন্ত দরোয়ানকে সঙ্গে না লইয়া উড়িয়া ভূতা হরিয়াকে সঙ্গে লইয়াছিলাম। কিন্ত গলা পার হইয়া শালিকায় যখন পাকী ভাৄড়া করিতেছিলাম, তখন দেখিলাম, দরোয়ান আমার সঙ্গে যাইবার জন্ত সেখানে
উপস্থিত হইয়াছে। এরপভাবে আসিবার কারণ জানিতে সেবলিল,
"মা তাহাকে আমার সঙ্গে থাকিবার জন্ত আদেশ করিয়াছে।" তাহার
কথা শুনিবামাত্র আমার মনে হইল, ডাক্তারবাব্ হয় ত আমার
অসাক্ষাতে আমার গন্তব্যহান মায়ের কাছে বলিয়াছেন। এইটা অনুমান
করিয়া আমি তাহার আগমনে আপত্তি করিলাম না। আটজন বেহারা
ভূতা হরিয়া ও দরোয়ান এই দশজন আমার সহযাত্রী হইল।

মধ্যাক্ত উত্তীর্ণ হইতেলা হইতে আমি দশ ক্রোশ দুরে উপস্থিত হইরাছি।
এখান হইতে আর ছয় ক্রোশ পথ অতিক্রম করিতে পারিলেই আমাদের
গ্রাম। কলিকাতা হইতে আমাদের গ্রামে যাতারাতের হই টীমাত্র উপার
আছে। যে পথে চলিরাছি, পদত্রজে, গোষানে অথবা পাল্কীতে করিয়া
এই স্থল পথ; অথবা উলুবেড়িরার নিম্ন দিয়া প্রবাহিত দামোদরের পথ।

তথনও উলুবেড়িয়ার থাল কাটা হয় নাই। ভবিষাতে এই থালকাটার ভার
যে আমার উপর পড়িবে,তাহা তথনও স্বপ্লেও আমি জানিতে পারি নাই।
দামাদর দিয়া যাইলে আমাদের গ্রামে উপস্থিত হইতে তিন দিনের অধিক
সময় লাগে। একদিনেই উপস্থিত হইবার আশায় আমি এই স্থলপথই
অবলম্বন কয়য়াছি। বর্ষাকালে এ পধ অতি হুর্গম। মহামায়ায় আগমনের
সঙ্গে সঞ্জে পথ ঘাট গুল্ক হইতে আরম্ভ হইরাছে। সে পথটুকু আদিলাম,
ইহাতে বিশেষ পথকেশ অনুভব করিলাম না। রাস্তা পাকা না হইলেও
বাধা, স্বতরাং উভয় পার্যন্থ মাঠের জল ইহাতে উঠিতে পারে নাই বলিয়া
এই পথ গুল্ক হইয়াছিল।

এইবারে আমাকে পল্লীপথে চলিতে হইবে। কোথাও মাঠের উপর
দিয়া, কোথাও তই পার্যের জঙ্গনের মধ্যে অতি স্কল্প পথরেখা অবশ্যন
করিয়া আমাদিগকে অগ্রসর হইতে হইবে। ইহা ছাড়া তুই একস্থানে জ্বল
ভাঙ্গিবার, তুই একস্থানে ক্ষুদ্র কেনার-বাহিনী পয়ঃ প্রণাণীর উপর বাঁশের
সাঁকো পার হইবার সম্ভাবনা।

এক উন্থমে আটক্রোশ পথ অতিক্রম করিয়া বেহারারা এক চটর
সম্পুথে বৃক্ষতলে পাল্কী নামাইল। যে স্থানে চটি সে স্থানটী আমাদের
দেশের মধ্যে একটা প্রসিদ্ধ পল্লী। এখানে নস্তাহে প্রতি শনি ও মঙ্গলবারে
হাট হইত। হাটে বহুলোকের সমাগম হইত; অনেক টাকার বেচাকেনা
হইত। পার্যবর্ত্তী জমিদারের অত্যাচারে ও দেশের অবস্থার পরিবর্ত্তনে
সঙ্গে সঙ্গে সে হাট অক্সত্র উঠিয়া গিয়াছে। এখনও এখানে হাট হয়, কিছ
আর সেরপ জনতা হয় না।

আমি যেদিন সেথানে উপস্থিত হইয়াছিলাম, সে দিন হাটের বার ছিল না। তাহার উপর সে দিন মহা-সপ্তমী—যে যেথানে বিদেশে ছিল, প্রায় সকলেই ছুই চারিদিন পূর্বেনিজ নিজ নিজ গৃহে উপ- স্থিত হইয়াছে। স্কুডরাং স্থানটা দেদিন এ হরাণ জনতাশুগ্র পরি গ্রকের স্থায় বোধ হইতেছিল।

তথাপি কিয়ৎক্ষণের জন্ম আমাদের সকলেরই বিশ্রাম কটবার প্রয়ো-জন। সংস্থা দরোয়ানকে আনিয়াছিলাম, সে আভিতে রাখাণ, ভোজ-পুরী, অতিশয় বলিষ্ঠ। নাম ভুলাগতি সিং। বলের অনুযায়ী তাহার ভোজনও ছিল। আমার জন্মত না হউক, নিজের জনুই সে আমাকে বলিল, "হছুর ৷ এই চটিতে আগলাদ সমাপন না করিলে, আপনাকে বিশেষ কণ্ঠ পাইতে হইবে 🖓 আহারাদি করিবার আমার বিশেষ প্রচোঞ্জ ছিল না, প্রাতঃকালেই আমি এ করাপ নির্বাসের আহাবের কার্যা সারিয়া আসিয়াছিলাম। যে কোন উপায়ে হউক সন্ধার পূর্বে গ্রামে পৌছান আমার ইচ্ছা ছিল। ইচ্ছা ছিল, একবারে গ্রামে পৌছিয়াই বিশ্রাম করিব। বছকাল জন্মভূমি দেখি নাই, সেখানে এই সময়ের মধ্যে কি পরিবর্ত্তন ইইয়াছে, তাহাও আমার জানা ছিল না। বিশেষ 🐉 নরে:যানের মুখে যাহা গুনিয়াছিলাম, তাহা যদি বাজবিকই সতা হয়, তাহা হইলে, একটু রোদ থাকিতে গ্রামে না পৌছলে হয় ত আত্রয়ই মিলিবে না ! ভাহার উপর এটা ঠেম্বাড়ের দেশ, পথের মধ্যে র'ত্রি হইলে বিপন্ন হুইবার সম্ভাবন্য। এই চটি ২ইতে এক জেলা পরে একটী ভিন কোণী মাঠ। সেই মাঠের মধ্যে একটী বিশাল দিবা আছে। সেই দিবার পাছাড় ঘন সন্নিবিষ্ট ভালকুঞ্জে আবুত হইয়া বহুদূর হইতে পথিকের ভীতি উৎপাদন করিত। অনেক ব্যক্তি অসহায় অবস্থায় এথানে ঠেঙ্গাড়ের লাঠীতে প্রাণ দিয়াছে। বাল্যে সরকার গৃথিণীর কাছে প্রনিমাছি, কন্ত লোকের মাথা যে ঐ দীঘীতে পোডা আছে, তাহার সংখ্যা নাই।

আমি তাহাদিগকে শুধু জলগোগ করিতে ও সেই সঙ্গে একটা স্থায় সময়ের মত বিশ্রাম লইতে অমুসতি দিলাম। সহরে বহুকাল বাস করায় অভিমানটা এতই প্রবল হইয়াছিল যে, চটি ওয়ালার নিরীহ পর্ণকৃটীরে প্রবেশ করিতে আমার ঘুণা ব্যেধ হুইতে লাগিল।

আসার আদেশ শুনিয়া তুলা সিং যেন বিশেষ ছঃথিত বোধ হইল। আমি তাছাকে সমস্ত মনের কথা বিশদরূপে বুরাইয়া বলিলাম। ভানিয়া দে হাসিয়া উঠিল। বিশেষতঃ ঠেঙাডের কথা শুনিয়া সে উচ্চহাস্ত সংবরণ করিতে পারিল না। বাঙ্গালীর শক্তি ও সাহসকে যথেষ্ঠ টিটকারি দিয়া দে আমানে আহারাদি কারতে অন্তরাধ করিল: ১টি ওলালাও আমার পানীর সমীপে আসিয়া ভাগার ক্ষুদ্র কুটারে আমাকে আহ্বান করিল। চারিদিক হইতে হুই চারিজন গোকও আমার পান্ধীর কাছে সমবেত হইল। ভাহারা খামার মনোগত পাভপায় বুঝিয়া বলিল,---**"এখ**নকার কালে রায়দিথীতে ভয় করিবার কিছুই নাই। রাত্রি দ্বিপ্রহ-বের সময়ও ভাগার পার্ম দিয়া এখন নিঃশঙ্ক্তিতে লোক চলচেল করিয়া পাকে।" বিশেষতঃ সকলেই একবাকো আখাদ দিন, এক প্রহর বেনা থাকিতে সে স্থান হইতে যাত্রা করিলে, আমরা সন্ধ্যার পূর্ব্বে আমানের গ্রামে উপস্থিত হুটতে পারিব।

চারিদিক হইতে অনুরোধের ভারে আমার গতিক্দ হইল। আমি বেহারাদিগকে ও দরোয়ানকে স্নান ও আহারাদি করিতে আদেশ দিলাম এবং চটি-ওয়ালা ব্রাহ্মণকে বলিলাম, যাহাতে শীঘু আহারাদি নিষ্পন্ন হয়, এরূপভাবে যেন সে খাদ্যের আয়োজন করে।

তথন সমস্ত আহার্যাই একরপ স্থাপা ছিল। আলু ও কপি বাজীত গ্রাম্য হাটে তথন প্রায় কোনও সামগ্রীর অভাব হইত না। গ্রামের অল্প লোকই তথন আলুর ব্যবহার করিত, অনেকে তথনও কপির নাম পর্যান্তও শুনে নাই। হিন্দু বিধবা তখন এ সকল সামগ্রী বিলাতী বশিয়া স্পর্শ করিতেন না, দেবতার ভোগেও প্রদত্ত হইত না।

আৰু ও কপি মিলিবেনা জানিয়া আমি আগে হইতেই উভয়েরই কিছু সংগ্রহ করিয়া, সঙ্গে আনিয়াছিলাম। ব্রাহ্মণকে তাহা হইতে কিছু দিয়া একটু যত্নের সহিত পাক করিতে বলিয়া দিলাম। বলিয়া দিলাম ভাল রাঁধিতে পারিলে যথেষ্ট পুরস্কুত করিব।

আহারের কথা লইয়া এতটা সময় নষ্ট করিলাম, ইহাতে কাহারও কাহারও কুধার উদ্রেক হইলেও অনেকেরই ধৈর্যাচ্যতি হইবার সম্ভাবনা। উদর ও বাক্সর্বান্থ আমাদিগের জীবনে এত অধিক বলিবার আরে কিছু না থাকিলেও এক্ষেত্রে কথাটা অনেকেরই পক্ষে অবাস্তর বোধ হইতে পারে। চলিয়াছি গোপাল ক্লের দদ্ধানে, গস্তব্য পথে এত আহারের কথা লইয়া বিলম্বের প্রয়োজন কি ?

আমি আমার চির সহিষ্ণু শ্রোতৃবর্ণের নিকট ক্ষমা চাহিতেছি। ওই আহারের-বিশেষতঃ ওই আলু ও কপির সহিত ভবিষ্যৎ ঘটনার বিশেষ একটা সম্বল আছে বলিয়া, এই তুচ্ছ নীরস বিষয়টা লইয়া আপনাদের এত অধিক সময় নষ্ট করিতে হইয়াছে।

আমার যতটা শ্বরণ হয়, ভাহাতে বোধ হয়, আমাদের দেশে ছগলী জেলাতেই সর্বপ্রথম আলুর আবাদ হইয়াছিল। স্বভরাং আলুটা চটিওয়ালার অপ্রিচিত না হইলেও, ফুলকপিটা সে বোধ হয় জীবনে প্রথম দেখিল। এই জন্ত সে প্রথমে তাহা স্পর্শ করিতে ইওস্ততঃ করিল। কপির মশ্ব বুঝাইয়া তাহা স্পর্শ করাইতে আমার অনেক সময় অতিবাহিত হইল।

যে সময় তাহাকে কপির মর্ম ও তাহার হ্র্মা,ল্যন্ডা ব্ঝাইতে ছিলাম, সেই সময় একজন ক্লফকায় পুরুষ সেইখানে আসিয়া উপস্থিত হইল। তাহাকে দেখিয়া বোধ হইল দে জাতীতে বাগ্দী, অথবা ডোম। ঝাঁকড়া চুল, আকারে ঈবৎ থকা, বয়স পঞ্চাশের অধিক বলিয়া অমুমিত হুইন । সে ব্যক্তি কলিকাভা অভিমুখে চলিয়াছিল।

আমার পালী, সঙ্গে লোকজন—বিশেষতঃ হাতের কপি লইতে অনিচ্ছুক ত্রাহ্মণের সঙ্গে আমার কথাবার্তা গুনিয়া কৌতূহল বশে যেন সে আমার কাছে আসিয়া দাঁডাইল। দাঁড়াইয়া অনেকক্ষণ নীরবে কপি সম্বন্ধে আমার বক্তৃতা শুনিল, আমার হাতের সেই বিশায়কর থান্য-পুসা বছক্ষণ একদৃষ্টে নিরীক্ষণ করিল। কপির জন্মকথা বুঝাইতে, আমাকে আলু ও তামাকের জন্মকথার অবতারণা করিতে হইয়াছিল। সঙ্গে সঙ্গে আলু ও ভামাকের আবিস্থারক র্যালে সাহেবের ইভিহাসেরও একটু আভাদ দিতে হইয়াছিল। আমার বক্তৃতায় মুগ্ধ,ও কিয়ৎপরিমাণে শিক্ষিত হইয়া যে সময় একি। কপিতে হস্তক্ষেপ করিল, দেই সময় লোকটা আমাকে জিজ্ঞাস। করিল—''ভোমার বাড়ী কোথায় ?"

অসভাটার কথা শুনিয়া রাগে আমার সর্বাঙ্গ জ্লিয়া উঠিল। তথাপি ক্রোধটা কোনও রকমে সংযত কাররা, ঈষৎ গন্তীরস্বরে বলিলাম-''কলিকাভা ৷'<sup>‡</sup>

"এ দিকে কোথায় যাইতেছ ?"

আর ধৈর্যা রহিল না। জাতির নীচতায় যে আমার চাকরও হইবার যোগ্য নয়, সে আমার সঙ্গে "তুমি" বলিয়া কথা কয় ৷ ক্রুত্ধ হইয়া উত্তর করিলাম—"তোর সে কথা জানিবার দরকারী কি ?"

"জানিলে কি ভোমার জাত যাবে ! না বলিতে চাও, নাই বলিল<del>ে —</del> অমন চোক রাঙাও কেন ঠাকুর ?"

অত্যন্ত ক্রোধে কর্কশ কঠে বলিয়া উঠিলাম—"কি বল্লি বেয়াদব।" আমার কথার ঝন্ধার শেষ হইতে না হইতে তুলা সিং পশ্চাৎ হইতে ভাহার গণ্ডে একটী প্রচণ্ড চপেটাঘাত করিল। প্রহার ভরে লোকটা ভূমিতে পডিয়া গেল।

ভূমি হইতে উঠিয়া সে অবনত মন্তকে গায়ের ধূলা ঝাড়িয়া লইল।

**দাঁড়াই**য়া একবার তীব্র দৃষ্টিতে দরে:য়ানের মুখ পানে চাহিল। আমি পান্ধীতে বসিয়াই ভাহার সেই ক্রোধ-রঞ্জিত দৃষ্টির তীব্রতা দেখিতে পাইলাম। দেখিবামাত্র আমার অজ্ঞাতনরে একটা বিষম লজ্জা আমার ছবম্মটাকে অধিকার করিল। তৎসম্বন্ধে কিং মন্ত্রণ্য স্থির করিতে না করিতে লোকটা স্থান ত্যাগ করিয়া, যে দিক ২ইতে আগিয়া'ছল, সেই षिटक ই ফিরিয়া গেল।

সে লোকটার ছরবতা দেখিয়া, চটিওয়ালা ব্রাহ্মণ ফুলকাপ হাতে করিতে আর ক্যেনও আপত্তি গরিখনা। আমার অর প্রস্তুত করিতে সে চটির মধ্যে প্রবেশ কবিল।

শ্রীকীরোর প্রসাস বিদ্যাবিনোর।

# গলোকিক ভোতিক কাণ্ড।

আজ প্রায় পনের দিন মতীত হল্গ, কলিকাতা বহুবাজারে কাপালী-টোলায় এক খ্রীষ্টীয় পরিবারের 🗢 নং বাটীতে এক আত অন্তুত চাক্ষুষ ষ্টনা সংঘটিত ২ইয়াছে। সেই বাটীর কন্তার আগত্তি থাকিতে পারে বিবেচনা করিয়া বাটীর নম্বর এবং নামের উল্লেখ করিলান না। যদি ্ৰেহ এই সম্বন্ধে জানিতে ইচ্ছা করেন, তাঁহাকে দকল বিষয় জ্ঞাপন করা ষাইতে পারে। যাহা হউক, অন্ত পাঠক-পাঠিকাগণ সকাশে বাটীর নামাদি অপ্রকাশ রাথিয়া প্রকৃত ঘটনাটি লিপিবদ্ধ করিলাম। \* নম্বর বাটীতে পঞ্চবিংশ বর্ষ বয়স্ক একটি স্ত্রীলোকের ত্রয়োদশবর্ষ বয়ন্ধ একটি ষুবতী কন্তা আছে। ঐ বাটার সমুখ ভাগে অপর একটি গৃহত্বের বাটী। তাহাদের সঙ্গে ইথাদের সৌহত এবং ঘনিষ্ঠত। বিলক্ষণ দৃষ্ট হয়।

এক দিন সন্ধ্যাবেলা এই শেষোক্ত বাটীর গৃহকরী ঐ কন্সাটিকে

ডাকিয়া বলিলেন, "মনোরমা। আমাদের বাটীতে একবার আয়তো"। তাহাতে ঐ যুবতী কঞাটি ভংক্ষণাৎ দেই বাটীতে চলিয়া গেল। কিয়ৎকাল এইরূপে অতীত হইলে যুবভী মনোরমা একটি পাত্রে করিয়া ক্রিণ্ড ইলেস মংস্তের বাজন লইয়া গ্রহে কিরিতেছে, ইতাবসরে ভাহার যেন োধ হইল, এক বিকটাকার সুর্ত্তি হাত বাড়াইয়া প্রেরিভি মংগ্র পাত্র ছুটতে মাদিতেছে। মনোরমা নিতান্ত বালকা নতে, এবং সাহ্দীও েটে, প্রভরাং সে কোন প্রকার ভয় না করিয়া ক্রতবেগে আপনাদের মধর দরোজায় প্রবেশ করিল। অন্তক্ষণ মধ্যে সে তাহার মাতার নিকটে দেই মংস্থের ব্যঞ্জন রক্ষা করিয়া বলিল, "মা. স্থমাদের বাটী হইতে বাঞ্জন লইয়া আসিবার সময় এক ক্লফবর্ণের লীর্ঘাক্রতি মনুষ্য তাহার স্থণীর্ঘ হস্ত প্রসারণ করিয়া আমার ব্যঞ্জন কাড়িয়া লইতে আসিয়াছিল। ২ঠাং পাত্রের উপর-তাহার হস্ত পতিত দেখিয়া আনে ভাড়াভাড়ি আমাদের বাটীর মধ্যে ছুটিয়া আদিয়াছি। এখন যাহা কর্ত্তব্য হয় কর।" মেই কথা শুনিয়া ভাহার না বলিল,"কর্ত্তব্য আরু কি প বাটীর আর কেহ এই বাজন না খায়, আমি একাই উহা খাইব।"

এই ঘটনা পরিবারস্থ সকলেই জানিতে পারিল এবং ঐ ব্যঞ্জন কেইই
আহার কারবে না স্থির হুইয়া গেল; কিন্তু মনোরমার মা কাহারও নিষেধ
না শুনিয়া সমস্ত ব্যঞ্জনটুকু নিজেই থাইয়া ফোলল। থাইতে না থাইতে
একটি আশ্চয়্য ঘটনা ঘটল।, তাহার পেটে ভয়ানক বেদনা অরভ্ত
হুইতে লাগিল। উদরের কোন কোন স্থান ভয়কর শক্ত হুইয়া উঠিল।
স্ত্রীলোকটি তথন যন্ত্রণায় অস্থির হুইয়া মৃচ্ছিত হুইয়া পড়িল। আনক
ঔষধ প্রদান করা হুইল কিন্তু কিছুতেই বেদনার নিবৃত্তি হুইল না।
শুরুয়া" আসিয়া কত "অলপড়া" দিল; 'ঝাড়ন-পড়ন' করিল কিন্তু
ভাহাতে কোনই ফলোদয় হুইল না। পীড়া উত্তরোত্তর বৃদ্ধিত হুইতে

नाशिन। व्यवस्थि द्याशिनी व्यनान विकर्ण नाशिन। नार्रक नार्रिक।-গণের অবগতির জন্ম প্রলাপের কিঞ্চিৎ সারাংশ নিমে উদ্ধৃত করিলাম।

ন্ত্ৰীলোকটি বলিভে লাগিল. ''আমাকে ভূত ভাবিয়া ওঝা আনিয়া ভাড়।ইবার চেষ্টা করিভেছিন্? তোরা কথনই পার্বিনে। আমি কে জানিদ ? আমি বর্মাই কুঞ্জী। কিছু দিন পুর্বের বন্ধাদেশ হইতে ভারতের রাজধানী কলিকাতার আসিয়াছিলাম। আমি একজন বৌদ্ধ ভিক্ষু। আমার কঠিন পীড়া হওগায় কালকাতান্ত বৌদ্ধ ধর্মান্তুর সভার কভিপন্ন ভিক্ষ আমাকে কুলিকাতার মেডিক্যাল কলেজের হাম্পাতালে রাথিয়া আসেন। জাসার তথায় মৃত্যু হয়। সেই সময় হইতে প্রেতধানি প্রাপ্ত হইরা আমি উদ্ধার চেষ্টার কিবিতেছি। কোণায়ও কোন স্থাবিধা না পাইয়া আৰু এই স্ত্রালোকের উপর আবিষ্ট হুইয়াছে। যান তোরা ভাল চাদ তবে কোন বৌদ্ধ ভিক্ষু ভাকিয়া আমাকে নাম (বৃদ্ধ নাম) শুনা; এবং তাঁখাদার। ত্রু পড়াইয়া আমাকে খাইতে দে। আবক কি, যাহাতে আমার উদ্ধারের ব্যবস্থা হয় এগত উপায় বিধান কর। আমার এইরপ ভাবে জীবন যাপন করা নিতান্ত অসহা হইয়া প্ডিয়াছে।"

এই কথাগুলি শুনিয়া একজন প্রাচীন বৌদ্ধ ভিদ্পু খুঁজিয়া লইয়া আসা হইল, কিন্তু ভিনি নিতান্ত বার্দ্ধকাবশতঃ তথাগতের মন্ত্রোচ্চারণ করিতে পারিলেন না। স্থতগ্রাং ধর্মান্ত্র বিহার ইইডে "জল পড়িয়া" আনা হইল এবং তাহা রোগিণীকে থাইতে দিয়াও বিশেষ কিছু ফল হইল না। পেটের বেদনার কিঞ্চিৎ উপশম হইল মাত্র। কিন্তু মূহ্যু ছ মূচ্ছ্য ও প্রলাপ বচনের প্রসার বৃদ্ধিত হইয়া উঠিল। অবশেষে বাধ্য হইয়া গৃহক্ত্তা ৫নং ললিভমোহন দাদের গলিস্থিত ধর্মাস্কুর বিহারে যাইয়া ষ্থাবৃত্তাস্ত দ্বিশেষ বৰ্ণনা করিয়া একজন ভিক্সুকে তথায় ঘাইতে অমুরোধ বিলেন। তথন রাত্রি এগারটা কি সাড়ে এগারটা। অধিক রাত্রি হওয়ায়

তাঁহারা যাইতে অসমত হইতেছিলেন, কিন্তু যথন শুনিলেন, স্ত্রীলোকটি অত্যন্ত কট পাইতেছে, তাঁহারা না গেলে কোন মতেই চলিতেছে না. তখন অগতা। একজন শ্রমণ তথায় যাইতে স্বীকৃত হুইলেন। সেই বাটীতে পৌছিতে বারটা বাঞ্জিয়া গেল। তথনও মেয়েট পূর্ব্বোক্ত ভাবেই প্রশাপ বকিতেছে। তাহার বেশ নগ্নপ্রায়। শ্রমণ তথায় যাইতে যেন ভূতের স্পর্দ্ধা বাড়িয়া উঠিল। পূর্ব্ধ কথিত শ্রমণ কাল বিলম্ব না করিয়া রোগীর সমুখীন ইইলেন। মেয়েটি তথ্য বলিতে আরম্ভ করিল, "আমাকে **জল পড়ি**য়া দিন্। ভাগতে আমি ভাগ রুইব। বৃদ্ধদেবের পুঞার আয়োজন করা হউক এবং উচ্চৈঃমরে শ্রীভগবানের মন্ত্রেচ্চারণ করা হউক ?"

তথনই পুজোপকরণের আয়েজন করা হটল এবং যথা বিভিত অর্চনা শেষ করিয়া ভারস্বরে সূত্র পাঠ স্থারস্ত হটল। তথন মেধেটি অনেক ওত্ত্তীয়তে, কিন্তু প্রিলাপ বকুনীর বিরাম নাই। মন্ত্রেচারিত **"এল** পড়া" শাইতে দেওৱা হইতেছে, ভাষাতে পেটের ব্যার উপশ্ম হইল বটে, কিন্তু একস্থান হইতে স্থানাররে বেরনা অজ্ভূত হইয়া ক্ষণে ক্ষণে বন্ধুণা দিতে লাগিল। মেথেটি অম্নি বলিয়া উঠিল, "তেমেরা মনে করিতেছ, আমাকে ফাঁকি দিয়া ভাড়াইবে। আমি কিছতেই ষাইব না! আমি জীবদ্দশায় বুপায় সময় के जिल्लाहि। এখন ভালার ভোগ ভুগিতেছি। যদি আমায় ভাল করিতে চাও, ভবে মামার এমতাবস্থায় বন্ধদেবের উপদেশাবলী পাঠ করিয়া শুনাইয়া দাও।" অতঃপর উক্ত শ্রমণ দে কথায় কর্ণপাত না করিয়া "নীর্ঘ নীকায়ের" দ্বিতীয় অধ্যায়ে ''আটানাটীয় স্থত্র'' তারস্বরে পাঠ আরম্ভ করিলেন। রোগিণী কোনক্রমেই "আটানাটীয় সূত্র" উচ্চারণ করিবে না। বছকষ্টে তাহার মুখ দিয়া এই তুরুহ মন্ত্র উচ্চারিত হইতে লাগিল। স্ত্রীলোকটি তথন বলিল. ''আমি বাঁচিলাম। আমি মুক্ত হইলাম।"

ক্রমে ক্রমে সমগ্র হ্রত গুলি উচ্চারিত হইলে, রোগিণী ব্যাধিমুক্ত হইল এবং ভাড়াভাড়ি রমণী-জনস্থলভ লজ্জার গাত্রাদি বস্তার্ত করিল। তথন ভাহার কোথা হইতে লজ্জা আসিয়া দেখা দিল। তাহাকে যথন জিজ্ঞাসা করা হইল "তুমি এতক্ষণ কি কারতে ছিলে ?" সে বলিল "কেন ? ঘুমাইতে ছিলাম " সে ঘেন কিছুই জানে না, কেবল তাহার সমস্ত গারে অভ্যস্ত বেদনা বোধ হইতেছে বলিয়া প্রকাশ করিল।

তদব্ধি সেই বাড়ীর যে কোন ব্যাক্তির কোন পীড়া হইলে, ধর্মাস্কুর সভা হইতে ''জন পড়া,'' ও পূজার নির্দ্ধান্য আনিয়া সেবন করিতেছে। তাহারা কোন ডাঙারী ঔষধ ব্যবহার করে না। সেই খুষ্টীয় পরিবারের এই ঘটনার পর হইতে বৌদ্ধ ধর্মে বিলক্ষণ বিশ্বাস জনিয়াছে। ইতি

> ্ শ্রীগণপতি রায়। ১৬৬, বছবাজার খ্রীট**ু**কশিকাতা।

# অলৌকিক রহস্য।

১•ম সংখা। ী

প্রথম ভাগ

মিঘ, ১৩১৬।

# প্রেতাত্মার ঋণ পরিশোধ।

জেলা ২৪ পরগণার অন্তঃপাতী কাপাসে গ্রামে জনৈক মুসলমান বাদ করিত। উক্ত পরগণার নাটাগোড় গ্রামে, আমাদিগের বসতবাড়ী নির্মাণ কালে উল্লিখিত মুসলমানটী, রাজমিস্ত্রীনিগ্নকে ইট, চুণ, স্থরকী ইত্যাদি যোগাইবার জ্ঞা, যোগাড়ের বা ম**জু**রের কার্য্য করিত। বাড়ী প্রস্তুত করিতে ৩।৪ মাণ সময় অভিবাহিত হইয়া যায়। ইত্যবসারে প্রায় প্রত্যেক বোকের অর্থাৎ রাজমিন্ত্রী ও মজুরের সহিত আমাদের পিতামহীর, পিতার ও জােষ্ঠতাত প্রভৃতির বিশেষ ঘনিষ্ঠতা বা আত্মীয়তা জন্মিয়াছিল। নির্মাণকারীগণ পিতামহীকে ধর্ম-মা আখ্যা প্রদান করিয়া তাঁহাকে মাতৃ সম্বোধন, এবং অন্তান্ত পরিজনবর্গকে তাঁহার সম্পর্কাত্মসারে সম্বোধন করিত; ও তাঁহাদিগকে অণিশার মা, ভাই প্রভৃতিদিগকে যেরপ শ্রনা ভক্তি ও মাত্ত করিতে হয়. তদপেক্ষা অধিক শ্রনা, মাত্ত ও ভক্তি করিত। এইরূপে কিছুদিন অতিবাহিত হইলে পর, একদা ঐ মজুর মুসলমান, তাহার কোন বিশেষ প্রয়োজন বশত: মদীয় পিতা-মহীর নিকট হইতে দশটি টাকা কর্জ্জ লইয়াছিল। আমাদের বাড়ী নির্মাণ কার্য্য শেষ হইয়া যাইলে পর, নাটাগোড় হইতে কাপাসে প্রামের দুরাধিক্য বশত:ই হউক, আর স্নেহাধিক্য বশত:ই হউক, আমাদের পিতামহী বা জ্যেষ্ঠতাত, প্রাণ্য টাকার কোনও তাগাদা বা কোনও কথার উল্লেখন

করিতেন না। কিন্তু পরম্পারের মধ্যে ঘনিষ্ঠতা হইরা যাওয়াতে গৃহ-নির্মাণ কার্য্য সমাপ্ত হইলেও সেই শ্রমজীবীরা মধ্যে মধ্যে আমাদের বাড়ী আসিত এবং পিঠামহী প্রভৃতির সহিত সাক্ষাৎ, ও তাঁহাদিগের যত্নে আপ্যায়িত হইয়া ভোজনাদি কার্যাও সনাধা করিয়া যাইত।

কাল কাহারও জ্বন্ত অপেক্ষা করে না। নদীর প্রবাহের ভাষ অবিরাম গতিতে দিনের পর দিন, মাসের পর মাস, এবং বৎসরের পর বৎসর চলিয়া যাইতে লাগিল। জগৎপাতা জগদীশ্বরের এই অনাদি অনস্ত ব্ৰহ্মাণ নিয়মে বাঁধা। নিয়মে পালন ও নিয়মে স্বলন তাঁহার অন্তিম্বের একমাত্র পরাকাষ্ঠা। ক্রমে বিধধংশকারী কালের নিয়মে. ঐ মিস্ত্রী ও মজুরেরা একে একে কালের করাল কবলে নিপতিত হইতে লাগিল। জ্বনশঃ এক এক করিয়া দেই সংবাদ আমার পিতামহীর কর্ণ-গোচর হইতে লাগিল। শ্রমজীবীদিগের সকলেরই জীবন-প্রদীপ নির্বাপিত হুইলে পর স্মতরাং তাহাদের আসা যাওয়া বা সাক্ষাৎ আদি ব্রুরা একেবারে বন্ধ হইতে লাগিল। ক্রমশঃ মদীয় পি তামহীও কালের অপরিহার্যা নিয়ম পাৰন করিবার জন্ম চিরনিদ্রায় অভিভূতা হইলেন। ইনি মৃত্যুর অব্যবহিত পূর্বে আমার পিতাকে তাঁহার দেনা পাওনার বিষয় বলিয়া যাইবার প্রসঙ্গে পূর্বকথিত মু নেমান মজুরের টাকা দশটীর কথাও উল্লেখ ক্রিয়া যান। কিছুকাল পরে পিতামহাশয় ও জ্যেষ্ঠতাত মহাশয়ও, কালের স্রোতে গা ভাসাইয়া, কালের ফঠিন অঙ্কে শায়িত হইলেন। কিন্তু তাঁহারা কেহই মৃত্যুর পুর্বে (বোধ হয় স্মৃতিপথের বহিতৃতি হওয়ায়) এ কথার আভাদ মাত্র কাহাকেও বলিয়া যান নাই। তবে একদা আমার জননী, কথা প্রদঙ্গে পিতার নিকট হইতে একবার মাত্র উল্লিখিত বিষয়, অর্থাৎ আমাদের গৃহ নির্মাণ কালে মিন্ত্রী ও মজুরদিগের সহিত এরপ আগ্রীয়তা ও ঋণ প্রভৃতির বিষয় শুনিয়াছিলেন।

আৰু বহুদিন কাটিয়া গিয়াছে। (প্রায় ৪০।৪৫ বংসরেরও অধিক हहेरत ।) हर्ठाः--- अञ्चलानिक ४० वरनत वश्य --- এक भूननभान आमरानत বাড়ী আসিয়া উপস্থিত। যেন কত পরিচিতের স্থায় একবারে গৃহ-প্রাঙ্গণে আদিয়া দণ্ডায়মান। তখন আমাদের বাড়ীর পুরুষদিগের মধ্যে কেছই বাড়ীতে ছিলেন না। আগন্তুককে এরপ ভাবে আদিতে দেখিয়া পুরবাদিনীরা প্রথমে বড়ই ভয়বিহবলা হইয়াছিলেন। মা তাহার এক্লপ আচরণে কিঞ্চিৎ সন্দিগ্ধ হইয়া তাহাকে জিজ্ঞাসা করিলেন—"তুমি কে গা, কোথা থেকে এসেছ, ভদ্রলোকের বাড়ী কি এরপভাবে চুক্তে আছে ?" ইত্যাদিরপ প্রশ্ন করিতে সৈ একেবারে গণ্ডপ্রাবিত করিয়া ফুঁপাইয়া কাঁদিতে কাঁদিতে উত্তর কবিল—'আমার বাবা আপনাদের বাজী তৈয়ারী করবার সময় আপনার শাগুড়ীর নিকট দশ টাকা থাণ লইয়াছিলেন। **কিন্তু** মৃত্যুকালে তিনি এ সম্বন্ধে আমায় কিছুমাত্র বলিয়া যান নাই। আ**ল** প্রায় ৩।৪ বছর হইতে তিনি ক্রমাগত আমাকে স্বপ্নে তাঁহার ঋণ পরিশোধের কথা, এবং এই ঋণ শোধ না ২ইলে তিনি উদ্ধার হইতেছেন না ও ছর্বিদহ পীড়নে বড়ই কঠ পাইতেছেন, এই দব কথা, প্রায় প্রতাহ বলেন। আমি যথন তাঁহাকে স্বগ্নাবহার জিজ্ঞাসা করিলাম যে— "আমি ত তাঁহাদের বাড়ী চিনিনা, এবং তাঁহাদেরও চিনি না, তবে কি রকমে তাঁহাদের অমুদন্ধান পাইব ?" উত্তরে তিনি আপনাদের গ্রামের নাম, আপনাদের বাড়ীর সৃশুবে রাস্তার ধারে যে তেঁতুল গাছ আছে তাহা, এবং আপনি বর্ত্তমান আছেন ও এ বিষয় গুনিয়াছেন, এই সকল বলিয়াছিলেন। প্রথমে এই স্বপ্ন আমি বিশ্বাস করি নাই। কিন্তু যথন প্রায় প্রত্যহই এক্লপ স্বপ্ন দেখিতে লাগিলাম এবং তিনি যখন ভয়ানক কারাকাটি করিয়া তাঁহার যন্ত্রণার ও তাঁহার মুক্তির ব্যাঘাতের কথা বলিতে লাগিলেন, আমি আপনাদের সন্ধানে বাহির হই।.

প্রথম দিনে কোন সন্ধান করিতে না পারিয়া, আমাকে নিতান্ত ভগ্ন মনে ফিরিতে হইরাছিল। পরে আবার অমুসদ্ধানে বাহির হইরা আপনাদের আৰু সন্ধান পাইলাম'। অতএব, দয়া করিয়া আমার পিতার উদ্ধারের জন্ম আমি যথন যাহা দিতে পারিব, তাহাই লইতে হইবে।' এই ৰিলয়াই ২॥• টাকা মার নিকট মাটিতে রাথিয়া তাঁহার পদতল স্পর্শ করিবার অভ্য অগ্রসর হইতে আরম্ভ হইল। মা স্নান করিয়াছিলেন ৰলিয়া, এবং মুসলমান স্পর্শ করিলে পুনরায় স্থান করিতে হইবে বলিয়া, পশ্চাৎপদে কিঞ্চিৎ সরিয়া গেলেন। প্রথমতঃ তিনি কিছুই স্থির করিতে না পারিয়া কিছুক্ষণ স্থিরভাবে তাহার মুখের প্রতি স্থির নেত্রে দৃষ্টিপাত করিতেছিলেন। পরিশেষে তিনি মনে করিলেন, হয়ত কোন জুয়াচোর বা বদনায়েদ, কোন কু-অভিসন্ধি বশতঃ এরূপ করিতেছে। কিন্তু যথন बिজ্ঞাসাদি করিয়া অবগত হইলেন যে, তাহার পিতা আমাদের গৃহ-নির্মাণ কালে মজুর বা যোগাড়ের কার্য্য করিত, ও দেই সময় 🤏 🔍 টাকা ঋণ গ্রহণ করিয়াছিল,—ইহাও তাহার পিতা তাহাকে স্বপ্নে বলিয়াছে,— ভখন তাঁহার মনে সেই পুরাতন কথা,--- যাহা তিনি পিতার নিকট হুইতে কথা প্রদক্ষে প্রায় ৩০।৩২ বৎসর পূর্ণে শুনিয়াছিলেন, তাহা— ক্রমশঃ তাঁহার স্থৃতিপথার্চ হ্<তে লাগিল। তথন তাঁহার ভয় বিদ্বিত হইল, এবং তিনি যে এ বিষয় শুনিয়াছিলেন তাহাও ভাহাকে বলিলেন ।

আমরা এই দকল কথা প্রথমে মার নিকট হইতে গুনিয়া তাহাকে জুরাচোর, বদমায়েদ্, নেশাখোর ও তন্ত্রাবেশে দে থেয়াল দেথিয়াছে ইত্যাদি ভাবিয়াছিলাম। কিন্তু যথন মা---উক্ত ব্যাপার সংক্রাস্ত পূর্বাপর বৃত্তাস্ত সমূহ আমাদের জ্ঞাপন করিলেন, তথন আমাদের আর কোন সন্দেহের কারণ রহিল না; বরং বিসমাভিভূত হইণাম। অধিকন্ত,

আমরা একজন নিরীহ লোককে অযথা সন্দেহ করিয়াছিলাম বলিয়া, অফুতাপ করিতে লাগিলাম।

প্রায় ছই মান কাল অতীত হইল, পুনরায় সেই মুসলমান তাহার পিতার ঋণ পরিশোধের জন্ত ২॥০ টাকা দিতে আসিয়াছিল। মাতার নিকট অনেক কারাকাটি করিয়া তাহাকে অবশিষ্টের জন্ত অব্যাহতি দিতে বলিয়াছিল এবং "আমি আর টাকা চাহিনা, ভোমাকে সম্ভই চিত্তে অব্যাহতি দিলাম ও তোমার পিতা আজ আমাদের নিকট ঋণ হইতে মুক্ত হইল" প্রভৃতি কথা, অনেক অনুনয় বিনয় করিয়া, মার মুথ হইতে বলাইয়া লইয়া চলিয়া গিয়াছে।

উপসংহারে বক্তব্য এই যে—প্রেভাম্মা ও পরলোক বলিয়া যে একটা বিনিষ আছে, তাহা ইহা হইতেই স্পষ্ট প্রতীয়মান হইতেছে। স্থতরাং এতদ্ সম্বন্ধে কাহারও কোন সন্দেহের কারণ কিছুতেই হইতে পারে না। স্বর্যোদ্যের স্থায় এ ঘটনা নিঃসংশ্মিত ভাবে স্বতা।

প্রীদক্ষিণারঞ্জন বন্দ্যোপাধ্যায়।

# প্রত্যাদৈশ।

( পূর্বপ্রকাশিতের পর )

### ১। মার্কিন মহিলার আত্ম-রভান্ত।

হাড দেল ( Hadselle ) নামে এক মার্কিন রমণী তাঁহার জীবনে ছুইবার প্রত্যাদেশ পাইরাছেন। উহার বিবরণ তিনি মনস্তত্ত্ব-অমুসন্ধান সমিতির ( Psychical Research Societyর ) নিকট এই-রূপে লিখিয়া পাঠাইয়াছেন:—

#### প্রথম ঘটনা।

১৮৫৪ খ্রীষ্টাব্দের শীতকালে একদিন বৈকালে আমরা কয়েকজন মিলিয়া এক বন্ধুর বাটিতে নিমন্ত্রণ রক্ষা করিতে যাই। আনাদের বাটী হুইতে বন্ধুব বাটী ৩।৪ মাইল দূরে অবস্থিত। রাত্রিতে আহারের পর গান ৰাজনা হইবে এইরূপ কথা থাকায় আমি প্রদিন বাটী ফিরিব এইপ্রকার বন্দোবস্ত করিয়া গিয়াছিলাম। স্থতরাং নিশ্চিস্ত মনে আমোদ প্রমোদে যোগ দিলাম। আমাদের মধ্যে নানারূপ হাত্ত পরিহাস চলিতে লাগিল. আনন্দের ফোয়ারা উঠিল। পাঁহুছিবার কিছু পরেই বন্ধু আমাদের জন্ম চা আনিলেন। কিন্তু একি। হঠাৎ আমার এক বিষম ভাবাস্তর উপস্থিত হুইল। তৎক্ষণাৎ বাটী যাইবার জন্ম আমার একটা প্রবল তর্দমনীয় বাসনা জাগিয়া উঠিল। মনে হইল যেন কিছু একটা অসম্পূল ঘটিয়াছে বা ঘটিবে। কিন্তু কি অমঙ্গল তাহা ভাবিয়া কিছুই ঠিক করিতে পারিলাম না।

আমার বাটীর এক অংশ, এক ভদ্র পরিবারকে, ভাড়া দিয়াছিলাম। তাঁহারা বছকাল থাকায়, তাঁহাদের সহিত আমার বিশেষ সৌহাদ্যি ও আত্মীয়তা জনিয়াছিল। বস্তুতঃ আমরা এক পরিবারের ভারই ছিলাম। আমার এডি নামে দশ বংসরের একমাত্র পুত্র ছিল। যথনই কোন কার্য্যামুরোধে আমাকে ২।১ দিনেব জ্বন্ত বাহিরে যাইতে হইত, আমি ভাহাকে নিঃশঙ্কচিত্তে ভাড়াটিয়াদিগের নিকট রাথিয়া ঘাইতাম, কারণ ভাহারা তাহাকে পুত্রবৎ স্নেহ যত্ন করিত। এবারেও তাহাই করিয়াছিলাম। স্থেতরাং এডির যে কোন বিপদ ঘটিবে, যুক্তি ও বিচারে তাহা পাইলাম না, অথচ তাহারই কোন অমঙ্গল হইয়াছে এইরূপ একটী আশঙ্কা ক্রমে ঘনীভুত হইয়া আমাকে একেবারে অভিভূত করিয়া ফেলিল।

😶 আমি বাটী যাইবার জন্ম উঠিলাম। ইহাতে সকলে বিশ্নিত, শুদ্ধিত,

ও অবাক্ হইল। আমার মনের অবস্থা সব বর্ণনা করিলাম। গুনিরা তাঁহারা হাসিতে লাগিলেন, বলিলেন "উহা কিছুই নয়, একটা কল্পনামাত্র, গান শুনিলেই সব সারিয়া যাইবে ? কিছু থান্"। এই বর্ণিয়া তাঁহারা চা এবং কিছু থাত্র আমাকে থাইতে দিলেন। কিন্তু কি আশ্চর্যা! আমার হাত কাঁপিতেছিল, কণ্ঠ রুদ্ধ হইরা আসিতেছিল, অনেক চেটা করিয়াও আমি কিছুই গলাধংকরণ করিতে পারিলাম না। ইহা দেখিয়া আমার বন্ধু আর স্থির থাকিতে পারিলেন না। তিনি বলিলেন "নীল্ল গাড়ী আনিতে বল। আমি ইহাঁকে এখনই লইয়া যাইব। নিশ্চয়ই কিছু ঘৃটিয়াছে।" অবিলম্বে গাড়ী আসিল। বন্ধু ও আমি মুহুর্ত্ত মধ্যে উঠিয়া বসিলাম। গাড়ী তীর্র-বেগে ছুটিল।

গাড়ী পৌছিবামাত্র আমরা ছুটিয়া বাটীর মধ্যে প্রবেশ করিলাম এবং ভাড়াটিয়াকে বলিলাম "এডি কোথায় ? এডি ?" তিনি আমাদের ব্যস্ততা দেখিয়া একটু বিশ্বিত হইলেন, বলিলেন "এই যে এডি এইমাত্র ছিল, চা ও খাবার থাইয়া বোধ হয়ু ঐ দিকে গিয়াছে।" তাঁহার নির্দ্দেশিত দিকে বল্ল ছটিলেন, কিন্তু এডি সেথানে নাই। কেংথায় গেল ? উন্নত্তের তায় আমরা এডির ঘরের দিকে ছুটিলাম। দেখি যে, ঘরের দরজা বন্ধ। ইহার কারণ কি ? তবে কি এডি ঘবের মধ্যেই আছে ? "এডি, এডি।"কোনও উত্তর নাই। বন্ধু তাড়াভাড়ি ঐ ঘরের একটি জানালার নিকট গেলেন। ঐ জানালাটি ভাঙ্গা ছিল, স্তরাং বাহির হইতে খোলা ঘাইত এবং রেলিং না থাকায় তন্ধায়া ঘরের মধ্যে প্রবেশ করা যাইত। বন্ধু ঘরের মধ্যে এক বার চুকিতে চেষ্টা করিলেন, কিন্তু ধেঁয়ায় উহা এরূপ পূর্ণ ছিল যে তাঁহার শাসরোধের উপক্রম হইল, তিনি ফিরিয়া আসিলেন। পুনরায় তিনি শীয় জীবন উপেক্রা করিয়া তন্মধ্যে প্রবেশ করিলেন এবং অনেক ক্রেই হাতড়া-ইয়া মুচ্ছিত বালককে বাহিরে আনিলেন। শীতল জলের ছিটা দিয়া

তাহার চৈত্ত সম্পাদন করা হইল। বালক বলিল "সন্ধার পর আহার করিয়া একবার ঘরে আসিলাম। ঘরে অগ্নি থাকার ঘরটি বেশ গরম বাধ হইল। পর্নিদিনর জন্ত যে কাঠগুলি আনিয়াছিলাম তাহা ভিজ্ঞা থাকার উনানের ধারে সে গুলিকে শুক্ত করিতে দিয়া শয়ায় একটু শয়ন করিলাম। তাহার পর কি ঘটিয়াছে কিছুই জানিনা।" অবশ্য পরে কি ঘটয়াছিল তাহা বুঝা কঠিন নহে। বালক শয়ন করিবামাত্র ঘুমাইয়া পড়িয়াছিল। সে যে কাঠগুলি শুকাইতে দিয়াছিল তাহাতে কোনরূপে আগুন লাগিয়া যায়; কিন্তু ভিজা বলিয়া সেগুলি জলে নাই, ক্রমাগত ধুম তাাগ করে। নিজিত বালক নিখাসের সহিত্ত এই ধুম টানিতে টানিতে মুর্চ্ছিত হইয়া পড়ে। যথন তাহাকে বাহিরে তুলিয়া আনা হইল তথন তাহার অবস্থা দেখিয়া বোধ হইল যে আর ৩৪ মিনিট সেই অবস্থার থাকিলে তাহার প্রাণবিয়াগে হইত।\*

#### দ্বিতীয় ঘটনা।

১৮৮৬ খৃষ্টাব্দে একদিন আমি নিউইয়ৰ্ক হইত্বে উইলিয়ামস্ টাউনে বাইতেছিলাম। টিকিট কিনিয়া গাড়ীতে বসিয়াছি, গাড়ী ছাড়ে ছাড়ে, বোধ হয় কয়েক মিনিট বিলম্ব আছে। এমন সময়ে কে যেন আমার মনের মধ্যে বলিতে লাগিল "শীঘ্র টিকিট পরিবর্ত্তন কর এবং এলিজাবেথের নিকট বাও"—বারবার এই আদেশ এত জোরে—এত তেন্তে হইতে লাগিল যে আমি

<sup>\*</sup> ইহাকে ঠিক প্রত্যাদেশ না বলিয়। ভীষণ চিত্তবিকার বল। যাইতে পারে। কি
কামণে এরপ ঘটিরাছিল তাহা নিশ্চর করা বড় সহজ নহে। মাতার Ego বা জীবারা
( অথবা কোন দেবতা বা মহাপুরুষ) পুত্রের আদল্ল বিপদ বৃক্তিরা ভাহার জীবনরক্ষার্থ
মাতার মনে এই ভাবাস্তর আনিয়াছিলেন এরপ অনুমান করা অযোভিক নহে। কিন্তু
ভিনি ঠিক কে ভাহা বলা কঠিন।
সম্পাদক

কিছুতেই বসিয়া থাকিতে পারিলাম না, এক লন্ফে দাঁড়াইয়া উঠিলাম।
আমার এই ভাব দেখিয়া সমীপস্থ এক ভদ্রলোক চমকিত হইয়া বলিলেন
"আপনি কোন জিনিব ভূলিয়া আসিয়াছেন কি ?" আমি বলিলাম "মহাশয়
টোন আর কতক্ষণ থাকিবে, বলিতে পারেন ? আমি টিকিট পরিবর্ত্তন
করিবার সময় পাইব কিনা ?" এই বলিতে বলিতে আমি যেন একটা
অদৃশ্য শক্তির ছায়া চালিত হইয়া প্লাটফর্ম্মের উপর লাফাইয়া পড়িলাম
এবং তাডাতাড়ি টিকিট ঘরের দিকে ছুটলাম।

২।১ মিনিটের মধ্যেই টিকিট বদলাইয়া গাড়ীতে উঠিলাম। গাড়ী ছাড়িয়া দিল। ভাবিতে লাগিলাম, একি হইল ৭ আমি কোথায় যাইবার জন্ত বাহির হইয়াছিলাম এবং কোথায় বা যাইতেছি ৫ কেন এরপ হইল 🕫 এখানে বলিয়া রাখা কর্ত্তব্য যে এলিজাবেথ নামে আমার এক বন্ধ তৎকালে বছণত মাইল দুরে বাস করিতেছিলেন। অনেকদিন পুর্বে তিনি তাঁহার ভাঁগিনীর অম্বথের কথা শিথিয়াছিলেন। কিন্তু অম্বথ অতি সামান্ত, স্কুতরাং সে কথা আমার মনেই ছিল না এবং এলিজাবেথের কথাও আমি বহুদিবস ভাবি নাই। সে যাহা হউক পর্যাকি প্রাতে তাঁহাদের বাটী পঁত্ছিলাম। এলিজাবেথ আমার গলা জড়াইয়া কাঁদিতে লাগিল, বলিল "ভূমি এসেছ ? তোমাকে যে কত ডেকেছি তা আর কি বলিব ? তোমার ঠিকানা জানিতাম না, কাজেই ছদিন ধ'রে সর্বাদা ভাবিয়াছি, 'আহা তুমি যদি এখন একবার আদিতে'। আমার ভগিনীর শেষ অবস্থা।" এই বলিয়া সে আমাকে ভগিনীর নিকট লইয়া গেল। এক ঘণ্টার মধ্যে সব ফুরাইল—ভগিনী ইহধাম ত্যাগ कतिल।

২। সহস্রাধিক ট্রেনযাত্রীর জীবন রক্ষা। ১৮৮৩ খুষ্টাব্দের আগষ্ট মাদে আমেরিকার এই ঘটনাটি ঘটে। সহস্ৰ সহস্ৰ যাত্ৰীপূৰ্ণ একখানি বেলগাড়ী ঘণ্টায় ৩৫ মাইল বেগে সিকাগো নগরের দিকে ছুটতেছিল। যথন রাজি প্রায় সাড়ে চারিটা তথন উহা একটি লবণ হুদের নিকটবর্ত্তী হইল। হুদের উপর কাষ্ঠনির্শ্বিত দীর্ঘ সেতৃ এবং সেতুর উপর দিয়া রেলরাস্তা গিয়াছিল। গাড়ীথানি সেতুর নিকটে আসিবামাত্র ইঞ্জিন-চালক মোদেদের বোধ হইল যেন কি এক্টা অব্যক্ত শক্তি গাড়ীধানা থামাইতে তাহাকে বাধ্য করিতেছে। তিনি গাড়ী থামাইলেন। অন্যান্ত কর্মচারী তাঁহাকে ইহার কারণ জিজ্ঞানা করাতে তিনি সম্বোষজনক কিছুই বলিতে পারিলেন না, কেবল এই বলিলেন, "কে যেন আমাকে থানাইতে বলিল।" অতঃপর তিনি ২।> জনকে সঙ্গে লইয়া সেতুটি পরীক্ষা করিতে অগ্রসর হইলেন। কিছু দূর গিয়াই যাহা দেখিলেন তাহাতে চকু স্থির হইল। দেখিলেন আগুন লাগিয়া সেতুর কাঁঠগুলি পুড়িয়া ছাই হইয়াছে, স্থানে স্থান তথনও অগ্নি জলিতেছে এবং রেলের লোহাগুলি শৃত্যে ঝুলিতেছে। ইঞ্জিন-চালক মোদেস্ স্বরং লিখিতেছেন "গাড়ী থামাইতে আমি প্রত্যাদিষ্ট ,হইয়াছিলাম। যদি এই প্রত্যাদেশ না মানিতাম তাঁহা হইলে যে কি ভীষণ হর্ঘটনা হইত বলা যার না, হয়ত ট্রেনথানি চূর্ণ হুটুয়া যাইত এবং দহস্র জীবন বিনষ্ট হইত। আমি প্রেতবাদী (Spiritualist) নহি, তথাপি মৃত আত্মীয়গণ বে কখনো কখনো আসিয়া আমাদিগকে সাম্বনা ও সতর্কতা দান করেন ইহা আমি বিখাস করি।"

#### ৩। অগ্নি হইতে রক্ষা।

এক ইংরাজমহিলা লিথিয়াছেনঃ—নিম্নলিথিত ঘটনাটি প্রায় ১৫।১৬ বংসর পূর্ব্বে ঘটে। তথন আমার পাঠ্যাবস্থা। শীতের ছুটতে বাটী - আসিয়াছিলাম। একদিন সন্ধ্যার পর আমার একটি ছুঁচ খুঁজিতে

উপরতালায় গেলাম। উহা না পাইয়া. কোথায় রাখিলাম ভাৰিতেছি. এমন সময় বোধ হইগ যেন এক্টা অনিবার্য্য শক্তি আমাকে নীচের তালার দিকে টানিতেছে এবং ঠিক সেই সময়ে একটা অগ্নিশিখা যেন সম্মুখে দাউ দাউ করিয়া জ্বিতেছে বোধ হইল। "একি। আমার মন্তিক্ষের কোন বিকার হইল কি ?" ইহা ভাবিতেছি এমন সময় সেই অগ্নিশিখা আর দেখিতে পাইলাম না, কিন্তু নীচে আদিবার প্রবৃত্তি পূর্ব্বিং প্রবল রহিল। সেই অব্যক্ত শক্তিবারা চালিত হইয়া আমি রানাঘরে আসিলাম। তথন একটু চমক ভাঙ্গিল, ভাবিলাম এখানে আসিলাম কেন? তথন আবার সেই অগ্নিশিখা দেখিতে পাইলাম, এবং রানাঘরের পার্শ্বের ঘরে আকৃষ্ট হইলাম। ঐ বরে ময়লা কাপড় চোপড় থাকিত। সে যাহা হউক দরজা খুলিয়া তন্মধ্যে প্রবেশ করিয়া দেখি যে দীপাধারটি কতকগুলি কাপড়ের উপর পড়াতে কাপড়গুলো দাউ দাউ করিয়া জ্বিতিছে। আমি ভাড়াতার্ড়ি আগুন নিবাইয়া ফেলিলাম এবং বাটার সকলকে ডাকিয়া ঘটনাটি বিবৃত কুরিকান। বোধ হয় আমার আদিতে আর ২৷১ মিনিট বিলম্ব হইলে ঘরের দরজা জানালা প্রভৃতি ধরিয়া গিয়া ভীষণ অগ্নিকাও উৎপাদন করিত।

### ৪। অদ্ভূত জীবন রক্ষা।

১৮৯২ খুষ্টান্দে ৩০শে অক্টোবর তারিথে ওয়েট সাহেব সিকাগো নগর ইইতে এই মর্ম্মে এক পত্র লিখিয়াছেন।

কয়েক বংসর হইল একদিন রাত্রিকালে আমি জাহান হুইতে "ষ্টীল ওয়াটার" (Still Water) নামক ডকে অবতরণ করি। একে কৃষ্ণপক্ষের রাত্রি, তাহার উপর আকাশ মেঘাচ্ছন্ন, স্থতরাং অন্ধকারে কোলের মানুষ দেখা যায় না। সে যাহা হউক আমি ডকের কার্চের সেতৃর উপর দিয়া ধীরে ধীরে অতি সাবধানে বাসার দিকে অগ্রসর হইতে লাগিলাম। তাহার উপর দিয়া পূর্ব্বে অনেকবার যাতায়াত করিয়াছিলাম। স্থতরাং রাস্তাটি কতক পরিমাণে পরিচিত ছিল। কিন্তু কিছুদুর যাইতে না যাইতে কে যেন তারস্বরে আমাকে বলিয়া দিল, "আর অগ্রসর হইও না, ফের।" আমি শুস্তিত হইয়া কিছুক্ষণ দৃঁড়োইয়া রহিলাম; ভাবিতে লাগিলাম এ রাস্তায় ত বহুবার গিয়াছি, কখন ত বিপদ আপদ ঘটে নাই। তবে আজ হঠাৎ এরপ মনে হইল কেন। সে যাহা হউক সে পথে আর অ্থাসর না হইরা অভা রাস্তা দিয়া বাসায় যাইলাম। ইহাতে আমাকে প্রায় এক মাইল অধিক 'ঘুরিতে হইল। পরদিন প্রাতে কোন কার্য্যোপলক্ষে ডকে আসিতে হইল। কৌতৃহল হওয়াতে যে স্থান হইতে পূর্ব্য-রাত্রে ফিরিয়াছিলাম দেই স্থানটি পরীক্ষা করিলাম। যাহা দেবিলীম, তাহাতে চিত্ত, ভক্তি ও বিশ্বরে বিহবণ হইল। দেখি দেই স্থানে দেতুর প্রায় ৮।১০ হাত বাবধান কাঠ তুলিয়া ফেলা হইয়াছে। জাহাজ হইতে গুণাম ঘরে মাল তুলিবার জ্ঞু ঐরপ করা হইয়াছিল। আমি যদি আর ২া৪ পদ অগ্রসর হইতাম, তাহা হইলে নিশ্চয়ই সেই গভীর রজনীতে নদীতে পড়িয়া, প্রাণ হারাইতাম। কিন্তু দেই অভ্ত প্রতাদেশই আমার জীবন রক্ষা করিয়াছিল।

### ৫। ডাক্তারের বিপত্তি।

ভাক্তার পারসনস্ এম্ ডি, ১৭৯১ খৃ: ডিসেম্বর মাসে এইরূপ পত্ৰ লিখিয় ছেন :---

চারি বৎসর পূর্ব্বে একদিন রাত্রে আহারের পর একবার ডাক্তারখানায় বাইবার প্রয়োজন হইল। পুস্তকাদি দেখিয়া একটি রোগীকে ব্যবস্থা দেওয়াই উদ্দেশ্য ছিল। একাকী না গিয়া আমার ভাতুপুত্রকে সঙ্গে লইলাম। কিন্তু থেমন ঐ বাড়ীর দরজায় নিকট আদিয়াছি, কোন অদুখ্য শক্তি আমাকে আর এক পদও অগ্রসর হইতে দিল না, আমার যেন চোথে ধাঁধা লাগিল, বোধ হইল হাত পা যেন বালা, আৰু অগ্ৰসৰ হইবার যো নাই। কিছুক্ষণ এইরূপে দাঁড়াইয়া ভাইপোকে বলিলাম "জন, তুই বরের মধ্যে গিয়া অমুক অমুক পুস্তকগুলি পড়িরা ( Consult করিয়া) আইস, আমি যাইতে পারিতেছি না।" সে ফৰে ঢুকিল. আলো জালিল, টুপিটি খুলিয়া রাখিল; তৎপরে যেমন হাত বাড়াইয়া একখানি বই পাড়িতেছিল, অম্নি এক্টা বন্দুকের আওয়াল হইল এবং বোঁ করিয়া গুলি ঠিক তাইার মাথার উপর দিয়া চলিয়া গেল। আমি তাহার চেয়ে কিছু লম্বা, স্নতরাং আমি যদি তাহার স্থানে থাকিতাম, তাহা হইলে নিশ্চয়ই ঐ গুলি আমার মন্তক ভেদ করিয়া যাইত। পরে অমুসন্ধান করিয়া জানিলাম, এক ব্যক্তির সহিত আমার শক্রতা ভিগ এবং দে আমাকে হত্যী করিবার জন্ম নিকটবন্তী বাটতে লুকায়িত ছিল। আমার সম্পূর্ণ বিশ্বাস যে কোন দৈবশক্তি দেদিন আমাকে বাঁচাইয়াছে।

# ৬। অদৃশ্য হস্ত ।

ইলিয়ট্ নামী এক রমণী লিথিয়াছেন, প্রায় ২০ বংসর পূর্ব্বে একদিন আমি কতকগুলি পত্র ডাক্যোগে প্রাপ্ত হই। উহাদের একথানির মধ্যে ১৫ পাউণ্ডের (২২৫ টাকার) নোট ছিল। পত্রগুলি পাঠ করিয়া আমি কোন কার্যামুরোধে তাড়াতাড়ি রায়াঘরে গেলাম। তখন ঐ পত্রাদি আমার হাতেই ছিল। পত্রগুলি দক্ষিণ হস্তে এবং নোটগুলি বামুহুন্তে ছিল। কিন্তু আমার ধারণা ছিল—ঠিক বিপরীত, ভাবিয়াছিলাম বামহন্তে পত্র এবং দক্ষিণ হস্তে নোট আছে। পাঠাস্তে পত্রগুলির প্রয়োজন না থাকাম আমি উহাদিগকে অগ্নিতে ফেলিয়া দিবার সংকল্প করিলাম। এই অভি-

প্রায়ে বাম হস্তটি উনানের নিকট লইয়া গেলাম। কিন্তু কি আশ্চর্যা। আমার স্পষ্ট বোধ হইল যেন একথানি অদুগু হস্ত আমার বাম হস্তকে ধরিয়া পশ্চাৎ দিকে টানিতেছে,—কিছুতেই উহাকে অগ্রসর হইতে দিবে না। তথন আমার কাগজগুলির দিকে দৃষ্টি পড়িল—দেখিলাম যাহাকে আমি নিপ্রবাজনীয় চিঠি ভাবিয়া আগুনে ফেলিতে উন্মত হইয়াছিলাম. তাহা চিঠি নহে,—মূল্যবান নোট।"

শ্রীমাখনলাল রায় চৌধুরী।

### মৃত্যুর পর প্রেতাত্মা দর্শন।

ভাটপাড়া বা ভট্টপল্লী বঙ্গদেশের মধ্যে একটা স্থপরিচিত গ্রাম। সদাচার শাস্ত্রত খবিকল্ল ব্রাহ্মণমণ্ডলী এই গ্রামেকে বরাবর সমুজ্জল করিয়া রাথিয়াছেন। ইহার পার্ম দিয়া পুণ্যতোয়া ভাগিরথী, কল কল নাদে প্রবাহিত হইতেছে। বিদেশী ভাবে বিভোর, বিদেশীয় আচারে কলুষিত वक्रानरभव व्यक्षिकाःभ कन्नारमव मरधा ভট্টপীলী निक श्रुगावान এখনও পুরাতন পবিত্র আর্যাধর্ম্মের স্মৃতি কিয়দংশে রক্ষা করিতে সমর্থ হইয়াছে।

দে আৰু ১১ বংদর অভীত হইতে চলিল, এই গ্রামে কাশীপতি ভট্টাচার্য্য নামক এক ব্যক্তি অল্প বয়সেই সংস্কৃত বিভায় বিলক্ষণ পারদর্শী হুইয়া উঠিয়াছিলেন। তাঁহার স্বভাবও যেমন নম্র ও ধীর ছিল, শাস্তবৃদ্ধিও তেমনি প্রথরা ছিল। তপ্তকাঞ্চনবর্ণ দেই ব্রাহ্মণ যুবকের অঙ্গে কি যেন এক দ্ব্যিভাব ফুটিয়া উঠিত, তাহা যিনি দেখিয়াছেন, তিনিই বলিতে भीद्रज ।

আমি বে সময়কার কথা বলিতেছি, তথন তাঁহার বয়স ২২ কি ২৩ বংসর। সবে মাত্র এক বংসর হইল, তাঁহার বিবাহ হইয়াছে। ঐ ভাটপাড়াভেই তাঁহার খন্তরালয়। খন্তর শ্রীযুক্ত ক্বফচন্দ্র ভট্টাচার্য্য, মহাশয় পুরুলিয়ায় চাকুরী করিতেন, কালে ভদ্রে ভাটপাড়ার বাড়ীতে আগমন করিতেন; তবে তাঁহার আগ্রীয় স্বজন সক্লেই ভাটপাড়ায় থাকিতেন। তাঁহাদের গোষ্ঠীবর্গ একত্র ভাটপাডার যে অংশে বাস করিতেন তাহা উভানময় ছিল বলিয়া, "বাগানে বাড়ী" নামে আখ্যাত ছिल।

ঐ বাগানে বাড়ীভে প্রতিবংসর অগ্রহায়ণ মাদে ৺রক্ষাকাশী পূজা হুইত। ঐ পূজা উপলক্ষে এক মহাধুম পড়িয়া যাইত। নিকটেই কয়েক ষর গোয়ালা ও বান্দী বাদ করিত, তাহারাও উল্লাদে 🗸 মাতৃপূজায় যোগ-দান করিত এবং নানাপ্রকার আমোদে সেরাত্রি অতিবাহিত করিত।

রেল কোম্পানির অমুগ্রহে পল্লীর সে অংশ এখন বিলুপ্ত হইয়াছে। বাগানে বাডীর গোষ্ঠী গ্রামের এদিকে ওদিকে ছডাইয়া পডিয়া প্রবিচায়ক-স্বরূপ নামেমাল পর্যাবদিত "বাগানে বাড়ী" আখ্যাটী এখনও পরিত্যাগ করেন নাই। স্থার যে গোয়ালা ও বাগদীদিগের বসতি ছিল, তাহাও নিষাদতাড়িত বিহুগশ্রেণীর মত ছত্রভঙ্গ হইয়া পড়িয়াছে।

তথন অবশ্র "বাগানে বাড়ী"র উপর রেল কোম্পানির কুনজর পড়ে নাই। অগ্রহায়ণ মাদ, অমাবস্থা তিথি। নিবিড় অন্ধকার, শীতও অল নহে। ৰাগানে ৰাড়ীতে ধুমধামের সহিত ৮রক্ষাকালী পূজা হইতেছে। নৈশনিস্তব্ধতা ভেদ করিয়া ঢকার কর্ণভেদী ধ্বনি সমুখিত হইতেছে। মাতৃ-প্রসাদাকাজ্জী ভক্তগণের আনন্দকোলাহলে পল্লীর অংশটী সমাক মুখরিত। ভাটপাড়ার অন্ত পল্লীতে "বাগানে বাড়ী"র গোষ্ঠীর যে সকল কুটুল ছিলেন, তাঁহাদের আজ নিমন্ত্রণ হইয়াছে। স্থতরাং ক্রফ ভট্টাচার্য্য মহালয়ের জামাতা কাশীপতিরও নিমন্ত্রণ বাদ যায় নাই। তিনিও নিমন্ত্রণরক্ষার্থ আসিরাছেন। কিন্তু তাহা হইলে কি হইবে—তাঁহার শরীর সম্পূর্ণ স্বস্থ

ু নহে, ১০।১২ দিন জর ভোগের পর তুদিন অমুপথ্য করিয়াছেন মাত। কিন্ত ষধন খণ্ডরবাড়ীতে নিমন্ত্রণ রক্ষা করিতে আসিয়াছেন, তখন কিছু মিষ্টমুখ না করিয়া গেলে ত ছাড়ান নাই ? তাই সকাল সকাল কিছু আহারের বন্দোবস্ত করিতে বলিলেন।

৺মায়ের ভোগের অপেক্ষা করিতে গেলে অনেক রাত্রি হইয়া পড়ে। এত রাত্রি করিলে ক্লমদেহে বিলক্ষণ কুপথ্যের সম্ভাবনা। সেই জ্বন্ত "শরীরমান্তং থলু ধর্মসাধনং" এইটা সার বৃঝিয়া, আর বিশ্বজননীর অপার করুণার উপর নির্ভর করিয়া কাশীপতি মায়ের ভোগের আগেই ভোকন করিতে চাহিলেন। খঞামণ্ডল জামাতার প্রতি সেহপরবশ হইয়া তাঁহার সে প্রার্থনা পূর্ব করিলেন। জামাতা আহারাস্তে বাটা ফিরিয়া গেলেন।

কিন্তু সন্তানের এ অপরাধ ব্ঝি ৮মায়ের সহা হইল না। বাটীতে আসিম্মই কাশীপতির ভেদবমি হইল। তুই তিন ঘণ্টার মধ্যেই নাড়ী ছাড়িয়া গেল। বুঝি হতভাগ্য আবে বাঁচিল না। ডাক্তার ডাকা হইল। ষাহাকে কালে টানিয়াছে, ডাক্তারে তাহার কি করিতে পারে ? অশ্রুসিক্ত নয়নে জননী ভিজ্ঞাসা করিলেন, "বাবা, কি যাতনা তোমার ?"

অভিক্রীণ অফুটবরে মৃত্যুশঘায় শ্বান সম্ভান মায়ের হাত ধরিয়া ৰলিল,—"মা, চরণধূলা দাও, আমি আর বাঁচিব না। কিন্তু যাহার সর্ব্ধনাশ করিয়া ষাইতেছি সেই হতভাগিনীকে একবার শেষ দেখা দেখিতে চাই।"

হায় ৷ হতভাগিনী তথন কোথায় ? সেই স্বৃদ্ধ জনকের কর্মস্থানে কি বিপদ ঘটতেছে ভাহা স্বপ্নেও না ভাবিয়া নিদ্রার শান্তিময় ক্রোড়ে শান্বিতা। ু আর মৃত্যু যন্ত্রণায় অন্থির কাশীপতিও উৎকট কামনার বশবর্ত্তী ইইয়া ভাবিল না যে বছক্রোশব্যবধানে যে প্রাণের পুতলী রহিয়াছে, ভাহার সহিত সেই মুহুর্তে দেখা হওয়া অসম্ভব, বুঝিল না তাহার যবনিকাপাতের পুর্ব্বে পত্নীসহ মিলন বিধিনির্বন্ধ নহে।

बांच, २०२७। ]

#### মৃত্যুর পর প্রেতাত্মা দর্শন।

883

জননী কাঁদিতে কাঁদিতে বলিলেন,—"বাছা, অমন কথা মুখে আনিস্বে, মা তোকে রক্ষা করিবেন।"

"না মা, আমি"—বলিতে বলিতে সন্তানের চকু, উদ্বেডিঠিরা গেল, দেহ অসাড় হইল। সম্ভান স্থেন্ম জনকজননীর মায়াপাশ ছিন্ন করিয়া, চলিয়া গেল। যে নৈশ অদ্ধকার ভেদ করিয়া পূজাক্ষেত্রে আনন্দকোলাহল উঠিয়াছিল, সেই নৈশ গাঢ় অদ্ধকার ভেদ করিয়া কাতর আর্ত্তনাদ উথিত হইল। ৺মায়ের ইচ্ছা, ৺মাই জানেন!

করেক ঘণ্টার মধ্যেই যে দর্জনাশ ঘটিল, তাহা অবশ্র অনুব কর্মস্থানস্থিত ক্বঞ্চ ভট্টাচার্য্য মহাশরের পরিবাবের চিন্তারও অতীত। কিন্ত দেই
অনাবস্থা রাত্রের শেষভাগে ক্বঞ্চ ভট্টাচার্য্য মহাশরের পত্নী কোনও
প্রয়েজনে গৃহের বাহির হইতে যাইয়া দেখিলেন,—গুলোপনীতবারী তপ্তকাঞ্চনবর্গ জামাতা দ্বে কাঁড়াইয়া একদ্তে তাঁহাদের গৃহ পানুন চাহিয়া
আছেন। তিনি ভীতিবিহ্নাগ হইয়া নিঃশলে স্বামীর নিকুট আগমন করতঃ
ব্যাপারটী জ্ঞাপিত করিলেন। তাঁহারা উভয়েই তথন ঘারনেশের ফাঁক
দিয়া দেখিলেন, দ্বে স্ফুল্পই জামাত্র্রি! ,দেখিতে দেখিতে সে মূর্জি
বিলীন হইয়া গেল। তাঁহারা ভয়ে, বিশ্বনে, কোনও আক্মিক বিপদের
আশেলা করিয়া অনিজ্ঞার রাত্রিপাত করিলেন। প্রাতঃকালেই ভাটপাড়া
হুইতে টেলিগ্রাম গেল,—কাশীপতি আর নাই!

কৃষ্ণ ভট্টাচার্য্য মহাশরের স্ত্রী রাত্রিকালে যে মূর্ত্তি দেখিলেন, তাহা মৃত কানীপ্রতিরই প্রেতায়া। তিনি মৃত্যুকালে যে উৎকট পত্নীদর্শনকামনা পোষণ করিয়াছিলেন, মৃত্যুর পর তাঁহার প্রেতায়া সে কামনা পূর্ণ করিতে আদিয়াছিল।

ভাটপাড়া।

## স্বামী স্চিদানন্দ বালকুফের জীবনের ঘটনাবলী।

( পূর্ব্বপ্রকাশিতের পর। )

#### মৃত ব্যক্তির পরকায় প্রবেশ।

স্বামীজী শিথিতেছেন:-

"একদিন পরম শ্রদ্ধেয় বৈষ্ণব, জগরাথ দাস বাবাজীর মুমুর্ সময়ের সংবাদ পাইয়া তাঁহাকে দর্শন করিতে তাঁহাল ভজন কুটীরে যাই। দেখিলাম, তিনি মুমুর্ অবস্থায় "কৃষ্ণ কৃষ্ণ" বলিতেছেন। লোকে ডাকিলেও উত্তর দেন না. অথচ বেশ ক্লফ্টনাম করিতেছেন। আমি যাইয়া তাঁহার নিকট বসিলাম। তাঁহার শিধাগণ "ঐক্তিষ্ণ চৈত্সচন্দ্র প্রভু নিত্যানন্দ,— হরেক্বফ হরেরাম জীরাধে গৌবিন্দ", এই পাম পুনঃ পুনঃ ওনাইতেছেন। আমি চকু মুদিয়া ধ্যানস্ত হইলাম.—দেথিলাম. গৌরবর্ণ একটি জ্যোতির্ময় মূর্ত্তি, অপেক্ষাকৃত ক্ষুদ্র একটি কুফমুর্ত্তি ক্রোড়ে।

দেদিন একটি ব্রাহ্মণের বাটীতে আমার ভিক্ষার নিমন্ত্রণ থাকায়, বেলা অধিক হওয়া বশতঃ পাছে তাঁহারা সপরিবারে আমার জন্ম উৎকণ্ঠিত হন এই আশস্কায় আমাকে তথা হইতে চলিয়া যাইতে হইল। বস্ততঃ যাইরা দেখিলাম, তাঁহারা প্রস্তুত হইরা আমার অপেকা করিতেছেন। আহার করিয়া জ্ঞান ও সভ্য নামক গুইটি পরিচিত বালককে সঙ্গ্রে সুইয়া পুনরায় ভজন কুটীরে যাইয়া দেখি, তাঁহাকে দাহ করিতে খাণানে লইয়া ্গিয়াছে। শ্রশানে যাইয়া তাঁহার চিতা প্রদক্ষিণ করিলাম, জনৈক শিষ্য তাঁহার দেহাবশেষ গঙ্গার দিতে গেলেন, আমিও সঙ্গে যাই, ফিরিয়া আসিতে সন্ধা হইল।

বাবাজীকে যথন ভন্ন কুটীরে দর্শন করি তথন প্রাণে প্রাণে কথা শুনিয়াছিলাম। তিনি যেন বলিতেছেন "আমি তোমার শরীরে প্রবেশ করিব।" দেই রাত্রে ধ্যানত্ব হইয়া বদিয়া আছি এমন সময়ে দেখিলাম একথণ্ড মেঘ সম্মুথে আসিল, ভাহার ভিতর জগন্নাথ দাস বাবাজীর মনুষ্যরূপ ! উক্তরূপ অকমাৎ আমার শরীরের ভিতর প্রবেশ করিলেন ও আমাতে শীন হইয়া গেলেন।

কয়েকদিন পরে বাবাজীর একটি শিষ্যের প্রামুখাৎ শুনিলাম, বাবাজী মৃত্যুর পূর্বের তাঁহাদের বলিয়া গিয়াছেন যে, তিনি- শ্রীবাদ ও গদাধরের व्यात्रिनात्र व्यक्तिक व्यात्म वाकित्वन ও व्यक्तीराम व्यनत्रमञ्जवीत मतीत्त মিশাইবেন।"

এন্থলে বলা প্রয়োজন যে, স্বামীজীর মধুর ভাবে ভগবদারাধনা করা কালের নাম "অন্সমঞ্জরী।" অর্থাৎ এই ভাব পাইয়াই তিনি মধুরভাবে ভর্জন করিয়া থাকেন।

শ্রীকার্ত্তিকচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

# একটি অদ্ভুত্ৰ, মৃত্যু ঘটনা।

কমলমণি তিন বংগরের শিশু কন্তা। কন্তাটি একটি দ্বিতল প্রকোঠের দক্ষিণ বাতায়নের জানালার উপর উপবেশন করিয়া আপন মনে ক্রীড়া করিতেছে। প্রকোষ্ঠনীর উত্তর দক্ষিণে বায়ু গভায়াতের পথ উন্মুক্ত। উত্তর দিকে হুইটি দার ও দক্ষিণ দিকে হুইটি জানালা। প্রকোষ্ঠটীর দারদ্বর ও জানালাম্বয় সমস্তই উন্মুক্ত ছিল। গ্রীমকাল। সন্ধ্যার কিছু প্রাক্তিন বেলা তথন ছয় ঘটকা।

গুহাভ্যস্তরে অপর একটি তিন বৎসর বয়স্ক রুঘ শিশু কন্তা শয়ন করিয়া মুমুর্ অবস্থায় ছট্ফট করিতেছে; কন্যাটির নাম হিরণকুমারী ।

গৃহমধ্যস্থ সকলেই হিরণ কুমারীর মুখ প্রতি স্থির সজলনেত্রে নিরীক্ষণ পূর্বক নি:শব্দে অশ্রুপাত করিতেছে; যেন সকলেই বালিকার সেই কুন্ত প্রাণটির আশা পরিত্যাগ করতঃ তাহার দেহ হইতে প্রাণবায় বহির্গত হইবার জন্য অপেক্ষা করিতেছে, ও মধ্যে মধ্যে একটু একটু জল তাহার মুখমধ্যে সিঞ্চন করিতেছে। এমন সময় কমলমণি তাহার মাতাকে সম্বোধন করিয়া জানালার বহির্ভাগের অনতিদুরের একটি নিম্ব-বুক্ষের প্রতি ইঙ্গিত করতঃ, ক্ষুদ্র কুদ্র হস্তশ্বিত অঙ্গুলি নির্দেশপূর্বক আধ আধ স্বরে বলিয়া উঠিল। "মাঞা দেখ, দেখ, ঐ গাছেল উপল, হিলণ পা ডুলিয়ে বসে লয়েচে, হিলণ আঙা কাপল পলেচে।"

কমণমণি এই অভাবনীয় দৃষ্ঠাট অত্যাশ্চর্য্য ভাবে এক দৃষ্টে নিরীক্ষণ করিতেছে। তদর্শনে কমলমণির মাতা জানালার সলিকটে দণ্ডায়মান হইয়া, দর্শন করিলেন যে, সভাই হিরণ একথানি লোহিতবর্ণের কাপড় পরিধান পূর্বক নিম্বরীক্ষের উপর উপবেশন করিয়া, পা ঝুলাইয়া বসিয়া রহিয়াছে। তাহা দেখিয়া হতবুদ্ধি হইয়া বহিলেন।

অনতিবিলম্বেই হিরণের প্রাণবায়ু স্থল দেহ হইতে বহির্গত হইয়া কোথায় অনন্ত আকাশে মিশিয়া গেল শেব দেহ পড়িয়া রহিল। তৎক্ষণাৎ গুহুমধ্যস্থ সকলেই উক্তিশ্বরে চীৎকার পূর্ব্বক ক্রন্দন করিয়া উঠিল, বাটীর সকলেই ক্রন্সনের রোল তুলিল।

এ ঘটনাটি আৰু প্রায় যোড়শবর্ষ পূর্বে ঘটিয়াছিল। কমলমণির একণে সম্ভানবতী ও শশুরালয়ে অবস্থান করিতেছে। তাহার "মীতা <u>প্রায় তিন</u> বংসর গত হইল ইহলোক পরিত্যাগ করিয়াছেন।

ু উক্ত ঘটনাটি আমাদের বাটিভেই ঘটিয়াছিল; আমরা এ ঘটনাটি মুম্পূর্ণ সত্য বলিয়া জানি। তজন্য অলোকিক রহস্তে প্রকাশ করিলাম। শ্রীচারুচক্ত মুখোপাধ্যায়।

### ভূতাবেশ।

পরম প্রেমাম্পদ,

শ্রীযুক্ত "অলোকিক রহস্ত" সম্পাদক, মহাশন্ত্র সমীপের।—

সবিনয় নিবেদনমেতৎ

আপনারা দকলেই ভূতপ্রেত লইয়া থেলা ক্রিতেছেন, ইহা দেখিয়া আমিও একটা ভূতাবেশের কথা লিখিয়া পাঠাইতেছি, দেলভ আমার চাঞ্চ্যাক্ষমা করিবেন। এই ঘটনাটি প্রায় ৫০ বৎসর পূর্ব্বে, **আমার** বয়স যথন ৬।৭ বংদর সেই সময় আনার একজন আত্মীয়া পিতামহী-সম্পর্কের স্ত্রীলোকের নিকট শ্রবণ করিয়া ছিলাম। → এভদিনের কথা মনে থাকিবার না হইলেও, ঘটনাট সম্পূর্ণ অণৌকিক এবং তিনি তৎকালে যে ভাবে এই গল্পটীর উপগ্রাস করিয়া ছিলেন, তাহাতে তিনি যে সত্য ঘটনারই উল্লেখ করিতেছেন, এবং উহা তাঁহার প্রত্যক্ষ দৃষ্ট ঘটনা, এইরূপ ভাবেই বলিয়াদ্ধিলেন বলিয়া তাঁহার বর্ণিত বিবর্ণটী অন্তাপি মনের মধ্যে ঠিক ঠিক অঙ্কিত হইয়া বৃথিয়াছে। আমার ঐ পিতামহী ঠাকুরাণী অবারা ছিলেন। তাঁহার কতকগুলি শিষ্য ছিল, কাজেই তাঁহার নিজেই ঐ সকণ শিষ্যের বাড়ী ভ্রমণ করিতে হইত। ঘটনার্টা যশোহর জেলার কোনও পল্লীগ্রামে ঘটিরাছিল। গ্রামের নাম আমার ঠিক মনে নাই। ঐ গ্রামের চক্রবর্তীরা বর্দ্ধিস্থ-গৃহস্থ ছিলেন। ভাঁহাদিগের বংশে পার্ব্বতী নামক একমাত্র ২০।২২ বৎসরের বালক, বংশ ধররূপে বিঅমান ছিল, আর কতকগুলি বিধবা স্ত্রীলোক বর্তমান ছিল: তবে নিকটবর্ত্তী আত্মীয় জ্ঞাতি কুটুম্ব অনেকেই ছিল। পার্ব্বতীর জন্ম

वन्नरम्हे विवाह इहेबाहिन। छाहात महधविंगीबछ उएकारन शूर्वरोवन হইরাছিল। এই দময়ে পার্ব্ধতী ম্যালেরিয়া রোগে আক্রাম্ব হয়। প্রায় ছই বৎসর কালের অধিক ভূগিতে থাকে, পেটের মধ্যে প্লীহা, যক্তি প্রভৃতি যতপ্রকার রোগ হইবার, তাহা হইয়াছিল; কালেই জ্বপ্রভাবে হাত পা কঞ্চির মত দক হইয়া গেলেও পেটটী বিলক্ষণ মোটা হইয়া পড়িয়াছিল। প্রথমে গ্রামস্থ বৈতের ঔষধ ও পল্লীগ্রামে প্রচলিত টোটুকা টাটুকী দেবন করিবার পর, কোনও মতে পীড়ার শাস্তি না হওয়ায়,দাপদীর মালা, ৮ তারকেখনের দ্রাড়ি ধারণ শ্রভৃতি, কিছুরই ক্রটী করা হয় নাই। তবে সে সময় "ডি: গুপ্ত", "মধাদিলু" প্রভৃতির আঁবিভাব না হওয়ায় উহা-দিগের পরীকা করার স্থযোগ হয় নাই। এই রক্ষে সময় কাটাইতে কাটাইতে পার্বতী, একদিন সহসা বন্ধবান্ধবকে অকুল তুঃথসাগরে ভাসাইয়া, ইহলোক ত্যান করিল। পার্বভীর আত্মীয়গণ আর্ত্তনাদে বোদন করিয়া, হিন্দুর গৃহে মৃতব্যক্তি জীবিত অবস্থায় সম্পূর্ণ গ্রীতির পার্ত্তী থাকিলেও, তাহার শবদেহত সেরূপ প্রীতির পাত্র হয় না, বরং উহার স্কাতিই সমুদয় পরিবারবর্গের প্রার্থনীয় হয়, এইজন্ম অধিকক্ষণ বিলম্ব না করিয়া যথা-সময়ে গন্ধাতীরে দাহ এবং অস্থিকেপ কেরিবার জন্ম উঠা তৎপরদিন অতি প্রত্যুষেই রওনা করিয়া দিলেন। আত্মীয় কুটুম্বগণ ঐ শবদেহ বহন করিয়া আনিতে আনিতে, অপরাহে পথশান্তে ক্লান্তিবোধ করিয়া, উহাকে পথিপার্যন্তিত একটা অশ্বর্থারকের তলার স্থাপন ক্রিয়া আপনারা তামাকু সেবন ও পরস্পার গল্লগাছা করিয়া বিশ্রাম করিতে বাধ্য হইল। বিশ্রায় তুইঘুণ্টা আড়াই ঘণ্টা বিশ্রাম করিবার পর, সন্ধ্যার অন্ধকারে পথঘাট -লপুর্ণরূপ আবৃত হইলে, তাহারা রীতিমত আলোক জানিয়া আবার শবদেহের বহন করিবার অভিপ্রায়ে উহার নিকটবর্ত্তী হইল। নিকটবর্ত্তী কৃইরা যাহা দেখিল, তাহাতে তাহারা একেবারে বিমায় ও আনন্দে

बांच, ১৩১७।]

অভিভূত হইয়া পড়িল। দেথিল পার্বভীর মুদ্রিত চকু মিটু মিটু করিতেছে, হাত পা একটু নড়িতেছে, এবং পিপাদাস্টক মুখব্যাদানও হইতেছে। ভাহারা বিলম্ব না করিয়া নিকটবন্তী পুন্ধরিণী হইতে এক ঘটা জল আনিয়া ক্রমে ক্রমে পার্বভীর মুখে দিভে দিতে পার্বভী সম্পূর্ণ চৈতগ্রুলাভ করিল, এবং মূহস্বরে ছই একটী কথাও বলিতে লাগিল। তাহা দেখিয়া ভাহাদের মনে মনে তর্ক হইতে লাগিল,পূর্বাদিন রাত্রে যাহার মৃত্যু হইরাছে, ভৎপরদিন সন্ধার সময় সেই ব্যক্তির জীবন লাভ করা একটা সম্পূর্ণ অলৌকিক ঘটনা, এ জগতে এক্নপ ঘটনা কেহ কথন দেখে নাই, শুনে নাই। মৃত্যুর হুই এক ঘণ্টা পরে অনেকে জীবন লাভ করিয়াছে, ভাহা একপ্রকার স্বাভাবিক ঘটনার মধ্যে গণ্য। কিন্তু একি । এরূপ বিষম দৃশু আমরাত কথনও দেখি নাই। এইরূপ পরস্পর তর্ক বিতর্ক করিবার পর অনেকের মনে ভৌতিক ব্যাপার<sup>্</sup> বলিয়াই স্থির হ<del>ইন</del>। তাহারা ভয়ে ভয়ে, পার্বতীর নিকট হইতে দূরে দূরেই অবস্থান করিতে লাগিল ৷ যাহারা পার্ব্বতীর ঘনিষ্ঠ আত্মীয়, পার্ব্বতীর জীবন প্রাপ্তিতে তাহাদের মনে অসীম আনন্দের উদয় হওয়াগ্ধ, পার্ব্ধতীই যে পুনর্ব্ধার জীবন শাভ করিয়াছে, এই জ্ঞানই তাহাদের হৃদরে দুঢ়ভাবে বদ্ধমূল হইল।

শববাহী দলের মধ্যে এই প্রকার নত বৈধ উৎপন্ন হইয়াছে, ইহা পার্বতী জানিতে পারিল। দে তাহাদিগকে নিকটে ডাকিয়া অতি মৃত্বাক্যে বলিতে লাগিল,—"আমি মরি নাই, রোগে ভ্গিয়া ভ্গিয়া শরীরের দৌর্বলা প্রাইই আমার শরীরে একটা মৃহ্ছারোগ প্রবেশ করিয়াছে। ইতঃপূর্বে বাড়ীতে আমি অনেকবার মৃহ্ছা গিয়াছিলাম, কিন্তু সে মূহ্ছা এত দীর্ঘকাল স্থায়ী হয় নাই বলিয়া বাড়ীর বাহিরের লোকে তাহার বিন্দ্বিস্গত জানিতে পারে নাই। কিন্তু অন্তকার মৃহ্ছা অতি দীর্ঘকাল স্থামী এবং পূর্বেম্ছা অপেকা অনেক বলবৎ, এইজন্ত আপনায়া আমার মৃত্যু সম্ভাবনা করিয়া

গঙ্গাভীরে লইয়া যাইতেছিলেন। কিন্তু ভাগ্য বশতঃ এই বু**হৎ অশ্ব**খত**লে** আমার শবণেহ রক্ষা করায় এইস্থানে মৃত্যন্দ সাদ্ধ্য সমীরণে আমার দেই পুছ্র্যার অপনোদন হইয়াছে। একণে আমি যে পুনর্জীবন প্রাপ্ত হইয়াছি, ভিষিম্মে কোন সন্দেহ করিবেন না। আমি যে পূর্বের পার্বতী তাহা জানাইবার জন্ম এই দেখুন আমি আপনাদিগের নাম এবং যাহার সহিত যে সমৃদ্ধ;সেই সমৃদ্ধ ধরিয়া ডাকিতেছি।" এই কথা ব্লিয়া যথন উহার মধ্যে তুই একজনের নাম এবং সম্বন্ধ ধরিয়া ডাকিতে লাগিল, তথন সে যে পূর্বের পার্বতী, ইহা মনে ক্রিতে কাহারও আর দ্বিধা রহিল না : সকলে আনন্দ-ধ্বনিতে আকাণ ফাটাইয়া,—"জন্ন জগদীশ" শকৈ দিগন্ত আচ্ছাদিত করিল। তথন সকলে স্থির করিল আমরা সকলে সমস্ত দিন অনাহারী, আম্বরাত্তে গৃহে প্রত্যাগমন করা আমাদের পক্ষে অসম্ভব, অতএব এই রান্ডার ধারে, অনতিদুরে পান্থদিগের থাকিবার জন্ম একটা চটি আছে, আমরা অস্ত তাহাতেই আশ্রম শইরা ইচ্ছামত আহারাদি অনুষ্ঠান পূর্বক, সমন্তদিনের ক্লাস্তি নিবারণ করি, তাহার পর কাল প্রাত:কালে বাড়ীতে প্রত্যাগমন করিলেই হইবে। এই কথা মান করিয়া অবিশব্দে তাহারা শবদেহের বন্ধন ছেদন করিয়া দিল, এবং ধীরে ধীনর পার্বভীকে বসাইয়া নিকটবর্ত্তী চটী হইতে কিছু হগ্ধ আনাইয়া খাওয়াইল।

ভাহার পর হাতে ধরাধরি করিয়া, ধীরে ধীরে ঐ চটীতে লইয়া গেল। অপরেও অন্তান্ত সামগ্রী-পত্র লইয়া দেই চটাতে যাইয়া উপস্থিত হইল। সেই স্থানে তাহারা ইচ্ছানত ভোজন করিয়া রাত্রি যাপন করিল। সীচ্ছে লোকের মূনে অন্ত প্রকার সন্দেহ হয়, ইহা মনে করিয়া পার্বতী সে রাজে একটু হুধ থাইয়াই তৃপ্ত হইয়া রহিল। প্রাতঃকালে স্থ্য উঠিবার পূর্বের সব যাত্রীরা, একথানি গরুর গাড়ী ভাড়া করিয়া, তাহার উপর পার্বভীকে বদাইয়া আনল ধ্বনি করিতে করিতে স্বগ্রামাভিমুখে প্রত্যাবর্ত্তন করিল।

উহার মধ্যে একজন অত্যন্ত ক্রতগামীকে অগ্রে পৌছিয়া বাড়ীতে সংবাদ দিবার জন্তও পাঠাইল। তাহার মুখে এই শুভসংবাদ শুনিয়া বাড়ীর লোকের যে কি প্রকার আনন্দ হইল, তাহা বর্ণনা করিয়া জারাইবার নহে।

ক্রমে পার্কতী সমভিব্যাহারে সকলে বেলা ৩টা নাগাইল পার্কতীর বাড়ী পৌছিল। পার্কতীকে গরুর গাড়ীর উপর, বিদয়া আদিতে দেখিয়া, বাড়ীর স্ত্রীলোকেরা আনন্দে একেবারে উদ্মন্ত হইল। তাহাদের আনন্দ শব্দে,শত্ম ধ্বনিতে, ছলু ছলু ধ্বনিতে আকাশ ও দিঙ্মওল একেবারে বিদীর্ণ হইল। প্রতিবেশী লোকেরাত দলে দলে আদিতেই আরম্ভ করিলা, তত্তির নিকটস্থ অপর গ্রামবাদীরাও এই আশ্চর্য্য ঘটনা প্রত্যক্ষ করিবার জ্বন্ত দল বাঁধিয়া আদিতে লাগিল। আদিয়া বাহা দেখিল তাহাতে অবিশ্বাস করিবার আর কোনও কথা রহিল না। পার্কতী ঘরের দাবায় পিড়ে ঠ্যাসান দিয়া বদিয়া হাস্ত্রমুগে, আয়্রীয় স্বজনের নিকট আস্মবিবরণ প্রকাশ করিতেছে। দেখিয়া শুনিয়া সমাগত দর্শক বুন্দ সকলেই প্রীমাণজগদীশবের মহিমাগান করিতে, করিতে স্ব স্ব গৃহে ফিরিয়া গেল। পার্কতীর আয়্রীয় স্বজনগণ গ্রাম্য দেবতাগণের পৃঞ্বা, ওরক্ষাকালী পৃঞ্বা, এনন কি চাকদহে আদিয়া মহাসমারোহে গঙ্গা প্রভা অবধি প্রদান করিয়া গিয়া, মহাসমারোহে কতিপর দিন অতিবাহিত করিতে লাগিল।

এইরপে পার্বতী বাঁচিয়া উঠিশ বটে, তাহার শরীরে আর রোগের প্রাহর্ভাব দেখা যাইল না বটে, দে পূর্বাপেক্ষা বহু পরিমাণে ভোজন করিতে লাগিলও বটে, কিন্তু তাহার শরীরের আর পৃষ্টিলাভ হইল না। দে হাত নলু নলু, পা সরু সরু, পেট গজনদার, মুখ ফুশা এক ভাবেই রিছিয় গেল। ভাহাতে তাহার আত্মীয়স্বলন দিনকতক জরাস্তক লোহ, মকরধ্বজ প্রভৃতি যথাসাধ্য পৃষ্টিকর ঔষধের দেবন করাইতে লাগিল, এবং দেই সঙ্গে গুড়-চ্যাদি, মধ্যম নারায়ণ প্রভৃতি, পাকতৈলের ব্যবহার করাইতেও ক্রটী করিল,

না; কিন্তু কিছুতেই কিছু উপকার হইন না। পরিশেষে তাহারা ভাবিন, **ঐঐ৺জগদীবরের ক্বপায় আমরা যে হারাধন পার্ব্বতীকে ফিরাইয়া** পাইয়াছি, ইহাই আনাদের যথেষ্ট সোভাগ্যেক্ত কথা, সে পুষ্টি না হয়, নাই ইইল। পার্বভীও পাড়াপ্রতিবেশী বন্ধবাদ্ধব লইয়া সহজের মত প্রমানন্দে কাল্যাপন করিতে লাগিল। তবে এন্থণে একথাও বলা আবশুক, সকলের আনন্দ হইল বটে, কিন্তু পার্বভীর সহধর্মিনীর মুখের মলিনতা আর কিছুভেই দুর হইল না, বরং দিন দিন তাহা বুদ্ধি পাইতে লাগিল। ইহার গুঢ় রহস্ত পরিবারের মধ্যে কেহই উদ্ভেদ করিতে পারিল না। প্রথমে নানা-বিধ মিষ্ট কথা বলিয়া, নানাক্রপ সান্তনা প্রয়েগি করিয়া লোকে তাহার মলিন ভাবের বিষয় জানিতে ইচ্ছা করিয়া ছিল, কিন্তু কেহই কুতকার্য্য হয় নাই। এইরপে হুই তিন বৎসর কাটিয়া গেল। একদিন রাত্রিকালে বাড়ীর অক্টান্ত পরিবার, আপনার আপনার কর্ত্তব্য কার্য্য সমাধা করিয়া, নিশ্চিমভাবে নিট্রা যাইতে লাগিল। কেবল পার্বতীর পত্নী স্বামীর জন্ম আহারীয় দ্রব্য সজ্জিত করিয়া, শয়ন ঘরে উহা স্থাপনপূর্ব্বক, বাহ্নির হইতে স্বামীর আগমনের প্রতীক্ষা করিতে লাগিল। প্রায় রাত্রি ১টার সময় পার্বতী খেলাগুলা করিয়া বাটিতে হিরিল। আহার করিতে বিদয়া জানিতে পারিল, অনের সহিত কাম্বনি দেওয়া হয় নাই। সে সময় নৃতন কাম্বনি উঠিয়াছে, মৃতবাং থাইবার লোভ অতি প্রবল হইল। প্রথমে স্ত্রীকে অনেক প্রকার মিষ্টবাক্যে একটু কাফুনিল আনিবার কথা বলিল, কিন্তু কিছুতেই তাহাকে সমাত হইতে না দেখিয়া, বলিল,—"তবে দেখি, আমি কামুন্দি, আদিতেছি, কিন্তু এ কথা তুইমাত্র যা জানিতে পারিলি, ধবরদার ক্ষ কথা আর কাহারও নিকট প্রকাশ করিদ্ নি ; যেদিন প্রকাশ করিবি, সেই দণ্ডেই তোর ঘাড় ভাঙ্গিব, জানিবি।" এই কথা পার্ব্যভীর মুখ হইতে ্ষেমন নির্গত হওয়া, অমনি তাহার দক্ষিণ হস্ত বৃদ্ধি পাইতে লাগিল।

ভাহার নিরীহ পত্নী হাতের ঐরপ বৃদ্ধি যতক্ষণ চাঁদাড়ের মধ্যে ছিল ভতক্ষণ সহিষ্ণুতা সহকারে নীরবেই হাঁ করিয়া বিদিয়া দেখিতেছিল, কিন্তু হাত চাঁদড়ের বাহির হইবার পর আমু ধৈর্য্য ধারণ করিয়া থাকিতে পারিল না। ভীষণ আর্ত্তনাদ করিয়া ঘরের বাহিরে দাবায় আদিয়া মুদ্ভিত হইয়া পড়িল। ভাহার দেই ভীতিব্যঞ্জক চীৎকারে বাড়ীর মন্ত্রান্ত পরিবার সব জাগিয়া উঠিয়া দেখিল একথানি হাত পার্বতীর ঘর হইতে বাহির হইয়া ভাঁড়ার ঘরের দিকে চলিতেছে। ঘরের দাবায় আদিয়া দেখিল, পার্বতীর পত্নী মুদ্ভিতা হইয়া পড়িয়া রহিয়াছে। যেরূপ সময় পাইয়া ছিলু, ভাহাতে পার্বতী অনায়াসে সেদিন সামলাইতে পারিত, কিন্তু ঐরূপ অবস্থার কাল্যাপন করা তাহার আর ভাল লাগিতে ছিল না, এই জন্ম কাল্যানি ছলে সেই য়াতেই আয়াম্বরূপ প্রকাশ করিল।

বাড়ীর পরিবারবর্গ দাওয়াতে শ্রীমতী বধুমাতাকে মুচ্ছিতা হইয়া পতিত দেখিয়া, তাড়াতাড়ি ঘরের মধ্যে প্রবেশ করিয়া যাহা দেখিল, তাহাতেই তাহাদের প্রক্রেবারে বৃদ্ধিশ্রণ হইয়া গেল। তাহারা দেখিল পার্ক্ষতীর সেই লম্বমান হস্ত কাম্বন্দি লইয়া ক্রমে ক্রেমে ছোট হইতে হইতে আসিতেছে, এবং ঘরের মধ্যে আসিয়াই স্বাভাবিবিও আকার প্রাপ্ত হইল। এইরূপ আলোকিক ঘটনা দেখিয়া স্তম্ভিত, হতজ্ঞান পরিবারবর্গকে ডাকিয়া পার্ক্ষতী বলিল, আমি যে কে, এবং আপনাদের পার্ক্ষতী নই, ইহা আপনারা আজ ভালরূপে বৃদ্ধিতে পারিলেন, এবং ইহাও বৃদ্ধিতে পারিলেন, আমি একটী অমার্ক্ষিক শক্তিযুক্ত আত্মা, সাধারণ মহার্মা নহি। যাহা হউক, আগামী কল্য দিবাভাগে আমি আপনাদের সম্বন্ধ প্রতিবেশী ও আ্রীমান ক্ট্রুদিগের সম্মুখে নিজের পরিচর দিয়া এই দেহত্যাগ করিয়া যাইব, অত্য আপনামান আপনাদিগের বধুকে লইয়া যান। আমি কাল্ও বলিব, আজ্লও আপনাদের নিকট বলিতেছি, উহার সতীত্ধর্মের কোনও প্রকার হানি করি নাই,এবং

ভাহাতে হস্তক্ষেপ করি নাই বলিয়াই, এতদিন পর্যান্ত আপনারা তাহাকে তথবিধ মলিন মুখেই দেখিয়াছেন।" এইরূপ মিষ্ট কথায় পরিবারবর্গকে বিদায় দিয়া পার্কভীদে রাত্রে একাকী শয়য়ুক্তে শয়ন করিয়া রহিল।

পরদিন প্রাত:কালে প্রতিবেশীগণ এবং স্বন্ধনগুণী সমবেত হইলে, পার্বভী আপনার পরিচয় প্রদান করিল। দেবনিল, "আমি জাভিতে শুদ্র, কর্মদোষে এইরূপ প্রেত্যোনি প্রাপ্ত হুইয়াছি। আমার নিবাসস্থান এই গ্রামের নিকটবর্ত্তী অপর একটা গ্রামে। আমার কেহ না থাকার, নিজের উদ্ধারের উপ্রায় হইবে ভাবিয়া ঐ গঙ্গাবাত্রার পথ পার্যস্থিত অখণ-বুক্ষে কিছুদিন অবধি আশ্রর করিয়াছিলাম। ভাবিয়াছিলাম, এই পথ দিয়াই ত গন্ধাতীরে শবদেহ সকল দাহ করিতে যায়। আমি একটা এইরূপ বিশিষ্ট লোকের শবদেহে প্রবেশ করিয়া এইরূপ ক্রিয়া দেখাইব, যাহাতে আমার গটার পিওদানের উপায় হয়। এইরূপ ভাবিয়া ঐ 'বুকের শাখা আশ্রমপূর্বক বীস করিতেছি, এমন সময় আপনারা পার্বভীর শবদেহ লইয়া যাইতে:ছন দেখিয়া, উহাতে প্রবেশ করাই শ্রেয়ঃ বিবেচ্না করিলাম। আমি জীবিত অবস্থাতেই পার্ব্বতী এবং পার্ব্বতীর অবস্থা বিশেষরূপে জ্ঞাত ছিলাম। এরূপ লোকের দেহে জাবেশ করিলে অচিরে যে সলাতি প্রাপ্ত হইব, তাহাতে কোনও সন্দেহ নাই, এই ভাবিয়া দে দিবস আমি উহার দেহে প্রবেশ করিকাম। যে জন্ম প্রবেশ করিলাম, তাহার দিদ্ধির প্রতি নানাবিধ বিল্ল উপস্থিত হইল। আপনাদের সকলের সন্ধাবহারে, পরিবার-वर्त्तत्र त्यरह, এवः वह्नविध स्ट्रेथचर्या উপভোগে এরূপ विभूक्ष हरेश्री निर्फ्निय, যে আয়ার ক্লিন্সর উদ্দেশ্য একেবারে বিস্মৃত হইয়া গেলাম। এত দীর্ঘকাল শ্রতি শরীরে বাদের পর গভকলা আমার মনে সহসা উদন্ধ হইল. যে আমি ধে উদ্দেশে ব্রাহ্মণের শবদেহ এতকাল দূষিত করিতেছি, বিষয়রসে বিমুগ্ধ হইয়া সে উদ্দেশ্য সম্পূর্ণ ই বিষ্মৃত হইয়া রহিয়াছি। একে ত পূর্বাজনের

কর্মকলে এই অধােগতি হইয়াছে, ভাহার উপর ব্রাহ্মণের শবদেহ দূ্যিত করা প্রভৃতি পাপে আমার আরও যে কি অধােগতি হইবে, ভাহা ব্রিতে পারিভেছি না। যাহা হউক আজ আর বিগম্ব করা উচ্চিত নয়, আরই আপনাকে প্রকট করি। এই ভাবিয়া পরিবারবর্গের নিকট গতকলা নিজের স্বরূপ প্রকট করিয়াছি। এক্ষণে আপনাদের নিকট স্বিনয়ে প্রার্থনা, আপনারা যদি অবিল্মে আমার ৺ গয়ায় পিওদানের উপায় করিয়া দিবেন বলিয়া সত্যপ্রতিজ্ঞায় আবদ্ধ হন, ভাহা হইলে আমি এক্ষণেই আপনাদের সমূ্থেই পার্কতীর দেহ ছাড়িয়া যাই।"

ইহা শুনিয়া পার্বিতীর পরিবারবর্গ ভূত লইয়া ঘরকরা করা পদে পদে বিপদের কারণ বিবেচনা করিয়া, অবিলম্বে উহার ৮ গয়ায় পিওদানের ব্যবস্থা করিবে বলিয়া সত্য প্রতিজ্ঞায় আবদ্ধ হইল। তদনস্তর সে বলিল, "আমি যাইবার পূর্বে আর একটা কথা আপনাদিগকে জানাইতেছি, পার্বিতীর বধুর সতীত্ব ধর্ম সম্পূর্ণ অটুট রহিয়াছে। ক্ষমি তাহার সহিত এযাবতকাল মাতৃভাবেই ব্যবহার করিয়া আসিয়াছি। ইহার নিদর্শন, আর কিছু বলিবার নাই, তাহার মলিন ভাবই আমার কথার সত্যতা বিষয়ে সম্পূর্ণ সাক্ষ দিতেছে।" ইহার পার্বিতীর দেহ ছাড়িয়া প্রেতায়া অন্তহিত হইল। সে অন্তহিত হইবামাত্র পার্বিতীর দেহে কতকগুলি কীট ও অস্থি ভিন্ন আর কিছু দেখা যাইল না।

এই পর্বিতীভূতের গল তৎকালে যশোহর অঞ্চলে খুবই প্রচলিত ছিল বোধ হয়। কারণ আমি কেবল দেই পিতামহী ঠাকুরাণীর মুখে নয়, ঐ দেশ হইতে আগত আরও হই একজন বিজ্ঞব্যক্তিকে জিজ্ঞানা করিয়া । তাঁহাদিগের নিকট হইতেও ঐগন্নটি অবিকল এই ভাবেই শুনিয়াছি। ইতি। ভাটপাড়া ১৫ কার্তিক, ১৩১৬। প্রীন্থবিকেশ শাস্ত্রী।

### শিশুর প্রতি প্রেজের আক্রোশ।

আমার প্রদের বন্ধু, বহুভাষাবিদ্, স্থপণ্ডিত, প্রীযুক্ত অমৃণ্যচরণ ঘোষ, বিভাভ্ষণ মহাশরের গাজিপুর নিবাদী, এক আত্মীরের বাটাতে প্রেতলীলার বে এক অলৌকিক ঘটনা কিছুদিন ধরিয়া সংঘটিত হইয়াছিল, তাহারই বিবরণ "অলৌকিক রহস্তে"র পাঠক পাঠিকাদিগকে আজ উপহার
দিলাম:—

অমুল্যবাবুর ভগ্নিপতি, গাজিপুর মাজারহাটা নিবাসী ৮ ভোলানাথ মিত্র মহাশয়ের বাটী, এই লীলার সংযোগন্থল হইয়াছিল। তিনি Opium Department এর তৎকালীন Head Inspector ছিলেন। রাত্তি ১২টা পর্যান্ত তাঁহরে গৃহে কোন উৎপাতের স্থচনা বা অনুষ্ঠান হইত না; কিন্তু ঠিক ১২টা বাজিলেই ছাদের ছোট ছোট আলিদার উ্পুর বামনা-ক্বতি অনেকগুলি ছোট ছোট ছেলেকে লাফাইয়া লাফাইয়া বেড়াইতে, দেখা যাইত। বাড়ীতে নিত্য এই ঘটনা ঘটিত। 'অলৌকিক' উৎপাত বিশিয়া কেছ ও বিষয়ে তেমন একটা বিশেষ লক্ষ করিত না। নিত্যকার এই ঘটনার সহিত আর একটা উপদর্গিক ঘটনার আবির্ভাবে সময়ে সময়ে সেই গৃহস্থিত নব-প্রস্থতির প্রস্ত সম্ভানের জীবন নাশ ঘটিত। প্রসবের পর, প্রস্থতির আঁতুড় ঘরের নিকট উক্ত দ্বিপ্রহর সময়ে এক বিকট প্রৈত-মূর্ত্তি আবিভূ 🕳 হইয়া প্রস্তাতির নিকট হইতে সম্ভান চাহিত। 🛮 ভয়ে প্রস্তাত ≈ছেলেকে কোলে টানিয়া লইতেন; চক্ষু মুদিত করিয়া সেই বিকটমূর্ত্তির বিকট অঙ্গভঙ্গী দেখিতে ভয়ে বিরত থাকিতেন; তথাপিও দেই মূর্ত্তি ছাড়িত না। নানারপ অনৈদর্গিক ভন্ন প্রদর্শন ও নানা বিকটমূর্ত্তি পরি-

গ্রহণ করিয়া প্রাস্থতির নিকট হইতে ছেলে শইবার জন্ম বিশেষ চেষ্টা করিত।

অম্ল্যবাব্র ভগিনীর কোনু আত্মীয়ার প্রতি, প্রসব গৃহের ভত্বাবধানের ভার পড়ে। একদিন উক্ত প্রেত্যোনির ভীতি প্রদর্শনে একবার আস্থ-হারা হইরা সন্ত-প্রস্ত সম্ভানকে সাবধানে রাখিতে গেলে, হঠাৎ সে সম্ভান ক্রোড়চ্যুত হয়। সঙ্গে সঙ্গে রক্ষাকর্ত্তী ভয়বিহবল। হইয়া মুর্চ্ছিতা হন। ক্রোড়চ্যুত হওয়াতেই দেই স্থা-প্রস্তু সন্তানের প্রাণ বিয়োগ হয়। তৎপরে প্রেতমূর্ত্তিও কিছুদিনের মত অন্তর্হিত হইয়াছিল। এই ঘটনার পর হইতে সেই বাটীর কোন প্রস্থতিরই সন্তানের জীবন-রক্ষা হইত না। যাহা হউক, ইহার কিছুদিন পরে নিম্নিথিত ঘটনাটী সংঘটিত হইয়াছিল। উক্ত ৰাটীর কর্ত্রী 🗸 ভোলানাথ বাবুৰ পত্নী একজন সাহসী, ধর্মপরায়ণা রমণী। এক সময় তাঁহার কঁন্তা, সন্থান প্রস্ব করিলেন। প্রস্কৃতির প্রস্ব গৃহে সম্ভানের রখা কল্পে নবপ্রস্থতির সহিত তিনি রাত্রি-মাপন করিবার জন্ম বদ্ধপরিকর হইলেন। সারারাত্রি তিনি সগুলাত সস্তান ক্রোড়ে লইয়া বিদিয়া থাকিলেন। ঠিক দিপ্রহরে, যথন দেই পূর্বাকথিত প্রেতমূর্তির चार्तिकार इहेन এवः यथन म हिला नहेतात कन्न, नानाज्ञ अन अनर्भन করিতে লাগিল, তথন তিনি অতীব ক্রোধ ব্যঞ্জক স্বরে সেই প্রেতমূর্ত্তির স্থিত কথা কহিতে ও বিবাদ করিতে আরম্ভ করিলেন। প্রেতের ভয় প্রদর্শনোপযোগী বিকট প্রেতলীলা তাঁহাকে সামান্তমাত্র ভীত বা বিচলিত করিতে সম্পন হইল না। এইর্নপে ২।০টী রাত্তি প্রেডমূর্ত্তির সহিত বিবাদ করিবার সময় বলিলেন, "বদি পুনর্কার তুই আমার সমূথে জ্রাসিস্ বা শীঘ্র এখান হইতে সরিয়া না যাস্, তবে এখনই ভোকে ঝাঁটিয়ে ভোর বিছ ঝাড়াব।" এই বলিয়া পার্শ্বন্থ সন্মার্জনী উত্তোলন পূর্বক প্রেতমূর্ত্তি লক্ষ করিয়া নিক্ষেপ করিলেন। ইহার পর হইতে আর সে প্রেভমূর্ত্তি

দেখা যাইত না। আর কখনও সে বাটীতে সেই প্রতিমূর্ত্তি সন্ত প্রস্তুত শিশু চাহিতে আসিত না।\*

কলিকাতা, ১৪ই কাৰ্ত্তিক, ১৩১৬।

শ্ৰীব্রছেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। ্ৰিকেবী'-কাৰ্য্যালয় ৬৬ নং মানিকতলা ষ্ট্রীট।

## ভৌতিক কাণ্ড।

আজ কাল পাশ্চাত্যশিক্ষাভিমানী বান্ধালী বাবুদের মধ্যে অনেকেই প্রমাণ বাতীত কোন কথা শুনিতে বা বিশ্বাস করিতে চাহেন না। কেই কেহ আবার মৃত পিতামাতার অন্তিত্ব স্বীকারেও কুঠা বোধ করিয়া থাকেন। "এহেন "প্রমাণের যুগে" আমি ভূতের কথা কহিতে বসিয়াছি, ইহা সাধারণের বিশ্বাসযোগ্য হইবে কিনা বলিতে পারি না। তবে এই পর্যাম্ভ বলিতে পারি যে, বক্ষ্যমান প্রবন্ধে আমি যে ঘটনা বিবৃত করিব তাহা সম্পূর্ণ সত্য, ইহার কণামাত্রও মিথ্যা বা অতিরঞ্জিত নহে। এই ঘটনাট নিতান্ত আধুনিক বলিক্ল'এবং বৈষয়িক ক্ষতির সন্তাবনা বুঝিয়া এই ঘটনাসংশ্লিষ্ট ব্যক্তির নাম ও ঠিকানা গোপন করিতে বাধা হইলাম। ষাহা শুনিয়াছি এবং বিশেষ প্রমাণে যাহার সত্যতা উপলব্ধি করিয়াছি. তাহাই বর্ণনা করিব।

আমি বে বাটীর বিষয় বিবৃত করিতেছি সে বাটীথানি কলিকাভার উপকণ্ঠবন্ত্ৰী খিদিরপুরে অবস্থিত। শুনা যাম্ন যে বৰ্ণিত ঘটনার পূর্ব্বে ৰ্ম্ম বাটীতে আর কথনও ভূতের উপদ্রব ছিল না। যে বাটীতে এ ঘটনা

বলা ৰাহুল্য অমূল্যবাবু এই সমস্ত অলৌকিক ঘটনা স্বচক্ষে দেখিয়াছেন। লেখক

হয় সেই বাটাখানি বিতল এবং বছ পুরাতন। বাটার এক দিকে রান্তা এবং ছইদিক ফাঁকা, কেবল পূর্বাদিকে একখানি বসতবাটা আছে। আমার জনৈক বন্ধু সেই বাটাতে প্রায় তিন বৎসর ধরিয়া বাস করিতেছেন। তাঁহার নিকট শুনিয়াছি যে, তাঁহার স্ত্রী নাকি একদিন তাঁহার ভ্রমীর নিকট গল্প করিয়াছিলেন যে,কে যেন তাঁহাকে বলিয়াছে যে, "তুই এ বাটা হইতে চলিয়া যা, নতুবা তোকে মারিয়া ফেলিব।" আমার বন্ধু তখন একথা হাসিয়াই উড়াইয়া দিলেন, সহজে বিখাস স্থাপন করিতে পারিলেন না। ইহার অল্পদিন পরেই, তাঁহার স্ত্রী কঠিন রোগাক্রান্তা হন এবং তাঁহাকে তাঁহার পিক্রালয়ে পাঠাইয়া ক্ষেওয়া হয়। পিক্রালয় যাইবার এক মাসের মধ্যেই তাঁহার তিন বৎসরের ছেলেটা হই দিনের জ্বরে মৃত্যুমুখে পত্তিত হইল। সেই সময় হইতে আল পর্যান্ত থিদিরপুরস্থ বাটাতে সকলেই ভূতের অত্যাচারে উত্যন্ত।

বন্ধু আর ও বলিয়াছেন, তিনি নাকি একদিন সন্থার প্রাক্তালে ছাদের উপর পার্চারি করিতেছেন, এমন সময় সন্থথে ছোট ছোট ইট পড়িতে লাগিল। তিনি কৌতূহলাক্রান্ত হইয়া চারিদ্দিক নিয়ীক্ষণ করিয়া কাহাকেও দেখিতে পাইলেন না। কিয়ৎক্ষণ পথেই আবার গরুর হাড় ও নানাপ্রকার ময়লামাখান নেক্ড়া পড়িতে লাগিল। ক্রমে ভ ডারার ঘরের হলুদ ও স্থপারি প্রভৃতিও পড়িতে লাগিল। তখন তাঁহার মনে দৃচ্বিশাস হইল যে ইহা তোতিক কাণ্ড ব্যতীত আর কিছুই নহে। কিসে এই উপদ্রবের শান্তি হয়, এই ভার্বিয়া অধীর হইয়া পড়িলেন। তৎপরে বালীগঞ্জের হুংথে মোয়ানামক একজন ভূতের রোজাকে অনেক সাধ্য সাধন্য করিয়া, ও বছ পারিশ্রমিক দিতে প্রতিশ্রুত হইয়া, তাহাকে স্বীয় ভবনে লইয়া আসিক্রের্য়া, রোজা আদিয়া বলিল, "কাণ্ডটা জিনের ধারা হইতেছে, আমি ইহার কোন প্রতীকার করিতে পারিব না।" এই বলিয়া রোজা স্বগৃহ্ব প্রস্থান

করিল। তৎপরে তাহার বড় মাতৃল মহাশর আসরে নামিলেন, কিছ উপদ্রবের প্রতীকার করিতে সক্ষম হইলেন না। উপদ্রবের আরও বৃদ্ধি হইতে লাগিল। তাঁহার জ্রীর সেমুজ ও কাপড় একঘর হইতে অক্তঘরে আপনা আপনি যাইতে লাগিল, খাবার জিনিসপত্র অপহত হুইতে লাগিল; শয়নককে মল মৃত্র নিক্ষিপ্ত হুইতে লাগিল। ব্যাপার শুক্লতর বুঝিরা বাটীতে হরিসংকীর্ত্তন ও তুলসী দিবার ব্যবস্থা করিলেন। পুরোহিত ঠাকুর তুলদী দিয়া চলিয়া ঘাইবার অব্যবহিত পরেই একটা অবানিত শক্তিবলে পূজার ঘণ্টা আপনি বাজিয়া উঠিল এবং হগ্ধ ও ঘত একত মিশ্রিত হইল। • কিছতেই কিছু হইলনা দেখিয়া, ভবানীপুরের প্রসিদ্ধ গণৎকার শ্রীযুক্ত প্রিয়নাথ মুখোপাধ্যায় মহাশয়ের শরণাপন্ন হইলেন। তিনি গণনা করিয়া বলিলেন,—"মুকাপুর দ্রীটে একজন ব্রাহ্মণসস্তান আত্মহত্যা করিয়া একজন নীচ জাতীয়ের বাটীতে ভূত হইয়া অবস্থান করিতেছিল,গৃহস্বামী,প্রতিকার করার ভূত মহাশয় মূজাপুরুহইতে দোণাই যাইতেছিল,পথে অপনাদের বাটীতে বিশ্রামার্থ বিসয়াছিল,আপনার স্ত্রী সেই সময় ছাদের উপর দিয়া যাইতেছিলেন, কাপড়ের আঁচলটা ভূতবাবাজীর গাত্রম্পর্শ করিয়াছিল: সে সেই জন্ম কুদ্ধ হইয়া এরূপ উপদ্রব করিতেছে। ভন্ন নাই, 'উড়োভূত' শীঘ্ৰই চলিয়া যাইবে; তবে শনিবারে অথবা মঙ্গলবারে ক্রেকটা ঘোড়ার খুর আনিয়া প্রতোক ঘরের দরজায় পুভিয়া দিতে ছইবে এবং আপনার স্ত্রীকে একটা 'রামকবচ' ধারণ করিতে হইবে।" প্রিয়নাথবাবুর কথা শীঘ্রই কার্যো পরিণত হইল, কিন্ত 🗣 ছুই ফল मर्निंग नां।

🧫 তৎপর্বে তিনি প্রসিদ্ধ ভূতের রোজা 🗸 গঙ্গাময়রার পৌত্র, বছবাজারস্থ বিনোদচক্স মোদকের সহিত সাক্ষাৎ করিলেন এবং তাঁহাকে ৪১টাকা ভিজিট

<sup>🗸 🛊</sup> এই ঘটনাটী আমি প্রত্যক্ষ করিয়াছিলাম।

দিতে প্রতিশ্রুত হইয়া খিদিয়পুরে লইয়া আসিলেন। তিনি আসিয়া বাটার সমস্ত পুঞায়পুঞ্জরপে পরিদর্শন করিয়া বলিলেন,—"ভূত তাড়াইতে হইলে একটা ক্রিয়া করিতে হইরে" বলিয়া, ১৪১০ টাকার একথানি লখা ফর্দ দিলেন; এবং তদমুসারে কার্যাও হইল কিন্তু তাহাতেও বিশেষ কিছু পরিবর্ত্তন না দেখিয়া, তাহার স্ত্রীকে তার পিত্রালয়ে পাঠাইয়া দিলেন। ইহাতে ভূতের উপদ্রব একেবারে নিবারিত হইল না বটে, কিন্তু ইহার পর মাঝে মাঝে কেবলমার্ত্র হই একটা ইট পড়া ব্যতীত আর কোন উপদ্রব পরিলক্ষিত হইত না।

প্রায় তুই মাস পক্ষেতাঁহার স্ত্রীকে আবার থিদিরপুরে আনা হইল। ইহার পর ২।১ দিনমাত্র নিরাপদে কাটিল। পরে ১৮ই ফেব্রুয়ারী, অর্থাৎ যে তারিখে সরকারী উকিল আগুতোষ বিশ্বাস আততায়ীর গুলিতে হত হন, সেইদিন রাত্রি তুইটার সময় হঠাৎ উপর হইতে একটি ট্রাকা পড়িল। নেই টাকার শঙ্প তাঁহাদের উভয়েরই ঘুম ভাঙ্গিল; ট্রুঠিয়া আলো জালিয়া দেখেন যে বাক্স খোলা, বাঁক্সে যে টাকা ছিল গণিয়া দেখেন যে তাহা হইতে মাত্র একটি টাকা ক্রম হইল। ইহার প্রর তুই একদিন ভালয় ভালয় কাটিয়া গেল। আর একদিন শ্রনকক্ষ হইতে তাঁহার মেরের একটি জামা এবং চারিটা টাকা অপহাত হইল: অথচ শয়নকক্ষের অর্গল সর্বাদাই বন্ধ থাকিত। প্রদিন রাত্রিতে আবার তাঁহার স্ত্রীর কাণ হইতে ইয়ারিং অপহত হইল, অনেক অমুসদ্ধানেও খুজিয়া পাওয়া গেল না। পরদিন সকালে উঠিয়া দেখেন আঁগেকার অপহত জামা, চারিটী টাকা ও ইয়ারিং একসঙ্গে পুঁটুলী বাঁধা বিছানায় পড়িয়া রহিয়াছে। এ ঘটনার ছই তিন দিন পরে রাত্রিতে ঘুমস্ত অবস্থায় তাঁহার স্ত্রীর সমস্ত গুটুত্রে বিষ্ঠা লেপন করিয়া দিয়াছিল। এই ঘটনার পরেও আবার অনেক রোজা ডাকা ও নানাপ্রকার প্রক্রিয়া করা হইয়াছিল, কিন্তু ভূতবাবাজীর

অতুল প্রতাপ কিছুতেই ধর্ম করা গেলনা। আর একটু বিশেষ আশ্চর্য্যের বিষয় এই বে, বাটীর নিমতলের ভাড়াটীয়াদের উপর এযাবত কোন প্রকার উপদ্রব হয় নাই। ভূতের প্রত আফ্রোশ কেবল তাঁহার স্ত্রীর উপর। তাঁহার স্ত্রী কিন্ত, শান্ত, শিষ্ট ও তাঁহাতে চঞ্চলতা একেবারেই নাই। যাহা হউক এই প্রবন্ধবর্ণিত ঘটনার কণামাত্রও অতি-রঞ্জিত নহে। আজও সে বাটীতে ভূতের উপদ্রব চলিতেছে। যদি কোন ব্যক্তি ইহার কোন প্রতীকার করিতে পারেন তবে প্রপীডিত পরিবার বিশেষ উপকৃত হইবেন এবং গ্রহণেচ্ছু হইলে তিনি উপযুক্ত পারিশ্রমিক পাইবেন।

> শ্রীজ্ঞানেন্দ্রকুমার বহু। ১১নং রাজা নবক্ষের খ্রীট্র, কলিকাতা।

## "পুনরাগমন"।

্ ( পূর্ব্ব প্রকাশিতের পর। )

আলু ও কপি আমার কাল হইল ! চটিওয়ালা ব্রাহ্মণ এসকল সামগ্রী দিরা ব্যশ্নন রাধিতে সেরূপ অভ্যস্ত ছিল না। স্থতরাং রাধিতে তাহার বিশেষ বিলম্ব ঘটল। আহারাদি সমাপন করিয়া চটি পরিত্যাগ করিতে বেলা পাঁচটা বাজিয়া গেল। সন্ধার পূর্বেই আমাদিগকে পূর্বেকি ভিনক্রোণী মাঠ পার হইতেই হইবে। আমি বেহারাদিগকে একটু ক্রুত চলিতে আদেশ দিলাম।

সমস্ত দিন আকাশ নির্মাল ছিল। প্রাকৃতির অবস্থার আমাদের শকার কোনও কারণ ছিল না। এইজন্ত আমার সহচরবর্গ উল্লাসে আমার পালকীর সঙ্গে ছুটিরা চলিল। মাঠের ধারে যথন উপস্থিত হইয়াছি, তথন দেখা গেল দক্ষিণ পশ্চিম কোণে, আকাশপ্রাস্থে একটু মেদের সঞ্চার হইয়াছে।

মেব বেথিরাই হরিয়া বলিয়া উঠিল,—"বাবু! দক্ষিণপশ্চিম কোণে একথানা মেঘ দেখা দিয়াছে।"

আমি পালকী হইতে মুধ বাহির করিয়া মেঘের মূর্ত্তি দেখিয়া লইলাম।
দেখিয়া মেঘের অবস্থা যদিও ভাল বুঝিতে পারিলাম না, তথাপি দর্শনমাত্রেই অস্তরে অকস্থাৎ কেমন একটা ভয় জাগিয়া উঠিল।

ছরিয়া বলিল—"মেঘথানার চেহারা বড় ভাল বোধ হঁইতেছে না।" আমি বলিলাম—"তাহ'লে কি করিব ?"

হরিয়া উত্তর করিল—"একটু অপেকা করিলে ভাল হয়। কেননা বৃষ্টি আদিলে মাঠে বড়ই বিপঁদে পড়িতে হইবে।"

আমিও সেটা বুঝিলাম। যদিও শরৎকালের ক্ষেত্, বিশেষ আশকার কারণ নাই, তুবু এক পশুলা বৃষ্টি হইলে দাঁড়াইব কোথায় ? মাঠে মাথা ঢাকিবার স্থান নাই। কিন্তু এখানে অপেক্ষা করিতে গেলে যদি রাজি হইয়া পড়ে। রাজিকালে সে মাঠ ১অভিক্রম করিতে আমার আদৌ ইচ্ছা ছিল না। বিশেষতঃ বৃষ্টির পর কর্দ্মাক্ত পথে চলিতে নানা অস্বিধা ভোগ করিবার সন্তাবনা।

কিংকর্ত্তব্যবিমৃত হইয়া আমি দরোয়ানকে জিজ্ঞানা করিলাম। দরোয়ান আমার আদেশের উপর নির্ভর করিল।

অনেক বিচার বিতর্কের পর আমরা সকলেই মঠ পার হইতে সঙ্কর করিলাম।

মেঘ দেখিতে দেখিতে পশ্চিম আকাশস্থ প্রান্তগামী স্থ্যকে ঢাকিরা ফোলল। হরিয়া তুলাসিংকে সংখাধন করিয়া বলিল—"দরোয়ানজী! কি দেখিতেছ ?"

তুলাসিং বলিল—"কুচ ভর নেই—চলো!"

বেহারারা প্রাণপণে আমাকে লইয়া ছুটিরাছে। আমি অসময়ে আহারের ফলস্বরূপ, অতর্কিতভাবে তক্সাবিষ্ট হইয়াছি। সহসা ভীষণ বক্সপতন শব্দে চমকিয়া উঠিলাম। তক্সাভঙ্গে বুঝিলাম, আমার হৃদয় প্রবলভাবে কম্পিত হইতেছে।

সেই অবস্থাতেই দেরোয়ানকে ডাকিলাম—উত্তর পাইলাম না।
তথন দেখিলাম পালকী ভূমিতে রক্ষিত। আবার পালকী হইতে
মুখবাহির করিলাম। দেখিলাম, দরোয়ান, চকু ছইহত্তে ঢাকিয়া দাঁড়াইয়া
আছে। সমস্ত বেহারারা আমার পালকীর চ্ছুদিকে সমবেত হইয়াছে।
বিশ্ব কাহারও মুথে কথা নাই।

আমি তাহাদির্গকে পাল্কী উঠাইবার আদেশ করিতে যাইতেছি, এমন সময় আর এক বজ্ঞ শব্দ। সেরপ ভীষণ শব্দ বৃঝি জীত্রনে, কথনও শুনি নাই। শব্দ ও তীব্র আঁলোক পরস্পরে জড়াজড়ি করিয়া, একটা বিকট হাস্তের উপর অস্করটাকে থেন ভাসাইয়া তুলিল। আমি মুহুর্ত্তের জন্ম চক্ষু মুদিলাম।

চোথ মেলিয়া দেখি, একটা বেহারা ও তুলাদিং ভূমিতে মূর্চিছত হইয়া পডিয়াছে।

আমি পাল্কী হইতে বাহিরে আসিলাম। আমাকে দেখিবামাত্র হরিয়া বলিয়া উঠিল—"বাবু! আর ভয় নাই—বাজ গাছে পড়িয়াছে।" ফিরিয়া দেখি সমুখেই রায় দিঘী। তাহারই পাড়ের একটা স্থবৃহৎ তালগাছের উপর বাজ পড়িয়াছে। গাছটার মাধা ক্ষবিতেছে। ' সামাগ্র শুশ্রবায় দরোয়ান ও বেহারার জ্ঞান ফিরিল। আমরা আবার চলিতে আরম্ভ করিলাম।

রায়দিঘীর সমীপে আদিতে না আদিতেই মুবলধারে বৃষ্টি আদিল। প্রকৃতির বিকটহাদির অহুরূপ অঞ্জল—করিভণ্ড ধারা।

কোথায় যাই, কি করি ভাবিয়া আকুল হইলাম। পালকীর ছাদ ভেদ করিয়া গায়ে জল পড়িতে লাগিল। জলধারা মাথা হইতে চোথে পড়িয়া বেহারাদের প্রতিপাদক্ষেপে দৃষ্টিরোধ করিতে লাগিল। প্রতিপদে পতনের আশক্ষা বিপচ্চিস্তায় আমি অভিভূত হইয়া পড়িলাম। বাহিরে কি হইতেছে, আমার সঙ্গিগণের মধ্যে থে কি করিতেছে, জানিতে সাংশ্ব হইল না।

আমি পালকীর ধার কর করিয়া চক্মুলিয়া বছকাল পরে ঈশর স্বরণ করিতেছি, এমন সময় একজন বেহারা ধার ঈশত্রুক্ত করিয়া বলিল—"হজুর! দিবীর ধারে একটা প্রকাণ্ড উতুল গ্রাছের আশ্রম পাইয়াছি। হকুম করেন, তাহার তলায় বিসি। একপ অবস্থায় চলিলে বিপদ হইবার সম্ভাবনা।"

আমি বলিলাম—"কেন, ধীরে ধীরেও কি চলিতে পারিবে না !" বেহারারা উত্তর করিল—"চলিতে প্লারিলে, হুজুবকে জানাইব কেন ! চোথে জল পড়িতেছে। স্থমুথে মাঠের উপর দিয়া পথ—চিনিতে পারিতেছি না।"

আমি বলিলাম— "দিন শেষ হইতেছে—মেঘের অন্তরালে সপ্তমীর টাদ কোনও আলোক সাহায্য করিবে না। যদি শীঘ্র ইট্না ছাড়ে, তা' হইলে কি করিবে ?"

আমার এ যুক্তিযুক্ত কথার বেহারা কোনও উত্তর করিতে প্রারিল না। সে সঙ্গীদিগকে বলিল—"বেমন করিয়া পারিস, পথ দেখিয়া চলিয়া চল।" ( २७ )

বৃষ্টি থামিয়াছে। তাহার পরিবর্ত্তে অন্ধকার অল্লে আলে সেই বিশাল প্রাস্তরকে আ্রুত করিতে আরম্ভ করিয়াছে। আমরা এখনও बांब्रमिबोटक चांकिक में कतिया चांत्रिक मूत्र याहेटेंछ भाति नाहे।

দিবীর পাড়ের তালগাছটা হইতে তথনও পর্যান্ত অল্ল অল্ল ধূমনি:স্ত ছইতেছিল। ভয়ে ভয়ে আমি এক একবার দিঘীটার দিকে দৃষ্টিনিকেপ করিতেছিলাম। প্রতিবার্নেই ধ্যোলামের সঙ্গে সঙ্গে দিঘীর সেই অক্কারাবৃত মধ্যভাগ প্রবর্দ্ধমান জীনদেহের স্থায় বোধ হইতে লাগিল। বোধ হইতে লাগিল, যেন এক কুধার্ত্ত রাক্ষ্য একস্থানে বিদরা, আমাদিগকে উদরম্ব করিবার জন্ম হাত বাড়াইতেছে।

সকলেরই প্রাণে বৃঝি এই ভর জাগিয়াছে! ইহার কিছু পূর্বে আমার সঙ্গীর। পরস্পরে ভঞাৎ হইয়া আসিতেছিল। আমি একবার ৰূথ বাহির করিয়া দৈখিয়াছি, বদলি বেহারারা পালকাঁর অনেক দ্রে পড়িরাছে। তাহাদের পশ্চাতে হরিয়া—সকলের পশ্চাতে ভুলাসিং। মুদ্ধিত হইবার পর হইতে চুর্বাণতার জন্মই হউক, অথবা অপর কারণেই হউক, তুলাসিং আমাদের সঙ্গু ধরিতে পারিতেছিল না। এখন দেখি স্কলেই আমার পালকীর নিকটে সমবেত হইরাছে। বিশেষতঃ তুলাসিং একেবারেই পালকীর অত্যে আদিয়া উপস্থিত। উপস্থিত হইয়াই সে বাহকদিগকে একটু ক্রত চলিতে আদেশ করিল।

किन वाहकता हिलात कि! माठे कन्पूर्व इहेब्राह्म, माठित मरधात পথচিহ্ন অনুদা ফুবিয়াছে। তাহারা বারংবার বিপথে চলিতেছিল। বেখানে বেথানে পথ দেখা ষাইতেছিল, ঘুরিয়া বেড়িয়া ভাষারা আবার সেই পথ অবলয়ন করিভেছিল।

ু তুলাদিং একবারমাত্ত এপথে আদিরাছে, আমি বছদিন পরে দেশে

840

ফিরিভেছি। মাঠের পথ পথিকের পদচিক্তে প্রস্তুত হয়—বৎসর বৎসর ভাছার পরিবর্ত্তন, আমরা কেহই পথ সম্বন্ধে সম্যক বিদিত নই। বাহকদিগের ব্যবদারগত বৃদ্ধির উপর নির্ভরতা ভিন্ন আমাদের আর উপায় বহিল না।

চলিতে চলিতে অবকার ঘনীভূত হইয়া আদিল। আমাদের প্রতি কুপাপরবর্ণ হইয়া সপ্তমীর চক্র মেবের আবরণ ছিন্ন করিতে হই একবার চেষ্টা করিলেন—মেঘের উপর মেঘ পড়িয়া তাঁহীর মুধ ঢাকিরা ফেলিল। আমরা পথ হারাইলাম।

আবার বৃষ্টি আরম্ভ ইইন'; কিন্তু বৃষ্টির আর সে জোঁর নাই। হরিয়া বলিল-"বাবু! এ দেশের পথ ঘাট যে ভালরপ জানে এমন একজন লোক আপনার সঙ্গে আনা উচিত ছিল।" বিপদের উপর বিপদ আমাকে অনেকটা সাহসী করিয়াছে। বিশেষতঃ আমার বিশ্বাস আছে মাঠ পার হইতে পারিলে<sup>®</sup> একটা না<sup>ঁ</sup>একটা গ্রামে উপস্থিত *হ*ইব। বৃষ্টির ভাবেও বোধ হইল, শীঘ্র ইহার নিবৃত্তি হইবে। চাঁদ না দেখা দিলেও অন্ধকারের গাঢ়তা অনেকটা নষ্ট করিতে পারিবে।

সেই সাহসে হরিয়াকে বলিলাম--•"ভয় কি ! তোরা একটা গ্রামকে ৰক্ষ্য কর্—আমাকে দেই দিকে লইয়া চলু।"

হরিয়া বলিল-"আপনি সোনার কলিকাতা ছাড়িয়া এ কোন্ দেশে চলিয়াছেন, আর কি স্থের জন্তই বা চলিয়াছেন ?"

ছরিরার কথায় বিপদের উপরেও আমার হাসি আসিল। আমি বলিলাম—"হরিয়া ! স্থবের প্রত্যাশা না থাকিলে এদেশে আমিুব কেন ?"

হ্রিরা ব্লিল—"কি সুথ আপনি জানেন; কিন্তু আমি বলি আনগে জানিতে পারিতাম, আপনি এরূপ দেশে আসিবেন, তাহা হইলে আনি ক্থনট আপনাকে আসিতে দিতাম না।"

আমি বলিলাম- "আমি আমার জন্মভূমিতে চলিয়াছি। কলিকাতা সোনার হইতে পারে, কিন্তু হরিয়া জন্মভূমি হইতে কি তার মূল্য বেশি ?"

জনা ভূমির মর্যাদা কথনও রাখি নাই। লোকণজ্জায় কলিকাতান্ত আত্মীয় বন্ধুর কাছে তাহার নাম পর্যাস্ত কখন উচ্চারণ করি নাই। আজও যে তাহার মর্যাদা অমুভব করিতেছি তাহা নহে। শুধু হরিয়াকে নিরুত্তর করিবার জন্ম কথাটা বলিলাম।

বাস্তবিক হরিয়া আমার উত্তর শুনিয়া নিরুত্তর হইল। কিয়ৎকণ দে আমার পালকীর দোর ধরিয়া নীরবে চলিল, তারপর একটি দীর্ঘখাস ফেলিয়া বলিয়া উঠিল,—"জগবন্ধু! মনিধকে আমার মানে মানে ঘরে পৌছিয়ে দাও।"

আমি বলিলাম--"ভয় কি হরিয়া!"

হরিয়া বলিল-"বাবু! তা' হইলে বলি; যাহাকে আপনার দরোয়ান চড় মারিয়াছিল, সেই ঝাঁকড়াচুলো মামুষটাকে দিঘীর ধারে **জন্ম বিদয়া থাকিতে** দেখিয়াছি।"

সে লোকটার কথা আমি একেবারেই ভুলিয়া বিয়াছিলাম; হরিয়ার কথা ভনিবামাত্র সমস্ত বিভাষিকা লইয়া সেই যমদুতের মূর্ত্তিটা আমার মনের মধ্যে জাগিয়া উঠিল। জাগরণের সঙ্গে বিষম ভয়ে আমি অভিভূত হইয়া পড়িলাম। সহস্র চেষ্টাতেও হুংকম্প রোধ করিতে পারিলাম না। তবু আমি হরিয়াকে সাহস দেখাইবার জক্ত বলিলাম—"তোমারা কুড়িটা হাতে যদি আমাকে মানে মানে ঘরে পৌছাইয়া দিতে না পার, মুলো জগবন্ধ কি করিহব ?"

 হরিয়ৢ একবারমাত্ বলিল—"ছি বাব্! অমন পাপকথা মুখে আনিবেন না।" আর কোনও কথা সে কহিল না।

দুরে একথানা গ্রামে সপ্তমীর সান্ধ্য আরতির বাজনা বাজিয়া উঠিন।

সেই শব্দ শুনিবামাত্র আমি বেয়ারাদের বলিলাম— "ওই শব্দ লক্ষ্য করিয়া চল্। শব্দ শেষ হইতে প্রায় আধ্বন্টা সময় লাগিবে। সে সমরের মধ্যে আমরা অন্ততঃ গ্রাম্প্রান্তে উপস্থিত হইতে পারিব।"

বাহকরা শব্দ লক্ষ্যে চলিল। আমি ইংরাজী ভজনার ভাবে চকু
মুদিরা করবোড়ে একবার ঈশবের ন্তব করিরা লইলাম—"হে পরম
কার্মণিক! হে সর্বাশক্তিমানু! হে জগৎপালক! আমি বিপন্ন হইয়াছি।
এ বিপদ্ন হউতে আমাকে রক্ষা কর।"

স্তব করিলাম বটে, কিন্ত স্তবে দেরপে আহা স্থাপন করিতে পারিলাম না। সম্পূর্ণ ঈশ্বর নির্ভরতা আঁমার আদিল কই ? ঈশ্বন-সম্বন্ধে এতকাল কেবল সন্দেহই করিয়া আদিয়াছি। কেবল মানসিক ত্র্বলতা প্রযুক্ত ভাঁহার অন্তিত্বে একেবারে অবিশ্বাস করিতে সাহসী হই নাই। স্থতরাং ভগবানে আমার দেরপ একাগ্রতা আদিল না। আমি—স্তবের নামে আত্মপ্রতারণা কঁরিতে লাগিলাম।

ন্তবের স্ক্রেস সংস্থা আমার সহচরদের শক্তি সামর্থ্যের সমালোচনার প্রায়ন্ত হইলাম। হিসাবের একটা পড়তা করিয়া সেই আগন্তক ডোমটা হইতে আমার বল অনেক অধিক এই ভাবিয়া নিশ্চিম্ভ হইতে ঘাইতেছি. এমন সময় বাজনা থামিল। শব্দ বন্ধ হইল দেখিয়া আমি ভিতর হইতে জিজ্ঞাসা করিলাম—"গ্রাম আর কত্দুর ?"

প্রথদুে কাহারও কাছে কোনও উত্তর পাইলাম না। বিতীয়বার জিজ্ঞাসা করিলাম। একজন বলিল—"ঠিক বুঝা যাইতেছে না।"

"এখনও বুঝা যাইতেছে না! তবে তোরা এতক্ষণ চলিরা ক্রিকরিলি!"
মাঝে মাঝে বিছাৎ চমকিতেছিল। সেই বিছাতের সাহায্যে আমি
নিজে একবার দেখিবার চেষ্টা করিলাম। কি নর্মনাশ! কোথার
আসিরাছি! গ্রাম কই !

হরিয়া বলিল—"বাবু! আমাদের দিশা লাগিয়াছে। আমরা আবার সেই রাষদিঘীর ধারে ফিরিয়া আসিয়াছি। সকলেই বুঝি প্রাণে মরিলাম।"

হরিয়ার কথা শেষ হইতে না হইতে, তালবনের অন্ধকার ভেদ করিয়া এক বিষম কর্কণ ইঙ্গিতশব্দ আমাদের কর্ণে প্রবেশ করিল। সঙ্গে সঙ্গে সমীরণে একটা বিষম স্পন্দনশন্দ উত্থিত হইল। তুলাসিং অমনি আর্ত্তনাদ করিয়া উঠিল। বুঝিলাম আমরা দহ্য কর্তৃক আক্রান্ত হইয়াছি। পুরক্ষণেই হরিয়া একটা আর্ত্তনাদ করিয়া নিস্তদ रुहेन।

বাহকরা পালকী ভূমিতে রাখিয়া পলায়ন করিল। আমার কে সহচর রহিল আমি জানিতে পারিলাম না। চারিদিক নিস্তর—বোধ হটল সেই প্র<del>ক</del>†গু মাঠের মধ্যে আমি একাকী।

মৃত্যু ছ: বিজলী শপান্দত হইভেছিল, কিন্তু পালকী হইতে মুখ ৰাড়াইয়া অবস্থা জানিতে আমার সাহস হইল না। আমি ভিতরে বসিষা কাঁপিতে লাগিলাম।

নেই পূর্বপরিচিত স্বর; কিন্তু 🎓 কঠোর! সে স্বর সমস্ত প্রান্তরটা যেন উন্মন্তের ভার একবার পরিভ্রমণ করিয়া লইল। আবার যেন সেইমত তীব্রতার আমার কর্ণে প্রতিধ্বনিত হইল।

দম্যু অতি তীব্ৰ ভাষায় আমাকে গালি দিয়া বলিল—"বাহিয়ে আর। দৃশ দশ অন সঙ্গীর সাহসে উন্মত্ত হহরা, আমাকে একা দেখিয়া বিনা অপরাধে অপ্লমান করিয়াছিস্। এথন একবার বাহিরে আসিয়া দেখ-তোর কে আছে। তোর কোন বাবা এখন আসিয়া তোকে त्रका करत्र।"

বাস্তবিক এখন আমার কে আছে? কে আমার শক্তিমান

পরমান্ত্রীর আছে, এই জিঘাংস্থ দম্যের হস্ত হইতে আমাকে রক্ষা করিতে পার ? কি জানি কেমন করিয়া আমাদের সেই পিতৃপিতামহ কর্তৃক অর্চিত সেই শিশাপও আমার স্মরণ পথে উদিত হইলু। মৃত্যুভরে আমি আত্মহারা হইয়ছিলাম। সেই শিলাপও স্মৃতিতে আসিবামাত্র, আমার জ্বদরের আবরণ উল্কুক্ত হইয়া গেল। আমি কর্যোড়ে বলিয়া উঠিলাম—শামোদর ! আমাকে রক্ষা ক্র।"

"কেন খোঁচা খাইরা মরিবি—বাহিরে আঁর।" এই বলিরাই দক্ষা পালকীর মাথার ষষ্টির আঘাত করিল। পালকীর মাথা চুর্ব হুইরা গেল। সেই সঙ্গে শুনিতৈ পাইলাম, অতি দূর ইুইতে কে ষেন বলিতেছে—"ভর নাই।" আমি মুচ্ছিত হুইলাম।

মূহ্ছ । ভঙ্গের সঙ্গে সংস্কে শুনিতে পাইলাম—"অতি মধুর স্বরে কে আমাকে ডাকিতেছে—"গোপীনাথ!" থীরে ধীরে ক্ষরন উন্মীলিত করিলাম। আমার রক্ষাকর্তার মুথ দেখিলাম।" সমস্ত ঘটনা এক মূহুর্ত্তে ধেন স্থামন্ন বোধ হইল। অবসাদে আবার চক্ষু মুদ্রিত করিলাম। সেই অবস্থান আবার ভনিলাম—"উঠ গোপীনাথ! উঠ ভাই! দামোদর ভোমাকে রক্ষা করিয়াছেন।"

এবারে নিশ্চয় বুঝিলাম, স্বপ্ন নয়, আমি পুলপিতামহের কোলে।
আশ্রম পাইয়াছি।

( ক্রমশঃ )

শ্রীকীরোদ প্রসাদ বিস্থাবিনোদ।

### যমালয়ের পত্রাবলী।

( পূর্ব্বপ্রকাশিতের পর। ) t পঞ্চম পত্র।

আমি যেন এথানে স্বগৃহাগত, ক্রমে ক্রমে, এই ভাব আমার মনে আসিতে লাগিল। স্বগৃহাগত? স্বগৃহ! নিজ আবাস স্থান! তোমার সহিত কত মধুর প্রতিধনি জড়িত আছে! কত মিগ্র, কত শান্তিময় স্থৃতি, তোমার নামের পহিত প্রথিত! তোমার ফথা মনে আসিলেই, পৃথিবীতে কত নিরাশহালয়ে আশার সঞ্চার করিয়া দেয়! কত নিজ্জীব চিত্তে প্রবল শক্তির ক্রীড়া করায়! আর এখানে? তোমার চিস্তা কি তার! অতোষণীয় বাদনাসমূহ জড়িত থাকায় তোমার স্থৃতি কি মনঃপীড়াদায়ক! নরকবাসে জাতাভাগে হইলে যে যন্ত্রণার লাবব হয়, তাহা নয়। যে বিচিত্র বহিঃশক্তি পূর্বে নরকবাসের প্রথম অবস্থায়, আমাদিগকে ঘ্রাইত ক্রিরাইত, আমাদিগকে অনিচ্ছাসত্ত্রেও নানাকার্য্যেও চিস্তার জড়েত করিত, এখনও তাহাই আমাকে স্বচ্ছন্দতা অমুভব করিতে বাধ্য করিতেছিল। আমরা স্বচ্ছন্দতা অমুভব করিতে বাধ্য হই—এ কথা অতীব সত্য। তোমরা ব্রিলে ত—ইহাই আমাদিগের এখনকার প্রস্কৃত অবস্থা!

অন্তর্শক্তি কিংবা বহিশক্তি জানি না, সেই অনিরোধ্য বেগ, সেই অপ্রতিবিধের আবেগ বা উত্তেজনা আমাদিগের পার্থিব জীবনের কার্যাক্রনাপে আবার আমাদিগকে প্রবৃত্ত করার। অপ্রকৃত অবস্থার অসত্যবস্তর মিপ্ত্যা করনাই এখানকার দৈনন্দিন আহার্য্য বস্ত ! দেহ নাই, ইক্রির নাই, —তাহারাত দেহের সঙ্গে সঙ্গেই ভত্মীভূত হইরা গিরাছে। আছে কেবল ইপ্রিরভোগ্যবস্ততে আসক্তি, আছে কেবল বাসনাসমন্তি। চক্ষু নাই,

দেৰিতেছি,—ভাবিতেছি চকু আছে। কৰ্ণ নাই, শুনিতেছি,—ভাবিতেছি কর্ণ আছে। সেইরূপ হস্ত নাই, পদ নাই, ত্বক্ জিহ্বা কিছুই নাই,—অপ্চ ভাবিতেছি সবই আছে। কেবলই কি ভাবিতেছি—ইক্সিয়াদি নাই,—আর কিছু না? চকু যাহা দেখিত,ঞীনেও তাহা দেখিতেছে, শ্ৰবণ যাহা শুনিত. এখানেও তাহা ভনিতে পাইতেছে। তবে পৃথিবীতে দেখা, সেখানে ভনা, সেধানকার ইন্দ্রিয়াদির কার্য্য হইতে এথানকার অনেক প্রভেদ। পৃথিবীতে দর্শন শ্রবণাদির দারা আমার যে তৃপ্তি হইত এবানে তাহা হয় না ় তথায় অম্বভূত বস্তুর সহিত আত্মতৈত্য কিন্ধপভাবে যে জড়িত হইয়া যাইত 🛚 তথায় অসুভবটা যেন নিজ• চৈততের অংশ বলিয়া মনে হইত ৷ আর এখানে কিছুই যেন আত্মতিত্তভাগ্রহ বলিয়া মনে হয় না। অনুভবনীয় পদার্থ ও আত্মতৈতন্ত, উভয়ের মধ্যে যেন কোনও সম্বন্ধ নাই, উভয়ের মধ্যে যেন একটা গুলজ্বানীয় বিরাম স্থান। আমি-শত চেষ্টায়ও অফুভবনীয় বিষয়কৈ আত্মতিতভাংশ করিতে পারি না। অফুভবনীয় অমুভূত হইতেছে না বলিয়াই আমার যাতনা। একদিকে অব্যাহত জীবন্ত বাসনারাশি, অপর্রদিকে লোভনীয় অনস্ত সামগ্রী। আমি জীবস্ত বাসনাসমষ্টি লইয়া প্রলোভন সাঞ্রে নিমজ্জিত। অতি ত্যাত্র আমি, তাহার কণিকাও উপভোগ করিয়া লইব, সে শক্তি আমার ভোমরা ট্যান্টলাদ (ক') (Tantalus), দিদাই ফানের

ক ) ট্যানটালাস (Tantalus)—এইরূপ প্রবাদ আছে বে, তীব্র বাসুনাভিত্ত ট্যানটালাসকে নরকে আবদ্ধ করা হয়। সেধানে অদম্য তৃষ্ণাত্ব কাজ্জ, ভাহাকে আচিবুক অলে, নদীগর্ভে রক্ষিত করা হয়। সে তৃষ্ণায় কাজ্য হইয়া বতবার অকপান করিবার চেষ্টা করিত, বারিরাশিও ততবার তাহার নিকট হইতে সরিয়া পড়িত। Darwin অতি মর্ম্মপূর্ণী ভাষায় তাহার এই বাতনার সুন্দর বর্ণনা করিয়াছেন।

(খ) (Sisyphus) মর্ম্মবাতনার কথা পাঠ করিরাছ। তাহাদিগের তীব্রযন্ত্রণা পাঠে আমর এ অবস্থার কথা কথঞিৎ হৃদরঙ্গম করিতে পারিবে। সমস্তই এথানে কার্নিক,—আমি বে তীবণ অগ্নিকুণ্ডের কথা বিশিরাছি, সেটাও আমার নিজের কর্মনার ভরত্বর স্টি। কিন্ত, আমার মনে হইতেছে তাহা প্রকৃত! আমি ক্রিত অগ্নিকুণ্ডে প্রকৃত দাহ-যন্ত্রণা ভোগ করিতেছি!

সেবাব্রত পরিব্রা**ঞ্জ ।** 

"So bends tormented Tantalus to drink,

While from his lips the refluent waters shrink;

Again the rising stream his bosom laves,

And thirst consumes him, mid circumfluent waves."

( । সিমাইকাস ( Sisyphus ) একজন অতি শঠতাপূর্ণ, প্রবঞ্চক, অর্থনোলুগ কোরিছের (Corinth) ভুপতি। তাঁহার মৃত্যুর পর, নরকে তাঁহাকে এক মুর্বাহ প্রস্তর শওকে পর্বাহশিবরে উত্তোলন করিলা, তথার স্থাপন করিবার আদেশ দেওয়া হয়। তিনি যতবারই সেই প্রস্তরথওকে পর্বতিশিখরে অতিকস্টে তুলিয়া তথার রক্ষা করিতে চেষ্টা করিয়াতেন, সেই শিলাখণ্ডও ততবার শৈলশির স্পর্শ করিয়াই আবার ভূমিতকে পতিত হইয়াছে।

তীর অদয্য বাসনা উভ্ত নরকের বাতনারাশি গলছলে নানাদেশে নানারপে বর্ণিত আছে। ক্যানেভার (canada) সীমান্তে মরুময়দেশবাসী চিপৌয়াল (chipouyans) জাতির মধ্যে একটা প্রবাদ প্রচলিত আছে বে, মৃত্যুর পরক্ষণেই মানব আত্মাকে এক প্রস্তর নির্দ্ধিত তরণীতে রক্ষিত করা হয়। তাহার পর বিধির বিচারে গাপী প্রমাণিত হইলে, ভরণী জলমধ্যে অন্তর্হিত হয়, মানব জীবাল্লা আকঠ জলুল নিম্প্তিত থাকিয়া ট্যানটলাসের মত অনির্ব্রচনীয় তৃষ্ণা অন্তর্ভব করিতে থাকে। Alexander Mackenzie.—Voyages in the Interior of America.

কান্তিক প্রেস, ২০ কর্ণওয়ালিস খ্লীট কলিকাতা হইতে ঐহিরচরণ নারা দারা যুদ্রিত ও ৪৭৷১ শ্রামবানার খ্লীট কলিকাতা হইতে ঐসভীক্রসেবক নন্দী দারা প্রকাশিত।

# অলেকিক ৱহস্য।

১১শ সংখ্যা । ]

প্রথম ভাগ।

क सन, ১७३७।

### मन्ती शनी।

• --:\*:---

#### মৃত্যুর পর-পারে।

মৃত্যু কথাটিই রহস্তময়।. মৃত্যু সম্বন্ধে বিশেষরূপে অবগত হওরা মৃত্যুসম্বন্ধে অম মানব মাজেরই নিতান্ত প্রয়োজনীয়। এক দিন বে মরিতে হইবে, ইহা প্রত্যেক মানবের ভবিষা জীবন-ইতি হাল্যর অনিবার্য্য ও স্থনিশ্চিত ঘটনা। বোদ হর কেবল স্কুমার মতি শিশু ব্যতীত এমন আর কেহ নাই, বাহার দৃষ্টির সমুথ হইতে কোন না কোন প্রিয়ন্তন চির দিনের জ্ঞ্যু অপসারিত হয় নাই। এই বিষয়টি সর্বাহন সাধারণের এতাধিক আবস্তুকীয় হইলেও, বোধ হয় মানবের সংশ্লিপ্ত এরূপ আর কোন বিষয়ই নাই বাহার সম্বন্ধে সাধারণ মন্থ্যের মনে এতাধিক কুসংস্কার এবং এরূপ শুক্ত ত্ব ভূল বিশ্বাস্থ আছে। অধিকাংশ মানবই এই অত্যাবশুকীয় বিষয়ে কেবল কুসংস্কার ও অজ্ঞতা বশতঃ কি পরিমাণে বুণা হঃথ ও ক্লেণ ভোগ করে এবং শৌক, তাপ ও আস পাইয়া থাকে, তাহার ইয়তা নাই। অক্সতা ও নির্মাণ্ডিতা হেতু, ভূক্ত কালে এই সম্বন্ধে কতক গুলি অম বিশ্বাস্থ বশতঃ কতই বে আমাবের স্থানের ব্যায় বশতঃ কতই বে আমাবের স্থানা বশতঃ কতই বে আমাবের বা

আনিষ্ট সাধন করিয়াছে এবং বর্ত্তমানেও করিতেছে তাহার গণনা, করা আর না। এই কুসংস্কার গুলি মানব হৃদয় হইতে যগুপি উম্পুলিত হয়, ভাহা হইলে সমগ্র মানবজাতির পক্ষে বে অদীম শুভপ্রদ হইবে সে বিষয়ে অসুমাত্র সংশয় বাই।

এক্ষণে এই সকল কুসংস্কার কেন যে আমাদের হৃদয়ে বন্ধমূপ ' হুইল, তাহার কারণ অনুসন্ধানে প্রবৃত্ত হওয়া যাউক। এইরূপ হইবার বিশেষ বা মূল কারণ পাশ্চাত্য জড়বাদ এবং এ দেশে প্রবর্ত্তিত ত প্রচারিত ঈশর ও ধর্ম বিরহিত পাশ্চাত্য শিক্ষা প্রণালী। এক সময়ে ভগবৎ কুপার যুরোপীয় জাতিনিচয়ের অধ্যায় উন্নতি করে উক্ত মহা-বেশের বিভিন্ন জাতিগত মানব্দিগের মঙ্গল সাধনের জ্বন্ত মহান্ত্রা খুষ্টের আবিভাব হইয়াছিল। কিন্তু ভাগাদোষে উক্ত জাতি নিচয়ের উপযোগী ঐ মহামতি-প্রচারিত প্রেমপূর্ণ শিক্ষা এবং ধর্ম্মতের প্রভা কাল-শহকামে মলিন হওুয়াতে, জড়বাদের স্রোভে দান্তিক য়ুবোপীয় জাতিনিচর 🕏 হার করুণধারা হইতে বঞ্চিত, 😉 বিচ্যুত ভ্রন্ত ইয়া ঐ ধর্মের সার জিনিস গুলিকে বাদ দিয়া সেই পবিত্র দর্মকে কতকগুলি কুঁসংস্কারের জাকে পরিণত করিয়াছে। কেবলমাত ইংজগতের ত্রথ স্বচ্ছন্দ ও ধন ঐথর্যোর ৰলে বলীয়ান হইবার লালসায় আসল রত্ন হারাইয়া মুরোপীয় জাতি-নিচর ক্রেমে সুল জড় সভ্যতার উচ্চ :সোপানে আর্চ হইয়া ঈশ্বর-বিরহিত বিজ্ঞানের চর্চার পূর্ণ জড়বাদে নিমজ্জিত হয়। পরলোক এবং প্রকালে সম্পূর্ণ অবিখাদ বশতঃ মানবের এই জ্বগতেই আরম্ভ এবং এই জগতেই শেষ এই বিখাদ অধিকাংশ লোকের মনে বেশ বন্ধমূল হইয়া শেল হুতরাং মৃত্যু সম্বন্ধেও কতকগুলি ভূগ বিশ্বাস এবং কুসংস্থার ও ৰয়াইণ।

ব্যতীয়তা হারাইয়া এবং সনাতন ধর্মের উজ্জন প্রভা মলিনাক

ভ্রেরায় য়ুরোপীয় অভ্বাদের স্রোতে ভারতবাদীও সমস্ত ধর্ম ও বিশাস ছারাইয়া ফেলিল। সুতরাং ধর্ম ও শাস্ত্রের অক্ততা বশত: মৃত্যু সম্বন্ধে প্রকৃত তথ্য না জানিয়া কতকগুলা কুদংখারে মন্তিক পূর্ণ হইল। ঐ সঙ্গে সঙ্গে নিয় শ্রেণীর লোকলিগৈর মধ্যে এরপ বিশ্বাস আরও অধিক ব্দত্তা প্রাপ্ত হইল। পাশ্চত্য ব্রুড়বাদের প্রোতে আমাদের দেশে পাশ্চাত্য শিক্ষিতের মধ্যে বছল পরিমাণে নান্তিকতা বশতঃ কেহ কেছ এইরূপ বলিয়া থাকেন যে মৃত্যুর পর সমস্তই ফুরাইয়া খার স্থতরাং উক্ত বিষয়ে মতিক আলোড়িত করিবার বিশেষ প্রয়োজন নাই। কেহ কেহ বলিয়া থাকেন ষে, মৃত্যু সম্বন্ধে মানবের ভুল বিখাদ থাকিলে কোন ক্ষতি বৃদ্ধি নাই। তাঁথারা বলেন যে, মরিলে মাতুষ নিজে মৃত্যু সম্বন্ধে সভাাসভা কানিতে পারিবে। এবং যভূপি বর্ত্তমান বিশ্বাদের সহিত তাহার সামঞ্জক্ত না হয় তাহা হইলে সেই সমর্ট্যে মৃতবাক্তি মৃত্যুর পর-পারে সেই ভুল বিশ্বাস সংশোধন কৈরিয়া লইবে। অত এব জীবিত অবস্থায় ওসকল বিষয়ের আলোচনা করিয়া বুথা মন্তিকের আলোড়ন করা নিস্তায়োজন। উক্ত মতটিতে ঈশ্বর-শৃন্ত জড়বাদ বাতীত আগর কিছু বিশেষ দেখিতে পাওয়া যায় না। এই চুইটা মতেই ভ্ৰমপ্ৰদ। কভ শত সহস্ৰ মানবের মধ্যে অজ্ঞতা বশতঃ মৃত্যুত্র যে একটা ভীষণ বিভীষিকা থাকা প্রযুক্ত ভাহাদের চিত্ত অশাস্তির ছাঁরার সমাচ্ছর করিয়া থাকে এবং পরলোকগত ব্যক্তিদিগের বন্ধু বান্ধব এবং আত্মীরবর্গের মধ্যেও বুথা একটা হঃৰ এবং চিভোবেগ পরিলক্ষিত হইয়া পাকে; এই সকল বিষয় তাঁচারা একবারও মনে ভাবেন না। ইহা ব্যতীত তাঁহারা অবগভ নহেন বে, অধিকাংশ লোকেই মৃত্যুর অব্যবহিত প্রুরেই তাহার পূর্বেক ব্রম দংশোধন করিয়া লইতে অবসমর্থ। এবং তাহাদের এই অসমর্থতা হেতু মৃতব্যক্তি অনেক সময়ে বিশেষ কষ্ট ভোগ করিয়া থাকে।

মৃত্যুর ভারের আর একটা বিশেষ কারণ আছে। মৃত্যুর পরপারের বিষয় সম্পূর্ণ অজ্ঞতা থাকা প্রযুক্ত অনেকেই জানেন না যে তাঁহারা टकाशाइ गाइँदिन ५वः छाँशास्त्र अवद्यारे वा कि श्राकात इहैदि। हें। বাঙীত স্ত্ৰী, পুত্ৰ, আত্মীয় বন্ধু বান্ধব টিরকালের জন্ত ছাড়িয়া যাইতে ৰ্ইবে, এবং ছাড়িয়া ষাইলে তাহাদেরই বা কি অবন্ধা হইবে। এই সকল বিষয় মনে হইলে এবং তাহার আলোচনা করিলে স্বভাবতঃ প্রাণ আকুৰ হইয়া উঠে এবং ভয়ানক একটা বিভীষিকার উদ্রেক হইয়া খাকে। অথচ ধর্মে,অনাম্বা এবং শাস্ত্র বিষয়ে অজ্ঞতা বশতঃ কোনই স্থমীমাংসা হইয়া উঠে না। স্বংরাং মৃধ্যু দম্বন্ধে কিছু স্থির করিতে না পারায় কেছ কেহ নান্তিকভায় উপনীত হন, কাহারও বা এ বিষয়ে উদাসীনতা আইসে এবং কেহ বা ভয়ে আকুল হইয়া পড়েন।

ভারতেয় এমন এক সময় ছিল যথন ভারতের সনাতন ধর্ম্মের প্রভাব পূর্ণ মাত্রায় বিরাজিত ছিল—যথন সমগ্র ভারতবাদীর ধর্ম শাল্পে বিখাস ষ্মপ্রতিহত ছিল এবং ঐ সকল বিশ্বাস স্কীবনে ও কার্য্যে পর্যাবসিষ্ঠ হুইড; তথন মৃত্যু একটা ভয়ানক ভীতির কার্রণ বলিয়া বিবেচিত হুইড না। তথন শাস্ত্রের শিক্ষার মহানু ভাব সমষ্টি ভারতবাদীর হৃদরে বন্ধুন ছিল। সংসারের অভাভ বিষয়ের পরিবর্তনের ভার মৃত্যুও কণ স্থায়িতের প্রিচায়ক একটা সংসার-ব্যাপার বলিয়াই পরিগণিত হইত। এই ঘটনাতে বিশেষ ভন্ন, উদ্বেগ অথবা বিশেষ ছঃথের কারণ ব্লিলা বিবেচিত ∍ইত না। মনুষা জনিলে মরে, এবং মরিলে আবার জন্মগ্রহণ করে, এই মহ্য ও বিখাস ভারতে নৃতন নহে। প্রাচীনকালে আর্যাঞাতির হৃদরে 'এই মত ও বিখাদ বন্ধমূল ছিল এবং এখনও ঐ মত ও বিখাদ কাহা**রও** काहात्र भन वरेट अटकवादिरे विनुष्ठ वर्त्र नारे। भत्रानाटक प জ্মান্তরে বিখাদ থাকা প্রবৃক্ত আর্য্যদন্তানেরা মৃত্যুকে প্রকৃত পকে মানবের শুভপ্রদ বই অমঙ্গলকর বলিয়া বিবেচনা করিতেন না। এই দার্শনিক দেশে মৃত্যু পরিচ্ছদ পরিবর্ত্তনের ক্রায় একটা অবস্থার রূপান্তর বলিয়া করিত হইত। গীতায় ভগবানের এই প্রসিদ্ধ বচন অথবা উহার মর্ম্ম সাধারণের অবিদিত ছিল না। যথা:—

"বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহাতি ক্লরোহপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা
ক্সনানি সংযাতি নবানি দেহী॥ গীতা ২।২২।

অর্থাৎ মানব যেমন জীর্ণ বৃদ্ধ পরিভ্যাগ করিয়া নব বর্জ গ্রহণ করে, সেই প্রকার দেহী অর্থাৎ আত্মা জীর্ণ দেহ ভ্যাগ করিয়া দেহাস্তর গ্রহণ করিয়া থাকেন।

ভগবান আর এক স্থনে ব্লিয়াছেন:—

"দেহিনোই স্থা দেহে কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তর প্রাপ্তিবীরন্তর ন মুহুতি।" গীতা ২।১৩

অর্থাৎ বেমন মহুরানেহ কৌমার, যৌবন এবং জরা প্রাপ্ত হয়

উপরোক্ত ভগবৎ উক্তি গুলির সার মর্মা বে দেশের লোকে ক্রদরে বন্ধমূল সে দেশের মানব কেন মৃত্যুর ভয় করিবে ?

ভজ্জপ আত্মার দেহাস্তর প্রাপ্তি হইয়া থাকে।

কিন্ত হার ন কাল প্রভাবে, ভারতের হুর্দশার দিনে হুর্ভাগ্য বশতঃ সনাতন ধর্ম্মের সমস্ত প্রকাশক নির্মাণ এবং প্রশাস্ত স্ক্যোভিঃ আমাদের স্বদারাকাশ হুইতে অপসারিত হুইরা তমসাচ্ছরে আচ্ছাদিত হুইরা পড়িয়াছে। তাই আজ আমরা সনাতন ধর্মের, শাস্তের এবং আপ্রবাক্যের প্রকৃত মর্ম্ম ও ভগ্য ভুলিরা গিরাছি। সেই সঙ্গে সঙ্গে ঐ সকল শিক্ষার উপকারিত। ভুলিরা গিরাছি এবং জীবনী শক্তিও হারাইরাছি।

কিছ ভগবৎ কুপার এবং ঋষিদিগের চরণ কুপার ও আশীর্কাদে—
প্রার বোধ হইতেছে যেন বিভার বিমল-জ্যোতিকণার আভাস পূর্বাকাশে একটু একটু দেখা দিভেছে। ফলু, ইদানিস্কন ব্রহ্ম বা পরাবিভার
শিক্ষা ও উপদেশ বিবিধ স্ত্র হইতে বিভিন্ন আকারে পুনর্বার প্রকাশিত
ও প্রচারিত হইতে আরম্ভ হইরাছে। দর্শন ও শান্তাদির আলোচনা ও
অফ্শীলনহেতু পূর্বজন্মের দংস্কার বশতঃ আজ কাল কেহ কেহ ঐ সকল
শিক্ষার উপকারিতার উপলব্ধি করিতে সমর্থ হইতেছেন এবং আশা করা
যার যে ভগবং কুপার উহার প্রভাব ভুলন্মধারণের জল্প ক্রমশঃ
প্রকাশিত হইবে। এই শিক্ষার বিমল ও উজ্জ্ব জ্যোতিঃ প্রভাবে
মৃত্যুরূপ ভরম্বর ভীতি-মেঘ মানব-হাদয়াকাশ হইতে অচিরাৎ অপসারিত
হইবে। এবং ইহার ঘারা আমরা মৃত্যুর প্রের্ভ তথ্য ও স্বরূপ কতক
পরিমাণে বৃথিতে পূট্রিব এবং সাধারণ মানবের ক্রমোল্পভি চজ্রের রহস্তও
কিছু পরিমাণে ভেদ করিতে সম্বর্থ হইব।

## অদ্ভুত বিবাহ।

সে আৰু অনেক দিনের কথা। প্রায় ছই শভংবংসর পূর্বে মেসিডোনিয়ার ক্রিপাস নামে এক বৃদ্ধ ছিলেন। বৃদ্ধ জ্ঞানী মানা ও বৃদ্ধিমান। পৃথিবীর যশের ভাগ তাঁহার ভাগো পড়িলেও কটের ভাগ ভিনি এড়াইতে পারেন নাই। তিনি টিটাসের মহাকাব্য পড়িতেন, আপনি আমোদ করিতেন, হাসিতেন, গান করিতেন। যথন কুধার আলা হইত, তিনি টিটাস ছাড়িয়া উঠিতেন, ল্লীকে ডাকিতেন আর খাবার চাহিতেন। পণ্ডিতের ঘরে ছর্ভিক্ষের হাঁক যেমন হর, এম্বলেও ভাষার বৈপরীত্য ছিল না।

ঘরণী বিভাগ বড়ই প্রেমিকা, বড় মেহণীলা। স্বামীর বার্দ্ধকো তিনি ওড় ছ:খিতা ছিলেন না। বাঁদ্ধকোর জড়তায় স্বামীর রোজগার প**ত্র** ছিল না বলিয়া তিনি কঠোরতা অবলম্বন করিয়া অতি কষ্টে সংসার চালাইতেন। বৃদ্ধ সামী থাবার চাহিলে নিজ ক্সার হাত্ের থাবার পাঠাইতেন, ক্রিপাদ ভাহা খাইয়া বড়ই স্থণী হইতেন। বলিয়া রাখা ভাগ ক্রিপাস তাঁহার স্ত্রীর পরিবেশন বস্তু থাইতেন না°। কারণ তিনি**ই** ব্যানিতেন।

ক্রিপাস তথন বড় পণ্ডিত, জগৎজোড়া তাঁহার নাম। স্থনামের মোহিনী শক্তিতে অনেক বয়ুর আবির্ভাব হয়—ক্রিপাসেরও তথন বন্ধর অব ছিল না। প্রায়ুই তথন বন্ধগণের সমাগ্ম হইত, তাহাদের জন্যও ক্রিণাদের বায়ভার ধর্দ্ধিত হইত। কিন্তু ক্রিপাস হৃ**হিতার কারুণ্ডে** কোন বস্তুর অভাব হইত নাণ

ক্রমে দিন যায়, সঙ্গে সঙ্গে কণ্টও বাড়ে। গৃহিণী বিভাস এক তরকারী মাত্র বাঁধেন, তাহাতেই সকলের চলে। কিন্তু ক্রিপাস যথন থাইতে তাহেন তথন :কক্সা পৈসি তাঁহার ১থান্ত আনিয়া তাঁহার টেবিলের উপর রাখিয়া যায়, আর ক্রিপাস মহা আনন্দে থাইয়া ঢেকুর তুলিরী। থাকেন। পৈদির হাত বড় মধুর: ভাহাতে বুঝি সোণা ফলে, মণিমাণিক্য ঝোলে। বিভাস রাধিল এক, পৈসির দ্যায় হয় ভাহা পাঁচ।

कार्ष्ठ मिन यात्र, व्याथ পেটा था बत्रा जाहार उ एक् ब हत्र किरम ? এক দিন বিভাগ স্বামীকে জিজ্ঞানা করিলেন, "ক্রিপাস, থাওয়া চলে না," প্রায় আমাদের উপবাস, ঢেকুর হয় কিলে ? আর বুঝি চলে না !"

ক্রিপাস কবি ! তিনি উত্তর করিলেন, "কেন আমিতো রোজ খুব

শাই, আমারতো খুব পেট ভরে ! তোমাদের উপবাদ হয় কেন ? ভোমার মত গৃহিণী থাকিতে আমার উপবাদ অসম্ভব। আবা বে চারি পাঁচটা ভরকারী হইরাছে ! ভাবনা করিও না, ইহা হইতেও উত্তম অবস্থা হইবে।"

গৃহিণী বৃঝিলেন, স্বামী রসিকতা করিতেছেন। কিন্ত বাস্তবিক স্বামীর কথার রহস্ত উদ্ভেদ করিতে পারিলেন না। রসিকতার অভিরঞ্জন ভাবিয়া অন্তর্ভিত হইলেন।

আৰু রবিবার—ক্রিপাস ক্রোটনের সঞ্চলিত বাইবেল পড়িতেছেন, গৃহিণী বিভাস মরে গিয়া স্বামীকে বলিলেন, 'ক্রিপাস, পৈসির বিবাহের কি হইবে? সে যে পূর্ণ-যৌবনা। এখন সে স্বামীসোহাগিনী হইবার উপযক্তা।'

হী, আমি ভাহাই পড়িতে ছিলাম। ুক্রীট দ্বীপের ভার্গোর সহিত ভাহার বিবাহ ঠিক হইরাছে। কেমন, পৈসি কি ভার্গোকে পছন করিবে না ?"

"কি বলিলে, ভার্গোর সহিত বিবাহ ঠিক হইয়াছে? ভার্গো, আমার মেয়ে বিবাহ করিবে কেন? সেঁ বীর, সে বড় লোক, সে মণ্টিকোর ডিউক। সে কি আমাদের মেয়ে বিবাহ করিতে আসিবে? রাজার সহিত গরীবের ঠেক খায় না। তুমি কি পাগল হইয়াছ?"

"হাঁ, আসিবে। ভার্গো এমন কি য়ে সে পৈসিকে বিবাহ করিতে অস্বীকার করিবে? আমার পৈসিও গুলতানা হইতে পারে, ডচেন্
হইতে পারে।" ভার্গো পৈসিকে বিবাহ করিবে, ঠিক হইরাছে। যদি
না হর, আমার পাগল বলিও। অদৃষ্টে আছে, তোমার ভাবনার কারণ নাই।"

"কবে ঠিক হইল ? আমি ভো আৰু মাত্ৰ কথা পাড়িলাম। । মেকে

বিবাহ লইয়াও হাসি তামাসায় থাকার সময় অসময় নাই ? না, বল, बन, करव ठिक रहेन ?"

"সে অনেক দিন। গত ত্রিগণ্ডার দিন (মাইকেল মাদে) ঠিক। হইয়াছে। আগামী পরশ বিবাহ হইবে। ভার্বো পৈদিকে পছল **করিয়াছে, সে তাহাকে স্থথ-চঃখ** ভাগিনী করিবে প্রতিজ্ঞা করিয়াছে।"

"আমাদের কোন যোগাড় নাই, টাকা কড়ি নাই, বিবাহ সজ্জা নাই, বিবাহ হইবে কিপ্রকারে? আর এই বিবাহের প্রভাব কে করিল ? এ বে অবাক সৃষ্টি। লাখ কথা পূর্ণ হইলে বিবাহ হয়, এই বিবাহে কি কথা হইবে না ?"

"এই বিবাহে তোমার কিছুই করিতে হইবে না। ভার্গো নিজে সৰ कत्रित्वन। उँशित्र मात्र मात्री व्यात्रित्, त्रनामन व्यात्रित्, बत्र एका छाक তকা আসিবে। বরষাত্রী থাওয়াইতেও তোমার বার হইবে না। আয়োজনের ভীবনা ভোমায় করিতে হইবে না, ভূমি পৈসিকে গিৰ্জায় ষাইতে বল।

গৃহিণী এবার বৃথিলেন, খামী পাগল হইয়াছেন। তিনি বড়ই বিষয়া ৰ্ইলেন, ভবিষ্যৎ ভাবিষা বড়ই অফির হইলেন। একে বয়স্থা কঞা ঘরে সম্ব নাই, সহায় নাই, এখন উপায় কি?

বিভাস বড়ই ভাবনায় পড়িলেন। মেবের তাড়িত মেবেই বয় পাইতে লাগিল। তিনি সাত পাঁচ ভাবিয়া খামীর কক ত্যাগ করিলেন। শ্বর করার আয়োজনে যেমন যাইবেন দেখিলেন বাইবেল হাতে অনিন্দ্য-স্থানী পৈনি বিক্ষিতা দৌরভময়ী গোলাপ রাণীর মত, হাসিতে হাসিতে व्यक्तार्क थारवम कतिराज्य । इश्जा प्रविश्वा क्रमनी स्वरह कार्स १ हेर्सन, নিকটস্থ হইয়া ভাহার মুখ চুম্বন করিলেন। যুবভী সহাস্তে মরাল গমনে পুৰিবী চমকিত করিয়া কক্ষে প্রবিষ্ট হইল।

জননী ছহিতার বেশ ভূষা অসরাগ দেখিরা অবাক্ হইলেন। তিনি ভাবিলেন, পৈসি এই সাজ পোষাক কোথার পাইল ? আজ আবার তাথার এত প্রফুল্লতা কেন ? আজ যেন সরলতার সে আত্মহারা, আজ বেন কোন অবক্তব্য অবোধ্য অজানা ভাবাস্তর আসিয়া ছহিতাকে কিরণ-মালিনী করিয়াছে। জননী সমেহে ছহিতাকে জিজ্ঞাসা করিলেন, "পৈসম আজ ভোমার ভাব দেখিয়া,য়ামাকে সৌভাগাশালিনী মনে করি। ভোমার আনন্দে, মধুময় সরলতায় আজ যেন আমরা মৃতপ্রাণে নবজীবন লাভ করিলাম। এ বেশ ভূয়া, এ অঙ্গরাগ কে দিল ?" জননী সন্দেহ-সাগরে ভূবিলেন।

কন্তা হাসিয়া বলিলেন 'মা একি বলিতেছ! আমি বে তোমার কথার গির্জায় গিরাছিলাম আজ পেক্রাসর বিবাহ হইল। পেক্রাস আমাকে অভিনতাবিয়া বিবাহের পর এই সাজ পরাইয়া দিল। এই সাজটি কি ভাল হয় নাই, মা ? পেক্রাস গির্জায় স্বামী পাইয়া বড় স্থী হইয়াছে, ছই দিন পরে স্বামীর বাড়ী যাইবে।, স্বামাকে সঙ্গে যাইতে বলে, আমি যাইব ?

পেক্রাস অতি ক্লরা, শৈসার বরু, ক্রিপাসের বরু ছাহতা। পেক্রাসের পিতা মুকরস, বড় লোক, রাজার তুল্য।

বে আশহা সে আশহাই বৃথি ফলিল। স্বামী ক্ষিপ্ত, কন্তা বৃথি ক্ষিপ্ত
না হইয়া যায় না! শৃত্যপ্রাণে চাহিয়া জননী বলিলেন, "পৈন্দি আমি
কথন তোমায় গির্জ্জায় যাইতে বলিগাম? তোমার বাবা তোমাকে
গির্জ্জায় যাইণার গ্রন্ত আমার নিকট বলিয়াছিলেন। আমি তো দেই
কথা ভোমায় বলি নাই ? ভূমি কি সে কথা গুনিয়াছিলে? আজ
রবিবার নয়, আজ কেন গির্জ্জায় গেলে?" জননী মহা ভাবিতা
ভইলেন।

'পৈসি জননীর কথার একটু বেজার হইল। সে ব্ঝিল জননী সভ্যের অপ্রাপ করিতেছে ও তাহার এই সাজসজ্জা দেখিয়া তাঁর হিংসা হইয়াছে। বৈপদা একটু রাগত স্বরে কহিল।

'মা, তুমিই গির্জায় ঘাইঙে বলিলে, আর তুমিই আমাকে সভ্যের অপলাপে অভিযুক্ত করিতেছ? ভালই, তোমার কথায় আ**র** কোথাও বাইব না।' ছহিছো বেজার হইয়া কি ভাবিতে লাগিল। ভাবিক পেক্রাস কত স্থগী।

প্রায় সন্ধা, বেশ একটু কাল জাঁধার পৃণিনীর মুধ ঢাকিয়া চাপিয়া বসিল। মুখ অাধারে ক্রিপাঁস হৈলিয়া ছলিয়া বাড়ী ফিরিতেছেন। বাড়ীর **ফুটকে ড্রিনি কাহার সহিত কথা কহিতে লাগিলেন। সে স্বর গৃহিণীর** কাণে গেল, ভিনি অবাক হইলেন, চমকিয়া শুনিতে লাগিলেন। আবার শ্বর, সেই শ্বর—সেই কথা—

"বিবাহ হুইয়াছে?" এ যে বড় অত্যাচারী। কোপার বিবাহ হুইল ? কাশার নিকট, হুইল ? পৈসার কি সভাই বিবাহ হুইয়াছে ?"

"কেন ? এই বিবাহ মহাসমারোহে ইইয়াছে। সহরের সমস্ত লোক নিমন্ত্রণ পাইয়াছিল, ধনী দরিদ্র নির্বিশেষে সকলেই আপ্যায়িত হইয়া-ছিল। তুমিও নিমন্ত্রণ পাইয়াছিলে। তোমার গৃহিণী যান নাই, সে তা**হার** নিজের দোষে। এত বড় সাধের কঞার বিবাহ দেখিতে যান নাই, এ দোষ কাহার ? তুমি গুনিয়া হথী হইয়াছ, বোধ হয় ? তুমি ভোমার গৃহিণীকে বুঝাইয়া বলিও। পৈদার মুখ পরম মুখ। পৃথিবীতে এ**মুখ** ক্ষুজনের ভাগ্যে ঘটে ?"

কথাবার্তা তনিয়া গৃহিণীর মাথায় আকাশ ঘুরিল, পরে পৃথিবী ঘুরিল। তিনি অসাড় হইয়া নিশ্চল রহিলেন। ক্রিপাস ঘরে ঢুকিতেই দেখিলেন গৃহিণী স্বাণুর মত দণ্ডায়মানা। তিনি বলিলেন, 'প্রাণাধিকে, এ ভাবে

কেন ? আজ বড় ভাবনাৰুক্ত দেখিতেছি যে ? হৰ্ষিত হও, মনোবাঞ্চ পূৰ্ব হইয়াছে।''

গৃথিণী কথা কহিবেন কি, তিনি একবারে বিশ্বয়ে ডুবিয়া আছেন। তিনি পাগলের প্রশ্নের উত্তর দিবেন না, মনে করিলেন। কিন্তু রাগের মাথার বাক্য আপনিই সরে। গৃথিণী কম্পিত শ্বরে কহিলেন।

'তৃমি কোথায় গিয়াছিলে? তুমি পড়িতেছিলে, এর মধ্যে আবার বাহিরে গেলে কথন ? ফটকে কাহার সহিত কথা বলিতেছিলে? কিসে হর্ষিত হইব ? কিসে,মনোবাঞ্চাপুর্ল হ্ইয়াছে ?

সামী কথা না কহিয়া চলিতে লাগিলেন'। উত্তর না পাইয়া গৃহিনী বোলকলায় চটিলেন। রাগে গস্গদ্ করিতে করিতে স্থামীর আগ্রে আগ্রে মাত্র স্থামীর কক্ষে প্রবেশ করিলেন। তিনি দেখিলেন ক্রিপাস আগের মাত্র নিক্রেগে বই পঞ্চিতেছেন। গৃহিণীকে দেখিয়া ক্রিপাস বলিলেন, "এতক্ষণ এখানে এস নাই কেন? আমার ক্ষ্মা পাইয়াছে।" গৃহিণী পশ্চাতে ক্রিয়া দেখেন পশ্চাতে লোক নাই।

"নে কি ? তুমি ষে উঠানে আমার পশ্চাতে কথা কহিতেছিলে ? পৈসির বিবাহের কথা কাহার সহিত কহিলে ? আমার আগে আগে এথানে আসিলে কি করিয়া ?"

গৃহিণী একবারে ভাবনার মরিয়া গেলেন। তিনি ব্ঝিলেন, হর তিনি নিজে পাগল, না হয় তাহার স্বামী পাগল। তুইজন পাগল হইলেও হইতে পারে। মেয়েটাকেও জননী পাগল ভাবিয়াছিলেন। বাস্তবিক কি ভাহাই ?

ধরশ আদিল। স্থা উঠিল, কালমুখে গৃহিণী শব্যাত্যাগ করিলেন। তিনি স্বামীর কাছে শুনিয়াছিলেন আজ পৈদির বিবাহ। সভাই কি বিবাহ হইবে ? একি স্থপনের কথা, না মায়াঞ্চাল ? ্কাজকর্ম সারিয়া গৃহিণী স্বামীর কক্ষে গিয়াছেন। স্বামী তথনও পাঠে নিরত—তাঁহার যেন শাস প্রশাস নাই। এবার গৃহিণী স্বামীকে ভাকিলেন। স্বামী বই ছাড়িয়া গৃহিণীর দিকে চাহিয়া বলিলেন।

বড়ই ঢাকঢকা বাজিজোছ, বড় মোহন গান হইতেছে। পৈসির বিবাহ হইবে আজ। পৈসিকে গিজ্জায় যাইতে বলিও। ভার্গো পৈসির সঙ্গ লাভে বড়ই ক্তার্থ হইবে মনে করিতেছে। আর সময় নাই, আমি বাই।

পাগলের কথা, গৃহিণী বিখাস করিলেন না। , অকস্মাৎ মহা গওগোল হইতে লাগিল। পাড়ায় হলস্থল পড়িল। বাস্তবিক এক মহারাজ লোক লম্বর লইয়া বিবাহ করিতে গিজ্জায় চলিয়াছেন। রাজপথে লোক ইরে না, অজস্র দান চলিয়াছে, থাওয়া দাওয়া মহাধ্ম। আজ যেন পৃথি-বীর শোক ছঃখ নাই।

বর্ষাত্রের দেশ মহা সজ্জীয় বাগ্যভাগু, লোক শাস্ত্রর লইয়া গিজ্জীর দিকে চলিল। স্বয়ং ভার্গো মহারাজ আসিয়া ক্রিপাসের বাড়ী চুকি-লেন। তিনি ডাকিডে লাগিলেন, প্রাণের পৈদি, সময় আসিয়াছে, ভোমার দান গ্রহণ করিব। বিলম্বেশ্যামার প্রাণত্যাগ হইবে।"

গৃহিণী এবাব বড় পুলকে গলিয়া গেলেন, এক লন্ফে স্বামীর গৃহে
বাইয়া স্বামীকে বলিলেন, 'ভাগোঁ আসিয়াছেন, স্বামার পৈসির নিকট
দান চাহিত্তেছন। উঠ, গির্জায় চল, বিবাহ দেখিব।'

ক্রিপাদ বহি ছাড়িলেন না, বলিলেন, 'প্রিয়তমে, তুমি যাও, আমি
আর একটু পরে যাইব।'

যে বাগ্যভাগু, যে সমারোহ, বিভাস তাহা না দেখিয়া পারেন না। তিনি
স্বামীকে দেখিয়াই দৌড়াইয়া গির্জ্জায় ছুটলেন তাঁহার গৈসির কথা মনে
নাই, তাহাকে একবার ডাকিলেন না। রমণীর স্বাগ্রহ কি উৎকট।

হাঁপাইতে হাঁপাইতে বিভাগ গিজ্জার পৌছিলেন। ভিনি দেখিলেন, বিবাহ কার্য্য প্রায় শেব। শত সহস্র লোক বিবাহ দেখিতে দণ্ডায়মান। স্থানাভাবে কতলোক চলিয়া যাইতেছে। অতি কটে বিভাগ গিজ্জার মঞ্চের সন্ধিহিত ইইয়া দেখিলেন, স্থামী ক্রিপাস বাইবেল হাতে দণ্ডায়মান। ভার্গো উলুক্ত তর্বারী খুলিয়া বাম হত্তে প্রণায়নী পৈদির স্থাধরিয়া তাহার মুখ চুখন করিতেছেন।

বিবাহ শেষ হইল, আসঁর ভাঙ্গিল। লোক সমারোহ বিলীন হইল।
বিডাস অতি হর্ষে বাড়ীর দিকে চলিলেন। ছহিতা এত বড় লোকের হাতে
পড়িল ভাবিরা তাঁহার অপার আনন্দ। নিজে উপযুক্ত সময়ে বিবাহ সভার
বাইতে পারেন নাই বলিয়া বড় থেদ করিলেন। তিনি বাড়ী আসিয়ঃ
দেখেন পৈসি শ্যায় শুইয়া আছে। জননী অবাক হইয়া ডাকিলেন,
পিসা একি মা এ আবার কি ?"

ছহিতা উঠিল, নিজ সাংসারের কাজে বাস্ত হইল। এই যাহাকে বিবাহ বাসরে স্থামী সঞ্চাশে দেখিলেন ভাহাকে আবারু এখনই এই অবস্থায় দেখিয়া জননী বিভাগ নির্ভিশয় বিশ্বিত হইলেন। তিনি বলিলেন "পৈসা, আমি দেখিলাম কি"? তুমি গিজ্জায় যাও নাই? আজ বে বড় গ্রধামে বিবাহ হইল।"

পৈসি সরল বালিকার মত জিজ্ঞাসা করিল, "কাহার বিবাহ হইল, মা ? আমাকে লইয়া গেলে না কেন ? বিবাই দেখিতে আমার রড় সাধ।"

আজ্জননী শাগলিনী প্রায়। তিনি ছভিতাকে কোন উত্তর না দিয়া স্বামীর ককে গেগেন। দেখিলেন স্বামী উপুড় হইয়া পড়িয়া আছেন। ভার্হাকে জিজ্ঞাসা করিলেন! ক্রিপাস তুমি গির্জ্জায় বিবাহ দেখিতে বাও নাই ? আবার কথন আসিলে?

ু "বিবাহ? কখন বিবাহ? বিবাহ যে গত পরত হইয়া গিরাছে!

পৈদির বিবাহ কয়বার হইবে ? ভাহার পরিধানের গাউনের নীচেপুলিয়া দেখ ভার্গোর পোষাক রহিয়াছে। ভাহার অঙ্কুরীয় ভাহার হাতে
আছে।' এই কথা বলিয়াই স্বামী অচেতন ২ইলেন।

গৃহিণী অতি জরায় পৈদির ঘতে চুকিয়া তাহার পরিধানের গাউন খুঁজিলেন তিনি দেখিলেন ভার্গোর পোষাক ছডিভার পরিধানে রহিয়াছে, ভাহার অসুরী তাহার হাতে রহিয়াছে।

এই অত্ত কাঁণ্ডে জননী একবারে অলক হইলেন। পরক্ষণেই প্রচারিত হইল ভার্গো অভ গেরেক মহাসমরে বেলা বারটার সমর হত ইইরাছেন।

জননী এই সংবাদ শুনিলেন— তিনি যেই আবার ছহিতার মরে চুকি—
তান, দৌবলৈন মরে পৈসি নাই। এবার গৃহিণী স্বামীর কক্ষে চুকিতে
কাগিলেন। সেধানে যাহা দৈখিলেন ত্রহাতে তিনি ট্রীংকার করিতে
করিতে বাহির হললেন। তিনি দেখিলেন বুক ক্রিপান ছহিতাকে কোলে
ক্রিয়া অচেতন রহিয়াছেন, তাহাদের প্রাণ নাই।

# ভূতের প্রেম।

There are more things in heaven and earth, Horatio, Than are dreamt of in your philosophy.

আমরা অন্ত একটি সভা ঘটনার বিষয় বিবৃত করিতেছি। নানা কারণে নাম ধাম গোপন রাখিতে বাধা হইয়া কার্নাক নাম বাবহারঃ করিতে হইল। সত্যত্রত রাধু রাজার দেওয়ান। এই বর্ষীয়ান্ বছদশী পুরুষ জাধুনিক শিক্ষার শিক্ষিত হইলেও, হিন্দুর জামুঠানিক জিয়া কর্ম গুলিকে
কুসংলার বলিয়া মনে করেন নাই। সত্যত্রত বাবু সাহিত্য রিদকও
বটেন। তাঁহার এক ছহিতার নাম তারা স্থলরী। যথা কালে উপবৃক্ত
পাত্রে তিনি কন্যা সমর্পণ করিয়াছিলেন। যৌবনোদগর্মে দেবতা-বাহ্নিত
সৌলব্যে তারা শোভিতা হইয়া উঠিল। তারা উপযুক্ত রূপগুণোপেত
স্বামীর প্রণম্ব ভাগিনী হইয়া পরম সুথে কালাভিপাত করিতে লাগিল।

এ সংসারে স্থাপেকা হংথই অধিক; এই হংথ যে কোনছলে আসে তাহা বলা শক্ত। তারা যথন এই প্রেম তন্মরতার স্থপাচ্ছাদে গা ভাসাইয়া দিতেছিল, হায়! তথন কি কোন প্রত্যাখ্যাত হর্বাসা তাহাকে অভিসম্পাত করিয়াছিল।— তথন সেখানে বুঝি কোন অন্স্র্রী প্রিমুখ্যা ছিল না! ভাই বুঝি দেই অজ্ঞাত অভিশাপ স্ক্রিগ্রুতা তারা সতীর চির হংথের কারণ হুইয়া রহিল।

ভারা পীড়িতা হইল। পাড়ার আক্রমণ সাময়িক, যথন আক্রান্তা হইজ তথন তাহার চকুষয় বিহবলার ন্যায় হইত,—দৈ দংজ্ঞাহীনা হইয়া পড়িত। ক্রণেকে চেতন, ক্রণেকে অচৈতন অবস্থায় কিছু সময় অতীত হইলে সে স্বস্থ হইত ইহা যে এক প্রকার হিষ্টিরয়া অন্ততঃ চিকিৎসকগণ এই ব্যাখ্যা করিয়া চিকিৎসা আরম্ভ করিলেন। ভারা পিতৃগৃহে নীত হইলে, এক দিন ভাহার মাতাকে বলিয়া ছিল যে পীড়ার আক্রমণ সময়ে সে দেখিতে পায় যেন এক ভীষণ দর্শন অয়িবর্ণ পুরুষ তাহার সম্বর্থে। তাহার রক্তবর্ণ চকুর দৃষ্টিতে তাহার চেতনা অপহরণ করে! চিকিৎসকেরা ভানলেন, তিম্ভ তাহার চিতনা অপহরণ করে! চিকিৎসকেরা ভানলেন, তিম্ভ তাহার দিলেন। কিউ রোগের কোন উপশম হইল না।

क्ता (तथा शिन छात्रा अदक्वाद्य मः छ। भूना हहेवा পढ़िख ना ।

কিন্তু এক দৃষ্টিতে যেন কাহার পানে চাহিয়া থাকিত—ডুাকিলে নিজ্ঞো-খিতার মত চকিত হইয়া উত্তর দিত কিন্তু দৃষ্টি ফিরাইতে সমর্থ হইত মা। ভারা বলিত যে দেই পুরুষ যেন সর্বদা তাহার সঙ্গে সঙ্গে ফিরিতেছে, সকল সময় সে দেখিতে পায় না, তবে 🕏 আরুত্ত হুয় কে যেন ভাহার পাণে পাণে রহিয়াছে। যথন তাহাকে দেখিতে পায়, তথন সে দিক হইতে দৃষ্টি কিরাইতে পারে না। বিজ্ঞ চিকিৎসঙ্কুগণ অপস্মারের স্কুচনা বলিয়া ঔষধাদি দিতৈ লাগিখেন। কোন্ফুর্প দেখা গেল না। এক দিন তারা তাহার স্বামীকে বণিল "তোমরা আমাকে উদ্ভাস্ত-চিক্ত বণিয়। মনে কর আর যাই মনে কর, আমি আর্র্প সেই বিরাট অগ্নিবর্ণ পুরুষের কথা শুনিয়াছি। সে বলিয়াছে যদি আমি তাহার প্রেমাকাজ্ঞ ৰ্পুৰ্য-কল্পিডে<del>ট</del>ৰ কোন অনিষ্ঠ করিবে না, নতুবা তাহার বিপদ ঘটাইবে । ইহা নিশ্চয় অপদেবতার থেজা। কবিরাজ ডাক্তারে ঔষধ্ দিয়া কেবল শরীর নষ্ট করিবে,।" তাঝার আমী নবা শৈক্ষিত ব্যক্তি কথাটা উপহাস করিয়া উড়াইয়া দিলেন। ইহার পরে দেখা যাইত যে তারা যেন কাহার সহিত কথা কহিতেছে ৷ • কখনও বা ভগবানের দোহাই দিয়া অফুনয় বিনম্ব করিতেছে, কথনও ক্রোধারক্ত নুমনে ক্লাহাকে তিরস্বার করিতেছে; কথনও বা অসহায় প্রস্তার ভায় রোদন করিতেছে। সকলেই উন্মান স্থির করিলেন। কোন ঔষধ তাহাল্প কিছু করিতে পারিল না। তারা ভাহার স্বামীকে একদিন বলিল "আর ত আমি এ বন্তুণা সন্থ করিছে পারি না। "দেই পিশাচ আমার গলা টিপিয়া ধরে, প্রহার করে, ভাহাত্র দৃষ্টি যেন আমার সর্বা শরীরে জাল। দের। সে কেবল বলে যে আমার সম্মতি পাইলেই সে তাহার মনোরথ সিদ্ধ করিতে পাঁরে। বত দিন আমার সমতি না পাইবে সে তত দিন আমাকে যাতনা দিবে, আমার সর্কনাশ সাধন করিবে। ভোমরা ইহার যে ব্যবস্থা হয় করিও। ইহা

বিক্লভ মন্তিক্ষের কথা নহে, আমি পাগৰ নহি;—এ এখনও আমি ভাহাকে দেখিতেছি।" এই বলিয়া সে ব্লোদন করিতে লাগিল। ভারার স্বামী তারার পিতার সহিত পরামর্শ করিয়া তান্ত্রিক অনুষ্ঠানাদি করাই-লেন ; বোজা আনাইয়া তাহাদের কিয়া করিলেন ; কিন্তু কোন কণ হুইল না। স্কুতরাং সকলেই অপস্মার স্থির করিলেন।

ঠিক এই সময় আত্ একটি এর্ঘটনায় ভারার হ্রদয় ভালিয়া গেল। ভারার স্বামী ইহ লোক ভুরুগ করিলেন। স্বামি-হীন অভাগিনী এইবার বুঝিল যে যন্ত্রণা এবং হু:খ ভাহার চিরজীবনের সঙ্গী হইবে। ভারার মাতা ভারার হৃদয়-ভাব' অবগত হইলেন। কিন্তু কি করিবেন? ভারা তাঁহাকে বলিয়াছিল, যে সেই পিশাচই নাকি তাহার স্বামীকে মারিয়া **ফেলিয়াছে, এবং অল**ক্ষিত থাকিয়া ভাহাকে নানা প্রকা<del>ত্ত্বেতি</del>ইং করিতেছে।

তারার পিতা তাহাকে লইয়া বহুতীর্থে ভ্রমণ করিলেন। পরিশেষে ৺কানীধামে বাবা শ্রীবিধেখরের চরণে আশ্রয় লইলেন। কিন্তু কোন পরিবর্ত্তন দেখা গেল না। গৃছে, পথে, ঘাটে, এয়ন কি দৈবালয়ে পর্যাত্ত সেই পিশাচ ভাহার অনুসরণ করিত, এবং ভাহার সম্মতি পাইবার আশয়ে উৎপীড়ন করিত। থাছে বিষ্ঠাদি মিশ্রিত করিত, প্রহার করিত কিন্তু বল প্রয়োগে তাহার কামেছ। গুরুণ করিতে পারিত ন।। কথনও ৰা কত প্ৰকারে প্রলোভিত করিবার প্রয়াস পাইত।

এই পাপ দক্ষ হইতে মুক্তি পাইতে ভারা বিশ্বনাথের মন্দিরে হত্যা দিল। কিন্তু এই অন্তুত পিশাচ, দেই দেব-মন্দিরে প্রবেশ করিয়া, ভারার গলা টিপিলা, প্রহার করিয়া, সর্কালে বেন স্টি-বিদ্ধ করিয়া ভাহার প্রতিরাপবেশনের মন: সংযম নষ্ট করিয়া দিল। একবার নহে, অনেক-বার চেষ্টা করিয়াও অভাগিনী তারা মন:দংষম করিতে পারিশ না।

নেই প্রায়াণ লিক্ষের অভ্যন্তরে যে প্রাণ আছে তাহাকে আকর্ষণ করিতে না পারিলে ত পাষাণ দেবতার রূপা হইবে না। অভাগিনী তারার মনের মধ্যে ভক্তিটুকু রহিয়া গেল, ভাষা দেবতার চরণে পৌছাইয়া দিবার স্থবিধা করিতে পারিল না। দ্বেতার মর্মলোক মঞারিশী দৃষ্টি কোথার ! সমতানের উৎপীড়ন, সভীর পাতিব্রত্য নষ্ট করিতে পারে নাই, তাহার ভক্তি হ্রাস করিতে প্রান্তে নাই, সে দিকে কি দেবত্র/র দৃষ্টি প্রভিত হইবে না। তারার যন্ত্রণা ত অপরকে বুঝাইবার নহে 🏌 কে তাহার নিরাকরণ করিবে! প্রকাশ করিবার যো নাই।—পাছে সাধারণে হুলরিতার ছল ননে করে ৷ সে যন্ত্রণার উপর যন্ত্রণা ৷ তাই হতভাগিনী অন্তরের ভিতর সৰ যন্ত্ৰণা লুকাইয়া লুকাইয়া সহ্য করিতে লাগিল।

তারার পিতাও সম্প্রতি পরলোকে গমন করিয়াছেন। তারা বাঁচিয়া আছে; প্লকে পলকে পিশাটের উৎপীড়ন অনলে জ্লিয়া পুড়িয়া অক্সের অলক্ষিতে, অবাক্ত রূপে তাহার সতী-ধর্মের অবিকল নিষ্ঠাটুকু দেবতার চরণে উৎদর্গ করিটেডছে।

এমন কত সত্য ঘটনা দেশের মধ্যে, রহস্তাবৃত হইরা আছে। তাহা উদঘাটন করিবে ?

' শ্রীগিরিজাভূষণ চট্টোপাধ্যায়।

## প্রেতাত্মার মূর্ত্তি দর্শন।

#### जुटलामानी।

এই কলিকাতার নিকটবন্তী বাদমারি নামক গ্রামে পূর্বে আমাদের: বাসন্তান ছিল। আমাদের বাড়ীর সন্নিকটে এক ঘরা কায়ন্তের বসতি ছিল। তাহাদের আ্টারের পূর্বদিকে থানিকটা খোলা অমীঠুপড়িয়াছিক এবং উত্তর দিকে একটা পিয়ারা গাছ ছিল। আর্মাদের পুকুরে যাইকে হুইলে ঐ খোলা জমীর নিকট দিয়া যাইতে হুইত।

🌺 এক রাত্রে কোনী কার্য্য বশতঃ আনাকে পুকুরে যাইতে হয়। আমার সঙ্গে আর এক জন গোকও গিয়াছিল। বেশ জ্যোৎসা রাত্রি, কোন चारना नहेट इस नाहे। bifa निक (तम म्लेट (तथा याहेट क्टू : **সাবে মাবে গাছের ও বাড়ীর ছায়া পড়িয়াছে; গ্রীমকাল, বেশ ফুর ফু**র: করিয়া বাতাস বহিতেছে। রাতা দিয়া কিন্ত একটিব জন প্রাণী চলি-ভেছে না। তথন রাত্রি আন্দাল ছইটা বাজিয়াছে, আমরা কিন্তু মনে করিয়াছিলাম বুঝি ভেরে হ্ইয়াছে, সেই জন্ত ত্লামরা পুরুরে আদিয়া-ছিলাম, নচেৎ বাড়ীর ভিতরেই কার্যা সমাধা করিতাম। আমি পুরুরে নামিয়া গেলাম, আর দেই ব্যক্তি উপরে দাঁড়াইয়া রহিল। গ্রীমকাল, স্থভরাং পুকুরের থোলে লল নামিখছে। উপর হইতে আমাকে নীচে নামিতে হটল। আমি দবে মাত্র জল ম্পর্শ করিয়াছি, এমন সময় সেই ব্যক্তি কারস্থদের পিয়ারা গাছের দিকে চাহিয়া আমাকে শীঘ্রীকরিয়া উঠিয়া আসিতে বলিল, অনতি বিশবে সে সেই দিকে তাকাইয়াই উচৈচ:মত্রে ৰলিতে লাগিল, ''কেও ওথানে—কেগা তুমি কে তুমি ?'' আমার সকল কাজেই দেরী হইত। আমার বিলম্ব দেখিয়া সে আর থাকিতে শারিল না, শেবে আমাকে একাকী ফেলিয়া 'বাবাগো মাগো" শক্তে

চীংকার করিয়া এক দৌড় দিব। আমি অমনি ভাড়াভাড়ি কাল শেষ করিয়া পুকুরের পাড়ে আসিয়া উপস্থিত হুইলাম। হঠাং সেই পিয়ারা जारहत निरक आमात नजत পिएन এवः निधिनाम र्यन , এकটा छोटनाक শাদা ধপ্ধপে কন্তাপেড়ে শাড়ী পরিয়া হাতের চুড়ির ঝন্ঝনানি শব্দ করি-তেছে ! তাহাকে দেখিবামাত্র চিনিতে পারিলাম—চিক্রিতে পারিলাম বলি-श्रारे এত छोठ रहेनाने य छिर्द्धश्राप्त वाज़ीत निरक्र रेनोज़ारेट नानिनाम । খারের নিকট ছুটিয়া গিয়া দেখি যে, সে ব্যক্তি মুর্চ্ছি তাবস্থার পড়িয়া র্ঘহিয়াছে এবং বাড়ীর আর আর সকলে তাহার সংজ্ঞা পুনরানয়নের নিমিত্ত বাতিবান্ত হইতেছেন। তৎক্ষণাৎ তাহার 'দাতকপাটি' <u>ছাড়াইয়া দেখা হইল। এই সব দেখিয়া আমি যেন এক রকম হইরা</u> গিয়াছিলাম—ভ্যাবা চ্যাকা মেরে গিয়াছিলাম। আমার ভয়টয় বেন কোথার ছুটিয়া পলাইয়াছিল। • আমি এক পার্ষে নির্ব্বাক ও নিম্পন্দভাবে দণ্ডারমান রহিলাম। ভাহার সংজ্ঞানরনের পর আমাকে অবেষণ করি-বার অবসর হইল 🚩 বেণী ক্লষ্ট করিতে হইল না —আমাকে তাঁহারা অ**ভি** নিকটেই দেখিতে পাইলেন।

এই সব গোলমালে পাড়ার লোকেরা আমানের বাড়ী আসিরা উপ-স্থিত হইয়াছিল। বলা বাহুল্য, সেই কায়স্থদিগের বাড়ী হইতেও হু'এক-জন ছুটিয়া আসিয়াছিল। তাহাদের পরিবারে একটি বিধবা প্রৌঢ়া স্ত্রীলোক ছিলেন, তাঁহাকে আমরা সকলেই "দত্তদিদি" বলিয়া <u>ডাকি</u>তাম —তাঁহার বয়স প্রায় ৪০।৪৫ হইবে। তিনি আদিয়া আমাদের উভয়কে জিজ্ঞাসা করিলেন বে, কেন আমরা এত ভয় পাইয়াছিলাম<sup>\*</sup>এবং কৈ**থার** কিছু দেখিতে পাইয়াছিলাম কি না। সেই ব্যক্তি স্কন্থ হইলে ,বলিতে লাগিল যে, ঐ পিয়ারা গাছের তলায় ঠিক ভুলোদাদীর মত একটা কাল ্ময়ে শাদা ধপুখপে কাপড় পরে হাত নাড়া দিয়া তাহাকে যেন ডাকিছে

मांशिन। ध्रांथरम रम मत्न कतिशाहिन, त्वांथ इश्व, जाहारावत (काँरयुज-দের ) বাড়ীর কোন জীলোক বাহিরে কোন কালে আসিয়াছে. কিন্তু প্রশ্ন করিয়া যথন কোন উত্তর পাইল∖না এবং আকার প্রকারে যথন ব্ঝিতে भारित दर छाशारमञ्ज वाफीरछ ७ वशरमर्ज ७ वक्य टकान खीरनाक नाहे, তথনই সে অতাম্ভ দ্বীত হইল এবং দৌড়িয়া বাড়ীর দিকে ছুটিয়া আসিয়া-ছিল। তার পর আমত্ত্র জিজ্ঞানা করায়, আহি যাহা বাহা দেখিয়া-ছিলাম সৰ বলিলাম; আরও বলিলাম যে, সে ভূলোদাসী না হয়ে যেতে পারে না। আমাদের কথা ভনে, রাত তথন কত জানিবার জন্ম ঘড়ি দেখা হইল। তথন হুইটা বাজিয়াছে। এই দেখিয়া সকলে আমার মাতা-ঠাকুরাণীকে ভিরস্কার করিতে লাগিল—কেন তিনি অত <u>থান্ত্রিতে আম</u>-দিগকে পুকুরে পাঠাইয়া ছিলেন। তাঁহার কোন দোষ ছিল না—জ্যোৎসা বলিয়া রাভ ঠাওর করিতে পারেন নাই এরং মনে করিয়াছিলেন, বোধ হয়, ভোর হইগাছে, দেই অন্ত দেই বাক্তিকে দঙ্গে দিয়া আমাকে পুকুরে পাঠাইয়াছিলেন এবং তিনি জাগিয়া বৃদিয়াছিলেন। এমামার বয়দ তথন ছয় বৎস হইবে এবং যে সঙ্গে গিয়াছিল, সে আমার অপেকা তিন বং-मद्रद्र वड़।

আমাবের মুখে এই সকল কথান গুনিরা ঐ "নতাদিনি' বলিলেন,— "ও ভূলোদানী, আর কেউ নয়, ও যে এখানে আছে, আমরা কত নিন ভাকে প্রেণ্ডেছি। কিন্তু কোন ভয় তো দেখার না!'' এই বলিয়া বৃদ্ধা আমানিগকে থব সাহস দিয়া বাটা চলিয়া গেলেন।

এই ভূলোদানী আমাদের এক প্রতিবেশীর কলা। বালাকাল হইতে আমরা তাহার দহিত এক দঙ্গে খেলাগুলা করিতাম। পরে এই পাড়া-ভেই ঐ কায়ন্থদিগের বাড়ীতে তাহার বিবাহ হয়। বিবাহের তিন দিবদ পরে, অর্থাৎ হলুদ কাপড় ঘুচিতে না ঘুচিতে, গুলাউঠা রোগে শুশুফ

বাড়ীতেই তাহার মৃত্যু হর! তাহার মৃত্যুর এক বংসর পরে উপরোক্ত দৃশ্য দর্শন করিয়াছিলাম। সেই বে একবার তাহাকে দেখিরাছিলাম, আর দেখি নাই। বলিতে পারি না, সে এখনু প্রেতপুরী হইতে মুক্ত হইরাছে কি না!

শ্ৰীষ্ণুমৃতলাল দাস।

## ভৌতিক আবেশ।

শ্রীযুঁক্তা দক্ষবাল;-নান্না একটি স্ত্রীলোকের উপর ভৌতিক আবেশ হয় ভাহার বৃত্তান্ত ।

জিয়াগঞ্জ নিবাদী শ্রীযুক্ত কালীকুমার মুখোপাধীয়ে ডাক্তার মহাশয়ের বাটীতে এই দুটনা আমুমরা প্রত্যক্ষ করিয়াছি। দক্ষবালা কালীবাবুর শালার কন্তা। বয়দ প্রায় ১৯৷২০ বংসর আট নয় বংসর হইল বিবাহ হইবার অল্প দিন পরেই বিধবা হইয়াছে।

স্ত্রীলোকটি অতি নম্র-স্বভাব ও বিধবা হওয়ার পর কোন প্রকার কুৎসা তাহার বিক্ষমে শুনা বায় নাই। পূর্ব্বে তাহার উপর নাকি আর ২০ বার জন্ম ইইয়াছিল। সেইজগ্র কোন একজন লোক তাহাকে একটি কবচ দিয়াছেন। স্ত্রীলোকটি পূর্ব্বে কখন এখানে আসে নাই। সম্প্রতিক কালী মাষ্টারের পূল্র বিয়োগ হওয়ায় তিনি বাড়ী গিয়ীছিলেন সেখানে তাহার অমাবস্থার দিন অত্যস্ত কিট (Feat) হওয়ায় তীহার চিকিৎসার জন্ম সঙ্গে করিয়া কইয়া আসিয়াছেন। ঈশরাম্প্রহে

সাক্ষাৎ হয় এবং ভিনি হুরেন্দ্রকে সকল কথা বলেন। হুরেন্দ্র আহ-পূর্বিক বৃত্তান্ত ভনিয়া ভূতের খেলা সন্দেহ করেন এবং ফিট (Feat) स्रेल छाकिएछ वरनन। रमहे कि निहार मन्ना विनाम स्राप्तन कानी वावुन বাড়ীরদিকে বাইতেছিল এবং তাহার সঙ্গে আমি (Surens Friend) ছিলাম। পথি মধ্যে কালীবাবুর ভাই মতিবাবু স্থরেনকে তাড়াতাড়ি ডাকিয়া লইয়া যান। জয়য়য় অত্সরণ করে। সেয়ানে আরও ১২।১৩ জন সম্রাপ্ত ভদ্রলোক উপস্থিত ছিলেন। স্মরেন ভিতরে রোগীর কাছে দেখিতে যান। ছ এক জন ডাক্তারও উপস্থিত ছিলেন। কিন্তু তাহারাও अमारक किंक Histiria Feat विनम्ना विरंवह न। करतन माहे। अरतन দেখিয়া এটা ভৌতিক ব্যাপার (মোনমেনা) বলিয়া স্থির করে ! এবং সেই দিন স্থরেনের সঙ্গে ভূতের অনেক কৃথাবার্তা হয়। সমস্ত গুলি শত্য বলিয়াছিল কিনা দে বিষয়ে সন্দেহ আছে। প্রথমতু ভূতটা স্থরেনকে অনেকপ্রকার ভয়প্রদর্শন করে কিন্তু যখন প্ররেন ভাহাতে বিচলিত না **হ**ইয়া ঈশর**ে**ক চিস্তা করিয়া কার্য্যারন্ত করে, তথন অবশেষে কথার উত্তর দিয়াছিল। ভূতের সঙ্গে যাহা কথা-বার্তা হইয়াছিল ভাহার মোটা-ষুটী ভাবার্থ এই। দে বিনোদ ছোষের ছেলে জাতি গোয়ালা। যুবা-বস্থায় বড় ছষ্ট-প্রবৃত্তি ছিল। এবং ভাহারা ২।৩ জন একত্রে দল বাঁধিয়া এই উৎপাত করিতেছে। সহজে ছাড়িয়া যাইবে না। এই স্ত্রীলোকটি ৰাকি কোনু গাছতলায় বাহে করিয়াছিল তাই ইহাঞে আক্রমণ করিয়াছে,। আর বধন সে এই মেরেটির উপর ভর হয়, তধন সে এই মেরেটির অন্ত শরীর গুলা তাহাদের অগতে লইয়া যায়, পরে তাহার স্ক্র শরীর মেরেটির ছুল শরীরে প্রবেশ করাইরা ঐ থেলা করে। যাহাইউক ব্দনেক তাড়নার সে ছাড়িয়া যায় বটে কিন্তু আবার আদিবে।

় রাত্রে ঐ ভূত (অনুসন্ধানে বিষ্ণু গোষ নাম লানা গিরাছে) স্থরেনের

বাড়ীতে আরও ৮ জন সঙ্গে লইয়া দেখা দেয় এবং স্থারেনকে নানা প্রকার শাসায় ও স্থরেনকে আর ঘাইতে নিযেধ করে। কি**ন্ধ স্থরেন** भरताभकात विरवहनात काछ इत्र न है। कानीवाव्रावत विराव আগ্রহ আছে। আর এককবা বিষ্ণু ঘোষ ছাড়িয়া যাওয়ায় পর একটা বৃড়িভূত কালীবাবুকে বেগাই বলিয়া ডাকে এবং ঐ দক্ষার উপর ভর করিয়া আরও কতীক পারিবারিক কথা বলে তর্গ কালী বাবুকে টো শিকড় পেটের ব্যারামের ঔষধ ( কালীবাবুর প্রার্থনা মত ) দিয়া গিয়াছে । রোগী স্বস্থ হইবার পূর্বের দাঁতি লাগে। আর আনার পূর্বে দক্ষবালা ভাহার কবচ টা ফেলিয়া দেয় । বুড়ি ভূতটা পুনরায় আদবে বলে। ুপর দিনু ববিবার ২২শে অন্তাহায়ণ ঠিক সেই সময় সন্ধার সময় আবার ভূত আক্রমণ করে। এদিনও স্থরেন আবার ভূতটাকে control **বে** আনিয়া অনেক কথা জিজ্ঞাসা করে। এবং ভূতটা পূর্ক দিন অপেকা কিছু ভীত বলিয়া বোধ হয়। মোট কথা সে এই বলিয়াছে বে পূর্ব্ব জন্মে আমি ও স্ত্রীলোক্টি নিম্নজাতি ছিলাম এবং উভয়ে স্বামী স্ত্রী ছিলাম।

9th December 1907 Monday. অন্ত সন্ধার সমন্ন রোগী লক্ষবলোকে মেসমেরাইজ (mesmerise) করা হন্ন। বেরূপ প্রান্ন উত্তর হইয়াছিল নিমে লিখিত হইল।

S-( হ্লেরন ), Sp ( দক্ষ বালার self)

S—তোমার শরীর কোথায় ?

Sp—শৃত্যে।

S--নেমে এগ ?

Sp-हन।

S-পূर्त्तपूथ हन।

Sp-এলাম।

S-কালিবাবুর ডাক্তার খানা দিয়া ভিতরে এস?

Sp-এলাম।

S-কার শরীর ? "

Sp—আমার।

S-- কি বং গ

Sp--ফরসা।

S-হলদে আছে কি ?

Sp- इन दम नाहे: कमलात्नवत्र तर औष्टि।

S-তোমার শরীর বড় কি যে শরীরটা পড়ে আছে সেটা বড়া

Sp—বেটা পড়ে আছে তার হৈরে আমার শরীর বড়।

S-দক্ষতে দেখাতে পাচচ !

Sp-চিনতে পার্ছিনা।

S-एकत कि इस्ट्राइ ?

Sp-অন্তথ করেছে। '

S-- কি অন্তথ গ

Sp—ভর্থার কিন্তু মনে থাকে না ( not concious of ভর ) 🕒

S-দক্ষর গায়ে ওটা কি মাছলি ?

Sp-রাম কবচ।

S — वे क्वकी (क क्लानाम ?

Sp-निक एक लिए व कि इ कि श्व कि ना मान कि ना ।

Sp-পূর্ব জন্মের কোন কণা ( result ) বলতে পারি না।

S—দক্ষর কি:বারান ? না আর কিছু।

Sp—ভূত-দৃষ্টি।

```
♦S--কিসে ভাল হবে ?
```

Sp-গতি করণেই ছেড়ে যাবে।

Sp-গয়ায় পিণ্ডি দিতে হবে।

S-কে পিণ্ডি দিতে যাৰে ?

Sp—বে ধক ও গেলেই হতে পারে।

S-नक शीन इत ?

Sp—হতে পারে কিন্তু ভূত ধরলে দক্ষ পারবে না।

S- क्य शाम्रानत्क (मर्थाइ ?

Sp-ना-(भ मद्राइष्टै। °

S—ভূমি কে ?

Sp-আমি আমি।

S-দক্ষ কেমন ?

Sp—ভাল i

Sp—দীক্ষাহয়নি,।

S-তাক বংশ আছে কি ?

Sp—বাপের আছে, স্বামীর গুরু বংশ আছে তাঁকে পাব কোথায়।

S-শুরু বংশ হতে গুরু করতে হয় কি অন্ত ভাল লোক হলে চলে 🕒

Sp—ভাল লোক হলে পাপ নাই।

Sp-कानौराद्व अक दश्म मञ्ज निर्ण हरत।

S--আজা আমার সঙ্গে চল।

Sp-কলিকাতার এলাম ?

S-Harrison Road Amherst Street.

মেছবাজার, বড় বাড়ি, ঝামাপুকুর-বাড়ি দেখ ৷

Sp--- দেখলাম।

```
S—ভিতরে আমার গুরুদেব বদে আছেন দেখ।
 Sp--- शा।
 S-- कि कद्राहन ?
Sp—আহ্নি ক করছেন।
S-- তাঁর সাম্নে একটা বাক্স খোলা আছে দেখতে পাঠ ?
Sp—বাক্স দেখতে পাচিচ না।
S-ইনি কেমন লোক'?
 Sp-ভাৰ লোক 📦
Sp—ইহার কাঁছে মন্ত্র নিলে হ'তে পারে হ
S—ব্যারামটা কত দিনে ভাল হুবে ?
 Sp-ৰলতে পারৰ না।
Sp-ভাল হাব কিন্তু কত দিনে বলতে পারি না।
     গয়ায় পিতিভি দীকা দিলে সারবে।
 S-ৰুজি ভূতটা কে ?
 Sp-দক্ষর মাই ভূত হয়েছে।
·S—ভূত কেন ধরেছে ?
Sp—বাহে করার জ্বা।
 Sp—ষ্ঠী গাছতলায় উলঙ্গ হয়ে তিন চার দিন বাহে করেছিল।
 Sp—ভন্ন দেখানতেও গুনেনি।
 S—আ্রাজ গোয়াল ধরতে পারবে না।
Sp-ভার সঙ্গে জোর করে পারি না I
 5-তার উপর রাগ কর না।
Sp—কাল আমি ঠাণ্ডা হবে থাকব, গোলমাল করব না।
```

. S-कान माछनि গারে রাথবে।

Sp--त्रांथव ।

S—বল, হে ভগবান্ আমাকে শক্তি দাও, 'বাতে আমি কাল মাছলি রাথতে পারি।

Sp— 🗽 ভগবান্ 🔐 🕶 পারি। 🔻

S—যদি কাল নেহাং আসে তবে পূর্বে হুর্গাকে ( কালীবাব্র কন্তা ):
বলবে আর আমাকে ডাকতে বলবে।

Sp-ছ্বাকে বঁলব ও আর্পনাকে ডাকতে বলব।

S—ভোমার কোন্ মূর্ত্তি ভাল লাগে ?

Sp—কালী মৃত্তি, আজ শোয়ার সময় কালীমাকে ভেবে শোৰ চ পরে স্বস্থ অবস্থা হলে যে কয়টি Gugentens (thought) দেওয়া ইইল ি ভাই। মনে ছিল।

এই ঘটনার পর মেরেটি কয়েক দ্নি ভাল :ছিল। কিন্তু আবার ২া১ বার উৎপাত হয়। পরে একটি ওঝা ঘারা ঝাড়ান হয়, তাহাতে ও তত বেনী ফল হয় নাই।

বাবু স্থরেন্দ্রনাথ দাস কিন্তু তাহার জন্ত কিছু দিন প্রার্থনা করিয়াছিল, এবং Good thought দিয়াছিল। তপরিশেষে দীক্ষা দেওয়ার পর মেয়েটি ভাল আছে। ব্যাপারটি আশ্চর্য্য বটে, আমাদের মনে হয় পূর্বে জন্মে তাহাদের কোন একটা এমন কারণ আছে, যে জন্ত এরূপ ব্যাপার ঘটয়াছে। বাত্তে করা একটা নিমিত্ত কারণ।

নেহালিয়া পো: শীয়াগঞ্জ,মুরশিদাবাদ।

শ্রী হরেন্দ্রনারায়ণ দিংছ 🕈

## ভূতের চণ্ডীপাঠ।

( উৠসংহার )

হেমের বিবাহের গোলমাল সব মিটিয়া গিয়াছে। পাক পার্শের এক
দিন পরে অভ্যাগত কুটুরগণকে বিদার করিয়া সন্ধার পর নিশ্চিন্ত হইয়া
করেক বন্ধতে গল্ল করা যাইতেছে। পরদির হইতে গ্রুড ফুাইডের ছুটী।
স্থতরাং শেষরাত্রে উঠিয়া কলিকাতা যাইবার বন্দোবত্ত করিতে হইবে
না। অনেক রাত্রি অক্থি গল্ল চলিতে লাগিল। গল্লের বিষদ্ধ হেমের
যাণ্ডরবাড়ীর ভৌতিক ব্যাপার । ও সার্কিভীমমহাশন্ত্র-কথিত ভূতের
অধ্যাপকতা।

উভয় বিষয় লইয়া অনেকক্ষণ !অবধি আলোচনা হইল। অবশেষে আমি বলিলাম "েছে এ সম্বন্ধে সার্বভৌম মহাশুষের মতামত শুনিবার জন্ত তাহার বাটাতে যাইতে আমরা প্রতিশ্রুত আছি। চল না, ছুটার মধ্যে একদিন যাই।'' সকলেই এক মত হইয়া স্থির, করিলেন যে, রবিবার প্রাতঃকালে আহারাদির পর সার্বভৌম মহাশুরের বাটাতে যাওয়া যাইবে। সার্বভৌম মহাশুরকেও এই মর্ম্মে একথানি পত্র দেওয়া হইল।

রবিবার প্রাভঃকালে তাড়াতাড়ি স্নান আহার শেষ করিয়া বেলা এগারটার ট্রেণে পাঁচ বন্ধু মিলিয়া কলিকাতা যাত্রা করিলাম। ছই প্রহরের ক্রিপ্রিং পূর্বের শেরালদহে পৌছিয়া ট্রাম আবোহণে সিমলায় সার্বভৌম মহাশয়ের বাটীর উদ্দেশে যাত্রা করিলাম। সার্বভৌম মহাশয় কলি-কাতায় এফজন জানিত লোক স্মতরাং তাঁহার বাটী খুঁলিয়া লইতে বিশেষ কই হইল না।

বাটী থানি দক্ষিণদারী সদর দরজার ছইখারে ছইটা বৈঠকথানা। জুনার পর প্রশন্ত প্রাঙ্গণ, ভাহার টুউত্তরে পূজার দালান ও তাহার পর

অন্দর মহল। অন্দর মহলো চারিদিকেই ইটেক নির্মিত বিতল পৃহ। বাটীর <sup>(</sup>সমুধে উপস্থিত হ**ই**গা েথিলাম দরজা বন্ধ। হই চারি বার বারের কড়া নাড়াদিতে একজন উড়িষ্য∮দেশীয় ভূত্য আসিয়া স**স্থ্**ধ দাঁড়াইল। সভুবতঃভৃত্যটা ন্তুন আ শুদানী। ৺কারৰ আমাদের ৫,৬ জনকে দেখিয়া বড়ই বিশিত হইল। আমরা জিজ্ঞাদা করি**লাম,** ''দার্কভৌন মহাশায়ুবাড়ীতে আছেন?'' সে তাহার কোন উত্তর না শিরা কেবল আফু অধামুখের নিকে এক দৃষ্টিতে টাহিরা রহিল। আমরা কি করিব ভাবিতেছি, এমন সময়ে একজন বুন্ধা পরিচারিকা ভাড়াতাটি উড়িষ্যাবাদীকে গালি দিজে দিতে সরাইয়া আমাদের সম্বস্তমে বলিল, "আপনারা ভিতরে আসিয়া বহুন। ভট্টাচার্য্য মহাশন্ন আহার করি-टिट्डन<sup>ा-</sup> व्योशांत भिष इटेलिटे व्यक्तितात्त्व निकटे व्यक्तित्वन।" আমরা বলিলাম, "তাঁহাকে তাড়াতাড়ি করিতে নিষেধ ক্রিবে। আহা-রের পর রীতিমত বিশাম করিয়া যেন তিনি আদের। আমাদের জঞ ভাড়াতাড়িকরিলে আমরা বড়ই ছঃখিত হইব। তভক্ষণ আমরা**ও** কিঞিৎ বিশ্রাম করি ও ভাষীক টামাক থাই।" বৃদ্ধা তাজাতাড়ি ভামাক দিতে বলিল, ইভিমধ্যে আন্দান্ধ চতুবিংশতি-বৰ্য-বয়স্ক একটি যুবক ভাসুৰ চর্বাণ করিতে করিতে সহাস্যবদনে গৃহে প্রবেশ করিল। যুবকের আকৃতি অতি সুক্রে। বর্ণ উজ্জ্ব-গৌর বাঁহ্রয় স্থগোল ও বলিষ্ঠ, বিশান বক্ষের উপর শুদ্র যজ্ঞোপবীত, নয়নহয় আকর্ণ বিশ্রাস্ত ও জ্ঞান ক্যোতি-প্রচারক, ওঠের উপর অল অল গোঁপের রেখা। মন্তকে ক্বফ কেশ মধাস্থলে ছই দেশে বিভক্ত ও পশ্চাতে একটি স্কল্প শিশ্ব। পুরিধানে কেবল একথানি পরিফার শিমলার কালাপেড়ে ধুতি। পরিচয়ে জানিলাম যুবক ভট্টাচার্য্য মহাশন্ত্রের পৌত্র।

শংস্কৃত কলেজের এমে পাশ করিয়া রাজ-সরকারে কোন উচ্চ পদের

প্রার্থী। যুবক আদিরাই সাহাস্য বদনে অভিবাদন করিয়া বলিল "আপনা-দের রৌদ্রে বড়ই কট ইইয়াছে। আপ গাদের পত্র পাইয়া মনে করিলাফ বে প্রাতঃকালে আদিয়া এই থানেই আহারাদি করিতে অনুরোধ করি, কিন্তু দাদা নহাশ্বর অকিলেন্ ব্যু তাঁহ'রা সকলেই সম্ভান্তরাহ্মণ-বংশ-সন্তুত আমাদের বাটাতে অর আহান করিতে ভূপিত্তি করিতে।
গারেন।

আমি। সেকি ! স্প্রিভৌম মহাশরের বাটাতে বুটাটেব সেতো আমাদের পরম সোভাগোর বিষয়। তাহাতে আপত্তি করিব এমন কুলাঙ্গার আমতা নই । তবে প্রাতঃকালে, কিছু সাংসারিক কার্যা আমাদের সকলেরই ছিল মার একেবারে ৫।৬ জন ছতিথি হইয়া আপনাদের ব্যক্তিব্যক্ত করা যুক্তি-যুক্ত মনে হয় নাই।

যুবক। আমরা প্রীগ্রামবাসী ব্রাহ্মণ-পণ্ডিত। ব্রাহ্মণের সেবঃ করা আমরা পূর্ণী বুলিয়া মনে করি। সে খাহা হউ হ্ব বিবাহ দিতে গিয়া আপনারা যে ভৌতিক ব্যাপার দেখিয়াছেন তাহার বিবরণ দাদা মহাশরের নিকট শুনিলাম। আর পূর্বাস্থলীর ঘটনাও শ্বনেকবার তাঁহার নিকট শুনিয়াছি। ঘটনা ছইটিই অভি ক্লাশ্চর্য্য। এ সকল ঘটনা শুনিয়া প্রেত-লোক অবিশাস করা অসম্ভব। কিন্তু এ সকল রহস্ত উদ্ভেব করিতেও আমরা অক্ষম। এ বিষয়ে থাকা মহাশরের কিরূপ মহামত তাহা শুনিতে আমাদের বড় কোইল হইয়াছে।

ইতি মধ্যে ভ্তা আদিয়া সংবাদ দিল কণ্ডা আদিতেছেন তাঁহার শত্মের দুখত এনা বাইতে লাগিল। আমরা তাড়াতাড়ি হুঁকা দুরে মধ্যা সমস্ত্রম উঠিয়া দাঁড়াইলাম এবং তিনি গৃহ প্রবেশ করিলে তাঁহার শদ্ধূলি গ্রহণ করিলাম। তিনি সংবিদ্ধু আমাদের আশীর্কাদ করিয়া কুশল জিশুদা করতঃ মক্সকে উপ.বশন করিতে ংশিকেন। আপনিও বলিনেন। ভূতা আসিয়া তামাক দিয়া গেল। তাত্রকুট দেবন করিতে করিতে তিনি বলিলেন, সেই ভৌতিক তত্ত্ব লানিবার জন্ত এই রৌদ্রে কষ্ট করিয়া আসা হইয়াছে?

আমি। তাও বটে আপনার প্রীচরণ দর্শন করাও উদ্দেশ্ত বটে।
সার্কভোষ আমাদের সেকালের মত, তোমাদের মতন শিক্ষিত
যুবকদের সন্তই করিতে পারিবে কি না বলিতে পারি না। পুরাতন সংস্কৃত
গ্রন্থ ও হিন্দুশার অধ্যয়ন করিয়া বাহা কিছু বুরীয়াছি তাহাই তোমাদের
বলিতে পারিব। আল কাল ইউরোপে বড় বড় পুঙিত্রগণ অনেকানেক
নৃতন তথ্য আবিকার করিতেছেন। সে সকল আলোচনা করি নাই,
স্থতরাং সে সম্বন্ধে কোন কথাই বলিতে পারিব না। আমাদের সেকালে
লোকের বিখাস যে পুরাতন মুনি ঝবিগণ চিরজীবন গভার চিন্তা ও ধানে
যাহা বুরিয়াছেন তাহার উপর আর কেহ কিছু নৃতন কথা বুরাইতে
পারিবে না। সে কথা থাক্। এখন উপন্থিত বিষয় আলোচনা করিবার
পূর্ব্ধে আমি জানিতে ইচ্ছা করি যে আল্লা অবিনাশী যে সম্বন্ধে তোমাদের কাহারও কিছু সন্দেই আছে কিনা।

কিছুকণ চিন্তা করিয়া আমি বলিলাম, "বল্যকাল হইতে পরলোক বিশাস করিতে শিকা পাইয়াছি; কাষেই সেই বিশাস অন্তরে বন্ধমূল হইয়াছে। কিন্তু এ সমন্দে যদি কেহ কিছু প্রভাক্ষ প্রমাণ চান তাহা বোধ হয় দিতে পারিব না।

সার্বভৌম। প্রত্যক্ষ প্রমাণই অকটো হইতে পারে। আত্মা প্রত্যক্ষের বিষয় নর। যাহা প্রত্যক্ষের বিষয় নর ভাহার প্রত্যক্ষ প্রমাণ থাকিতে পারে না। এ সম্বন্ধে গীতাদি ধর্মগ্রন্থ আমাদের প্রমাণ।

ষিনি গীতা ও বেদাদিকে মহুযোক্তি মনে করেন, তাঁহার নিকট অবস্ত ইহা অন্যন্ত প্রমাণ নর। কারণ মহুষ্য মাত্রই ভ্রমের অধীন ৮

å

মহবোর উক্তি কখন অভাস্ত হইতে পারে না। এক ঈশরই ভ্রম প্রমাদাদি শৃষ্ঠ। গীতা ও বেদাদিকে যদি ঈশরের উক্তি বলিরা বীকার করিতে পারা যায় তাহা হইকে আর অক্ত প্রমাণ অনুসন্ধান করিবার আব-শ্রুক কি ? হিন্দু ব্লস্তানক আমরা, বেদ বাক্যে আমাদের পাঁটল বিশাস । সেই জন্ম অক্তা কোন প্রমাণ অনুসন্ধান করি না।

গীতায় ভগবান বলিয়াছেন

"দেহিনোহশ্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা। তথা দেহাস্তর প্রাধিধীরস্তত্ত্ব ন মুহুতি।"

অর্থাৎ মৃত্যু কেবল অবস্থান্তর প্রাপ্তি মাত্র। বেমন বাল্যকালান্তে কৌমার আদে, কৌমারান্তে বৌবন ও বৌবনান্তে জরা উপস্থিত হয়, তেম'ন এ দেহান্তে নৃতন দেহ প্রাপ্ত হওয়া যায়।

ক্রমশঃ।

প্রীরাথাল দান চট্টোপাধ্যায় ১

## "পুনরাগমন।"

### ( পূর্ব্ব প্রকাশিতের পর।)

বিক্তবং হইয়াছিল। সমস্তরাত্রি যেন আমার নেশার বোরে কাটয়া গেল। সে ভীষণ প্রান্তর হইতে কথন মুক্তিলাভ করিলাম, কোথার গেলাম, আমার সলীদের মধ্যে কাহার কি হইল, কে রহিল, কিছুই জানিতে পারিলাম না। যথন বোর ছাড়িল, তথন দেখি আমি সেই পুর্বোক্ত চটিতেই আশ্রম পাইয়াছি। তথন অরুণোদয়। চারিদিকের গাছগুলা পক্ষীর কলরবে পূর্ব হইয়াছে। প্রথম যথন চক্ষু মেলিলাম, তথন আমি কোথার আছি ব্বিতে পারিলাম না। এক বাতারন বিংনি অরুকারময় অপরিসর কুটার মধ্যে আমি কেমন করিয়া আসিলাম। আমার মনে হইতেছিল, সারারাত্রি আমার শ্যাপার্থে বিসিয়া কে যেন আমার প্রক্রা করিয়াছে। কিন্তু জাগিয়া চারিদিক চাহিয়া কাহাকেও দেখিতে পাইলাম না। জাগরণ আমার পক্ষে অপ্র-প্রতীয়মান হইতে লাগিল। শুসার দিকে চাহিলাম— কি অপরিচ্ছর! ঘুণার আমি উঠিয়া বিলাম—আমার নেশা টুটিল।

তথন অরে অরে রাত্তির •ঘটনা আমার মনে জাগিতে লাগিল।
খুল্ল-পিতামহের দেই আখাস-বাণী আমার কর্ণে দিতীয় বার যেন ধ্বনিত হইল। "গোপীনাথ! ভাই, উঠ। দামোদর ভোমাকে রক্ষা করিয়ছেন।"

আমি চারিদিক চাহিলাম, কিন্তু কাহাকেও দেপ্লিতে পাইলাম না। তথন ঈষহূচ্চ শ্বরে ডাকিলাম -- ''এখানে কে আছ ?"

আমার কথা শুনিকামাত্র পূর্বদিনের পরিচিত সেই চটিয়াওয়ালা বান্ধণ গৃহমধ্যে প্রবেশ করিল। প্রবেশ করিয়াই জিজ্ঞাসা করিল—"কি বাবু! স্বস্থ হইয়াছ ?"

আমি সে কথার উত্তর না দিয়া তাহাকে জিজ্ঞাগা করিলাম— "এ আমি কোথায় রহিয়াছি ?"

"কেন বাবু! কাল ত তুমি একবেলা এখানে কাটাইয়া গিয়াছ।"
"এখানে আমাকে কে আনিল ?"

"তিনি বাহিরে বিষয়া আছেন।"

"আমাকে তাঁর কাছে লইয়া চল।"

''উঠিতে পারিবে ?''

"কেন পারিব না—আমার কি হইরাছে !"

বলিলাম বটে, কিন্ত উঠিতে গিলা দেখি, শরীরে এক কড়ারও সামর্থ্য নাই। আন্ধান বৃষ্ণতে পারিল—'বৃষিদাই সাহায্য করিতে আমার হাত হারল। চলিতে চলিতে বলিতে লাগিল—''বাবু! কোমার বড়ই পুণ্যের জোল, বড়ই পরমায়, তাই রামনিখীর ধার হইতে প্রাণ লইনা কিরিতে পারিলাছ।"

ভাহার কথার ব্ঝিলাফু, রাত্রের হর্দশার কথা দে'জানিতে পারিয়াছে। ব্ঝিয়াও কোন উত্তর করিলাম না। ভাহার হাত ধরিয়া বাহিরে গোলাম।

বাহিরে উপস্থিত হইয়া এ্কি—এ কি দেখিলাম !—''গোপাল্! বিগাপাল ! তুমি !''

সেশাল একটা মোড়ার উপরে বিসিন্নছিল। বিসিন্ন একদ্টে চটির সমুধস্থ পথের পানে চাহিন্নছিল; যেন কাহার ক্লাগমন প্রতীক্ষা কারতেছিল। আমার কথা গুনিবামাত্র চমাকতের ন্তার উঠিনা লাড়াইল। বলিল—"ভাই! স্কম্ব হইনাছ?"

মনে করিলাম, ছই বাহু দিয়া গোপালকে সবলে জড়াইয়া ধরি। কিন্ত, আত্মাপরাধী যেমন হৃদয়কে অবেষণ করিতে যাইয়া মর্ম্মপীড়ায় কাতর হয়, জ্বান্তের অবিরাম উত্থান পতনে সর্ব্ধ শরীর বেমন তাহার অবসন্ত্র ইয়া, আগে, আমারও তাহাই হইল। আমার মনের ইচ্ছা মুনেই রহিল, জ্বোপাকের কাছে উপস্থিত হইতে পারিলাম না।

গোপাল বেনু তাহা ব্ঝিতে পারিল। সে ব্যগ্রতার সহিত আমার হাতু ধরিল। ধরিয়া বলিল—"পূর্ব কথা ভূলিয়া যাও। এখন স্বস্থ হইয়াছ কিনা বল।" এই বলিয়া দে আমাকে মোড়ায় বাসতে অমুরোধ করিল। আমি বদিলাম না। চটিওয়ালা ব্ঝিতে পারিয়া আর একটা মোড়া আনিয়া দিল। আমরা উভরে এক সমরে উপবিষ্ট হটলাম

গোপাল একবার মাথা নামাইল। আমার বোধ হইল, গোপাল স্থৃতি উদ্দীপিত সুমভার সহিত যুদ্ধ করিতেছে। এই অবকাশে আমি একবার গোপানের মূর্ত্তি দেখিয়া লইলাম।

আজ সাত বংসর, পরে চক্ষের এক নিম্নেষ গোপালকে দেখিরা লইলাম। এক মুহুর্জের দর্শন! মনে হইল যেন এই সাত বংসরে যৌবনের প্রথমোন্মেরে অরুণের সপ্তরাগধারার এঞ্জুত্র সন্মিলনে ঘনাবর্জ ক্ষীর সঞ্চরের ক্যার গোপাল স্মির্ম রবিজ্যোতি নিজের দেইষ্টি থানিতে আবদ্ধ করিরাছে!

কিন্তু গোপালের এ দীন বেশ কেন? পারে ক্তা নাই, গান্ধে একটা জামা নাই—একথানি অর্থমিলিন অ্পরিসর বস্ত্র, অর্থমূলিন উত্তরীয়ে দেহ আচ্চাদিত। এ দীন বেশে গোপাল এমন ইন্দর কেমন করিয়া হইল। গ্রামাঞ্জীকে, যদি কেহ কথন প্রীতির নয়নে দেখিয়া থাক—ভামল দিগন্ত বিস্তৃত শভ্তকের লইয়া, ভামারুল পত্র শোভিত তরুরাজি লইয়া, হংস কারওব শোভিত, কমল-কংলার-প্রতুল দিঘীসরোবর লইয়া, ভ্রমর নিষেবিত বিচিত্র ক্সুমমনিওত,আরণ্য লতাকুঞ্জ লইয়া যদি কেছ কর্মায় একটা নবনীত লোল দেহ রচিতে সমর্থ হও, তবেই গোপালের মৃত্তির সৌক্র্য্য, অনুভূতবে আনিতে পারিবে।

গোপালের প্রী দেখিয়া সেই মুহুর্ত্ত সময়ের মধ্যেই আমার মনে কর্বা জাগিয়া উঠিল। অন্থপল সময়ের মধ্যে একবার ভাবিয়া লইলাম, আমিও গোপালের স্থায় দান হইলাম না কেন? একবার মনে হইল, পাশ্চাস্ত্য সভ্যভার অন্থকরণে দেহ সাজাইতে, আমাদিগের চিরস্তন সহজ সৌলর্ব্যকে সমাধিত্ব করিয়াছি। এখন স্রোতে গা ভাসাইয়াছি, আর সে সৌল্ব্য ফিরিরা পাইব না। মুহুর্ত্তের চিন্তাকথা অগাধ চিন্তা সমুদ্রে বিলীন করিরা আমি প্রথমেই কথা কৃছিলাম। বলিলাম—"গোপাল দু ভাই, ভোমার এ দীন বেশ কেন ?"

গোপাল বলিধ,— ভাই ৷ ধুর্ফেইজ বলিয়াছি, এ সকল প্রম পরিত্যাগ করিতে হটবে "

আমি বলিলাম—"ভাল, দাদা মহাশয়ু কোথার জানিতে পারি কি ?'' "তিনি তোমার সঙ্গীদের অনুসন্ধান করিতে ও তোমাকে কলিকাতার পাঠাইবার জন্ত পানীর ব্যবস্থা করিতে গিয়াছেন।''

বাঁরে আর্মার শব্যাপার্যে বসিরা স্কর্মা করিয়াছ কি তুমি ?''

''স্ক্রাষা করিতে হয় নাই বিশ্বয়ছিলাম মাত্র।''

"আমি কলিকাভায় ফিরিব কেঁন ?"

"বাবা বক্সিংছেন, বড় ঋণ্ডক্ষণে বাড়ী, হইতে বাহির হইয়াছ। এ বাত্রা তোমাকে ফিরিতে হইবে।"

''আমি যে ভোমাকে লইভে,আ।সিয়াছি।'',

''কি করিব ভাই, পিতার সমুমতি ভিন্ন ত যাইতে পারিব না।''

''আমি দাদা মহাশন্ত্রের পারে ধরিয়া অনুমতি লইব।''

<sup>্</sup> "বোধহয় – বোধহয় কেন—- ক্ষমার বিখাস, তিনি জ্মুমতি দিবেন না '''

শ্রুবস্ত অনেক অমর্য্যাদা করিয়াছি—;'

"অমর্যাদ। কিছুই কর নাই।"

"তৰে ষাইবৈ না কেন ?"

°গোপাল নিক্তর রহিল। আমিও ভাবিলাম, একণা গোপালের কাছে কহিয়াই লাভ কি ! ছোট্ ঠাকুরদা আদিলে তাঁহার পারে ধরিয়া গোপালকে লইয়া যাইবার অনুমতি, চাহিব। তবে গোপালের মনটা জানিবার ইছা হইল। তাহার নিজের কলিকাতা বাইবার ইছা আছে কিনা! কিন্তু পাছে মনোভাব জানিরা গোপাল কথার উত্তর না দের, এইজন্ত একটু বুরাইরা, নানা কথা প্রসঙ্গে তাহাকে জিজ্ঞানা করিব মনে করিলাম। প্রথমেই তার পড়ার সম্ভ্রে প্রশ্ন করিলাম। বলিলাম—
"পড়ান্তনা কি হাড়িয়া দিয়াছ?"

"ইংরাজী পড়া ছাড়িয়াছি। তবে একজন সাধুর কাছে কিছুদিন শাক্তশিকা করিয়াছি। তাও সামাগ্ত—উল্লেখের স্বযোগ্য।"

**"ইংরাজী পড়া ছাড়িলে কেন ?"** 

"পড়িবার স্থযোগ কোথার টি"

''পড়িবার ইচ্ছা আছে ?''

''আগে ছিল, এখন আর নাই।"

"ধনি ইচ্ছা থাকে, আমি এখনও ব্যবস্থা করিয়া দিতে পারি তোমার যে বৃদ্ধি, তাঁহাতে অল দিনেই তৃমি ইংরাজীতে পারদলী হইতে পার।"

''ভাহাডে লাভ কি 🚧'

"কেন, আমি ইন্জিনিয়ার হইয়াছি। অয়দিনের মধ্যেই আমার আড়াইশত টাকা বেতনের চাকরা হইবে। একটু চেষ্টা করিলে তুমিও ইন্জিনিয়ার অথবা উকীল হইতে পার।"

গোপাল ঐবং হাসিয়া উত্তর করিল—''তা হইয়াই বা লাভ কি ?''
"লাভ কি ! গোপাল ! একি বুদ্ধিমানের যোগ্য কথা বলিলে ?"
গোপাল উত্তর করিল না। আমি বলিতে লাগ্রিলাম—''আমার
উপর অভিমান করিয়া ভোমার পড়া ছাড়িয়া দেওয়া ভাল হয় নাই।'

°অভিমানে ভূমি কেমন করিয়া বুঝিলে ?''

"আমিত এবেশে দাজিবার আর কোনও কারণ দেখিতে পাইনা।"

"দামোদর আমাকে এই বেশে সাজাইরাছেন।"

শিনোগরের কথা তুলিরা আমাকে নিরস্ত করিবার চেষ্টা কুর্রিওনা। আমি ব্বিডেছি অভিমান।"

"বুঝিলে আমি কি 'করিব।''<sub>১</sub>

"অভিমানে তুমি এই সাত বংসর আমাদের কোর্মণ্ড সংবাদ লঙ নাই। মাতৃত্বেহ পর্যাস্ত ভূলিয়া গিয়াছ।"

"গোপীনাৰ ৷ সে খেঁহ ভুলিবার নয় !"

কথা বলিতে বলিতে গোপালের মুখ কেমন এক অপূর্বজাবে উজ্জ্বল হইরা উঠিল। কিন্তু তাহা দেখিরা নীরব থাকিবার আমার সময় নর। আমি গোপালকে লইতে আসিয়ুছি। আমি বলিতে লাগিলাম, "তবে মায়ের তত্ত্ব লও নাই কেন ?"

"মায়ের তুল্ব লইনা তুমি কেখন করিয়া জানিলে ?''

"ৰদি ভূত প্ৰেচ্ছত্তৰ সাহায্যে দইয়া থাকত বলিভে পারি না। নতুবা ভত্ত দইবার কোন নিদর্শন ত অভাবধি দেখিতে পাই নাই। আমি ভোষাকে মারের কথা জানাইয়া কত পত্ত দিয়াছি, তুমি একটারও উত্তর দাও নাই।"

"আমি পত্ৰ পাই নাই।"

"দেকি । একথানিও পাও নাই। এমনত হইতে পারে না।".

'পত্ৰ কি তুমি নিজ হাতে ডাবে ফেলিয়াছ ?''

'না, আমার মনে হয়, সমস্তই আমি প্রামের হাত দিয়া ডাকে দিয়াছি।'

ে 'আমি পাই নাই।''

পাই নাই ! শুনিবামাত্র আমার সর্বাপরীর দিয়া এক মৃহর্তে বিহাৎ বক্তি ছুটিয়া গেল ! ভবে কি পিতা মাসে মাসে খ্রামের হাত দিয়া গোপালের নামে যে টাকা পাঠাইরাছেন, তাহাও কি গোপাল পার নাই ! ধীর স্কৃত্বীর ভাবে আমি গোপালকে জিজ্ঞাসা করিলাম—"গোপাল ! তোমাকে একটা কথা জিজ্ঞাসা করিব, তার উত্তর দিবে?"

"তুমি কি জিজাসা করিবে ব্'ঝয়াছি।"

"পরীপ্রামৈ ছইবনের পক্ষে মাসে তিশ টাকা যথেষ্ট ; কেমন নয় ?'' "বথেষ্ট।"

''গোপাল! পিভা প্রতি মাসে ভোমার নামে এই তিশ টাকা পাঠাইয়াছেন—অজিও পাঠাইতেছেন। তুমি কি তাহা পাও নাই ?''

'প্রতিজ্ঞা কর দাদাকে একথা বলিবে না।''

"সে কথা বলিতে পারি না। তে ুমার কথার ভাবে বোধ হইতেছে তুমি পাও নাই।" গোপাল মন্তক অধনত করিল আমার কথার উত্তর দিল না। আমি গোপালের হাত ধরিলাম। "ভাই গোপাল, উত্তর দিয়া আমাকে রুঙার্থ কর।"

"প্ৰতিজ্ঞা কুর, এ কথা দাদাকে জানাইবেনা !" "ভাল জানাইব না ।"

"এখানে আসিবার পর অভাবধি এক কপর্দকও দাদার কাছ হইতে সাহায্য পাই নাই।"

আগে আশকা করিয়াছিলাম, এখন সমস্তই বুঝিলাম। বুঝিলাম শ্রাম আমাদিগকে প্রতারিত করিয়াছে। আর তাই বা কেন, অহকুতের আনিচ্ছার দান এরপ পরমাত্মীরের কাছে পঁছছিতে পারে নাই। ছোট ঠাকুরদা পিতাকে যাহা বলিয়াছিলেন, তাহাই ঘটিয়াছে।

মর্ম্মপীড়ার আমি একেবারে অবসর হইরা পড়িলাম। ক্রুজার কির্ক্তক্ষ আমি গোপালের মুথের দিকে চাহিতে পারিলাম না।

গোপাল আমাকে এই হরবস্থা হইতে উদ্ধার করিল, বলিল-

"ইহাতে লজ্জার কিছু নাই গোপীনাথ। "আমাদের বাহা ভাগ্যে নাই, মামুষের শাধ্য কি চেষ্টা করিয়া ভাহা আমাদের দেওয়াইতে পারে।"

'ভাহ'লে শুধু জমীর উপস্বর্থের উপরই তোমাদের নির্ভ্র করিতে হইরাছে ?"

"তাও নাই। শুনিয়ছি তোমার ণিতা শ্রামকে সৈ জমী জমা করিয়া দিয়াছেন। শ্রাম তাহা হইতে আমাদিগকে বেদ্থল করিয়াছে।" এতকল পরে গোপালের বৈশের মর্ম্ম ব্রিয়াছি। ব্রিলাম ভিথারীর সহিত এতকল কথা কহিতেছি। গোপালের কি করিয়াদিন চলিতেছে, আর জানিতে সাহস হইল না। ভিক্ষা ভিক্ষ পিতা পুত্রের আর কি উপজীবিকা হইতে পারে!

এতদিনের পরে একটা মনের কথা বাল। বহুদেন হহতে গোপালের কোনও সংবাদ বা পাইরা ছই একবার আমার মনে সন্দেহ উঠিরাছিল, বুঝি গোপাল ইহলগৈও নাই। আমাদের বাটার সন্ধুবের কোম্পানীর বাগানে একবার গোপালের অন্তিত্বের উপলব্ধি হইরাছিল মাত্র, কিন্তু সেটা কেমন করিয়া হইরাছিল, আজিও পর্যান্ত চিষ্টান্ত মীমাংসা করিতে পারি নাই। মান্নের কাছে গোপালের কথা তুলিতে গিরা তাঁহাকে যে অবস্থার ফেলিয়াছিলাম, তাহাতেই সন্দেহ আমার মনে বন্ধমূল হইরাছিল। তথাপি প্রামের হাত দিয়া মাসে মাসে গোপালের জন্ম টাকা পাঠাইতেছি। প্রামা একটা দিনের জন্মও গোপালের কথা আমাদের জনার নাই। টাকাটার কি ইয় জানিবার জন্মই তুলাদিংকে গোপালের সংবাদ লইতে আমাদের প্রামে প্রাঠাইয়াছিলাম। সে আসিয়া সংবাদ দিয়াছিল, আমাদের বাস্তুভিটা জন্মলে পরিণত হইয়াছে। তাহার ভিতরে একটা ঘরের চিক্ত মাত্র আছে, কিন্তু ঘর নাই, প্রতিবেশীদের কাছে জানিতে গিরা সে গোপাল কিন্তা তাহার পিতার কোনও সংবাদ পায় নাই। ইহাতে

আমি ব্ৰিয়াছিলাম গোপাল নাই; শ্রাম তাহার অনন্তিত্বের কথা গোপন করিয়া এতদিন ধরিয়া টাকাটা আত্মগাৎ,করিছেছে, জীবিত গোপালকে যে সে এতদিন ধরিয়া বঞ্চনা করিয়া আসিছেছে, তাহা স্বপ্নেও ভাবি নাই। করনাতেও আনিতেও পারি নাই যে, মাহুষী এতদ্র নীচ স্বার্ধণর হইতে পারে!

যাহা কল্পনাতেও আনিতে পারি নাই,তাহাই ঘটয়াছে। আমরা ঐথর্যানম্বী জননীর প্রিয়পুর সাত বৎসর ভিক্ষায় জীবিক। নির্বাহ করিয়াছে! আমরা অবহেলার গোপালের প্রতি অমানুষিক অত্যাচার করিয়াছে। সঙ্গে সঙ্গে বেই ম্বনের কথা মনে পড়িল। বুঝিলাম সে ভীবিণ স্থপ্ন আংশিক সভ্যে পরিপত্ত হইয়াছে। স্তাম আমাকে অতলম্পর্ণ গিরিগহরের নিক্ষেপ করিয়াছে; কিন্ত গোপাল আমাকে রক্ষা করিতে উদ্ধারের হন্ত প্রদারণ করে নাই। আমি মনুষুত্তইনভার সর্বানিয়ন্তরে প্রতিত ইয়াছি। তাথ লেশ শৃত্ত, অস্থা শৃত্ত, আকাজ্ঞা শৃত্ত, ভির্মারী গোপাল! এখন আমাকে রক্ষা করিতে ইছলা করিলেও কি অভদ্রে ভোমার হাত বাইবে!

গোপালের সহিত কথা কওয়া আমার শেষ হইয়াছে। সম্পর্কও
ব্ঝি ইহজন্মের মত টুটয়াছে। আমি ধনী, গোপাল ভিক্ষাজীবী;
আমি নানা বিস্থায় পারদশী, গোপাল বালাের সেই বৃদ্ধিহীন নির্বাক্
রোদনশীল মূর্য ত; আমার ভবিষাতের আশা অনন্ত, ভবিষাৎ
নিরাশার চিক্ত এখনই গোণালের মুথে অন্ধিত হইয়াছে। আমিও
গোপাল উভয়েই দেশ হইতে দেশান্তরে ভ্রমণ করিতে চলিয়াছি;— আমি
অর্থ ও মানের কোমল আকর্ষণে, গোপাল কুধার তীত্র ভাড়নে বিপরীত
পথগামী। এ তুই পথিকের পুন্মিলন কেমন করিয়া ঘটবেণ।

ক্রমশঃ

প্রীক্ষীরোদপ্রসাদ বিস্তাবিলোদ।

## দাদা ম'শায়ের ঝুলি

(৪ •৩ পৃষ্ঠার পর)

ভট্টাচার্য্যের কর্থা শেষ হইলেও বোমকেশ কিন্নংকণ নিন্তর হইরা চিন্তা করিতে লাগিল। পিঃশেষে প্রগাঢ় প্রদা-প্রীতি-পূর্ণ কোষল দৃষ্টিতে রোগ-শ্যা-শারী বৃদ্ধের মুখের দিকে তাকাইরা কহিল, 'দাদা ম'শার আমি কি বল্ব, ভেবে স্থির করতে পারছি না। যতই আপনার কথা শুনছি ততই আমার বিশ্বর উত্তরবোত্তর বন্ধিত হ'চেচ। কিন্তু প্রস্ব রহস্ত বড়ই অটিল দেখছি। আমার পূর্কে ধারনাভেই আসত না যে শান্ধাদি ব্যাপারের মধ্যে এত তক্ষ্পুকিয়ে থাকতে পারে। মুহূরে পরেও বে লীলা থেলা এত দ্র গড়ায় একথা সহজে কে বিখাস করবে ? বিশেষতঃ পাশ্চাতা দর্শন বা বিজ্ঞানের মধ্যে এ সব কথার আভাস পাওয়া যায় না। কাকেই আমাদের কাঁচে এ গুলো একটা বিরাট হেয়ালী বলে প্রতীয়মান হয়।''

ভট্টাচার্য্য:—তোর কথার আমি কিছু মাত্র আঁশ্চর্য্য বোধ করছি না।
তোর মতন ইংরেজী নবীশ ছেলেগুলোর মানসিক অবস্থাটা প্রার ঐ
রকমই দেখতে পাই। ওটা হ'চ্চে ভােদের একদেশ-দর্শী শিক্ষার ফল।
দেশে বর্ত্তমান সময়ে যে শিক্ষা প্রচলিত হ'রেছে তাতে মানসিক দৃষ্টিটা
কিছু অধিক মাত্রায় বহিমুখী ক'রে দেয়। কাজে কাজেই•স্থল দৃশ্যের
অস্তরালে যে সমস্ত জাগতিক ব্যাপার প্রতিনিয়ত ক্রীড়া করছে সে গুলির
প্রতি লক্ষ্য• করমার চেষ্টা ও শক্তি ক্রমশঃই মন্দীভূত হ'রে আসছে।
ভার্যাভূমিতে চিরপ্রচলিত যে সমস্ত তত্ত্বাজি আর্বগ্রন্থ সমূহের মধ্যে
ভ'ড়িয়ে র'রেছে সে গুলির সহিত সাক্ষাৎসম্বন্ধে পরিচিত হ'বার চেষ্টা
এখন আর বড় একটা দেখা যায় না। কাজেই পাশ্চাত্য বিজ্ঞান শক্তি-

ভোগভূষার পর্যাবদান হয় তত দিন বার বার পর্যায়ক্রমে এই ভিন তত্ত্বের যে সামান্ত আলোচনা ক'রেছে তাহার অতিরিক্ত সমস্ত কথাই (क्रॅब्रानी रेटन मन्द्र स्त्र ।

ব্যোমকৈশ:-ভবে কি আপনার মতে বর্ষান শিক্ষা প্রণাণীর কোনই মূল্য নাই ? ইহা আপনার নেহাৎ অসঙ্গত কথা। বে শিক্ষার ফলে ইউরোপ ও আমেরিকার এত সব বড় বড় পণ্ডিত জন্মালেন সেটা কি এতই হেয় ?

ভট্টাচার্যা:-তোদের কেমন বয়েদের দোর, একেবারে ঝাঁক'রে চ'টে উঠিদ ৷ আমি কি মেই কথা বলুম ? একটু বুঝে দেখ একবালে খাপ্পা হ'সনে। আমি ইতি পূর্ব্বেই পাশ্চাত্য জ্ঞান বিজ্ঞানের প্রশংসা ভোর কাছে করেছি এবং বর্ত্তমান সময়ে আমাদের দেশের যে উহার যথেষ্ট প্রয়োজনীয়তা আর্ছে সে কথারও উল্লেখ ক'রেছি। কেন, তা বুঝিরে বলি শেন। এদৈশের লোকের মানসিক দৃষ্টি শ্বভাবত:ই অন্তম্থীন। সেটা হ'চেচ দেশের প্রাক্তিক ও আধ্যাত্মিক আরু হাওয়ার কল। তাতে এই দোষ হ'য়েছে যে বহিদৃষ্টিরও যে একটা দরকার এবং मार्थका चाह्न तम क्यांन चात्रकरे जुला शाह्न । कता तम्म अकता "মর্কট-বৈরাগ্যের" প্রাবল্য হ'রেছে এবং রজঃ শক্তির সমাক অফুণীলন না হওয়াতে হুইয়ে মিলে একটা বিশাল তামসিকতা স্বষ্ট ক'রে দেশ কে একবারে অভিভূত করে ফেলেছে। কাঞেই জাতি হিসাবে আমরা **এখন क्ला** खेलां शिला नाम, मन्पूर्वक्रत्न निष्कष्ट धरी गर्स विशव পরমুথাপেকী হ'রে প'ড়েছি। দেশের যদি প্রকৃত উন্নতির পূর্ণ প্রশন্ত করতে হয় তা হ'লে ভিতরে বাহিরে আবার একবার সামঞ্জ সংস্থাপিত क्त्राफ हरत। कांत्रन अ कृहेरम्ब मरशा लाटक य विद्वाध कन्नना करत्र সেটা ভ্রাম্বিপ্রস্ত। ছইই এক জিনিষ; একই পরম তত্ত্বের ছই ভাব,

অভএব বিরোধ কেথার? ঠিক বেন একথানি কাচ, যার এক দিকটা ভোরা বলিস concave আর একটা দিক convex, যদিও ইংরাজীশিক্ষার ফলে ভোদের মধ্যে এখন একটা দারুণ বহিমুখী ভাব এসে প'ড়েছে
তথাপি কালে ইহার প্রতিক্রিয়া অবশুস্তানী। যখন সেই প্রতি-ক্রিয়া
আরম্ভ হবে তথন আর্যা সন্তানের দৃষ্টি প্রনরার অধ্যাত্ম রাজ্যে আরুট হ'লে
ভিতরে বাহিরে একটা উদার দাম্য দেশমধ্যে প্র: প্রতিষ্ঠিত করবে। দেশ
মধ্যে আবার প্রকৃত সন্ত গুণ ফুটে উঠ্বে। 'কারণ সাম্যেই সন্তের প্রতিষ্ঠা।
তথন দেশ আবার উন্নত হ'লে উঠ্বে, আমাদের এই ধূল্যবল্ঞিতা চির
ছ:খিনী ভারতজন্নী আবার রক্ষোজ্জন মুকুটো বিভ্ষিত হ'লে আপনার
মহিমাচ্ছটার আবার জগৎ আলোক্ষিত করিবে। হার, ভাই, সে দিন কি
আসিবে? যে শিক্ষার নিকট আ্যুমি এতটা প্রত্যাশা করি তাহা বতই
অসম্পূর্ণ হউক না কেন আনি তাকে কদাচ উপেকা করিতে পারি না।

ব্যামকেন শ্রেদা ম'শার আমাকে মাপ করুন। আমি অভটা ভলিরে না ব্যেই আপনার উপর কটাক্ষ করেছিলুম। সে কথা যাক, আস্থন আমরা প্রেতভত্ত স্থক্তে আলোচনার উপসংহার করি, কিন্তু ভৎপূর্বে একবার মূল কথা শুলোর পুনরার্ত্তি করলে ভাল হয় না কি ?

ভট্টাচার্যা:—ভালকথা, আমি তোকে এতদিন ধ'রে যা বুঝিয়ে এলুম ভাহ'তে সার সংগ্রহ কল্লে এইটে দাড়ায় যে, মাফুষ বলতে আমরা বাকে বুঝি সেটা বাস্তবিক শ্বরপতঃ ঈশবের অংশ মাত্র। স্থ্যের সহিত স্থর্যের কিরগের যে সম্বন্ধ, শ্বরপতঃ 'ঈশবের সহিত ঠিক সেই সম্বন্ধ। 'কীবাআ্বার প্রকৃতি ভোগের জন্ম বিবিধ উপাধির প্রয়োজন হয়। এই ত্রন্ধাণ্ডে সাতটি লোক আছে। ভোগাসক্ত জীব তার মধ্যে নিয়স্থ লোকতার অর্থাৎ, ভূং, ভূবং, বঃ এই তিনটা লোক আশ্রম ক'রে থাকে। বত দিন না

লোক ভোগ হ'তে থাকে। মাহুব যথন মরে, তথন ভাহার অঞ্চ কিছু পরিবর্তনই হয় না, কেবল জাবাত্মা যে উপাধির আশ্রের এত দিন পর্যান্ত ভূলোক ভোগ কচ্ছিলেন সেই উপাধিটা নাই হ'রে যায়। তথন জীবাত্মা ক্লুল উপাধি অবল্যন করে এথমে জুরুলাক পরে সংলাক বা স্বর্গলোকে অবস্থান করেন। কিন্তু তুল দেহের পতনের পর সকলেরই ঠিক এক অবস্থা প্রাপ্তি হয় না। বিগত পাথিব জীবন, বারা স্বধু কাম জোধাদি রিপ্ চরিতার্থতার জন্ম নাই করেছেন, মৃত্যুর পর ক্লুল শরীরে বাসকালে তাঁদের একটা ভয়ানক কটের অবস্থা উপ্স্থিত হয়। যত দিন এই অবস্থা থাকে ততদিন ভাকে, প্রেত' বলা হয়। যাকে লাকে 'ভূত' বলে অভিহিত করে, সে জিনিষটা আর কিছুই নয় এই শ্রেণীর জীব। এখন বল দেখি আমি যে এতদিন ধরে মাথ, বকালাম, সেটা কি শুধু পঞ্জমন্মাত্র হ'ল, না তুই কিছু ব্রাণী প এখনও কি মনে হয় যে ব্যক্তি ভূতে বিশ্বাস করতে পাল্র ভার চৌদপ্রব্যের মধ্যে কেহ ক্রিনও তোরা যাকে science বলিস্ভার পাড়া দিয়েও চলেনি?

ব্যোমকেশ। দাদানী শায়, থ্ব এক চোট্ বলে নিলেন দেখচি। কিন্তু একটা বিষয়ে এখনও মনের মধ্যে কিছু খট্কা থেকে গেল। ভূত যদি স্ক্রশরীর বিশিষ্টই হ'ল তবে তাকে দেখা যায় কি করে ?

ভট্টাচার্যা। সাধারণ দৃষ্টিতে ভূতকে দেখিতে পাওয়া সম্ভব নয়।
কারণ ভূবণৌ কিক প্রকৃতি জড়ের (Etheric) আকাশিক অবস্থা হতেও হল্ম। কিন্তু কথন কথনও প্রেতাত্মা পার্থিব মামুবের নিকট আত্মপ্রকাশ করতে অভিলাবী হয়ে থাকে; সেই আত্মপ্রকাশ চেষ্টার ফলে ভাহার দেহ ঘনীভূত অবস্থা প্রাপ্ত হতে পারে। এবং সেই সময়ু সে সাধারণ পোকের অকি গোচর হয়ে থাকে।

ব্যোদকেশ। ভবে কি ইউরোপীয় প্রেভতত্ববাদীরা spiritualists-

বে materialisation বা পরলোকবাসা জীবের ঘনীভূত জড়দেহ ধারণ ব্যাপারের উল্লেখ করে থাকেন গেটা নেহাৎ আজ্ঞ ধবি কথা নর ?

ভট্টাচার্যা। হাঁ তাঁদের কথা ওনেছি বটে। যতদূর বেনেছি ভাতে মনে হর তার্নিজেদের ভাগোচভার কলে মৃত্যুর পর জীবের ্বে অন্তিত্ব থাকে এ কথাটা অনেকটা নিশ্চর রূপে বুঝাতে পেরেছেন। 'কিন্তু তালের spirit কথা অনেকটা খিঁচুড়ী গোছের হ'রে র'রেছে ! পরলোকে বে জাবাত্মার বিভিন্ন সময়ে বিভিন্ন ্সে সম্বন্ধে তাঁরা এখনও বিশেষ কিছু তণ্য নির্ণয় করতে পারেন নি। আমাদের সাধারণ লোকের মধ্যেও "ভৌতিক" এই শদট। ভূবলোক সংক্রাম্ব অনেকবিধ বাাপারের তাপক হয়ে আছে। কিন্তু বিশেষরূপে चोलाहना कतल तथा यात्र ६६ और ममछ जाली किक वााभारतत - - - প্রত্রের বাদী উর্দামী কারাবার মতি অর সংস্রাই থাকে। অবত এব মৃত্যুর পর" হ'তে আরম্ভ করে প্রেতদেহের "বিনাশ পর্যাস্ত বে সমস্ত বাাপার ঘটতে পারে এবং অক্সান্ত যে সমস্ত ব্যাপার "ভৌতিক কাণ্ড"বা কোন মৃত মামুষের প্রেভাত্মার দারী অমুষ্ঠিত কার্যা বলে সাধারণ লোকের বিশাস সেই সমস্তির একটু বিস্তৃত আলোচনা করা যাক। ভাহালে তুই বুঝতে পার্বি যে ঠিক ভৌতিক কাণ্ড কোন খুলো।

ব্যোমকেশ। ভাল মুক্তিগেই পড়লুম। তবে ক্রমণাই নূতন নূতন ফাঁকড়া বেক্ছে দেখিছি। কোগার ক্রমণা পরিকার হয়ে আগবে না গগুগোল বৈড়ে চ'লেছে।

ভট্টাচার্যা। কি করব ভারা একটা প্রশ্ন বিজ্ঞাসা করা বত সহক ভার নীমানো করা তত সহজ নর। আছো তোর আজকে বিরক্তি বোধ হর কাল পুনরার আরম্ভ করা বাইবে। মশঃ )

द्यीमनद्यानिन मन्द्री ।

#### অলৌকিক রহস্য।

১২শ সংখ্যা।

প্ৰথম ভাগ।

िटाब, २७३७।

#### শীৰ্জ অলোকিক রহস্তের

সম্পাদুক মহাশয়

•সমীপেৰু

बरहामन,

এবারৈও একটা প্রকৃত ঘটনা প্রাঠাইলাম। আশা করি এ**টা**র উপরেও আপনার কুপাবারি সিঞ্চিত হইবে।• \* \* \* \* \* \* \* \* \* ইতি

বশংবদ শ্রীবিজয়ক্কণ্ণ ভট্টাচার্য্য।

## প্রেতাত্মার.অর্তাপ

ছই বংসরের পর, প্রীযুক্ত গিরিশাচন্দ্র চূড়ামণি মহাশর এবার কালী পূলার সময় আমাদের বাটাতে পদার্পণ করিয়াছিলেন। চূড়ামণি মহাশর আমাদের দেশ্লে অনাম প্রসিদ্ধ একজন রুতবিষ্ণ বালাণ পণ্ডিত। বান্ধাণ পণ্ডিত বলিয়া কেহ যেন মনে না করেন, তিনি অন্তঃসার শৃত্যু পাণ্ডিত তার অভিমানে উচ্চ মন্তকধারী। তাঁহার শাদ্ধে ভীক্ষ দৃষ্টি ত আছেই, অধিকন্ধ, স্থরসিক, স্থবক্তা এবং আক্রকাল বাহাকে মন্তনিল অমকাল কলে ভিনি তাহাই।

কালী পূজার রাত্রি—অমাবস্থা—তাহার উপর ভীষণ অন্ধকারে চারি

দিক সমাচ্ছন, কোলের মান্তব পর্যান্ত দেখা বাইতেছে না। পূলা শেষ হইরা গিরাছে, ভোজনান্তে সকলে চূড়ামনি মহাশরতে বিরিয়া বৈঠক-খানাতে নানারূপ পর করিছে। চূড়ামনি মহাশরত সর্কল কথার উত্তর দিতেছেন এবং মধ্যে মধ্যে আপুনার সহাস্ত-মুখ-নি:স্তত-বাক্যে উপবিষ্ট লোক সমূহকে হাসাইতৈছেন, এমন সমান হঠাৎ পার্যস্তিত ঢেঁকিশাল হইতে ছম ছম করিরা ঢেঁকির শক্ষ হইল। সকলেই নিবিষ্ট মনে চূড়ামনি মহাশরের গল্প শুনিতেছিল, সহসা এও রাত্রে ঢেঁকির শক্ষ শুনিয়া, কেন যে এরূপ হইল ইহা দেখিবার জন্ত ব্যথা হইল এবং তাঁহার অনুমতি অনুসারের কারণ অনুসন্ধানের নিমিন্ত, ৭৮ জনে মিলিয়া বাহিরে আসিল। যদিও মঞ্জলিসের মধ্যে অনেকে সাহসী ছিল, তথাপি কেইই একাকী যাইতে অগ্রসর হইল না,—কি জানি যদি ভূত হয়\*?

টে কিশালের নিকটে আদিরা প্রথমে ফেইই প্রবেশ করিতে চাহিল
না। নানা কথা কাট্য কাটার পরে সকলে এক সঙ্গে ভিতরে প্রবেশ করা
উচিত ইহা স্থির করিল এবং ঘারের শিকলি খুলিরা যেমন আলোক হত্তে
প্রবেশ করিল অমনি একটা বিকট চীৎকার করিয়া একজন স্ত্রীলোক
টে কির উপর হইতে লাফাইরা পড়িল। স্ত্রীলোকটীকে প্রথমে দেখিরা
সকলেরই চৈতন্ত লোপ পাইবার উপক্রম হইল, কিন্তু অমুসন্ধিৎস্থগণের
মধ্যে একজনের উৎসাহ বাক্যে আর্যন্ত হইরা যথন অপরাপর সকলে ভাল
করিয়া নিরীক্ষণ করিল তথন দেখিল যে, সেই স্ত্রীলোকটা পাড়ার
গোরালাদের উন্মাদ রোগাক্রান্তা 'কেন্তি'।' বোধ হয়, প্রসাদ খাইবার
আশার ব্রের মধ্যে বিস্রাছিল, কিন্তু কাহারও সমক্ষে পড়ে নাই; অবশেষে বাড়ীর দাসী কর্তৃক এইরূপে আবদ্ধ হইয়াছিল। বাহির হইবার
উপার না দেখিয়া নিজের বৃদ্ধির প্রভাবে উপস্থিত জনসমূহ কর্তৃক মুক্ত
হলৈ। এবং চীৎকার করিতে করিতে অন্ধারে কোথায় ভিলয়া গেল।

সকলে ভাবিয়াছিল এক, হইল—আর এক, ইহা লইয়া মন্ত সমালোচন। করিতে করিতে চূড়ামনি মহাশরের নিকট উপস্থিত হইয়া যাহা ।
যাহা ঘটিয়াছিল সমন্তই বিহুত করিল এবং "ভূত কি আছে" "ভূত :
নাই" ইত্যানি মহা আড়ম্বর্ক কথার আফালন করিচ্চ লাগিল। ভাহাদের কথা সমাপ্তির পর চূড়ামনি মহাশর বলিলেন—"বাবু, ভোমরা ভূত বা প্রেতায়া বিশ্বাস কর না, অথচ ভর্টুক্ও ছাড়িতে পার না। আমি
কিন্তু বিশ্বাস করি। আমার এমন একদিন গিরাছে যে দিন প্রেতায়ার সহিত কথাবার্তা কহিয়াছি।"

সকলে সমস্বরে বলিয়া উঠিল—"সে কিরুপ ?" চূড়ামণি মহাশন্ন বলিলেন—"তোমরা বিখাস করিবে না, কারণ, আধুনিক পাশ্চাভ্য আলোকে তোমাণের স্বন্ধ আলোকিভ, আমাদের প্রাভন ব্যক্তির কথা কি সেধানে স্থান পাইবে ?"

সকলে বলিল —''আপনীর কথা জ্যের। বেদৰাক্যের স্থায় ভাবিয়া থাকি।''

চূড়ামণি মহাশন বলিংলন—''যদি তাহাই ভাবিয়া থাক, তাহা হইলে ঘটনার সমস্ত কথাই বলিতেছি শ্রবণ কর।—

'রামচন্দ্র শিরোমণি নামে আমার এক জাঠতুত ভাই ছিলেন। তিনি দেখিতে স্পূর্পর ছিলেন। সাংসারিক বিষয়ে তাঁহার মত স্থাক ব্যক্তি অতি অরই দেখিতে পাওয়া বায়,—বিশেষত: মামলা বিষয়ে। তিনি আইন এত ভাল করিয়া ব্রিতে পারিতেন যে বড় বড় 'আইনজীবীও তাঁহার মত ব্রিতে গারিত না। কিন্তু হায়, এত গুল্ল থাকু। সংক্তে অভিশন্ন সার্থপরতা হেতু তিনি একবারে মাটি হইয়া গিয়াছিলেন।

''দশ বংসর বরসের সময় আমার পিতৃবিয়োগ হয়। রামচক্র দাদার বয়স তথন সভার বংসর। পিতার জীবিভাবস্থায় আমরা সকলে একাল- বর্ত্তী ছিলাম; স্থতরাং তাঁহার মৃত্যুর পর রামচন্দ্র দাদাই সংসারের কর্ত্তা ছইলেন। অর বয়সে তাঁহার পিতৃ মাতৃ বিয়োগ হওয়াতে, পিতাঠাকুর মহাশর তাঁহাকে অভিশর ভালবাঁসিতেন এবং আমিও নাবার্শক বলিয়া আমাদের বিদেশুন্ত্রিত জমি ভারগা, কোথার কত ধার্গু পাওয়া বার, কে কত টাকা ধারে প্রভৃতি সমন্তই তাঁহার পরিচিত করিয়া দিয়াছিলেন ও তৎসম্বনীয় দলীল পত্র, হাওনোট ইত্যাদি সমন্তই তাঁহার হতে দিয়া গিয়াছিলেন।

"পিভা ঠাকুরের মৃত্যুর পর দশ, বার বৎসর আমাদের সংসারে তিনি কর্ত্তারূপে বিরাট্রত ছিলেন। এই সময়ের মধ্যে তিনি প্রকাদিগকে এত বাধ্য করিয়াছিলেন যে একবার লাদেশ করিলে তাহারা প্রাণ পর্যান্ত দিতে পারিত। আমাদের অধিকাংশ প্রকাই মুসলমান। তাহারা ধর্মজীর এবং চিরক্বতক্ত লাতি। আপদে বিপদে রক্ষা করিলে চিরকালই তাহারা উপকার মনে রাক্ষ্মে স্বতরাং আদেশ রক্ষা করিলে এব তাহারা রামচক্র দাদার আজ্ঞান্থবর্ত্তী হইবে তাহাত্তে আর আশ্চর্যা কি।

"অধিক দিন আমরা একারে থাকিতে পাদিলাম না। কারণ, আমি
সাবালক হইয়াছি, বিবাহ হইয়াছে, স্তরাং নিজের বিষয় নিজে দেখিলেই
ভাল হয়—এই'হিতোপদেশটা' আমি আত্মীয় অজনের নিকটে শিক্ষা করিলাম, এবং ইহাও শুনিলাম যে পিতাঠাকুরের মৃত্যুর পর আমাদের
সংসারের সমন্ত থরচ কুলাইয়া যাহা কিছু উদ্ভ হয় তৎসমন্তই রামচক্র
দাদা নিজের নামে পোষ্ট আফিসে জমা থাথেন। আমি তাহা হইতে
একেবারে বঞ্চিত হইয়াছি। ইহা শুনিয়া অবধি আমার পূথক হইবার
বাসুনা বলবতী হয় এবং এক মাদের মধ্যেই তাহা কার্য্যে পরিণত করি।
আমি নিজে তাহার মুধের উপর কিছুই বলিতে সাহস করি নাই, আমার
স্বন্তরই ইহার প্রধান উদ্যোগী হইয়া একরূপ মীমাংসা করিলা দিয়াছিলেন।

"পৃথক হইবার পর এক বংসর পর্যান্ত আমি বুঝিতে পারি নাই— জিতিলাম ক্রি ঠকিলাম। কারণ আমার মনে দৃঢ় বিশাস ছিল যে রাষচন্ত্র দাদা আমাকে।কথনই ঠকাইবেন না। কিন্তু সে বিশ্বাস শীঘ্রই দুর হুইল এবং বুঝিতে পারিলাম ধে, দুরবর্তী স্থানে বে দকল জীম আছে তাহার অধিকাংশই রামচক্র দাদার দথলে। তিনি বৎসরাস্তে সেথানে যাইয়া যাহা কিছু পান তৎসমূদর বিক্রন্ন করিয়া টাকা সংগ্রহ ক্রেন। তথু ইহাই নর, সম্বংসরের কাঠের যোগাড় হইতে পারে এমন একটি জল্প হইতেও বঞ্চিত ্র হইয়াছিলাম। এই সব শুনিয়া প্রথমে আমার ক্রোধের সঞ্চার হইরা-ছিল, কিন্তু যথন বুঝিলাম যে তীহাঁর সন্তানাদি হইবার সভাবনা নাই, তাঁহার অবর্ত্তমানে সমস্ত সম্পত্তি আমারই হৈইবে, তথন আর মকদ্দমা করা বিধেয় নহে, এইরূপ স্থির করিয়া তাহা হইতে নিরন্ত হইলাম। কিন্তু হায়, ভবিতব্যতার হস্ত হইতে কেহই নিস্তার পায় নাু।॰ সামুদ্রে 年 সাধ্য অদৃষ্ট-লিখিত হাংখৈর বোঝা ফেলিয়া দিয়া স্থখতক্ষী শান্তি ভরা ছায়ায় চিরকালই সমাসীন,থাকে ৷ আমার অদৃষ্টে কট আছে, আমি নিরস্ত थाकिरन कि **ब्हेर**व ? खिकंदा हाफ़िन ना-र्म निस्त्रत कार्या कतिन.-তিলে ভাল হইল-সামান্ত খুটি নাটী লইন্নী ভীষণ ঝগড়া আরম্ভ হইল,---তাहाর करन मकदमा वाधिन। আত্মি পূর্ব্বেই বলিয়াছি রামচক্রদাদার মত আইন বুঝিতে অতি অল্ল লোকই পারিত। একেত্রে তাহাই ঘটিল, তিনি মকন্দমা এক্সপ ভাবে দাঁড় করাইলেন যে তাহাতে আমিই দোষী সাব্যস্ত হইলাম। আমাকে সে বারে হারিতে হইল।

"নিম্ন কোর্টে হারিবার পর, উপর আদালতে আপীল করিলাম। তাহার ফলে, আমি বে দোবী সাবান্ত হইরাছিলাম তাহা হইতে নিস্তান্ত পাইলাম এবং পরে যে এই মকদ্দমতে জন্নী হইতে পারিব তাহাও বুঝিজে "একাদিক্রমে তুই বংসর ধরিরা মকলমা চলিল। যথন রাম বাহির হইল তথন শুনিলাম বে আমিই জিতিরাছি। আদালুত হইতে মঞুর হইরাছে বে, দ্রবর্তী জমি সমূহের ও জলনের অর্কার্ডশের মালিক আমি। যে সমর্গুআমি জরী হুইলাম—তথন অগ্রহারণ মাসের শেষ হইরা আসিরাছে, ধাল্ত কাটিবার সমর হইরাছে। এই সমরে দখল করাই শ্রেরস্কর এই ভাবিরা লোক লম্বর লইরা বাও দিনের মধ্যে রওনা ন্ইলাম। কিন্তু, হিতে বিপরীত হইল, মন্ত দালা বাঁধিল,—আমার দলের তিন জন ভীকা রূপে আহত হইল এবং আমি যদি সে সমর প্রাপ্তনে বাড়ী পলাইরা না আসিতাম তাহা হইলে বোধ হয় আর ইহ জরের গৃহে ফিরিতে হইত না।

"বাড়ীতে আসিয়াই মেদিনীপুর ঘাইবার বন্দোবস্ত করিলাম এবং সংস্থানিকাণীর অনেক নিষেধ সম্বেও সেই দিন সন্ধার সময় রওনা হইলাম।

"মেদিনীপুরে সমস্ত কাঁহ্য সারা হইয়াছে। তথন এদিকে রেল হয় নাই, অগত্যা গরুর গাড়ী ভিন্ন উপান্ন ছিল না। রাত্রি নয়টার পর গাড়ী ছাড়িবে, থাওয়া দাওলা শেষ হইয়া গিয়াছে, গাডোয়ান কেবল সঙ্গিগের অপেক্ষাতেই দেরী করিতেছে। তাহারাও জুটিল—গাড়ী ছাড়িয়া দিল। গাড়ীতে উঠিবারু সময় আমার হনে হইল, কে যেন আমার ঠেলিয়া দিয়া অতি বাস্ততার সহিত গাড়ীর মধ্যে প্রবেশ করিল। গাড়োয়ান তথন লগুনটা গাড়ীর নীচে বাঁধিবার উল্লোগ করিতেছিল, আমি তথনই ভাহার হস্ত হইতে লগুনটা কাড়িয়া লইলাম ও গাড়ীর মধ্যে ভাল করিয়া নিরীক্ষণ করিয়া ভ্রান্তি অপনোদন পূর্বক পুনরায় তাহা ক্ষেত্রাইয়া দিলাম। গাড়োয়ান জিজাসা করিল,— এরপ

করিলেন কেন ? আমি বলিলাম,—কিছু না। গাড়োয়ান আর কিছু না বলিয়া গাড়্টী ছাড়িয়াদিল। সে রাত্রি ও তাহার পর দিন সন্ধা পর্যান্ত গাড়ীতে বৃদ্ধিলাম।

"পদ্মা উত্তীৰ্ণ হইয়াছে। 🕳 আর ত্রিন মাইল রাক্তা অতিক্রম করিলেই আমাদের গ্রামে পৌছিব। পূর্বারাত্র হইতে আজ সন্ধা পর্যান্ত সমান ভাবে গাড়ীতে রহিয়াছি; কিন্তু কেন যে সহসা নামিবার ইচ্ছা হইল ৰণিতে পারি না, কোথা হইতে কে যেন আমাকে আকর্ষণ করিল-আমি গাড়ী হইতে নামিয়া পজিলাম এবং প্রাড়োয়ানকে পশ্চাতে আলিতে বলিয়া বাড়ীর দিকে অগ্রসর হইলাম। কিছু দূর অগ্রসর হইয়া মনে মনে চিন্তা করিলাম যদি পাকা রান্তা ছাড়িয়া নদীর ভীরে তীরে বাই তাহা হইলে অতি শীঘ্রই ৰাড়ীতে উপস্থিত হইতে পারিব; কিন্তু একাকী বাইতে সাহস হইল না। আর বদি কেন্তু সৃ<u>ক্ষী হইত।</u> এই কয়টা কথা ভীবিতেছি এমন সময় সম্মুধে কিয়দ,রবর্তী বৃশান্তরাণ হুইতে কে যেন অভি ক্ষাণকঠে সম্বোধন করিয়া বলিল,--'গিরিশ, এস--আমিও তোমার দঙ্গে বাইব।'

"পরিচিত লোক ভাবিয়া অতি স্বর সে স্থানে উপস্থিত হইলাম এবং দেখিলাম যে একটু দুরে আহ্বানকারী দাঁড়াইয়া রহিয়াছে। অন্ধকারে চিনিতে পারিলাম না। আমি জিজ্ঞাসা করিলাম—''আপনি কে ?'' উত্তর হইল—"আমি''। আমি পুনরায় জিজাসা করিলাম— 'আপনার নাম কি ?' কাণ কঠে পুনরায় উত্তর হইল—"রামচন্ত্র।'

"রামচক্র দাদার নাম শুনিয়া আমি অত্যন্ত বিশ্বিত হইলাম: কারণ. যিনি আমার প্রধান শক্র, যাঁহার সহিত বাক্যালাপ বন্ধ, তিনি এক্সপ ভাবে আহ্বান করিতেছেন কেন ৷ তবে কি কোন গুপ্ত অভিসন্ধি আছে ? এইরপ মনে মনে আলোচনা করিয়া, জিজ্ঞাসা করিলাম,— 'আপনি কোণা হইতে আসিতেছেন ?' কাতর কণ্ঠে উত্তর হইল— 'নিকটবর্ত্তী কোন স্থান হইতে আসিতেছি। তোমার সঙ্গে বিশেষ আবশুক আছে।'—এই বাক্যগুলি গুনিয়া ভয়ে আমার শরীর্ফুকাঁপিতে লাগিল। আমি মনে মনে নিজের ছুর্ব্ছুিকে শভ শভ গালাগালি দিলাম; কারণ, যদি গাড়ীতে থাকিতাম তাহা হইলে গাড়োরান ত **বিঞিৎ প**রিমাণেও আমার সাহায্য করিতে পারিত। যথন শক্তর করেল পঞ্চিয়াছি তথন আগ্র উপায় নাই,—এইরপ চিন্তা করিয়া আমি বলিলাম,—'কি আবশুর ?' জড়িত কঠে উত্তর হইল,—'ভাই, আমার সবই শেষ হইয়াছে। একণে ভোমাকে কভকগুলি কথা বলিৰ, পার ড' পূরণ করিও।'—ম্বর শুনিয়া বোধ হইল যেন তিনি ক্রন্দন করিভেচেন।

''আমি তথনও কিছুই বুঝিতে পারিলাম না। পুনরার জিজাসা ক্রিলাম.—'সে কথা এক্লণে বলিবেন কি ?'

'না,--চল, রাস্তাহত বলিব,'--এই বলিয়া যেন তিনি অগ্রসর হই-লেন। কতক বিশ্বার-কভান ভারে-কভক আবেগে জড়িত হইরা আমিও মন্ত্রমুগ্নের ভার তাঁহার অনুবরণ করিলাম। ক্রমে নদী, মাঠ পার হইলাম, তথাপি কোন কথা বলিলেন না।

'বাটীর সমুধস্থিত আত্রকাননে প্রবেশ করিয়াছি, এমন সময় তিনি বলিলেন,—'দাঁডাও আমার বক্তবা শেষ করি,'—এই বলিয়া আমার প্রভাৱের পাইবার অগ্রেই অতি ক্ষীণ ও কাতর স্বরে বলিতে লাগিলেন,— ্'গিরিশ, না'বুঝিয়াু তোমার সঙ্গে ঝগড়া করিয়াছি। যেমন করিয়া-ছিলাম তাহার ফলও ঘণাবথ পাইয়াছি। একণে আমার অফুরোধ— পূর্বাকৃত কার্য্যের জন্ম আমায় কমা কর। তুমি অতি দরলচিত্তে আমায় বিশাস করিয়াছিলে, কিন্তু, আমি তার খুব প্রতিদান দিয়াছি /

"আমি তথনও ব্ঝিতে না পারিরা বলিলাম—'সে সব আর উলেধ করিবার প্রয়োজন কি? যাহা হইরা গ্রিয়াছে তাহার ত আর উপার নাই!'

তিনি বলিলেন—'সেই জক্ত ভোমার নিকট অমুভাপ করিতেছি। একণে তুমি বল আমাকে ক্ষমা করিলে, নত্বা কিছুতেই আমার শাস্তি পাইবার আশা নাই। অনেকু পাপের জন্মু আমার এই অবস্থা ইইয়াছে!'

"আমি বাধা দিয়া বলিলাম—'আমি কে, যে আঁপনাকে ক্ষমা করিব। ভগবানের নিকট প্রার্থনা কঁরুন, তিনি আপনাকে ক্ষমা করিবেন। আপনার কি এমন অবস্থা হইয়াছে যে এওঁ অনুভাপ করিতেছেন ?'

'তিনি আমার কথা শুনিয়া ক্রন্দনী করিতে করিতে বলিলেন—
'গিরিশ, আমার বে কি কট তাহা তুমি ব্ঝিতে পারিবে নাশ আমি
মরিয়াও শান্তি পাইতেছি না! জীবিতাবস্থায় তব্ও স্থাও ছিলাম,
কিন্তু একণে মনে, হয় য়েন প্রজ্ঞলিত অগ্নিতে সদাসর্বাণ। আমি দশ্ম
হইতেছি। তাহার বে কি বস্ত্রণা তুমি কেমন করিয়া ব্ঝিবে! ভাই,
আমার শেষ অমুরোধ,—উভর সম্পত্তির মালিক একণে তুমি, কিন্তু
দেখিও যেন সেই 'হতভাগিনী' অনাহারে মৃত্যু মুখে না পতিত হয়'—
এই বলিয়া তিনি অন্ধকারে কোথায় মিশিয়া গেলেন!

"আমি তথন সমস্ত ব্ঝিলাম এবং উন্মাদের ক্লায় বাড়ীর দিকে ছুটিলাম। বাড়ীতে প্রবেশ করিবামাত্র মাডাঠাকুরাণী প্রভৃতি আমাকে দেখিয়া উচ্চৈঃশ্বরে ক্রন্সন করিতে লাগিলেন। তাঁহাদিগকে একটু সাজনা করিবার পর শুনিলাম,—যে রাত্রে আমি মেদিনীপুর হইতে রওনী হই, সেই দিন সন্ধ্যার সময় কলের। রোগে রামচক্র দাদা প্রাণত্যাগ করিবাছেন। হার ! যদিও তিনি আমার শক্র হইয়ছিলেন, তথাপি

ভাঁহার মৃত্যুতে আমার বক্ষ:স্থল চূর্ণ বিচুর্ণ ইইরা গিরাছে !"—এই কথা খাল বলিরা চূড়ামণি মহাশর বালকের ভার জন্দন করিতে লাগিলেন। আমরা তাঁহাকে কোন প্রকারে সাখনা করিয়া বিশ্বিতার্থ:করণে সেরাজের জন্ত বিদার ইইলাম।

শ্ৰীবিজয়ক্ত্বক ভট্টাচাৰ্য্য।

#### সফল-স্বর্থ।

-:(\*):--

প্রথম প্রেরদীর তিরীগ নিতান্তই মর্মান্তিক শোকাবহ; আমার পক্ষে
আবার একটু বিশেবছও ছিল। যথন আমার স্ত্রীর মৃত্যু হয়, তথন
আমার পাঠাবস্থা। আমি কলিকাতায় থাকিয়া বিভাভাাস করিতাম,
গ্রীয়ের ছুটির পরে বাড়া হইতে কলিকাতা আসিবার পূর্কদিন রাত্রে
আমাদের মধ্যে সামান্ত বাদান্তবাদ হইয়া সেই কলহ হঠাৎ মর্মান্তিক
হইয়া পড়ে। ঝগড়াতে আমি এত উত্তেজিত হইয়াছিলাম যে আমার
ক্রদরে মৃত্যু কামনা পর্যান্ত উদিত হয়। ক্রোধ-পরবশ হইয়া হঠাৎ
বিলয়া ফেলি ভগবান যেন এই করেন, এযাত্রা যেন আমায় আর
ক্রিয়া আসিতে না হয়; আর যেন ভোমার সহিত আমার দেখা
না হয়।'—প্রত্যন্তরে আমার স্ত্রী বলিল, "তুমি ক্রিয়া আসিয়া যেন
আমাকে আর না দেখ, ভগবান যেন ভাহাই করেন।' অন্তর্যামি যেন
ভাহার কথা শুনিতে পাইয়াছিলেন। আমি বাড়ী যাইয়া আর ভাহাকে

দেখিতে পাইনাই। ওলাউঠা রোগে ২৪ ঘণ্টার মধ্যে তাহার মৃত্যু হর। ইতঃপুর্বে আমার একটা পুত্র সন্তান জন্মিরাছিল। তাহার বরস তথন আছাই মাস। আমার স্ত্রীর মৃত্যুর তিন চারিদিন পরে সেই ছেলেটাও মারা যায়। আমার ও জ্বামার স্ত্রীর শৈষ বিদার এইরূপ মর্দ্মান্তিক হওরাতে পত্নী বিয়োগে আমি বিশেষ রূপে কাতর হইরা পড়ি।

আমা যুত্যুর প্রার ছইমাদ পরে, একদিন আমি ভাহাকে খ্বপ্লে দে ত হার পূর্বে কি পরে আর কথনও তাহাকে খ্বপ্লে দেখি নাই। পথ তি আশর্ট্য এই স্বপ্নটার একটি বিশেষ্থ এই বে, বে সমরে বেভাবে শুইরাছিলাম স্বপ্রেও দেখিতে পাইলাম আমি সেই चरत्र, रमरे विष्ठानात्र रमरे ভाবে क्ट्रेश चाछि। चन्न रमधात ममग्न जनः স্বপ্নদৃষ্ট সময়ও এক। স্বপ্নে দেখিলাম আমি শ্যুন করিয়া আছে, আমার বাম পাখেঁ আমার মৃত পত্নী অর্দ্ধায়িত অবস্থায় উপাধানে বাছ ন্যন্ত করিয়া অরুন্থিত; আমি তাহার দিকে ফিরিয়া তাহার সহিত্ গর করিতেছি; স্থামার বর্ত্তমান স্ত্রা, (তথন পর্যান্ত তাহার সহিত বিবাহ বা বিবাহের কথাও হয় নাই এবং তাহার পূর্ব্বে তাহাকে কথন দেখিও নাই,) তথন অল বয়ন্তা বালিকা, অপর পামে অর্থাৎ আমার পশ্চাতে গাঢ় নিদ্রাভিভূতা। অনেকক্ষণ পর্যান্ত আমাদের গল চলিতেছিল। কথার কথার আমার স্ত্রী বলিল "তুমি কেবল আমার সঙ্গেই গল কর, আর ওর দিকে ফিরেও চাওনা কেন ?" এই কথা গুনিয়া আমি একটু বিশ্বিত হইয়া বলিলাম "ও কে ? কোণাকার এক খুদে বালিকা, ভার সঙ্গে আবার কি কথা বলিব? আর ওকেত চিন্তে পাছিনা; ও এখানে কেমন করে এল ?" - এই বলিয়া একবার মুখ ফিরাইয়া ভাতার চেহারাটা ভাল করিয়া দেখিয়া লইলাম। আমার স্ত্রী বলিল "ওই

আমি। এইবে আমাকে দেখিতেছ এই আমি'ত ম'রে গেছি। ওই তোমার আসল স্ত্রী। আমিই ও।"

আমি তাহাকে উপহাস করিয়া বলিলাম 'তুমি'ত বেশ বিক্চার (lecture) দিতে শিঁপেছ! তোমার এই "থিয়লজিকেল লেকচারটা (Theological lecture) ধর্ম সমাজের জন্ম রেথে দিলে বেশ ভাল হয়। তোমার কিন্ত বাহাদুরী খ্ব, মরে গিয়ে ময়ে আমাকে দেখা দিয়ে বলছ—''ঐ তুমি।" 'তুমি যেন সতীদেহ তাগে ক'রে গিরিয়াজ-ক্যা উমা হ'য়ে এসেছ। ভূদেব বাবুর পারিবারিক প্রবন্ধ "বৃধি শীঘ্রই পড়া হয়েছে? তোমার কথায় বোধ হচ্ছে ওটি আমারই স্ত্রী; ওকে বিয়ে করার কথাও আমার মনে পড়ে না।

সে বলিল 'তোমার মনে পড়ুর্ক বা না পড়ুক, যথন জাগবে তথ-নই-নন্ত ব্রতে পারৰে। এখন তুমি স্বপ্ন দেখছ। আমি সভ্য সভাই ম'রে গেছি। আমার সভা চিভাটা দেখেও কি ভোমার বিখাস হয়না বে, আমি ম'রে গেছি?

আমি বলিলাম, 'এমন চিতা আমিও হাজার হাজার সাজা'রে রাখতে পারি। যা'ক এই রকম আলাণ আমার ভাল লাগেনা; এই ক'রে বুঝি তুমি আমার মন বুঝতে চাও যে তুমি ম'রলে আমি আবার বিরে করব কিনা? তাই নাকি? কৌশলটি কিন্তু বেস!

সে বলিল, ছি, তা'কেন ? আমি'ত ম'রে গেছিই। 'তোমাকেই আমি অনুরোধ করি তুমি বিরে কর। আর ঐয়ে দেখ ভোমার ত্রী ঐ আমিই," ইহা" ঠিক জানবে। যতক্ষণ তুমি আমার এই চেহারা দেখতে পাচ্চ, ততক্ষণ আমার কোন কথাই তোমার বিখাস হবে না, স্থপ্ন ভালিলেই:সত্য টের পাবে।'

ু আমি বলিলাম, মহাশয়, ক্ষমা করণ আমার এমন স্থা ভালা-

রও দরকার নাই, সত্য ব্ঝারও দরকার নাই। যে লোকটার সক্ষে মুথোমুথি বদে আলাপ করিছি সে ম'রে গেছে এমন ধ্রুব সৃত্য কথাটা যে কি খুণরাধে আমাকে বিখাস করতে হবে বুঝিনা। এখনও এতটা 'উনপঞ্চাশের' ঝোক আমার ঘুড়ে চাপে নাই।"

ন্ত্রী। সবই বিশ্বাস করবে। কিঁজ এখন তোমার বিশ্বাস হবেনা।
বা'হোক আমার কথা গুলি ঠিক মনে রেখ। ভোর হয়েছে, আমি
চ'ললাম।" এই খলিরা সে'জারুহিতা হইলা। আমার অপ্ন ভঙ্গ হইল।
অপ্নভকে অভিত হইরা বিছানার উপর কিছুকাল বিসরা অপ্নদৃষ্ট ঘটনার
বিষয় ও অপ্ন দৃষ্টা ভবিষ্যৎ ক্লীক চেহারাটা মনে রাখিতে চেষ্টা করিতে
লাগিলাম। চেহারাটাও মনে রহিল। তুই এক মাস পরে অপ্নের কথা
ভূলিরা গোলাম। অপ্ন বিবরণটা গুই একজন বিশেষ বন্ধু ভিন্ন আর
কাহাকেও বলি নাই। তাহারা আমাকে হাসিয়া উড়াইয়া দিল।

আমার স্ত্রীর এমৃত্যুর প্রায় ৮ মাস পরে আমার দিতীয় পক্ষে বিবাহ হয়। বিবাহ রাজে আমি এবং আমার নব পরিণীতা পদ্ধী কিছু কালের জক্ত নির্জ্জনে একটারে থাকি। এই সময়ের মধ্যে তাহার সহিত্ত সামান্ত ছই একটি কথাও হয়। অতি অর সময়ের মধ্যেই সে ঘুমাইয়া পড়ে। আমি ১০.১৫ মিনিটকাল উন্মনস্কভাবে কি চিন্তা করিতে ছিলাম। নিজিতা স্ত্রীর মুথের দিকে হঠাৎ আমার দৃষ্টি পতিত হওয়া মাত্রই আমার সেই অপ্ল ও অপ্লাদৃই চেহারার কথা মনে পড়িল, আমি চমকিয়া উঠিলাম। বিশ্বিত নৈত্রে দেখিলাম আট মাস পূর্বের বাহাকে অপ্লে দেখিয়াছিলাম আজে সে সভ্য একটা মান্ত্র হটুয়া ফ্লামার স্ত্রী হইয়াছে!

# প্রেতাত্মার মূর্ত্তি-দর্শন।

#### ঘোষেদের বৌ।

বন্ধাৰ ১২৯৯ সালে আমরা এই কাঁকুড়গাছিতে আসিয়া বসবাস করিতে আরম্ভ করি।, আমাদের বাগানের ফটকের নিকট এক ধর গোয়ালা বাস করে। তাহারা জাত ব্যবদা করেনা, তাহাদের ফুল-গাছের ব্যবসায় আছে। এই গোপ পরিবারের মধ্যে, তথন গোয়ালা নিজে, তাহার স্ত্রী, ছইটী পুত্র, আন্ন একটি ক্লাছিল—এখন তাহাদের ক্লন সংখ্যা বৃদ্ধি হইয়াছে।

ষধন কলিকান্তার প্রেগের প্রথম প্রাহ্রভাব হইরাছিল, সহরবাসী ও তরিকটস্থ পলীবানিগণ তথন ভরে স্থানাস্তরে পলারন করিয়াছিল। সেই সময় এই খোষেরাপ্ত ফরেশডাঙ্গায় গিয়া বাদ করে। তাহাদের বাড়ীর চাবি ও কতকপ্রলি তৈজসপত্র আমাদের নিকট রাধিয়া গিরাছিল। পাড়ার আরও কতকপ্রলি লোক করেপ অন্তত্ত্ব পলারন করিয়াছিল—পাড়াটা এক প্রকার ফাকা হইরা গিরাছিল। কেবল আমরা ও আর হু'চার ঘর ভগবানের উপর নির্ভর করিয়া এখানে রহিলাম।

সেই সমর একদিন অফিস হইতে বাড়ী আসিতে আমার অনেক রাত হয়— প্রায় ১০টা বাজিয়াছিল। আমাদের বাগানের কাছাকাছি আনিয়াছি, এমন সময় দূর হইতে দেখিতে পাইলাম, যেন একজন স্ত্রীলোক রাজ্যার অপর পার্ষের নর্দামা দিয়া বরাবর চলিয়া যাইতেছে। জ্যোৎসা থাকার দেখিতে পাইলাম, তাহার পরিধানে একথানি মরলা কাপড়। দুর হইতে ব্ঝিতে পারিলাম না, উহা থান কাপড়, কি পাড়ওয়ালা। দেখিলাম, সে বরাবর নর্দামা দিয়া চলিয়া যাইতেছে। ইহাতে মনে করিলাম, বোধ হয়, আমাদের "মাইতীর ঝী" প্রকৃতির কার্যা সাধনো-দেখে তথাঁর আগমন করিয়াছে এবং আমাকে দেখিতে পাইয়া লজ্জান্ত একটু দূরে যাইতেছে।

উপরোলিথিত "মাইতীর ঝাঁ" আমাদের পাড়াতে বাদ করিত: তিন কুলে তাহার কৈহ ছিল না, কেবল গৈহার এক ভগিনী ছিল। উভয়ের অবস্থাই বড় শোচনীয় স্বতরাং উভয়েই প্রস্পারের আশা ভরদা পরিত্যাগ করিয়া স্ক স্থ- শ্রমার্জিত অর্থে অতি কটে জীবিকা নির্বাচ করিত। মাইতীর ঝীর নিজের কোন ঘর ছার না থাকায় ঘোষেদের বাড়ীর একটা দাওয়াতে রাঁধ্তো বাড়্তো আর শুতো। সে প্রায়ই ময়লা কাপড় পরিয়া থাকিত। আর আমাদের এখানে তথন অনেকের পাকা পায়ধানা ছিল না কিংবা প্রকৃতির কার্য্য সাধনের একটা কোণাও নির্দিষ্ট স্থান ছিল না—স্থতরাং অনেককেই পথে ঘাটে মাঠে এ . কাজ শেষ করিতে ইইত। । সেই জন্ম আমি জ্বন্ধান করিলাম যে, নন্ধামা দিয়া বে স্ত্রীলোককে বাইতে দেখিতেছি, সে বোধ হয় "মাইতীর বী" হইবে। পাড়ার অন্ত কোন স্ত্রীলোক এতদ্রে কখন আসিবে না।

তারপর আমি গৃহে আসিয়া পরিচ্ছন পরিবর্ত্তন পূর্বক হস্তপদাদি প্রকালনার্থ পুষ্করিণীর দিকে গেলাম। পুকুরে নামিতে গিয়া দেখিলাম, বেন একজন স্ত্রীলোক ঘোমটা দিয়া ঘোষেদের ঘাট হইতে উঠিয়া গেল। জ্যোছ নার আলোকে বেশ্চদেখিতে পাইলাম, তাহার পরণে লালপেডে শাড়ী, কিন্তু পাছা নাই এবং পাড়টিও সরু। তাহাকে দেখিবামাত্র আমার একটা সন্দেহ উপস্থিত হইল। কারণ, যথনু বাড়ী আসি তথন বোষেদের বাড়ী অন্ধক।র ছিল, আর যদি তাহারা ফিরিয়া থাকে, তাহা হইলে আপে আমাদের বাটী আসিবে, কেন না আমাদের বাড়ীতে তাহাদের সব প্রার জিনিসপত্র রহিয়ছে। আর একটা সন্দেহ, আমাকে দেখিরা অতথানি ঘোন্টা নিবার লোক তাহাদের পরিবারের মধ্যে কেইছিল না। এই সব নানাকারণে সন্দেহ উপস্থিত হওয়ার ঘরে আঁসিয়া মাকে জিল্পানা করিলান, ঘোষেরা ফিরিয়া আর্সিয়াছে কি না। তাহাতে তিনি বলিলেন, "কৈ না! ফিরে এলে তো আমাদের বাড়ী আগে আসিবে? কেন, কাহাকেও তুমি দেখিতে পাইলে না কি ?" তার পর আমি তাহাকে আজোপান্ত সমস্ত বলিলাম। শেষে তাঁহাতে আমাতে প্রদীপ লইয়া ঘোষেদের বাড়ীর দিকে দেখিতে গেলাম, উহুারা আসিয়াছে কি না। কেহ কোথাও নাই, বেই অন্ধকার, সেই অন্ধকার হইয়া রহিয়াছে, কাহারও সাড়া শব্দ নাই! অবশেষে আমার দৃষ্টির ভ্রম হইয়াছিল, ইহাই সিদ্ধান্ত হবৈ। আমি কিন্ত এই সিদ্ধান্ত সমন্ত থাকিতে পারিলাম না; কেন না, আমার যে দৃষ্টির ভ্রমা হয় নাই, তাহা আঘি বিলক্ষ্পে বুঝিতে পারিয়া-ছিলাম।

বাহা হউক, শেষোক্ত ঘটনাটা যেন দৃষ্টির এম বলিয়া সকলে উপেক্ষা করিলেন। কিন্তু প্রথমোক্ত ঘটনা সম্বন্ধে কি সিদ্ধান্তে উপনীত হইতে পারা যার, তাহা জানিবার জন্ম কৌতুহল উপস্থিত হইল। যদিও তৎসম্বন্ধে আমি এক প্রকার অনুমান করিরাছিলাম, তথাপি আর আর সকলের মন্তব্য জানিবার নিমিত্ত ইচ্ছা হইতে লাগিল। এতদভিপ্রায়ে মাকে জিজ্ঞাসা করিলাম, "মাইতীর ঝী এখন কোথার থাকে?" তিনি বলিলেন,—"সে তা'র বোনের কাছে থাকে। ঘোরেরা চলিয়া ঘাইবার পর হইতে, সে এখানে একলা থাকিতে পারিবে না বলিয়া তা'র বোন তা'কে লইয়া গিয়াছে।" তাহা শুনিয়া আমার সন্দেহ আরও ঘনীভূত হইল। পাছে পুনরায় হাস্থাপদ হই এই ভয়ে নদিমায় চলা জীলোক

সম্বদ্ধে কাহাকেও কিছু বলিলাম না। তথন বেশ বুঝিতে পারিলাম বে,
নর্দামা দিয়া বাইতে যে স্ত্রীলোকটকে দেখিরাছিলাম, সে কথন মাইতির
বি হইতে পারে না। কারণ, সে অভরাত্তে বে এথানে প্রকৃতির কার্ব্য
সাধনোদেশ্রে আসিবে, তাহা কথনও সম্ভবপর নহে।, তাহার ভগিনীর
বাড়ীর নিকট এমন অনেক হান আহে, বেথানে এই কাল শেষ হইতে
পারে। আমাদের বাগান হইতে প্রায় পোরাধানেক দুরে মারাপাড়া
নামক পল্লীতে তাহার ভগিনীর রাড়ী; সেখাল হইতে সে অভ রাত্তে
এখানেই বা কেন আসিবে ? আর যদি অন্ত কোন দরকারে আসিবে,
তাহা হইলে নর্দামা দিয়া চলিবে, কেন ? চলিবার রান্তা যুপেষ্ট রহিয়াছে।
বাহা হউক, এ রহন্ত উদ্ঘাটন ক্রিতে পারিলাম না, একটা খট্কা রহিয়া
সোল।

উক্ত ঘটনার প্রায় মাশাধিক পরে ঘোষেরা করেশভালা হইতে পুনরাগমন করিল। বুর খুলিয়া দেখিল, কোন জিনিসুপত্ত নড়চড় হয় নাই, বেখানের যেটি, সব রহিয়াছে।

ভার পর এক বছর পঞ্জে শ্লীপঞ্চনী পূজার দিনে আর একটা আলোকিক এ
ব্যাপার দর্শন করিলাম। দেদিন খাওয়া দাওয়া করিতে আমাদের অনেক
রাত্রি হইয়াছিল। রাত্রে হাত পা ধুইবার জল ফ্রাইয়া যাওয়াতে বাড়ীর
মেয়েরা পূক্রে জল আনিতে গেলেন, মাতাঠাকুরাণী কেবল বাড়ীতে
রহিলেন। পূর্বেরা সকলেই শুইয়াছে এবং আমি তখন শুইবার
উল্ভোগ করিতেছি। এমন সমন্ন বাহিরে মেয়েদের উচ্চ কলরব শুনিতে
পাইলাম। তৎক্ষণাৎ উঠানে আসিয়া দেখিতে পাইলাম যে, প্রকৃর
হইতে মেয়েরা দৌড়াইয়া পলাইয়া আসিতেছে। ভীত হইবার কারণ
জিজ্ঞাসা করায় শুনিলাম যে, ভাহারা ঘোষেদের ঘাটে একটা স্ত্রীলোককে
আনেকথানি ঘোম্টা দিয়া বিসিয়া থাকিতে দেখিতে পাইয়াছিল; কতবার

জিজানা করিন, 'তুমি কে ?' কিন্তু কোন উত্তর পাইল না, পূর্ববং স্থির হইরা নিম্পন্দভাবে বসিয়া রহিল। তাহাতে তাহারা ভর পাইরা পলাইরা আদিরাছে। এই কথা গুনিয়া, আমি উহাদের সহিত বাটে গিয়া দেখিলাম, সেই স্ত্রীলোকটি বেন আমাদিগকে দেখিতে পাইয়া ঘাট হইতে উঠিয়া প্রুরের পাড়ে বে একটা আমগাছে আর্ছে, তাহার দিকে চলিয়া গেল! আমরা সকলেই আশ্র্যা হইলাম। এ স্ত্রীলোকটা কে এবং আমগাছের দিকেই বা গেল কেন? ভোহার কোন মীমাংসা করিতে পারিলাম না।

আমার সন্দেহ ক্রেই বৃদ্ধি হইতে লাগিল। পূর্ব্বে আর এক রাত্রে আমি বে একটি ব্রীণোককে ঐরপ বোম্টা দিয়া ওদের ঘাট হইতে উঠিয়া বাইতে দেখিয়াছিলাম এবং বে দৃশুকে আমার দৃষ্টির ভ্রম বলিয়া সকলে উড়াইয়া দিয়াছিল, এ গ্রীলোকটিও ঠিক সেই রকম । ঠিক সেই রকম শাদা ধপ্ ধপে কাপড় পরা. ঠিক সেই রকম লজ্জাসহকারে ধীরে ধীরে ঘাট হইতে উঠিছা গেল। গ্রীলোকটাকে কেইই ঠ্যুওর করিয়া উঠিতে পারিল না।

পর দিবস প্রোতে উক্তৃ বাপার ঘোষেদেক্ কাণে পৌছিল। তথন গোপগৃহিণী বলিতে লাগিল যে, "ও আমার বড় বৌ; অনেক বার ু আমরা ওকে দেখেছি; কিন্তু বাপু আমাদের কোন ভর টর হয় না। হায়! অভাগিনী এখনও মায়া ছাড়িতে পারে নাই। তা' তোমরা কোন ভয় করিও না।"

তার পুর আমরা শুনিলাম ধে,ঐ গোয়ালাদের বড় বৌ একটি কল্লা প্রস-বৃত্তে প্রতিকাগারেই ইংলীলা সম্বরণ করে; কিছু দিন পরে সেই কল্লাটিও ভূজননীর অমুগামী হইল। পুনরায় তাহারা বড়ছেলের বিবাহ দিল। আর এক দিন আমরা শুনিলাম যে, উহাদের নব বধ্মাতা সন্ধ্যার সময় ঘাট হইতে আসিবার কালীন পুর্বোলিখিত আমুগাছের তলায় এক ক্ষন অবপ্রঠনবতী স্ত্রীলোককে দেখিবামাত্র ভয়ে সৃষ্টিতাপ্রায় হইয়াছিল! সেই হইতে ভাহাকে সভর্ক করিয়া দেওয়া হইল যে, উনি ভাহার দিদি (সতীন) এবং বধনই নজরে পড়িবে, তথনই ভাহাকে প্রণাম করিবে।

এতদিনে আমার সন্দেহ অপনোদম হইল। এইৱার আমি ব্রিডে পারিলান বে, পুর্বেষা'ষা' দৃষ্ট দেখিয়াছিলাম, সে সব এই খোষেদের বৌরের কাজ।

শেবোক্ত ঘটনাটি সন ১৩১১ পালের বৈশার্থ মাসে হইরাছিল। ইহার পর আর কেহ কথন ভাহাকে দেখে নাই।

- - - শ্রীঅফ্তনাল দাস।

## <sup>( २৫</sup>়) পুনরাগমন।

হুই জনে মুখামুখি বসিয়া আছি, এমন সময়ে চটিওয়ালা সংবাদ দিল, আমার লোক জন ফিরিক্টেডছে। বাস্তবিকৃট চাহিয়া দেখিলাম, দাদা মহাশয় তুলাসিং হরিয়া ও বেহারাদের গ্রহীয়া আসিতেছেন। বেহারারা একটা পাজীও লইয়া আসিতেছে। কিন্ত পিতামহ এখনও বছদ্রে প্রান্তর পারে।

গোপালও তাঁহাকে দেখিল, দেখিয়াই উঠিল। বলিল, "ভাই! এই বারে আমি আদি!" আমি 'হাঁ' কি 'না' কোনও উত্তর করিতে পারিলাম না। গোপাল উত্তরের অপেকা না করিয়াই মুখ ফিরাইল ় শক্ষন দেখি সে একান্তই চলিয়া যায়, তখন জিজ্ঞানা করিলাম—"আর ক্রিদেখা হইবে না ?"

গোপাল ফিরিল, কিয়ৎক্ষণ স্থির ভাবে দাঁড়াইল। দাঁড়াইয়া কি বেন

চিন্তা ক্রিল। মুহুর্জের নিমীলিভ পলকে ভবিবাংটা বেন একবার (प्रविद्या नहेन। जात्र शत्र विन-"हहेरव।"

विनश्च शिशान हिन्दा (भन्। आमात्र शात्न आत्र कितिन ना। তাহার পিতা আসিতেছিল, সে দিকেও চাহিল না—মত পঁথ অবলম্বনে সোপাল দেখিতে দেখিতে দৃষ্টির শুস্তরালে চলিয়া গেল !

প্রচন্ত্র মনুষ্যত্ব অণীবিধার দিয়া বৃঝি তাহার কিঞ্চিৎ ক্রিয়া দেখাই-রাছে! নহিলে পুর্বদিনে আমার বাবহারে ভীত ব্রাহ্মণ আৰু আমার প্রতি সহসা আরুষ্ট হইল কেন! বান্ধণ আমাকে জিজাসা করিল—"হা ্বাবু ! ও লো্ফটীর দক্ষে ভোমার সম্পর্ক কি ?"

व्यामि मश्क त्रानन इतनः (कोनत উত্তর विनाम-"व्यामात कौरन-দাতা এই সম্বন্ধ। ব্ৰাহ্মণ মাথা নাড়িয়া বলিল—"না বব্বি, আরও সম্বন্ধ ব্দাছে।"

"কেমন করিরা,বুঝিলে ?"

"আপনার চক্ষের জল দেখিয়াই ব্রিয়াছি ?"

"যে প্রাণ রক্ষা করিল, চ্ঠাহার জন্ম চক্ষে জাল পড়িবে না !"

"কই ও ব্রা**দ্ধণত তোমাকে রক্ষা করেনি।** ও ব্যক্তি কখন আসি-রাছে ভা জানিন<sup>।</sup>।"

''কেন, তুৰিই ত বলিলে!''

"আমার অন হইয়াছিল। যিনি রক্ষা কর্তা, এখন দেখিতেছি সেই ঠাকুর আগিতেছেন।"

অবাৰ্ষ্ণের কৃথা ভূনিয়া আমি বিশ্বিত হইলাম! গোপাল কি তৰে স্কলের অজ্ঞাত সারে অংশিয়া আমার সেবা করিয়া গেল! ছোট ঠাকুর দাদাওকি ভার আগমনবার্তা জানেন না!

ব্রাহ্মণকে বলিলাম—''আমি রাত্রে ঠাওর করিতে পারি নাই।

ভাবিরাছিলাম ওই ব্যক্তিই আমার রক্ষা কর্তা। সেই জন্মই ভার বিদা-রের সময় চোধে এক কোটা জল আসিয়াছে।"

ব্রাহ্মণ এ,উত্তরে তুট হইল না; বলিল---"না বাবু তুমি স্থামাকে পোপন করিতেছ।"

আমি বলিণাম--"তুমি কি উহাকে কথন দোধগাছ ?"

ব্রাহ্মণ বলিল—''দেধিয়াছি কি না মনে হর না। এ চটিতে তোমা-দের পাঁচ অনের ক্লণায় কত লোক আসে। কত বছ বড় কোম্পানীর-চাকর বাড়ী ফিরিবার সময় এখানে পায়ের ধ্লা কিয়া যায় আমি কত লোককে শ্বরণে রাখিব !''

এই বলিয়া দুৰ্ কমলালেব্ হইতে আরম্ভ করিয়া ভূগোল ব্ভাস্তের সমস্ত রসটা আমার কর্ণে ঢালিয়া দিল। ত্ঝিলাম দামোদর নদের পশ্চিম উপক্লের প্রায় শতাধিক গ্রামের অধিবাসী কলিকাতারু ফাইবার ও তথা হইতে প্রত্যাবর্তনের সময় তাহার ক্ষু ক্টারে অস্ততঃ পোনেরো মিনিট কালের জন্তও বিশ্রাম লইয়া বার।

ছোট দাদা এতকণ <sup>\*</sup>মাঠের মাঝে উপস্থিত হইয়াছেন। **আমি** <sup>\*</sup>তাঁহাকে দেখাইয়া ত্রাহ্মণ**কে জিজ্ঞা**স। করিনাম—"ওই ত্রাহ্মণটীকে **আর** কথন দেখিয়াছ ?''

বান্ধণ কিঞ্চিৎ আবেগ মিপ্রিত ভারে উত্তর করিল—"দেধিরাছি! উহাকে নিত্য - দেখি। বে দিন না দেখি, বদি কোন দিন এ সেবকের কুটারে উহার পারের ধূলা না পড়ে সে দিন আমার বুণা বার।

একবার মনে করিলাম, ব্রান্ধণের কাছে, নিজের পরিচর প্রকাশ করি, কিন্তু কি একটা অন্তরের চুর্বলিতা আসিয়া আমাকে সে কার্য্যে বাধা দিল। আমি অন্তরের কথা অন্তরেই নিহিত রাখিয়া ভাহাকে ক্রিক্তাস। করিলাম,—"এই ব্রকের সহিত আমার বে সংক্ষ আছে, এটা কি ওধু আমার চোধের জল দেখিরাই ভোমার বোধ হইল ?"

''না বাবু, আমার মনে হইল বেন ভোমাদের ছ'জনের ন্মধ্যে একটা সমক আছে।''

"এমনটা হঠাৎ মনে হইল কেন ?"

"তা কেমন করিয়া বুলিব। তোমার চোথের জল দেখিরা, আমার সে ধারণা পাকা হইরা গেল।" দেখিরা মনে হইল, সম্বন্ধ বেমন তেমন নয়—ঘনিষ্ঠ!

"তা কেমন করিয়া হইতে পারে, আমি<sup>\*</sup>ধনী, সে ব্যক্তি দরিক্ত।"

"ভাহাতে কি হইরাছে। কোম্পানীর রাজতে ব্গ উত্টাইরা গিরাছে। কত বড় মায়বের বাপ ছঃখী। 'ছেলে হাকিম, বাপ পুজারী হইরা দিন কাটার।''

"চকে কি দেখিয়াছ ঠাকুর, না, শুনিয়া বলিতেছ।"

"এই আমিই বাবু তার উদাহরণ। স্থামি একটা প্রাতৃপ্রকে কোলে করিয়া মান্ত্র করিয়াছিলাম! র'াধুনী বৃত্তি ছারা বাহা কিছু উপার্জ্জন করিয়াছিলাম, তাই দিয়া তাহাকে ইংরাজী লেখা পড়া শিখাই। সে এখন উকীল হইয়াছে। ওকালতী করিয়া তালুক পর্যাস্ত করিয়াছে। বড় লোকের বাড়ীতে বিবাহ করিয়াছে। আর আমি এখানে সেই র'াধুনী বৃত্তিতেই জীবিকা নির্কাহ করিছেছি।"

্ক্রএ কথা শুনিয়া আর আশ্বণকে তুমি বলিতে সাহস হইল না। বলি-লাম—"সে ব্যক্তি কি আর আপনার খোঁজ লয় না ?''

ি ক মনের আবেগে জানিনা, ত্রাহ্মণ একবার এই অপরিচিতের কাছে জ্বদয় হার উন্মুক্ত করিয়াছিল। আবার' কি বুঝিয়া পুরক্ষণেই সাবধান হইল। প্রশ্নের পর প্রশ্ন করিলাম, আরু ব্রাহ্মণ উত্তর করিল না। কেবল বলিল—"বাবু, আর আমাকে জিজ্ঞাসা করিয়ো না। পাছে লোকে জানে বলিয়া দেশতাগে করিয়া আসিয়াছি। অক্তমনত্তে ভোমাকে বতটুকু বলিয়াছি, তাই যথেষ্ঠ।"

"আপনার সন্তানাদি কি ?"

"কিছু নাই।"

"ব্ৰী ?"

''ছিল—মরিয়া পিয়াছে :''

"मर्पादवननात्र वृक्षि ?"

''আবার জেরা কর কেম বাবু ?''

"পুত্র থাকিলে, এই বৃদ্ধ বয়দে আপনাকে রাঁধুনি গিরি করিছে। ছইত না।"

"তা কেমন করিয়া বলিব ! রাধুনি বাম্নের ছেলে মুর্থ হইলে রাধুনিই হইত। ইংরাজী পঁড়িলে বাবু হইত—আমার হঃথ ঘূচিত কি ?" একটা পিণ্ডের জক্ত মাঝে মাঝে সন্তানের অভাব বোধ করিভাম, কিছ ঐ ঠাকুর আমাকে ব্রাইন্ধাছেন, 'যে দিনকাল আসিভেছে, ভাহাতে লক্ষণ্ণতি সন্তান পাইতে পার, কিছ পিওদাতা সন্তান পাওয়া হ্রত।' ওই মহাপুরুবের উপদেশে আমি হিতীয়্বার বিবাহ করিতে নিরন্ত হইয়াছি।"

কথা কতক ব্রিণাম, কতক বৃ্ত্তিলাম না। এটা বেশ ব্রিণাম, পাশ্চাতা সভ্যতা আর কিছু করুক আর নাই করুক, হিন্দুর সংসারে পরস্পরের প্রতি সম্পর্কের একটা বিপর্যায় ঘটাইয়া দিয়াছে। গাছেব বেঁসা
পায়জামা কোট পরা বাব্ নয়পদ, নয়দেহ, মলিন বসুন প্রিধারী আত্তা আত্মীয়ের কথা দ্রে থাক্, পূর্বের আরাধ্য গুরুজনের সঙ্গে সম্পর্ক রাধিতেও
কৃত্তিত। গুনিয়াছি এক-জেলার হাকিম মহুত্বল পরিদর্শনে বাইয়া এক
ডেপ্টী হাকিমের মাতুলের মাথার মোট চাপাইয়া দিয়াছিল। মামা বেচারীর প্রথম অপরাধ সে হাঁটু পর্যান্ত কাপড় পরিয়া মাঠে মাঠে শক্তে কল সেচন কার্যো ব্যাপ্ত ছিল। তাহার দিতীর ও গুরুতর অপরাধ, ভাহার ভাগিনেরের হাকিমী পদ প্রাপ্তির পরমূহুর্ত্তেই সে আফুম থাইয় অথবা গলায় দড়ি দিয়া সেই নগ্ন স্থতরাং হাকিমের দৃষ্টিতে কুলিদেহের অভ্যন্তরন্থ ব্রাহ্মণা-আফুটোকে বৈতর্নীর পরপারে পাঠাইতে ভূলিয়া গিয়া-ছিল। নিজেদের সম্বন্ধেও তাহা অনেকটা ব্রিয়াছি। আমরাই বা প্রমান্মীর পুল্ল পিতামহের প্রতি কি পশুযোগ্য আচরণই না দেখাইয়াছি!

কিন্তু লক্ষপতি সন্তান হইতে পিগুদাতা সন্তানের গৌরবটা কেমন করিয়া বেশি হইল, সেইটাই কেবল বুকিজে পারিলাম না। বুকিজে পারিলাম না। বুকিজে পারিলাম না, সর্কাদেশের সকল মানুষের চিরাকাজ্জিত অর্থ হুইতে একটা সিদ্ধ আতপের ডেলা হিন্দুর চক্ষে কেমুন করিয়া অধিকতর মূল্যবান হইল। অথচ স্বরণাতীত যুগ্ হুইতে এই বর্ষরগুলা এই কুসংস্কাহটা মাথায় করিয়া আসিতেছে। এই এক মুন্তি পিগুদান কার্যো হিন্দু ষত অর্থ অপব্যয় করিয়া আসিরাছে, পৃথিবীর সামরিক ব্যাপারেও বুঝি তত অর্থ অপব্যয়িত হয় নাই।

পিও ভাবিতে ভাবিতে দামোদর আদিয়া পড়িলেন। পিও-সন্থ্য সাক্ষিত্বরূপ অবস্থিত তাঁহার সেই মধুর মূর্ত্তি, সেই রুঞ্চবর্ণ মস্থ শিলা গোলক, আর তাঁহার সেই পিপীলিকাশ্রা গর্ভটী মাধার ভিতর প্রবেশ করিয়া আবার মাধাটা গুলাইয়া দিল। সঙ্গে সঙ্গে রাত্রির কুণাটা শ্বরণ হইল। স্থভরাং তাঁহার সেই গর্ভের ভিতরের হাত গাও সেই হস্ত পদ সাহাক্ষেম্মানীর রক্ষা কার্য্যে তাঁহার ব্যঞ্জাব বিদিও আমার মনে কিঞ্চিৎ হান্ত রুস্বের উদ্রেক করিল, তথাপি মুড়িঠাকুরকে একেবারে অবজ্ঞা করিতে সাহস করিলাম না। ভাবিলাম এখনও ডাকাতের কেশে রহিয়াছি, মুড়ি ঠাকুরকে অবজ্ঞা করিয়া আবার কি বিপদে পড়িব!

গত রাত্রের রক্ষার ধয়্যবাদ দামোদরকে দিব কি ছোট ঠাকুর দাদাকে দিব ভাবিতেছি, এমন সময় দাদা মহাশর সদল বলে চটিতে আসিরা উপস্থিত হইলেন । ব্রাহ্মণ তাঁহার সমীপে যাইরা ভূমিষ্ঠ হইরা প্রণাম করিল ।
আমিও দেখা দেখি তদ্বৎপ্রণাম, করিতে বাইতেছিলায়, দাদা হাত ধরিয়া
দাঁড় করাইলেন, ভূমিষ্ঠ হইতে দিলেন না। বলিলেন—"থাক্, আর
ভূমিষ্ঠ হইতে হইবে না।"

আমি বলিলাম—""আপনি আমার জীবন লাতা।" দাদা বলিলেন—"আমি কে ভাই, জীবন দাতা, দামোদর।" আমি বলিলাম—"আপনিই দামোদর।"

একথা শুনিবামাত্র দাদা জিব কাটিয়া দলিলেন—'ছি ভাই। ওকথা বলিয়োনা। আমি তাঁর দাদামুদাদ।"

দ্রছাই! দামোদরের কথা ভাইয়া কি মন্তিকের বিকার ঘটাইব!
আমি চুপ করিলাম । দাদা বলিতে লাগিলেন—"কট্ট অগুভক্ষণে বাড়ী
হইতে বাহির হইয়াছ। ভোমাকে এ যাত্রা গৃহে ফিরিতে হইবে। ভোমার
সকীদের কাহারও শরীরে বিশেষ আঘাত লাগে নাই। অর গুশ্রধার তাহারা আরোগ্য লাভ করিয়াছে।"

"এখনি কি ষাইতে হইবে ?" •

"এখনি। এখন রওনা হইলে, দিপ্রহরের মধ্যে বাড়ী পৌছিতে পারিবে। জোমার সঙ্গে কাহারও যাইবার প্রয়োজন না হইলেও মা আমার কুল্ল হইতে পার্তরন ভাবিয়া বেচুকে তোঁমার সঙ্গে পাঠাইতেছি।"

আমি সবিশ্বয়ে বলিলাম—"বেচু! সে কি বাঁচিয়া আছে ?"

"আছি বই কি দাদা বাবু !'' বলিতে বলিতে বেচু একটা ছোট ছ'কার উপরে কঁলিকার ছুঁদিতে দিতে আমার কাছে আসিয়া উপস্থিত

হইল। ছোট ঠাকুরদার হাতে ছঁকাটা দিরা আবার বলিল—"সরি নাই। ব্রাহ্মণ একটা মোড়া আনিয়া দাদা মহাশরকে বসিতে দিয়া বলিশ-"ধানিকটা হুধ ও ভাল চিঁড়া আনাইরা রাখিরাছি।"

मामा महाभन्न अवित्रा विनामन-"जानहे, कत्रित्राह । अर्थ श्राह्मान-गांगितः। किन्न अक्टानंत्र त्यांभा चाहारत कि इहेर्त, मर्व्य व बर्तक লোক বহিয়াছে।"

"ভাহাদের জন্ম জাল পানের ব্যবস্থা করি।" এই বলিয়া ব্রাহ্মণ গৃহ-मरभा अबृष्ठे रहेन। नान्। वनिरनन—"कि छाहे। পথে ফলারের কিছু কোগাড় করিয়া দিই ?"

আমি তাঁহার পা হুট। জড়াইরী বলিলাম—''আপনাকে আমার সঙ্গে বাইতে হইবে।"

বেচু এই সময়, আমার সহায়তা করিল, —বলিল — "নাদা ঠাকুর! চৰুননা, গলা খান করিয়া আসি।"

मामा मश्मम क्रिश्यन नीवर विश्वन । जाव शव विल्लन—"(राम, 5**न**।"

উল্লাসে আমার চকে জল আসিগ। ছোট ঠাকুরদা তাহা দেখিলেন। দেখিয়া বলিলেন-- ভাই ৷ দেখিভেছি মা এত দিন পরে আমাকে আক-র্বণ করিয়াছেন। নতুবা সাভ বৎসরু পরে ভোমার দেশে আসিবার মভি হইল কেন ?"

আমি ৰণিণাম-- "সভাই আমি আপনাদের দেখিবার জন্ত দেশে চলিরীটিলাম। ভ্রপ্ত ভাই নর—" গোপালের কথা তুলিতে ঘাইতেছিলাম। एक द्वन जामात्र मूच ठालिका धतिन। ভाবिनाम, एमचि छाठे ठाकूत्रनात्र সুথ হইতে গোপালের নাম বাহির হয় কি না! •

ছোষ্টঠাকুর দাদা বলিলেন—''ভালই হইয়াছে। পথের মুধোই দামোদর

আমাদের মিলন সংঘটন করিয়া দিয়াছেন। তাবে চল, আমার মা অননীকে একবার দেখিয়া আসি। ক্ষণেক অপেকা কর, আমি এখনি আসিতেছি।" এই বলিয়াই তিনি উঠিয়া কোধায় চলিয়া গেলেন।

আমার সহচরবর্গ পথের বৃক্ষভলে বিশ্রাম করিভেছিল। বোধ হর খুরপিতামহ তাহাদিগকে চটিতে প্রবৈশ করিভে নিষেধ করিয়াছিলেন। নতুবা তাঁহাদের কেহই আমার সংবাদ লইভে আসিল না কেন ?

আমার নিকটে বেচু ভিন্ন আর কেহ ছিল না। আমি এই অবকাশে বেচুর সহিত কথা আরম্ভ করিলাম।

আমি বলিলাম—''বেচুঁ! তুমি আমাদের কি অপরাধে ত্যাগ করিলে?"

বেচ্ হাসিরা বলিল—''আর নাব, চিরকালট কি চাকুরী করিরা মরিব। ছেলেপুলে দব ডাগর হইয়াছে। তাহারা েযে যার নিজের পর্য চিনিয়া লইরাছে। এ সময় যদি ভগবানের নাম না লই, ত আর কবে লইব।''

"কেন আমাদের বঁরে থাকিলে কি ভগবানের নাম লওয়া চলিত না?" ''চলিলে চলিয়া'আসিব কেন 🔊

"কেন আমাদের কি ধর্ম কর্ম নাই ?"

"নাই তা কেমন করিয়া বলৈব। যথন মা আছেন তথন আছে বই কি ?<sup>y</sup>

"মা না থাকিলে কি আর ধর্ম থাকিত না ?"

"কেন দাদা বাবু, আর ওসব কথা তুলিতেছ। হতামানের বিড় ভাল বাসি, এখনও মায়া কাটাইতে পারি নাই। ও কথা তুলিয়া আর মনোকষ্ট দিয়োনা।" '

"না বেচু, ভোমাকে আমাদের বাড়ী থাকিতে হইবে।"

"কেন আৰু বাবু, গরীবের লাতি মারিতে চাও। একবার ত প্রায়শ্চিত করিয়াছি, আর কতবার করিব।"

''আমাদের ৰাড়ী ছিলে বলিয়া প্রায়শ্চিত্ত করিতে হইল !'' .

"ছিঁ ছর ছেলে মুর্নীর ঝোল হাতে করিলাম, আয়ণ্ডিত করিব না।"
পিতার সেই অহথ ও সেই সঙ্গে ডাঁকার বাব্র সেই ব্যবস্থার কথাটা
মনে পড়িল। আমি বলিলাম—"সে যে মুর্নী একথা তোমাকে কে
বলিল?"

'ধিনি ভোমাদের ধর্ম্বের ঘরের চাবি হাতে করিয়া আছেন, তিনিই বলিয়াছেন। বাবৃ, তোমাদের পবিত্র বংশ ৮ তাই ভোমরা ধর্ম ছাড়িলেও ধর্ম এখনও তোমাদের তাঁগি করিতে পারেন নাই।'

"কে ভিনি বেচু ?"

"তিনি তোমার রা ।" তিনিই আমাকে বলিয়াছিলেন, হিঁহুর ছেলে, সামান্ত হ' পর সার জয় অমৃল্য ধর্ম হারাইবে কেন। বেচু, আমি ইহাদের ভাবগতিক ভাল বুঝিতেছিনা, তুমি দেশে ফিরিয়া যাও।"

"এ কথায় তুমি খুরগী ব্ঝিলে'কিদে ?''

"কিনিষটা হাতে করিবার সমর খনটা কেমন করিয়াছিল। মনে হইয়াছিল, আমি ষেন কি একটা অস্পৃষ্ঠ হাতে করিতেছি। নারের কথার সন্দেহটা বাড়িয়া গেল। আমি ডাক্তারথানায় ফিরিয়া চুপি চুপি সন্ধান লইলাম। সন্ধানে যাহা জানিলাম, তাহাতে আমার মাণো বুরিয়া গেল।" আমি তথনই গঙ্গায় যাইয়া যত পারিলাম ডুব দিলাম। তাহার পর মান্টে প্রামা করিয়া দেশে পলাইয়া আসিলাম। এথানে দাণা ঠাকুরের স্বাশ্রের পাইয়া নিশ্চিত ইইয়াছি।"

#### পণ্ডিত মহাশয়।

আমাদের প্রামের ছাত্রন্তি স্থলের হেড পণ্ডিত মহাশর বাঙ্গালা ও সংস্কৃত সাহিত্যে অসাধারণ ব্যুৎপত্তিশালা ছিলেন। কোরণের বয়েদগুলি এত স্থল্য আর্ত্তি ও ব্যাখ্যা করিজেন যে, আমরা অনেকানেক মৌলবীর নিকট শুনিয়া ওরপ মুগ্ধ হই নাই। তঘাতীত সমস্ত কোরাণটা যেন তাঁহার কণ্ঠস্থ ছিল। নানা কারণে আমুরা পণ্ডিত মহাশয়কে সিদ্ধ পুরুষ বলিয়া মনে করি। তিনি যেন আমাদের এক নেশার বস্তু ছিলেন; সময় পাইলেই আমারা তাঁহার কাছে কাছে, থাকিতাম এবং একরপ আনন্দে কাল কাটিয়া যাইছে। তা ছাড়া তিনি নিঃসম্ভান ছিলেন। তিনি ও তাঁহার স্বী আমাদিগকে প্রায় থাওয়াইতেন। এ প্রলোভনটাও আমাদের যাওয়ার পক্ষে বিশেষ সাহায্য করিত। নানা কারণে সাধারণক্ত যেমন ছাত্র-শিক্ষকের মধ্যে ভুক্টা ও ভক্ষকের মত একটা বিক্রম সম্পর্ক থাকিয়া যায়, আমাদের মধ্যে সেরপ ছিল না।

আমাদের গ্রাম মুক্তনান-প্রধান। ক্লিন্ত এখন যেমন হিন্দু মুস্তমানে একটু তকাং ভাব দেখা যাইতেছে, আমাদের বাল্যকাণে তাহা ছিল না। ধর্মের বিভিন্নতার জন্ম যতটুকু ভেদ থাকা অপরিহার্য্য, ততটুকু ভিন্ন সকল প্রকারের ঘনিষ্ঠতা ছিল। হিন্দুর ছেলেরা মহরমে প্রাণ খুলিয়া যোগ দিত, আমরাও হুর্গা-পূজা শ্রামা-পূজা প্রভৃতিতে নূতন কাপড়, জামা পরিয়া, আননেল উৎফুল্ল হইয়া ঠাকুর দেখিয়া বেড়াইতাম। বাঙ্গলাই আমাদের মাতৃভাবা ছিল, শিশুবোধক, রামায়ণ, মহাভারত প্রভৃত্তিক পঠিকরিতে করিতে সংস্কৃত্তের প্রতি অক্রাণী হইয়া উঠিতাম। হিন্দুর ছেলেরাও ঘনিষ্ঠতা নিব্দুন মুগলমান-শাস্ত্র সম্বদ্ধ কিছু কিছু জ্ঞান লাভ করিয়া উহার প্রতি শ্রহাবান হইত। কিন্তু এখন যেন পল্লীজীবনের

মধ্যে একটু ভেদ ভাবের কার্য্য হইতেছে। হিন্দুরা বেরূপ "গোঁড়া" হইরা আধ্য হইতোছন, আমরাও তেমনি 'পাতি' হইরা আরবীয় হইতেছি। এই সকল কারণে হিন্দু পণ্ডিড্টীর উপর আমাদের ভক্তি বা শ্রদার কোন অভাবই ছিলনা।

পণ্ডিত মহাশন্ন আকারে ঈমং র্ছুলকার ও নাতি দীর্ঘাক্তি, **ফিন্ত বর্ণটা** কুচকুচে কাল, একবারে মগী-নিন্দিত; কেবল চকু হটী সাধুর ভায় হরনেত বুৰুৎ ও উজ্জ্বন ছিল। কাঁহার স্ত্রীও তজপ ক্ষক বাবা।

পণ্ডিত মহাশুর কর্থনও নিজের ক্ষমতা দেখাইতে চাহিতেন না। ভণাপি ছই একটা ঘটনায় তিনি যে সাধক ছিলেন, সিদ্ধি-লাভ করিয়া ছিলেন, তাহা প্রকাশ হইয়াছিল। এই জন্ত লোকে তাঁহাকৈ ভয়-মিশ্রিত ভক্তি বা ভক্তি-মিশ্রিড ভয় করিত। লোকে তাঁহাকে দৈবশক্তি সম্পন্ন জানিয়া নানাপ্রকার গুৱারোগ্য ব্যাধির শান্তির জন্ম আদিত; কিন্ত তিনি বিনীতভাবে ফিরাইয়া দিয়া তাঁহাদিগকে বলিতেন "বাপু! আমি সামান্ত লোক, আমি কি করিজে পারি ? যগারীছি চিকিৎসা করাও ও ভগবানে বিশ্বাস রাশ, অবশু সারিয়া যাইবে।" কিন্তু পীড়াপীড় করিয়া ধরিলে রোগীর গায়ে ও মাথায় হাত ব্লুটিয়া বলিতেন ''যদি ভগবানের ক্ষপা হয়, তবে এ অবশুই সারিয়া ষাইবে।'' ইহাতেই কিন্তু রোগ সারিয়া যাইত।

এই সকল ক্লারণে অনেকে তাঁহাকে বিশেষভাবে অর্থ-সাঁহায্য করি-তেন্ত্রক্তিত্ব কথন সে অর্থ তিনি নিজের জন্ম ব্যয় করিতেন না, পরিব ছঃখীাদগকে বিভরণ করিতেন বা আমাদের খাওয়াইতেন। তিনি অবত)স্তুপর-হঃখ-কাতর ছিলেন এবং যদিও ২০১ টাকা মাত্র মাহিনা পাইতেন, তাহা সত্ত্বেও শারীরিক, মানসিক ও আর্থিক-সাধায্য দারা थानभरन लाटकत উপकात कतिरछन ७ करहे. ऋरहे निरमत मोविका নির্বাহ করিতেন।

ভিনি মধ্যে মধ্যে বেশ কৌতূক করিভেন। অনেককে বলিভেন "আজ তোঁমার সহিত দেখা করিব।" কিন্তু লোকেরা তাঁহার পরিবর্জে গৃহ মধ্যে হয়ত প্রকাণ্ড বাখ, বা হুহৎকায়ের বিভাগ বা ভীবণ সাপ দেখিত। তাহার পরদিন জিজ্ঞাসা করিলে বলিতেন "কেন আমি ত পিরা• ছিলাম। কেন ভূমি কি একটা বাঘ দেখনি বা ভীষণ আকারের বিড়াল দেখনি ?" ইত্যাদি। লোকে অবাক হইয়া বাইত।

তাঁহার স্ত্রীও ঐরপ কমুতাশালিনী ছিলেন। তিনি স্ত্রীলোকদের সঙ্গে রাত্রিতে স্বপ্নে দেখা করিতেন। কেহ কেহ স্বপ্নে তাঁহাকে বিদিও আসিতে দেখিত, কিন্তু সকলে তাহা দেখিত না, কেহবা স্বপ্নে একটা বালক, কেহবা একজন স্ত্ৰীৰোক ইত্যাদি দেখিত। তঃগরা জিজ্ঞাসা করিলে বলিভেন ''কেন ঐুরূপ আকারের একটা বালক বা ফ্রীলোঁক দেখনি কি ?''

একবার পণ্ডিত মহাশয় হটি ছেলেকে পা টিপিতে বলেন। কিছুকণ পা টেপা হইলে একটি ছেলেকে বলিলে ন "যা, তোকে আর টিপিতে হইবে না। তুই পেয়ে গেছিন'' পুন ব্যগ্র হ'য়ে জিজ্ঞানা করিল "কি পেরেছি, পণ্ডিত মহাশয় ?"

পণ্ডিত। কেন তুই কি কিছু জান্তে পারিদ নি **? ভোর হাতের** चान त्म (मिथ ।

তখন সে বালক হাতের আপ লইয়া দেখিল, তাহার হাত দিয়া অতি সুন্দর পন্ম-গন্ধ বাহির হইডেচে। তথন অপর ছেলে<u>টি ব</u>্রি**লি** "প্তিত মহাশয়। আমিত পাইনি আমাকে দিন না।"

পণ্ডিত। আহা ! ও অনাথা, পিতৃমাতৃহীন। তাই ওকে দিলাম ভূই বড় লোক্সের ছেলে, ভোঁর অভাব কি ?

ছেলেটীর হাতের সেই প্রকার গদ্ধ প্রায় ছই দিন ছিল ।

একবার একটা ঘটনার পণ্ডিত মহাশরের ক্ষমতা বিশেষভাবে প্রকাশ পার। একদিন প্রায় ছই তিনটা ছেলেকে খুঁলিরা পাওরা যার না। সে দিন "রোজা" ছিল। পরে সন্ধার সময় এক জন একটাকে মাঠের মধ্যে অজ্ঞানাবস্থার দেখিতে পার। লপরে অনৈক লোকে মিলিরা ভাহাকে ধরিয়া আনে। সে তথন একবারে উন্মাদ, কিছুতেই তাহাকে ধরিয়া রাখা দায় হইয়ছিল। সম্পূর্ণ-উলঙ্গ, বাহ্ত-লংজ্ঞা শৃক্ত, ও কেবল "লাহ্ইলিনাহ" বলিয়া চীৎকার করে, কথন দৌড়িয়া যায় বা লাক্ষাইতে থাকে, কথন বা ঘাস ছি ড্রা ধায়, অভ কথা কয়না বা কথার কোন উত্তর দেয় না, কেবল ক্রমাণত মুথে 'লাহ্ইলিলাহ' শক্ষ।

বাড়ী আনিয়া ধখন কিছুতেই কমিল না, তথন শয়ভানের উপদ্রব মনে করিয়া শান্তির অন্ত একজন মৌলবীকে কল্মা পড়াইবার জন্ম ভাকা হইল। মৌলবীকে স্বেখিয়া বালকটী রাগিয়া বলিল "বেয়াদব্! হামকো কল্মা বাতলায়নে আয়া ভোম কল্মাকে কেয়া জান্তা হায়? কল্মা কুছ্ ছমজা হায়?" এই বলিয়া নানা স্থান হইটে কল্মা উদ্ধৃত করিয়া অতি বিশুদ্ধ উচ্চারণে বলিয়া যাইতে লাগিল। আশ্রেয়ের বিষয় এই বে, বালকটী কোনক্ষণে তথন আরবী অক্ষর চিনিয়াছে; কিন্তু কল্মা কি কোন আরবী পুত্তক আদৌ পড়ে নাই। বেগতিক দেখিয়া মৌলবী সাহেব করবোড়ে মাফ্ চাহিয়া প্রস্থান করিলেন।

ভথন অনেকে বলিল "ছেলেরা প্রায় পণ্ডিতের কাছে থাকে, হয়ত ভিত্তিকিছু আনেন বা ক'রে থাক্বেন।" পণ্ডিত মহাশন্ন এসে নেথে বল্লেন "আরও হুই দিন ঐ ভাবে থাকুক। কেন না, এখন যেরূপ প্রবল আবের্গ, তাহাতে বলপূর্বক থামাইতে হইলে, বালকের অনিষ্টের সম্ভাবনা। স্থতরাং এখন ঐ ভাবেই থাকুক। আপনা আপনি কমিয়া আদা

পরকার। তবে আমি অভয় দিতেছি বে, চিন্তিত হুইবার কোন কারণ নাই।" অগতা। তাহাকে চাবিবদ্ধ করিয়া ঐ ভাবে রাখা হইল। ভাহাকে দৈবামুগৃহীত মনে করিয়া গ্রাম হইতে বছলোক দেবিতে আসিল। ছই দিন পরে পণ্ডিতু মহাশর 'পানি পড়িয়া" ( জল পড়িয়া ) চোকে মুখে ছিটা দিতে, বাণকটা সংক্ষাপ্রাপ্ত হইরা আপনাকে উলক দেখিয়া অভান্ত লক্ষিত হইন। এই ঘটনাতে দে এত দুর লক্ষিত হইরাছিল বে. সে ছই তিন দিন ঘরের বাহির হয় নাই। ইহার পরও **অনেকে** তাহাকে দেখিতে আসিত ও রোগ-শাস্তি প্রভৃতির জন্ত "পানিকুকা" প্রভৃতি লইতে চাহিত: ক্লিম্ব দে বেচারী কলপড়া বা মন্ত্রভাগি না জানায়, কিছুই দিভে চাহিত না। তবু অনৈকে বনপূৰ্ব্বক নইত ; কিছু বিশাদের বলেই হউক, বা অন্ত কোন ক্লারণেই হউক. প্রায়ই উপকার হুইত।

সংজ্ঞা পাইলে দে বলিল, "পণ্ডিত মহাশন্ন সেলিন বলিলেন, 'আজ রোজার দিন, খুব ভাল দিন। ভোদের এক মজা দেখাইব। এই বলিয়া আমাদের জ্রমধ্য ও চক্ষীৰয়ে হাত বুলাইয়া বলিলেন, "মাঠে গিয়া পুৰ-নিৰ্জ্জনে পবিত্ত-চিত্তে ও সংযুমেক সহিত "লাহ ইলিলাছ্" খান করগে বা।"

আমরা কিছুক্ষণ বসিয়া সম্মূৰে বেন মারাবলে এক গাছ হইরাছে দেখিলাম। প্রন্দর কামিনা গাছ। ক্রমে স্থন্দর ফুল ফুটিরা গাছটাকে ছাইরা ফেলিল। ক্রমে যেন বিছাৎ গাছটীকে বেড়িরা ঘূদ্মিতে লাগিল। পরে দেখি, প্রভাক ফুলের প্রভোক পাপড়ীতে বিহাতের স্কানরে (लथा--- नार् हेनाहिज्ञार्" ( এक्सिनाधिकोत्रम् )। शात ७४ क्न কেন. প্রত্যেক পাতা, প্রত্যেক ভাল, প্রত্যেক ছানে লেখা "লাহ্ हेनाहिज्ञार्'। दि नित्क ठारे-बाकार्म, श्रास्त, छक्रमूरन, छ्नमरेन, লগাপনে, সর্বাক্ত স্থানির অকরে লেখা "নাহ্ ইহানিলাহ্"। প্রত্যেক লীব করতে, আমাদের সর্বাক্তে, প্রত্যেক লোমকুপে "নাহ্ ইনাহিলাহ্" আখনের অকরে ফুটিরা উঠিতে নাগিন। সে আগুনে আনা ছিল না, বেন এক অমৃত্যরী স্থিয়-শান্তি। বে দিকে চাহিলা দেখি "নাহ্ ইনাহি-লাহ্"। পদতলে একপ দেখিলা, শনাহ্ ইনাহিলাহ্"র উপরে কিরপে পা দিব ভাবিলা নাফাইতে নাগিনাম। কিন্তু তাহাতেও নিস্তার ছিল না। বভক্ষণ এইভাবে ছিলাম, ভতক্ষণ এক পূর্ণ শান্তি, পূর্ণ আনন্দে মাডো-লারা ইইলাছিলাম।"

অক্তান্ত বালকণ্ডলিরও এই প্রকাম অবস্থা হইরাছিল, কিছু ইহার 🔰 ব এত স্থায়ী 🗷 পূর্ণভাবে হয় নাই। পণ্ডিত মহাশয় এই বালকটীকে ৰীব্দিত করিতে চাহিরাছিলেন। কিন্তু তাহার ধনী পিঁতা মাতা এক মাজ পুত্তকে ফৰ্কীরী করিতে দিতে সম্মত হারেন নাই i এই কথা লইরা অনেক গোড়া সুসর্লদান ও মোলবী বলিলের, "ও ভোকের, ও আবার "লাভু ইলাভিল্লছ্," শিথাইবার,কে ? এ সমস্ত কি জানে ?" ইত্যাদি। কিছ পণ্ডিত মন্ত্রশয়ের ক্ষমতা আছে কানিয়া চ্চত্ত একথা বেণী ভরসা ক্রিয়া বলিতে শারে নাই। ইহাতে পণ্ডিত মহাশন্ন একটু বিরক্ত হইরা আমাদের গ্রাম ছাড়িয়া চলিয়া যান। সব দেশে ভাল মন্দ লোক আছে, :ভাল লোকেরা তাঁহাকে থাকিবার জম্ম অনেক অনুরোধ ক্রিয়াছিলেন, আমাদের ত কথাই নয়, ক্তি তিনি আরু মত পরিবর্তন করেন নাই। তিনি এখন কোথায় আছেন জানি না, সম্ভবত কাশী গিয়া ধান্দিংবন। অনেকে তাঁহাকে আফুরিক সম্প্রদায়ের ( Black Art ) ৰামমার্গীয় বোগী বলিতেন। আমাদের মধ্যে সীবনি নামে এক সম্প্রদায় আছেন, তাঁহারাও অনেকটা সিদ্ধিলাভের অন্ত 6েটা করেন। কেহ কেহ সন্দেহ করিছেন বে, তিনিও সীবনী সম্প্রদারের লোক 🏲 আমাদের কিছ

छोहा त्वाथ इब मा। त्कन मा, जिन निर्माण, निब्रह्माव, मध्यमी, সদালাপী ও বিভেক্সির পুরুষ ছিলেন। তাঁহার পরত্বংথ-কাভরতা ও দানশক্তি অসীম ছিল, নিতান্ত প্রয়োজন ভিন্ন অন্ত কোন কথা কহিছেন না, বা অন্ত কোথাও বাইতেন না, তিনি অভিশন্ন নিৰ্মান-প্ৰিয় ছিলেন। তিনি অনেক সমীর ধাসত থাকিতেন; কিন্তু কথনও কোনরপ ক্রিয়া তাঁহাকে করিতে দেখি নাই, অবস্ত রাত্রিতে করিতেন কিনা কানি না। এ সকল 'দেখিরা তাঁহাক্তে আফুরিক সম্প্রদারের বোগী বলিয়াও বোধ হয় না। আর ঐরপ সম্প্রদায়ের লোকের। প্রায়ই একটু ছোট খাট দলের সৃষ্টি করেন, কিন্তু তাঁহার ভিতরে এক ভত্সিলদার অনেক অর্থের প্রলোভন দেখাইয়া অভুনর পূর্বক ভাঁহাকে স্বগ্রামে গইয়া বাইবার জম্ম চেষ্টা করেন, ভিনি কিছ কোন অভাব নাই স্থানাইরা তাঁইার অর্থ প্রতার্পণ পূর্বকুই বলেন বে, ডিনি সেধানে বেশ আছেন, যদি থাকিতে হয়তো সেধানে থাকিবেন, না হয়-थ्वानीवान कतिरवंत । श्रेष्ठिख शहेवात व्याधा नाहे ।

শ্ৰীক্ষণ চাঁদ।

### ভূতের চণ্ডী-পাঠ।

( পূর্ব্ব প্রকাশিতের পব)

আমি। বেদান্তের মত কি ?

সার্বভৌম। বেশান্তির মতে আত্মা ঈশরের অংশ মায়াবশতঃ আত্ম-বিশ্বত হইরা পৃথিবীতে জন্ম গ্রহণ করে এবং কর্মফলে পাপে নিমগ্র হইরা,

क्यां प न्ष्य नृष्य (सरह शक्षित्रम करतः। व्हरम , यथन भाषा-धार्मिष्ठ সংক্রিয়া, ভক্তি ও বোগ বারা তত্তলান লাভ করিয়া পাপ-বিষ্কু হয়, তথন পুনব্বার দ্বব্রে বিশীন হইয়া মোক প্রাপ্ত হয়। কিন্তু মৃত্যুর পয়ক্ষণেই আত্মা দেহান্তর-প্রাপ্ত হইতে পারে না। জীবিভাবস্থার কেহ কেহ মারার অভ্যন্ত বলীভূত হয়। ভোগ-বাসনা ভূপ হইবার পূর্বে ভাহাদের মৃত্যু হইলে, তাহারা বিষয়বিভব অথবা আত্মার-বজনের মারা ভ্যাগ করিতে পারে না। স্থতরাং মৃত্যুর পূরও পার্থির বাঁলাস্থলে পুরিয়া বেড়ায়। কথন क्थन कुन अथवा हात्रा मृर्खि धावन कतित्रा आश्रीत श्वनटक दम्बा दिन ইচ্ছা বে, ভাষাদের সহিত পূর্ব্বমত মিলিয়া দিশিরা কথাবার্তা কহিয়া ভোগ-লালসা তৃত্তি করে, কিন্তু তথন ভাহাদের দে বাদনা পূর্ণ করিবার ক্ষমতা থাকে না। আত্মীয়-স্থলনও ভাহাদের ছারাসূর্ত্তি দেখিরা, কথা কছা দূরে বাক্ ভরে প্রাইয়া যায়। স্থতরাং তাহারা অভিকটে কাল বাপন করে। মানার পরিমাণে মত ন্যুনাধিক কাল' এইরপ<sub>্র</sub> প্রেডবোনি প্রাপ্ত হইরা ভাহাদের বাকিতে হয়। প্লবে যখন মারার বন্ধন খণ্ডন করিতে পারে. তথন দেহান্তর প্রাপ্ত হল। এই সকল ক্ষারণে হিন্দুশাল্লে মৃত্যুর পর এক বৎসর কাল প্রেত-প্রান্ধের বিধি আছে।

অনেকক্ষণ পরে আমার কথা বাহির হইল। আমি জিজ্ঞাসা করিলাম "একবৎসর নির্দারিত আছে কেন ?"

সার্বভৌম। কাহার আত্মা কৃত কাল প্রেতত প্রাপ্ত ধ্রী থাকিবে, ভাহা ৰান্িবার কোন উপার নাই, সেই বস্তু আন্দাব্দি একটা সময় নির্দারিত করিয়া লওরা হইয়াছে।

অ'নি। লোকে বলে ভূত প্রেত ভন্ন দেখার, মারে ও নানা রকম অভ্যাচার করে, দে সক্য কি অনীক কর্বা ?

मार्साठीम। अनीक कथा हहेर्द रकन ? वाहाता जीविक अवचात्र

নানাপ্রকার হৃষণ ও অভ্যাচার করিরা আসিরাছে, বাহারা হৃষণ করিরা ত্বথ ভোগ করিত, মৃত্যুর পর ঐ সকল হৃষণের বাসনা ভাহারা ভ্যাপ করিতে পারে না। কাজেই প্রেডছ প্রাপ্ত হইরাও ঐরপ অভ্যাচার । করে।

আমি। আছা ! প্রেডছ স্বদ্ধে বে স্কল কৰা মহাশর আজ্ঞা ক্রিশেন, ভাহার কোন প্রমাণ আছে কি ?

সার্কভৌম। আগেই বলিরাছি, এ বিবর্ধে প্রত্যক্ষ প্রমাণ থাকিতে পারে। বাহা প্রত্যক্ষ-বিষয় ন্ম, তাহার প্রত্যক্ষের প্রমাণ থাকিতে পারে না। অসমান ও স্থির বৃদ্ধিত বাহা আগে, তাহাই বলিওে পারা বাহা। মনে কর, বে প্রেক্ত-মৃত্তি ও তাহার কার্যকলাপ তোমরা বিবাহ দিতে গিয়া প্রত্যক্ষ করিয়াছ, তাহা একটা নির্দিষ্ট বাটাটেও ঘটনা থাকে, উহার কারণ কি? সম্ভবত: জীবিচ্চ অবস্থার ঐ বাটাট ঐ লোকের শীলাভূমি এবং অত্যক্ত প্রিয়ন্থান ছিল, সেই জন্ম মৃত্যুর পরত তাহার প্রেতালা ঐ স্থানের মারা ত্যাগ করিতে পারে নাই। ইহা ভিন্ন অন্ত কি কারণ হইতে পারে?

আমি। আপনার কথার ব্রিভেছি বৈ, মৃত্যুর পর সকলেই জরাধিক কাল প্রেভছ আগু ইয়; কিন্তু সকল প্রেভমূর্তি দৃষ্টিগোচর হয় না কেন ?

সার্কভৌম। বাহাদের ভোগ-বাসনা অত্যন্ত প্রবল ও সেই বাসনা কিছুতেই দমন করিতে পারে না, তাহারাই প্রেডসূর্তি ধারণ করিয়া দেখা দেয়। বাহারা মারাকে বশীক্ষ্ত করিতে পারে, তাহাদের দেখা দিখার ইচ্ছা হয় না।

আম। মৃত্যুর পর আত্মা কতদিন হৈছা-পূর্বক **দীলাত্বলৈ পরিত্রমণ** করিতে পারে ?

সার্কভৌমু বিভ দিন না পূর্ব নীলাহানের আকর্ষণ ছিল করিয়া }
ত্ব ন লেহে প্রেম করিবার উপযুক্ত হয়, তত্তিন একপ থাকিতে হয়।

ं जाति। গরার পিওদান করিলে যে আত্মার মুক্তি হয় বলে, ভাহা কি সভা গ

সার্ব্ধভৌম। বাহার স্বব্ধরে বিশ্বাস ও ভক্তি আছে, তাহার পক্ষে অলীক কথা নর। পরার পিওদাচনর মানে আর কিছুই নর, কেবল বি**কুপাদপদ্ম পূঞা** করিয়া মুক্তি প্রার্থনা করা। ভগবানের দয়া হইলে মুক্তি লাভ করা অসম্ভব নরণ।

দেখিতে দেখিতে এটা বাজিয়া গেল। ৬টার গাড়ীতে আমাদের বাটা বাইতে হইবে, ক্রুক্লেই আমরা উঠিবার • চেষ্টা করিলাম। সার্বভৌম মহাশয় বলিলেন "প্রাত: কালে আহারাদি করিরা আসিয়াছ, অবশ্র কুধার উদ্ৰেক হইরাছে। বাহা হউক, একটু জনবোগ করিতেই ইইবে।" এই বিশিয়া তাঁহার পৌক্লকে ইদারা করিলেন। গুবক ভাঁড়াভাড়ি উঠিয়া পেলেন এবং আন্দার্য 🖫 মিনিটের মধ্যে ফিরিয়া আলিয়া আমাদিগকে चन्द्र यहरन नहेंचे शारनन । भार्कालोग महानम् नमिलवाहारत গেলেন। ভথার শিরা দেখিলাল, প্রচুর আয়োল্র । সার্কভৌম মহালর নিকটে বসিরা যদ্ধের সহিত আমাদিগকে থাওয়াইলেন। আহারাদির পর ভাঁহার নিকট বিদান লইয়া আমরা বাটীতে প্রভ্যাবর্ত্তন করিলাম।

**জীরাথালদাস চটোপাথাার**।

## চাবির গোছা।

**এ**যুক্ত রাধাকুমার রায়চৌধুরি আমার সমণাঠী, পরমবন্ধ ও জাতি-ভাই। ইনি একজন বেশ ক্লভবিত ব্যক্তি এবং বৃৰ্ত্তনান এক টি সদাগন্ত্ৰী আফিসে উচ্চপদে কর্ম করেন। প্রায় ১৫।১৬ বংসর পূর্বেশ্রধন ইনি বিএ পড়িতেন, তৎকালে কলিকাভার একটি ছাত্রাবাদে (মেনে) বাদ করিতেন।

মেসে তাঁহার কতকগুলি বাঝু, পেটরা ছিল মাত্র, অধিকাংশ দ্রুবাই বাটীতে রাধিরাছিলেন। কিন্তু সমস্তগুলির চাবি তাঁহার নিকটেই থাকিত, সে খাল একটি রিংএর মধ্যে রাধিয়া সর্বাদা পকেটে রাখিতেন। একটিন বৈকালে তিনি করেকটি জিনিষ্ট কিনিবার জন্ত বাহির হন। এ রাজা, ও রান্তা—এ গাল সে গাল, এইরপ অনেক কণ ঘুরিয়া অভীষ্ট দ্রব্যাদির সহিত সন্ধার পর বাসায় ফিরিলেন। বি্তত তৎক্লাৎ একটি বাস্ত্র খুলিবার প্রয়োজন হওয়াতে পকেটে হাত দিয়া দেখেন, চাৰির গোছা नाहे। कि नर्सनान ! छेशातू ? এकि वाधिक नव, शनत त्यानि वास ডনার প্রভৃতি বন্ধ হইল। তিনি বড়ই বিষয় ও কুল হইলেন। ধৎসামাস আহার করিবা ক্রিপ্তমনে শরন করিলেন এবং কিরৎক্ষণের মধ্যে ঘুমাইরা পড়িলেন। সেই রাজেই তিনি শ্বপ্ন দৈখিলেন য়ে, তিনি এক রা**ভার** কুটপাথের উপর দুগুায়মান। একদিকে মুদীর এদকান, ও বিশরীত \* দিকে মণিহারীর দোকান। তিনি রাস্তাটি চিনিতে পারিলেন। কিছ একি ৷ ফুটপাথের নীচুচই রান্তার উপর তাঁহার চাবির ৰুচ্ছ পড়িয়া রহিয়াছে ! ভিনি ভাড়াভাড়ি উহা তুলিয়া লইলেন এবং দেখিলেন, টাজের চাবিটি নষ্ট হইয়া গিয়াছে, বেন গাড়ীর চাকাতে পেষিত হইরাছে। স্বপ্লটি এরপ উজ্জ্ব ও স্পষ্টভাবে দেখিলেন বে, পরদিন প্রাতেই তিনি নির্দিষ্ট স্থানে গমন<sup>ত</sup> করিলেন। মুদীধানা এবং মণি-হারীর দোকান দেখিয়া তিনি স্থানটি চিনিয়া লইলেন এবং রাভার উপর অধেষণ করিতে লাগিলেন। তিনি কি খুঁলিতেছেন দেখিরা, মুখী बिखान। कतिन "मशानत्र, किছू शांतादेतारह कि ?" "हा, वानू अका চাৰির গোছা।'' "এই দিকে আহ্ন' বলিরা মুদী চাৰির গুছুটি ভাঁহার হতে দিয়া বিটা শ্ৰাহ ভোৱে ঠিক ঐ স্থানে রাভার উপর ইহা शाहेबाहि।" मुनीटक थळवान निशा किनि खेरा खर्न कतिरनन। स्टिह

জধিকতর আশ্চর্যোর বিষয় এই বে, এ ট্রাঙ্কের চাবিটি খপ্পে বেরূপ দেখিরা ছিলেন, ঠিক সেইভাবে পেষিত ২ইরা গিয়াছিল!

এই ঘটনাটি ঘটিবার অব্যবহিত পরেই রাধারুমার আমার নিকটে পূর্বোক প্রকারে বুর্গন করিয়াছিলেন এবং ইহা আমার অস্তাবধি বেশ-শারণ আছে।

শ্রীমাধনলাল রায়চৌধুরি ৷

# স্বামীজীর "রাধাবিনোদ" দর্শন। স্বামী সচ্চিদানন্দ বালক্ষ্ণ।

তাঁহায় জীবনের কভকগুলি অগৌকিক ঘটনা।

পাৰনা জেলার 'বুড়াশিব'' নামে এক 'জন সিদ্ধু পুরুষ আছেন।
তাঁহার আপ্রমে জ্বাকা কালে তিনি আমাকে তড়াশের জমীদার শ্রীবৃক্তা
বনওরারিলাল রাজ নামক ব্যক্তির বাটাহিত এশ্রীরাধাবিনোদ-নামক
বিগ্রহ দেখিতে পাঠাইলেন। আমি সেই স্থানের প্রার্থানিকটে আসিরা
দেখিলাম বে, একটি জলা পার হইরা হাঁইতে হইবে। ননে ভাবিলাম
"হে ক্কঞা এতকুর আসিলাম, আবার এই সমূপে জলা পার হইব
কি প্রকারে।" এমন সমর একটি লোক আসিরা বলিলেন" ঠাকুর
এই স্থান দিরা, আইস।" আমি ইসলাম "খাম, আগে কোন্ স্থানে
কন্তুজল বেখি, ভবে সেই স্থান দিরা বাইবার ব্যব্যা করিব।" তিনি
বলিলেন "কোন ভাবনা নাই, এস।" আমি তাঁহার সঙ্গে পার হইরা
বাইলাম। লোকটিকে বেন "বুড়োশিবের" মতু বোধ হইল। রাজে
ভাল দেখা গেল না। কিন্তু কথা, চলন সমন্তই উক্ত সিক্ত পুরুষের মত।
পার হইরাই ইইাকে জার দেখা গেল রা। পরে কিয়ক্তুর বাইবার পর

একটি ব্রাহ্মণ ছাতা মাধার দিরা আসিরা আমাকে বলিলেন "এস আমার স্থিত বাইবে।" আমি চলিলাম। মন্দিরে উপস্থিত হইয়া বিগ্রহ দর্শন করিলাম ক্রিৰিলাম, আমার সঙ্গে যে ব্রাহ্মণ্টি ছাভা মাধার দিয়া আদিরা-ছিলেন, তাঁহার চেহারা ঠিকু বিগ্রহের অমুরূপ। , পশ্চাতে ব্রাহ্মণকে দেখিতে যাইয়া ভাঁছাকে দেখিতে পহিনাম না।

त्महे मिन्द्रित थान्यत श्ना बानाहेता विषय बाहि, अयन नगदत ণেথিলাম, একটি পট্টংল্ল-পরিহিত দ্রীলোকতে কোলে করিয়া বি**গ্র**হ রাধাবিনোদ বেন শহন করিতেছেন। পর্যানে বনওয়ারি বাবুকে উক্ত বিষয় বলায়, তিনি বঁলিলেন যে, আপনি ঠিক দেখিয়াছেন। বিপ্রহ त्रावावित्नातम् अधर्व त त्राव्यवस्त्रीत विश्वश्तृष्ठि चारम्, छौहात वाहित्तम ৰাৰরার নীচে পট্টবত্ত পরা<u>ন</u> আছে r জ্ঞানক সমর জামরা বি**গ্রহকে** শরন করাইবার সময় রাজুগন্মীর বাহিবের ঘাষ্ঠ্রা ধুলিয়া কেবল পট্ট-্বস্ত্র পরাইরা গুটুটি বিগ্রহকে শরন করাই।

बहे ज्ञात बाकिएक बाकिएक बाकि अक्तिन स्विनाम, दावननी ও রাধাবিনোদ আসিরা আমাকে প্রণাস করিলেন। আমি মহাবাস্ত \* ভাবে উঠিয়া বলিলাম 'ম্মাপনারা করেন কি ! আমরা গৃহত্যাণী নর মাত্র, আপনাদের নাম কীর্ত্তন করিরা বৈড়াই, আমরা আপনাদের নমস্ত হইতে পারিনা।" রাধাবিনোদ:বলিলেন "শীমরা গৃহী, আপনি সন্নাসী, আমাদের নমন্ত।'' এই বলিরা আমার পৃঠে ক্রান্তাত করিরা চলিয়া গেলেন।

আজ অনেক দিন হইল, এই ঘটনা হইরাছিল। বনওয়ার ব্রাকু এক্ষণে রাধাবিনোদ ও রাজ্পদ্মী বিপ্রহ লইয়া জীবুলাবনে বাস করিছে-ছেন। উক্ত বিগ্রহ সমূদ্ধে প্রবাদ এইরূপ শুনা বার বে, একদা একটি বান্ধ্য নদীতে পুনি করিতে বাইয়া নদীর ভিতর হইতে "বাষাকে ভূলিয়া লও" এইরূপ শব্দ পুন: পুন: শুনিতে পাইলেন। পুন: পুর:

শ্রমিরাও দেইদিন আহ্মণ ভর্মে অফুসদ্বানে সাৎস করেন নাই। পর্যায়ন ন্মান করিতে করিতে দেখিলেন, কাষ্টনির্ন্থিত একটি ঠাকুর ভাগিয়া উঠিল। তাহা দেখিয়া ব্রাহ্মণ ঠাকুরটিকে তুলিয়া লইয়া পাঁসিলেন ও ঘণারীতি স্থাপনাদি করিয়া পূজা করিতে লাগিলেন। পরে বাটার রাজলন্ত্রী নামে এক কলা এই বিগ্রাহ দর্শন করিতে ঘাইলেই দেখিতেন যে. বিগ্রাহটি ভাঁহাকে ডাকিতেছেন ও তাঁহাকে বিবাহ করিবার অভ বলিতেছেন। মেরেটি বাটীর সকলকে এই কথা প্রার্থ জালাইতেন। পরে অকল্মাৎ একদিন ঠাকুর ঘরের ভিতর মেয়েটকে মৃতাবস্থায় দেখা গেল। বাটার मकरन कामाकान्दि कतिएक नाशिरनन। "ताक्य पक्ष हरेन विश्रह, त्राधा-বিনোদ বলিতেছেন "আমি আঁপনাদের রাজলন্দ্রীকে বিবাহ করিয়াছি। আপনারা শোক পরিভ্যাগ করিয়া নিম্বকাষ্ঠ মারা উহার মূর্ত্তি প্রস্তুত क्तिया त्राथिया मिन्न विदर उद्देश्व भार्थिव मिट्य मरकात क्तिया स्कून।" भटत उनसूत्रभटे कार्या ६३न । उनविध विश्वह त्राधाविकादनत भार्य त्राज-শন্মীর সূর্ত্তি বসান আছে এবং ক্লাত্রে ছইটিকেই একত্র শস্তান করান হয়। **बिकार्डिक हस्य बल्लाशाधाय।** 

## দাদা ম'শারের ঝুলি। (৫২৪ প্রার পর)

চৈত্র মাস। বেলা প্রার শেষ<sup>ত</sup>্ইরা আসিরাছে। গ্রামের প্রাথর্য ইফার হধ্যেই যথেষ্ট অমুভূত হইতেছে। দিনের বেলার বরের বাহির হওরা কষ্টকর হইরা উঠিরাছে। কাজেই ব্যোমকেশ সমস্ত দিন কভন্দণে বেলা পড়িবে এই চিস্তার কাটাইরা সারাহের প্রাঞ্জালে সাগ্রহ পাদ-বিক্লেপে ভট্টাচার্য্য-ভবনে আসিরা উপস্থিত হইল। সিমে রন্ধ আন্ধণের পদধূলি মস্তকে গ্রহণ করিরা বলিল "দাদ্য ম'শার, কি যে একটা মৌডাড

জন্মে বিরেছেন, ৪টা বেজে:গেলে আর বরে ছির হতে পারি না। চিরকাল বে ভূতের কথা উপকথা বলে রহস্ত করে উড়িয়ে দিয়েছি, সেই ভূত বে সভিয় সভিচ এ রকম ভাবে খাড়ে চেপে বস্বে, তা কথনও ভাবি নি। গতিক দেখে মনে হঠে শেষে ববি আপনাদের অনুষ্টবাদেও বিশাস করতে হবে।"

ভট্টার্চার্যা। তা করলে যে একটা মহাপাত হবে, এরপ মনে করবার কোন কারণ দেখি রা। এখনও কি তোর মনে হয় হিন্দুর চিরদিনের বিখাস্থলোর মধ্যে কোন সভা নৈই: সে খলা কি নিভান্তই বৈজ্ঞানিক ভিত্তি-বিবৰ্জিত 🕈

ব্যোমকেশ। দিন কক্তক পূর্বের হ'লে আপনার কথাটা নিরে হয়তো কিছুক্রণ রলরদ করতুম। কিন্তু এ কর্মিনে আপনি আমার মধ্যে বিলক্ষণ একটা ভাবান্তর জন্মে দিয়েছেন। ব্যঙ্গ কর্বার প্রবৃত্তি আমার সঙ্চিত হয়ে গিয়েছে, তার জায়গায় একটা গভার বিশ্বয় ও শ্রদ্ধা অদর্টা অধিকার করবার জোগাড় ক্রেছে। •অনেক প্রশ্ন আমার মনে জেগে উঠেছে। আপনাকে একে একৈ সে সমস্তের সমাধান করতে হবে।

ভট্টাচার্যা। ভগবান শ্বরং বলে <sup>®</sup> গিরেছেন—'শ্রে**ছা**বান লভতে জ্ঞানম্"। তোর শ্রদ্ধা এনৈ থাকে জ্ঞানলার হবেই হবে। আককালকার চ্লোড়াদের যে বিশেষ কিছু একুটা শিক্ষা হয় না, শ্রদ্ধার অভাৰই ভার একটা অন্ততম কারণ। ভারা মনে করে, ভারা বেন সবলান্তা হরে পড়েচে। জগতে ভাদের আর শোনবার বা শেথবার কিছু বাকী নাই।

ব্যোমকেশ। দাদা ম'শার ওটা <sup>®</sup>কি আক্রকালকার ছে ডাডাগুলোরই নোষ, না ভক্ৰ বয়দের সভাবস্থলভ প্রধান্ভতা ? সে যা হোক, আমা-দের সময়টা বুথা নষ্ট হয় কেন, আপনি প্রেতভত্ত সম্বন্ধীয় অবশিষ্ট কথা-গুলির উপসংহার করুন ৷

ভট্টাচার্য্য। কাল ভোকে বল:ছলুম যে 'ভূত' এই কথাটার স্থারণ প্ররোগের মধ্যে আত্রাধ্র দ্বোষ এনে পড়েছে। গ্লেভ জিনিষ্টা कि, কি করে মানুষের প্রেভাবস্থা প্রাপ্তি হয়, আর কডকানই বা সেই অবস্থা থাকে, এ সমস্ত কথা আমি ভােকে কভক পরিমাণে বুঝিয়ে এসাছ ১

এই প্রেভাবন্ধা-বিশিষ্ট জীব সময়ে সময়ে কেমন করে আমাদের ছৃষ্টি-পথবর্তী হর, ভাও আমর। বৃষতে চেষ্টা করেছি। আমাদের অন্তকার আলোচা বিবর হচ্চে, ভূব লোকের সাধারণ অবস্থা ও অধিবারিশর্গ। এই আলোচনা হতে আমরা বৃষতে পারবো বে, অনেক অলৌকিক ব্যাপার বা আমরা প্রায়ই ভৌতিক বলে নির্দিষ্ট কিরি সেগুলি প্রেভাবস্থা প্রাপ্ত মানবের কার্যা নয়। সাধারণ মানুষ অজ্ঞানবশতঃ স্বই ভৌতিক বলে নির্দিষ্টিত করে।

ব্যোমকেশ। ভূৰলে চিকর আবার ইতন্ত্র অধিবাসী আছে নাুকি প কথাটা বেন কেমন কেমন ঠেকে।

ভট্টাচার্য। পাশ্চাত্য বিজ্ঞান ভোদিকৈ বে শিশিরেছে, সবই জড়ের রাজ্য, কেবল দৈবাৎ কোথাও কোথাও কোন অনির্দেশ্য কারণবশতঃ প্রাণশক্তির দেখা দিরেছে এবং প্রাণিকুলের আবিভাব হরেছে, সেটা আর্যবিজ্ঞানের অনুমোদিত কথা নয়। ধারিরা বলে গিরেছেন যে, সর্ব্বভ্রু প্রোণ আছে। জাস্বান প্রাণরূপে সর্ব্বভ্রুই অনুপ্রবিষ্ট হরেছেন, কাজেই বেধানেই জড় আছে, দেধাই চৈতন্ত আছে এবং চৈত্ত বিশিষ্ট জীবশ্রেণী আছে; এ আর ক্ষিচিত্র কথা কিন

ব্যোমকেশ ় ইা, আজক।ল আমাদের প্রকেঁসর বোস্ ( Dr. J. C. Bose ) ও বৈজ্ঞানিক পরীকার থারা সিদ্ধান্ত করেছেন যে এমন-কি ধাতৃত্বলাও প্রালম্ভি-বিশিষ্ট; তাঁর আবিজ্ঞিরার বৈজ্ঞানিক জগৎ মোহিত হরে উঠেছে !

ভট্টাচার্যা। তোদের বৈজ্ঞানিক লগং সছলে মোহিত হতে পারেন, আনাদের কিছুই আপত্তি নেই, কিন্তু হিন্দুর নিকট এটা একটা অভি প্রাচীন ভব্ব। ভোকে ভো আগেই বলেছি, সেকালের সভা নির্দ্ধারণেই পদ্ম দেভবিধ ছিল। ঝিরা বোগ প্রক্রিয়ার অমুসরণ করে লাগভিক সমন্ত তব্বেরই আবিহ্বার কার্য্য শেষ করে গিয়েছেন। সেসমন্ত ভব্ব আমাদের শাস্ত্র গ্রন্থ সমৃত্ব আলোকিত করে রয়েছে। বর্ত্তমান কাল প্রচলিভ বৈজ্ঞানিক প্রণালীর সাহায্যে সে গুলি কিছু পরিমাণে ইউরোপীয় বা দেশীর পপ্তিভগণের বারা পুনরাবিহ্নত হচ্চে মাত্র। অভ্ঞাব

ইউরোপ তাতে আশ্চর্যাবিত হতে পারে বটে, কিন্তু শান্ত্রদৃষ্টিশাণী হিন্দুর নিকট আশ্চর্যা হবার বিষয় খুব অর্ছ আছে।

ব্যাস্কেশ। দাদা ম'শার যদি গালাগালি না দেন, তা হলে একটা কথা বলি। বেই কোন একটা নৃতন ওছ বৈজ্ঞানিকদিগের হারা আবিষ্কৃত হর, অমনি সকলে ভারত্বরে বলে উঠেন • "ও সব আমাদের লাত্রে আছে," এবং প্রমাণ স্বরূপ অনেক উৎকট শ্লোক হাজির করেন। কিছু সেই সমস্ত শ্লোকও ছিল আর দোহাইদাভারাও ছিলেন, কেবল জগতের লোক সেই উদ্টার কথা বড় একটা অবগত ছিল না, এইরূপ দেখ্তে পাই। এর রহস্তটা কি, আমাকে বুঝিরে দিতে পারেন ?

ভট্টাচার্যা। ওরে জাসন, কথাটা ভোকে প্রলে বলি শোন। বে বোগ-শব্জির বলে ঋষিরা শাস্ত্রীর সত্যগুলির আবিকার সীধন করে গিরে-ছেন, সেই যোগ্ধশক্তি বর্তমান সমরে বড় একটা কাহারও অধিগত নয়, কাকেই প্রত্যক্ষ প্রমাণের অভাবে শাস্ত্রীর তথাগুলো অর্থহীন বাফামান্ত্রে পর্যাবসিত হরেচে। পণ্ডিভেরা সেগুলা কণ্ঠত্ব করেন এই পর্যান্ত, প্রকৃত ভাৎপর্যোর ধার ধারেন না। কিন্তু যথন অহ্য কেনে ক্রে অবলম্বন করে, অপরে সেই সভ্যে উপনীত হয়, তথন সেই সমন্ত শাস্ত্রীর বাকা সেই নবাধিগত আলোকে ক্রম প্রক্রীবিত কুরে উঠে, এবং ভন্মধ্যন্ত সভ্যা যেন লোকমধ্যে স্থান্থাই ভাবে ফুট্টে ওঠে। কাজেই চারিদিকে ভবন শাস্ত্রের জয়ধ্বনি গুনিতে পাওলা বার। শাস্ত্র-সমূহের মধ্যে ক্লপকের বছল ব্যবহার থাকাতেও অনেকটা এইরপ দাঁড়িরেছে।

ব্যোমকেশ। তা হ'লেও হ'ডে পারে, কিন্ত সে কথা বাক্, আপনি ভ্রুকে চিক্র কথা কি বলছিলেন, তাই বলুন।

ভট্টাচার্যা। যেমন আমাদের এই ভ্লোকে নানা শ্রেণীর জীব আছে, সেইরপ ভ্রলোকেও নানা জাতীর জীবের বাস আছে। ইংসা সকলেই শরীরী; কারণ ভোকে পূর্বেই ব্রিরেছি বে, শরীর ধারণ ভিন্ন আত্মার প্রকাশ হয় না। আত্মা ও প্রাণ মূলতঃ একই পদার্থ, ব্রত্মাণ্ডের সমত লোকেই এই আত্মান বহুরূপে বিরাজিত আছেন; এক হ'তে বহু হওয়াই স্টি-প্রক্রিরার উদ্বেশ্ট। "একোহং বছস্তাম প্রকারের" ইত্যাদি শ্রভি- ৰাক্য ভাষার সাক্ষী। কাজেই ব্রহ্মাণ্ডের সমস্ত লোকেই সেই পরমান্ত্রা হতে নানাবিধ জীবকুলের উদ্ভব হয়েছে; সকলের মধ্য দিয়ে সেই এক পরমপুরুষ আপনাকে প্রকাশিত কচেন, স্থতরাং সকলেই প্রকাশ-স্থলোপযোগী শরীরধারী। ভূণোকস্থ জীব বেরুপ স্থুল অড়দেহধারী, সেই-রূপ ভূবলোক, স্বলোক প্রভৃতি স্ক্রলোক্ষরাসী জীব-সমূহ সেই সেই লোকোপযোগী স্ক্রজড়পদার্থ নির্মিত শরীর ধারণ করে। সমস্ত লোকেই জীবকুল বাস করচে; বেমন ভূলোকে, ভেমনি অন্তরীক লোকে, ভেমনি স্বর্গলোকে, তেমনি ভ্রমুজ্তন লোকসমূহে।

ব্যোমকেশ। ইা দাদা ম'শার, তা হ'লে আমরা তাদের অন্তিক সব্ধে জ্ঞাত নই কেন? আর এই সমস্ত লোকই বা কোথার? আমাদের এই ভূলোক হ'তে কতদ্রে ? কথাটা আমীকে একটু ব্ৰিয়ে বলুন; আমার এখনও বেশ ধারণা হরনি।

ভট্টাচার্যা। ভোকে পূর্বে ব্নিয়েছি বে, এই সম্ভ লোক বন্ধাণ্ডের বিভিন্ন তার মাত্র। ক্রমশ: সক্ষ হতে সক্ষতর অবস্থা প্রাপ্ত কড়ের হার। প্রতিত। কিছ একটা কেথা বুঝতে হবে যে, এই সমন্তঃলোক একই সমক্ষে একই স্বলে পরস্পার সম্বন্ধ হয়ে রুর্য়ছে। একটা উদাহরণ দিলেই বুরুজে পার্বি। মনে কর্ম এই আমাদের ঘরের ভিতরেন বায়ুমণ্ডল। এই বায়ু-মপ্তলটা ঘরের ভিতর ব্যাপ্ত হুরে আছে, এবং গৃহস্থিত সমস্ত স্ক্রিদ দ্রব্যের ভিতরেও প্রবিষ্ট হরে রমেছে। এই বায়ুমণ্ডলকে আশ্রয় করে, যে সমস্ত শক্ষ কীটাণু ধাস করে, তারা যেন বায়ুগোকের জীব, আবার গৃহাভান্তরত্ব দ্রবাসমূহে যে সমন্ত পিপীলিকা প্রভৃতি আছে, ভারা যেন একটা স্থূল জড় জগতের জীব; তাহাদের মাশ্রয়ম্বল যে क्रम क्रफ क्रार, बर की हानून(नर्जे आखन्त्रक्र रा नायूमखन व क्रो सन <del>সমপুর্ণ পুথক্ লোক, কারণ এ হ'য়ের ধর্ম ও গুণাবলী পরস্পার হতে</del> আতাক্ত বিভিন্ন: অপচ ঠিক একই সময়ে একই জারগার এই হু'টা বিভিন্ন জ্বপং একত্র অবস্থিত রয়েছে। ভূববেশক ইণ্ডাদি স্ক্রবোক সম্বদ্ধে ঠিক এই কথা। ভূবলে কিক লড়ের অবস্থা অভি-হন্ত্র, স্বভরাং ভূব-লেকি সহজেই ভূলেতিকর উপাদান স্থুল অড়ের কঠিন, তরল, বা মবীক

রবং আকাশিক এই অবস্থা চতুইরের ভিত্তর দিরে আপনাকে বিশ্বক্ত করতে পেরেচে। সেইরপ আবার ভ্বলে কের সলে তুলনার অলোক আরও অধিক স্কা; কাবে কাজেই সেই অভিস্কা অর্গলোক আপনার মধিবাসী-আবকুল নিম্নে ভ্বলে কের অন্তনিবিষ্ট হয়ে আছে। এখন ব্রুতে পাচ্ছিদ, কিরপে আমাদের এই সম্বৃধস্থ দেশে ভুলোক, ভ্বলোক, অলোক ইত্যাদি সমন্ত লোক এক সমরে বর্তমান থাক্তে পারে। কিন্ধ-আমরা বে, ইহাদের অভিস্ক জানতে পারি না, ভার কারণ হচ্চে এই, বে, এ সমন্ত লোকের উপাদান কেন্তুড়, সে এত হক্ষ যে, আমার ইন্দ্রিরশক্তি ভাদের নিকট পৌছিতে পারে না। ভোরা ভো বিজ্ঞান চর্চা করিস, স্থতরাং এটা ভো জানিদ যে, আমাদের সমন্ত ইন্দ্রিরই হ'টা নির্দিষ্ট সীমার মধ্যে ক্রিয়া করে?

ব্যোমকেশ্ব আজ্ঞা হাঁ। ; ইংগ্নাজীটেড ইংাদিগকে Threshold or liminal intensity এবং height of, sensibility এই নাম দেওয়া হয়ে থাকে।

ভট্টাচার্যা। কুথা ছ'টার অর্থ দ্বামাকে ভাল কুরে ব্রিরে বল্ দেখি?
বোমকেশ। এই মনে করুন শুক্জান। শকারমান জড় পদার্থ
বায়্মগুলে যে জরুল উৎ্বপর করে, সেই ত্রঙ্গ যথন আমাদের কর্ণপটতে
এসে আঘাত করে, তথনই আমাদের শক্ষের জ্ঞান হয়। বৈজ্ঞানিকেরা
এই বায়্মগুলোথিত তরুলগুলির, সংখ্যা গণনা হারা নির্দ্ধারণ ক'রেছেন।
তা হ'তে এইটি হির জানা গিয়েছে যে, তরুলগুলির শক্তি একটী নির্দিষ্ট
পরিমাণ অতিক্রম না করিলে, মোটেই শক্ষ জ্ঞান হয় না। সেইরূপ
আকাশ(Ether)মগুলে উৎপর তরঙ্গ প্রতি সেকেগ্রে৪৫৬০০০০০০
বেশী না হইলে রূপ বা আলোক ক্রান হয় না। অভএব এই সংখ্যাকে
দৃষ্টিশক্তির নিয়্নসীমা বা Liminal intensity বলা যেকে পারে। এই
সংখ্যা বতই বেড়ে বেড়ে যায়, ততই আমাদের বিভিন্ন প্রকার আলোকের
জ্ঞান হয়। পরে যথন তরঙ্গ সংখ্যা ৬৬৭০০০,০০০,০০০,০০০, (৬৬৭
শব্দ) তে পৌছার ত্রখন আমাদের বেগুনে আলো বা Violet রক্ষের
জ্ঞান হয়। কিন্তু এই সংখ্যা অতিক্রম ক'রে গেলে আর মোটে আলোক

कान हत ना । अछवंद वह जरशादक (अक्त मध्य) मानव मृष्टिमक्तित्र क्रक्रीमा बना (बट्ड भारत ।

ख्याताचा। जा श'रमहे द्वास, अहे निष्मेत्रीमात्र नीटि अवर क्रिक्नीमात्र क्रिंगरत चात्र मास्य किसूरे रायराज गीत मा । किन्न अवन गरीर्थ वा बोद ৰাৰতে পাৰে, বেঞ্চলি ২ণতে উৎপন্ন স্থালোক-ভরক এই উৰ্ছ দীমাৰ উপরে আছে। স্তরাং সম্পূর্ণরূপে আমাদের দৃষ্টির অগোচর। এই সমস্ত লোক বা জोब-सगर আমাদের কাছে থেকেও নাই। এখন এই কথাখনো ভূবৰে কি বা অক্সান্ত স্বস্থ লোক সকৰে থাটিয়ে দেখ্তা হ'লেই ব্যতে পারবি, সেই সমস্ত বিরাট ব্যাপারের অক্তিম সম্ভেও কি অঞ্জ আমরা তাহাদের বিষয়ে সম্পূর্ণ অজ হ'রে জীবন বাপন কচিছ, কিন্ত ভোকে পুর্বেই ব'লেছি বে, বোগ প্রক্রিরা বারা মানুবের দৃষ্টিশক্তির সংগ্রসারণ হ'তে পারে। এ'তে আমাদের শাল্তে "হরনেূত্র" "শিবনেত্র" বা "ভৃতীয় নয়ন'' ৰলা হ'রেছে। এই দৃষ্টির বিকাশ হ'লে মান্ত্র ভূব-लीक विवास मान्त्र महत्त्व खान गांछ क'तेएछ ममर्थ हेत्र।

(बागरकम । तिश्चन चामि ति कित वित्रवादत विश्ववार तिवार গেছলুম। পালাকাল ৰ'লে একটা বিট্লে বামুন বেচালা ইন্দিরাকে ঠকাবার ব্যক্ত ভঙ্ক বোগী সেক্তে এসে "ধোল, ধোল, ড্ডীর নরন" বলে মহা আড়ম্বর স্কুড়ে দিয়েছিলো। তথন কিত্ত "ভূডীর নরন" কথাটা কেন বললে ভাল বুৰুত্তে পারি নাই। এখন দেখছি কোন বুজ্ককি আর হেনে উদ্বিদ্ধে দিতে ভরণা হবে না। সে বাণহোক আপনি এখন ভূবলে কের কথা বা বলছিৰেন, তাই বলুন। আপনার ভৃতের তত্ত আবার চাপ প'ড়ে গেল দেখছি।

ভট্টাচার্যা । ওরে কিছুই চাঁগা পড়েনি। ভূবর্লেকের অধিবাসী ্রব্রুক্তে জ্বালোচনা করতে গিয়ে আবার ভূতের সন্ধান পাবি। কিন্তু আৰ আর নর। বড়বাত হ'রে গাছে।

ক্ৰমণঃ

<sup>&#</sup>x27;-- श्रीमनम् नर्मा।